Informazioni su questo libro

Si tratta della copia digitale di un libro che per generazioni è stato conservata negli scaffali di una biblioteca prima di essere digitalizzato da Google nell'ambito del progetto volto a rendere disponibili online i libri di tutto il mondo.

Ha sopravvissuto abbastanza per non essere più protetto dai diritti di copyright e diventare di pubblico dominio. Un libro di pubblico dominio è un libro che non è mai stato protetto dal copyright o i cui termini legali di copyright sono scaduti. La classificazione di un libro come di pubblico dominio può variare da paese a paese. I libri di pubblico dominio sono l'anello di congiunzione con il passato, rappresentano un patrimonio storico, culturale e di conoscenza spesso difficile da scoprire.

Commenti, note e altre annotazioni a margine presenti nel volume originale compariranno in questo file, come testimonianza del lungo viaggio percorso dal libro, dall'editore originale alla biblioteca, per giungere fino a te.

Linee guide per l'utilizzo

Google è orgoglioso di essere il partner delle biblioteche per digitalizzare i materiali di pubblico dominio e renderli universalmente disponibili. I libri di pubblico dominio appartengono al pubblico e noi ne siamo solamente i custodi. Tuttavia questo lavoro è oneroso, pertanto, per poter continuare ad offrire questo servizio abbiamo preso alcune iniziative per impedire l'utilizzo illecito da parte di soggetti commerciali, compresa l'imposizione di restrizioni sull'invio di query automatizzate.

Inoltre ti chiediamo di:

+ *Non fare un uso commerciale di questi file* Abbiamo concepito Google Ricerca Libri per l'uso da parte dei singoli utenti privati e ti chiediamo di utilizzare questi file per uso personale e non a fini commerciali.

+ *Non inviare query automatizzate* Non inviare a Google query automatizzate di alcun tipo. Se stai effettuando delle ricerche nel campo della traduzione automatica, del riconoscimento ottico dei caratteri (OCR) o in altri campi dove necessiti di utilizzare grandi quantità di testo, ti invitiamo a contattarci. Incoraggiamo l'uso dei materiali di pubblico dominio per questi scopi e potremmo esserti di aiuto.

+ *Conserva la filigrana* La "filigrana" (watermark) di Google che compare in ciascun file è essenziale per informare gli utenti su questo progetto e aiutarli a trovare materiali aggiuntivi tramite Google Ricerca Libri. Non rimuoverla.

+ *Fanne un uso legale* Indipendentemente dall'utilizzo che ne farai, ricordati che è tua responsabilità accertati di farne un uso legale. Non dare per scontato che, poiché un libro è di pubblico dominio per gli utenti degli Stati Uniti, sia di pubblico dominio anche per gli utenti di altri paesi. I criteri che stabiliscono se un libro è protetto da copyright variano da Paese a Paese e non possiamo offrire indicazioni se un determinato uso del libro è consentito. Non dare per scontato che poiché un libro compare in Google Ricerca Libri ciò significhi che può essere utilizzato in qualsiasi modo e in qualsiasi Paese del mondo. Le sanzioni per le violazioni del copyright possono essere molto severe.

Informazioni su Google Ricerca Libri

La missione di Google è organizzare le informazioni a livello mondiale e renderle universalmente accessibili e fruibili. Google Ricerca Libri aiuta i lettori a scoprire i libri di tutto il mondo e consente ad autori ed editori di raggiungere un pubblico più ampio. Puoi effettuare una ricerca sul Web nell'intero testo di questo libro da `http://books.google.com`

A

DICTIONARY

IN

ENGLISH AND BENGALEE;

TRANSLATED

FROM

TODD'S EDITION OF JOHNSON'S ENGLISH DICTIONARY.

IN TWO VOLUMES.

BY

RAM COMUL SEN,

NATIVE SECRETARY TO THE ASIATICK, AND AGRICULTURAL AND HORTICULTURAL SOCIETIES,
MEMBER A. S. A. & H. S. and M. & P. S. OF BENGAL.

VOL. II.

FROM THE SERAMPORE PRESS.

1834.

Digitized by Google

Digitized by Google

A

DICTIONARY,

ENGLISH AND BENGALEE.

J, বর্ণমালার দশমাক্ষর, হলবর্ণ, সর্ব্বদা জ ন্যায় উচ্চারণ হয়, যথা *Joint, Judge, Jet, Jilt, Jolt, Just* ইত্যাদি. এ অক্ষর ইংগ্লণ্ডীয় কোষে I বর্ণের সহিত একত্র লেখা গিয়া থাকে, কিন্তু এ দুই বর্ণ আদি কোন শব্দ দেখিতে হইলে অনায়াসে পাওয়া যায় না এ নিমিত্তে পৃথক্‌২ লিখিলাম।

To **Jabber**, *v. n.* Dut. অস্পষ্ট বা অনর্থক-বচ, বৃথা বাক্য-বচ, বচাবচি-কৃ, গল্প-কৃ, অপরিমিত কথা-কথ, বক২-কৃ, বড়২-কৃ।

Jabberer, *n. s.* অস্পষ্টবক্তা, অশুদ্ধকথক, কথা বুঝা যায় না যাহার, বড়বড়্যা, বকা।

Jabberment, *n. s.* গল্প, বৃথা বাক্য, অনর্থক কথা, মিথ্যা গল্প।

Jabbernowl, Jobbernowl শব্দ দেখ।

Jacent, *a.* Lat. লম্বালম্বি বা সোজাসোজি দীর্ঘে বিস্তৃতরূপে বা ভাবে পতিত বা স্থিত।

Jacinth, *n. s.* Hyacinth শব্দবৎ অর্থ জানিবে।

Jack, *n. s.* Fr. *John* শব্দের সংক্ষেপবাচক অর্থ, উপহাস ঘৃণা বা অনাদরসূচক উপাধি বুঝায়, বেটা ঠেঁটা ইত্যাদি, আকর্ষক অস্ত্রবিশেষ, মোজা খোলা কাঁটা, শীক ঘুরাইবার অস্ত্রবিশেষ, সাজওয়াবিশেষ, মোমাক্ত চামড়ার বাটী বা পাত্র, চামড়ার বড় কলসী, ভাঁটা, এণ্টাল, বাদ্যযন্ত্রের অঙ্গবিশেষ, মাদা পশু, করাতির ভারা বা ঠেশ, জাহাজের পতাকা বা চিহ্ন, এক পোয়া পরিমাণ বুঝায়, ফিচাল বা ধূর্ত্ত ব্যক্তি।

Jack *Boots*, *n. s.* একপ্রকার মোজা, পাদরক্ষণী, চর্ম্মপাদুকা বিশেষ।

Jack *by the Hedge*, *n. s.* বৃক্ষবিশেষ, বেড়ার নিকট জন্মে যে লতা বৃক্ষ।

Jack *of the Clock-house*, *n. s.* ঘড়ীর ভিতর মুরতবিশেষ, যে চৌঘাই ঘড়ী বাজায়।

Jack *Pudding*, *n. s.* ভাঁড়, মস্করা।

Jack *Sauce*, *n. s.* রূঢ় বা অমর্য্যাদক ব্যক্তি, হারামজাদা।

Jack *With a Lantern*, আলায়া, Ignis Fatuus শব্দ দেখ।

Jackalent, *n. s.* ভেল্কীবিশেষ, একপ্রকার বাজী।

Jackal, *n. s.* Pers. শৃগাল, গিধড়, শিবা, শিয়াল, জম্বুক।

Jackanapes, *n. s.* বানর, উল্লু, বানরাকার বা বনমনুষ্যবিশেষ, খোষপোশাকী, বাবুটী, অসভ্য, বেআদব, অশিষ্ট।

Jackass, *n. s.* গর্দ্দভ, নরগাধা।

Jackdaw, *n. s.* Teut. কাকের ন্যায় পক্ষিবিশেষ।

Jacket, *n. s.* Fr. আঙ্গরাখা, ছোট কুরতি, জামা. *To beat one's* **Jacket**, মার, পিট, ঠোক।

Jacketed, *a.* আঙ্গরাখা পরিহিত বা পরা।

Jacob's *Ladder*, *n. s.* বৃক্ষবিশেষ।

Jacob's *Staff*, *n. s.* ছোরাপোষ, লাটি, ছড়ি, গুপ্ত অস্ত্র থাকে যাহার মধ্যে, তীর্থযাত্রির দণ্ড বা যষ্টীবিশেষ, ঢেরাকার যষ্টী বিশেষ।

Jacobin বা **Jacobine**, *n. s.* Fr. সেন্ত ডোমিনিক সাম্প্রদায়িক উদাসীনবিশেষ, সাদাসন্ন্যাসী, শুভ্র বস্ত্রপরিহিত এক জাতি উদাসীন, ফরাশিসদেশে গত অরাজক কালে প্রখ্যাত পাষণ্ড দল বা সম্প্রদায়বিশেষ, যাহারা উপাসনাকাণ্ড ধর্ম্মশাস্ত্র রাজা এবং পরস্পর আলাপ প্রণয়াদি রাখে না বা তাহার দ্বেষ করে।

Jacobin বা **Jacobinical**, *a.* আধুনিক *Jacobin* নামক সম্প্রদায় ধর্ম্মক বা তন্মতে চলে যাহারা।

Jacobine, *n. s.* দীর্ঘ ঝুটবিশিষ্ট কপোত বিশেষ।

Jacobinism, *n. s.* পূর্ব্বোক্ত বা জিমিস রাজার মত বা তৎপক্ষপাতিত্ব।

To **Jacobinize**, *v. a.* পূর্ব্বোক্ত মতে আন বা তন্মতে প্রবিষ্ট-কৃ, তন্মতে আকৃষ্ট-কৃ।

Jacobite, *n. s.* নাস্তিক বা স্বজাতীয় মতত্যাগী বা অন্য ধর্ম্মাবলম্বী বিশেষ, দ্বিতীয় জেম্‌স রাজার পক্ষপাতী বা তন্মতাবলম্বী।

Jacobite, *a.* পূর্ব্বোক্ত নাস্তিকমতাবলম্বী বা তন্মতে চলে যে বা তৎসম্বন্ধীয়।

Jacobitism, *n. s.* পূর্ব্বোক্ত মত অভিপ্রায় বা ধর্ম্ম।

Jacobus, *n. s.* Lat. স্বর্ণমুদ্রাবিশেষ, ইংগ্লণ্ডের প্রথম জেমিস রাজার মোহরবিশেষ, ইহার আন্দাজী মূল্য ১২॥০ টাকা।

Jacksmith, *n. s.* *Jack* সংজ্ঞক অস্ত্রের নির্ম্মাণকর্ত্তা, কামার বিশেষ।

Jactancy, *n. s.* Lat. বড়াই, অহঙ্কার, গর্ব্ব, দেমাগ।

Jactitation, *n. s.* Lat. হেলন, দোলন, গতি, অস্থিরতা, অস্থৈর্য্য, আরাম বা স্বাস্থ্যশূন্যত্ব, [In Law] বিবাহার্থে মিথ্যা চেষ্টা অভিপ্রায় বা বাহানা।

To **Jaculate**, *v. a.* Lat. নিক্ষেপ-কৃ, শস্ত্র নিক্ষেপ-কৃ, ফেলিয়া-মার।

Jaculation, *n. s.* Lat. শস্ত্র নিক্ষেপণ, অস্ত্র ফেলিয়া মারণ।

Jaculatory, *a.* অস্ত্র নিক্ষেপকারী, নিক্ষেপক, হঠাৎ বা অকস্মাৎ নিক্ষিপ্ত, অল্প কথায় ব্যক্ত বা কথিত।

Digitized by Google

Jade, *n. s.* বল বা তেজোহীন ঘোড়া, ভাড়াটে ঘোড়া, ছোট ঘোড়া, বেটুয়া বা নিষ্কর্ম্মা ঘোড়া, অকর্ম্মণ্য অশ্ব, বাচড়া, টাট্টু, দুষ্টা ভ্রষ্টা বা নষ্টা স্ত্রী, ঘৃণাসূচক বাক্য, ব্যঙ্গার্থে যুবতী স্ত্রী বা ছুঁড়ী বুঝায়।

Jade, *n. s.* একপ্রকার প্রস্তরবিশেষ, একজাতি সূর্য্যকান্ত মণি।

To **Jade**, *v. a.* ক্লান্ত বা শ্রান্ত-কৃ, বিরক্ত-কৃ, ক্লেশ-দা ক্ষুণ্ণ-কৃ উদ্বেগ-জন্মা, ব্যতিব্যস্ত-কৃ, ম্লান-কৃ, বিষণ্ণ-কৃ, খর্ব্ব-কৃ, ছোট-কৃ, অপমান-কৃ, অধঃপতন-কৃ, সামান্য কুৎসিত বা অপকর্ম্মে নিযুক্ত -কৃ, চড়িয়া-বৈস, আরোহণ-কৃ, অবিচারপূর্ব্বক শাসন-কৃ, দৌরাত্ম্য -কৃ, জুলুম-কৃ।

To **Jade**, *v. n.* বিষণ্ণ ম্লান মশৃণ বা ম্রিয়মাণ-হ, পতন-হ।

Jadery, *n. s.* দুষ্টতা, নষ্টতা, দোষ বা কুস্বভাব জন্য জাত প্রতারণা বা ছল।

Jadish, *a.* কু, মন্দ, দুষ্ট, নষ্ট।

To **Jagg**, *v. a.* Wel. কাট, ছিন্দ, করাতন্যায়-বা কাঁকুরা-কাট, আবুড়াখাবুড়া বা অসমানে-কাট।

Jagg, *n. s.* উচানীচা বা আবুড়াখাবুড়ার ভাব বা অবস্থা, দাঁতওয়ালা, কাঁকুরাকাটা।

Jaggedness, *n. s.* অসমানত্ব, কাঁকুরাকাটা, কাটা কিম্বা উচ্চনীচ ভাব বা তদবস্থা।

Jaggy, *a.* অসমান, কাঁকুরাকাটা, করাতের ন্যায়, আবুড়াখাবুড়া, উচ্চনীচ।

Jail, *n. s.* Fr. কারাগার, বন্দিশালা, জেহলখানা, যে স্থানে অপরাধি লোককে রাখা যায়।

Jailbird, *n. s.* কএদি, বন্দুআন, জেহলখানায় আসিয়াছে বা পড়িয়াছে যে।

Jailer, *n. s.* নাজীর, বন্দিপাল, কারাগাররক্ষক, জেহলখানার দারোগা, জেহলরক্ষক।

Jakes, *n. s.* গোপনীয় গুপ্ত বা গুহ্য স্থান, সেতখানা, পায়খানা, আদাড়।

Jalap, *n. s.* Lat. রেচক ঔষধবিশেষ, জোলাফা, গুণবাস বৃক্ষের মূলের ছাল, গুণবাস বৃক্ষ।

Jam, *n. s.* আচারবিশেষ, মোরব্বাবিশেষ, একপ্রকার মিঠাই, বালকের জামাবিশেষ, প্রস্তরাবৃত মৃত্তিকা।

To **Jam**, *v. a.* ঝাঁকরা, ঠাসিয়া-ভর, দৃঢ়-কৃ, বদ্ধ-কৃ, দুই দ্রব্যের মধ্যে রাখিয়া বদ্ধ-কৃ, দাবিয়া চাপিয়া মাড়াইয়া বা বসাইয়া-দা বা শক্ত-কৃ, পিট।

Jamaica *Pepper*, Allspice শব্দ দেখ।

Jamb, *n. s.* Fr. ঝনকাট, দুইদিগের চৈশ বা রক্ষণী, চৌকাঠের বাজু।

Jambeux, *n. s.* Fr. পায়ের সাজওয়া, পাদরক্ষণী।

Jambee, *n. s.* বেত্র, ছড়ি, নড়ী, যষ্টীবিশেষ, বা তাহার প্রাচীন নাম।

Jane, *n. s.* জিনোবা দেশের মুদ্রা বা টাকাবিশেষ, অস্ত্রবিশেষ।

To **Jangle**, *v. n.* Fr. অনর্থক এলুয়ামেলুয়া বা নিন্দাসূচকতাপূর্ব্বক -বচ, মিথ্যা-বচ, বাগ্‌যুদ্ধ-কৃ, দ্বন্দ্বজী বা কলহী-হ, বচসা-কৃ, কথা কাটাকাটি-কৃ।

To **Jangle**, *v. a.* বেশুর-কৃ, বেমেলের শুর-কৃ।

Jangle, *n. s.* Fr. বাগ্‌যুদ্ধ, বড়বড়ানি, বচাবচি, গল্প, সোরসরাবৎ।

Jangler, *n. s.* বচসা বা কচালকর্ত্তা, বড়বড়ান্যা, মিথ্যা বাক্য বকুন্যা, গল্প্যা, বড়বড় করে যে ব্যক্তি, গোলমেলে লোক।

Jangling, *n. s.* কাজিয়া, বাগ্‌যুদ্ধ, দ্বন্দ্বজ, কলহ, ঝকড়া।

Janitor, *n. s.* Lat. দ্বারপাল, দ্বারী, দ্বাররক্ষক, দরওয়ান।

Janizary, *n. s.* Turk. তুর্কী রাজার সেপাহি রক্ষক বা সেনাবিশেষ।

Janizarian, *a.* পূর্ব্বোক্ত সেনাপতি বা তদধ্যক্ষবিষয়ক বা তৎসম্বন্ধীয়।

Jannock, *n. s.* একপ্রকার যবের রুটি, উত্তর দেশীয় ভাষাবিশেষ।

Jansenism, *n. s.* করনিলিয়স জেনসননামক ধর্ম্মাধ্যক্ষের মত ধর্ম্ম বিশেষ।

Jansenist, *n. s.* পূর্ব্বোক্ত ধর্ম্ম বা মতাবলম্বি ব্যক্তি।

Janty, *a.* Fr. Teut. দেখাউ, জমকী, চাকচিকিয়া, রঙ্গিলা।

Jantiness, *n. s.* আহ্লাদিতত্ব, সুপ্রসন্নতা, জমক, চাকচিক্য দৃশ্য শোভা বা তৎসূচকতা।

January, *n. s.* Lat. ইউরোপীয় দেশের প্রথম মাস, ইংগ্লণ্ডীয় সনের প্রথম মাস, মাঘ।

Japan, *n. s.* ভারতবর্ষে দেশবিশেষ, তৎস্থানের রোগনকরা কর্ম্ম, রোগনকরা সোণার হলযুক্ত কর্ম্ম বা কারিগরি।

To **Japan**, *v. a.* রোগন-কৃ, সোণার হলপূর্ব্বক চিত্রবিশিষ্ট রোগন -কৃ, যুতাতে কালি দিয়া জলজল্যা-কৃ।

Japanner, *n. s.* পূর্ব্বোক্ত কর্ম্মে নিপুণ বা পারদর্শী ব্যক্তি, যুতাতে কালি দেয় যে।

To **Jape**, *v. n*, Icel. তামাসা ঠাট্টা বা গদ্দিকারী-হ।

To **Jape**, *v. a.* Sax. প্রতারণা-কৃ, ঠগা, জুয়াচুরি-কৃ, খেলা-কৃ, পরিহাস-কৃ, বিহার-কৃ।

To **Jar**, *v. n.* Sax. ঝনং চুনং গুনং কনং বা ঝরং শব্দ-হ, অসমান শব্দ-হ, অনবরত বা বারং একপ্রকার শব্দ-হ, বিপরীতাচারী-হ, বিপক্ষ-হ, অনৈক্য-হ, উল্টাব্যুৎপত্তি-হ, ঝকড়া-কৃ, অনৈক্য-হ।

To **Jar**, *v. a.* টুনং ঠুনং কনং বা ঝনং-কৃ, ঝাঁকরা, ঠাসিয়া-ভর, লাড়।

Jar, *n. s.* মৃত্তিকাপাত্র, মৃণ্ময়পাত্র, জলের জালা, মেট্যা, কলস, ঘট, নাদা, জাইট, ঝনং শব্দ, কটু শব্দ, ঝনকার, বাজন ঘড়ীর টেঁক কলের পুনঃং শব্দ।

To **Jarble**, *v. a.* কর্দ্দমাবৃত-কৃ, কর্দ্দম লেপন-কৃ, ময়লা-কৃ।

Jardes, *n. s.* Fr. ঘোটকের স্ফোটক বা স্ফীতিবিশেষ।

To **Jargle**, *v. n.* Goth. মন্দ বা কর্কশ শব্দ-হ।

Jargon, *n. s.* Fr. মিশ্রিত ভাষা, নীচ ভাষা, জড়িত বাক্য, জড়তা বিশিষ্ট বা অস্পষ্ট কথা বা গল্প, বিড়বিড়ান, বৃথা বাক্য।

Jargonelle, *n. s.* ফলবিশেষ, Pear শব্দ দেখ।

Jarring, *n. s.* ঝকড়া, বিরোধ, কাজিয়া, দ্বন্দ্বজ, কলহ, কচকচি, খড়ং বা ঝনং শব্দ।

Jashawk, *n. s.* বাজপক্ষির শাবক বাচ্চা বা ছানা।

Jasmine, *n. s.* Fr. লতা, পুষ্পবৃক্ষবিশেষ, মল্লিকা, চম্বেলী।

Jasmine *Persian*, *n. s.* বৃক্ষবিশেষ, স্বর্ণযূথী।

Jasp বা **Jasper**, *n. s.* Lat. প্রস্তরবিশেষ, মণিবিশেষ, সূর্য্য কান্ত মণি, য়াস্পিন মণি।

To **Javel** বা **Jable**, *v. a.* মাটি-ছড়া, মৃত্তিকা বা সার-ছড়া বা বিস্তৃত-কৃ, কর্দ্দম লেপন-কৃ, ময়লা-কৃ।

Javel, *n. s.* নীচ কদর্য্য বা অপকৃষ্ট ব্যক্তি, পথেং ভ্রমণ করে যে।

Javelin, *n. s.* Fr. বরসা, কেঁচা, বল্লম, লেজা, বর্চ্ছি, সচঙ্গ, সৈন্যাস্ত্র বিশেষ, শল্য, শলাকা, শূলফী।

Jaum, *n. s.* Jamb. শব্দ দেখ।

To **Jaunce**, *v. n.* Fr. গোলমাল-হ, গোলমাল বা ত্রস্তব্যস্ত হইয়া -ফির।

Digitized by Google

Jaundice, *n. s.* Fr. পাণ্ডুরোগ, কামল, কামলা, কাঁওলরোগ, নেবা।

Jaundiced, *a.* কামল রোগগ্রস্ত, পাণ্ডুরোগী, কামল রোগগ্রস্ত

To **Jaunt,** *v. n.* Fr. ইতস্ততো ভ্রমণ-কৃ, সর্ব্বত্র ভ্রমী-হ।

Jaunt, *n. s.* ভ্রমণ, ফিরণ, ঘুরিয়া বেড়ান, উড়ন, পলায়ন, যাত্রা, চক্রের বেড়, চাকার ঘের।

Jauntiness, Jantiness, শব্দ দেখ।

Jaunty, Janty শব্দ দেখ।

Jaw, *n. s.* চোয়াল, চিবুক, কস, মুখ, হনু, নীচ ভাষায় কদুক্তি বিশেষ, চোয়ালের অস্থি,।

To **Jaw,** *v. a.* গালি-দা, কদুক্তি-কৃ, দুর্ব্বাক্য-বচ, উৎকট গালি -দা।

Jawed, *a.* চিবুকাকার বা তদাকারসূচক।

Jawfall, *n. s.* চোয়াল ভুবড়িয়া যাওন, চোয়াল ঝুলিয়া পড়ন, আলঙ্কারিক বাক্যে মশৃণ বা ম্লান বুঝায়।

To **Jawn,** *v. n.* *To* Chaun শব্দ দেখ।

Jawy, *a.* চিবুকসম্বন্ধীয় বা তদ্বিষয়ক।

Jay, *n. s.* Teut. পক্ষিবিশেষ।

Jazel, *n. s.* মণিবিশেষ।

Jealous, *a.* Fr. জার বা ব্যভিচার আশঙ্কা আছে যাহার, হিংসা দ্বেষ ঈর্ষা বা সন্দেহকারক, সন্দেহী, ঈর্ষাপূর্ণ, আশঙ্কাপ্রযুক্ত সদা সতর্ক বা সাবধান, ভীত।

Jealously, *ad.* সন্দেহপূর্ব্বক, হিংসা বা ঋষপূর্ব্বক, দ্বেষ বা ভয় পূর্ব্বক।

Jealousness, *n. s.* পূর্ব্বোক্ত সন্দেহি ব্যক্তির অবস্থা বা ধর্ম্ম, ঈর্ষা, সন্দেহ, আশঙ্কা, ভয়।

Jealousy, *n. s.* ব্যভিচার বা জারাশঙ্কা, সন্দেহজাত ভয়, সতর্কতা, সন্দেহ, হুসিয়ারি, খবরদারি, প্রেমবিষয়ে প্রতিযোগিতা দ্বেষ ঈর্ষা বা ঋষ।

To **Jeer,** *v. n.* ব্যঙ্গ-কৃ, বিদ্রূপ-কৃ, পরিহাস-কৃ, শ্লেষ অবজ্ঞা বা হেয়জ্ঞান-কৃ, ঠাট্টা-কৃ, চিড়া।

To **Jeer,** *v. a.* ব্যঙ্গ বা পরিহাস-কৃ।

Jeer, *n. s.* ব্যঙ্গ, বিদ্রূপ, ঠাট্টা, চিড়ান, ভেঙচান, অবজ্ঞা, হেয় জ্ঞান।

Jeerer, *n. s.* বিদ্রূপকর্ত্তা, ব্যঙ্গকর্ত্তা, চিড়ায় ভেঙচায় বা ঠাট্টা করে যে ব্যক্তি, হেয়জ্ঞান বা অবজ্ঞাকর্ত্তা, ঠাট্টাবাজ।

Jeering, *n. s.* ভেঙচান, বিদ্রূপ, ঠাট্টা, গদ্দি।

Jeeringly, *ad.* হেয়জ্ঞান বা তাচ্ছল্যরূপে, ঘৃণা বা অবজ্ঞাপূর্ব্বক, বিদ্রূপে, ঠাট্টা করিয়া।

Jegget, *n. s.* ব্যঞ্জনবিশেষ, মোরব্বা, আচার।

Jehovah, *n. s.* হিব্রু ভাষায় পরমেশ্বরের নাম, ঈশ্বর, য়িহুহ।

Jejune, *a.* Lat. দরিদ্র, অভাববিশিষ্ট, প্রয়োজনশালী, অপরিপূর্ণ, খালি, শূন্য, ক্ষুধিত, ক্ষুব্ধ, অপূর্ণ, রসহীন, শুষ্ক, অচেল, অটল, অলড়, মোহ দয়া বা মনের চাঞ্চল্য করে না যে বা হয় না যাহার।

Jejuneness, *n. s.* দরিদ্রতা, গরিবী, লাচারী, রসহীনতা, শুষ্কতা, মন আকর্ষণ করিতে পারে যে বস্তু তদ্ভাব।

Jejunity, *n. s.* লিখনের বা রচনার বা পাঠের লালিত্যহীনতা, শুষ্কত্ব, মনোরঞ্জনাভাব।

Jellied, *a.* পিচ্ছল, চট্‌চটে, জব্‌জবে, গিলা।

Jelly, *n. s.* Lat. মোরব্বা, আচার, এক প্রকার খাদ্যদ্রব্য, ঝোল বিশেষ, প্রস্তুতীকৃত ঝোল।

Jelly-bag, *n. s.* কোন পাত্র, যাহাতে পূর্ব্বোক্ত খাদ্য দ্রব্য পাক বা প্রস্তুত হয়।

Jemmy, *a.* অবর ভাষায় সুৎরা আচ্ছা বা ভাল বুঝায়।

Jenneting, *n. s.* আতাফলবিশেষ।

Jennet, *n. s.* Genet শব্দ দেখ, স্পানিয়া দেশের ঘোড়াবিশেষ

To **Jeopard,** *v. a.* উৎপাতে-গম-পত- বা হস্ত-দা, উৎপাতগ্রস্ত-কৃ, মুস্কিলে ফেল বা আসক্ত-কৃ, ঝুকি-দা, দুঃখ-দা, সঙ্কটে-ফেল।

Jeoparder, *n. s.* আপদে ফেলে যে ব্যক্তি।

Jeopardous, *a.* উৎপাতবিশিষ্ট, ক্লেশদ, দুঃখদ, আপদ্‌গ্রস্ত, আপদ্‌জনক।

Jeopardously, *ad.* উৎপাতে, আপদ্‌পূর্ব্বক, ক্লেশ দুঃখ বা ঝুঁকি পূর্ব্বক।

Jeopardy, *n. s.* সঙ্কট, বিকট, দুর্গতি, বিষম, ঝুঁকি, দায়, আপদ্, বিপদ্।

To **Jerk,** *v. a.* Sax. ঘা-মার, হেঁচকা-টান বা -মার, দমক-দা, ঝিঁকা-মার, আঘাত-কৃ, প্রহার-কৃ, কোড়া-মার, কোড়া বা বেত্র লাগা।

To **Jerk,** *v. n.* লাগ, ঘা-লাগ, ঝিঁকা-মার, উপযাচকত্বরূপে-বচ।

Jerk, *n. s.* হঠাৎ এককালে বা ঘনং প্রহার পিটন মারি বা আঘাত, ধাক্কা, দমক, হেঁচকা, টান, নিক্ষেপ, ফেলন, উৎক্ষেপণ, ঝিঁকা, ঝোঁক, দমক, দমকা।

Jerker, *n. s.* পূর্ব্বোক্ত মারি প্রহার বা আঘাতকর্ত্তা, কোড়াওয়ালা, চাবুকওয়ালা, চাবুক মারে যে ব্যক্তি।

Jerkin, *n. s.* Sax. আঙ্গরাখাবিশেষ, এক প্রকার ছোট কুর্ত্তি।

Jerkin, *n. s.* একজাতি বাজ পক্ষিবিশেষ।

Jersey, *n. s.* উত্তম পশমের ফেঁটী, পাকান লোম বা তৎসূত্র।

Jerusalem ***Artichoke,*** *n. s.* পুষ্পবিশেষ।

Jess, *n. s.* Fr. Ital. বাজপক্ষির পাদে বদ্ধ কৃত চর্ম্ম বিশেষ, যাহা সীকারির হস্তের সহিত বান্ধা থাকে।

Jessamine, *n. s.* Jasmine শব্দ দেখ, সুগন্ধপুষ্পবিশেষ।

Jesse, *n. s.* বড়পিতলের বর্ত্ত্যাধার বা সামাদান বিশেষ, পিতলের ঝাড়, ঝাড়ের সহিত যুক্ত করিয়া কোন গিরিজার ভিতর রাখা যায় যাহা।

Jessed, *a.* পূর্ব্বোক্ত দ্রব্যযুক্ত বা তদ্বিশিষ্ট, বংশাবলি বা কুল ধর্ম্মের বিশেষণবাচক।

To **Jest,** *v. n.* Lat. গদ্দি-কৃ, ফষ্টী-কৃ, পরিহাস-কৃ, কৌতুক বা তামাসা-কৃ, সংসাজিয়া ক্রীড়া-কৃ, মুখস বা উপমুখ দিয়া তামাসা -কৃ।

Jest, *n. s.* তামাসা, ফষ্টী, গদ্দি, শ্লেষ, কৌতুক, ঠাট্টা, উপহাস, ভাঁড়ামি, উপহাসের বিষয় বা কর্ম্ম, ভেঙচান, কৌতুকজনক অযথার্থ খেলা, ক্রীড়া, মুখস, উপমুখ, ।

Jester, *n. s.* ভাঁড়, ঠাট্টাবাজ, ভণ্ড, কৌতুকী, পরিহাসক, মস্করা, ফষ্টিয়া।

Jesting, *n. s.* ভাঁড়ামি, তামাসা, ফষ্টী, গদ্দি।

Jesting-Stock, *n. s.* ভাঁড়ামি বা তামাসার বিষয় বা কর্ম্ম।

Jestingly, *ad.* তামাসাপূর্ব্বক, কৌতুক ঠাট্টা বা পরিহাস পূর্ব্বক।

Jesuit, *n. s.* Fr. এতন্নামধারী উপাসক বা মতাবলম্বি বিশেষ বা তৎসম্প্রদায়, যেসুইত মতাবলম্বী, প্রতারক ধূর্ত্ত জুয়াচোর ইত্যাদি বুঝায়।

Jesuited, *a.* পূর্ব্বোক্ত মতাবলম্বির ধর্ম্ম আচার বা ব্যবহার করে যে।

Jesuitess, *n. s.* পূর্ব্বোক্ত ধর্ম্ম বা মতাবলম্বিনী স্ত্রী।

Digitized by Google

Jesuitical বা **Jesuitick**, *a.* পূর্ব্বোক্তব্যক্তি সম্বন্ধীয় বা তদ্বিষয়ক, প্রতারক, প্রবঞ্চক, মিথ্যাবাদী।
Jesuitically, *ad.* ধূর্ত্ততা বা অধর্ম্মানুসারে।
Jesuitism, *n. s.* পূর্ব্বোক্ত ব্যক্তির মত বা ধর্ম্ম।
Jet, *n. s.* Sax. প্রস্তরবিশেষ, নক্সী, চৌতরা, প্রাঙ্গন স্থান।
To **Jet**. *v. n.* Fr. ফুঁড়িয়া বাহির-হ, বহির্গত-হ, বাহির হইয়া -পত, বক্র হইয়া শরীরের ভঙ্গিমা-কৃ।
Jetsam বা **Jetson**, *n. s.* Fr. জাহাজ ডুবিলে বা ভাঙ্গিলে যে দ্রব্য জলে ভাসিয়া ডাঙ্গায় লাগে বা অন্য প্রকারে পাওয়া যায় তৎ দ্রব্য, নাবিক আদালতের অধ্যক্ষের স্বার্থ বা প্রাপ্য দ্রব্য।
Jettee, *n. s.* Fr. কোন ইমারতে বহিস্কৃত গড়ন বা কর্ম্ম।
Jetter, *n. s.* রঙ্গিলা, ফুল্লারবিন্দ।
Jetty, *a.* নলে কৃত, নলীবিশিষ্ট, বড় কাল, মিসকালি।
To **Jetty**, *v. n.* বহির্গম, বাহিরে-আগম, বহির্গত-হ।
Jew, *n. s.* হিব্রু, য়িহুদী, য়িশ্রাল দেশজ বা তদ্দেশীয় মনুষ্য, অত্যন্ত ধনসঞ্চয়ী, যক।
Jewel, *n. s.* Dut. অলঙ্কার, জওহর, মণিমুক্তা প্রবালাদি আভরণ, মণি, রত্ন, গহনা, শোভা, ভূষণ, ভূষা, আদর বাক্য।
Jewel-house বা **Office**, *n. s.* রাজার অলঙ্কারাদি দ্রব্য থাকে যে স্থানে, রাজাভরণাগার, রাজকোষ।
To **Jewel**, *v. a.* আভরণ গহনা বা অলঙ্কার-দা বা তদ্দ্বারা শোভিত-কৃ, গহনা-পরা।
Jewel-like, *a.* মণি প্রবালাদি গহনা বা অলঙ্কারবৎ।
Jeweller, *n. s.* জওহরী, রত্নজীবিক, মণিহারী, স্বর্ণকার, সেকরা, স্বর্ণবণিক্।
Jewess, *n. s.* য়িহুদী স্ত্রী।
Jewish, *a.* য়িহুদীর ধর্ম্ম বা ব্যবহারোদ্বোধক, তজ্জাতীয় বা তৎসম্বন্ধীয়।
Jewishly, *ad.* ধনসঞ্চয়কারিত্ব বা কৃপণতারূপে, য়িহুদীর ধর্ম্ম বা ব্যবহারানুসারে।
Jewishness, *n. s.* য়িহুদীর ধর্ম্ম কর্ম্ম বা আচার।
Jewry, *n. s.* পূর্ব্বোক্ত জাতির বাসস্থান জেলা বা দেশ, যেখানে য়িহুদীরা বাস করে, এতন্নামধেয় লণ্ডন নগরে গলি বা টোলা বিশেষ।
Jews-ear, *n. s.* ঔষধীয় বৃক্ষবিশেষ।
Jews-harp, *n. s.* Fr. বাদ্য যন্ত্রবিশেষ, মোর্চঙ্গ।
Jews-mallow, *n. s.* বৃক্ষবিশেষ।
Jews-stone, *n. s.* শিরিয়াদেশের ধাতু দ্রব্যবিশেষ।
Jews-trump, **Jews-harp** শব্দ দেখ।
Jezebel, *n. s.* প্রগল্ভা স্ত্রী।
Jib, *n. s.* সর্ব্বাগ্রের পালি বা আজাড়, অগ্রের পালি।
To **Jib**, *v. a.* মাস্তুলের এক দিগহইতে অন্য দিগে পালি-লাগা বা -খাটা।
To **Jibe**, *To* **Gibe** শব্দ দেখ।
Jickajog, *n. s.* লাড়ন, হেলান।
Jiffy, *n. s.* একপল, ক্ষণকাল।
Jig, *n. s.* Ital. স্বরবিশেষ, নৃত্যবিশেষ, শুনিবার অযোগ্য গীত বা কবিতাবিশেষ।
To **Jig**, *v. n.* অমনোযোগপূর্ব্বক নৃত্য-কৃ, এলুয়ামেলুয়া নৃত্য-কৃ, তাল মান বা রীতি বিবেচনা না করিয়া-নাচ, নৃত্য-কৃ, লম্ফ -মার।
Jig-maker, *n. s.* আহ্লাদে বা খুশী হইয়া নৃত্য করে যে ব্যক্তি, নর্ত্তক, নাচে বা নৃত্য করে যে ব্যক্তি।
Jigger, *n. s.* নর্ত্তক, নৃত্যকর্ত্তা, নাবিক ভাষায় জাহাজে হামার বান্দা অস্ত্র বা দ্রব্য বিশেষ।
Jiggish, *a.* আহ্লাদে নৃত্যোপযুক্ত।
Jiggumbob, *n. s.* খেলানা, সামান্য দ্রব্য, অল্প মূল্যের দ্রব্য বা খেলার সামগ্রী।
Jill, *n. s.* স্ত্রীলোকের ঘৃণা বা নিন্দাসূচক নাম, ভুষ্টা নষ্টা অন্য পূর্ব্বা বা প্রতারিকা স্ত্রী, এতদ্ভিন্ন Gill শব্দবৎ অর্থ জানিবে, তৎশব্দ দেখ।
Jill-flirt, *n. s.* মাথাপাগলা, অল্প বুদ্ধি বা চপলা স্ত্রী, দুষ্টা ভুষ্টা বা নষ্টা স্ত্রী।
Jilt, *n. s.* Sax. অন্যপূর্ব্বা প্রতারিকা বা চতুরা স্ত্রী, এক পুরুষ স্বীকার করিয়া বা আশ্বাস দিয়া অন্যকে গ্রহণ করে যে স্ত্রী, স্ত্রীলোক সম্বন্ধে ঘৃণা নিন্দা বা হেয়জ্ঞানসূচক শব্দ।
To **Jilt**, *v. a.* কুব্যবহার-কৃ, প্রতারণা-কৃ, এক পুরুষকে আশ্বাস দিয়া কিম্বা তাহার প্রেম আদরপূর্ব্বক স্বীকার করিয়া পরে অন্য পুরুষকে ভজনা-কৃ।
To **Jilt**, *v. n.* পূর্ব্বোক্ত স্ত্রীর ন্যায় ব্যবহার-কৃ, ভুষ্টা স্ত্রীর ন্যায় প্রতারণা-কৃ।
Jimmers, *n. s.* যোড়া কবজা।
Jimp, *a.* পরিষ্কার, উত্তম, সুন্দর, এতদ্ভিন্ন Gimp শব্দবৎ অর্থ জানিবে, তৎশব্দ দেখ।
To **Jingle**, *v. n.* ঝুল, লটক, ঝনং ঝনং ঝমং বা খড়ং শব্দ-হ।
To **Jingle**, *v. a.* পূর্ব্বোক্ত শব্দ-কৃ, লাড়, আন্দোল, লাড়ন দ্বারা পূর্ব্বোক্ত শব্দ-কৃ।
Jingle, *n. s.* পূর্ব্বোক্ত শব্দ বা ধ্বনি, কোন শব্দ বা ধ্বনি বা তদ্ধ্বনি হয় যে দ্রব্যে, ঘণ্টা, টপ্‌টপী, ঝুমঝুমি, ঝাঁজের শব্দ।
Jippo, *n. s.* Fr. আঙ্গা, গাত্রাবরণী বিশেষ, স্ত্রীলোকের পরিধেয় বস্ত্র বা পোশাক বিশেষ।
Job, *n. s.* ক্ষুদ্র কর্ম্ম, ঠিকা কর্ম্ম, টুমটাম কর্ম্ম, খুদরা কর্ম্ম, অল্প ব্যাপার, সামান্য কার্য্য অধম বা নীচ ক্রিয়া, টহলিয়ার কর্ম্ম, লাভদায়ক কর্ম্ম, আঘাত, তীক্ষ্ণ অস্ত্রদ্বারা আঘাত বা মারণ।
To **Job**, *v. a.* তীক্ষ্ণাস্ত্রদ্বারা আঘাত-কৃ বা-মার, ক্রয় বিক্রয়-কৃ, ব্যবসায়-কৃ, টুমটাম কর্ম্ম-কৃ।
To **Job**, *v. n.* সামান্য ব্যবসায়-কৃ, ফড়িয়ার কর্ম্ম-কৃ, সামান্য ব্যাপার বা ক্রয় বিক্রয়-কৃ, টুমটাম বিষয়-কৃ।
Job's *Tears*, *n. s.* বৃক্ষবিশেষ।
Jobber, *n. s.* দালালবিশেষ, ক্রয়বিক্রয়কর্ত্তা, সামান্য কর্ম্মেতে নিযুক্ত বা ফড়িয়াতি কর্ম্ম করে যে, ঠিকা বা ছিট কর্ম্ম করে যে।
Jobbernowl, *n. s.* Sax. মূর্খ, অজ্ঞান, গোঁয়ার, অবোধ।
Jockey, *n. s.* চাবুকসওয়ার, ঘোড়দৌড়ে খেলে বা সওয়ার হয় যে ব্যক্তি, ঘোটকব্যবসায়ী, প্রতারক প্রবঞ্চক বা জুয়াচোর ব্যক্তি।
To **Jockey**, *v. a.* ঘোড়দৌড়-কৃ, ঘোড়দৌড়-খেল, প্রতারণা-কৃ, ঠগা।
Jocose, *a.* Lat. কৌতুকী, ঠাট্টাবাজ, মস্করা, পরিহাসক, ভাঁড়, রসিক।
Jocosely, *ad.* মস্করামিপূর্ব্বক, পরিহাসরূপে, ভাঁড়ামরূপে, ঠাট্টা করিয়া।
Jocoseness বা **Jocosity**, *n. s.* মস্করামি, ঠাট্টাবাজি, ঠাট্টা, পরিহাস, কৌতুক, হাস্য, রস, রসিকতা।
Jocoserious, *a.* Lat. ভাঁড়, ভণ্ড।
Jocular, *a.* Lat. ভাঁড়, রসিক, ঠাট্টাবাজ, মস্করা, কৌতুকী।
Jocularity, *n. s.* ভাঁড়াম, ঠাট্টাবাজি, মস্করামি।

Digitized by Google

Jocularly, *ad.* ভাঁড়ামিপূর্ব্বক, ঠাট্টাবাজিপূর্ব্বক, মস্করামিরূপে।
Joculator, *n. s.* Lat. ভাঁড়, মস্করা।
Joculatory, *a.* মস্করামি ভাঁড়ামি ঠাট্টাবাজি করে যে বা তৎসূচক,
Jocund, *a.* Lat. মস্করা, ভাঁড়, পরিহাসক, রসিক, আহ্লাদী, সুখী, নিশ্চিন্ত, নির্ব্বিঘ্ন।
Jocundity, *n. s.* রসিকতা, পরিহাস।
Jocundly, *ad.* পরিহাসপূর্ব্বক, রসিকতারূপে, নিশ্চিন্তরূপে, আহ্লাদ পূর্ব্বক।
Jocundness, *n. s.* রসিকতা।
To **Jog**, *v. a.* Dut. ঠেলা-দা, ঠেলা-মার, ঠেস-মার, ধাক্কা-মার, ঠেস ঠেলা বা ধাক্কার দ্বারা জ্ঞাপন-কৃ।
To **Jog**, *v. n.* ক্রমেতে-সর বা -লড়, সুস্থে বা ধীরে-গম বা -চল।
Jog, *n. s.* ধাক্কা, ঠেলা, ঠেস, ঠেলা বা ঠেসদ্বারা বারণ নিবারণ বা ব্যাঘাত বা আটক, লাড়ন, ঠেলাদ্বারা জানান বা জ্ঞাপন, বিরাম, এলোমেলো গতি বা চলন।
Jogger, *n. s.* আস্তে বা ধীরে চলে যে।
Jogging, *n. s.* ধাক্কা দেওন, লাড়ন।
To **Joggle**, *v. n.* লড়, চল, কাঁপ, সর।
To **Joggle**, *v. a.* ঠেল, নিঃসৃ।
John, *n. s.* হেয় বা ঘৃণাবাচক শব্দ, Jack শব্দ দেখ।
John-a-nokes, *n. s.* বিনাম, কল্পিত বা অযথার্থ নাম।
Johnapple, *n. s.* ফলবিশেষ।
John-a-stiles, **John-a-nokes** শব্দ দেখ।
John *Dory*, Doree শব্দ দেখ।
To **Join**, *v. a.* Fr. পরস্পর-মিলা, যোড়-দা, একত্র-কৃ, যুক্ত-কৃ, সংলগ্ন-কৃ, যোটা, যোজনা-কৃ, যোট-বান্ধা, ভিড়া, সংসর্গ-কৃ, কোন কর্ম্মে বা বিষয়ে একত্র-কৃ, ঐক্য-কৃ, ঐক্যপূর্ব্বক কর্ম্ম-কৃ, বিবাহ-দা, বিবাহ-কৃ, যোগ-কৃ, সংযোগ-কৃ, লাগা।
To **Join**, *v. n.* একত্র-হ, মিল, সংলগ্ন-হ, সংযোগ-হ, যোট-বান্ধ, যুগ্য-হ, সম্পর্কে বদ্ধ-হ, অংশী-হ, যোড়-লাগ, যোগ-হ।
Joinder, *n. s.* মিল, ঐক্য, ঐক্যমত, যোগ।
Joiner, *n. s.* সূত্রধর, ছুতার, কাষ্ঠ যোড়া দেয় যে ব্যক্তি, কাষ্ঠ পাত্রনির্ম্মাতা।
Joinery, *n. s.* কাষ্ঠ যোড়া দেওন বা তৎকর্ম্ম, সূত্রধরের কর্ম্ম।
Joining, *n. s.* কব্জা, যোড়, যোগ, গ্রন্থি, গাঁটি।
Joint, *n. s.* Fr. গাঁটি, গ্রন্থি, গিরা, সন্ধি, মর্ম্ম, পর্ব্ব, সঞ্চ, খিল, গাঁইট. *Out of* Joint খোলা, পৃথক্, সন্ধিচ্যুত, গ্রন্থিখসা, সন্ধি লড়া, গোলমাল, হুলস্থুল, অস্থির।
Joint, *a.* সাধারণ, জৌতা, ভাগাভাগি, এক ব্যবসায়ে বা কর্ম্মে নিযুক্ত বদ্ধ বা সংযুক্ত, সংসৃষ্ট, মিলিত, সম্ভূত, তুল্যময়, সমোত্তরাধিকারী।
To **Joint**, *v. a.* সন্ধি-কৃ, গ্রন্থি-কৃ, সন্ধি বা গ্রন্থিতে বদ্ধ-কৃ বা তদাকার-কৃ, বহু অংশ একত্র-কৃ বা যোড়-দা, ভাগ-কৃ, পৃথক্-কৃ, খানখান-কৃ।
Jointed, *a.* গ্রন্থিময়, গাঁটি গিরা বা সন্ধিবিশিষ্ট বা তন্ময়, গেঁটো, যোড় বা গ্রন্থিযুক্ত।
Jointer, *n. s.* রেন্দাবিশেষ।
Jointly, *ad.* একত্রে, অপার্থক্যে, সাজায়, জৌতায়, যুক্ত বা অভিন্নরূপে, মিলেজুলে, একত্র হইয়া, যোগ বা মিলপূর্ব্বক, যুক্তরূপে, সম্ভূতত্বপূর্ব্বক।
Jointress, *n. s.* কোন বস্তু বা বিষয় একত্র বা যোগে ভোগ করে যে স্ত্রী, সহভোগকর্ত্রী, অংশিনী।
Jointstool, *n. s.* চৌকি বা খুরশী বিশেষ।
Jointure, *n. s.* Fr. স্ত্রীধন, স্বামির মরণানন্তর ন্যস্ত বা দত্ত স্ত্রীধন, অবাধেয় বা আধিবেদনিক স্থাবরাদি ধন, যৌতুক।
To **Jointure**, *v. a.* পূর্ব্বোক্ত ধন-দা, স্ত্রীধন-দা।
Joist, *n. s.* Fr. আড়কাটা, তির।
To **Joist**, *v. a.* তির বা আড়কাটা-বসা।
Joke, *n. s.* Sax. Lat. গদ্দী, পরিহাস, কস্তি, ব্যঙ্গ, তামাসা, মস্করামি, ন্যেকরা।
To **Joke**, *v. n.* Lat. মস্করা-হ, গদ্দী পরিহাস বা ব্যঙ্গকারী-হ, ঠাট্টাবাজ-হ, বিদ্রূপ-কৃ, তামাসা-কৃ।
Joker, *n. s.* মস্করা, ভাঁড়, কৌতুকী, ঠাট্টাবাজ, পরিহাসক, তামাসাওয়ালা।
Joking, *n. s.* গদ্দী, ব্যঙ্গ, পরিহাস, তামাসা, ন্যেকরা।
Jokingly, *ad.* পরিহাসপূর্ব্বক, গদ্দী করিয়া, ব্যঙ্গপূর্ব্বক, তামাসাতে
Jole, *n. s.* Sax. মুখমণ্ডল, গাল, মৎস্যের মুড়।
To **Joll**, *v. a.* মস্তকাঘাত-কৃ, মাথা-কুট, আঘাত-কৃ।
Jollily, *ad.* আনন্দপূর্ব্বক, হর্ষরূপে, আহ্লাদ আমোদ বা কৌতুকপূর্ব্বক, রসিকতাপূর্ব্বক, আনন্দিতত্বরূপে, সৌন্দর্য্যরূপে
Jolliness বা **Jollity**, *n. s.* আহ্লাদ, আনন্দ, হর্ষ।
Jolly, *a.* Fr. আনন্দিত, আহ্লাদিত, হৃষ্ট, সুখী, প্রফুল্ল, প্রসন্ন, পুষ্ট, উত্তম, সুন্দর, সুরূপ, কৌতুকী, রসিক, রঙ্গিলা, শৌকিন।
Jolly-*Boat*, *n. s.* জাহাজের ডিঙ্গী।
To **Jolt**, *v. n.* হেল, দোল, লড়।
To **Jolt**, *v. a.* হেলা, দোলা, ঝাঁকর, এদিগে ওদিগে ধাক্কা-দা।
Jolt, *n. s.* ধাক্কা, ঝোঁক, দোলান, হেলান, ঝাঁকরাণ।
Jolter, *n. s.* হেলায় দোলায় লড়ায় ঝাকরায় বা ধাক্কা মারে যে।
Jolthead, *n. s.* বৃহন্মস্তক, আহাম্মক, নির্ব্বোধ, অবোধ, অজ্ঞ।
Jonquille, *n. s.* Fr. বৃক্ষবিশেষ।
Jorden, *n. s.* Sax. পাত্রবিশেষ।
Joseph's *flowers*, *n. s.* পুষ্প বৃক্ষবিশেষ।
To **Jostle**, *v. a.* Fr. ধাক্কা মারিয়া-গম, ঠেলাঠেলি করিয়া ভিতরে প্রবেশ-কৃ, কনুইর ধাক্কা-দা।
Jot, *n. s.* Gr. বিন্দু, অণু, তিল, অত্যল্পভাগ।
To **Jot**, *v. a.* লিখিয়া-রাখ, লিখ, টুকিয়া-নী বা রাখ।
Jotting, *n. s.* স্মরণার্থে লিখন, টুকন, টুকিয়া রাখন।
Jovial, *a.* Lat. কৌতুকী, রসিক, মস্করা, রঙ্গিলা।
Jovialist, *n. s.* রসজ্ঞ, রসিক, কৌতুকী ব্যক্তি।
Jovially, *ad.* আনন্দ বা আহ্লাদ বা হর্ষপূর্ব্বক, কৌতুকপূর্ব্বক, রসিকতাপূর্ব্বক।
Jovialness, *n. s.* কৌতুক, রসিকতা, আনন্দ, আহ্লাদ, মস্করামি।
Jovialty, *n. s.* আমোদ, আহ্লাদ, প্রমোদ, হাসপরিহাস।
Jouisance, *n. s.* Fr. তথা।
Journal, *a.* Fr. দৈনিক, প্রতিদিনের, জাব্দাসম্বন্ধীয়।
Journal, *n. s.* জাব্দাবহী, নিত্যবিবরণলিপি, রোজনামা, দৈনন্দিন বা সাময়িক প্রকাশিত সমাচারপত্র।
Journalist, *n. s.* রোজনামালেখক, রোজনামা বা পূর্ব্বোক্ত সমাচার পত্র লিখে যে, সমাচার পত্রপ্রকাশক।
To **Journalize**, *v. a.* জাব্দা-লিখ, রোজনামা-লিখ, দৈনন্দিন হিসাব বা বিবরণ-লিখ।
Journey, *n. s.* Fr. মঞ্জিল, ভ্রমণ, পর্য্যটন, চলন, দেশভ্রমণ, যাত্রা, সফর, আড্ডা লওন।
To **Journey**, *v. n.* ভ্রমণ-কৃ, চল, ফির, সফর-কৃ।
Journeyman, *n. s.* Fr. ঠিকা কর্ম্মকারক, ঠিকা কারিগর, প্রতিদিনের মজুরিতে কর্ম্ম করে যে, ঠিকা চাকর।

Digitized by Google

Journeywork, *n. s.* ঠিকাকর্ম্ম, রোজের কর্ম্ম।
Joust, *n. s.* Fr. মিথ্যাযুদ্ধ, সং বা কল্পিতযুদ্ধ।
To **Joust**. *v. n.* Fr. মিথ্যা যোদ্ধা-হ, অস্ত্রদ্বারা ক্রীড়া-কৃ।
Jowl, Jole শব্দ দেখ।
Jowler, *n. s.* শীকারি কুক্কুরবিশেষ বা তন্নাম।
Jowter, *n. s.* মাছুয়া বা ধীবরবিশেষ।
Joy, *n. s.* Fr. আনন্দ, আহ্লাদ, উল্লাস,আমোদ, বিলাস, হর্ষ, তুষ্টি, তোষ, খুসী, সুখ, সন্তোষ, সোহাগবা আনন্দসূচক সংজ্ঞা।
To **Joy**, *v. n.* সুখী-হ, আনন্দিত-হ, উল্লসিত-হ, তুষ্ট-হ, খুসী-হ।
To **Joy**, *v. a.* আহ্লাদ কৃ, সুখ-কৃ, আমোদ-কৃ, আনন্দ-কৃ, সুখ ভোগ-কৃ।
Joyance, *n. s.* Fr. আহ্লাদ, খুসী, উৎসব, আমোদ।
Joyful, *a.* আনন্দিত, উল্লাসিত, সুখময়, আনন্দময়, হৃষ্ট, তুষ্ট, তুষ্টিকর, আনন্দদায়ক, হর্ষজনক, সন্তোষকারী, আহ্লাদ বা তুষ্টি জনক, আমোদিয়া।
Joyfully, *ad.* আনন্দ আহ্লাদ বা উল্লাসপূর্ব্বক, আনন্দিতত্বরূপে, আহ্লাদিতত্বরূপে, তুষ্টিকরত্বরূপে।
Joyfulness, *n. s.* আনন্দ, উল্লাস, তুষ্টি, আহ্লাদ, সুখ, সন্তোষ।
Joyless, *a.* নিরানন্দ, নিরাহ্লাদী, অনাহ্লাদী, ম্লান, সুখাভাব বিশিষ্ট, অনাহ্লাদজনক, অসুখদ, অহর্ষ, ক্ষুব্ধ, আহ্লাদরহিত, অহৃষ্ট, অতুষ্ট, অসুখী।
Joylessly, *ad.* অনাহ্লাদপূর্ব্বক, নিরানন্দরূপে, অসুখপূর্ব্বক।
Joylessness, *n. s.* নিরানন্দ, অনাহ্লাদ, অসন্তোষ, অসুখ, অতুষ্টি, নাখুসী।
Joyous, *a.* Fr. আনন্দিত, আহ্লাদজনক, সুখদ, সুখী, খুসী, আহ্লাদী, হর্ষান্বিত, তুষ্টিদায়ক।
Joyously, *ad.* আহ্লাদপূর্ব্বক, আনন্দরূপে।
Joyousness, *n. s.* আনন্দিতত্ব, সুখদায়কত্ব।
Jubilant *a.* Lat. জয়প্রশংসাকারী, জয়গানকারী, জয়ধ্বনি করে যে, জয়প্রশংসক, জয়গায়ক।
Jubilation, *n. s.* Lat. জয়প্রশংসা বা প্রকাশকরণ, জয়ধ্বনি করণ।
Jubilee, *n. s.* Fr. Lat. মহোৎসব, সাধারণ আনন্দ আহ্লাদ বা খুসীপ্রকাশক উৎসব বা পর্ব্ব বা তৎকাল, আহ্লাদের কাল বা সময়, আমোদের সময়।
Jucundity, *n. s.* Lat. সুখদায়কত্ব, আহ্লাদ, আনন্দ, মনোরমতা, হর্ষজনকত্ব, আহ্লাদজনকতা।
Judaical, *a.* য়িহুদীসম্বন্ধীয়।
Judaically, *ad.* য়িহুদীরদের মতানুসারে বা তদ্রীতিপূর্ব্বক।
Judaism, *n. s.* য়িহুদীরদের ধর্ম্মশাস্ত্র মত বা উপাসনাকাণ্ড।
Judas *Tree n. s.* বৃক্ষবিশেষ।
To **Judaize**, *v. n.* য়িহুদীরদের মতাবলম্বী-হ বা তদ্রীতিপূর্ব্বক -চল।
Judaizer, *n. s.* য়িহুদীরদের ব্যবস্থা বা বিধিপূর্ব্বক চলে যে ব্যক্তি, তন্মতাবলম্বী বা ব্যবহারকারী।
Juddock, *n. s.* পক্ষিবিশেষ।
Judge, *n. s.* Fr. Lat. প্রাড্বিবাক, কাজী, জজ, বিচারক, বিবেচক, বিচারকর্ত্তা, নির্ণয়কারক, পরিচ্ছেত্তা, নিষ্পত্তিকারক।
To **Judge**, *v. n.* Fr. দণ্ডকারী-হ, বিচারক-হ, বিবেচনাকর্ত্তা-হ, নির্ণয়কারী-হ।
To **Judge**, *v. a.* বিচারানন্তর বিধি-দা, দণ্ড-কৃ, দণ্ডনির্ণয়-কৃ, বিধান-দা, বিবেচনা-কৃ, নির্ণয়-কৃ, সমাধা-কৃ, বোধ-কৃ, চুকাইয়া -দা মিটাইয়া-দা, প্রকৃষ্ট বা স্থিররূপে বিবেচনা-কৃ, বিবেচনা করিয়া স্থির-কৃ, জ্ঞা, অবলোকন-কৃ, বিচার-কৃ, তজবীজ-কৃ, ইন সাফ-কৃ।
Judgement, *n. s.* Fr. বিচারক্ষমতা, বিচার, তজবীজ, নিষ্পত্তি, পরিচ্ছিত্তি, বিধান, বিধি, নিষ্পত্তি বা বিচারকরণক্ষমতা বা তদধিকার, আজ্ঞা, ব্যবস্থানকরণ, বিচারকরণ, যাথার্থ্য বা অযাথার্থ্য বিবেচনা বা নির্ণয়করণ, অভিপ্রায়, মত, অপরাধি ব্যক্তির দণ্ডের নিয়ম বা তদাজ্ঞা, দণ্ডাজ্ঞা, কর্ম্ম ভোগ, কর্ম্মবিপাক, আদালতকরণ, আদালত, আইন, বিবেচনা, তজবীজ, বুদ্ধি, ঈশ্বরীয় কোপ।
Judger, *n. s.* বিচারকর্ত্তা, বিচারক, বিধানদাতা, নিষ্পত্তি বা পরিচ্ছিত্তিকর্ত্তা।
Judgeship, *n. s.* বিচারক ব্যক্তির কর্ম্ম পদ অধিকার ক্ষমতা বা নাম।
Judicative, *a.* বিচারক্ষম, বিচারকরণেশক্তি আছে যাহার।
Judicatory, *n. s.* Lat. আদালতকরণ, বিচারকরণ, তজবীজকরণ, তজবীজ, বিচার, আদালত, বিচারশালা, ব্যবস্থান, বিচারস্থান, আদালতঘর।
Judicatory, *a.* বিচারকারী, আদালতকারী, ব্যবস্থানুসারে বিধি বা আজ্ঞাদাতা।
Judicature, *n. s.* Fr. বিচারাধ্যক্ষতা, ব্যবস্থান, বিচারস্থান, বিচার করণক্ষমতা বা অধিকার।
Judicial, *a.* Lat. বিচারস্থানে ব্যবহৃত, ন্যায্য,ব্যবহার্য্য, বিচারিত, বিচার কৃত, দণ্ডকৃত, ব্যবস্থেয়, আদালতসম্বন্ধীয়, আদালত বিষয়ক।
Judicially, *ad.* ব্যবস্থানুক্রমে, বিচারানুসারে, আইন মোতাবেক, ন্যায়ানুসারে, ব্যবস্থানুসারে।
Judiciary, *a.* Lat. বিচারকারী, বিচারক, বিচারানন্তর আজ্ঞা বা বিধানদাতা, ব্যবস্থেয়, আদালতসম্বন্ধীয়।
Judicious, *a.* Fr. বিজ্ঞ, প্রজ্ঞ, জ্ঞানী, বহুদর্শী, প্রবীণ, পটু।
Judiciously, *ad.* বিজ্ঞতারূপে, প্রজ্ঞতাপূর্ব্বক, জ্ঞানপূর্ব্বক, জ্ঞানিত্ব পূর্ব্বক, যথার্থ বিবেচনাপূর্ব্বক।
Judiciousness, *n. s.* বিজ্ঞত্ব, প্রজ্ঞত্ব, প্রবীণতা, পটুতা।
Jug, *n. s.* Dan. জলপাত্রবিশেষ, কুঁজা, ঘট, কলসাকার পানীয় বা জলপাত্রবিশেষ।
To **Jug**, *v. n.* ধ্বনিবিশেষ-কৃ, পক্ষিধ্বনির ন্যায় ধ্বনি-কৃ।
To **Juggle**, *v. n.* Fr. বাজী-কৃ, ভেল্কী-কৃ, ভোজবিদ্যা ব্যবহার-কৃ, প্রতারণা-কৃ, ইন্দ্রজাল-কৃ।
Juggle, *n. s.* বাজী, ভোজবাজী, ভেল্কী, প্রতারণা, ঐন্দ্রজালিক বিদ্যা।
Juggler, *n. s.* ভোজবাজীকর, ভেল্কী করে যে ব্যক্তি, বাজীকর, ভাঁড়, প্রতারক, জুয়াচোর, কুহকী।
Juggling, *n. s.* প্রতারণা।
Jugglingly, *ad.* প্রতারণাপূর্ব্বক, ভেল্কীপূর্ব্বক।
Jugular, *a.* Lat. কণ্ঠ বা গ্রীবাসম্বন্ধীয়।
Juice, *n. s.* Fr. Dut. ক্বাথ, আরক, রস, নির্য্যাস, সত্ব।
Juiceless, *a.* নীরস, শুষ্ক, অরস, সত্বরহিত বা হীন।
Juiciness, *n. s.* রসালতা, রসপূর্ণত্ব, সরসত্ব।
Juicy, *a.* রসময়, রসাল, সরস, রসবৎ, রসাক্ত, রসবান্।
Jujub বা **Jujubes**, *n. s.* বৃক্ষবিশেষ।
To **Juke**, *v. n.* Fr. পক্ষির ন্যায় বৈস রা-নী, *Juking* শিরো নমনপূর্ব্বক, স্বীকারবোধক ব্যাপার।
Julap, *n. s.* Lat. জুল্লাপ, রেচক ঔষধ।
Julian, *a.* জুলিয়শ শিজর রাজার শকানুযায়ী বা তদনুসারে গণনা সূচক।

Digitized by Google

Julus, *n. s.* Gr. পুষ্পবিশেষ।

July, *n. s.* Lat. Fr. ইংগ্লণ্ডীয় বৎসরের সপ্তম মাস, শ্রাবণ মাস, আষাঢ় মাসের শেষ কতক দিন ও শ্রাবণ মাসের প্রথম কতক দিন এতৎকাল।

July-flower, *n. s.* পুষ্পবিশেষ, Gillyflower শব্দ দেখ।

Jumart, *n. s.* Fr. খচর, অশ্বতর, গর্দ্দভ আর ঘোটকী কিম্বা ষাঁড় আর ঘোটকীহইতে জাত যে পশু, গর্দ্দভহইতে ঘোটকীর গর্ভে উৎপন্ন খচর।

To **Jumble**, *v. a.* Fr. মিশ্রিত-কৃ, গোলমাল-কৃ, মিশা, জাবড়জঙ্গি -কৃ।

To **Jumble**, *v. n.* একত্র-হ, মিশ্রিত-হ, মিলিত-হ, মিশ, গাবড় গঞ্জি-হ।

Jumble, *n. s.* মিল, মিশান, গোলমালহওন, একত্রহওন।

Jumbler, *n. s.* মিশ্রণকর্ত্তা, গোলমাল করিয়া মিশায় বা একত্র করে যে ব্যক্তি।

Jument, *n. s.* Fr. Lat. ভারবাহক পশু।

To **Jump**, *v. n.* Teut. লম্ফ-মার, লম্ফ-দা, ঝাঁপ-দা, উল্লম্ফন-কৃ, লাফা, ঝম্প-দা, ডিঙ্গা, কূদ, লড়, হেল, এদিক ওদিক-কৃ, স্বীকৃত -হ, সম্মত-হ, মিল-হ ঐক্য-হ, একত্র-হ, জুট।

To **Jump**, *v. a.* অবিবেচনাপূর্ব্বক কোন কর্ম্মে বা বিষয়ে-পত বা প্রবিষ্ট-হ, ঝুঁকিতে-গম, উৎপাতে হস্তার্পণ-কৃ।

Jump, *n. s.* উল্লম্ফন, লম্ফ মারণ, লম্ফ দেওন, লম্ফন, লাফ, লম্ফ, ডিঙ্গান, ঝাঁপ, কূদন, ঝাপন, লাফ মারণ, নৃত্যকরণ, দৈব বা কপাল পরীক্ষা, পীড়িত স্ত্রীলোকের পরিধেয় জামা বা আঙ্গিয়া বিশেষ, কুর্ত্তিবিশেষ।

Jumper, *n. s.* লম্ফদাতা, লাফায় যে, লাফ মারে যে।

Juncate, *n. s.* Ital. Fr. পিষ্টক বা মিঠাইবিশেষ।

Juncous, *a.* Lat. কশাড় বা শর বনময় বা তৎপূর্ণ।

Junction, *n. s.* Fr. মিল, ঐক্য, সংযোগ, সংস্রব, সম্পর্ক, মিলন, সঙ্গম, জোড়, জোট, যোগ, মিল, সন্ধি, সংসর্গ।

Juncture, *n. s.* Lat. সন্ধি, যোগ, জোড়, সন্ধি স্থান, সন্ধি, গিরা, ঐক্য, মিল, যোগ, বিশেষ কাল বা সময়।

June, *n. s.* Fr. Lat. ইংগ্লণ্ডীয় বৎসরের ষষ্ঠ মাস, আষাঢ় মাস, বাঙ্গলা জ্যৈষ্ঠ ও আষাঢ়ের মধ্যবর্ত্তি মাস।

Junior, *a.* Lat. কনিষ্ঠ, ছোট, অনুজ।

Juniority, *n. s.* কনিষ্ঠত্ব, অনুজত্ব।

Juniper, *n. s.* Lat. বৃক্ষবিশেষ।

Junk, *n. s.* চীনদেশীয় ক্ষুদ্র জাহাজ, পুরাতন হামার, কিত্নি।

Junket, *n. s.* মিঠাইবিশেষ, গুপ্ত যজ্ঞ, গুপ্ত ভোজ, বন ভোজন।

To **Junket**, *v. n.* গোপনে ভোজ-কৃ, গুপ্তে যজ্ঞ বা আমোদ-কৃ, মহোৎসব-কৃ, মেজমানি-কৃ, বনভোজন-কৃ।

Junta বা **Junto**, *n. s.* Span. গণ্ডগোল, হঙ্গাম, কলহ, কোন গোপন বিষয় সাধনার্থে একত্রীভূত বা কৃত জনসমূহ বা দল বা তজ্জাতি, রাজকর্ম্ম সংক্রান্ত জনসমূহের দল বা সভা, গুপ্ত সমাজ।

Jupiter, *n. s.* বৃহস্পতি গ্রহ, ইন্দ্র, গ্রীকেরদিগের দেবতা।

Juppon, *n. s.* Fr. আঙ্গরাখা বিশেষ।

Jurat, *n. s.* Lat. Fr. হাকিম বা কোতোয়ালবিশেষ।

Juratory, *a.* শপথবিশিষ্ট।

Juridical, *a.* Lat. বিচারকারী, আদালতে বা বিচার স্থানে ব্যবহৃত, ন্যায়কর, ব্যবস্থাসম্বন্ধীয়।

Juridically, *ad.* ব্যবস্থানুসারে, ব্যবস্থা আইন বা আদালতের নিয়ম বা রীতিপূর্ব্বক, বিচারকর্ত্তার ক্ষমতাপূর্ব্বক, ব্যবস্থাসম্বন্ধীয়ত্ব রূপে।

Jurisconsult, *n. s.* Lat. কোন মোকদ্দমাতে আপন অভিপ্রায় মত বা যুক্তিদাতা, ব্যবস্থা বা পরামর্শদায়ক।

Jurisdiction, *n. s.* Lat. হাকিমী, প্রভুত্ব, বিচারকর্ত্তার পদ ক্ষমতা বা শাসন, তৎক্ষমতা বা শাসনের সীমা, মোতালক, সীমা, এলাকা, আমলা, ব্যাপ্যাধিকার।

Jurisdictional, *a.* বিচারকর্ত্তার ক্ষমতানুযায়ী।

Jurisdictive, *a.* মোতালকবিশিষ্ট, বিচারকর্ত্তার ক্ষমতা হুকুম বা শাসন আছে যাহাতে বা যাহার, হুদ্দাওয়ালা, হুদ্দাবিশিষ্ট।

Jurisprudence, *n. s.* Fr. Lat. স্মৃতিশাস্ত্র, ধর্ম্মশাস্ত্র, বিচার বিদ্যা, আচার বা ব্যবহার দর্শন।

Jurisprudent, *a.* Lat. পূর্ব্বোক্তশাস্ত্রজ্ঞ।

Jurist, *n. s.* Fr. ধর্ম্মশাস্ত্রবেত্তা বা তদ্ব্যবসায়ী, ধর্ম্ম বা রাজশাসন শাস্ত্রাধ্যাপক, রাজকর্ম্মজ্ঞ, ব্যবস্থাজ্ঞ, নীতিজ্ঞ।

Juror, *n. s.* Lat. বিচারকর্ত্তা, একজন জুরিসংজ্ঞক আদালতের বিচারনিষ্পাদক, জুরির অন্তঃপাতি ব্যক্তি।

Jury, *n. s.* Lat. Fr. বিচারকরণার্থে মধ্যস্থবিশেষ, দেওয়ানী বা ফৌজদারী কোন মোকদ্দমা সাক্ষ্যদ্বারা নির্ব্বাহ বা নিষ্পত্ত্যর্থে ১২ বা ২৪ জনের দল বা সভা, ইংগ্লণ্ডদেশে দোষাদোষ বিচার করণের কিম্বা যথার্থ জানিবার তিন প্রকার আদালত অথবা উপায় আছে, পার্লিমেণ্ট যুদ্ধ আর জুরি, এতদ্ভিন্ন অপঘাতাদি মৃত্যু নির্ণয় তাঁহারা করেন, জুরি দুইপ্রকার হয় *Grand* jury আর *Petit* jury.

Juryman, *n. s.* পূর্ব্বোক্ত সভার মধ্যস্থ বা তৎসভায় নিযুক্ত ব্যক্তি।

Jurymast, *n. s.* যুদ্ধে বা ঝড়ে ভগ্ন মাস্তুলের পরিবর্ত্তে মাস্তুল, ভাঙ্গা মাস্তুলের বদলে ক্ষুদ্র মাস্তুল, অল্প কালের নিমিত্তে উঠান যায় যে মাস্তুল।

Just, *a.* Lat. সাধু, ধার্ম্মিক, যথার্থ, প্রকৃত, নীতিকর, ঠিক, খাঁরা, হক্।

Just, *ad.* যথার্থ প্রকৃত বা ঠিকরূপে, নিরালা, প্রায়, কেবল।

Just, *n. s.* Fr. অশ্বারোহিরদের ক্রীড়া যুদ্ধবিশেষ, ঘোড়সবারের সম্মুখ যুদ্ধ, চৌগান খেলা।

To **Just**, *v. n.* অশ্বারোহির কৃত্রিম যুদ্ধ-কৃ, চৌগান খেলা-কৃ, ঘোড়সবারের যুদ্ধ-কৃ, ঠেলাঠেলি-কৃ, ধাক্কা-দা, নিঃসর, ধাক্কাধাক্কি -কৃ।

Justice, *n. s.* Lat. প্রাড্বিবাক, বিচারকর্ত্তা, বিচার, আদালত, ধার্ম্মিকতা, নীতি, ধর্ম্ম, ন্যায়, যাথার্থ্য, হক, প্রকৃতার্থ, স্বার্থ, দাওয়া।

Justice *of the King's Bench*, কুলীনপদস্থ প্রধান বিচারকর্ত্তা বিশেষ, রাজা বা রাজ্যের বিপরীতে কোন মোকদ্দমা করে যে ব্যক্তি।

Justice *of the Common Pleas*, কুলীনপদস্থ দেওয়ানী আদালতের বিচারকর্ত্তাবিশেষ।

Justice *of the Forest*, কুলীনপদস্থ রাজবন বা জঙ্গলবিষয়ক মোকদ্দমার বিচারকর্ত্তা।

Justices *of Assize*, কোন পরগনায় বা জিলায় প্রেরিত বা নিযুক্ত বিচারকর্ত্তাবিশেষ।

Justice *Assize*, এসাইজসংজ্ঞক আদালত করে যে ব্যক্তি।

Justices *in Eyre* দায়েরার আদালতকর্ত্তাবিশেষ।

Justices *of Gaol Delivery*, তথা।

Justices *of Nisi Prius*, তথা।

Justices *of Peace*, ফৌজদার, শহরকোতবাল।

Justiceable, *a.* বিচারযোগ্য, বিচারার্হ, আদালতের যোগ্য, আদালতের অধীন, বিচারাধীন।

Digitized by Google

Justicement, *n. s.* আদালতের রীতি ধারা বা বর্ত্ম।
Justicer, *n. s.* বিচারকর্ত্তা, বিচারক, তজবীজ করেযে ব্যক্তি।
Justiceship, *n. s.* বিচারকর্ত্তার কর্ম্ম বা পদ অধিকার বা ক্ষমতা।
Justiciable, *a.* বিচারযোগ্য, বিচারার্হ, আদালতে বিচারকরণোপযুক্ত।
Justiciary, *n. s.* Lat. বিচারকর্ত্তা, বিচারক, জজ, অভিমানী, আত্মশ্লাঘাকারী, আপনার কর্ম্মের যাথার্থ্যপুরঃসরে অভিমান করে যে ব্যক্তি।
Justifiable, *a.* যথার্থ করণার্হ, নির্দোষি করণার্হ, নিয়ম শাস্ত্র বা বিচারদ্বারা রক্ষণীয়।
Justifiableness, *n. s.* যাথার্থ্য, প্রকৃতার্থ, যথার্থরূপে রক্ষণীয়ত্ব বা স্থৈর্য্য।
Justifiably, *ad.* যাথার্থ্যরূপে, প্রকৃতরূপে, যথার্থকরণরূপে, ন্যায্যরূপে।
Justification, *n. s.* Lat. মুক্তি, খালাস, পাপমোচন, নির্দোষ, রক্ষা, পালন, দোষ ক্ষালন, দোষহইতে মুক্তি, কৃত পাপহইতে মুক্তি, মুক্তি দেওন, নির্দোষীকরণ।
Justificative, *a.* রক্ষাকরণক্ষম, নির্দোষীকরণক্ষম, নির্দোষী বা যথার্থকারী।
Justificator, *n. s.* রক্ষাকর্ত্তা, প্রতিপালনকর্ত্তা, নির্দোষকর্ত্তা, দোষক্ষালনকর্ত্তা।
Justifier, *n. s.* নির্দোষীকর্ত্তা, পাপ বিমোচনকর্ত্তা, পাপহইতে মুক্তিদাতা, রক্ষাকর্ত্তা, যাথার্থ্যকর্ত্তা।
To **Justify**, *v. a.* Fr. Lat. যাথার্থ্য সাব্যস্ত-কৃ, দুর্নাম অপবাদ অপরাধ বা পাপহইতে মুক্ত-কৃ, নির্দোষী-কৃ, নিষ্কলঙ্ক-কৃ, প্রতিপালন-কৃ, রক্ষা-কৃ, দোষ ক্ষালন-কৃ, গত বা কৃত পাপহইতে মুক্ত-কৃ।
To **Justle**, *v. n.* Fr. ঠেলাঠেলি-কৃ, সম্মুখাসম্মুখি-কৃ, ধাক্কাধাক্কি-কৃ, ভিড়াভিড়ি-কৃ।
To **Justle**, *v. a.* ঠেল, ধাক্কা-মার, নিঃসৃ, ঠেলা মারিয়া বা সরাইয়া-দা, ধাক্কাধাক্কি-কৃ, ঠেলাঠেলি-কৃ।
Justle, *n. s.* ধাক্কা, ঠেলা, ঠেলাঠেলি, সম্মুখাসম্মুখি।
Justling, *n. s.* ধাক্কা, ঠেলা, ঠেলাঠেলিকরণ, ধাক্কা মারণ, সম্মুখা সম্মুখিহওন বা করণ।
Justly, *ad.* যাথার্থ্যরূপে, ধার্ম্মিকতারূপে, ন্যায্যতারূপে, প্রকৃতরূপে, বিচারপূর্ব্বক, ধর্ম্মতঃ, ঔচিত্যপূর্ব্বক, ঠিকরূপে।
Justness, *n. s.* যথার্থ, ন্যায্য, প্রকৃততা, ধার্ম্মিকতা, বিচার।
To **Jut**, *v. n.* *To* **Jet** শব্দ দেখ।
To **Jutty**, *v. a.* ঠেঁকের ন্যায় বাহির-কৃ, শুঙ্গা বা হুল বাহির-কৃ।
To **Jutty**, *v. n.* ঠেঁকের ন্যায় বাহির-হ, বহির্গম।
Jutty, *n. s.* ইমারতের ফিরণ, কার্ণিস বা নিকেল ইত্যাদি বহিষ্কৃত কর্ম্ম, স্তম্ভবিশেষ, সমুদ্রের মধ্যে ঢিবি বা চড়া।
Jut-window, *n. s.* ইমারতের বাহিরে জানেলা।
Juvenile, *a.* Lat. বালক, যুবা, যৌবনবিশিষ্ট, তরুণ, যুবা কালীন।
Juvenility, *n. s.* যৌবনাবস্থা, যৌবন।
Juxtaposition, *n. s.* Lat. নৈকট্য সম্পর্ক, একত্রকরণ বা হওন, নৈকট্যাবস্থা।
Jymold, *a.* Gimmal শব্দ দেখ।

K.

K, গ্রীকহইতে গৃহীত ইংগ্লণ্ডীয় বর্ণমালার একাদশাক্ষর, স্বর বর্ণের পূর্ব্বে থাকিলে অবৈলক্ষণ্য ক বৎ উচ্চারণ হয়, যথা, *Keen, ken, kill*, আর যখন শব্দের অন্তে *C* অক্ষরের সহিতযুক্ত হয়, যথা *knock, clock*, ইত্যাদি, এবং দ্বিস্বরের পর কথার অন্তে থাকিলেও ঐ প্রকার উচ্চারণ হয়, যথা *Look, break, shook, leak*, কারণ ইংরাজী ভাষাতে শব্দের অন্তে কেবল *c* কখনও ব্যবহার হয় না, এ অক্ষর *N* বর্ণের আদিতে যোগ হইলে লুপ্ত হয়, যথা *knife, knee, knell.*
To **Kabob**. *To* **Cabob** শব্দ দেখ।
Kail, *n. s.* Sax. একপ্রকার কপিশাক।
Kalendar, *n. s.* কালগণনা, কালের গণনা আছে যাহাতে তৎপুস্তক, পাঁজি, পঞ্জিকা, পঞ্চাঙ্গ।
To **Kalendar**, *v. a.* পঞ্জিকা-কৃ বা-লিখ, পঞ্জিকাতে-লিখ, পঞ্জিকাতে দাখিল-কৃ।
Kalender, *n. s.* এক জাতী ফকির বা উদাসীন।
Kali, *n. s.* Arav. সমুদ্রজ শেওলা বা পানাবিশেষ, যাহার ভস্ম হইতে কাঁচ জন্মে, ভস্মবিশেষ, যাহাহইতে কাঁচ উৎপন্ন হয়, ক্ষার এতদর্থে, *Alkali* শব্দ প্রতিপাদ্য জানিবে।
Kalligraphy, *n. s.* উত্তম লিখন বা অক্ষর, Calligraphy শব্দ দেখ।
Kalmia, *n. s.* বৃক্ষবিশেষ, সর্ব্ব বা চিরকাল সরস বা তাজা থাকে যে বৃক্ষ।
Kaloyer, *n. s.* গ্রীক ধর্ম্মশালার মহন্তবিশেষ, Caloyer তৎশব্দ দেখ।
Kam, *a.* বক্র, বাঁকা, অনৃজু।
Kangaroo, *n. s.* সৌত ওএলসনামক দেশজ জন্তুবিশেষ।
To **Kaw**, *v. n.* কাকা শব্দ-কৃ, কাকা-কৃ, কাকের ন্যায় শব্দ-কৃ, কাক ডাক, কাকের ধ্বনি-কৃ, বায়সরব-কৃ, কাকরব-কৃ।
Kaw, *n. s.* কাকের শব্দ, কাকা, কাকের ডাক, কাকের ধ্বনি বা রব, বায়সরব।
Kayle, *n. s.* Fr. ক্রীড়াবিশেষ।
To **Keck**, *v. n.* Dut. নাড়ী উছলপাছল-কৃ, গাত্র আঁতুবাঁতু-কৃ, বমনোদ্রেক-হ, গাত্র বমিং-কৃ, উকি-তুল, ঢেকুর-তুল।
To **Keckle**, *v. a.* Teut. হামারেতে দড়ি-জড়া, জাহাজি হামার, রক্ষার্থে তদুপরি রজ্জু বদ্ধ-কৃ।
Kecksy, *n. s.* Fr. বৃক্ষবিশেষ।

Digitized by Google

Kecky, *a.* পূর্ব্বোক্ত বৃক্ষবদাকার বা তদ্রূপধারী।

To **Kedge**, *v. a.* Dut. খাড়ির ভিতর জাহাজ লইয়া-গম বা আনী, উল্টা বাতাসেতে ক্ষুদ্র নদীর ভিতর জাহাজ লইয়া গমনাগমন-কৃ।

Kedger, *n. s.* নদীতে ব্যবহৃত ক্ষুদ্র নঙ্গর বিশেষ, ধীবরবিশেষ, মাছুয়া।

Kee, কোন প্রদেশে ব্যবহৃত গো শব্দের বহুবচনান্তবাচক শব্দ, এ শব্দ শুদ্ধরূপে লিখিতে হইলে *Kine* বলা যায়।

Kedlack, *n. s.* শস্য ক্ষেত্রে উপলতাবিশেষ।

Keech, *n. s.* Ital. কোন দ্রব্যের নিরেট তাল, লোষ্ট্র, চাঁই।

Keel, *n. s.* Sax. পানিতরাস, জাহাজের বা নৌকার তলা বা খোল।

Keels, Kayles শব্দবৎ অর্থ জানিবে, তৎশব্দ-দেখ।

To **Keel**, *v. a.* Sax. নরম-কৃ, শীতল-কৃ, ঠাণ্ডা-কৃ।

To **Keel**, *v. n.* নরম-হ, শীতল-হ, ঠাণ্ডা-হ, নিস্তেজ-হ, মসৃণ -হ।

Keelage, *n. s.* জাহাজি করবিশেষ।

Keelfat, *n. s.* Sax. তাস, গামলা বা পাত্র বিশেষ, যাহার ভিতরে মদ্য বা পানীয় রাখিলে শীতল হয়।

Keeling, *n. s.* মৎস্যবিশেষ।

Keelson, *n. s.* পানিতরাসের পার্শ্ববর্ত্তী কাষ্ঠবিশেষ, জাহাজের তলার কাষ্ঠ বা বাঁক।

To **Keelhale**, *v. a.* জাহাজি সাজা-দা, নাবিকমতে দোষি ব্যক্তির দণ্ড-কৃ, জাহাজি লোকের ন্যায় প্রহার বা দণ্ড-কৃ, অর্থাৎ অপরাধি ব্যক্তিকে জাহাজের একপার্শ্বে ডুবাইয়া অন্যদিগে তোলা বা তলা দিয়া উঠা, জলে-ডুবা।

Keen, *a.* Sax. ধারাল, তুখাড়, চোখাল, প্রখর, তীব্র, কটু, সূক্ষ্ম, শক্ত, কঠিন, কড়া, বিদ্ধকারী, ব্যগ্র, তীক্ষ্ণ, চেষ্টান্বিত, মনের ক্রোধ রাগ দ্বেষ বা মালিন্য আছে যাহার বা যাহাতে বা তদ্বিশিষ্ট।

To **Keen**. *v. a.* ধার-কৃ, তীক্ষ্ণ-কৃ, ধারাল-কৃ, তীক্ষ্ণধার-কৃ, চোকা।

Keenly, *ad.* তীক্ষ্ণতা কটুতা বা ব্যগ্রতারূপে, রাগ দ্বেষ বা মনের মালিন্যপূর্ব্বক।

Keenness, *n. s.* তীক্ষ্ণত্ব, তীব্রতা, চোকালত্ব, ধার, তেজ, কালের ঔৎকট্য ধর্ম্ম বা তদুৎপন্ন ক্লেশ বা দুঃখ, অতিশীত, মনের দ্বেষ রাগ বা ক্রোধ, মনের মালিন্য, ব্যগ্রতা।

To **Keep**, *v. a.* Sax. ধারণ-কৃ, রাখ, রক্ষা-কৃ, হস্তে বা এক্তিয়ারে -রাখ, পূর্ব্বাবস্থায়-রাখ, যাইতে না -দা, সাবধানে-রাখ, কাবু এক্তিয়ার বা কএদের মধ্যে-রাখ, চৌকী-দা, খবরদারি-কৃ, পলায়ন নিবারণ-কৃ, বদ্ধ-কৃ, আটক-কৃ, কারণপ্রযুক্ত ধারণ বা রক্ষা-কৃ, অন্যের বা পরের নিমিত্তে-রাখ বা-রক্ষা-কৃ, চরা, পালন-কৃ, এক অবস্থায় বা সমভাবে-রাখ, মান্য আদর বা সম্ভ্রম-কৃ, ব্যর্থ বা নিষ্ফল হইতে না-দা, বলদ্বারা কোন স্থানে বা অবস্থায়-রাখ, আচরণ-কৃ, ব্যবহার-কৃ, স্বভাবত আচরণ বা ব্যবহার-কৃ, সাবধানে সকল বা আদর্শ-কৃ, যে কালের যে কর্ম্ম বা আচার তাহা প্রতিপালন বা মান্য-কৃ, অপঘাত বা ব্যাঘাত না-কৃ, বহির্ভূতাচরণ না -কৃ, প্রতিপালন-কৃ, উপজীবিকা দিয়া প্রতিপালন-কৃ, বাটীর মধ্যে-রাখ- বা-প্রাপ, অবিচ্ছেদ-কৃ, ধর, মধ্যে বা অন্তরে-থাক বা বাস-কৃ, স্থান অপরিত্যাগ-কৃ, অপ্রকাশ -কৃ, অব্যক্ত-কৃ, অপ্রতারণা-কৃ, কোন স্থানহইতে তফাতে বা দূরে-রাখ বা তাহার মধ্যে প্রবেশ করিতে না-দা।

To **Keep** *back*, ছাপাইয়া-রাখ, লুকা, ঢাকিয়া-রাখ।

To **Keep** *company*, কাহার নিকট সর্ব্বদা গমনাগমন বা সংসর্গ -কৃ।

To **Keep** *company with*, সঙ্গে-যা, সমভিব্যাহারে-থাক, সখ্য বা খোলা ভাবে-থাক-চল বা ব্যবহার-কৃ।

To **Keep** *in*, লুকা, ছাপা, ঢাক, ভাঁড়া, না-বচ, কশিয়া-রাখ।

To **Keep** *off*, দূরে-রাখ, বাহিরে-রাখ, ভিতরে প্রবিষ্ট হইতে না -দা, বারণ-কৃ, নিবারণ কৃ।

To **Keep** *up*, হ্রাস হইতে না-দা, বজায়-রাখ, সমবস্থায়-রাখ, মিটাইয়া যাইতে না-দা, রহিত না-কৃ।

To **Keep** *under*, দুঃখ বা ক্লেশ-দা, খাট-কৃ, জয়-কৃ, পরাভব-কৃ।

To **Keep**, *v. n.* মান, পরওয়া-রাখ, পাল, খবরদারি-কৃ, পরিশ্রম বা চেষ্টাদ্বারা কোন অবস্থায়-থাক, কোন অবস্থায় বা স্থানে -থাক বা-টেঁক, থাক, রহ, নষ্ট ক্লিষ্ট বা আঘাতিত না হইয়া -থাক, টেঁকিয়া-থাক, বাস-কৃ, সর্ব্বদা-থাক বা বাস-কৃ, দৃঢ় হইয়া বা লাগিয়া-থাক বা-চল।

To **Keep** *on*, অগ্রে-যা, সম্মুখে-বাড়।

To **Keep** *up*, অপরাজিত হইয়া-থাক, অপরাভূত-হ।

Keep, *n. s.* প্রাচীন দুর্গ বা কিল্লার মধ্যে অত্যন্ত দৃঢ় ভাগ দেশ বা স্থান, এতদ্ভিন্ন Donjon শব্দবৎ অর্থ জানিবে, তৎ শব্দ দেখ, বন্ধনাগার, কারাগার, কএদখানা, এক্তিয়ার, কএদ, চৌকি, রক্ষা, খবরদারি, পাহারা, আটক, শক্ত বা ভাল আটক, অবস্থা, দশা।

Keeper, *n. s.* রক্ষক, পালক, কোন আপদ্ বিপদ্ বা মন্দহইতে রক্ষাকর্ত্তা, ত্রাণকর্ত্তা, আপদহইতে উদ্ধার বা মুক্ত করে যে ব্যক্তি, অন্যের ব্যবহার নিমিত্তে কোন দ্রব্য রাখে যে, কএদি লোক রাখে যে, কএদি লোক জিম্মা থাকে যাহার, শিকারি জানওয়ার বা পশু রাখে যে, কোন দ্রব্যের খবরদারি করে যে, চিড়িয়াখানার বা জানওয়ারের দারোগা, কোন অবস্থায় রাখে বা কর্ম্মে করে যে।

Keeper *of the great seal*, *n. s.* ইংগ্লণ্ডীয় রাজার প্রধান মন্ত্রিবিশেষ, আমির বা কুলীন পদস্থ ব্যক্তি, পরওয়ানা ইজারা রাজপ্রসাদাদি দেওন কর্ম্ম যাহার, ইংগ্লণ্ডদেশের রাজ মোহর বা মুদ্রা রক্ষক।

Keepership, *n. s.* পূর্ব্বোক্তব্যক্তির পদ ধর্ম্ম অবস্থা বা বৃত্তি, রক্ষকের পদ অবস্থা বা কর্ম্ম, চৌকিদারী।

Keeping, *n. s.* খবরদারি, রক্ষা, রক্ষা করিবার চেষ্টা, রক্ষাকরণ, চৌকি, পহরি, তাঁবে, জিম্মা, আটক।

Keepsake, *n. s.* স্মরণার্থে দেয় বা দত্ত দ্রব্য, কোন ব্যক্তিকে স্মরণার্থক দেয় যে দ্রব্য, দানকর্ত্তার স্মরণার্থে গৃহীত বা প্রাপ্ত দ্রব্য।

Keg, *n. s.* Fr. ক্ষুদ্র পীপা, যাহা সচরাচর মৎস্য রাখিবার নিমিত্তে ব্যবহার্য্য হয়।

Kell, *n. s.* Wel. নাড়ী বা অন্ত্রাবরণীবিশেষ, নাড়ীভুড়ি আবরণী জালবিশেষ, গুটিকা।

Kell, *n. s.* ভক্ষদ্রব্যবিশেষ।

Kelp, *n. s.* সমুদ্রীয় বৃক্ষবিশেষ, এক প্রকার লবণ যাহা সমুদ্রের সর পোড়াইলে জন্মে, ভস্মহইতে উৎপন্ন লবণ বিশেষ।

Kelpy, *n. s.* স্কটলণ্ড দেশে অনুভাবিত জলচর ভূত বিশেষ, যাহাকে চতুষ্পদ ঘোটকাকার জন্তু বলে।

Kelson, *n. s.* জাহাজ বা নৌকার তলার কাষ্ঠবিশেষ।

Kelter, *n. s.* Dan. প্রস্তুত বা তৈয়ার বস্তু তদ্ভাব বা তদবস্থা।

To **Kemb**, *v. a.* Sax. আঁচড়া, চিরুণীদ্বারা পরিষ্কার-কৃ।

Kembo, Kimbo শব্দ দেখ।

Kemelin, *n. s.* Gr. শৌণ্ডিকের পাত্র বিশেষ।

To **Ken**, *v. a.* Sax. দূরেহইতে-দেখ, নজর-কৃ, দেখিতে-প্রাপ, তফাতে-দেখ, জান, জ্ঞাত-থাক বা-হ ওয়াকিফ-হ বা-থাক।

To **Ken**, *v. n.* চতুর্দ্দিগে দৃষ্টি-কৃ, নজর-কৃ, চারি দিগে-দেখ বা

Digitized by Google

নজর-হ, দৃষ্টি-কৃ, চাহ, কোন বস্তুর দিগহইতে নজর বা দৃষ্টি পাত-কৃ, চক্ষু বা দৃষ্টিক্ষেপ হ বা-কৃ।

Ken, *n. s.* দৃষ্টি, নজর, অবলোকন, দৃষ্টি বা নজরের গতি।

Kendal-green, *n. s.* ওয়েষ্টমোরলেণ্ড দেশে কেণ্ডেল নামক স্থানে জাত সবুজ বর্ণ বস্ত্রবিশেষ।

Kennel, *n. s.* Fr. কুকুরাগার, কুকুর রাখিবার স্থান বা আস্তবল, তৎস্থানে রক্ষিত কতকগুলিন কুকুর শেয়াল অথবা অন্য পশু, জন্তুর বাসা বা খোঁয়াড়ি, নরদামা, রাস্তার জল চলিবার পথ, জলের পথ।

Kennel *coal*, **Canal** *coal* শব্দ দেখ।

To **Kennel**, *v. n.* থাক, পড়িয়া-থাক, বাস-কৃ, বসতি-কৃ, নিবাস -কৃ, অবস্থিতি-কৃ, রহ, এশব্দ জন্তুর প্রতি প্রয়োগ হয়, কিন্তু মনুষ্য সম্বন্ধে ব্যবহার করিলে ঘৃণা বা হেয়ত্ববোধক জানিবে।

To **Kennel**, *v. a.* কুকুরের আস্তবলে বা ঘরে-রাখ, কুকুরাগারে-রাখ।

Kenning, *n. s.* দৃষ্টি, আলোকন, নজর, নাবিকভাষাবিশেষ।

Kept, *pret.* and *part. pass. To keep* শব্দের অতীতকালবাচক, রাখিয়াছে, রাখিল, কোর্দন্তিক পদ, রাখা, রক্ষিত।

Kerb, *n. s.* Sax. ধারি, কিনারা, কোন শক্ত দৃঢ় বা ভারি বস্তুর কিনারা যদ্দ্বারা অন্যের বাঁচওয়া বা রক্ষা হয়।

Kerchief, *n. s.* স্ত্রীলোকের মস্তকের আভরণ, পোশাকের মধ্যে কোন আলগা কাপড়।

Kerchiefed বা **Kerchieft**, *a.* কাপড়পরিহিত, পোশাকপরা, বেশ কৃত, মুকুটধারী বা তদ্বিশিষ্ট, মুকুট বা টুপী পরিয়াছে যে, মুকুট ধারী।

Kerf, *n. s.* Sax. করাতে চির, করাত করিলে যে ফাক হয় তাহা।

Kermes, *n. s.* **Alkermes** শব্দ দেখ, কীটবিশেষ।

Kern, *n. s.* আইরলণ্ডদেশে সেপাহী বা পদাতিবিশেষ।

Kern, *n. s.* Teut. জাঁতা, দুইখান প্রস্তরবিশিষ্ট শস্যপেষা জাঁতা বা মন্থনীবিশেষ, *Kern Baby*, শস্যদ্বারা নির্ম্মিত আকার বা মুরত, যাহা কৃষকেরা শস্য আহরণ করিয়া যাইবার সময় অগ্রে লইয়া যায়।

To **Kern**, *v. n.* পক্ব শস্যের ন্যায় দৃঢ় বা শক্ত-হ, শস্যবৎ আকার ধারণ-কৃ, শস্যাকার-হ।

Kernel, *n. s.* Sax. Teut. অষ্ঠি, কেশী, শস্য, মগজ, শাঁস, খোসার ভিতরে থাকে যাহা, ফলের বীচি, কোন বস্তুর মধ্য দেশ যাহাতে জলীয় ভাগ থাকে, বালকেরদিগের গাত্রে কণ্ডুবিশেষ।

To **Kernel**, *v. n.* শাঁস-হ, শাঁস হইয়া-পাক, পরিপক্ব-হ, বীজ-হ, আঠীর ভিতর পূর্ণ শাঁস-হ।

Kernelly, *a.* শাঁসে পরিপূর্ণ, শাঁস ভরা, শাঁসময়, শাঁসের গুণ বা তদাকৃতিবিশিষ্ট, বীজের গুণধারী বা তদ্বিশিষ্ট।

Kernelwort, *n. s.* বৃক্ষবিশেষ।

Kersey, *n. s.* Dut. মোটা বা অপরিচ্ছন্ন দ্রব্য, যৎসামান্য বা রাশি বস্তু।

To **Kerve**, *v. a.* Sax. কাট, খোদ, তক্ষণ কর্ম্ম-কৃ।

Kerver, *n. s.* তক্ষণকর্ত্তা, খোদিয়া বাহির করে যে ব্যক্তি।

Kesar, *n. s.* Lat. রাজাধিরাজ, বাদশাহ।

Kest, *To* **Cast**, ক্রিয়াপদের অতীতকালবাচক শব্দ, ফেলিল।

Kestrel, *n. s.* দ্বিজাতীয় বাজপক্ষি বিশেষ।

Ketch, *n. s.* Ital. ক্ষুদ্র অথচ ভারি জাহাজবিশেষ, দুই মাস্তুলে জাহাজ।

Kettle, *n. s.* Sax. কাতলী, কটাহ, ভরণা, জলউষ্ণকরণের পাত্র বিশেষ।

Kettledrum, *n. s.* নাগারা, টিকারা, দামামা, ধামসা, ঢক্কা, ডঙ্কা।

Kettlepins, *n. s.* ক্রীড়াবিশেষ।

Kex, *n. s.* **Kecksy** শব্দ দেখ, বিষবৃক্ষবিশেষ।

Key, *n. s.* Sax. চাবি, কুঞ্জী, কাটী, ছোড়ান, কুঞ্জিকাটী, কঠিন বিষয়ের অর্থ বা ব্যাখ্যা, টীকা, টীপ্পনী, বাদ্যযন্ত্রের অঙ্গবিশেষ, সুর বা তালবিশেষ, জাহাজহইতে দ্রব্য নামাইবার পোস্তা বিশেষ, বৃক্ষবিষয়ক শাস্ত্রে খোসা বা তুষ বুঝায়।

Keycold, *a.* নির্জীব, মরা, জীবনহীন, প্রাণহীন, ঠাণ্ডা।

Keyage, *n. s.* করবিশেষ।

Keyhole, *n. s.* চাবির ঘর বা ছিদ্র, চাবি লাগান যায় যাহাতে, চাবির বা কুলুপের ছিদ্র।

Keystone, *n. s.* খিলানের মধ্যবর্ত্তী প্রস্তরবিশেষ।

Khane, *n. s.* Tur. সাধারণ গৃহ বা বাটীবিশেষ, সাধারণ গম্যস্থান, উতরখানা।

Kibe, *n. s.* Ger. পাদস্ফোটক, গুড়মুড়ার ক্ষত, হিম কর্তৃক পাদের গোড়ারিতে পাদস্ফোট, বিপাদিকা, ক্ষতবিশেষ।

Kibed, *a.* পূর্ব্বোক্ত পীড়াতে ক্লিষ্ট বা পীড়িত।

Lastingly, *ad.* টেঁকাউরূপে, নিরন্তরে, নিত্য, সর্ব্বদা, সর্ব্বকালে, চিরস্থায়িত্বরূপে, বহুকালব্যাপিয়া।

Lastingness, *n. s.* টেঁকাও, বহুকালস্থায়িত্ব, চিরস্থায়িত্ব, নিত্যতা।

Lastly, *ad.* অন্তে, চরমকালে, শেষে, পরে, আখিরে, সমাপ্তান্তে।

Latch, *n. s.* Teut. Ital. কপাটবন্ধনী, কপাটের হুড়কা খিল বা আটক, হাতল দেওয়া যায় যদ্দ্বারা।

To **Latch**, *v. a.* ধর, বন্ধ-কৃ, আটক-কৃ, খিল বা হুড়কা-দা, মুক্ষ, লেপন-কৃ।

Latches, *n. s.* জাহাজে শর দড়িবিশেষ।

Latchet, *n. s.* Fr. যুতার ফিতা, যুতা বাঁধা দড়ি।

Late, *a.* Sax. বিলম্বী, গৌণী, অশীঘ্র, দীর্ঘসূত্রী, গড়িমসি বা গৌণকারী, দীর্ঘকালব্যাপক, বহুকাল বা বিলম্বে গত, কোন কর্ম্মে পদে বা অবস্থাহইতে গত বা বহির্ভূত হইয়াছে যে, দিনে কিম্বা রাত্রির শেষে বা গৌণকরিয়া আগত, মৃত, অতীত, গত।

Late, *ad.* দেরিতে, অনেক গৌণে, বিলম্বে দেরী করিয়া, অনেক গড্ডলিকার পর, বহুকালের পর, চিরকালে, গৌণে, অসময়ে, অকালে, কাল কাটাইয়া, কাল গেলে, কালের শেষে, সম্প্রতি, বহুকাল নহে, অল্প দিন হইল, রাত্রি বা দিন কাটাইয়া, শেষ বেলায় বা রাত্রে।

To **Late**, *v. a.* অনুসন্ধান-কৃ, তত্ত্ব-কৃ, তল্লাস-কৃ, খোঁজ।

Lated, *a.* বিলম্ব হইয়াছে যাহার, রাত্রি হইয়াছে যাহার, যাইতেং বা করিতেং রাত্রি হইল যাহার, অন্তকালে পতিত।

Lately, *ad.* অনেক কাল নহে, কিছু দিন হইল, অল্প দিন হইল, সম্প্রতি।

Latency, *n. s.* Lat. অব্যক্তত্ব, লুক্কায়িতত্ব, অন্ধকার, গোপন, অস্পষ্টত্ব, প্রচ্ছন্নতা, গুপ্তভাব।

Lateness, *n. s.* বিলম্ব, গৌণ, দেরি, ইদানীং, নব্যকাল।

Latent, *a.* Lat. লুক্কায়িত, গুপ্ত, ছাপা, অপ্রকাশিত, অব্যক্ত, অপ্রচ্ছন্ন।

Lateral, *a.* Lat. পার্শ্বে জড়াইয়াছে যে, পার্শ্বস্থ, পার্শ্বেস্থিত, পার্শ্ববর্ত্তী, পার্শ্বসম্বন্ধীয়, অনুপার্শ্বস্থ।

Laterality, *n. s.* স্পষ্টরূপে পৃথক্ বা জুদা পার্শ্ব আছে যাহার তদবস্থা বা ভাব, পার্শ্বস্থত্ব, পার্শ্ববর্ত্তন।

Laterally, *ad.* পার্শ্ব দিয়া, একদিগ দিয়া, পার্শ্বেং, পার্শ্ব দিগে বা ভাগে।

Latered, *part. a.* Sax. বিলম্বকৃত, গৌণ বা গড্ডলিকা হইয়াছে যাহাতে বা যাহার।

Lateward, *a.* Sax. পশ্চাতে, পিছে, পশ্চাৎদিগে।

Lateward, *ad.* কিঞ্চিৎ বিলম্বে, অল্প গৌণে বা দেরিতে।

Lath, *n. s.* Sax. বরোগা, আড়া বাখারি, চামড়ার টানা বা পাটা বিশেষ।

Digitized by Google

To Lath, *v. a.* Fr. বরোগা দিয়া-ছাও, বরগা-লাগা বা-বসা, বাতা বা বাখারি-দা বা লাগা।

Lath, *n. s.* Sax. জেলা বা দেশের একাংশ বা ভাগ, কাষ্ঠের বাতা, ঘর ছাওয়া বাখারি বা কাষ্ঠবিশেষ।

Lathe, *n. s.* কুঁদ, ভুমি, কুঁদেরযন্ত্র, গোলা।

To Lather, *v. n.* Sax. ফেণা-পড়, গাঁজলা-ধর-হ্ বা-উঠ।

To Lather, *v. a.* গাঁজলা বা ফেণায় আবৃত-কৃ, সাবানের জলাবৃত -কৃ, সাবানের ফেণাময়-কৃ।

Lather, *n. s.* সাবানের জল, সাবান মাখিলে বা ঘর্ষিলে যে ফেণা বা গাঁজলা উঠে, সাবান জলের ফেণা।

Lathy, *a.* সাবানের জলের গাঁজলা বা ফেণার ন্যায় পাতলা বা নরম।

Latin, *a.* প্রাচীন রুমীয় ভাষায় লিখিত বা কথিত।

Latin, *n. s.* লাতিননামক ভাষা, পাঠশালায় ইংরাজী লাতিন ভাষায় তর্জমাকরণ, শিক্ষাকরণ।

Latinism, *n. s.* পূর্ব্বোক্ত ভাষা লিখন, তদ্ভাষার রীতি বা ভাব, লাতিন ভাষায় পদ্য, লাতিন ইবারৎ।

Latinist, *n. s.* লাতিন ভাষায় পণ্ডিত বা বিজ্ঞ, লাতিন ভাষাবিৎ।

Latinity, *n. s.* লাতিন ভাষার উত্তমতা বা শুদ্ধতা, লাতিন ভাষা বা বাক্য।

To Latinize, *v. n.* লাতিন ভাষাহইতে আনীত বা গৃহীত শব্দ বা বাক্য-লিখ বা ব্যবহার-হ্ বা-কৃ, লাতিন ভাষা পদ্যরূপে-লিখ।

To Latinize, *v. a.* লাতিন ভাষাহইতে গৃহীত শব্দ বা বাক্য ব্যবহার-কৃ, লাতিন-কৃ, নামের অন্তে লাতিন প্রয়োগ-কৃ।

Latinly, *ad.* লাতিন ভাষায় বুঝন বা লিখনপূর্ব্বক।

Latish, *a.* কিঞ্চিৎ বিলম্ব বা দেরি, কিছু গৌণ।

Latirostrous, *a.* Lat. চৌড়া বা বৃহদ্ ঠোঁট বা ওষ্ঠবিশিষ্ট।

Latitancy, *n. s.* Lat. লুকান, লুকাইয়া বা ছাপাইয়া থাকন, গোপন, গুপ্ততা, অপ্রকাশত্ব, গুপ্তভাব বা অবস্থা।

Latitant, *a.* গুপ্ত, অপ্রকাশ, লুক্কায়িত, ঢাকা, ছাপান।

Latitat, *n. s.* Lat. কিংশবেঞ্চনামক আদালতের পরবানা বিশেষ।

Latitation, *n. s.* গুপ্তত্ব, লুক্কায়িতত্ব, লুক্কায়িতাবস্থা বা ভাব, লুকাইয়া থাকন।

Latitude, *n. s.* Lat. প্রশস্ততা, চৌড়াই, প্রশস্ত স্থান, আয়তন, পরিমাণ, ব্যাপ্তি, পৃথ্বী বা সর্গের পরিমাপকসংজ্ঞাবিশেষ, নাভিমণ্ডল বা পৃথ্বীর মধ্যে ঋজু রেখা অথবা সমসূত্র হইতে কোন কেন্দ্রপর্য্যন্ত বা তদ্দিগের পরিমাণ বা দূর, অক্ষাংশ, অপরিমিতাচার, স্বাতন্ত্র্য, স্বাধীনত্ব, নিশ্চিত নিয়মহইতে বিস্তার বহির্ভূত বা বৈলক্ষণ্য ভাব।

Latitudinarian, *a.* অসীমক, অনিশ্চিত, অনিয়মিত, স্বতন্ত্র, বদ্ধ নহে যে, খোলাসা, বাধকতারহিত, স্বেচ্ছাচারী, যদৃচ্ছাকৃত, ধর্ম্মবিষয়ে নিশ্চিত মতে বদ্ধ নহে যে, তন্মতহইতে বহির্ভূত বা তন্মতে চলে না যে, বামাচারী।

Latitudinarian, *n. s.* চলিত ধর্ম্ম মানে না যে বা তদ্বহির্ভূত যে ব্যক্তি, এক প্রকার বামাচারী।

Latitudinarianism, *n. s.* পূর্ব্বোক্ত ব্যক্তির অবস্থা ভাব বা মত।

Latrant, *a.* Lat. কুক্কুরের ন্যায় শব্দকারী, কুক্কুরের ন্যায় গর্জ্জায় বা ঘোঙরায় যে।

To Latrate, *v. n.* Lat. কুক্কুরের ন্যায়-ডাক, কুক্কুর-ডাক, কুক্কুরের মত শব্দ-কৃ-গর্জ্জ বা-ঘোঙর।

Latration, *n. s.* কুক্কুরের শব্দ বা ধ্বনি, কুক্কুরডাক ডাকন।

Latria, *n. s.* Fr. উত্তমপূজা বা অর্চ্চনা, প্রধানপূজা।

Latrociny, *n. s.* Lat. চৌর্য্য, চুরি, ডাকাইতি, অপহ্নব, ছিঁচকে চুরি।

Latten, *n. s.* Dut. তাম্র মিশ্রিত ধাতুবিশেষ, একপ্রকার পিতল।

Latter, *a.* পরে ঘটিয়াছে বা হইয়াছে যে, নব্য, ইদানীন্তন, অল্পকাল করা গিয়াছে বা হইয়াছে যাহা, দুয়ের মধ্যে শেষে কথিত বা উক্ত, দুয়ের শেষ, অন্তিমতর।

Latterly, *ad.* ইদানী, সংপ্রতি, অল্পদিন হইল, ইহার পূর্ব্বে গত, শেষে, অন্তিমতরে, শেষকালে, শেষাবস্থায়।

Lattermath, *n. s.* শেষে কাটা বা ছাটা গিয়াছে যাহা, একবার কাটিবার পর পুনরায় কাটা বা ছাটা বস্তু।

Lattice, *n. s.* Fr. জালির ঝরুকা, চিক, জাল, ঝাঁজরি।

To Lattice, *v. a.* ছেদ-কৃ, ভেদ-কৃ, আড়াআড়ি চিকের ন্যায় নির্ম্মাণ-কৃ, জালি-কৃ।

Lava, *n. s.* Ital. জ্বলনশীল বা আগ্নেয় পর্ব্বতহইতে নির্গত জলবৎ দ্রব্যবিশেষ, জ্বলনীয়পর্ব্বতহইতে যে দ্রববস্তু নির্গত হয়, জ্বলন কালে নিক্ষিপ্ত বস্তু।

Lavation, *n. s.* Lat. ধৌতকরণ, প্রক্ষালন, ধোওন।

Lavatory, *n. s.* Lat. ধৌত জল বা দ্রব্য, পীড়িতাঙ্গ বা দেশ ধৌতকারী ঔষধীয় জল, অসুস্থাঙ্গ বা প্রদেশ ধৌতার্থে ঔষধীয় জল, প্রক্ষালনকরণীয় স্থান।

Laud, *n. s.* Lat. প্রশংসা, স্তব, স্তুতি, সম্মান, পূজা, পাঠ, বন্দনা।

To Laud, *v. a.* Lat. স্তব-কৃ, স্তুতি-কৃ, পূজা-কৃ, বন্দনা প্রশংসা সুখ্যাতি বা অনুরাগ-কৃ।

Laudability, *n. s.* প্রশংসনীয়ত্ব, স্তবোপযুক্ততা, অনুরাগার্হত্ব।

Laudable, *a.* প্রশংস্য, স্তোতব্য, বন্দনীয়, অনুরাগার্হ, প্রশংসনীয়, তারিফের যোগ্য, শরীরের উপকারক, আরোগ্যদ, স্বাস্থ্যদ, স্বাস্থ্য।

Laudableness, *n. s.* প্রশংসনীয়ত্ব, অনুরাগার্হত্ব।

Laudably, *ad.* প্রশংসাপূর্ব্বক, অনুরাগপূর্ব্বক, স্তব করিয়া, স্তব রূপে, প্রশংসারূপে, প্রশংসনীয়ত্বরূপে, প্রশংসাকরিয়া বা তৎপূর্ব্বক।

Laudanum, *n. s.* Lat. আফীণের আরক, নিদ্রাপ্রযোজক বা মাদক ঔষধবিশেষ।

Laudative, *n. s.* Lat. প্রশংসা, স্তব, কীর্ত্তি বর্ণন, বন্দনা।

Laudatory, *a.* প্রশংসাজনক, স্তব বা প্রশংসাবিশিষ্ট, প্রশংসা সম্বন্ধীয়, প্রশংসাদ, স্তবকারী, স্তবযোগ্য।

Laudatory, *n. s.* প্রশংসা, স্তব।

Lauder, *n. s.* প্রশংসাকর্ত্তা, স্তাবক, বন্দী।

To Lave, *v. a.* Lat. ধৌত-কৃ, প্রক্ষালন-কৃ, স্নান-কৃ, গোসল-কৃ, উঠাইয়া-ফেল, টানিয়া নির্গত-কৃ, নির্গত-কৃ, বাহির-কৃ।

To Lave, *v. n.* স্নান-কৃ, আপ্লুত-হ্, অবগাহন-কৃ।

To Laveer, *v. n.* Dut. বেঁকিয়া-চল, ঘুরিয়াফিরিয়া-চল, রাস্তায় ইদিক উদিক-কৃ, গমনকালে পথের পরিবর্ত্তন-হ্, গতি বদল-হ্।

Lavender, *n. s.* Lat. সুগন্ধি বৃক্ষবিশেষ।

Laver, *n. s.* Fr. ধৌত করিবার পাত্র, স্নান বা প্রক্ষালনপাত্র, ধোয় যে পাত্রে বা যদ্দ্বারা।

Laverock, *n. s.* Sax. ভরত পক্ষিবিশেষ, Lark শব্দ দেখ।

To Laugh, *v. n.* Sax. Ger. হাস্য-কৃ, হাস, হাসিয়া-উঠ, কাব্য শাস্ত্রে সুশ্রী হৃষ্ট উত্তম অনুকূল সুশ্রী পরিপাটী বা উর্ব্বরা ন্যায় প্রকাশ বা দৃষ্ট-হ্ বুঝায়।

To Laugh, *v. a.* উপহাস-কৃ, হাস্য-কৃ, পরিহাস-কৃ, ব্যঙ্গ-কৃ, ঠাট্টা -কৃ, উপেক্ষা-কৃ, তামাসা-কৃ।

To Laugh at, তুচ্ছ-কৃ, ঘৃণা-কৃ।

Digitized by Google

Laugh, *n. s.* হাস, হাস্য, হাসি।

Laugh-worthy, *a.* হাসিবার যোগ্য, উপহাস্য, ব্যঙ্গোপযুক্ত।

Laugh and lay down, *n. s.* তাস খেলাবিশেষ।

Laughable, *a.* হাসায় যাহাতে, হাসিবার বিষয় যে, হাস্যযোগ্য, উপহাস্য, পরিহাসযোগ্য, পরিহাস্য, উপহসনীয়, হাস্যোৎপাদক, হাসি হয় বা আইসে যাহাতে।

Laugher, *n. s.* হাসকর্ত্তা, হাসকারক, হাস্যকারক, হাসে যে, উপহাসক, পরিহাসক।

Laughingly, *ad.* হাস্যপূর্ব্বক, হাস্য করিতে২, হাসিয়া, উপহাস বা পরিহাসপূর্ব্বক।

Laughingstock, *n. s.* হাসিবার বিষয়, উপহাসের যোগ্য বা বিষয়, হাস্যের বিষয় বা পাত্র।

Laughter, *n. s.* হাস্য, হাসি, পরিহাস।

Lavish, *a.* খরচে, উড়নচড়ে, অপরিমিতব্যয়ী, অপব্যয়ী, উড়ানিয়া, নষ্ট বা ক্ষয় করে যে, ছড়াছড়ি এলুয়ামেলুয়া, অস্থিরীকৃত, অনিয়মিত।

To **Lavish**, *v. a.* ছড়াছড়ি-কৃ, ছড়িয়া-দা, নষ্ট-কৃ, ক্ষয়-কৃ, নাশ-কৃ, নিরর্থক বা অপরিমিত ব্যয়-কৃ, অপব্যয়-কৃ, উড়াইয়া-দা।

Lavisher, *n. s.* অপরিমিতব্যয়ী, সাধ্যরচে বিস্তর বা অধিক খরচ করে যে ব্যক্তি, অপব্যয়ী, অপরিমিতাচারী, এলুয়া লোক।

Lavishly, *ad.* অপব্যয়পূর্ব্বক, অপরিমিত ব্যয়পূর্ব্বক, উড়ান চড়িয়ারমতে, উড়ান বা নষ্ট বা ক্ষয়করণপূর্ব্বক, অপরিমিতাচারে, অনেক করিয়া, বিস্তর করিয়া।

Lavishment বা **Lavishness**, *n. s.* অপরিমিতাচার, অপরিমিত ব্যয়, অপর্য্যাপ্ততা, অধিক ব্যয় বা নষ্টকরণ, অপব্যয়, ছড়াছড়িকরণ।

Launce, Lance শব্দ দেখ।

To **Launch**, *v. n.* জলে জাহাজ-ভাস বা -ওল, জলে-নাম, ফির, ভ্রমণ-কৃ, ভাসিয়া-ফির, ঘুরিয়াফিরিয়া-গম, প্রবৃত্ত-হ, পত, ঝাঁপ-দা, ভাসিয়া-যা।

To **Launch**, *v. a.* সমুদ্রে ঠেলিয়া-ফেল, সমুদ্রে বা জলে-ভাসা-ওলা বা-নামা, ভূমিহইতে বেগে-চালা, হস্তহইতে নিক্ষেপ-কৃ।

Launch, *n. s.* জাহাজ ভাসান, জাহাজ গুদিহইতে বাহিরকরণ বা জলে নামান, এক প্রকার নৌকা, জাহাজি ডিঙ্গী।

Laund, *n. s.* Fr. বনের মধ্যে মাট ময়দান বা অকৃষ্ট ভূমি।

Launder, *n. s.* Fr. কাপড় কাচা কর্ম্ম বা ব্যবসায় যে স্ত্রীর, কাপড় কাচে বা ধৌত করে যে স্ত্রী, রজকী, ধোপানী।

To **Launder**, *v. a.* কাচ, ধৌত-কৃ, সাফ-কৃ, পরিষ্কার-কৃ, ভিজা, চুবা, বুড়া।

Launderer, *n. s.* রজক, ধোপা, কাপড় ধোয় বা কাচে যে ব্যক্তি।

Laundress, *n. s.* রজকী, ধোপানী, কাপড় কাচে যে স্ত্রী।

Laundry, *n. s.* কাপড় কাচিবার বা পরিষ্কার করিবার ঘর, ধোপার শালা বা ঘর, ধোলাইর ঘর, কাপড় ধোপকরণ, ধোওন, ধৌতকরণ, কাচন, ধৌতাবস্থা।

Lavolta, *n. s.* Ital. প্রাচীন নৃত্যবিশেষ।

To **Laureate**, *v. a.* Lat. *Laurel* নামক পুষ্পে আবৃত বা ভূষিত-কৃ।

Laureate, *a.* পূর্ব্বোক্ত পুষ্পের মালাদ্বারা শোভিত সজ্জিত বা ভূষিত, লারেলবৃক্ষের পত্রদ্বারা ভূষিত।

Laureate, *n. s.* পূর্ব্বোক্ত পুষ্পেশোভিত বা পরিহিত ব্যক্তি, চতুর্থ এডুয়ার্ড রাজার কালে রাজকবির নাম, রাজার কাব্যবক্তা, রাজ বন্দী।

Laureation, *n. s.* স্কটলণ্ড দেশের বিদ্যার পারিতোষিক বা ছাত্রের পদ বিশেষ দেওন বা তদ্ভাব, যাহাতে ঐ ছাত্রেরা মালা হার পায়।

Laurel, *n. s.* Lat. বৃক্ষবিশেষ, ইহাকে *cherry bay* কহে।

Laurelled, *a.* লারেলবৃক্ষ পত্রের মুকুটবিশিষ্ট বা তদ্বৃক্ষের পত্র বিশিষ্ট মালাপরিহিত।

Laurustine বা **Laurustinus**, *n. s.* Lat. লতা বৃক্ষবিশেষ।

Law, *n. s.* Sax. Fr. স্মৃতি শাস্ত্র, ব্যবস্থা, বিধি, ন্যায়, রীতি, নিয়ম, বিধান, হুকুম, আইন, কায়দা, আজ্ঞা, আদেশ, রাজাজ্ঞা, আদালতের নিষ্পত্ত্যনন্তর বিবেচনা পুরস্কার বা দণ্ডবিশেষ, আদালতের মত, শাস্ত্র বা বিধি সম্মত কোন বস্তু বা বিষয়, দর্শন বা শিল্প শাস্ত্রের মত বিধি ভাব বা ধর্ম্ম, ব্যবহার বা আচার শাস্ত্রাভ্যাস, শাস্ত্রাধ্যয়ন, ধর্ম্মশাস্ত্রে বিচারকরণের রীতিবিশেষ, যথা *Martial Law, Ecclesiastical Law* ইত্যাদি।

Lawbreaker, *n. s.* Sax. শাস্ত্রলঙ্ঘনকর্ত্তা, শাস্ত্রামানক।

Lawday, *n. s.* আদালতের দিন, আদালতবিশেষ।

Lawful, *a.* ব্যবস্থানুযায়ী, ন্যায্য, বৈধ, ধর্ম্মশাস্ত্রসিদ্ধ, যথার্থ, প্রকৃত, শুদ্ধ, শাস্ত্রসম্মত, শাস্ত্রীয়।

Lawfully, *ad.* ব্যবস্থাপূর্ব্বক, ন্যায্যরূপে, শাস্ত্রানুসারে, বিধিপূর্ব্বক।

Lawfulness, *n. s.* ব্যবহার বা শাস্ত্রানুযায়িত্ব, নিয়ম ধারা বা আইনসম্মতত্ব, শাস্ত্রসিদ্ধত্ব, শাস্ত্রসম্মতত্ব, ব্যবস্থানুযায়িত্ব, ন্যায়, যাথার্থ্য।

Lawgiver, *n. s.* ব্যবস্থাকারক, ব্যবস্থাকর্ত্তা, শাস্ত্রকর্ত্তা, শাস্ত্র নিয়ম ধারা বা আইন করে যে ব্যক্তি, বিধিদাতা, বিধিদায়ক।

Lawgiving, *a.* ব্যবস্থা নিয়ম ধারা বা আইনকারী।

Lawless, *a.* অশাস্ত্র, বিধি বা শাস্ত্রবিরুদ্ধ, অব্যবস্থিত, বেআইন, অবৈধ, নিয়ম ধারা বা আইনের দ্বারা বদ্ধ বা অধীন নহে যাহা বা যে, নিয়ম ধারা বা আইনের বিপরীত।

Lawlessly, *ad.* অশাস্ত্রপূর্ব্বক, অশাস্ত্রীয়ত্বরূপে, অব্যবস্থাপূর্ব্বক, নিয়ম ধারা বা আইনের অন্যথারূপে।

Lawlessness, *n. s.* ব্যবস্থাহীনত্ব, গোলমাল, নিয়মরাহিত্য, শাস্ত্র নিয়ম ধারা বা আইন অতিক্রমণ, শাস্ত্র বা বিধির বৈপরীত্য বা বিপরীতাচরণ।

Lawmaker, *n. s.* ব্যবস্থাদাতা, ব্যবস্থাকর্ত্তা, আইনকর্ত্তা, নিয়ম ধারা বা আইন করে যে ব্যক্তি, শাস্ত্রকর্ত্তা বা রচক।

Lawmonger, *n. s.* ব্যঙ্গ বা তুচ্ছার্থে অল্পজ্ঞানি শাস্ত্র ব্যবসায়িকে বুঝায়, শাস্ত্র বিক্রয় করিয়া বেড়ায় যে।

Lawn, *n. s.* Fr. Dan. Wel. বনের মধ্যে ভূমি বা আচলা মাঠ, অনআবাদি জমি, পতিত ভূমি, বনের মধ্যস্থ পরিষ্কারস্থান বা প্রান্তর, শর বস্ত্রবিশেষ, Laund শব্দ দেখ।

Lawn, *a.* পূর্ব্বোক্ত বস্ত্রে নির্ম্মিত বা তত্তুল্য।

Lawny, *a.* Lawns সংজ্ঞক ভূমিবিশিষ্ট, এতন্নামক বস্ত্রে নির্ম্মিত।

Lawsuit, *n. s.* আদালতের মোকদ্দমা, অভিযোগ, মোকদ্দমা, নালিশ, ফরিআদ।

Lawyer, *n. s.* ধর্ম্মশাস্ত্র নিয়ম ধারা বা আইন জানে যে ব্যক্তি, স্মার্ত্ত, স্মৃতিশাস্ত্রব্যবসায়ী, আদালতের উকীল বা প্রতিনিধি, অন্যের প্রতিনিধি হইয়া আদালতে বাদানুবাদ করে যে ব্যক্তি।

Lawyerly, *a.* বিচার বা আদালতসম্পর্কীয় বা তৎসম্বন্ধীয়।

Lax, *a.* Lat. এলো, আল্‌গা, ঢিলা, অবদ্ধ, ফস্কা, অশক্ত, ভিন্ন, পৃথক্, জুদা, অসংলগ্ন, অঘন, উদররোগা, পীড়িত।

Lax, *n. s.* অতিসার, গ্রহণী, উদরাময়, ভেদ, পেটের পীড়া, আমাশয়, মৎস্যবিশেষ, এতদ্ভিন্ন Laske শব্দ দেখ।

Laxation, *n. s.* Lat. আল্‌গামি, লোল, ঢিল, ঢিলার ভাব।

Digitized by Google

Laxative, *a.* Fr. আল্‌গা বা ঢিল দেওনক্ষমতা আছে যাহার, রেচক, ভেদক, মলবদ্ধ দূরকরণক্ষম, কটুতানিবারক, মৃদু বিরেচক, অল্পভেদক।

Laxative, *n. s.* অল্পভেদক ঔষধ, সামান্য জোলাব বা রেচক ঔষধি।

Laxativeness, *n. s.* মলবদ্ধ নিবারণক্ষমতা, রেচক বা ভেদক শক্তি।

Laxity, *n. s.* Lat. শৈথিল্য, অশ্লথ্যি, লোল, আল্‌গামি, ঢিলাম, পাতলা, ভেদ, উদরাময়, উদরভঙ্গ, পেটচলন, অকটুত্ব, মলবদ্ধাভাব, উদর খোলাসা, প্রশস্ততা।

Laxly, *ad.* লোল ঢিল বা আল্‌গামিরূপে, অনিশ্চিতত্বরূপে, বিনা ঠিক বা প্রভেদপূর্ব্বক।

Laxness, *n. s.* Laxity শব্দের অর্থ জানিবে।

Lay, *To* Lie ক্রিয়াপদের অতীত কালবাচক।

To **Lay**, *v. a.* Sax. রাখ, থোও, জমা-কৃ, পাড়, বিছা, বিস্তৃত-কৃ, ন্যস্ত-কৃ, রাখিয়া-দা, থামা, স্থির-কৃ, উঠিতে না-দা, পোঁত, গাড়, মৃত্তিকার্পণ-কৃ, গোর-দা, লুকাইয়া-রাখ বা-থাক, উপরে বিস্তার-কৃ, রং-কৃ, রং-মাখা, রং-দা, চিত্র-কৃ, স্থির ভাবে-রাখ, শান্ত-কৃ, ঠাণ্ডা-কৃ, স্থির করিয়া-রাখ, মেজের উপর-রাখ, মেজ-পাড়, মেজে-সাজা, বৃক্ষরোপণ-কৃ, ডাল-পোঁত, বাজী-রাখ, হুড়-রাখ বা-ফেল, তিম্ব-পাড়, মার, আঘাত-কৃ, ছোঁও, স্পর্শ-কৃ, সংযোগ-কৃ, লাগালাগি-কৃ, প্রকাশ-কৃ, ব্যক্ত-কৃ, দর্শা, চেষ্টা-কৃ, ফিকির-কৃ, কর নির্দেশ-কৃ, আরোপণ-কৃ, দোষ-দা, দোষার্পণ-কৃ, মন্দ-কৃ, দণ্ড-কৃ, আদেশ-কৃ, আজ্ঞা-কৃ, হুকুম-কৃ, ফেলিয়া-দা, ছুড়িয়া-ফেল, দৃষ্টান্ত-দা, তুলনা-কৃ বা-দা।

To **Lay** *ahold*, কিনারাহইতে তফাৎ করিয়া জাহাজ-চালা, কিনারা ছাড়িয়া জাহাজ-রাখ, জাহাজ বাহির-কৃ।

To **Lay** *apart*, ত্যাগ-কৃ, ফেলিয়া-দা।

To **Lay** *aside*, ত্যাগ-কৃ, অগ্রহণ-কৃ, না-রাখা, তফাৎ-কৃ, পরিহার-কৃ, ছাড়।

To **Lay** *away*, ত্যাগ-কৃ, জুদা-কৃ।

To **Lay** *before*, দর্শা, দেখা, প্রকাশ-কৃ, ব্যক্ত-কৃ, নিবেদন-কৃ।

To **Lay** *by*, সঞ্চয় করিয়া-রাখ, ভাবি কাল বা ব্যবহার নিমিত্তে-রাখ, জুদা-কৃ, ত্যাগ-কৃ, ছাড়াইয়া-দা, দূর-কৃ।

To **Lay** *down*, গচ্ছিত বা বন্ধক-রাখ, ত্যাগ-কৃ, ছাড়, স্থিরকরিয়া-রাখ বা থাক, নিশ্চিন্ত-কৃ, প্রশ্ন-কৃ, প্রসঙ্গ-কৃ।

To **Lay** *for*, প্রতারণা-কৃ, প্রতারণাদ্বারা-কৃ বা-দা, আক্রমণ-কৃ।

To **Lay** *forth*, প্রকাশ-কৃ, ব্যাখ্যা-কৃ, মৃত শরীর উচিতমতে-রাখ, ঢাকিয়া-রাখ, *To* **Lay** *out*, শব্দ দেখ।

To **Lay** *hold of*, ধর।

To **Lay** *in*, সঞ্চয়-কৃ, জমা-কৃ।

To **Lay** *on*, জোর-কৃ, মার, প্রহার-কৃ।

To **Lay** *open*, দেখা, দর্শা, চক্ষুর্গোচর-কৃ।

To **Lay** *over*, আবৃত-কৃ, আবরণ-কৃ, মোড়, ঢাক, বাহ্যে মণ্ডিত বা শোভিত-কৃ, রাখিয়া-দা।

To **Lay** *out*, ব্যয়-কৃ, খরচ-কৃ, প্রকাশ-কৃ, বাহির-কৃ, শ্রেণীক্রমে-রাখ, নকসা-কৃ, রীতিপূর্ব্বক প্রস্তুত-কৃ, চেষ্টা-কৃ, অগ্রসর-কৃ, মৃত ব্যক্তির হস্ত পাদাদি একত্র-কৃ।

To **Lay** *to*, অর্পণ-কৃ, সংলগ্ন-কৃ, সংযোগ-কৃ, ক্লেশ-দা, ব্যতিব্যস্ত-কৃ, আক্রমণ-কৃ।

To **Lay** *together*, সঞ্চয়-কৃ, সংগ্রহ-কৃ, জমা-কৃ, একত্র-কৃ।

To **Lay** *under*, অধীন-কৃ, তাবে-কৃ, বশীভূত-কৃ।

To **Lay** *up*, শয্যাগত-কৃ, পীড়িত হইয়া পড়িয়া-থাক, কুঠরীতে বা শয্যাতে বদ্ধ বা আটক-কৃ, সঞ্চয়-কৃ, জমা-কৃ, সংগ্রহ-কৃ।

To **Lay**, *v. n.* ডিম্ব প্রসব-হ, ডিম্ব-পাড়, চেষ্টা-কৃ, চেষ্টিত-হ, ফিকির-কৃ।

To **Lay** *about*, বিস্তৃত-হ, ছড়াইয়া-পত, অত্যন্ত চেষ্টা সমর্থ বা বল প্রকাশ-কৃ বা তদ্যুক্ত কর্ম্ম-কৃ।

To **Lay** *at*, লাগ, লাগনশীল-হ।

To **Lay** *in for*, অন্নষ্ট আহ্বান বা আবাহনদ্বারা দিশা প্রকাশ-কৃ, প্ররোচনা-কৃ, প্রসঙ্গ-কৃ।

To **Lay** *on*, মার, লাগ, অনবরত আঘাত বা শব্দ-হ।

To **Lay** *out*, চেষ্টা-কৃ, তদবীর-কৃ।

Lay, *n. s.* শ্রেণী, সারি, পংক্তি, গইড়, থাক, পাঁতি, পর্ত্তা, লেপ, আবর্ত্তন, তবক, ঢাকন, ছাল বা উপর্য্যংশ পদ বা অবস্থা, কোটি, বাজি।

Lay, *n. s.* Sax. তৃণময় ভূমি বা মাঠ, যেসোজমী, অকৃষ্ট ভূমি, গোচারণ ভূমি।

Lay, *n. s.* Fr. Sax. কবিতাবিশেষ, শ্লোক, গীত, গান।

Lay, *a.* Lat. পাদরি বা আচার্য্যসম্বন্ধীয় নহে যাহা, যাজক ছাড়া বা তদ্ভিন্ন, যাজক ছাড়া সামান্য লোক বুঝায়।

Layer, *n. s.* পর্ত্তা, থাক, তবক, তলা, সার, শ্রেণী, পাঁতি, পংক্তি, বিছানা বা অন্য কোন দ্রব্যের উপর স্থিত দ্রব্য, ক্ষুদ্র বৃক্ষের ডাল, ফিকড়ি, চারা, কুঁড়ী, ডিম প্রসব করে যে মুর্গী।

Layer *Out*, *n. s.* টাকা খরচ করে বা যোগায় যে, খরচবরদার, খানসামাবিশেষ।

Layer *Up*, *n. s.* সঞ্চয়কর্ত্তা, ভাবিব্যবহারার্থে জমা করে বা রাখে যে ব্যক্তি, ধনরক্ষক, খাজাঞ্চী, কোষাধ্যক্ষবিশেষ।

Lay-land, *n. s.* পতিতভূমি, চাস হয় নাই যাহাতে, অকৃষ্ট বা অনাবাদি জমী।

Layman, *n. s.* যাজকভিন্ন সামান্য লোক, পাদরিভিন্ন অন্য লোক, চিত্রকরের ব্যবহৃত মূর্ত্তি বা ছবিবিশেষ, যাহা দেখিয়া ঠাম ভঙ্গিইত্যাদি স্থির করে বা লেখে।

Laystall, *n. s.* Sax. গোবরের রাশি বা কাঁড়ী।

Lazar, *n. s.* কুষ্ঠ রোগী, কুঠিয়া, মহাব্যাধিগ্রস্ত, ভিক্ষারিবিশেষ।

Lazar-house বা **Lazaret** বা **Lazaretto**, *n. s.* Fr. Ital. পূর্ব্বোক্ত রোগির আলয় বা আশ্রয় স্থান, চিকিৎসাগার, কুষ্ঠালয়।

Lazarlike বা **Lazarly**, *a.* ক্ষত বা কুষ্ঠময়, ক্ষতে পরিপূর্ণ।

Lazarwort, *n. s.* বৃক্ষবিশেষ।

To **Laze**, *v. n.* নিষ্কর্ম্মে-থাক, বিনা কোন কর্ম্মে কাল নির্ব্বাহ-কৃ, নিষ্কর্ম্ম-হ, অলস-হ, ঝিম।

To **Laze**, *v. a.* আলস্য বা কুড়েমিতে হ্রাস ক্ষয় বা নাশ-কৃ, অলস বা নিদ্রাকর্ত্তৃক জড়-কৃ।

Lazily, *ad.* গাফীলী বা আলস্য করিয়া, সুস্তিরূপে, আলস্যপূর্ব্বক, ঢিলামরূপে, কুড়েমোপূর্ব্বক, ধীরে২, আস্তে২।

Laziness, *n. s.* আলস্য, কুড়েমি, গাফীলী, শৈথিল্য, জড়তা, সুস্তিগিরি, ঢিলেমি, কর্ম্মে বিলম্ব বা দেরি, অমনোযোগ, দীর্ঘসূত্রিতা।

Lazuli, *n. s.* আসমানি রঙ্গের প্রস্তরবিশেষ।

Lazy, *a.* Dan. Dut. জড়, সুস্তি, ঢিলা, কুড়ে, আলসে, কর্ম্ম করিতে নাহি যাহার, বিলম্ববিশিষ্ট, অসত্বর, গাতুলস্যা, দীর্ঘসূত্রী, গৌণে বা বিলম্বে হয় যাহা।

Ld, **Lord** শব্দের সংক্ষেপ লিখন।

Lea, *n. s.* Sax. মাঠ, ময়দান, পতিতভূমি, গোচারণ ভূমি, প্রশস্ত ভূমি, বড় মাঠ।

Digitized by Google

Leach, Leech শব্দ দেখ।

Lead, *n. s.* Sax. সীসা, সীসক, এই শব্দের বহুবচনান্তে অর্থাৎ *Leads* হইলে বেড়াইবার ছাত বুঝায়, তাহার কারণ ছাতে সীসা মোড়া থাকে।

To **Lead,** *v. a.* সীসার সহিত যোগ-কৃ, সীসার মেল-দা।

To **Lead,** *v. a.* Sax. পথ প্রদর্শনপূর্ব্বক হাত ধরিয়া লইয়া-যা, পথ-দর্শী, পথ প্রদর্শন-কৃ, কোন স্থানে লইয়া-যা বা পঁহুছিয়া-দা, প্রধান বা অধ্যক্ষ হইয়া সঙ্গে লইয়া-যা, প্রথমে যাইয়া মিলাইয়া বা পরিচয় করিয়া-দা, প্রাপ্তির উপায় দেখাইয়া-দা, আকর্ষণ-কৃ, ভুলা, প্রবৃত্তি জন্মা, শিক্ষা-দা, উপদেশ-কৃ, কর্তৃত্ব-কৃ, রওয়ানা-কৃ, চালান-কৃ, নিশ্চিত মতে বা রূপে ব্যয় বা খরচ-কৃ।

To **Lead,** *v. n.* অগ্রগামী-হ, উপদেষ্টা-হ, পথপ্রদর্শক-হ, অধ্যক্ষ-হ, প্রভুত্বকারী-হ, প্রভুত্ব বা রাজত্ব-কৃ, কর্ত্তা-হ, কোন রাজ্য বা মুলুক রক্ষা বা নির্ব্বাহকারী-হ,।

To **Lead** *off,* আরম্ভ-কৃ।

Lead, *n. s.* অধ্যক্ষতা, উপদেশ বা শিক্ষা দর্শয়িতা,।

Leaden, *a.* Sax. সীসায় নির্ম্মিত, সীসাময়, ভারি, অনিচ্ছুক, কুড়্যা, আলসে, নির্গামী, গতিরহিত বা বিহীন, নির্বুদ্ধি, জড়, অজ্ঞান, অসঙ্গত, অসভ্য, ।

Leaden-hearted, *a.* কঠিন বা নির্দয় হৃদয় যাহার, মোহশূন্য, কঠিন বা জড়ান্তঃকরণবিশিষ্ট।

Leaden-heeled, *a.* বিলম্ব বা অদ্রুতগামী, আস্তে চলে বা হাঁটে যে, সুস্তি, ভারি, পা চলে না যাহার, কুড়্যার ন্যায়।

Leaden-stepping, *a.* বিলম্বে চলে যে, অদ্রুতগামী, ধীরে বা আস্তে চলে বা লড়ে যে।

Leader, *n. s.* অগ্রণ, অগ্রগামী, অগ্রণী, পথপ্রদর্শক, উপদেষ্টা, সেনাপতি, সৈন্যাধ্যক্ষ, সরদার, অধ্যক্ষ, কোন জাতি দল বা সম্প্রদায়ের প্রধান, দলপতি।

Leading, *part. a.* মূল, প্রধান, মুখ্য, অগ্রসর, জ্যেষ্ঠ।

Leading, *n. s.* প্রদর্শন, হাত ধরিয়া লইয়া যাওনবা চালান, সেনাপতির কর্ম্ম বা চালি, অধ্যক্ষতা।

Leading-strings, *n. s.* চলিতে পারে না এমত বালককে হাঁটাইবার দড়ি, বালককে দড়ি ধরিয়া হাঁটিতে শিক্ষা করান।

Leadman, *n. s.* প্রথম নর্ত্তক, প্রথমে নৃত্য করে যে, নাচের সরদার, নৃত্য করে যে ব্যক্তি।

Leadwort, *n. s.* বৃক্ষবিশেষ।

Leady, *a.* সীসার রং আছে যাহাতে বা তদ্বিশিষ্ট।

Leaf, *n. s.* Sax. পত্রিকা, পাতা, পত্র, পুস্তকের পত্র, এক পাতা, মেজের বা দ্বারের পাটী বাজু বা পাল্লা, পাতলা সূক্ষ্ম বা তলা, পাত, তবক।

To **Leaf,** *v. n.* পত্র-হ, পত্রোৎপত্তি-হ, পাতা বাহির-হ, পত্র বিশিষ্ট-হ।

Leafage, *n. s.* পত্রের রাশি ঢেরি বা কাঁড়ি, পাতা সঞ্চয়, পাতা করণ বা সংগ্রহ।

Leafed, *a.* সপত্র, পাতাওয়ালা, পত্রবিশিষ্ট, পত্র আছে যাহাতে।

Leafless, *a.* নিষ্পত্র, পত্রহীন, পাতা নাই যাহার বা যাহাতে নেড়া।

Leafy, *a.* সপত্র, পত্রময়, পত্রে পরিপূর্ণ, পাতায় ভরা।

League, *n. s.* Fr. Lat. ঐক্য, একবাক্যতা, মেল, এক পরামর্শ, সন্ধি, যোগ, মৈত্রতা, কোন বিষয়ে বা কর্ম্মে সমান স্বার্থ বা অভিপ্রায়।

To **League,** *v. n.* ঐক্য-হ, কোন নিশ্চিত নিয়ম বা করারে ঐক্য যোগ বা মেল-হ বা-কৃ, এক পরামর্শ-কৃ, একবাক্যতা-হ।

League, *n. s.* Fr. Lat. তিন মাইল অর্থাৎ সার্দ্ধ ক্রোশ পরিমাণ।

Leagued, *a.* এক পরামৃষ্ট, কোন বিষয়ে বা কর্ম্মে পরামৃশ্য, একত্রীভূত বা কৃত, মেল যোগ বা ঐক্য করিয়াছে বা হইয়াছে যাহার বা যাহাতে।

Leaguer, *n. s.* Dut. কোন কর্ম্মে বা পরামর্শে ঐক্য বা মেল করিয়াছে যে ব্যক্তি।

Leak, *n. s.* Dut. ফাঁক, ছিদ্র, ফাটা, চুয়ান, জলচুয়ান, জল চুয়ায় বা পড়ে যদ্দ্বারা তদ্দ্রব্য।

Leak, *a.* Sax. জলচুয়ান্যা, ফাক বা ছিদ্রবিশিষ্ট, ফাটা, ভাঙ্গা।

To **Leak,** *v. n.* জল-চুয়, জল-পড়, জল-উঠ, জল-কৃ, জল-মার, জল-ঝর, কোন ছিদ্র বা রন্ধ্রদ্বারা জলের গমনাগমন-হ।

To **Leak,** *v. a.* জল-ফেল, জল বাহির-কৃ, জল নির্গত-কৃ।

Leakage, *n. s.* জাহাজ বা নৌকার জলকরা বা জল পড়া অবস্থা, জল চোয়ায় যাহাতে তন্নৌকা, ঝড়তি পাড়তি, সুকতি, জলীয় দ্রব্যের সুকতি বা তাহাতে যে কমি হয় তাহা রেয়াইত বা ধরিয়া দেওন বা পাওন, পূর্ব্বোক্ত কারণে কমতি বুঝায়।

Leaky, *a.* ভগ্ন, ছিদ্র, ফাটাবিশিষ্ট, জল নির্গত হয় বা চোয়ায় যাহাতে বা যাহার, ঝাঁজরা, ছেদা, ফাটা, গপ্পা, বড়বড়্যা বকন্যা, সাদা, খোলা।

Leam, Leme শব্দ দেখ।

To **Lean,** *v. n.* Sax. Dut. গড়া, গড়াইয়া-থাক, ঠেশ-দা, ভর-দা, হেলান দিয়া-বৈস, গাত্র-পাড়া, গাত্র গড়াইয়া আরাম-কৃ, ঝুক, হেল, নিম্নভাব-হ, ঝুকাঁভাব-হ, নিম্ন-কৃ, বক্র-হ, কম্পিতকলেবর-হ, লড়াচড়া-হ, পতনশীল-হ।

To **Lean,** *v. a.* পক্ষপাত-কৃ, হেলা, ঝোঁকা, গোপন-কৃ।

Lean, *a.* Sax. ক্ষীণ, কাহিল, দুর্ব্বল, স্থূল, অপুষ্ট, অমাংসল, মাংসহীন, রোগা, ঢিকমিকা, অস্থিচর্ম্মাবশিষ্ট, কৃশ, বুভুক্ষু, ক্ষুধিত, ক্ষুদ্র, গরিব, অধনী, অপ্রধান, অস্পষ্ট, রুক্ষ, অরস, জলহীন, অগভীর।

Lean, *n. s.* মেধশূন্য মাংশপেশী।

Leanly, *ad.* ক্ষীণতাপূর্ব্বক, স্থূলতা বা পুষ্টিহীনতাপূর্ব্বক, কাহিলী রূপে।

Leanness, *n. s.* মাংসহীনত্ব, অপুষ্টত্ব, কৃশতা, ক্ষীণত্ব, কাহিলী, শীর্ণতা, অরসত্ব, রস বা জলরাহিত্য, পাতলত্ব, গরিবী, দারিদ্র, দুঃখ।

Leany, *a.* Teut. চালাক, ক্ষিপ্র, সতর্ক।

To **Leap,** *v. n.* Sax. কুদ, লাফ-মার, লম্ফঝম্ফ-মার, লম্ফ, কুদী-কৃ, লম্ফদিয়া-চল, টপ্‌ক, টপকাইয়া-চল, বেগে-চল, দৌড়, উড়, নৃত্য-কৃ, চলিয়া-যা, গম, রওয়ানা-হ।

To **Leap,** *v. a.* উল্লঙ্ঘন-কৃ, লাফ দিয়া-চড়-উঠ-ডিঙ্গা বা-গম, উৎক্রম-কৃ, ঢুষ-মার, লম্ফদিয়া চড়িয়া-বৈস বা-চড়, ঝাঁপ, পশুর শৃঙ্গার-কৃ।

Leap, *n. s.* লম্ফ, উল্লম্ফ, উৎক্রম, কুদন, উৎপ্লব, উৎফাল, লাফানি, ডিঙ্গন, লম্ফের পরিমাণ, ঝাপ, লম্ফমারণ, ধরণ, লাফিয়া ধরণ বা আক্রমণকরণ, পশুর শৃঙ্গার, ঝাঁপ, লম্ফকর্তৃক উৎপাত ক্লেশ বা ফল, শৃঙ্গবিশিষ্ট পশুর যুদ্ধ বা খেলা, ঝাঁপমারণ।

Leap, *n. s.* Sax. ঝুড়ি, আধারবিশেষ, মৎস্যের গর্ত্ত, চৌবাচ্চা।

Leap-frog, *n. s.* বালকের ক্রীড়াবিশেষ, মণ্ডুকের লম্ফানুরূপ ছেল্যাখেলাবিশেষ।

Digitized by Google

Leap-year, *n. s.* অধিবৎসর, প্রতি চতুর্থ বৎসর, ৩৬৬ দিবসে যে বৎসর পূর্ণ হয় বা যে বৎসরে ফিব্রুআরি মাস ২৯ দিনে পূর্ণ হয়।

Leaper, *n. s.* Sax. নর্ত্তক, নাচে যে, লাফালাফি করে যে, লাফ মারিয়া চলে যে।

Leapingly, *ad.* লাফ দিয়া, ডিঙ্গাইয়া।

Lear, Lere শব্দ দেখ।

***To* Learn,** *v. a.* Sax. অভ্যাস-কৃ, শিক্ষা-কৃ, জ্ঞান বিদ্যা বা কোন সংস্কার উপার্জন-কৃ, শিক্ষা-করা, জ্ঞা, জ্ঞাপন-কৃ, উপদেশ-কৃ।

***To* Learn,** *v. n.* আদর্শ-হ, অনুরূপ-হ।

Learned, *a.* শিক্ষিত, বিজ্ঞ, প্রজ্ঞ, কৃতী, ব্যুৎপন্ন, বিদ্যাবান্, ধীমান্, জ্ঞানবান্, পণ্ডিত, সংস্কারবান্, অধ্যাপক, মনীষী, বিচক্ষণ, বিশারদ, শাস্ত্রবিৎ, শাস্ত্রীয় জ্ঞানবিশিষ্ট।

Learnedly, *ad.* পাণ্ডিত্যরূপে, সংস্কারপূর্ব্বক।

Learner, *n. s.* শিক্ষা করে যে, অভ্যাসকর্ত্তা, শিক্ষানবীস, বিদ্যাভ্যাসকর্ত্তা।

Learning, *n. s.* পাণ্ডিত্য, গুণ, বিদ্যা, বিজ্ঞান, শাস্ত্রজ্ঞান, ভাষায় সংস্কার, অধ্যাপকত্ব, কৃতিত্ব, উপাধ্যায়তা, ব্যুৎপত্তি, সংস্কার।

Leasable, *a.* নিরূপিত কালের নিমিত্তে কটকিনা বা ভাড়া দেও নোপযুক্ত, মেয়াদী কেরায়ার যোগ্য বা তদুপযুক্ত।

Lease, *n. s.* Fr. পাট্টা, একরার, নিরূপিত কালের নিমিত্তে বা বেতনে ভূমি বা বাটীর ইজারা খাজানা বা কেরায়া, সনন্দ বিশেষ।

***To* Lease,** *v. a.* মেয়াদী ভাড়া কেরায়া বা ইজারা-দা বা-নী।

***To* Lease,** *v. n.* Sax. উঞ্ছবৃত্ত-হ, উঞ্ছবৃত্তি-কৃ, খুঁটে বা কুড়াইয়া সংগ্রহ-হ বা-কৃ, সংগ্রহ-কৃ।

Leaser, *n. s.* কুড়ানিয়া, উঞ্ছবৃত্তিকারী, মিথ্যাবাদী, এতদ্ভিন্ন Leasing শব্দ দেখ।

Leasehold, *a.* ইজারায় বা মেয়াদে গৃহীত প্রাপ্ত দত্ত বা রক্ষিত।

Leash, *n. s.* Fr. ভুরিয়ার চামড়া বা কোড়া, দড়ি বা চামড়া যদ্দ্বারা কুক্কুর চালায়, চর্ম্মের পটী বন্ধনী বা তসমা, যদ্দ্বারা শিকারিরা বাজপক্ষি ধরে, কিম্বা কুক্কুর চালায়, সামান্য বন্ধনী বা রজ্জু বুঝায়, পীপাবিশেষ।

***To* Leash,** *v. a.* বন্ধন-কৃ, ধর, রজ্জুদ্বারা আটক-কৃ।

Leasing, *n. s.* Sax. Icel. মিথ্যা কথা, প্রবঞ্চনা।

Leasow, *n. s.* Sax. মাঠ, ময়দান, গবাদি পশু চারণ স্থান।

Least, *a.* Sax. অতিক্ষুদ্র বা ছোট, ক্ষুদ্রতম, সকল অপেক্ষা অল্প ক্ষুদ্র বা ছোট।

Least, *ad.* নিতান্ত, অত্যন্ত ক্ষুদ্রতাপূর্ব্বক, সর্ব্বাপেক্ষা অল্প ন্যূন খাট বা ছোট হইয়া।

At Least বা **At the Least** বা **At Leastwise,** সন্দেহার্থে আর নহে বস্ যথেষ্ট ইত্যাদি বুঝায়, ন্যূন সংখ্যা, অধিক না বলুন অল্প বলুন, সকল না বলুন, যত কহিতে পারা যায় তাহা সকল না বলুন।

Leat, *n. s.* Sax. কলঘরহইতে জল যাইবার নালা বা নয়দামা, জল চলিবার বা বাহির হইবার রাস্তা বা পথ।

Leather, *n. s.* Sax. ছোলা বা পরিষ্কৃত চামড়া, পশুর চর্ম্ম খোলস বা ছাল, অজিন।

***To* Leather,** *v. a.* চামড়া দিয়া-মার, মার, পিট, আঘাত-কৃ, চাবুক-মার।

***To* Leather** বা **Lether,** *v. n.* Sax. বড় বা গভীর শব্দ করত বেগে-গম, ঘোড়া যখন অতিবেগে শব্দ করত দৌড়ে তদ্বিষয়ে ব্যবহার্য্য শব্দ।

Leathercoat, *n. s.* ফলবিশেষ, এক জাতি সেও।

Leatherdresser, *n. s.* চর্ম্মকার, চামার, মুচি, চামের ব্যবসায় করে যে, চাম ছোলন বা প্রস্তুত বা পরিষ্কারকর্ত্তা।

Leather-jacket, *n. s.* দক্ষিণ বা প্রশান্ত সমুদ্রীয় মৎস্যবিশেষ।

Leather-mouthed, *a.* গণ্ডদেশে দন্ত আছে যে মৎস্যের।

Leathern, *a.* Sax. চর্ম্মনির্ম্মিত, চর্ম্মবৎ, চামের, চামড়ার, চর্ম্মময়।

Leather-seller, *n. s.* চর্ম্ম ব্যবসায়ী, চর্ম্মবিক্রেতা।

Leather-winged, *a.* চর্ম্মবৎ পাখাবিশিষ্ট, চামের ন্যায় পাখনা আছে যাহার।

Leathery, *a.* চর্ম্মতুল্য, চর্ম্মবৎ, চামড়ার ন্যায়, চামের মত।

Leave, *n. s.* Sax. অনুমতি, বিদায়, ছুটী, আজ্ঞা, বিদায়ের অনুমতি।

***To* Leave,** *v. a.* Sax. ত্যাগ করিয়া-যা, ছাড়, ত্যাগ-কৃ, পরিত্যাগ-কৃ, ছাড়িয়া-দা বা যা, মৃত্যুকালে রাখিয়া-যা, বঞ্চিত না-কৃ, হীন না-কৃ, থাকিতে-দা, রহিতে-দা, না লইয়া-যা, অস্বীকার-কৃ, অনঙ্গীকার-কৃ, অগ্রাহ্য-কৃ, নাপসন্দ-কৃ, চিহ্নস্বরূপ স্থাপিত-কৃ, মৃত্যুকালে দিয়া-যা, উত্তরাধিকার-দা, দান-কৃ, দিয়া-ফেল, বাধা না জন্মাইয়া করিতে-দা, করণক্ষমতা-দা, নিবৃত্ত-কৃ, ক্ষান্ত-কৃ, রহিত-কৃ. ***To* Leave *off*,** নিরস্ত-হ, ক্ষান্ত-হ, পরিত্যাগ-কৃ. ***To* Leave *out*,** ছাড়িয়া-যা, ভুলিয়া-যা, ছেড়ে-দা, ত্যাগ-কৃ।

***To* Leave** *v. n.* নিবৃত্ত-হ, ক্ষান্ত-হ. ***To* Leave *off*,** নিরস্ত-হ, থাম, বন্ধ-কৃ।

***To* Leave,** *v. a.* Fr. উৎপাদন-কৃ, জমা-কৃ, মাখট-কৃ, সংগ্রহ-কৃ, উঠা।

Leaved, *a.* সপত্র, পত্রবিশিষ্ট বা তদ্যুক্ত, পাতাময়, পত্রে নির্ম্মিত, পাতাওয়ালা।

Leaveless, *a.* নিষ্পত্র, পত্রহীন, পাত বা পাতা নাহি যাহার বা যাহাতে।

Leaven, *n. s.* Fr. কোন দ্রব্যকে লঘু করিবার নিমিত্তে তাহার সহিত মিশ্রিত খমির, খমির বা যে কোন দ্রব্যের দ্বারা সমুদায় বিকৃত হয়।

***To* Leaven,** *v. a.* খমিরযুক্ত-কৃ, রসাল-কৃ, খমিরদ্বারা-ভাপসা বা বিকৃত-কৃ।

Leavening, *n. s.* খমিরবিশেষ, কোন দ্রব্য লঘু করিবার নিমিত্ত তাহার সহিত মিশ্রিত খমির।

Leavenous, *a.* খমিরবিশিষ্ট বা তদ্যুক্ত, দাগা, রংকরা, অঙ্কিত, আঁকা।

Leaver, *n. s.* ত্যাগকর্ত্তা, ছাড়িয়া দেয় বা যায় যে, পরিত্যাগকর্ত্তা।

Leaves, *n. s.* Leaf শব্দের বহুবচনান্ত পদ, বহুপত্র, পত্রসমূহ।

Leaviness, *n. s.* পত্রে পরিপূর্ণতা, সপত্রতা, পত্রময়ত্ব, পত্রবিশিষ্টত্ব, পাতজমান, পত্রসমূহ বা তৎসংগ্রহ।

Leavings, *n. s.* প্রসাদ, উচ্ছিষ্ট, এঁটো, ঝুটা, ছাঁটছুট, অবশিষ্ট শেষ বা পাতে থাকে যাহা, এশব্দের এক বচনান্ত সংজ্ঞা হয় না।

Leavy, *a.* পত্রে পরিপূর্ণ, পাতায় ভরা, পাতাময়, পত্রে আবৃত বা আচ্ছাদিত, পাতায় ঢাকা।

***To* Lech,** *v. a.* ***To* Latch** ধাতুর রূপান্তর, তৎশব্দ দেখ।

Lecher, *n. s.* Ger. খানকীবাজী করে যে ব্যক্তি, লম্পট, লোচ্চা।

***To* Lecher,** *v. n.* খানকীবাজ-হ, লম্পট-হ।

Lecherous, *a.* কামার্ত্ত, কামাতুর, কামুক, খানকীবাজ, নটীবাজ, লম্পট।

Lecherously, *ad.* কামার্ত্ত হইয়া, কামাতুরত্বপূর্ব্বক, লম্পটতাপূর্ব্বক, লুচ্চামরূপে।

Digitized by Google

Lecherousness, *n. s.* কামাতুরত্ব, কামুকতা, লম্পটতা, লাম্পট্য, লুচ্চামি।

Lechery, *n. s.* Fr. কাম, কামাগ্নি, খানকীবাজী, ব্যভিচার, লম্পটতা, কামার্ত্ততা, লুচ্চামি।

Lection, *n. s.* Lat. পাঠ, পড়ন, নানা প্রকার নকল আদর্শ বা লিখন, ধর্ম্ম পুস্তকের কোন বিশেষ অংশ, যাহা অর্চ্চনা বা উপাসনা কর্ম্মের মধ্যে পাঠ হয়।

Lectionary, *n. s.* Lat. গ্রিজাতে পঠিত ধর্ম্ম পুস্তকের কোনং বিশেষ অংশ বিশিষ্ট পুস্তক।

Lecture, *n. s.* Fr. কথোপকথন, পাঠ, পড়া, উপদেশ, অধ্যাপনা, পঠন, পাঠাভ্যাস, ধমকানী, শাসন, দমন, গর্ব্বিত বাক্য।

To **Lecture,** *v. a.* কথাদ্বারা শিক্ষা করা পাঠ-দা, উপদেশ-কৃ, অধ্যাপনা-কৃ, শিক্ষা-দা, ফল-দা, ধমক বা অপমানপূর্ব্বক-জানা, গর্ব্ব অহঙ্কার বা কটুত্বরূপে-কথ বা শিক্ষা-করা।

To **Lecture,** *v. n.* পাঠ বা শিক্ষাদাতা-হ, অধ্যাপনাকারী-হ, অধ্যাপক-হ, প্রকাশ স্থানে বা সভা করিয়া-কোন বিষয়ের বা শাস্ত্রের প্রসঙ্গ-কৃ, পড় বা পাঠ-কৃ।

Lecturer, *n. s.* উপদেষ্টা, উপদেশক, অধ্যাপক, শিক্ষক, কোন বিষয়ের বা শাস্ত্রের প্রসঙ্গ বা পাঠ করে যে ব্যক্তি, অনিশ্চিত আচার্য্য, ঠিকা পাদরিবিশেষ, ধর্ম্মোপদেশকের ঠিকা সহকারী।

Lecturership, *n. s.* পূর্ব্বোক্ত ব্যক্তির পদ কর্ম্ম বা অবস্থা।

Led, *part. pret.* *To* Lead ক্রিয়াপদের অতীতকালবাচক।

Ledden, *n. s.* Sax. ভাষা, কথা, জবান, যথার্থ অর্থ, প্রকৃত অর্থ।

Ledcaptain, *n. s.* দাস, পরিচারক, ক্ষুদ্র ভৃত্য, অনুগত ভৃত্য, গোলাম।

Ledge, *n. s.* Dut. শ্রেণি, সারি, ঢিবির উপরিভাগ, ধার, ভূমির তলা, পর্ত উচ্চভাগ বা স্থান।

Ledger, *n. s.* হিসাবের বহিবিশেষ, খতিআম বহি।

Ledhorse, *n. s.* রাজ অশ্ব, কোতলের ঘোড়া।

Lee, *n. s.* Fr. তলানি, নীচে জমিয়া থাকে যাহা, অবশিষ্ট অংশ, শেষ, উচ্ছিষ্ট, গাদ, সিটা, জাহাজি ভাষায় যে দিগহইতে বায়ু বহে সেই দিগকে বুঝায়, প্রাতিকূল্য।

To **Lee,** *v. n.* Sax. মিথ্যা-বদ, অপ্রকৃত বা মিথ্যা বাক্য-বচ, প্রবঞ্চনা-কৃ, প্রতারণা-কৃ।

Leech, *n. s.* Sax. জলৌকা, জোঁক, চিকিৎসক, বৈদ্য, ডাক্তরি কর্ম্ম ব্যবসায়ী।

To **Leech,** *v. a.* চিকিৎসা-কৃ, ঔষধ-দা, প্রতিকার-কৃ, আরাম-কৃ, আরোগ্য-কৃ।

Leechcraft, *n. s.* প্রতিকার, চিকিৎসা শাস্ত্র বা তদ্বিদ্যা।

Leech-way, *n. s.* Got. মড়ার পথ, মৃতশরীর গোর দিতে লয়্যা যায় যে পথে।

Leef, *a.* Sax. মনোনীত, প্রিয়, যোগ্য, উপযুক্ত, সুখদ, পসন্দ মত, রমণীয়, মনোজ্ঞ, প্রীতিদ, কৃতজ্ঞ, নেমকহালাল, উপকার মানে যে, ইচ্ছু, রাজী।

Leef, *ad.* শীঘ্র করিয়া, ঝটিতে, তৎক্ষণাৎ, ত্বরিত, ইচ্ছাপূর্ব্বক, স্বেচ্ছায়।

Leek, *n. s.* Sax. বৃক্ষবিশেষ।

Leer, *n. s.* Sax. বর্ণ, রূপ, মুখ, চেহারা, কটাক্ষ, আস্য, নজর, আড়চক্ষে চাহনি, মুখ ভঙ্গিবিশেষ, পূর্ব্বে এশব্দে গাল বুঝাইত।

Leer, *a.* Sax. শূন্য, খালি, হালকী, অর্ব্বাচীন, ছেপলা, নির্ব্বোধ, আহাম্মক, অজ্ঞান।

To **Leer,** *v. n.* আড় চক্ষে-চাহ, চাহনির দ্বারা ইশারা বা ব্যঙ্গ-কৃ, চক্ষু-ঠার, কটাক্ষ-কৃ।

To **Leer,** *v. a.* হাসিতেং নিকটে-গম বা-আনী, টানিয়া-লও, কটাক্ষদ্বারা-ভুলা, চক্ষের ভঙ্গির দ্বারা মনোরঞ্জন-কৃ, হাস্যদ্বারা আকর্ষণ-কৃ।

Leeringly, *ad.* উপহাসপূর্ব্বক, হাস্যরূপে, ব্যঙ্গ করত, পরিহাস করত, ঈষৎ হাস্যপূর্ব্বক, চক্ষু টানিয়া বা মটকাইয়া।

Lees, *n. s.* Fr. তলানি, শেষাণি, তলায় থিতিয়া থাকে যাহা, শিটা, গাদ, এ শব্দের প্রথমান্ত প্রায় ব্যবহার্য্য হয় না, Lee শব্দ দেখ।

To **Leese,** *v. a.* Sax. হারা, খোয়া, ব্যথা-দা, চোট-দা বা-লাগা, বেদনা-দা, আঘাত-কৃ, বিনাশ-কৃ, ধ্বংস-কৃ, মারিয়া-ফেল, ক্ষয়-কৃ।

Leet, *n. s.* বিচারকাল, আদালতের দিন, বিচারের দিন বা সময়।

Leet-ale, *n. s.* পূর্ব্বোক্ত দিবসে ব্যবহৃত উৎসববিশেষ।

Leeward, *a.* Sax. বায়ু মুখো, বাতাস মুখে, বায়ু যে দিগহইতে বহিতেছে তাহার সম্মুখ দিগবর্ত্তী, Lee শব্দ দেখ।

Lefe, Leef কিম্বা Lever শব্দ দেখ।

Left, *part. pret.* *To* Leave ধাতুর অতীতকালবাচক, ছাড়িয়াছে, ছাড়া।

Left, *a.* Dut. বাম, বাঁয়া, উল্টা।

Left-handed, *a.* ন্যেটা, নেঙ্গা, বেমো, দক্ষিণ হস্ত অপেক্ষা বাম হস্তে অধিক ব্যবহার করে যে, অভাগ্যবান্, মন্দ, অমঙ্গলসূচক, অকালজ, অকালে বা অসময়ে হইয়াছে যাহা।

Left-handedness, *n. s.* নেটামো, স্বভাবতো দক্ষিণ হস্তাপেক্ষা বাম হস্ত ব্যবহার্য্যকরণ।

Left-handiness, *n. s.* অসভ্য বা কদর্য্য রীতি ধারা ভাব বা চরিত্র।

Leg, *n. s.* Dan. পায়ের নলা, ঠ্যাঙ্গ, পা, হাঁটুহইতে পাদপর্য্যন্ত অংশ, পায়া, খুরো, নমস্কার, প্রণাম।

Legacy, *n. s.* Lat. সোপাধিক দান, মৃত্যুকালে দান, উইলসংজ্ঞক লিখনদ্বারা দত্ত বস্তু বা ধন।

Legacy-hunter, *n. s.* ব্যঙ্গ বা ঘৃণাসূচক শব্দ, যে অন্য ব্যক্তির খোসামোদ করে বা সর্ব্বদা মন যোগায় এই অভিপ্রায় যে মরণ কালে তাহাকে স্মরণ করিবেক অর্থাৎ অর্থ দিয়া যাইবেক।

Legal, *a.* Fr. বিধিবৎ, ব্যবস্থানুযায়ী, বিধি বা শাস্ত্রসিদ্ধ, শাস্ত্র ধারা বা আইন অনুযায়িক, আইন বা শাস্ত্রসম্মত, যথার্থ।

Legality, *n. s.* Fr. বিধিসিদ্ধত্ব, ব্যবস্থানুযায়িত্ব, শাস্ত্রসম্মতত্ব।

To **Legalize,** *v. a.* Fr. ব্যবস্থানুযায়ি-কৃ, শাস্ত্রসম্মত-কৃ।

Legally, *ad.* শাস্ত্রানুসারে, ব্যবস্থানুসারে, বিধিপূর্ব্বক, শাস্ত্র সম্মতি পূর্ব্বক।

Legatary, *n. s.* Fr. সোপাধিক দানপ্রাপ্ত ব্যক্তি, মৃত্যুকালে কেহ ধনদান করিয়া গিয়াছে যাহাকে, মুমূর্ষু দানাধিকারী।

Legate, *n. s.* Lat. দূত, উকীল, উপগুরু, পাপার উকীল বা প্রতিভূ, রুম নগরের ধর্ম্মাধ্যক্ষের উকীল বা প্রতিনিধি।

Legatee, *n. s.* Lat. মুমূর্ষু দানাধিকারী, উত্তরাধিকারী, যাহাকে মৃত্যুকালে কেহ ধনদান করে তদ্ব্যক্তি।

Legateship, *n. s.* Legate সংজ্ঞক উকীলের পদ বা কর্ম্ম।

Legatine, *a.* পূর্ব্বোক্ত ব্যক্তিবিষয়ক বা তৎসম্বন্ধীয়।

Legation, *n. s.* Lat. দূতকর্ম্ম, দূতত্ব, দূতক্রিয়া, ওকালতী, প্রতিনিধিত্ব, প্রতিনিধির কার্য্য, রাজওকালতী।

Legator, *n. s.* Lat. সোপাধিদানকারক, দানদাতা, উইল অর্থাৎ উত্তরাধিকার পত্রের দ্বারা মৃত্যুকালে দান করে যে, মরণান্তে বিষয় সম্পত্তার্থে টরণী করিয়া ও ধনভাগ করিয়া যায় যে ব্যক্তি।

To **Lege,** *v. a.* Lat. কথ, কহ, বচ, হালকা বা লঘু-কৃ।

Digitized by Google

Legend, *n. s.* Lat. আখ্যায়িকা, মুনি ঋষি বা সাধু ব্যক্তির উপাখ্যান বা বিবরণ, আখ্যান, গপ্প, কথা, উপন্যাস, ইতিহাস, কাহিনী, অপ্রত্যয়িত বা অমূলক ইতিহাস বা উপাখ্যান, মোহর, কোন ধাতু বা মুদ্রার উপর অঙ্কিত বা খোদিত লিখন।

To **Legend**, *v. a.* আখ্যায়িকা-লিখ, বংশাবলির ন্যায় বিস্তার করিয়া-লিখ বা বিবরণ-কৃ, বিস্তারে বা বাহুল্যরূপে আখ্যান-কৃ।

Legendary, *a.* উপন্যাস বা ইতিহাসরূপে নির্ম্মিত উক্ত বা রচিত, ইতিহাস বা গপ্পবিষয়ক, উপন্যাসবিষয়ক বা তদ্বিশিষ্ট, বংশাবলিসম্বলিত।

Legendary, *n. s.* প্রাচীন ইতিহাস বা উপাখ্যান, ইতিহাসবক্তা, ইতিহাস উপাখ্যান করে যে বা লিখে যে ব্যক্তি।

Leger, *n. s.* Dut. কোন স্থানে অবস্থিতি করে যে কোন বস্তু, বা সেন্দা, রহিয়ে, কোন স্থানে স্থিত দ্রব্য, নিবাসী, যে সভায় বা দরবারে প্রেরিত হইয়াছে সেই স্থানে থাকে যে ব্যক্তি, হিসাবের বহি, খতিআন।

Leger-book, *n. s.* হিসাবের বহি, খতিআনের বহি।

Legerdemain, *n. s.* Fr. ভোজবাজী, ভেল্কী, ইন্দ্রজাল।

To **Legge**, *v. a.* Sax. রাখিয়া-দা, নির্দ্দেশ-কৃ, এতদ্ভিন্ন *To* **Lay** শব্দ দেখ।

Legged, *a.* পাদবিশিষ্ট বা তদ্যুক্ত, পায়াওয়ালা।

Legibility, *n. s.* সুস্পষ্টত্ব, পঠনীয়ত্ব, পাঠযোগ্যত্ব।

Legible, *n. s.* Lat. পঠনীয়, পাঠ্য, পাঠযোগ্য, পড়া যায় যাহা, সুস্পষ্ট, পরিষ্কার, দৃষ্টিগোচর, দর্শনীয়।

Legibleness, *n. s.* পঠনীয়ত্ব, পাঠযোগ্যত্ব, সুস্পষ্টত্ব, পরিষ্কারত্ব।

Legibly, *ad.* পড়া যাইতে পারে এমতরূপে, পাঠ্যরূপে, পরিষ্কার রূপে।

Legion, *n. s.* Lat. রোমানেরদিগের পঞ্চ সহস্র সৈন্যের চমূ, যুদ্ধ সেনা, সৈন্য সম্প্রদায়, ফৌজ, বহু বা অনেক সংখ্যা।

Legionary, *a.* পূর্ব্বোক্ত সৈন্যসম্বন্ধীয় বা তদ্বিষয়ক বা তদ্বিশিষ্ট, পাঁচ হাজার সৈন্যবিশিষ্ট বা যুক্ত, অসংখ্যক গণবিশিষ্ট।

Legionary, *n. s.* রোমানেরদিগের পাঁচ হাজার যোদ্ধাবিশিষ্ট সৈন্য বা ফৌজবিশেষ।

To **Legislate**, *v. n.* কোন জাতি বা দেশের নিমিত্তে কোন ধারা বা ব্যবস্থা স্থির-কৃ, বিধি-দা, ব্যবস্থা-কৃ বা-দা।

Legislation, *n. s.* বিধি দেওন, ব্যবস্থা দেওন বা করণ, ধারা বা আইনকরণ।

Legislative, *a.* বিধিদায়ী, ব্যবস্থাপক, ব্যবস্থা বা আইনকারী, ধারা বা আইনকরণবিষয়ক বা তৎসম্বন্ধীয়।

Legislator, *n. s.* Lat. বিধিদাতা, আদেষ্টা, ধারা বা আইনকর্ত্তা, দেশের নিমিত্তে সাধারণ আইন বা নিয়ম স্থির করে যে বা তৎপ্রয়োজক।

Legislatorship, *n. s.* পূর্ব্বোক্ত বিধি বা ব্যবস্থাকরণের বা দেওনের ক্ষমতা।

Legislatress, *n. s.* বিধিদায়িনী, ব্যবস্থাকারিণী বা দাত্রী।

Legislature, *n. s.* বিধি করণের বা দেওনের ক্ষমতা, যে ক্ষমতা বা শক্তি হইতে বিধি বা ব্যবস্থা হয় বা জন্মে।

Legist, *n. s.* Fr. স্মার্ত্ত, ধর্ম্ম শাস্ত্রবেত্তা বা তজ্জ্ঞ, ধারা বা আইন জানে যে, ব্যবস্থা শাস্ত্রে সংস্কারবান্, ব্যবস্থা বিধি বা শাস্ত্রবিৎ।

Legitimacy, *n. s.* বিধিমত্তা, বৈধজন্ম, ঔরসজন্ম, যাথার্থ্য, আসল, অকৃত্রিমতা।

Legitimate, *a.* Lat. ঔরসজাত, বিধিসিদ্ধ, সুজন্মা, বিবাহজাত, বৈধমতে জন্মিয়াছে যে বা জন্ম হইয়াছে যাহার, শাস্ত্রসম্মত, আসল, প্রকৃত, শুদ্ধ।

To **Legitimate**, *v. a.* Fr. বিধিসিদ্ধ বা ঔরস জন্ম জন্য যাথার্থ্য হক বা স্বার্থ বা পৈতৃক ধন বা সম্পত্তি প্রাপ্ত-কৃ-দা বা স্থির-কৃ, শাস্ত্র বা বিধিসম্মত-কৃ, যাথার্থ্য-কৃ।

Legitimately, *ad.* শাস্ত্র বা আইন অনুসারে বা তৎপূর্ব্বক, শাস্ত্রানুসারে, আইন মোতাবেক, বিধিসিদ্ধরূপে, প্রকৃতরূপে, যাথার্থ্যরূপে, শুদ্ধ প্রকৃত বা নির্ম্মলরূপে।

Legitimateness, *n. s.* শাস্ত্রসম্মতত্ব, আইন অনুযায়িকত্ব, বিধিসিদ্ধতা, যাথার্থ্য।

Legitimation, *n. s.* Fr. বিবাহিতা স্ত্রীর সন্তান, বিবাহদ্বারা জন্ম, শুদ্ধ বা যথার্থ জন্ম, বিবাহিতা স্ত্রীর গর্ভে জাত সন্তানের অধিকার বৃত্তি বা প্রাপ্তি বা দান।

Legume বা **Legumen**, *n. s.* Lat. শীম বা মটরইত্যাদি শস্য বৃক্ষ যাহা কাটে না কিন্তু কাঁচা থাকিতে হস্তদ্বারা আহরণ করে, বড় বীজ বা শস্য বুঝায়।

Leguminous, *a.* শীম শুঁটি বা কড়াইসম্বন্ধীয়, শীমআদি বীজযুক্ত, শুঁটিময়, কড়াইপূর্ণ।

Leiger বা **Leiger-book**, **Leger** এবং **Leger-book** এই দুই শব্দ দেখ।

Leisurable, *a.* অবকাশে কৃত, অবকাশ মতে হইয়াছে বা করা গিয়াছে যাহা, তাগিদ বা ব্যস্ততা নাই যাহাতে।

Leisurably, *ad.* অবসরক্রমে, আস্তে সুস্তে, অবসরপূর্ব্বক, অবকাশ মতে, ব্যস্ততা বা শীঘ্রতা ব্যতীত, অবকাশপূর্ব্বক, উতলা না হইয়া, সাবকাশপূর্ব্বক।

Leisure, *n. s.* Fr. অবকাশ, সাবকাশ, অবসর, কর্ম্ম না থাকে যে সময়, ফুরসৎ, তাড়ারাহিত্য, মনের ঔদাস্য, স্বেচ্ছাধীন কাল যাপন করণক্ষমতা।

Leisure, *a.* সুবিদা, কর্ম্মহইতে অবকাশ বা অবসর, খোলাসা, স্বচ্ছন্দ।

Leisurely, *a.* আস্তে সুস্তে, সাবকাশ মতে কৃত, ধীরে সুস্তে হইয়াছে যাহা, তাড়াতাড়ি হয় নাই যাহাতে।

Leisurely, *ad.* সাবকাশপূর্ব্বক, অবকাশমতে, ধীরেং, অবসরক্রমে, আস্তেং, সুস্থির হইয়া, ধীরেসুস্তে, বিবেচনা করিয়া।

Leman, *n. s.* Sax. নাৎ, ঢেমনা, প্রিয়পাত্র, উপপতি, জার, প্রিয়া, নায়িকা, উপস্ত্রী, অবিদ্যা, উপপত্নী, ঢেমনি।

Leme, *n. s.* Sax. কিরণ, আভা, রশ্মি, ছটা, তেজ, শিখা।

To **Leme**, *v. n.* Sax. আলো-কৃ, উজ্জ্বল-কৃ, জাজ্বল্যমান-কৃ, দীপ্তিমন্ত-কৃ, চকমক-কৃ, ঝকং-কৃ।

Lemma, *n. s.* Gr. পূর্ব্ব প্রস্তাবিত প্রশ্ন বা পক্ষ।

Lemon, *n. s.* Fr. লেবু, জামির, লেবুর গাছ।

Lemonade, *n. s.* জল চিনি আর লেবু রসে কৃত পানীয় বা মদ্য।

Lemures, *n. s. pl.* Lat. প্রাচীনমতে একজাতীয় ভূত বা পিশাচ বিশেষ।

To **Lend**, *v. a.* Sax. কর্জ-দা, ঋণ-দা, হাওলাৎ-দা, ধার-দা, ফিরিয়া দিবার বা পাইবার করারে কোন দ্রব্য বা ধন ব্যবহার করিতে-দা, দান-কৃ।

Lendable, *a.* হাওলাৎ বা ধার দেওয়া যাইতে পারে যাহা, কর্জ বা ধার দেওনোপযুক্ত বা যোগ্য।

Lender, *n. s.* কর্জ বা হাওলাৎদাতা, হাওলাৎ দেয় যে, ঋণদাতা, উত্তমর্ণ, কর্জ দেয় যে, সুদে টাকা কর্জ দেওয়া ব্যবসায় যাহার, মহাজন, ধার দেয় যে ব্যক্তি।

Lending, *n. s.* হাওলাৎ, কর্জ, ধার, দত্ত দ্রব্য, দান।

Digitized by Google

Length, *n. s.* Sax. দ্রাঘিমা, পরিমাণ, দীর্ঘতা, লম্বাই, বিস্তার, কাল বা আয়তনের পরিমাণ, বহুকালব্যাপকত্ব, বিলম্বত্ব, আয়তন, দূর, শেষ, অন্ত, আখেরে, নিরূপিত কালের শেষ ভাগ. At length শেষে, পশ্চাতে, আখেরে, অন্তে, শেষকালে।

To **Lengthen**, *v. a.* Sax. দীর্ঘ-কৃ, লম্বা-কৃ, বৃদ্ধি-কৃ, বিস্তৃত-কৃ, ফালাও-কৃ, গৌণ-কৃ, বিলম্ব-কৃ, দেরি-কৃ, চালা, স্থিতি-কৃ, বিলম্বে উচ্চারণ-কৃ, গৌণ করিয়া বা রহিয়া উচ্চারণ-কৃ, *To* lengthen *out*, বড়-কৃ, ফালাও-কৃ, অবিরত বা বরাবরি-কৃ।

To **Lengthen**, *v. n.* দীর্ঘ-হ্, লম্বা-হ্, বিস্তৃত-হ্, ফালাও-হ্, দীর্ঘে-বাড়, পরিমাণে-বাড়।

Lengthening, *n. s.* অবিরত বা বরাবরি হওন বা করণ, ফালাও হওন, বিস্তৃতহওন বা করণ, লাগাড় থাকন বা রাখণ, লম্বাহওন বা করণ, বিলম্বকরণ, গৌণকরণ, দেরিহওন, বাড়াওন, বড়করণ।

Lengthful, *a.* বিস্তৃত, বড়, লম্বা, দীর্ঘে বহু পরিমাণবিশিষ্ট, মাপে জেয়াদা, মাপে বড়, পরিমাণে বাহুল্য আছে যাহাতে।

Lengthwise, *ad.* দীর্ঘাদীর্ঘী, লম্বাইতে, দিগে বা দীর্ঘে, দীর্ঘত্ব অনুসারে বা তদনুযায়ি, লম্বা দিগে, লম্বালম্বি।

Lenient, *a.* Lat. দয়াবান্, কৃপাবান্, শান্ত, উপশমক, স্নিগ্ধ, কোমল, নরম, শান্ত করে বা হয় যে বা যদ্দ্বারা, শীতলকারী, লাঘবকারক, শৈথিল্যজনক, আলগা দেয় যে, নোল দেয় যে।

Lenient, *n. s.* স্নিগ্ধ প্রলেপ, স্নিগ্ধ বা নরমকারক ঔষধ।

To **Lenify**, *v. n.* Fr. স্নিগ্ধ-কৃ, নরম-কৃ, লাঘব-কৃ, শৈথিল্য-কৃ, ক্লেশের অল্পতা-কৃ, উপশম-কৃ।

Leniment, *n. s.* Lat. স্নিগ্ধ, কোমল বা নরমকারী, ক্লেশের অল্পতাকারী বা উপশমক, আলেপ।

Lenitive, *a.* Fr. উপশম কোমল নরম বা স্নিগ্ধকারী, ক্লেশের অল্পতাকারক।

Lenitive, *n. s.* প্রলেপ, বেদনা শান্তি বা উপশমকারক ঔষধি।

Lenity, *n. s.* Lat. স্নেহ, দয়া, কৃপা, করুণা, কোমলতা, শান্ত স্বভাব, নরম মেজাজ, মৃদুতা।

Lens, *n. s.* কাঁচবিশেষ, মধ্যে কোর ফাঁপ বা স্থূলত্ববিশিষ্ট কাঁচ।

Lent, *part. pass. To* Lend, শব্দের অতীতকালবাচক সংজ্ঞা, হাওলাত বা কর্জ দিয়াছে।

Lent, *n. s.* Sax. খ্রীষ্টীয়ান মতে পুণ্যকালবিশেষ, উপবাসের মাস, উপবাস কালবিশেষ, সয়তানেরা চল্লিশ দিন য়িশুখ্রীষ্টকে পর্ব্বতে লইয়া রাখিয়াছিল তদুদ্দেশে কাল বা ব্রত।

Lenten, *a.* পূর্ব্বোক্তকালে ব্যবহার্য্য, কৃপণ, অল্প ব্যয়শীল।

Lenticular, *a.* মধ্যে উচ্চ খোল ফাঁপ বা স্থূলত্ববিশিষ্ট, দোহারা কাঁচবিষয়ক বা তৎসম্বন্ধীয়।

Lentiform, *a.* Lat. পূর্ব্বোক্ত কাঁচাকার।

Lentiginous, *a.* Lat. খুস্কী বা মরামাংসবিশিষ্ট।

Lentigo, *n. s.* Lat. খুস্কী, মরামাংসবিশেষ।

Lentil, *n. s.* Fr. বৃক্ষবিশেষ।

Lentisck বা **Lentiscus**, *n. s.* Lat. কাষ্ঠবিশেষ।

Lentitude, *n. s.* Lat. আলস্য, কুড়েমী, গাতুলস্যামী, জড়তা, অশীঘ্রতা, অক্ষিপ্রতা।

Lentner, *n. s.* এক জাতীয় বাজপক্ষিবিশেষ।

Lentor, *n. s.* Lat. সংলগ্ন শীতল বা চটচটিয়াভাব, জড়তা, অক্ষিপ্রতা, বিলম্ব, গৌণ, দেরী, আলস্যামী, গেতোমী, কুড়েমী, জ্বরে রক্তের বিকার।

Lentous, *a.* সংলগ্নধর্ম্মক, চটচটিয়া, আটার ন্যায়, টানিলে বড় হয় যাহা।

L'Envoy, Envoy শব্দ দেখ।

Leo, *n. s.* Lat. রাশিচক্রের পঞ্চম স্থান, সিংহ রাশি।

Leod, *n. s.* লোক, জাতি, দেশ, মুলুক।

Leof, *n. s.* প্রীতি, প্রেম, কাম।

Leonine, *a.* Lat. সিংহবৎ, সিংহের ন্যায়, সিংহ সম ব্যাধি, গদ্য রচনার রীতিবিশেষ।

Leopard, *n. s.* Lat. চিতে বাঘ, নাকেশ্বরী বাঘ।

Leopard's-bane, *n. s.* বৃক্ষবিশেষ।

Leper, *n. s.* Lat. কুষ্ঠরোগী, কুঠে, মহাব্যাধিগ্রস্ত, শ্বিত্রী।

Leperous, *a.* কুষ্ঠরোগজনক বা উৎপাদক, কুঠে, মহাব্যাধিগ্রস্ত।

Lepid, *a.* Lat. সুন্দর, মনোজ্ঞ, প্রীতিজনক, রমণীয়, আহ্লাদ, উল্লাস বা সুখদ, প্রসন্ন, প্রফুল্ল, হৃষ্ট, সজীব।

Leporine, *a.* Lat. খরগোসসম্বন্ধীয়, খরগোসধর্ম্মক।

Leprosity, *n. s.* শুস্কুকারী ব্যাধি বা রোগবিশেষ।

Leprosy, *n. s.* Lat. কুষ্ঠ, কুঠ, কুড়ি, মহাব্যাধি, ধবল।

Leprous, *a.* কুষ্ঠ মহাব্যাধি বা ধবল রোগগ্রস্ত বা তদ্রোগে পীড়িত।

Leprously, *ad.* স্পর্শাক্রান্তরূপে, সংস্পর্শে জন্মে যে রোগ তৎপূর্ব্বক।

Leprousness, *n. s.* কুষ্ঠ মহাব্যাধি বা ধবল রোগবিশিষ্টত্ব বা তদবস্থা।

To **Lere**, *v. a.* Sax. শিক্ষা-কৃ, অভ্যাস-কৃ, শিখ, পঠ, শিক্ষা-দা বা অভ্যাস-করা।

Lere, *a.* খালি, শূন্য, এতদ্ভিন্ন Lear শব্দ দেখ।

Lerry, *n. s.* পাঠ, উপদেশ, চাসাড়িয়া বা গ্রাম্য ভাষাবিশেষ।

Less, হীন, বর্জ্জিত, বিহীন, অভাব, নঞর্থক অব্যয় প্রত্যয় বিশেষণ বা ভাববাচক শব্দের অন্তে প্রয়োগ করিলে হীনত্বরাহিত্য বা বর্জ্জিত বুঝায়, যথা Childless, Fatherless, and Pennyless, Hopeless, Restless.

Less, *conj.* Sax. ব্যতিরেকে, ব্যতীত, বিনা, নতুবা, না হইলে।

Less, *a.* Sax. কম, ন্যূন, অল্প, ক্ষুদ্র, খাইট, কোন পদার্থহইতে খাট বা ছোট।

Less, *n. s.* কমতি, ন্যূনতা, অল্পতা।

Less, *ad.* অল্পে, ন্যূনরূপে, এত নহে, কমে, ন্যূনতাপূর্ব্বক।

Lessee, *n. s.* ইজারদার, পাট্টাদার, মেয়াদী পাট্টা দেওয়া গিয়াছে যে ব্যক্তিকে বা লইয়াছে যে।

To **Lessen**, *v. a.* কমাইয়া-দা, হ্রাস-কৃ, অল্প-কৃ, ক্ষুদ্র বা খাট-কৃ, ছোট-কৃ, অল্প আয়তন-কৃ, কোন ভাব অবস্থা বা গুণের ন্যূনতা বা অল্পতা-কৃ, খর্ব্ব-কৃ, জোর বা বল কম-কৃ, পদচ্যুত-কৃ, অপমান-কৃ, ক্ষমতা শক্তি বা সম্ভ্রমবর্জ্জিত-কৃ।

To **Lessen**, *v. n.* কমিয়া-যা, খর্ব্ব-হ্, খাট বা হ্রাস-হ্, কুঞ্চিত-হ্, কুঁকড়, অল্প-হ্, কম-হ্।

Lesser, *a.* অল্পতর, কমতর।

Lesser, *ad.* Less শব্দের অশুদ্ধ ভাষা।

Lesses, *n. s.* Fr. মৃত্তিকাতে ক্ষিপ্ত পশুর বিষ্ঠা, নাদ, গোবর ঘুঁটে।

Lesson, *n. s.* Fr. Got. পাঠ, অধ্যয়ন, শিক্ষা, উপদেশ, ধর্ম্ম শাস্ত্রের পাঠ্য কিয়দংশ পাঠ, সুর, তান।

To **Lesson**, *v. a.* Got. শিক্ষা দা পড়া পাঠ-দা, শিক্ষা-দা, উপদেশ-কৃ।

Lessor, *n. s.* ইজারা বা ভাড়াদাতা, পাটা দেয় বা লয় যে ব্যক্তি, মেয়াদে পাটা দেয় যে ব্যক্তি।

Lest, *conj.* কৃদন্ত শব্দ, কিজানি, পাছে এমত না হয় অর্থ জানিবে।

Lestercock, *n. s.* যন্ত্রবিশেষ।

To **Let**, *v. a.* Sax. কেরায়া-দা, ভাড়া-দা, -দা, যাইতে-দা অনুমতি-দা, ছাড়িয়া-দা, হইতে-দা, ব্যাকরণে অনুমত্যর্থক বা বিধিসূচক ক্রিয়ার বিশেষণ বুঝায়, ত্যাগার্থে ও অনুমত্যর্থে অন্য শব্দের

Digitized by Google

সহিত যোগ হইলে করিতে দেও, যাইতে দেও, চল যাই, ইত্যাদি অর্থ করে, যথা, *Let them down*, Let *us go*, Let *me alone*, *I am* Let *to know* ইত্যাদি।

To Let *be*, ত্যাগ-কৃ, রহিত-কৃ, বিরাম-দা, যাইতে-দা, হইতে-দা।

To Let *blood*, রক্তমোক্ষণ-কৃ, রক্ত-কাড়া।

To Let *in*, আসিতে-দা, প্রবিষ্ট হইতে-দা, হইতে-দা।

To Let *into*, প্রবিষ্ট করা, প্রবেশ-দা বা-কৃ।

To Let *off*, ত্যাগ-কৃ, দূর-কৃ, ছাড়াইয়া-দা।

To Let *out*, কেরায়ায়-দা, ভাড়ায়-দা বেতনে-দা।

To Let, *v. a.* Sax. বারণ-কৃ, নিবারণ-কৃ, মানা-কৃ, বাধা জন্মা, রোধ বা বিরোধ-কৃ, প্রতিবন্ধক-কৃ, আটক-কৃ।

To Let, *v. n.* নিরস্ত-হ, ক্ষান্ত-হ।

Let, *n. s.* কৃদন্ত পদ, যথা *Rivulet*, *Hamlet*.

Lethal, *a.* Lat. মৃত্যুজনক, মরণ হয় যাহাতে বা যদ্দ্বারা, সাংঘাতিক।

Lethality, *n. s.* মৃত্যু, মরণ, সাংঘাতিকত্ব।

Lethargical, *a.* রোগে আচ্ছন্ন বা সুপ্তবৎ, ব্যাধির দ্বারা অজ্ঞান হইয়াছে যে, সুপ্ত, মূর্চ্ছিত, নিদ্রিত, বিহ্বল।

Lethargically, *ad.* মূর্চ্ছাপূর্ব্বক, অবসাদপূর্ব্বক, ঝিমকানিপূর্ব্বক, আচ্ছন্ন হইয়া, বিহ্বলতাপূর্ব্বক।

Lethargicalness, *n. s.* আচ্ছন্নতা, অবসাদ, মোহ, মূর্চ্ছা, অবসন্নতা, ঝিমকানি, অজ্ঞানতা, বিহ্বলতা।

Lethargick, *a.* নিদ্রাকর্ষক, রোগে আচ্ছন্ন, মুগ্ধ, বিহ্বল, সুপ্ত।

Lethargickness, *n. s.* রোগকর্তৃক, অজ্ঞানতা, মোহ, মূর্চ্ছারোগ, আচ্ছন্ন বা বিহ্বলতা।

Lethargy, *n. s.* Fr. অজ্ঞানতা, আচ্ছন্নতা, অবসন্নতা, মোহ, নিদ্রাকর্ষণ, অবসাদ, বিহ্বলতা, জড়তা, নিদ্রাহইতে জাগান যায় না যাহাকে তদ্ভাব বা তদবস্থা।

Lethargied, *a.* বিহ্বল, নিদ্রিত, আচ্ছন্ন, মুগ্ধ, মোহবিশিষ্ট, মূর্চ্ছা প্রাপ্ত।

Lethe, *n. s.* Gr. অস্মরণ, ভুলন, ভুলিয়া যাইবার নিমিত্ত পানীয় বিশেষ, মৃত্যু।

Lethean, *a.* অস্মরণজনক, অস্মরণীয়, ভ্রান্তিজনক, স্মরণ নাশ করে যাহা বা হয় যদ্দ্বারা।

Letheed, *a.* স্মরণনাশক, ভুলবিষয়ক, অস্মরণকারী।

Lethiferous, *a.* Lat. মৃত্যুজনক, সাংঘাতিক, মৃত্যু হয় যাহাতে বা যদ্দ্বারা।

Letter, *n. s.* ছাড়িয়া যাইতে অনুমতিকর্ত্তা, ভাড়া দেয় যে ব্যক্তি, কেরায়া দেয় যে, বাধক, নিবারণকর্ত্তা, বাহক, পত্রকারক, যথা blood-letter.

Letter, *n. s.* Fr. অক্ষর, বর্ণ, লিখিত সংবাদ, চিঠী, লিখন, লিপি পত্র, খত, বচন, বাক্য, কথা, শব্দার্থ, শাব্দিক, বহুবচনান্ত হইলে বিদ্যা বা গুণ বুঝায়, রাজদত্ত পত্র চিহ্ন পরওয়ানা বা ফরমান. Patent শব্দের সহিত যোগ হইলে বিশেষণবাচক বুঝায়, যথা Letters patent, পাঠ্য বিষয়, ছাপার অক্ষর, ছাপার হরফ।

To Letter, *v. a.* ছাপা-কৃ, ছাপাতে-লিখ বা শিক্ষিত-কৃ।

Lettered, *a.* বিদ্বান্, পণ্ডিত, শিক্ষিত, অক্ষরযুক্ত, অক্ষরবিশিষ্ট, বিদ্যাসম্বন্ধীয় বা তদ্বিষয়ক, বিদ্যা অক্ষর বা লিখনের উপযুক্ত।

Letterfounder, *n. s.* ছাপার নিমিত্তে সীসার অক্ষর ঢালে গড়ায় বা বানায় যে ব্যক্তি।

Letterpress, *n. s.* ছাপা, মুদ্রিতাক্ষর।

Lettuce, *n. s.* Lat. বৃক্ষবিশেষ।

Levant, *a.* পূর্ব্বদেশীয়, পূর্ব্বদেশজ, পূর্ব্বদেশজাত, পূর্ব্বদেশসম্বন্ধীয়।

Levant, *n. s.* পূর্ব্ব পূর্ব্বদেশ, ইটেলির পূর্ব্বে মেড়িটরেনিয়ন অর্থাৎ ভূমধ্যস্থ সমুদ্রের তটপূর্ব্ব বা তৎতটবর্ত্তি দেশ, বায়ু বিশেষ।

Levantine, *a.* পূর্ব্বোক্তদেশীয় বা তৎসম্বন্ধীয়।

Levator, *n. s.* Lat. অস্ত্র চিকিৎসকের অস্ত্রবিশেষ।

Leucophlegmacy, *n. s.* কফজাত, ঈষদ্ ঘর্ম্মবিশিষ্ট, পাণ্ডু বা শিটা বর্ণ।

Leucophlegmatick, *a.* পাণ্ডুবর্ণ রক্তবিশিষ্ট শরীর বা ধাতু যাহার, রোগিবিশেষ।

Leve, *a.* Sax. উপযুক্ত, সন্তোষজনক, সুখদ, প্রিয়, এশব্দ Leef এবং Lief লেখা যায়, Lever শব্দন্যায় অর্থ জানিবে, তৎশব্দ দেখ।

To Leve, *v. a.* Sax. পূর্ব্বে believe শব্দ স্থানে লেখা যাইত।

Levee, *n. s.* Fr. দরবার, মজলিস, সভা উঠিবার সময়, গাত্রোত্থানের কাল, প্রধান কোন ব্যক্তির নিকট বহুজন প্রাতে যাইয়া উপস্থিতহওন বা ঘেরণ, বৈঠক।

Level, *a.* Sax. সমান, সম, উচ্চনীচতারহিত বা বর্জ্জিত, অন্য কোন দ্রব্যের সহিত সমান, একঢাল, চেটাল, একসমান, বরাবর, মাটামসহি, চৌরস।

To Level, *v. a.* একঢাল-কৃ, সমান-কৃ একসমান বা একসা-কৃ, উচানীচা সমান-কৃ, অন্য কোন দ্রব্যের সহিত উচ্চ বা নীচ সমান বা বরাবরি-কৃ, সমানাবস্থায়-আনী, ইতরবিশেষ বা ছোট বড় ভাবের বা অবস্থার সাম্য-কৃ, তাক-কৃ, যোজনা-কৃ, সন্ধান-কৃ, স্থির-কৃ, সমান ভাগ-কৃ, ঠিক-কৃ, সিধা-কৃ।

To Level, *v. n.* তাক, সন্ধান-কৃ, বন্দুক বা তীর লক্ষ বা সন্ধান-কৃ, অনুমান-কৃ, তর্ক-কৃ, চিন্ত, ভাব, বিবেচনা-কৃ, কোন চিহ্নের বা নিশ্চিত লক্ষ বা স্থানের সম্মুখে বরাবর থাক বা তন্মুখে বর্ত্ত, চেষ্টী বা উদ্যোগী-হ, অভিলাষ-কৃ ইতরবিশেষ বা প্রাধান্য নাশ-কৃ, সমান-কৃ, রাজী-হ, ঐক্য-হ।

Level, *n. s.* মাটাম সমান ভূমি, সমভূমি, চৌরসভূমি, মাট, সমদান, উচানীচারহিত, নিশ্চিত দর, নিরিখ পরিমাণ বা মূল্য, চলতি, চলন, উপযুক্ত যোগ্য বা হিসাবমত উচ্চতা, খই বা ভাস্করের অস্ত্রবিশেষ, কোন যন্ত্রের বা অস্ত্রের ধারা, নিয়ম, দাঁড়া, দস্তুর, তৌল, গঠন, অস্ত্র নিক্ষেপ বা লক্ষ, দৃষ্টির পথ বা রেখা।

Leveller, *n. s.* সমানকর্ত্তা, মাটামকর্ত্তা, মাটামদ্বারা মাপে যে, প্রাধান্যনাশক, শ্রেষ্ঠত্ব উত্তমতা বা উচ্চতার নাশকর্ত্তা, তাবৎ সমান বা একাবস্থায় আনিতে চেষ্টা করে যে ব্যক্তি।

Levelness, *n. s.* এক সমান ভাব বা অবস্থা, সমানত্ব, সাম্য, এক, ঢালুর ভাব, অনুচ্চনীচত্ব।

Leven, *n. s.* Fr. মাত, মাতিয়া উঠন, মাতন, মাতে যে দ্রব্য, রুটিতে মিশ্রিত করিলে ফাঁপে বা মাতে যে দ্রব্য, খমির, কোন বস্তুর আয়তন পরিমাণক ধর্ম্ম বা শক্তি বা স্বভাবপরিবর্ত্তন বা বদলকরণ ক্ষমতা।

Lever, *n. s.* Fr. কল যন্ত্রের অংশবিশেষ, উত্তোলন দণ্ড, চাড়া, ফিকনা, ঠেকো।

Lever, *a. leve*, *leef* কিম্বা *lief* শব্দের তর প্রত্যয়ান্ত বিশেষণবাচক, আরো সুখদ, অধিক ভালো ইত্যাদি বুঝায়।

Lever, *ad.* ক্রিয়ার বিশেষণবাচক, অব্যয় শব্দ, বরং, বরঞ্চ।

Leveret, *n. s.* Fr. খরগোসের বাচ্চা বা ছানা।

Levet, *n. s.* Fr. সেপাহিরদিগকে প্রাতে ঘরহইতে বাহির করিবার তুরীদ্বারা সঙ্কেত বা আহ্বান, তুরীতে ফুক দেওন।

Digitized by Google

Leverock, *n. s.* Sax. এশব্দ অদ্যাপি স্কটলণ্ডে ব্যবহৃত Lark শব্দ ন্যায় অর্থ করে, তৎশব্দ দেখ।

Leviable, *a.* মাথট বা নিরিখকরণীয়, জমা বা করেতে আনা যায় যাহা, কর ন্যায় স্থির বা নির্দ্দিষ্টকরণীয়।

Leviathan, *n. s.* ধর্ম্মপুস্তকে উক্ত জলজ জন্তুবিশেষ, কেহ২ ইহাকে কুম্ভীর অর্থ করেন, কিন্তু কাব্য শাস্ত্রে ইহাকে মকর মৎস্য কহে।

To **Levigate**, *v. a.* Lat. ঘর্ষণ-কৃ, ঘর্ষ, রগড়, পরিষ্কার-কৃ, সমান -কৃ, রেন্দা-কৃ, উচ্চনীচা কাটিয়া ছুলিয়া বা ঘর্ষাইয়া সমান-কৃ, নিষ্পিন্ন-কৃ, মর্দন পেষণ বা ঘর্ষণদ্বারা অতিনিষ্পিন্ন গুঁড়া-কৃ, সংমিশ্রণ-কৃ।

Levigate, *part. a.* অলঙ্কার শাস্ত্রে পরিষ্কার বা নিষ্পিন্ন ও লঘু কৃত অর্থ বুঝায়।

Levigation, *n. s.* ঘর্ষণ, রগড়ান, সমানকরণ।

Levitation, *n. s.* Lat. লঘুতা, লঘুতাকরণ।

Levite, *n. s.* Lat. লেবিসংজ্ঞক জাতীয় লোক, য়িহুদীরদিগের পুরোহিত কুলোদ্ভূত বা জাত ব্যক্তি, পুরোহিত বা পাদরি বলা যায়।

Levitical, *a.* পূর্ব্বোক্ত জাতীয় বা তৎসম্বন্ধীয়, য়িহুদী ধর্ম্মসংক্রান্ত যাজকীয়, পৌরোহিত্য।

Levitically, *ad.* পূর্ব্বোক্ত জাতির ন্যায় বা তদ্রীত্যনুসারে বা মতে।

Levity, *n. s.* Lat. হালকী, লঘুতা, কমওজন, অগুরুত্ব, অর্ব্বাচীনতা, বালকত্ব, চপলতা, চাঞ্চল্য, অস্থৈর্য্য, পরিবর্ত্তনীয়ত্ব, অনর্থকতা, মন বা চিত্তের অব্যবস্থিকতা, ভ্রান্তি সুখ, বৃথা অভিমান, আত্মশ্লাঘা, মিথ্যা, বৈয়র্থ্য।

To **Levy**, *v. a.* Fr. একত্র-কৃ, সংগ্রহ-কৃ, উৎপন্ন-কৃ, খাড়া-কৃ, জমা-কৃ, উঠা, উপস্থিত-কৃ, ঘটা।

Levy, *n. s.* মাথটকরণ, টাকা বা মনুষ্য জমা বা সংগ্রহকরণ, যুদ্ধ উপস্থিত, কৃতযুদ্ধ।

Lew, *a.* Dut. ফিকা, পাণ্ডুর, সিটা, মলিন, বিশ্রী, এতদ্ভিন্ন Lukewarm শব্দ দেখ তৎশব্দের ন্যায় অর্থ জানিবে।

Lewd, *a.* Sax. দুষ্ট, ভ্রষ্ট, পাপী, অপকৃষ্ট, মন্দ, খারাব, কদর্য্য, দুরাত্মা, লম্পট, গুণ্ডা, লুচ্চা, কামী, কামাতুর।

Lewdly, *ad.* অজ্ঞানতাপূর্ব্বক, মূর্খতারূপে, অবোধের ন্যায় হইয়া, নষ্টতা বা দুষ্টতাপূর্ব্বক, নষ্টামিরূপে, লোচ্চামি লটুয়ামি ভ্রষ্টামি বা কামাতুরত্বরূপে, কামাতুর হইয়া।

Lewdness, *n. s.* মূর্খতা, মূঢ়তা অজ্ঞানতা, অসভ্যতা, লজ্জাহীনত্ব, নির্লজ্জত্ব, দুরাচার, অপকর্ম্ম, দুষ্কর্ম্ম, মন্দকর্ম্ম, কুকর্ম্ম, কুকর্ম্মশীলতা, লাম্পট্য, লোচ্চামী, কামুকতা, নষ্টামী, ভ্রষ্টামী, দুষ্টামী, পূর্ব্বোক্ত কর্ম্মে প্রবৃত্তি রতি চেষ্টা বা ইচ্ছা।

Lewdster, *n. s.* ভ্রষ্ট, লোচ্চা, লম্পট, দুষ্কর্ম্মে রত ব্যক্তি।

Lewis d'or, *n. s.* Louis d'or শব্দ দেখ।

Lexicographer, *n. s.* Gr. অভিধানকর্ত্তা, শব্দকোষ লেখক বা প্রকাশক, শব্দের ব্যুৎপত্তি ব্যাখ্যাকর্ত্তা।

Lexicography, *n. s.* অভিধান বা শব্দ কোষকরণ বা তৎপ্রকরণ।

Lexicon, *n. s.* অভিধান, শব্দকোষ।

Ley, *n. s.* Lay বা Lee শব্দ দেখ, মাঠ, ময়দান, পশুর চরিবার স্থান।

Liability, *n. s.* আপদ্ ভবনীয়ত্ব, দায়িত্ব, অধীনত্ব।

Liable, *a.* দায়ী, আপদ্করণীয় বা ভবনীয়, অর্হ, যোগ্য, অধীন।

Liableness, *n. s.* অধীনতা, আপদনীয়ত্ব, দায়ীত্ব, যোগ্যতা।

Liar, *n. s.* অসত্যবাদী, মিথ্যাবাদী, অপ্রকৃত বা অযথার্থবাদী, ঝুটা, সত্যতাভাব, অনৃতাচারী।

Liard, *a.* Fr. শুভ্রকেশী, পাকাচুলা, বৃদ্ধ, ধূসরবর্ণ।

To **Lib**, *v. a.* Dut. খোজা-কৃ, খাসি-কৃ, দামড়া-কৃ।

Libation, *n. s.* Lat. তর্পণ, দেবতা বা পিতৃ লোকের উদ্দেশে জল বা মদ্য নিবেদন বা তদর্থে মৃত্তিকোপরি ক্ষিপ্ত মদ্য।

Libbard, *n. s.* Ger. ব্যাঘ্রবিশেষ, চিতাবাগ।

Libbards-bane, *n. s.* বিষবৃক্ষবিশেষ।

Libel, *n. s.* Lat. Fr. কুৎসা, অখ্যাতি, অপবাদ, কলঙ্ক, অসম্ভ্রম বা অখ্যাতিপ্রকাশক বা সূচক লেখন, আদালতে লিখিত তহমত বা অপবাদ, অপবাদপত্র।

To **Libel**, *v. n.* লিখনদ্বারা বা মুদ্রিত করিয়া অপবাদ প্রকাশ -কৃ।

To **Libel**, *v. a.* অপবাদ অখ্যাতি বা কুৎসা-কৃ, তহমৎ-দা, অপবাদ পত্র-লিখ বা প্রকাশ-কৃ।

Libeller, *n. s.* লিখনদ্বারা অপবাদ অখ্যাতি বা নিন্দা করে যে ব্যক্তি, তহমত অপবাদ বা অখ্যাতিপত্র লেখক বা প্রকাশক।

Libelling, *n. s.* অপবাদ নিন্দা বা অখ্যাতিকরণ বা তদর্থে লিখন

Libellous, *a.* অখ্যাতি বা অপবাদবিশিষ্ট বা জনক, কুৎসাকারী, তহমতী।

Liberal, *a.* Lat. মহৎ, ক্ষুদ্র নহে যে, জাতিতে বা জন্মে ছোট নহে যে, প্রধান, শ্রেষ্ঠ, ভদ্র, সদাশয়, মুক্তহস্ত, উদার, স্বচ্ছ, দানশীল, ভদ্রলোকোপযুক্ত, অকৃপণ, অকপট, অকাতর, খোলাসা বা সদভিপ্রায় যাহার, দাতা, যথেষ্ট, অপরিমিত, যথেষ্টাচারী, মনে যাহা আইসে তাহাই ভাল বোধ করিয়া চলে যে।

Liberality, *n. s.* দাতৃত্ব, দানশীলতা, মহত্ত্ব, স্বচ্ছতা, ঔদার্য্য, সদাশয়ত্ব, ভদ্রত্ব।

To **Liberalize**, *v. a.* দাতা-কৃ, ভদ্রলোকের ন্যায়-কৃ, দানশীল-কৃ, মুক্তহস্ত-কৃ, খোলাসা উদার বা অকৃপণ-কৃ, স্বচ্ছ-কৃ, ভদ্র সদাশয় বা মহৎ-কৃ।

Liberally, *ad.* দাতৃত্ব দানশীলতা বা মুক্ত হস্তরূপে, স্বচ্ছতা অকৃপণতা বা ঔদার্য্যপূর্ব্বক, অকাতরে, অপর্য্যাপ্তিরূপে, ভদ্রতা মহত্ত্ব বা শ্রেষ্ঠত্বরূপে, লাম্পট্য বা কামুকতারূপে।

To **Liberate**, *v. a.* Lat. মুক্ত-কৃ, খালাস-কৃ, উদ্ধার-কৃ, মোচন -কৃ।

Liberation, *n. s.* মুক্তকরণ, খালাসকরণ বা দেওন, বন্ধনহইতে মোচনকরণ, মুক্তি, খালাসী, ত্রাণ, উদ্ধার।

Liberator, *n. s.* ত্রাণকর্ত্তা, মুক্তিকর্ত্তা বা দাতা, বন্ধনহইতে মোচন বা উদ্ধারকর্ত্তা।

Libertinage, *n. s.* Fr. ইন্দ্রিয়ের বশতাপন্নতা, শারীরিক সুখেচ্ছা বা তদাকাঙ্ক্ষা, ইন্দ্রিয়সুখ বা তদ্ভোগ, লোচ্চামি, লাম্পট্য, কামুকত্ব।

Libertine, *n. s.* Fr. অবদ্ধ অনধীন খোলাসা স্বাধীন স্বেচ্ছাচারী বা অপরিমিতাচারী ব্যক্তি, ধর্ম্ম বা আইন বহির্ভূতাচারী, ধর্ম্ম মানে না যে ব্যক্তি, ইন্দ্রিয় সুখে মগ্ন, পাষণ্ড বা নাস্তিক বিশেষ, মুক্ত পুরুষ বা তৎপুত্র।

Libertine, *a.* রাঁড়বাজ, স্ত্রীপর, কামী, লোচ্চা, লম্পট, ভ্রষ্ট, অধার্ম্মিক, পাপী, নষ্ট, দুষ্ট, ভেকরা, শাস্ত্র বা ধর্ম্মবিহীন।

Libertinism, *n. s.* অধার্ম্মিকতা, অশাস্ত্রত্ব, শাস্ত্রবিহীনতা, শাস্ত্রবহির্ভূতাচরণ, ভ্রষ্টতা, নষ্টতা, দুষ্টতা, লুচ্চামী, লাম্পট্য।

Liberty, *n. s.* Fr. Lat. অনধীনত্ব, স্বাধীনতা, মুক্তি, দাসত্বরাহিত্য, দৌরাত্ম্য বা জুলম নাই যাহার বা যাহাতে, স্বেচ্ছাধীনত্ব, ক্ষমতা, অধিকার, নিষ্কৃতি, মুক্তি, ত্রাণ, উদ্ধার, বন্ধন মোচন, এক্তিয়ার, সাধারণ স্বার্থ বা অধিকার, অনুমতি, আজ্ঞা।

Libidinist, *n. s.* ইন্দ্রিয় বিষয়ে রত বা মগ্ন, রতার্থী, লোচ্চা, লম্পট, কামুক, লচো।

Digitized by Google

Libidinous, *a.* Lat. লম্পট, কামুক, কামাতুর, লোচ্চা, ইন্দ্রিয়সুখে রত বা মগ্ন।

Libidinously, *ad.* লোচ্চামি বা লচৌমিপূর্ব্বক, লটুআর মতে, কামুকতারূপে বা তৎপূর্ব্বক।

Libidinousness, *n. s.* কাম, ইন্দ্রিয়বিষয়ে রতি, লোচ্চামি, লটোমি, কামুকতা, ভ্রষ্টত্ব।

Libra. *n. s.* Lat. তুলারাশি, রাশি চক্রের সপ্তম স্থান, তুলা, তরাজু, নিক্তি।

Libral, *a.* Lat. একপৌণ্ড, প্রায় অর্দ্ধশের পরিমিত।

Librarian, *n. s.* Lat. পুস্তকাধ্যক্ষ, পুস্তকাগাররক্ষক, কেতাব নকল করে যে, পুস্তকহইতে আদর্শ করে যে।

Librarianship, *n. s.* পূর্ব্বোক্ত ব্যক্তির পদ কর্ম্ম বা অবস্থা।

Library, *n. s.* Fr. পুস্তকালয়, কেতাবের ঘর, পুস্তকাগার, পুস্তক সংগ্রহ।

To **Librate,** *v. a.* Lat. সমপরিমাণে-রক্ষ, তৌল-কৃ, ওজনে-রক্ষ, সমান-কৃ, সমান তুলে বা ওজনে-রক্ষ।

Libration, *n. s.* Lat. সমানাবস্থা, সমতুল্যতা, সমভাব, সমপরিমিতত্ব, সমান নিক্তিতে ওজন করণাবস্থা বা তদ্ভাব।

Libratory, *a.* সমান, সমান গতিশীল, নিক্তির সমান।

Lice, Louse শব্দের বহুবচনান্ত পদ, তৎশব্দ দেখ।

Licebane, *n. s.* বৃক্ষবিশেষ।

Licensable, *a.* বিশেষ আদালতের বা রাজসরকারের অনুমতি পরওয়ানা বা আজ্ঞার উপযুক্ত বা তদ্যোগ্য।

License, *n. s.* Lat. আজ্ঞা, অনুমতি, হুকুম, পরওয়ানা, ক্ষমতা।

To **License,** *v. a.* পরওয়ানা-দা, হুকুম-দা, আজ্ঞা বা অনুমতি -কৃ বা-দা।

Licenser, *n. s.* পরওয়ানা হুকুম, আজ্ঞা বা অনুমতিদাতা বা কর্ত্তা, ক্ষমতা বা হুকুম প্রকাশকর্ত্তা।

Licentiate, *n. s.* Lat. স্পানিয়া দেশে বিদ্যালয়ে পদ বা কর্ম্মবিশেষ, ডাক্তরেরদিগের চিকিৎসাব্যবসায় করণার্থে পরওয়ানা বা অনুমতিপত্র।

To **Licentiate,** *v. a.* Fr. হুকুম-দা, পরওয়ানা-দা, পরওয়ানা বা হুকুমদ্বারা ভরসা বা ঔৎসুক্য-জন্মা।

Licentious, *a.* শাস্ত্র বা লোকাচারবহির্ভূত, দেশের মত ছাড়া, অত্যাচারী, ব্যভিচারী, শাস্ত্র নিয়ম বা ধর্ম্মের রীতি বহির্ভূত বা তৎ শাসনাতিরিক্ত, কামী, কামাতুর, স্বতন্ত্র, অবাধ্য, ভাংপিটে, লম্পট।

Licentiously, *ad.* স্বাতন্ত্র্যে, নিতান্ত স্বাধীনতাপূর্ব্বক, স্বেচ্ছাপূর্ব্বক, যথার্থ বা বিহিত নিয়মাতিরিক্ত মতানুসারে।

Licentiousness, *n. s.* স্বাতন্ত্র্য, স্বেচ্ছা, লম্পটতা, লুচ্চামি, অবাধ্যতা, অসীমকক্ষমতা, অত্যাচার।

Lich, *n. s.* Sax. মড়া, শব, মৃতশরীর, Lichgate মড়া লইয়া যাইবার দ্বার বা পথ, Lichfield, *Staffordshire* প্রদেশে নগর বিশেষ, মড়ার স্থান।

Lichen, *n. s.* Fr. বৃক্ষবিশেষ।

Lichowl, *n. s.* পেচক পক্ষিবিশেষ, মূর্খ লোকেরা কহে যে এ পক্ষির ডাকের দ্বারা মৃত্যু জানা যায়, কালপেচা।

Licit, *a.* Lat. শাস্ত্র সম্মত বা সিদ্ধ, শাস্ত্রীয় রীতিজ, যথার্থ।

Licitly, *ad.* শাস্ত্রানুসারে, যথার্থে।

Licitness, *n. s.* শাস্ত্রীয়ত্ব, যাথার্থ্য, শাস্ত্রানুযায়িত্ব, শাস্ত্রসিদ্ধত্ব।

To **Lick,** *v. a.* Sax. চাট, লেহ, জিহ্বা-বুলা, জিহ্বাদ্বারা-খাদ বা ভক্ষণ-কৃ।

To **Lick** *up,* খাইয়া-ফেল।

Lick, *n. s.* ধৌতদ্রব্য, ধৌতজল, ধোয়ানি।

To **Lick,** *v. a.* Got. সচরাচর ব্যবহৃত শব্দ, মার, আঘাত-কৃ, পিট, ঠোক ইত্যাদি অর্থ জানিবে।

Lick, *n. s.* অবরভাষায় ঘা চোট বা মারণ বুঝায়।

Licker, *n. s.* চাটে যে, চাটিয়া লয় বা খায় যে।

Lickerish বা **Lickerous,** *a.* Sax. উত্তম ভোক্তা, সুখাদক, খোষ খোরাকী, আদেখিলিয়া, লালচী, লোভী, পেটুক, লোভ হয় যাহাতে বা যদ্দ্বারা, রোচক, সুৎরা, সুন্দর।

Lickerishness বা **Lickerousness** বা **Licorousness,** *n. s.* সুস্বাদু, সুখাদ্য দ্রব্য।

Lickerishly বা **Licorously,** *ad.* সুস্বাদে, সুখাদ্যরূপে, উত্তমস্বাদে বা তৎপূর্ব্বক।

Licorice, *n. s.* Ital. যষ্টিমধু।

Lictor, *n. s.* Lat. আদালতের জল্লাদ, কোড়াওয়ালা, প্রহার কর্ত্তা।

Lid, *n. s.* Sax. ঢাকন, ঢাকনী, ডালা, আচ্ছাদন, চক্ষুর পাতা।

Lie, *n. s.* Fr. কোন দ্রব্য অন্যেতে মিশ্রিত, ক্ষার, ক্ষারাণী।

Lie, *n. s.* Sax. অলীক, মিথ্যা, অনৃত, অসত্য, ঝুটা, মিথ্যা পরিবাদ।

To **Lie,** *v. n.* Sax. মিথ্যাবাক্য-রচ, মিথ্যাবাদ-কৃ, মিথ্যা-রচ বা -কথ, মিথ্যাবাদী-হ, মিথ্যা-দৃশ বা প্রকাশ-হ।

To **Lie,** *v. n.* Sax. শয়ন-কৃ, পড়িয়া-থাক, গড়িয়া-থাক, খাড়া হইয়া বা ঠেশ দিয়া-থাক, শুইয়া-থাক বা পড়, চাপিয়া-থাক, গোরে-রক্ষিত-হ, স্থিত-হ বা-থাক, শয্যাগত-হ, রোগ জন্য বিছানায় বা শয্যায় পড়িয়া-থাক, নিদ্রাবস্থায়-থাক, নিদ্রায় কাল কাট বা ক্ষেপ-কৃ, পাঠিত রক্ষিত বা অবস্থিত-হ, নিশ্চিত -থাক, স্থিত হইয়া-থাক, বাস-কৃ, বর্ত্ত, ঘাতে-পত, পীড়াদায়ক -হ, ক্লেশদ-হ, কালব্যাপক-হ, কোন বিশেষ অবস্থায়-থাক বা -রহ, লুকাইয়া-থাক, গুপ্ত বা অস্পষ্ট-থাক, কারাগারস্থ-হ, কারাগারে-থাক বা-গম, কএদ-হ, মন্দ বা দুরবস্থায়-থাক বা তদবস্থা প্রাপ্ত-হ, নিরাশ্রয়-হ, উপায়বিহীন-হ, শক্তি বা পরাক্রমে-আগম-বা পত, ব্যয়-হ বা-কৃ, খরচ-লাগ, খরচ-হ, আদালতে গ্রাহ্য -হ।

To **Lie** *at,* ব্যস্ত-কৃ, মিনতি-কৃ, ত্যক্ত-কৃ, বিরক্ত-কৃ, ব্যগ্র-হ।

To **Lie** *by,* থাক, রহ, পড়িয়া-থাক, স্থগিত-হ, নিঝুম-হ।

To **Lie** *down,* আলস্য-রাখ বা ত্যাগ-কৃ, শয়ন-কৃ, লোট, গোর -দা, পোত, গাড়।

To **Lie** *in,* প্রসব-হ, আঁতুড়ে-থাক, সূতিকাগারে-থাক।

To **Lie** *under,* বশীভূত-হ, অধীন-হ, উপদ্রবে-পত, ক্লিষ্ট-হ।

To **Lie** *upon,* আবশ্যক বা উচিত-হ, অবশ্যকর্ত্তব্য-হ।

To **Lie** *with,* একত্র সম্ভাষ বা আলাপ-কৃ, একত্র-থাক।

Lief, *ad.* স্বেচ্ছাধীনে, স্বেচ্ছাপূর্ব্বক, ইচ্ছানুসারে।

Liege, *a.* Fr. কবুলতিপত্র বা ইজারার অধীন, ইজারায় বদ্ধ, রাইয়ত, প্রজা, ভূপতি, অধিপ।

Liege, *n. s.* রাজা, সম্রাট, অধিরাজ।

Lieger, *n. s.* স্থায়ী বা বসিন্দা, উকিল বা রাজদূত।

Lien, *To* **Lie,** ধাতুর কৃদন্তপদ, স্থিত।

Lienterick, *a.* পূর্ব্বোক্ত রোগ সম্বন্ধীয় বা তদ্বিষয়ক।

Lientery, *n. s.* উদরাময়বিশেষ, যাহাতে অন্নাদি আহার করিবামাত্র তদন্ন অবিকল নির্গত হয়।

Lier, *n. s.* শুইয়া গড়িয়া বা পড়িয়া থাকে যে, আরাম করে যে, লুকাইয়া বা পলাইয়া থাকে যে।

Lieu, *n. s.* Fr. স্থান, ঠাঁই In *lieu* বদলে, পরিবর্ত্তে, এওজে।

Digitized by Google

Lieve, *ad.* Lief শব্দ দেখ স্বেচ্ছাপূর্ব্বক, ইচ্ছা করিয়া।

Lieutenancy, *n. s.* লেপ্টনসংজ্ঞক উপাধিবিশিষ্ট ব্যক্তির পদ কর্ম্ম বা অবস্থা, নায়েবী যুদ্ধ পদবিশেষ।

Lieutenant, *n. s.* Fr. প্রতিনিধি, নায়েব, অন্যকর্তৃক দত্ত ক্ষমতায় কর্ম্ম করে যে, কাপ্তানসংজ্ঞক যোদ্ধৃর কনিষ্ঠ সেনা পদবিশেষ লেপ্টন ইতি প্রসিদ্ধ সংজ্ঞা জানিবে, যুদ্ধে কোন সেনাপতির কনিষ্ঠ পদস্থ, যথা Lieutenant Colonel, Lieutenant General.

Lieutenantship, *n. s.* পূর্ব্বোক্ত ব্যক্তির পদ অবস্থা বা ভাব।

Life, *n. s.* Sax. জীব, প্রাণ, জীবন, চৈতন্য, জীবদ্দশা, শরীরে প্রাণের সংযোগ, ভোগ শরীর, আয়ু, পরমায়ু, বাঁচন, বাঁচিয়া থাকন, রক্ত অর্থাৎ জীবন রক্ষা হয় যদ্দ্বারা, শরীর ধারণে আচার ব্যবহার বা কর্ম্ম, ধর্ম্ম বা অধর্ম্ম পথে থাকন, সুখ বা দুঃখাবস্থা, জীবিতবান্ মূর্ত্তি বা আকার, অবিকল, সাদৃশ্য রূপ, মনুষ্যের সাধারণাবস্থা, মনুষ্যের ক্রিয়া কর্ম্ম ঘটনা বা গতি, জীবিতবান্ ব্যক্তি, মৃত বা গত জন্মের উপাখ্যান বা বিবরণ, তেজঃ, প্রভা, লাবণ্য, প্রতিভা, প্রাণধারক বস্তু, জীবনমূলক বস্তু, এশব্দ জন্য বস্তু সম্বন্ধমাত্রেই ব্যবহার হয়।

Lifeblood, *n. s.* প্রাণধারক বস্তু, জীবনমূলক বস্তু, অর্থাৎ রক্ত বা তেজঃ।

Lifeblood, *a.* প্রাণধারক, প্রাণোপযোগী।

Lifeeverlasting, *n. s.* ক্ষুদ্র বৃক্ষবিশেষ।

Lifegiving, *a.* প্রাণ বা জীবনদাতা, প্রাণদানক্ষম।

Lifeguard, *n. s.* রাজশরীর রক্ষার্থে সেনা বা নেগাবান বা চৌকী।

Lifeless, *a.* Sax. নির্জ্জীব, মৃত, জীবনহীন বা রহিত, অচেতন, বেদম, প্রাণহীন, শক্তি বল বা সাহসহীন, প্রভাহীন।

Lifelessly, *ad.* নির্জ্জীবনপূর্ব্বক, অচেতনপূর্ব্বক, জড় বা মৃতের ন্যায় হইয়া।

Lifelike, *a.* সজীবের ন্যায়, জীবিতপ্রায়।

Lifestring, *n. s.* শিরাবিশেষ, রগ, জীবনরজ্জু।

Lifetime, *n. s.* জীবিতকাল, জীবদ্দশা, আয়ুঃসত্তে।

Lifeweary, *a.* দুঃখী, অভাগা, জীবনে বিরক্ত, বাঁচিতে অনিচ্ছু, জীবিতে উৎসাহ নাহি যাহার, উদাস।

To **Lift**, *v. a.* উচ্চে-তোল, ভূমিহইতে-উঠা বা-তোল, উচ্চ বা ঊর্দ্ধ-কৃ, বুদ্ধি বা মনকে বড় বা শ্রেষ্ঠ-কৃ, অপহরণ-কৃ, লুঠ-কৃ, কাড়িয়া-নী, মহৎ-কৃ, জ্ঞানবৃদ্ধি-কৃ, ধনবান্-কৃ, ঐশ্বর্য্যবৃদ্ধি-কৃ, বড় মানুষ-কৃ, ঐশ্বর্য্য শালী-কৃ, মান্যতাবৃদ্ধি-কৃ, মানবৃদ্ধি-কৃ, সম্ভ্রম মর্য্যাদা বা পদ বৃদ্ধি-কৃ, ফুলা, অহঙ্কারে ফুল বৃদ্ধি-কৃ।

To **Lift**, *v. n.* ঠেলিয়া তুলিতে চেষ্টা-কৃ, ঠেলাঠেলি-কৃ, চুরিবৃত্তি-কৃ।

Lift, *n. s.* উঠাইবার রীতি ধারা বা রকম, উচ্চকরণ, তোলন, চেষ্টা, উদ্যোগ, পরিশ্রম, Lifts ইচ্ছামত পাইল উঠাইবার বা নামাইবার রসা বা দড়ি।

Lifter, *n. s.* উত্তোলনকর্ত্তা, উচ্চকারক, ঠেকো দিয়া উঠায় বা তোলে যে ব্যক্তি, চোর, অপহারক।

Lifting, *n. s.* উঠান, তোলন, উচ্চকরণ।

To **Lig**, *v. n.* Dut. পড়িয়া-থাক, শুইয়া-থাক, গড়া, বিশ্রাম-কৃ।

Ligament, *n. s.* Lat. মাংসময় শিরাবিশেষ, শৃঙ্খলবন্ধনী বা আটক যদ্দ্বারা অস্থি মাংস একত্র সংযোগ হয়, শরীরাঙ্গ একত্র বা সংলগ্নকারক গ্রন্থিবিশেষ।

Ligamental বা **Ligamentous**, *a.* পূর্ব্বোক্ত শরীরাঙ্গ বা বন্ধনী নির্ম্মিত বা তন্ময়, তদ্বিষয়ক বা তৎসম্বন্ধীয়।

Ligation, *n. s.* Lat. বন্ধনকরণ, বন্ধনাবস্থা।

Ligature, *n. s.* Lat. বন্ধনী, পেটী, পেঁচ, বন্ধনকরণ, বন্ধনাবস্থা ছিন্ন, নাড্যাদি বন্ধনার্থে রজ্জু।

Light, *n. s.* Sax. আলোক, দীপ্তি, ছটা, তেজ, দৃষ্টি, নজর, চক্ষু, চক্ষুরিন্দ্রিয়, দর্শনশক্তি, দিন, দিবা, জীবন, জীব, প্রাণ, রোশনাই, অলীক দীপ্তি বা আলোক, জ্ঞানপ্রভা, জ্ঞান, শিক্ষা, বিদ্যা, ছবির যে অংশে উজ্জ্বল রং দেওয়া যায়, বুদ্ধি বা জ্ঞানের গতি বা সীমা, বুদ্ধি বা জ্ঞানের গোচর, আলোদিগ বা দেশ, আলো আইসে যে দিগহইতে, সাধারণ দৃষ্টি, সর্ব্ব গোচর, প্রকাশ, ব্যক্ততা, স্পষ্টতা, সাধারণ লোক, অর্থ, ব্যাখ্যা, বাতি, প্রদীপ, মসাল।

Light, *a.* Sax. লঘু, হালকা, নির্ভার, অনায়াসে অল্পে বা অক্লেশে পরিধান বহন করা যায় যাহা বা উঠান বা তোলা যায় যাহা, অক্লেশদ, সহ্য, অকঠিন, সোজা, সামান্য, অদুঃসাধ্য, অল্পাস্ত্রধারী চালাক, ক্ষিপ্র, চট্‌পটে, খোলাসা, পরিষ্কার, পাতলা, অঘন, সূক্ষ্ম, নিরুৎপাত, নির্জ্জাল, নরম, অদৃঢ়, অস্থির, চঞ্চল, খোলা, আলগা, আহ্লাদে, ফুলবাবু, ছেপলা, অর্ব্বাচীন, লম্পট, সাদা, শুভ্র, স্বচ্ছ।

Light, *ad.* অল্পে, হালকি করিয়া, ওয়ারা বা সুমূল্যে, অনায়াসে, সহজে।

To **Light**, *v. a.* আলোক-কৃ, জ্বালা, রোশনী-কৃ, উজ্জ্বল-কৃ, অগ্নি-দা, অগ্নি-লাগা, হালকা-কৃ, ভারের লাঘব-কৃ, *To* give light to, আলো-দর্শা, উজ্জ্বল-কৃ, আলোকময়-কৃ।

To **Light**, *v. n.* দৈবাৎ-মিল পত বা-দৃশ, অকস্মাৎ-ঘট, ধাক্কা-লাগ, কোনদিগে-পত, উত্তীর্ণ-হ, নাম, ঘোড়া বা যানহইতে অধোগম, স্থির-হ, খাড়া-হ।

Light-armed, *a.* অল্পাস্ত্রধারী, বহু অস্ত্র নাই যাহার সঙ্গে।

Light-bearer, *n. s.* মসালচি, মসাল ধরে যে, মসালবরদার।

Lightbrain, *n. s.* মূর্খ, অল্পবুদ্ধি, বেঅকুপ।

To **Lighten**, *v. n.* Sax. বিজলীর আলোকদ্বারা চাকচিক্য-হ বা দৃশ, ছটা-পত, বিজলীর আল দশ-হ বা-পত, নাম, উত্তীর্ণ-হ।

To **Lighten**, *v. a.* Sax. আলোক-কৃ, উজ্জ্বল-কৃ, হালকী-কৃ, নিবারণ-কৃ, ভার অল্প বা মুক্ত-কৃ খালাস-কৃ, মুক্ত-কৃ, তুষ্টি-কৃ, আমোদিত-কৃ, সাবাশী-দা, বাহোবা-দা, আহ্লাদ-কৃ।

Lighter, *n. s.* Sax. নৌকাবিশেষ, দাঁড়ওয়ালা নৌকা, গোধাড়া, নৌকা, আলো করে যে, আলো হয় যাহাহইতে বা আইসে যদ্দ্বারা তদ্বস্তু বা বিষয়।

Lighterman, *n. s.* পূর্ব্বোক্ত নৌকাবাহক নাবিক বা তাহা চালায় যে ব্যক্তি।

Lightfingered, *a.* ক্ষিপ্র হস্ত চলে যাহার, হাত চলিয়াছে যাহার, চোর, জুয়াচোর, দুষ্কর্ম্মান্বিত।

Lightfoot, *a.* দ্রুতগন্তা, দ্রুত বা ক্ষিপ্র চলে, দৌড়ে বা নৃত্য করে যে, চালাক ব্যক্তি।

Lightfoot, *n. s.* ইতর ভাষায় হরিণের মাংস বা সীকার বুঝায়।

Lightfooted, *a.* দ্রুতগামী, শীঘ্র চলে যে, দ্রুতসর, শীঘ্রকর্ম্মা, বেগগামী।

Lightheaded, *a.* চিন্তারহিত, বেপরওয়া, জ্ঞান চিন্তা বিবেচনা বা ভাবনা নাই যাহার, নির্ব্বোধ, অস্থির, প্রলাপী, ভ্রান্তমনা, ক্ষিপ্তমনা, ক্ষিপ্ত, বাতুল, পীড়াকর্তৃক ভ্রান্তমনা।

Lightheadedness, *n. s.* ক্ষিপ্তত্ব, পাগলামী, উন্মত্ততা, প্রলাপ, অজ্ঞানতা চিত্তের ভ্রান্তি, মনের বৈকল্য বা অস্থিরতা।

Lighthearted, *a.* রসিক, রঙ্গিলা, আমোদী, আহ্লাদে, খোয় মেজাজী, প্রসন্ন, প্রফুল্ল, আহ্লাদিত।

Light-house, *n. s.* গৃহবিশেষ, উচ্চস্থানে কৃত বা গুথিত ঘর যাহার উপর আলোক রাখা যায়, আর ঐ আলোক দর্শনে জাহা

Digitized by Google

জের গতি নির্ব্বাহ করে, জাহাজের যুগমন্নাগমনার্থে মৃত্তিকায় স্থাপিত উচ্চদীপ গৃহ।

Lightlegged, *a.* দ্রুতগামী, ক্ষিপ্র, চালাক, সত্বর, বেগী।

Lightless, *a.* অনালোক, অন্ধকার, অনলরহিত, উজ্জ্বল বা দীপ্তি শূন্য।

Lightly, *ad.* অনর্থকে, হালকি করিয়া, সহজে, অনায়াসে, বিনা উৎপাতে, অবশ্য, নিস্কারণে, বিনা শোকে দুঃখে বা ক্লেশে, আহ্লাদ পূর্ব্বক, প্রফুল্লতারূপে, অশুদ্ধতারূপে, দুষ্কর্ম্মে, জল্‌দি, তাড়াতাড়ি, দ্রুতরূপে, বিনাগৌণে, ক্ষিপ্র হইয়া।

Lightminded, *a.* অস্থির বা ক্ষুদ্রমনাঃ, অল্পজ্ঞানী, চঞ্চল, চপল।

Lightness, *n. s.* লাঘব, ওজনহালকী, লঘুতা, কমওজন, অগাম্ভীর্য্য, বারহালকী, চঞ্চলতা, অস্থিরতা, বুদ্ধির অর্ব্বাচীনতা বা তারল্য, অব্যবস্থিততা, ছেফলামি, ব্যভিচার, অসতীত্ব।

Lightning, *n. s.* সৌদামিনী, তড়িৎ, বিদ্যুৎ, লাঘবকরণ, খাট করণ, অল্পকরণ, কমান।

Lights, *n. s.* ফুস্‌ফুস, ফেপড়া, ফোপসা, শ্বাসেন্দ্রিয়।

Lightsome, *a.* উজ্জ্বল, দীপ্তিমান্, প্রকাশমান, অন্ধকার বা কাল নহে যাহা, জ্যোতির্ম্ময়, আলোকশূন্য নহে যাহা, আহ্লাদ, আমোদ, খোসমেজাজী, খোসপোশাকী, রসিক।

Lightsomeness, *n. s.* জ্যোতির্ম্ময়ত্ব, উজ্জ্বলত্ব, অঘোরত্ব, দীপ্তিমত্তা, প্রকাশমানতা, অন্ধকারশূন্যতা, আহ্লাদ, খুসী, আমোদ, রসিকতা, হৃষ্টতা, সন্তুষ্টতা।

Lignaloes, *n. s.* Lat. অগুরু, কাষ্ঠ।

Ligneous, *a.* Lat. কাষ্ঠনির্ম্মিত, কেঠো, কাষ্ঠবৎ, কাষ্ঠময়, কাষ্ঠের ন্যায়।

Lignous, *a.* Lat. কাষ্ঠধর্ম্মক, কাষ্ঠবদাকার, কাষ্ঠাকার।

Lignumvitæ, *n. s.* Lat. শক্ত বা কঠিন কাষ্ঠবিশেষ।

Ligure, *n. s.* মণিবিশেষ, বহুমূল্যক প্রস্তর বা রত্নবিশেষ।

Like, বিশেষণার্থক প্রত্যয়বিশেষ, তুল্য, রূপ বা ধর্ম্মক বুঝায়, যথা *Heaven*like, *Earth*like, *God*like ইত্যাদি।

Like, *a.* Sax. সম, সদৃশ, মত, ন্যায়, সরূপ, সমান, তুল্য, অবিশেষ, অনুরূপ, বরাবর, মাফিক, একভাবাপন্ন, সম্ভব, প্রত্যয়িতব্য, বিশ্বসনীয়, প্রত্যয় হইতে পারে যাহা, সম্ভাবনীয়।

Like, *n. s.* অনুরূপ, সাদৃশ্য, তুল্যত্ব, উপমা, একাকৃতি, নকল, সম তুল্য ব্যক্তি বা বস্তু।

Like, *ad.* একই প্রকারে, সেই প্রকারে, তদ্রূপে, যোগ্য বা উপযুক্তরূপে, সম্ভাবনাপূর্ব্বক, ঐ প্রকারে, একিমতে, স্বরূপেতে, প্রায়ে, বুঝি।

To **Like,** *v. a.* Sax. পসন্দ-কৃ, চাহ, বাঞ্ছা-কৃ, মনোনীত-কৃ, মঞ্জুর-কৃ, আদরপূর্ব্বক-দৃশ।

To **Like,** *v. n.* তুষ্ট-হ, খুসী-হ, মঞ্জুর বা মনোনীত-হ।

Likelihood বা **Likeliness,** *n. s.* অনুরূপ, সাদৃশ্য, তুল্যত্ব, সম্ভবনীয়ত্ব, একপ্রকার ভাব বা রূপ, তুল্যরূপ আকার বা গঠন।

Likely, *a.* পসন্দের যোগ্য বা তদুপযুক্ত, অনুরাগ হইতে পারে যাহাতে, তুষ্ট হওন বা করণযোগ্য, সম্ভব্য, হইতে পারে যাহা, প্রত্যয়িতব্য, প্রত্যয়ের সম্ভাবনা বা কারণ আছে যাহাতে।

Likely, *ad.* সম্ভবে, প্রামাণ্যরূপে, ভবিতব্যতারূপে, সত্যরূপে, প্রকৃতরূপে।

To **Liken,** *v. a.* তুল্য-কৃ, সদৃশ-কৃ, মিলা, উপমা বা দৃষ্টান্ত-দা।

Likeness, *n. s.* Sax. সাদৃশ্য, মূর্ত্তি, আকৃতি, ছাঁচ, উপমা, অনুরূপ, চিহ্ন, আকার, একাকার, প্রতিমূর্ত্তি, প্রতিমা, নকল, তুল্যত্ব, ডৌল, গঠন, দৃশ্য, রূপ, অবয়ব, অন্যের ন্যায় দেখায় যে বস্তু।

Likewise, *ad.* তদ্রূপে, সেই প্রকারে, এতদ্ভিন্ন, আর, এবং, পুনঃ, এবঞ্চ, অন্যচ্চ, অপিচ, অপিতু।

Liking, *a.* হৃষ্ট, পুষ্ট, স্থূল, মোটা।

Liking, *n. s.* শরীরের স্বাচ্ছন্দ্য বা উত্তমাবস্থা, হৃষ্টপুষ্টতা, স্থূলতা, পরীক্ষা বা বিচারাবস্থা, আহ্লাদ, খুসী, বাসনা, ইচ্ছা, অভিলাষ, মন, কামনা, অনুরাগ, পসন্দ।

Lilach, *n. s.* Fr. বৃক্ষবিশেষ।

To **Lill,** *v. a.* জিহ্বার কার্য্যবিশেষ, জিহ্বা লকলক-কৃ, জিহ্বা নির্গত বা বাহির-কৃ, এতদ্ভিন্ন *To* Loll শব্দ দেখ।

Lillied, *a.* শৌশন বা পদ্ম পুষ্পেভূষিত বা তদ্দ্বারা শোভিত।

Lily, *n. s.* Lat. কস্তুরী পুষ্প বা তদ্বৃক্ষ, শৌশন পুষ্প।

Lily-daffodil, *n. s.* পুষ্পবিশেষ।

Lilyhanded, *a.* পদ্মহস্তা, কস্তুরী পুষ্পের ন্যায় শ্বেত শুভবর্ণ বা শাদা হস্ত যাহার।

Lily-hyacinth, *n. s.* এক প্রকার পুষ্পবৃক্ষ।

Lily *of the valley,* বা *May lily,* *n. s.* পুষ্পবিশেষ।

Lilylivered, *a.* ভীত, অসাহসিক, সাহস বা ভরসাহীন, অভরসাট্যা।

To **Lilt,** *v. n.* গুণবত্তা বিজ্ঞতা দক্ষতা বা ক্ষিপ্রতাপূর্ব্বক কোন কর্ম্ম-হ বা-কৃ, উত্তমরূপে গান-কৃ, উত্তম ভঙ্গিদ্বারা নৃত্য-কৃ।

Limature, *n. s.* Lat. কোন ধাতুচূর্ণ, উখারগুড়া।

Limb, *n. s.* Sax. হস্ত পদাদি অঙ্গ, শরীরের যে কোন ভাগ গ্রন্থি বা জোড়ের দ্বারা বদ্ধ থাকে, বেড়া, কিনারা, ধার।

To **Limb,** *v. a.* হস্ত পাদাদি বসাইয়া-দা, অঙ্গহীন-কৃ, হস্ত পাদাদি স্বতন্ত্র বা জুদাং-কৃ, ছিন্দ বা-কাট, অঙ্গচ্ছেদ-কৃ।

Limbeck, *n. s.* চোয়ান পাত্র, জ্বাল দিবার পাত্রবিশেষ।

To **Limbeck,** *v. a.* চুয়া, চোয়ান যন্ত্রের দ্বারা-ছাঁক বা-ক্ষরা বা নির্গত-কৃ।

Limbed, *a.* হস্ত পাদাদিবিশিষ্ট, শরীরী, অবয়বী।

Limber, *a.* Dan. নমনশীল, শীঘ্র নোয়ে যাহা, অনায়াসে নোয়ান যাইতে পারে যাহা, লচকা, নরম।

Limberness, *n. s.* নমনশীলতা, নম্যতা, নমনীয়তা।

Limbers, *n. s.* Icel. গাড়ীর বম, তীর, দুই চাকার যুক্ত গাড়ী বিশেষ।

Limber-holes, জাহাজের তলার জল উঠাইয়া ফেলিবার কাষ্ঠের ভিতর ফুকর বা ছিদ্রবিশেষ, এতদ্ভিন্ন Limmer শব্দ দেখ।

Limbless, *a.* Sax. অবয়বরহিত, হস্ত পদাদিহীন, নিরবয়বী।

Limbmeal, *ad.* খণ্ডং, টুকরাং।

Limbo বা **Limbus,** *n. s.* নরক, কারা, নরকের নিকটবর্ত্তি দেশ বিশেষ, যেখানে সুখ দুঃখ দুয়েরি অভাব, এশব্দ সামান্যতো নরককে বুঝায়, দুঃখ বা ক্লেশ বা বন্ধনস্থান।

Lime, *n. s.* Sax. চুন, আটা।

Lime *Tree,* or **Linden,** *n. s.* Sax. বৃক্ষবিশেষ, লেবু, জম্বীর বৃক্ষ বা তাহার ফল, লেবু বৃক্ষ।

To **Lime,** *v. a.* Sax. জড়া, আটকা, বদ্ধ-কৃ, উৎপাতে-ফেল, ফাঁদে-ফেল, চূণ-মাখা, জোড়া-দা, চূণকাম-কৃ, কলি-দা চুনদ্বারা ভূমি সার-কৃ, মৃত্তিকাতে চুন-দা।

Limeburner, *n. s.* চূণরি প্রস্তর পোড়াইয়া চূণ করে যে ব্যক্তি

Limehound, *n. s.* বৃহৎশীকারী কুকুরবিশেষ, যদ্দ্বারা বন্যশূকর শীকার হয়।

Limekiln, *n. s.* চূণের পয়ন বা ভাটী, পাথর পোড়াইয়া চূণ করিবার ভাটী।

Digitized by Google

Limestone, *n. s.* প্রস্তরবিশেষ যাহা পোড়াইয়া চূণ করা যায়, চূণের পাথর।

Lime-twig, পক্ষি ধরিবার আটাবিশেষ।

Limetwigged, *a.* আটা মাখান, চূণ মাখান, চূণে লিপ্ত, ধরিবার বা ফাঁদে ফেলিবার নিমিত্তে প্রস্তুত হইয়াছে যাহা।

Lime-water, *n. s.* ঔষধিবিশেষ, চূণের জল।

Limit, *n. s.* Fr. অন্ত, শেষ, আখের, হদ্দ, সমাপ্তি, সীমা, সীমানা, কিনারা, অবধি, সরহদ্দ, ধারপর্য্যন্ত।

To **Limit**, *v. a.* Fr. সীমা-দা, সীমা-কৃ, আলি-দা, সীমাদ্বারা বদ্ধ -কৃ, আটক-কৃ, চৌহদ্দি-কৃ।

Limitaneous, *a.* সীমা বা সরহদ্দবিষয়ক বা তৎসম্বন্ধীয়।

Limitary, *a.* রক্ষক বা চৌকীদারের ন্যায়, সীমায় বা অন্তে স্থিত, সীমাবর্ত্তি, অন্তস্থায়ী, সীমাস্থায়ী।

Limitation, *n. s.* Lat. বাধকতা, আটক, বন্ধ, বন্দেজ, সীমা, সর হদ্দ, নিশ্চিত বা নিরূপিত কাল, ফকীরেরদের ভিক্ষা করিবার নিরূপিত স্থান, রোমান মতে পারমার্থিক লোক বিষয়ে স্থান অধিকার বা হদ্দা।

Limitedly, *ad.* সীমাপূর্ব্বক।

Limiter, *n. s.* সীমাকর্ত্তা, বন্দেজকর্ত্তা, অন্ত বা সরহদ্দকারী।

Limitless, *a.* অসীমক, সীমারহিত, সীমাবর্জ্জিত, অন্ত বা পরিমাণ রহিত, অনন্ত, অপরিমিত।

Limmer, *n. s.* Fr. শীকারী কুকুরবিশেষ, এতদ্ভিন্ন Limbers শব্দ দেখ।

To **Limn**, *v. a.* Fr. অঙ্ক, চিত্র-কৃ, ছবি-তুল, তসবির-আঁক।

Limner, *n. s.* চিত্রকর, ছবিওয়ালা, পটুয়া, ছবিলেখক।

Limous, *a.* Lat. কর্দ্দমময়, কাদাটিয়া, ঘোলা, কাদায় পরিপূর্ণ, পেঁকো, এটলো, পেছলা।

To **Limp**, *v. n.* Sax. যাইতেং গমনের বিরাম-কৃ, খাম, খোঁড়াও, নেংচাও, নেংড়াও, ন্যাংচাইয়া-হাঁট বা-চল, একপ্রকার নৃত্য।

Limp, *n. s.* গমনে বিরাম, স্থিতি, স্থগিতহওন, নেংচান, খোঁ ড়ান।

Limper, *n. s.* খোঁড়া, নেংচাইয়া চলে যে।

Limpet, *n. s.* শম্বুকবিশেষ।

Limpid, *a.* Lat. নির্ম্মল, পরিষ্কার, সাফ, উজ্জ্বল, শুদ্ধ, স্ফটিকবৎ শুভ্র, চাকচিক্যশালী, স্বচ্ছ।

Limpidness, *n. s.* পরিষ্কৃততা, সাফাই, নৈর্ম্মল্য, শুদ্ধতা, শুভ্রতা, ঔজ্জ্বল্য, চাকচিক্যশালিত্ব।

Limpingly, *ad.* খোঁড়াইয়া, নেংচাইয়া, খোঁড়ানি বা নেংচানি পূর্ব্বক।

Limpitude, *n. s.* Lat. পরিষ্কারতা, সাফাই, নির্ম্মলতা, শুভ্রতা, ঔ জ্জ্বল্য, স্বচ্ছতা, চাকচিক্যশালিত্ব।

Limy, *a.* আটালু, আটাবৎ, চটচটিয়া, আটাময়, চূণে ভরা, চূণ ময়।

To **Lin**, *v. n.* Icel. দা, ছাড়িয়া-দা, রাজি-হ, কবুল-হ, স্বীকার-কৃ বা-হ, নিবৃত্ত-হ, ত্যাগ-কৃ।

Linchpin, *n. s.* Sax. গাড়ীর চাকার খিল বা চাবি বা আটকাই বার মেক, গোঁজ বা লৌহশলাকাবিশেষ।

Lincoln Green, *n. s.* নীলকলননামক দেশে জাত একপ্রকার কাপ ড়ের রং বা বর্ণ।

Lincture, *n. s.* Lat. লেহ্য ঔষধি, জিহ্বাদিয়া চাটিয়া খাইতে হয় যে ঔষধি।

Linctus, *n. s.* তথা।

Lind বা **Linden**, *n. s.* Sax. লেবুর গাছ, জম্বীর বৃক্ষ, Lime শব্দ দেখ।

Line, *n. s.* Lat. পংক্তি, পাঁইত, পাঁতি, ছত্র, শ্রেণী, রজ্জু, দড়ি, তো রি, রসী, সূক্ষ্মরজ্জু, ইলেক, রেখা, হস্তে বা মুখের আঁক বা দাগ, করকোষ্ঠী, আদরা, পদ, শ্লোক, কবিতা, যোদ্ধার পদ, খাই, ধারা, নিয়ম, রীতি, বিস্তার, সীমা, সরহদ্দ, বিষুবরেখা রেখা পুত্র, সন্তান, বংশ, কুল, গোষ্ঠী, অনুনয়, এক বুরুলের দশাংশ, চিটী, লিপি, সন।

To **Line**, *v. a.* অন্ত্র-দা-বা লাগা, ভিতরে-দা, ভিতরে-ভর, রক্ষা -কৃ, খবরদারি-কৃ, ভিতরে কাযের দ্বারা মজবুত-কৃ, কোমল বা নরম বস্তুর দ্বারা আচ্ছাদন-কৃ বা-ঢাক, দোমড়া, দ্বিগুণ-কৃ, দৃঢ়-কৃ, যোড়া-দা বা লাগা, গর্ভাধান-কৃ, পাল-দা।

Lineage, *n. s.* Fr. কুল, গোষ্ঠী, গোত্র, বংশ, সন্তান, পরিবার, পূর্ব্বতন বা অধস্তন সন্তান।

Lineal, *a.* Lat. রেখাময়, রেখাবিশিষ্ট, অঙ্কিত, আঁকা, গোত্রজ, কুলোদ্ভব, কুলজ, বংশজ, বংশীয়, পৈতৃক।

Lineally, *ad.* বংশানুক্রমে, গোত্রানুক্রমে, সমান পংক্তিতে, সি দে, সোজা।

Lineament, *n. s.* Fr. মুখশ্রী, মুখ, চেহারা, আকৃতি, আকৃতির চিহ্ন বা নিদর্শন।

Linear, *a.* Lat. রেখাবৎ, রেখাতে নির্ম্মিত, রেখাময়, রেখাকার, দাঁড়ির ন্যায় বা মত।

Lineation, *n. s.* Lat. পাঁতি, টানা রেখা বা আঁক।

Linen, *n. s.* Sax. সূতী, সূতার কাপড়, বস্ত্র, বসন, বাস, কাপড়।

Linen, *a.* Lat. সূত্রে নির্ম্মিত, সূত্রবৎ, সূত্রবস্ত্রে নির্ম্মিত, মসিনা নি র্ম্মিত।

Linendraper, *n. s.* বস্ত্রব্যবসায়ী, কাপুড়্যা, জুগী, জোলা, তাঁতী, তন্ত্র বায়।

Linener বা **Linen-man**, *n. s.* কাপুড়্যা, জুগী, তাঁতী, জোলা, বস্ত্রব্যব সায়ী, তন্ত্রবায়।

Ling, শব্দের অন্তে প্রত্যয়বিশেষ, হ্রাস বা অল্পতা বুঝায়, যথা *Kit*ling, *First*ling.

Ling, *n. s.* Icel. সমুদ্রীয় মৎস্যবিশেষ।

To **Linger**, *v. n.* Sax. চিররোগী-হ, রোগে জরা-হ, রুগ্ন-হ, বহু কাল যন্ত্রণা-প্রাপ, ভাব, দ্বৈধ-কৃ, সন্দেহ-থাক, চিন্তা-কৃ, গৌণ-কৃ, দেরি-কৃ, বিলম্ব-কৃ, সন্দেহ-কৃ, বিচার-কৃ, বহুকাল প্রত্যাশা বা অনিশ্চিতাবস্থায়-থাক বা-রহ, ফল জন্মাইতে দেরি বা গৌণ -কৃ।

Lingerer, *n. s.* বিলম্ব করে যে, দীর্ঘসূত্র, রোগে জীর্ণ ব্যক্তি, বহু কালস্থায়ী বা রোগী, ঢিলে ব্যক্তি, কুড়ে।

Lingering, *n. s.* বিলম্ব, গৌণ, দেরি, দীর্ঘসূত্রতা।

Lingeringly, *ad.* গৌণ বা দেরি করিয়া, দীর্ঘসূত্রতাপূর্ব্বক, বিল ম্বে।

Linget, *n. s.* Fr. ধাতুর ক্ষুদ্রতাল তাল বা টুকরা।

Lingle, *n. s.* Fr. চর্ম্মকারের রজ্জু, চামারের সূতা।

Lingo, *n. s.* ইতর ভাষায় ভাষা বাক্য বা জবান বুঝায়।

Linguacious, *a.* Lat. গেলুয়া, বকা, বহুবাক্যবাদী, বকবকে, বড় বড়ে, গপ্পে।

Linguadental, *a.* Lat. দন্ত্য, দন্তদ্বারা উচ্চারিত।

Linguist, *n. s.* Lat. ভাষাজ্ঞ, শাব্দিক, নানাভাষায় নিপুণ ব্যক্তি, শব্দ শাস্ত্রে ব্যুৎপন্ন বা পণ্ডিত।

Lingwort, *n. s.* বৃক্ষবিশেষ।

Liniment, *n. s.* Lat. প্রলেপ, মলম, মর্দ্দন বা লেপ ঔষধ।

Digitized by Google

Lining, *n. s.* আস্তর, কাপড়ের আস্তর, নীচের পরত, ভিতরে থাকে যাহা।

Link, *n. s.* Ger. ছিকলির আঁকড়া বা কড়া, শৃংখল, শিকল, ভাঁজ করা বা মোড়া কোন বস্তুর সংযোগ, শ্রেণী, মিল, সম্পর্ক, মশাল, তামস, ভুষাকালি।

To **Link**, *v. a.* যোড়-দা, যোগ-কৃ, বন্ধন-কৃ, একত্র-কৃ, জড়া, এক মত-কৃ, ঐক্য-কৃ, দল-বান্ধ, সংলগ্ন-কৃ, সম্পর্ক-কৃ, সংসর্গী-কৃ, সংযুক্ত-কৃ, শ্রেণীবদ্ধ-কৃ।

To **Link**, *v. n.* একত্র-হ, মিল, সংলগ্ন-হ, সংযুক্ত-হ, শ্রেণীবদ্ধ-হ।

Linkboy বা **Linkman**, *n. s.* মসালচি, পথিকেরদের আলো ধরে বা দেখায় যে।

Linnet, *n. s.* Sax. ক্ষুদ্র পক্ষিবিশেষ।

Linseed, *n. s.* Sax. মসিনা, তিশী।

Linsey, *n. s.* পশম ও সূত্রনির্ম্মিত বস্ত্র, গর্ভসূতি।

Linsey-woolsey, *n. s.* পশম ও সূত্রনির্ম্মিত বস্ত্র, গর্ভসূতি কাপড়।

Linsey-woolsey, *a.* পশম ও সূত্রনির্ম্মিত, গর্ভসূতি, অপকৃষ্ট, মন্দ, জঘন্য, কদর্য্য, ক্ষুদ্র, খারাব, দোআঁশলা, মিশ্রিত দ্রব্যের সহিত মিশ্রিত।

Linstock, *n. s.* Teut. কামানে অগ্নি দেওনার্থে পলিতা।

Lint, *n. s.* Sax. মলমের সূতা বা কাপড়, মলম লেপনার্থে কাপড় বিশেষ, নরম শণ বা শণনির্ম্মিত বস্ত্রবিশেষ।

Lintel, *n. s.* Fr. ঝনকাট, চৌকাঠের উপরের কাষ্ঠ বা কপালি।

Lion, *n. s.* Fr. Lat. সিংহ, মৃগরাজ, মৃগেন্দ্র, কেশরী, সিংহ রাশি।

Lioness, *n. s.* সিংহিনী, সিংহী।

Lionleaf, *n. s.* Lat. বৃক্ষবিশেষ।

Lionlike, বা **Lionly**, *a.* সিংহের ন্যায়, সিংহধর্ম্মক, সিংহবৎ, সিংহের মত বা তদ্রূপ।

Lion's-mouth বা **Lion's-paw** বা **Lion's-tail** বা **Lion's-tooth**, *n. s.* বৃক্ষবিশেষ।

Lip, *n. s.* Sax. অধর, ওষ্ঠ, বদন, ঠোঁট, কোন দ্রব্যের ধার বা কিনারা. *To make a lip* বিরক্ত হইয়া বা ঘৃণা করিয়া ওষ্ঠ বা ঠোঁট ফুলান।

Lip-devotion, *n. s.* বাক্যে বা কথায় ভক্তি শ্রদ্ধা বা পূজা, মৌখিক শ্রদ্ধা পূজা বা উপাসনা।

Lip-good, *a.* কথায় বা মুখে ভাল কিন্তু কার্য্যে নহে যাহা, মৌখিক সুন্দর উত্তম বা মঙ্গল কিন্তু কার্য্যে আইসে না যাহা।

Lip-labour, *n. s.* মৌখিক কার্য্য, মুখের কথা, অন্তঃকরণের সহিত যে বাক্য নহে, শ্রদ্ধা বা আস্থাহীন বাক্য বা কথা।

Lipothymous, *a.* মূর্চ্ছাপন্ন, মোহপ্রাপ্ত, ভ্রমীগ্রস্ত, ক্ষীণ, কাহিল, দুর্ব্বল।

Lipothymy, *n. s.* মূর্চ্ছা, ভ্রমী, মোহ, অজ্ঞানতা।

Lipped, *a.* ওষ্ঠ বা ঠোঁট বিশিষ্ট বা তদ্যুক্ত, ঠোঁট আছে যাহার।

Lippitude, *n. s.* Lat. চক্ষের মিটমিটানী বা ঝাপ্সা।

Lip-wisdom, *n. s.* মৌখিক জ্ঞান বা প্রজ্ঞা।

Liquable, *a.* Lat. দ্রবণীয়, গলনীয়, দ্রব হয় যাহা, দ্রব হওনোপযুক্ত, গলান যাইতে পারে যাহা, দ্রবহওনক্ষম।

Liquation, *n. s.* Lat. দ্রবকরণ, গলান, দ্রবহওন ক্ষমতা বা তদ্যোগ্যতা।

To **Liquate**, *v. n.* Lat. দ্রব-হ, গল, গলিয়া-যা, গলিয়া-পত, জল-হ।

Liquefaction, *n. s.* Lat. দ্রবকরণ বা হওন, দ্রবত্বাবস্থা, গলিতাবস্থা বা তদ্ভাব।

Liquefiable, *a.* দ্রবণীয়, গলনীয়।

To **Liquefy**, *v. a.* Fr. গলা, দ্রব-কৃ, জলবৎ-কৃ।

To **Liquefy**, *v. n.* জলবৎ-হ, গল, দ্রবীভূত-হ।

Liquescency, *n. s.* Lat. দ্রব বা জলবৎহওন যোগ্যতা।

Liquescent, *a.* Lat. দ্রব, তরল, জলবৎ, জল্যো, জলাকৃতি, নরম, ভিজা, পরিষ্কার, নষ্ট, অপরাবৃত্ত, আদালতে অপ্রাপ্য।

Liqueur, *n. s.* Fr. জল, তরল বস্তু, রস, সত্ব, মদিরা, জলবৎ দ্রব্য।

Liquid, *a.* Lat. দ্রব, আর্দ্র, তরল, জলাকৃতি।

Liquid, *n. s.* দ্রবদ্রব্য, আর্দ্র বস্তু, রস, সত্ব।

To **Liquidate**, *v. a.* ঋণ শোধ-দা, ঋণ পরিশোধ-কৃ, ধার শোধ-দা, উসুল-দা, ঋণ-কমা, ঋণ অল্প-কৃ, ক্রমে ঋণ ক্ষয় বা শোধ-কৃ, অল্পেং বা ক্রমে-দা বা শোধ।

Liquidation, *n. s.* ঋণ শোধ দেওন, ঋণ পরিশোধকরণ, ধার বা কর্জ্জ শোধন, ঋণ কমান, অল্পেং বা ক্রমে দেওন, ওয়াসীল।

Liquidity, *n. s.* সূক্ষ্মতা, তারল্য, জলবত্তা, জলের ভাব।

Liquidness, *n. s.* তারল্য, জলবৎ ভাব বা অবস্থা, কোমলতা।

Liquor, *n. s.* Lat. জল, রস, মদিরা, সুরা, মদ্য, সরাপ, মদ, দ্রব দ্রব্য, দ্রব পানীয়।

To **Liquor**, *v. a.* ভিজা, ডুবা, চুবা, সিক্ত-কৃ, আর্দ্র-কৃ।

Liquorice, *n. s.* Licorice শব্দ দেখ।

Liquorish, *a.* Lickerous শব্দ দেখ।

Liriconfancy, *n. s.* পুষ্পবিশেষ।

Liripoop, *n. s.* Fr. টুপী বা মুকুটবিশেষ।

Lisbon, *n. s.* শ্বেত মদিরাবিশেষ, খাঁড় চিনিবিশেষ।

Lisne, *n. s.* গুহা, গহ্বর, গর্ত্ত, ছিদ্র, সুড়ঙ্গ, ফাক।

To **Lisp**, *v. n.* Sax. আধং-কথ, অর্দ্ধ বাক্য-কথ, বালকের ন্যায়-বচ, অর্দ্ধক্রবাণ-হ।

To **Lisp**, *v. a.* আধং কথা-কথ, বালকের ন্যায়-বচ, ক্রমে বা রহিয়া কথা-কথ।

Lisp, *n. s.* আধংকরণ, বালকের ন্যায় কথাকহন, ক্রমেং বা রহিয়াং কথা কহন।

Lisper, *n. s.* আধং কথা কহে যে, বালকের ন্যায় কথা কহে যে, রহিয়াং কথা কহে যে।

Lispingly, *ad.* আধং কথনপূর্ব্বক, বালকের ন্যায় কথনপূর্ব্বক, অর্দ্ধ বাক্যপূর্ব্বক, অস্পষ্ট বা অসম্পূর্ণরূপে।

Lissom, *a.* Sax. কোমল, নরম, মৃদু, নমনশীল, আল্‌গা, ঢিলে, মুক্ত, অবদ্ধ, খোলা।

List, *n. s.* Fr. পেঁত্যা, জায়, ফর্দ্দ, তালিকা, বিজোগ, অভিলাষ, ইচ্ছা, কিনারা, সীমা, ধারি, পাড়, অঙ্কিত বা নির্ণীত যুদ্ধ স্থান বা গণ্ডী, কাঠগড়া, কাপড়ের টুকরা বা ফালি।

To **List**, *v. n.* Sax. বাঞ্ছা-কৃ, ইচ্ছা-কৃ, পসন্দ-কৃ, রত-হ, ইচ্ছুক-হ, সম্মত-হ, অভিলষিত-হ, বাঞ্ছিত-হ।

To **List**, *v. a.* ফর্দ্দে নাম-লিখ, তালিকায়-লিখ, ফর্দ্দে শামিল-কৃ, ফিরিস্তিতে দাখিল-কৃ, মল্লের মধ্যে নাম-লিখ বা ভরতি-কৃ, মল্লার্থে ঘের বা আখড়া-কৃ, কাঠগড়া-কৃ, সেলাই-কৃ, বুন, শ্রবণ-কৃ, মনোযোগ-কৃ, শ্রু, কর্ণ-দা।

Listed, *a.* চিত্রবিচিত্র, রেখাময়, দাগময়, ডোরাময় বা তদ্যুক্ত।

To **Listen**, *v. n.* শ্রবণ-কৃ, শ্রু, মনোযোগ-কৃ, অনুধাবন-কৃ, কাণ-পাত।

Listener, *n. s.* শুনে যে, শ্রবণকর্ত্তা, শ্রোতা, মনোযোগকর্ত্তা, কর্ণ পাতে যে, কর্ণ পাতিয়া শুনে যে।

Listful, *a.* মনোযোগী, সাবধান।

Digitized by Google

Listless, *a.* অমনোযোগী, ইচ্ছাহীন বা রহিত, অসাবধান, অবধানহীন বা রহিত, অনিচ্ছু।

Listlessly, *ad.* অমনোযোগপূর্ব্বক, অসাবধানতাপূর্ব্বক।

Listlessness, *n. s.* অমনোযোগ, অসাবধানতা, ইচ্ছা বা বাসনা রাহিত্য বা তদ্ভাব।

Lit, *To* Light শব্দের অতীতকালবাচক।

Litany, *n. s.* Gr. স্তব বা প্রার্থনাবিশেষ।

Lite, *a.* Sax. অল্প, ক্ষুদ্র, খাট, ছোট।

Lite, *n. s.* অল্প, ক্ষুদ্র দ্রব্য বা বিষয়, অল্প ভাগ বা অংশ।

Literal, *a.* Fr. শব্দানুসারী, শব্দানুযায়ী, অলঙ্কার নাহি যাহাতে, শব্দার্থক, শুদ্ধ শব্দের অর্থ আছে যাহাতে, বাক্যার্থক, শব্দার্থক।

Literal, *n. s.* অক্ষরে২ অর্থ, মূল অর্থ, ধাত্বর্থ, শব্দার্থ।

Literalism, *n. s.* অক্ষর বা শব্দের ধাত্বর্থের সহিত ঐক্য অর্থ, শব্দাভিপ্রায়, যথার্থার্থ।

Literalist, *n. s.* অক্ষর বা প্রকৃত শব্দ গ্রহণ করে যে, শব্দাভিপ্রায় গ্রহণ বা ব্যবহার করে যে, প্রতিকথায় অর্থকর্ত্তা।

Literality, *n. s.* প্রকৃত অর্থ, ঠিক মানে, যথার্থার্থ, মূলার্থ।

Literally, *ad.* প্রতি অক্ষরে বা শব্দার্থানুসারে, শব্দের প্রকৃত বা আসল অর্থানুসারে, অক্ষরে২, প্রতিশব্দে, প্রত্যক্ষরে।

Literary, *a.* Lat. বিদ্যাবিষয়ক, শাস্ত্রিক, অক্ষর বা বিদ্যাসম্বন্ধীয়, শাস্ত্রানুসারিক।

Literate, *a.* Lat. পণ্ডিত, বিদ্বান, গুণী, প্রজ্ঞ, বিজ্ঞ, ব্যুৎপন্ন।

Literati, *n. s.* Ital. পণ্ডিত বা বিদ্যাবান্ ব্যক্তি, গুণি ব্যক্তি।

Literator, *n. s.* Lat. সামান্য নিকৃষ্ট বা অধম গুরু বা শিক্ষক।

Literature, *n. s.* Lat. শাস্ত্রবিদ্যা, বিদ্যা, শাস্ত্র, পাণ্ডিত্য, গুণ, শাস্ত্রে ব্যুৎপত্তি।

Litharge, *n. s.* Lat. ধাতু দ্রব্যবিশেষ, মুদ্রাশঙ্খ।

Lithe, *a.* Sax. নমনীয়, নমনশীল, সহজে নোয়ান যায় যাহা, কোমল, নরম।

To **Lithe,** *v. a.* পরিষ্কার-কৃ, নরম-কৃ, লঘু-কৃ, হালকী-কৃ, শ্রু, শ্রবণ-কৃ, শুন, কাণ-দা, মনোযোগ-কৃ, অবধান-কৃ।

Litheness, *n. s.* নমনীয়ত্ব, নমনশীলতা।

Lither, *a.* কোমল, নরম, নমনশীল, সহজে বা অনায়াসে নোয়ান যাইতে পারে যাহা, মন্দ, অপকৃষ্ট, ভ্রষ্ট, নষ্ট, কদর্য্য, অগণ্য।

Litherly, *ad.* আস্তে২, আলস্যপূর্ব্বক, ঢিলেমিপূর্ব্বক, শৈথিল্যপূর্ব্বক।

Litherness, *n. s.* আলস্য, কুড়েমি, গাতুলশ্যামি, ঢিলেমি, সুস্তিপনা।

Lithography, *n. s.* প্রস্তরের উপর ক্ষোদন বা ছাপাকরণ, তদ্বিদ্যা বা প্রকরণ, পাথরের ছাপা।

Lithomancy, *n. s.* প্রস্তরদ্বারা ভবিষ্যৎ কথন বা গণনাকরণ।

Lithontriptick, *a.* ঔষধবিশেষ, মূত্রাধারে মেঠ্যার মধ্যে পাথুরি দ্রব্য ক্ষয়শীল ঔষধি।

Lithotomist, *n. s.* অস্ত্রচিকিৎসকবিশেষ, যে মূত্রাধার কাটিয়া পাথুরি নির্গত করে।

Lithotomy, *n. s.* পাথুরি কাটিবার বা নির্গত করিবার বিদ্যা বা তৎপ্রকরণ।

Lithy, *a.* নমনীয়, নমনশীল, সহজে বা অনায়াসে নোয়ান যায় যাহা, নরম, কোমল।

Litigant, *n. s.* Lat. মোকদ্দমা করে যে, বিবাদী, প্রতিবাদী, বিরোধী, আদালতে মোকদ্দমায় নিযুক্ত বা প্রবিষ্ট ব্যক্তি।

Litigant, *a.* মোকদ্দমায় রত বা নিযুক্ত, আদালতিয়া।

To **Litigate,** *v. a.* Lat. আদালতে বিরোধ বিবাদ বা নালিস-কৃ, মোকদ্দমা-কৃ।

To **Litigate,** *v. n.* মোকদ্দমা-কৃ, আদালত-কৃ, প্রতিবাদ-কৃ, বিরোধ-কৃ, আদালতের মোকদ্দমা নির্ব্বাহ বা সরবরাহ-কৃ, মোকদ্দমা-চালা।

Litigation, *n. s.* Lat. মোকদ্দমা, নালিস, বিবাদ, প্রতিবাদ, বিরোধ, কন্দল, ঝগড়া, দাওয়া, আদালতে লড়াই, আদালতে মোকদ্দমা।

Litigious, *a.* Fr. কন্দলিয়া, বিবাদী, বিরোধী, নালিসবন্দ, ঝগড়াটে, দ্বন্দ্বজী, আদালতের মোকদ্দমায় রত, দ্বন্দ্বকরণীয়, বিরোধ্য, বিরোধনীয়।

Litigiously, *ad.* বিবাদ ঝগড়া বা বিরোধপূর্ব্বক, দ্বন্দ্বজপূর্ব্বক।

Litigiousness, *n. s.* বিবাদে রতি ইচ্ছা মত বা অভিপ্রায়, দ্বন্দ্বজেচ্ছা, বিরোধেচ্ছা, দ্বন্দ্বজ বা বিরোধবিশিষ্ট মোকদ্দমায় চেষ্টা, বিরোধিত্ব কন্দলিয়াম।

Litten, *n. s.* Sax. মৃত দেহ যে স্থানে পোতা যায়, মাটি দিবার জায়গা, গোরস্থান, কবরস্থান, সমাধিস্থান।

Litter, *n. s.* Fr. যানবিশেষ, দোলা, চতুর্দোলা, তুলি, মহাপাল, দুই ঘোড়ার মধ্যে স্থিত একপ্রকার আসন বা শয্যা, ছাওদা বিশেষ, পশুর বিছানা, পশু থাকে বা শয়ন করে যে ঘাসের উপর, এককালে প্রসবিত শাবকসমূহ, একপাল ছানা বা বাচ্চা, পশুর প্রসব, জঞ্জাল, ময়লা দ্রব্য।

To **Litter,** *v. a.* প্রসব-কৃ, পশ্বাদির ছানা-হ বা সন্তান-জন্ম, এশব্দ মনুষ্যেতে প্রয়োগ করিলে ঘৃণার্থক বুঝায়, জঞ্জাল-কৃ, ময়লা-কৃ, ঘাস বিস্তার-কৃ, ঘাস-ছড়া, গবাদি জন্তুকে ঘাসের বিছানা-দা।

To **Litter,** *v. n.* বিছানাযুক্ত বা তদ্বিশিষ্ট-হ, বিছানা-প্রাপ, শয্যা-প্রাপ।

Little, *a.* Sax. ছোট, ক্ষুদ্র, খাট, কম, বড় নহে যাহা, অল্প, কিঞ্চিৎ, খুজরা, খুদে, যৎকিঞ্চিৎ, চুটকি, পদ শক্তি ক্ষমতা বা সম্ভ্রমে ক্ষুদ্র, সামান্য, অধিক অনেক বা বিস্তর নয় যাহা, কিছু, ঈষৎ।

Little, *n. s.* অল্প আয়তন, কিঞ্চিদংশ, অল্পভাগ, ক্ষুদ্র বা সামান্য কর্ম্ম, কিছু বা কিঞ্চিৎ, একটুকু, ক্ষুদ্র কর্ম্ম, সামান্য বিষয়।

Little, *ad.* অল্পে২, কিঞ্চিৎ২, সংক্ষেপে, অবাহুল্যপূর্ব্বক, কিছু২ করিয়া, অল্প পরিমাণে।

Littleness, *n. s.* ক্ষুদ্রত্ব, অল্পতা, অল্প পরিমাণবিশিষ্টত্ব, অবিপুলতা, সামান্যত্ব, ক্ষুদ্রত্ব, ঐশ্বর্য্যের অভাব, মর্য্যাদা সম্ভ্রম বা পদ বিহীনত্ব।

Littoral, *a.* Lat. সমুদ্রতীরসম্বন্ধীয় বা তদ্বিষয়ক, তীরের, ডেঙ্গা বা চড়া সম্বন্ধীয়।

Litturgical বা **Liturgick,** *a.* নিয়মিত বা নিশ্চিত সাধারণ ধর্ম্ম সাধন আরাধনা বা অর্চ্চনাদিবিষয়ক বা তৎসম্বন্ধীয়।

Liturgy, *n. s.* Gr. সাধনা বা অর্চ্চনাদির রীতি নিয়ম বা মত, মন্ত্রাদি জপের পদ্ধতি।

To **Live,** *v. n.* Sax. জীবি-হ, বাঁচ, বাঁচিয়া-থাক, জীবনধারণ-কৃ, জীবদ্দশায়-থাক, জীবদ্দশায় কালক্ষেপ-কৃ, সুখে-থাক, অমর-হ, স্বচ্ছন্দে-থাক, টেঁকিয়া-থাক, অক্ষয়-হ, বাস-কৃ, বর্ত্তমান-থাক বা-হ, কথোপকথন-কৃ, সংসর্গ-কৃ, আহার-কৃ, আহার-প্রাপ, আপ্ত প্রতিপালন-কৃ, জীবিতবান্-হ, অনির্ব্বাণ-হ, দীপ্তিমান্-হ, চর।

Live, *a.* সজীব, জীবিত, বর্ত্তমান, সতর্ক, চালাক, কর্ম্মঠ, দীপ্তিমান্, উজ্জ্বল।

Liveless, *ad.* অজীবনে, অপ্রাণপূর্ব্বক, প্রাণহীনে, মরিয়া।

Livelihood, *n. s.* দিনপাতের বিষয়, দিনকাটান, উপজীবিকা,

Digitized by Google

জীবিকা, কালকাটান, কালযাপন বা দিনপাত হয়যদ্দারা অর্থাৎ অন্ন বস্ত্রাদি বা বিষয়, রোজগার, বৃত্তি, জীবনের লক্ষণ বা উপায়।

Livelily, *ad.* Lively শব্দ দেখ।

Liveliness, *n. s.* সজীবত্ব, জীবন লক্ষণ, বদনের বা আস্যের শ্রী, প্রসন্নতা বা সরসত্ব, তাজগী।

Livelode, *n. s.* উপজীবিকা, জীবনধারণের উপায়, বিষয় বা দ্রব্য।

Livelong, *a.* বহুকালসাধ্য, বহু বা দীর্ঘকাল ব্যাপক, বহুকাল স্থায়ী বা গামী, বহুকাল রহে টেঁকে বা থাকে যে, টেঁকসই, শক্ত, বহুকাল বহনশীল।

Lively, *a.* Sax. চালাক, সতর্ক, ক্ষিপ্র, সতেজ, তেজস্বী, শ্রীমান্, চতুর, সবল, শক্ত, জোরাবর, সাহসী, প্রফুল্ল, খোষ, হৃষ্ট, রঙ্গীলা, হাস কুটে, জীবনের লক্ষণবিশিষ্ট।

Lively বা **Livelily**, *ad.* ক্ষিপ্রতা সতর্কতা সারল্য সতেজ বা শক্ত রূপে বা তদবস্থাপূর্ব্বক, জীবদ্দশায়, বাঁচিয়া থাকিয়া, জীবনের লক্ষণ বা আকারপূর্ব্বক।

Liver, *n. s.* থাকে যে, বাঁচে যে, বাঁচিয়া থাকে যে, কোন প্রকারে স্থানে বা রূপে থাকে বাঁচে বা বাস করে যে ব্যক্তি।

Liver, *n. s.* Sax. যকৃৎ, কলিজা।

Liveroolour, *a.* গিরিবর্ণ, ঘোর রক্তিমাবর্ণ বা মেটে রং।

Livered, *a.* যকৃদ্দ্বারা পীড়িত বা তদ্বিশিষ্ট।

Livergrown, *a.* বড় যকৃদ্বিশিষ্ট।

Liverwort, *n. s.* বৃক্ষবিশেষ।

Livery, *n. s.* Fr. দখল দেওন, স্বত্ব দেওন, স্বাধীনত্ব, নাবালগী বা অন্যের কর্তৃত্বাধীনহইতে মুক্তি খালাস বা বাহিরহওন, অছীর তাবেহইতে মুক্তি, দখলী পরওয়ানা, কোন নিশ্চিত দরে বা সংখ্যায় খাকন রাখন বা তদবস্থা, নিরিক, ভৃত্যের পোশাক বা পরিচ্ছদ, কোন নিশ্চিত রকম পোশাক বা পরিচ্ছদ, ভূষণ বিশেষ, লণ্ডন নগরে সাধারণ গৃহস্থ লোকসমূহ।

To **Livery**, *v. a.* চাকরের পোশাক-পরা বা-দা, তোখমা-পরা, শেরোপাধারণ-কৃ।

Liveryman, *n. s.* শেরোপাধারী ভৃত্য দাস বা চাকর, পরিচারক, কোন সমাজের মধ্যে সাধারণ মনুষ্য, স্বাধীন বা স্ববশ ব্যক্তি, অনধীন ব্যক্তি।

Lives, *n. s.* Life পদের বহুবচনান্ত শব্দ।

Livid, *a.* Lat. কালশিরাবৎ, নীলবর্ণ, নীলা, কালো, কৃষ্ণবর্ণ, আঘাত বা চোটদ্বারা বর্ণের বৈলক্ষণ্যবিশিষ্ট।

Lividity, *n. s.* কালশিরা, নীলবর্ণবৎ দাগ, কালা বা নীলা চিহ্ন, আঘাত বা চোটদ্বারা বৈবর্ণ্য।

Lividness, *n. s.* কালশিরা বা নীলবর্ণহওন অবস্থা বা তদ্ভাব।

Living, *part. a.* সজীব, জোরওয়ার, বলবান্, হৃষ্টপুষ্ট, কর্ম্মিষ্ঠ, চালাক, জীবনবিশিষ্ট, চেষ্টাবিশিষ্ট, গতিশীল, গতিবিশিষ্ট, উজ্জ্বল।

Living, *n. s.* উপজীবিকা, উপায়, উপার্জন, বিষয়, নির্ব্বাহ, নির্বৃতি, জীবন রাখিবার বা প্রাণধারণের শক্তি বা ক্ষমতা, আচার্য্যের বৃত্তি বা তৈলবট।

Livingly, *ad.* জীবদ্দশায়, জীবনাবস্থায়, প্রাণধারণ সত্ত্বে, বেঁচে থাকিয়া।

Livre, *n. s.* Fr. ফরাশিষ দেশে চলন একপ্রকার টাকা বা মুদ্রা, প্রায় ৷৵৮ মূল্যক মুদ্রা।

Lixivial, *a.* Lat. লবণ, লবণবিশিষ্ট, লবণপূর্ণ, লবণাক্ত, লোণা।

Lixiviate, বা **Lixivlated**, *a.* লোণা জল জনক কারক বা উৎপাদক, লোণা জল হয় যাহাতে বা যদ্দারা।

Lixivium, *n. s.* Lat. ক্ষারবিশেষ, ক্ষারাম্বু, লোণাজলবিশেষ, শোধাই জলবিশেষ।

Lizard, *n. s.* Fr. কীটবিশেষ, টিকটিকী, বল্লী, জেঠী, গৃহগোধিকা কাঁকলাস, সরট।

Lizardtail, *n. s.* বৃক্ষবিশেষ।

Lizardstone, *n. s.* প্রস্তরবিশেষ।

L L. D. Legum doctor শব্দের সংক্ষেপার্থ, উপাধিবিশেষ, শাস্ত্রাধ্যাপক বা পণ্ডিতের উপাধিবাচক শব্দ।

Lo, *interj.* Sax. অব্যয় শব্দ দেখ, দৃষ্টি কর, অবলোকন কর, ইত্যাদ্যর্থক জানিবে।

Loach, *n. s.* Fr. মৎস্যবিশেষ।

Load, *n. s.* Sax. ভার, বোঝা, মোট, বোঝাই, ভরা, ভরতি, ভাড়া, চাপ, ঠেশ, ঘর্ষণ, গাদী, উৎপাত, লেঠা, ঘা, ধাক্কা, খাট খর্ব্ব বা হ্রাস করে যে, একজনের উপযুক্ত পান।

To **Load**, *v. a.* ভর, চড়া, বোঝাই-কৃ, ভারি-কৃ, উত্তেজনা-কৃ, উৎপাত-কৃ, ভারগ্রস্ত-কৃ, বন্দুক-ভর, বন্দুক তৈয়ার-কৃ, উপদ্রব্যদ্বারা ভারি-কৃ।

Load, *n. s.* আকরের মধ্যে শীরা বা পথ।

Loader, *n. s.* বোঝাই করে দেয় বা চড়ায় যে, ভার করে বা দেয় যে ব্যক্তি।

Loadmanage, *n. s.* জাহাজের পথ দেখাইয়া দেয় যে চৌকির নৌকা তদর্থে কর বা খাজানা, নাবিক কর্ম্মের বিদ্যা সংস্কার বা নৈপুণ্য।

Loadsman, *n. s.* পথ দর্শয়িতা, পথ দেখায় যে, আড়কাটী।

Loadstar, *n. s.* কেন্দ্রের নিকটবর্ত্তি নক্ষত্রবিশেষ, উত্তর কেন্দ্রের তারা।

Loadstone, *n. s.* চুম্বক প্রস্তর, অয়স্কান্ত মণি।

Loaf, *n. s.* Sax. রুটী, রুটীর তাল, একটা রুটী।

Loam, *n. s.* Sax. চরবি, তৈলা বা আটালু মাটী, চিক্কণ মাটী।

To **Loam**, *v. a.* চিক্কণ বা আটালু কাদা-লেপ মুক্ত বা তদ্দ্বারা আবৃত-কৃ, কাদা-লেপ।

Loamy, *a.* কাদাটে, কাদা মাখা।

Loan, *n. s.* Sax. কর্জ, উধার, দেনা, ঋণ।

Loath, *a.* Sax. অনিচ্ছাবন্ত, অনিচ্ছুক, নিরুৎসাহ, অপ্রস্তুত, বিরক্ত, অসম্মত।

To **Loathe**, *v. a.* Sax. ঘৃণা-কৃ, অশ্রদ্ধা-কৃ, উপেক্ষা-কৃ, না পসন্দ-কৃ, ন্যক্কার-কৃ, দ্বেষ-কৃ, হেয়-কৃ, অবজ্ঞা-কৃ, তুচ্ছ-কৃ, বিতৃষ্ণা-কৃ, খাদ্য দ্রব্যের প্রতি অরুচিপূর্ব্বক দৃষ্টি-কৃ।

To **Loathe**, *v. n.* ঘৃণা-হ, বিতৃষ্ণা-হ, দ্বেষ-হ, ঘৃণা বোধ-হ।

Loather, *n. s.* ঘৃণাকর্ত্তা, বিতৃষ্ণা বা অশ্রদ্ধাকর্ত্তা।

Loathful, *a.* ঘৃণাজনক, ঘৃণাকর, ন্যক্কৃত, অশ্রদ্ধাজনক, ঘৃণিত, মন্দ, ঘৃণাবিশিষ্ট।

Loathing, *n. s.* ন্যক্কার, ঘৃণা, অশ্রদ্ধা, অবজ্ঞা, অরুচি, অসম্মতি।

Loathingly, *ad.* ন্যক্কার ঘৃণা অশ্রদ্ধা অবজ্ঞা বা অরুচিপূর্ব্বক।

Loathliness, *n. s.* ঘৃণাজনকত্ব, অশ্রদ্ধাকারকত্ব, যাহার দ্বারা অবজ্ঞা বা অরুচি জন্মে তদ্বস্তু ভাব বা কর্ম্ম।

Loathly, *a.* Sax. ঘৃণাবিশিষ্ট, ঘৃণ্য, তুচ্ছীকৃত, দ্বেষ্য, অশ্রদ্ধাজনক।

Loathly, *ad.* অরুচিপূর্ব্বক, অনিচ্ছাপূর্ব্বক, অসম্মতিপূর্ব্বক, অদ্বেচ্ছাধীন না পসন্দ বা অবজ্ঞাপূর্ব্বক।

Loathness, *n. s.* অনিচ্ছা, বৈরক্ত্য।

Loathsome, *a.* ঘৃণার্হ, অশ্রদ্ধাজনক, অবজ্ঞাজনক, অরুচিজনক, অরুচিকর, এড়াটিয়া, বৈরক্তজনক।

Loathsomely, *ad.* ঘৃণা বা অশ্রদ্ধাপূর্ব্বক।

Digitized by Google

Loathsomeness, *n. s.* ঘৃণার্হত্ব, অশ্রদ্ধার্হত্ব, ঘৃণাজনকতা, ঘৃণা, দ্বেষ, অবজ্ঞা, অরুচি।

Loaves, Loaf পদের বহুবচনান্ত শব্দ।

Lob, *n. s.* অসুন্দর, আঁড়রা, গোব্দা, আনাড়ি, জড়, গোঙ্গড়া, কুৎসিত, চাসাড়িয়া, সুস্থি, ঢিলা বা অসভ্য ব্যক্তি, কারাগার, কএদখানা, ফকীরখানা, বৃহৎ কীটবিশেষ।

To **Lob,** *v. a.* নিক্ষেপ-কৃ, অপরিষ্কার বা কদর্য্যরূপে ফেলিয়া-দা।

Lobby, *n. s.* Ger. দরবাজা, দেউড়ী, ঘরের সম্মুখের স্থান বা দ্বার।

Lobcock, *n. s.* ঘৃণাবাচক শব্দ, কুড়ে অলস অকর্ম্মণ্য বা মূর্খ ব্যক্তিকে বুঝায়।

Lobe, *n. s.* Fr. গোলাংশ, দল, অংশ, ভাগ, পৃথগংশ, ফুসফুস বা ফোঁফড়া বুঝায়।

Loblolly, *n. s.* জাহাজী লোকের ব্যঞ্জন বা খাদ্যদ্রব্যবিশেষ, যুদ্ধ জাহাজে ব্যবহৃত এক প্রকার মণ্ড।

Lobster, *n. s.* Sax. গল্দা চিংড়া, বড় চিংড়া।

Lobule, *n. s.* ক্ষুদ্র গোলাংশ বা দল।

Local, *a.* Fr. স্থানীয়, স্থানিক, স্থানবিষয়ক বা তৎসম্বন্ধীয়, স্থানধর্ম্মক, স্থানবর্ত্তী।

Locality, *n. s.* কোন স্থানের ধর্ম্ম অবস্থা বা ভাব, স্থানবর্ত্তিত্ব, স্থান সম্পর্ক, স্থানে বর্ত্তন, স্থানসম্বন্ধ, দূরত্ব।

Locally, *ad.* স্থানবিষয়ে, স্থানসম্বন্ধে, স্থানের সম্বন্ধপূর্ব্বক, স্থানানুসারে, স্থানের ধর্ম্ম ভাব বা অবস্থাপূর্ব্বক।

To **Locate,** *v. a.* স্থাপন-কৃ, রক্ষ, নিবেশ-কৃ।

Location, *n. s.* Lat. স্থানসম্বন্ধ, স্থাপন, স্থাপনহওন বা করণ, স্থিতি, স্থাপিতত্ব, আধার।

Loch, *n. s.* Gael. সরোবর, দীর্ঘিকা, ঝিল. Laugh শব্দ দেখ।

Loch, *n. s.* Arab. ঔষধবিশেষ, এক প্রকার মোরব্বা বা পানা।

Lock, *n. s.* Sax. কুলুপ, তালা, কুজী, কল, বন্দুকের রঞ্জকঘর যদ্দ্বারা অগ্নি উঠে, কাটগড়া, মল্লযুদ্ধের বা কুস্তির বাঁদ বা ঘেরা, বেষ্টিত স্থান, কেশ বা লোমের গোছা, ঝুঁটী, জুলফি।

To **Lock,** *v. a.* চাবি-দা, চাবি বন্ধ-কৃ, কুলুপ বা তালা-দা, চাবি দিয়া বন্ধ-কৃ বা আটকা, কুলুপ দিয়া-রাখ, বন্ধ-কৃ, বন্দ-কৃ, আটকা।

To **Lock,** *v. n.* চাবির দ্বারা আটক বন্ধ বা কএদ-হ, পরস্পর আটক বা বন্ধ-হ বা যোড়া-লাগ, সংলগ্ন-হ।

Locker, *n. s.* চাবি বা কুলুপদ্বারা বন্ধ হয় যাহা, সিন্দুক, আলমারী।

Locket, *n. s.* Fr. ক্ষুদ্র কুলুপ বা তালা, অলঙ্কারবিশেষ, আঁকড়া হার বা অন্য বক্ষঃ পরিধেয় অলঙ্কার, বন্ধকরা যায় যে কড়া বা তারের দ্বারা, ধুকধুকী।

Lockram, *n. s.* Got. একপ্রকার মোটাবস্ত্র।

Lockron, *n. s.* পুষ্পবিশেষ।

Locksmith, *n. s.* কর্ম্মকারবিশেষ, কুলুপের কারবার করে যে, কুলুপ বানায় বা সারে যে কামার।

Locomotion, *n. s.* স্থানান্তর হওন, স্থান পরিবর্ত্তন শক্তি, সরণ, চলন বা গমন ক্ষমতা, লড়ন বা গমন শক্তি, স্থান পরিবর্ত্তনকরণের শক্তি।

Locomotive, *a.* Lat. জঙ্গম, চলন বা গমনযোগ্য বা তচ্ছক্তিবিশিষ্ট, স্থান পরিবর্ত্তনকারী, স্থানান্তর হওন বা স্থান পরিবর্ত্তন ক্ষম বা তচ্ছক্তিবিশিষ্ট।

Locomotivity, *n. s.* স্থান পরিবর্ত্তন শক্তি বা ক্ষমতা।

Locust, *n. s.* Lat. শলভ, পঙ্গপাল, ফড়িঙ্গ।

Locust-tree, *n. s.* বৃক্ষবিশেষ।

Locution, *n. s.* বাক্য কথনের রীতি বা ধারা, কথা, কথোপকথন, আলাপ, বাক্য।

Lodestar, Loadstar শব্দ দেখ।

Lodestone, Loadstone শব্দ দেখ।

To **Lodge,** *v. a.* Sax. রক্ষ, বাস-কৃ, অবস্থিতি-কৃ, থাক, আশ্রয়-দা, বাসা-কৃ বা-দা, কিছু কালের নিমিত্তে-রক্ষ, স্থান-দা, অল্পকালের নিমিত্তে থাকিতে-দা, স্থাপন-কৃ, নিবেশ-কৃ, অর্জন-কৃ, চারা-পোত, বৃক্ষ রোপণ-কৃ, মনে-রাখ, স্থান-দা, নিশ্চয়-কৃ, মনে-রাখ, আলিঙ্গন-কৃ, চিত-কৃ, চিতকরিয়া-ফেল।

To **Lodge,** *v. n.* বসতি-কৃ, বাস-কৃ, বাসা-কৃ, কিয়ৎ কালের নিমিত্তে বাসিন্দা-হ, প্রবাস-কৃ, রাত্রে টেঁক-থাক বা -রহ, পড়িয়া-থাক, চিত হইয়া-পড় বা-থাক।

Lodge, *n. s.* Fr. উদ্যানস্থ বৈঠকখানা, ঘর, বাটী, দ্বারির গৃহ, দরওয়ানের ঘর, ক্ষুদ্র গৃহ, উপগৃহ।

Lodgeable, *a.* Fr. বাস্তব্য, বাসকরণ যোগ্য, বাসা করা যাইতে পারে যাহাতে, বাসা দেওনক্ষম, অল্প কালের নিমিত্তে টেঁকা বা থাকা যাইতে পারে যাহাতে বা তদ্যোগ্য যে।

Lodgement, *n. s.* Fr. অবস্থিতি, বাসা সংগ্রহ, কোন স্থান বিশেষ, একত্র বা জমা হওন, শত্রুর দুর্গাদি আমলকরণ বা লওন।

Lodger, *n. s.* প্রবাসী, বাসাড়্যা, বাসকর্ত্তা, বাসী, ভাড়াট্যা, বাসিন্দা, কোন স্থানে বাসকর্ত্তা।

Lodging, *n. s.* বাসা, আবাস, প্রবাস, অবস্থান, বাস স্থান, অবস্থিতি স্থান, ঘর, ঠিকানা, ভাড়াট্যা ঘর, বন্দর, কোল, আশ্রয়, শয়ন স্থান, শয়নের সরঞ্জাম।

To **Loffe,** *v. n.* *To* Laugh শব্দ দেখ।

Loft, *n. s.* Got. উপরিস্থ কুঠরি, উপরতালার মেজে, উপরের মেজে, উপরের ঘর. *On Loft,* Aloft শব্দ দেখ।

Loftily, *ad.* ঊর্দ্ধে, উচ্চভাগে বা দেশে, উচ্চদিগে, অহঙ্কার বা গর্ব্বরূপে, অহঙ্কারপূর্ব্বক, উচ্চ কথা বা আশয়পূর্ব্বক, গৌরবপূর্ব্বক।

Loftiness, *n. s.* ঊর্দ্ধতা, উচ্চতা, মহত্ত্ব, পরমত্ব, মহৎ অভিপ্রায় বা আশয়, অহঙ্কার, গর্ব্ব, দেমাগ।

Lofty, *a.* উচ্চ, উচ, ঊর্দ্ধস্থিত, মহান্, মহত্তম, অহঙ্কারী, গর্ব্বী, দেমাগী।

Log, *n. s.* Sax. কাষ্ঠের গুঁড়ি, কুঁদা, গজবিশেষ, পরিমাপক কাষ্ঠ, য়িহুদীরদের পরিমাণবিশেষ।

Log-board, *n. s.* জাহাজের গতি বা পথ পরিমাণার্থে তক্তি বা লেখনবিশেষ।

Log-book, *n. s.* জাহাজের জাব্দা বহি, জাহাজের গতি কর্ম্ম ও অন্যান্য বিবরণ লিখা যায় যাহাতে, জাহাজী দৈনিক বিবরণ পুস্তক।

Log-line, *n. s.* রজ্জুবিশেষ, যদ্দ্বারা জাহাজের পথ বা গতি মাপ হয়, একপ্রকার শুনো দড়ি।

To **Log,** *v. n.* অবর ভাষায় গমনাগমন বুঝায়।

Logarithmical বা **Logarithmick,** *a.* Fr. গণিতাঙ্ক সম্বন্ধীয় বা তদ্বিষয়ক।

Logarithms, *n. s.* গণিতাঙ্কবিশেষ, গণনাবিশেষ, গণনার সঙ্কেত শাস্ত্রবিশেষ।

Loggats, *n. s.* ক্রীড়া বা খেলাবিশেষ।

Loggerhead, *n. s.* Dut. মাথা ভারি, মূর্খ, নির্ব্বোধ, অজ্ঞান, পাগল, জড়।

Digitized by Google

To fall to Loggerheads, বা *To go to* Loggerheads, হুড়াহুড়ি -কৃ, মারামারি-কৃ, হাতাহাতি-কৃ, বিনা অস্ত্রে যুদ্ধ-কৃ।

Loggerheaded, *a.* নির্ব্বোধ, মূর্খ, পাগল, অজ্ঞান, বোকা।

Logick, *n. s.* ন্যায় শাস্ত্র বিচারকরণ বিদ্যা, তর্ক শাস্ত্র বা বিদ্যা।

Logical, *a.* যৌক্তিক, যুক্তিসিদ্ধ, ন্যায় বিদ্যাসম্বন্ধীয় বা তদ্বিষয়ক, ন্যায়ী, তর্কশাস্ত্রানুযায়ী, তর্কশাস্ত্রোক্ত, ন্যায় শাস্ত্রে শিক্ষিত, ন্যায় শাস্ত্রজ্ঞ, তর্কবিশিষ্ট।

Logically, *ad.* যুক্তিসিদ্ধরূপে, ন্যায়পূর্ব্বক, ন্যায় শাস্ত্রানুসারে, বিচারপূর্ব্বক, যুক্তিপূর্ব্বক।

Logician, *n. s.* Fr. নৈয়ায়িক, ন্যায় শাস্ত্রবেত্তা, ন্যায় শাস্ত্রাধ্যাপক বা পণ্ডিত।

Logman, *n. s.* কাষ্ঠের কুন্দাবাহক, মুটেবিশেষ।

Logogriphe, *n. s.* প্রহেলিকা, হেঁয়ালি বা ফাকিবিশেষ।

Logomachy, *n. s.* Gr. বাগ্যুদ্ধ, কথা বা শব্দবিষয়ক বিবাদ, দ্বন্দ্বজ বা বিতণ্ডা।

Logwood, *n. s.* কাষ্ঠবিশেষ।

Lohock, *n. s.* Arab. ঔষধিবিশেষ।

Loin, *n. s.* Wel. কোমর, কটি, মাজা, কাঁকাইল, কটিতট, শ্রোণী, কসাইদ্বারা কাটা পশুর পৃষ্ঠ মাংস।

To Loiter, *v. n.* Teut. বিলম্ব-কৃ, গৌণ বা দেরি-কৃ, শৈথিল্য-কৃ, আলস্য-কৃ, ঢিলা-দা, গাঁওতামি বা আলসেমিতে বা বৃথা কালক্ষেপ-কৃ।

To Loiter, *v. a.* সামান্য বা ক্ষুদ্র বিষয়ে ব্যয়-কৃ, মিথ্যা ক্ষয় বা ব্যয় -কৃ।

Loiterer, *n. s.* শৈথিল্যকর্ত্তা, আলস্যে, জড়, সুস্থি, বিলম্বকর্ত্তা।

To Loll, *v. n.* Icel. হেলান-দা, ঠেস দিয়া-থাক, গড়া, পড়িয়া-থাক, গড়িয়া-থাক, জিহ্বা-লাড়।

To Loll, *v. a.* জিহ্বা বাহির-কৃ, জিহ্বা বাহির করিয়া-হেলা।

Lollard বা Loller, *n. s.* Teut. ইঙ্গলণ্ডে পাপার মত পরিবর্ত্তন বা উদ্ধারকারির নামবিশেষ, উইক্লিপ নামক ব্যক্তির মতাবলম্বির দের সম্বন্ধে অবজ্ঞাসূচক উপাধি বা সংজ্ঞাবিশেষ, এতদ্ভিন্ন Lollardy শব্দ দেখ।

Lollardy, *n. s.* পূর্ব্বোক্ত ব্যক্তিরদের মত বা ধর্ম্ম পরিবর্ত্তন বা তাহা হইতে উদ্ধারহওনের পূর্ব্ব দত্ত বা প্রাপ্ত নাম বা উপাধি।

Lombardick, *a.* ইটালি দেশে হস্তাক্ষরের বিশেষণবাচক, একপ্রকার বর্ণমালাসম্বন্ধীয়।

Lomp, *n. s.* মৎস্যবিশেষ।

Londoner, *n. s.* লণ্ডননামক নগরের লোক বা বসিয়া, লণ্ডনবাসী।

Londonism, *n. s.* লণ্ডননগরের বাক্যের রীতি বা ভাব।

Lone, *a.* উদাস, একাকী, একা, নির্জ্জন, নিভৃত, নিরীহ, কাহার সহিত সংযোগ সম্পর্ক বা এলাকা নাই যাহার, সঙ্গিহীন, পূর্ব্ব কালে অবিবাহিতা বিধবা বা স্বামিহীনা বুঝাইত।

Lone বা Lonnin, *n. s.* Lane শব্দের পরিবর্ত্তে উত্তরদেশে ব্যবহার জানিবা।

Loneliness, *n. s.* ঔদাস্য, নিভৃততা, বিরহত্ব, একাকিত্ব, সঙ্গির অভাব, সঙ্গিরাহিত্য।

Lonely, *a.* নির্জ্জন, বিরহী, বন্য, উদাস, নিভৃত, অলোক, একাকী, নির্জ্জনে থাকিতে অনুরক্ত যে।

Loneness, *n. s.* নির্জ্জনতা, ঔদাস্য, নিঃসঙ্গিতা, বন, নিভৃততা, সঙ্গিতে বৈরক্ত্য, একলসাঁড়েমি।

Lonesome, *a.* নির্জ্জন, উদাস, ভয়ানক, ঘোর, অন্ধকারময়, নিভৃত।

Lonesomely, *ad.* নিভৃতে, নির্জ্জনে, ভয়ানকস্থানে, ঔদাস্যরূপে, ভয়পূর্ব্বক।

Lonesomeness, *n. s.* ঔদাস্য, নির্জ্জনতা, নিভৃততা।

Long, *a.* Lat. দীর্ঘ, লম্বা, ঢেঙ্গা, আয়ত, দরাজ, সড়িঙ্গা, চির, চির স্থায়ী, অনেক, বহুল, বিস্তার, আকাঙ্খী, ইচ্ছুক, গম্ভীর।

Long, *ad.* দীর্ঘে, বাহুল্যরূপে, দীর্ঘকালে, অনেকদূরে, বহুকালের নিমিত্তে, গৌণে, দূরে, ক্রমিক, বরাবর, নিমিত্তে, কারণে, প্রযুক্ত।

Long, *n. s.* বাদ্যশাস্ত্রে অঙ্ক বা লক্ষণবিশেষ।

To Long, *v. n.* Sax. বাঞ্ছা-কৃ, আকাঙ্খা-কৃ, সাধ-কৃ, ইচ্ছা-কৃ, অতীচ্ছা-কৃ, অভিলাষ-কৃ, ব্যগ্রতাপূর্ব্বক-মাগ বা-চাহ, অত্যন্ত স্পৃহা -কৃ, লালসা-কৃ,।

To Long, *v. n.* Ger. সম্বন্ধীয়-হ, অধিকার-হ।

Longanimity, *n. s.* Lat. ধৈর্য্য, স্থিরতা, সহিষ্ণুতা, বরদাস্ত, সহন, অপরাধ সহিষ্ণুতা।

Longboat, *n. s.* জাহাজের পলোয়ার, জাহাজের ছোট নৌকা, জল পলওয়ার, জাহাজের উপনৌকা বা ডিঙ্গী।

Longe, *n. s.* Fr. তলওয়ারের কোপ চোট্ বা আঘাত।

Longeval বা Longevous, *a.* Lat. দীর্ঘ আয়ুর্বিশিষ্ট, চিরজীবী, দীর্ঘ কালজীবী।

Longevity, *n. s.* দীর্ঘায়ু, আয়ুর দীর্ঘতা, দীর্ঘজীবিতা, চিরজীবিতা, আয়ু, জীবনকাল।

Longimanous, *a.* Lat. দীর্ঘ বাহুবিশিষ্ট, মহাবাহু, আজানু লম্বিত ভুজ।

Longimetry, *n. s.* দূরত্ব, পরিমাণ বিদ্যায় দৈর্ঘ্য বা দূরত্ব পরিমাপক প্রকরণ।

Longing, *n. s.* অতীচ্ছা, অনবরত সাধ, ইচ্ছা, অভিলাষ, আকাঙ্খা, বাসনা, নিতান্ত বা নিরন্তর অভিলাষ।

Longingly, *ad.* অতীচ্ছাপূর্ব্বক, লিপ্সারূপে, আকাঙ্খাপূর্ব্বক, অভিলাষপূর্ব্বক, নিরন্তর বাসনাপূর্ব্বক, অতিস্পৃহাপূর্ব্বক।

Longinquity, *n. s.* Lat. অতিদূর, বিস্তর দূর, অনিকটত্ব, দূরত্ব।

Longish, *a.* কিঞ্চিৎ লম্বা বা বড়, লম্বাটিয়া।

Longitude, *n. s.* Lat. দৈর্ঘ্য, দীর্ঘতা, লম্বাই, অত্যন্ত পরিমাণ আয়তন বা দৈর্ঘ্য, দ্রাঘিমা, পৃথিবীর মধ্যে রেখাহইতে ব্যাসপর্য্যন্ত পরিমাণ বা দৈর্ঘ্য, পৃথিবীর কোন অংশহইতে তাহার পূর্ব্ব বা পশ্চিমদিগের দৈর্ঘ্য বা দূর, কোন বস্তু বা স্থানের পশ্চিম বা পূর্ব্বদিগের স্থান বা স্থিতি।

Longitudinal, *a.* অনুলম্ব, অনুদৈর্ঘ্য, দীর্ঘাদীর্ঘী লম্বালম্বী।

Longlived, *a.* দীর্ঘ আয়ুর্বিশিষ্ট, চিরজীবী, দীর্ঘজীবী।

Longly, *ad.* দীর্ঘ সূত্রতাপূর্ব্বক, দীর্ঘকালব্যাপকতা বা বর্ত্তনপূর্ব্বক, অনেক বিলম্বে বা গৌণে, অনেক কালে, অতীচ্ছাপূর্ব্বক, অভিলাষ বা সাধপূর্ব্বক, অত্যন্ত স্পৃহাপূর্ব্বক।

Longness, *n. s.* দীর্ঘতা, দৈর্ঘ্য, আয়তন, লম্বাই, পরিমাণ।

Longsome, *a.* Sax. শ্রান্তিকারী, ক্লান্তিজনক, দীর্ঘ সূত্র, বিলম্বী, অধিককালব্যাপক।

Longshanked, *a.* দীর্ঘপাদী, বৃহৎপাদবিশিষ্ট বা তদ্যুক্ত।

Longspun, *a.* লম্বাকৃত, অত্যন্ত লম্বা, শ্রান্তিকারী, ক্লান্তিজনক।

Longsufferance, *n. s.* কৃপা, দয়া, ক্ষমা, ধৈর্য্য।

Longsuffering, *a.* ধীর, গভীর, সহিষ্ণু, অক্রোধী, আশুক্রোধ করে না যে বা হয় না যাহার।

Longsuffering, *n. s.* ক্ষমা, দয়া, কৃপা, সহিষ্ণুতা, ক্রোধাভাব, অপরাধসহিষ্ণুতা, হঠাৎ অরাগ।

Maidenly, *ad.* কন্যা বা কুমারী বা অবিবাহিতা স্ত্রীর ন্যায় ভাব চালি বা গতিপূর্ব্বক।

Maidhood, *n. s.* আইবড়ত্ব, কুমারীত্ব, অবিবাহিত স্ত্রীর ভাব বা অবস্থা।

Maidmarian, *n. s.* Lat. নৃত্যবিশেষ।

Maidpale, *a.* পীড়িত, কুমারীর ন্যায় পাণ্ডু বর্ণবিশিষ্ট বা তদ্যুক্ত।

Maidservant, *n. s.* দাসী, চাকরাণী, পরিচারিকা।

Majestical বা **Majestick,** *a.* রাজশ্রীযুক্ত, রাজশ্রীমান, রাজকীয়, সম্রাজীয়, শ্রীবিশিষ্ট, প্রদৃপ্ত, প্রতাপান্বিত, গৌরবান্বিত, সম্ভ্রান্ত, মান্য, বড়, মহৎ, শ্রীমান্, ঐশ্বর্য্যশালী, জমকাল, তড়কবিশিষ্ট, উত্তম, উচ্চ।

Majesticalness বা **Majestickness,** *n. s.* মহত্ত্ব, প্রধানত্ব, উচ্চত্ব, রাজসম্ভ্রম, রাজশ্রীবিশিষ্টত্ব, রাজতুল্যত্ব, রাজশ্রী রূপ বা তদ্ভাব, দৃশ্যের ভাব ধর্ম্ম বা অবস্থা।

Majestically, *ad.* রাজশ্রীপূর্ব্বক, রাজ গৌরবপূর্ব্বক, রাজতুল্যত্ব মহত্ত্ব বা শ্রেষ্ঠত্বপূর্ব্বক, উত্তমতা বা শ্রেষ্ঠত্বপূর্ব্বক।

Majesty, *n. s.* Lat. রাজত্ব, মহিমা, রাজশ্রী, রাজার প্রাদুর্ভাব

Digitized by Google

পরাক্রম বা প্রতাপ, ঐশ্বর্য্য, গৌরব, প্রভাব, রাজশক্তি, উচ্চতা, মান্যতা, মর্য্যাদা, সম্ভ্রম, রাজা বা রাণীর উপাধি বা পদবী।

Mail, *n. s.* Fr. যুদ্ধসজ্জা, বর্ম্ম, সাজওয়া, শরীরাবরণ, ডাক, ডাকওয়ালার থলী বস্তা বা পুলিন্দা, খাজানাবিশেষ, চিহ্ন, আঁচিল, এতদ্ভিন্ন Mailed এবং Mole শব্দ দেখ।

To **Mail,** *v. a.* অস্ত্রধারণ-কৃ, সাজোয়া-পরা, সাজোয়াদ্বারা আবৃত-কৃ, জড়া, মোড়ক-কৃ, পুলিন্দায়-বান্দ, পূর বা-ভর।

Mailed, *a.* Teut. দাগবিশিষ্ট, চিহ্নযুক্ত, বিন্দুবিশিষ্ট।

To **Maim,** *v. a.* Fr. হীনাঙ্গ-কৃ, অঙ্গহীন-কৃ, খোঁড়া-কৃ, বিকলাঙ্গ-কৃ।

Maim, *n. s.* অঙ্গচ্ছেদ বা হীনত্বপ্রযুক্ত পঙ্গুতা, খোঁড়ামি, আঘাত, ক্ষতি, খুঁতবিশেষ, ভাঙ্গা অঙ্গ, দোষ, অভাব, বিকলাঙ্গ, বিকলাঙ্গাবস্থা।

Maimedness, *n. s.* খোঁড়াম, পঙ্গুতা, অঙ্গহীনত্ব, বিকলাঙ্গাবস্থা, বিকলাঙ্গত্ব।

Main, *a.* Sax. প্রধান, মুখ্য, মহৎ, মূল, প্রবল, শ্রেষ্ঠ, সরদার, বড়, বৃহৎ, স্থূল, বলবান্, শক্ত, পরাক্রমশালী, আবশ্যক, প্রয়োজনার্হ।

Main, *n. s.* Sax. অধিকভাগ, তাবত্, সমস্ত, সমূহ, সমুদায়, গড়, স্থূল, জুমল, সাকল্য, আশল, সমুদ্র, মহাসাগর, বেগ, বল, জোর তেজ, বাজী, পাসা খেলায় একহাত বাজিবিশেষ, মূলভূমি, দ্বীপ, মহাদ্বীপ, মধ্যভূমি, বাঁকা পথ, নালা।

Mainland, *n. s.* দ্বীপ মধ্যস্থল, প্রধান দ্বীপ।

Mainly, *ad.* প্রাধান্যরূপে, মূলপূর্ব্বক, মূলে, বিশেষরূপে, পরাক্রমপূর্ব্বক, বলপূর্ব্বক, বৃহদ্রূপে, বাহুল্যপূর্ব্বক।

Mainmast, *n. s.* জাহাজের প্রধান বা মধ্যের মাস্তুল, বড় ভোল, বড় মাস্তুল।

Mainpernable, *a.* Mainprise শব্দ দেখ, জামিনের যোগ্য, জামিন গ্রহণোপযুক্ত, জামিন লইবার বা দিবার মত।

Mainpernor, *n. s.* জামিন, প্রতিভূ, মালজামিন, হাজিরজামিন।

Mainprise, *n. s.* Fr. জামিন লওন বা স্বীকারকরণ, জামিন দিয়া বা হইয়া খালাসকরণ বা হওন, জামিন দাখিলকরণ, কোল জামিন হওন।

To **Mainprise,** *v. a.* জামিন-দা, হাজিরজামিন-দা।

Mainsail, *n. s.* জাহাজের প্রধান বা মধ্যম মাস্তুলের বড় পালি, বড় পালি।

Mainsheet, *n. s.* তথা।

To **Mainswear,** *v. n.* Sax. মিথ্যাশপথ-কৃ, মিথ্যাদিব্য-কৃ।

To **Maintain,** *v. a.* Fr. রক্ষা-কৃ, পালন-কৃ, প্রতিপালন-কৃ, পাল, পোষ, ভরণ পোষণ-কৃ, লালনপালন-কৃ, অন্নাচ্ছাদন-দা বা যোগা, আপনার কোন কথা ভাব বা সম্ভ্রম রক্ষা-কৃ, যুক্তিসিদ্ধ-কৃ, স্থির-কৃ, প্রমাণ-রাখ বা-কৃ, দোষক্ষালনপূর্ব্বক বজায়-কৃ, স্থিতি-কৃ, সহায়তা-কৃ, বজায়-রাখ, খরচ-যোগা, তত্ত্বাবধারণ-কৃ, তত্ত্বনী, ভরণ পোষণ-কৃ, পতন হইতে না-দা, রক্ষা-কৃ।

To **Maintain,** *v. n.* বিচারদ্বারা সাভ্যস্ত-কৃ, বিচার করিয়া বজায়-রাখ, মত-কৃ বা-চালা, যুক্তিসিদ্ধ-কৃ, রক্ষা-কৃ।

Maintainable, *a.* রক্ষণীয়, রক্ষোপযুক্ত, ন্যায্য, যুক্তিতে সাধ্য, সাভ্যস্ত করা যাইতে পারে যাহা, যাথার্থিকীকরণীয়, প্রামাণ্য।

Maintainer, *n. s.* পোষ্টা, পোষক, প্রতিপালনকর্ত্তা, ভরণ পোষণকর্ত্তা, রক্ষাকর্ত্তা, স্থিতিকর্ত্তা।

Maintenance, *n. s.* Fr. বৃত্তি, উপজীবিকা, প্রতিপালন, নির্বৃতি, পালন, পোষণ, রক্ষা, ভরণপোষণ, অন্নজল, অন্নবস্ত্র, খোরাক পোশাক, গুজরাণ, সহায়তা, অনুকূলতা, উপকার, সাহায্য, তরবিয়ৎ।

Maintop, *n. s.* জাহাজের প্রধান বা মধ্যস্থিত মাস্তুলের উপরি ভাগ বা মাথা।

Mainyard, *n. s.* প্রধান মাস্তুলের স্থান, বড় ভোল থাকে যে স্থানে।

Major, *a.* Lat. পূর্ব্বপক্ষ, জ্যেষ্ঠ, প্রধান, বড়, পরিমাণে বা সংখ্যায় বা আয়তনে অধিক বড় বা জেয়াদা, অনেক, মহত্, সম্ভ্রমে বা মর্য্যাদায় প্রধান।

Major, *n. s.* এতৎসংজ্ঞক সৈন্যাধ্যক্ষ, যোদ্ধার পদবিশেষ, কাপ্তান সংজ্ঞক সৈন্যাধ্যক্ষের প্রধান মেজর ইতি প্রসিদ্ধ, উপাধি শব্দ।

Majoration, *n. s.* বাইড়, বৃদ্ধি, বিস্তার।

Majority, *n. s.* অধিকাংশ বা ভাগ, অনেকতা, বিস্তরতা, বংশ, কুল, গোষ্ঠী, পূর্ব্বপুরুষ, পূর্ণবয়স, সম্প্রাপ্তবয়স, নাবালকী উত্তীর্ণাবস্থা, উত্তরকাল, মেজরনামক সৈন্যাধ্যক্ষের পদ।

Maister, *n. s.* Sax. কর্ত্তা, স্বামী, মনিব, মালিক, খামিন্দ, Master, Masterful এবং Mastery শব্দ দেখ।

Maistress, *n. s.* কর্ত্রী, স্ত্রীলোক মনিব বা মালিকী, Mistress শব্দ দেখ।

Maize, *n. s.* শস্যবিশেষ।

To **Make,** *v. a.* Sax. সৃষ্টি-কৃ, সৃজন-কৃ, নির্ম্মাণ-কৃ, বানা, জন্মা, উৎপাদন-কৃ, গড়, গঠ, উপযোগিদ্বারা আকারবিশিষ্ট-কৃ, রচনা-কৃ, নানাদ্রব্য বা অংশদ্বারা-গঠ, স্বভাবতো যাহা না হয় তাহা বিদ্যা বা শিল্পদ্বারা উৎপাদন সৃষ্টি বা নির্ম্মাণ-কৃ, কর্তৃত্বরূপে উৎপাদন-কৃ, কারণত্বরূপে উৎপাদন-কৃ, কৃ, আচরণ-কৃ, ব্যবহার-কৃ, কোন গুণযুক্ত-কৃ, গুণবিশিষ্ট-কৃ, গুণোৎপাদন-কৃ, করা, কোন অবস্থাপ্রাপ্ত-কৃ, কোন অবস্থায় স্থিত-কৃ, স্থির-কৃ, বজায়-কৃ, রক্ষ, প্রতিপালন-কৃ, রক্ষা-কৃ, রক্ষা-কৃ, পরিষ্কার-কৃ, আপদ্ ক্লেশ বা দুঃখহইতে মুক্ত-কৃ বা-বাঁচা, ধন সম্পত্তি বা সুখবিশিষ্ট-কৃ, সহ্য-কৃ, বরদাস্ত-কৃ, দায়ে-ঠেকা, কুকর্ম্ম বা অপকর্ম্ম-কৃ, ঠেলিয়া-দা বা-ফেল, জোর-কৃ, বাধ্য-কৃ, কোন কর্ম্মে জোর করিয়া প্রবৃত্ত-কৃ, মনস্থ-কৃ, ইচ্ছা-কৃ, করিতে-চাহ, লাভ-কৃ, মুনফা-কৃ, রোজগার-কৃ, মুনফা বা লাভ-তোল বা-উঠা, প্রাপ্ত-কৃ, পৌঁছ, প্রাপ, বলদ্বারা-প্রাপ বা লাভ-কৃ, দেখা, দর্শন-দা, শোধ-দা, উসুল-দা, দান-কৃ, নির্দ্দেশ-কৃ, স্থাপিত-কৃ, ব্যবহার্য্য-কৃ, কাযে-লাগা, বাসনা-কৃ, মনন-কৃ, কারণ বা হেতু-দা, জানা, জ্ঞা, দৃঢ়-কৃ, আটকা, ছাচে-ঢাল, জড়া, বদ্ধ-কৃ।

To **Make** *away,* হনন-কৃ, ঘাতন-কৃ, মারিয়া-ফেল, খুন-কৃ, বিনাশ-কৃ, স্বার্থান্তর-কৃ, বরাৎ-দা বা-কৃ, লইয়া পলায়ন-কৃ, লই-যা, সাথ-কৃ।

To **Make** *account,* গণনা-কৃ, হিসাব-কৃ, প্রত্যয়-কৃ, বিশ্বাস-কৃ।

To **Make** *account of,* মর্য্যাদা-কৃ, সম্মান-কৃ, শ্রদ্ধা-কৃ, মান, ভালবাস, মান্যমান-কৃ।

To **Make** *free with,* সামান্যরূপে আলাপ-কৃ, খোলাখুলিরূপে ব্যবহার-কৃ।

To **Make** *good,* প্রতিপালন-কৃ, বজায়-রাখ, রক্ষা-কৃ, স্থাপিত-কৃ, ক্ষতি বা খালপূরিয়া-দা বা সমান-কৃ, সপ্রমাণ-কৃ, নির্দ্দোষী-কৃ, পূর্ণ-কৃ, প্রতিজ্ঞা পালন-কৃ, সমাপন-কৃ।

To **Make** *light of,* সামান্য বোধ বা জ্ঞান-কৃ, তুচ্ছ-কৃ।

To **Make** *love,* প্রেম-কৃ, প্রীতি-কৃ, প্রেমালাপ-কৃ।

To **Make** *a man,* বড়মানুষ-কৃ, ধনাঢ্য-কৃ, ঐশ্বর্য্যবন্ত-কৃ, ভাগ্যবন্ত-কৃ।

To **Make** *merry,* ভোজন-কৃ, খাদ, আহ্লাদ-কৃ, আমোদ-কৃ, খুসী-কৃ।

Digitized by Google

To Make *much of*, প্রতিপালনদ্বারা বড়-কৃ, রক্ষা-কৃ, ভরণপোষণ -কৃ বা-দা, মানুষ-কৃ।

To Make *of*, *What to make of*, কি বা কিপ্রকারে বুঝা যাইবেক, উৎপত্তি-কৃ, বিবেচনা-কৃ, বিচার-কৃ, বুঝিয়া-দেখ, মান, লালনপালন-কৃ, প্রতিপালন-কৃ।

To Make *over*, অন্যকে অর্পণ-কৃ, পরহস্তে সমর্পণ-কৃ, বিশ্বস্ত বা রক্ষক ব্যক্তির জিম্মা-কৃ, হস্তান্তর-কৃ, দাখিল-কৃ।

To Make *out*, পরিষ্কার-কৃ, প্রমাণ-কৃ, স্পষ্ট-কৃ, খোলাসা-কৃ, অর্থ নিশ্চয় বা নির্ণয়-কৃ, বুঝ, সংস্থাপন-কৃ, সাবুদ-কৃ, দর্শা, বুঝা।

To Make *sure of*, নিশ্চয়-কৃ, নির্দ্ধারিত-কৃ, সটীক-কৃ, দখলে-আনী, হস্তগত-কৃ।

To Make *up*, একত্র-কৃ, জুমলা-কৃ, মোট-কৃ, সামনা-কৃ, প্রবোধ-দা, মনকে স্থির-কৃ, মেরামত-কৃ, মিলা, মিশ্রিত-কৃ, সকল একত্র -কৃ, গঠন-কৃ, যোগা, পূর্ণ-কৃ, অসম্পূর্ণতা দূর-কৃ, সমান-কৃ, তুল্য -কৃ, সুধরা, সম্পূর্ণ-কৃ, সমাপ্তি-কৃ, রক্ষা-কৃ, শেষ-কৃ।

To Make, *v. n.* রত-হ, চল, গম, কোন দিগে-চল বা-গম, সাহায্য -হ বা-কৃ, সাধন-হ, সিদ্ধ-হ, সফল-হ, গুণ-হ, কার্য্য-হ, প্রমাণ-হ, কারণ বা হেতু-হ, দৃশ, ব্যক্ত-হ, প্রকাশ-হ, প্রকাশমান-হ, কবিতা রচনা-হ, কবি-রচ, মনদ্বারা রচনা-হ।

To Make *away with*, হনন-কৃ, বধ-কৃ, মার, নষ্ট-কৃ, খুন-কৃ, বিনাশ-কৃ।

To Make *for*, উপকার-কৃ, অনুকূল-কৃ, লাভ-কৃ, সাহায্য-কৃ।

To Make *up for*, সুধরাইয়া-দা, সারিয়া-দা, পরিবর্ত্তন বা বদলি -দা।

To Make *with*, ঐক্য-হ, সম্মত-হ, একমত-হ।

Make, *n. s.* ডৌল, ছাঁচ, আভা, আকার, রূপ, গঠন, রকম, চপ, আড়া, নির্ম্মাণ, প্রকৃতি, স্বভাব।

Make, *n. s.* Sax. সমভিব্যাহারী, সঙ্গী, সাথী, যুড়ী, স্বামী বা স্ত্রী, সমযুটী, সমান বা তুল্য ব্যক্তি, বন্ধু, প্রিয়, দোস্ত, আত্মীয়।

Makeable, *a.* নির্ম্মেয়, করণীয়, করণযোগ্য বা তৎক্ষম, কর্ত্তব্য, ভবিতব্য, শক্য।

Makebate, *n. s.* কোন্দলিয়া, ঝকড়াটে, বিবাদ উপস্থিত করে যে, ঝকড়া লাগায় যে, বিবাদোৎপাদক, বিবাদ বা কলহ জন্মায় যে।

Makeless, *a.* অতুল্য, অপ্রতিযোগী, বেযুটী, একাকী, স্ত্রী বা স্বামী নাই যাহার, সঙ্গিহীন, সাথি হারা হইয়াছে যে, সমভিব্যাহারিহীন, স্বয়ং, একক।

Makepeace, *n. s.* শান্তিকর্ত্তা, মিল বা সন্ধিকারয়িতা, সন্ধিকর্ত্তা, সলা করিয়া দেয় যে, মিল করিয়া দেয় যে, বিবাদ ভাঙ্গিয়া দেয় যে, কলহ ঘুচায় বা মিটায় যে।

Maker, *n. s.* সৃষ্টিকর্ত্তা, স্রষ্টা, রচক, কারক, নির্ম্মাতা, গঠন করে যে, সাজায় যে ব্যক্তি, কবি বা কবিতা বাঁধে বা বানায় যে, গ্রন্থকর্ত্তা, নাটকাদি রচনা করে যে ব্যক্তি।

Makeweight, *n. s.* ওজন সমান করিবার নিমিত্তে পাল্লায় যে কোন ক্ষুদ্র বস্তু দেওয়া যায়, পাসানভাঙ্গা।

Making, *n. s.* Sax. নির্ম্মাণকরণ, বানান, গঠন, ডৌল, আকার, কবিতা, কাব্য।

Maladministration, Maleadministration শব্দ দেখ।

Malachite, *n. s.* প্রস্তরবিশেষ।

Malaga, *n. s.* স্পানিয়া দেশে মেলাগানামক স্থানে জাত বা তথা হইতে আনীত মদিরাবিশেষ।

Malady, *n. s.* Fr. রোগ, পীড়া, ব্যাধি, অস্বাস্থ্য, বেআরাম।

Malanders, *n. s.* Fr. ঘোটকের গোড়ারির উপর রোগবিশেষ, বর্সাতি।

Malapert, *a.* দুরন্ত, দুর্ব্বৃত্ত, ঠেঁটা, দুষ্ট, ঠোঁটকাটা, রেজলা, মূঢ়।

Malapertly, *ad.* মূঢ়তাপূর্ব্বক, ঠেঁটামিরূপে, রেজলামি দুষ্টামি বা নষ্টামিপূর্ব্বক।

Malapertness, *n. s.* ঠেঁটামি, রেজলামি, দুষ্টামি, মূঢ়তা, দুষ্টতা, দুর্বৃত্ততা।

Malapropos, *ad.* Fr. অযোগ্যরূপে, অনুপযুক্তরূপে।

To Malaxate, *v. a.* ডলিয়া ঠাসিয়া মাখিয়া বা ছানিয়া নরম-কৃ, আর্দ্র-কৃ।

Malaxation, *n. s.* পিষিয়া ঠাসিয়া ডলিয়া বা ছানিয়া নরমকরণ।

Male, *a.* Fr. পুং, পুরুষ, নর, মাদা।

Male, *n. s.* পুংলিঙ্গ, পুং, পুরুষজাতি, মর্দ, পুরুষ, থলি বা পুলিন্দা।

Male, Lat. শব্দরচনায় মন্দ বা কু বুঝায়।

Maleadministration, *n. s.* মন্দ বা কদর্য্যরূপে কর্ম্ম চালান বা নির্ব্বাহকরণ, কুকর্ম্ম।

Malecontent, *n. s.* অতৃপ্ত, বেজার, অসন্তুষ্ট বা বিরক্ত ব্যক্তি, অসম্মত, নারাজ।

Malecontent বা Malecontented, *a.* Fr. অতৃপ্ত, অসন্তুষ্ট, বেজার, বিরক্ত, কিছুতেই তৃপ্তি বা সন্তোষ নাই যাহার।

Malecontentedly, *ad.* অসন্তোষপূর্ব্বক, অতুষ্টিপূর্ব্বক, অতৃপ্তিপূর্ব্বক, নারাজ হইয়া, ক্ষুণ্ণতাপূর্ব্বক।

Malecontentedness, *n. s.* অতৃপ্তি, অসন্তোষ, অসম্মতি, বৈরক্ত্য, রাজদ্রোহিতা, রাজা বা রাজ্যসম্বন্ধে স্নেহাভাব বা অশ্রদ্ধা।

Maledicency, *n. s.* Lat. কটুবাক্য, দুর্ব্বাক্য, কদুক্তি, গালাগালি, শাপ, তিরস্কার, অনুযোগ, ভর্ৎসনা।

Maledicent, *a.* Lat. তিরস্কারকারী, দুর্ব্বাক্য বা কটুভাষী, নিন্দা ভর্ৎসনা বা কটূক্তিবাদী, নিন্দক, কুৎসাকারী, পরাপবাদক, পরগ্লানিকারক, পরনিন্দক।

Maledicted, *a.* Lat. শাপগ্রস্ত, অভিশপ্ত।

Malediction, *n. s.* Lat. অভিশাপ, শাপ, মন্যু, দুর্ব্বাক্য, অমঙ্গলেচ্ছা।

Malefaction, *n. s.* Lat. অপরাধ, দোষ, ঘাইট, কুকর্ম্ম, পাপ, তকসির।

Malefactor, *n. s.* Lat. অপরাধী, দোষী, কুকর্ম্মা, ঘাইট করিয়াছে যে ব্যক্তি, তকশীরওয়ার, শাস্ত্র বা আইনসম্বন্ধে অপরাধি ব্যক্তি।

Malefice, *n. s.* Fr. কুকর্ম্ম, অপকর্ম্ম, দুর্ব্বৃত্ততা, নষ্টামি, প্রতারণা, রেজলামি, ঠেঁটামি, কৌশল, ফিকির, হুনর, জাদু, ভেল্কী।

Maleficent, *a.* Lat. দুষ্ট, অপকারী, ভ্রষ্ট, পাপিষ্ঠ, মন্দকারী, হিংসু, অপকারক, দুরন্ত।

To Maleficiate, *v. a.* Lat. জাদু-কৃ, ভেল্কি-কৃ বা-দা, ভুলা, গুণ-কৃ, বশ-কৃ।

Maleficiation, *n. s.* জাদু, ভেল্কী, টোনা, গুণ, ডাইনপনা, Malefice শব্দ দেখ।

Malefick বা Malefique, *a.* Lat. দুষ্ট, অনিষ্টকারী, মন্দকারী, হিংসুক, অপকারক, দুরন্ত, জিঘাংসু, ক্ষতিকারক, মন্দকারক।

Malengine, *n. s.* Fr. ছল, প্রবঞ্চনা, প্রতারণা, ধূর্ত্ততা, ধূর্ত্তামি, নষ্টামি, শঠতা, কুটিলতা, বঞ্চকতা, খলতা।

Malepractice, *n. s.* কদাচার, ব্যবহারের বৈপরীত্য, নিয়ম বা রীতির অন্যথাচরণ বা বিপরীত ব্যবহার, কুব্যবহার।

Malespirited, *a.* পুরুষার্থবিশিষ্ট, মরদানি আছে যাহার, মহাত্মা, মহামনাঃ, ভারি মেজাজ যাহার।

Malet, *n. s.* Fr. পুঁটলি, থলিয়া, পুলিন্দা, গাঁটরি, মোট, পেটারা, এতদ্ভিন্ন Mail শব্দ দেখ।

To Maletreat, *To* Maltreat শব্দ দেখ।

Digitized by Google

Malevolence, *n. s.* Lat. দ্বেষ, হিংসা, জিঘাংসা, বিদ্রোহ, ঈর্ষা, আড়ি, পরের মন্দ করণেচ্ছা বা অভিপ্রায়, দুঃশীলতা।

Malevolent, *a.* Lat. দ্বেষক, জিঘাংসক, দুর্জন, অপকারার্থী, দ্বেষ্টা, ঈর্ষাকারক, দ্রোহী, প্রতিকূল, বিপরীত, মন্দচেষ্টক।

Malevolently, *ad.* দ্বেষপূর্ব্বক, দুর্জনতারূপে, অপকারার্থী হইয়া, আড়ি করিয়া, খলতাপূর্ব্বক, জিঘাংসাপূর্ব্বক, পরের মন্দ বা ক্ষতি করণেচ্ছাপূর্ব্বক।

Malevolous, *a.* Lat. দ্বেষক, জিঘাংসক, দুর্জন, খল, অপকারাকাঙ্খী, অসূয়াকারী।

Malice, *n. s.* Fr. খলতা, দ্বেষ, হিংসা, অসূয়া, জিঘাংসা, আড়ি, দ্রোহ, অপকারাকাঙ্খা, মন্দ চেষ্টা, পরের অনিষ্টচেষ্টা বা ইচ্ছা, অপকারেচ্ছা, খলতাপূর্ণ বা বিশিষ্ট হিংসা, জিঘাংসা বা অপকারজনক চেষ্টা, অনিষ্টেচ্ছুক।

Malicious, *a.* Fr. হিংসক, খল, কুটিল, জিঘাংসক, দ্বেষক, দুঃশীল, দুর্জন, অপকারক, পরের মন্দ চেষ্টা করে যে।

Maliciously, *ad.* খলতাপূর্ব্বক, দ্বেষপুরঃসরে, আড়ি করিয়া, অপকারাকাঙ্খাপূর্ব্বক, পরের মন্দেচ্ছাপূর্ব্বক, পরের অনিষ্টেচ্ছাপূর্ব্বক।

Maliciousness, *n. s.* খলতা, দ্বেষ, জিঘাংসকতা, কৌটিল্য, অসূয়া, দুঃশীলতা, দুর্জনতা।

Malign, *a.* Fr. অপকারক, পরের মন্দ চেষ্টক বা অনিষ্টকারক, দুষ্ট, মন্দ, খল, সাংঘাতিক, পীড়াদায়ক, স্পর্শাক্রামক, শরীর নাশক, সাঙ্কারিক।

To **Malign,** *v. a.* দ্বেষ-কৃ, হিংসা-কৃ, খলতা-কৃ, অপকার চেষ্টা-কৃ, মন্দ-কৃ, ক্ষতি-কৃ, ক্লেশ-দা, পীড়া-দা, আঘাত-কৃ।

To **Malign,** *v. n.* দ্বেষী-হ, খলতাকারী-হ, অপকারেচ্ছু-হ, অপকার মন্দ ক্ষতি হিংসা বা দ্রোহকারী-হ।

Malignancy, *n. s.* দ্বেষ, বিদ্রোহ, খলতা, জিঘাংসা, অপকারিতা, দুষ্টতা, সাঙ্ঘাতিকতা, ঈর্ষা, বিদ্রোহ, মন্দচেষ্টা, নষ্টকারিত্ব, হিংসা বা নাশকরণশীলতা, প্রাতিকূল্য, বৈপরীত্য।

Malignant, *a.* Fr. জিঘাংসক, দ্বেষক, অসূয়াকারী, মন্দ চেষ্টা বা অস্বাস্থ্যজনক, অপকারজনক, সাঙ্কারিক, সাংঘাতিক, প্রাণনাশক, মন্দচেষ্টক, হিংসু, ক্লেশদ, অসূয়াজনক বা-কারী, অমঙ্গলদ, ক্লেশজনক, দ্বেষকারক বা জনক, মন্দ বা নষ্টকরণশীল, স্পর্শাক্রামক।

Malignant, *n. s.* জিঘাংসক, দ্বেষী, অপকারার্থী বা খল ব্যক্তি, দ্রোহী, মন্দ, চেষ্টাকর্ত্তা।

Malignantly, *ad.* জিঘাংসাপূর্ব্বক, দ্বেষপূর্ব্বক, খলতা বা অসূয়াপূর্ব্বক, অপকার বা ক্ষতিকরণেচ্ছাপূর্ব্বক, মন্দকারিত্বরূপে।

Maligner, *n. s.* জিঘাংসক, দ্বেষ্টা, খল, নিন্দক, পরের মন্দ চেষ্টাকর্ত্তা, পরের মঙ্গলে অনিচ্ছুক, পরের অনিষ্টেচ্ছুক, গ্লানি বা কলঙ্ককারী।

Malignity, *n. s.* Fr. দ্বেষ, জিঘাংসা, অপকার, সাংঘাতিকতা, মন্দ, খলতা, পরের অপকারেচ্ছা, প্রাণ সংহারকতা, প্রাণনাশকতা, নাশকতা, জীবনের প্রাতিকূল্য বৈপরীত্য বা মন্দ চেষ্টা, কুস্বভাব, দুঃস্বভাব, মন্দকারিত্ব, পীড়াদায়কত্ব, পীড়াজনকত্ব।

Malignly, *ad.* দ্বেষপূর্ব্বক, জিঘাংসাপূর্ব্বক, মন্দ ক্ষতি অপচয় বা অপকারেচ্ছাপূর্ব্বক, মন্দকরণপূর্ব্বক।

Malkin, *n. s.* মাজিয়া মার্জনিবিশেষ, ভুষ্টা বা নোংরা স্ত্রী, Maid-marian শব্দ দেখ।

Mall, *n. s.* Lat. মুদ্গর, মুগুর, হাতুড়ি, পিটনি, আঘাত, ঘা, বাড়ী, ক্রীড়াস্থানবিশেষ।

To **Mall,** *v. a.* মুদ্গরাঘাত-কৃ, মুদ্গর দিয়া-পিট, ঘা-মার, মুদ্গর-কৃ-বা-মার।

Mallard, *n. s.* Fr. বন্য হংসবিশেষ।

Malleability, *n. s.* আঘাত বৃদ্ধিশীলতা, আহননীয়তা, মুদ্গর বা হাতুড়ির আঘাত সহিষ্ণুতা করিতে পারে যাহা, পিটিলে নরম বা লম্বা হইতে পারে যাহা তাহার ভাব বা অবস্থা।

Malleable, *a.* Fr. আঘাত বৃদ্ধিশীল, আহননীয়, মুগুরে বা হাতুড়িতে পিটান যায় যাহা, পিটাইলে বড় হয় যাহা, ডলিলে চ্যাপ্টা বা পাত হয় যাহা বা তদুপযুক্ত, ডলনীয়, ডলিবার যোগ্য।

Malleableness, *n. s.* আঘাত বৃদ্ধিশীলতা, মুদ্গরাঘাত সহনশীলতা, আঘাতনির্ম্মেয়তা, পিটাইলে বা ডলিলে পাতলা বা বড় হয় যাহা তদ্ভাব বা তদবস্থা।

To **Malleate,** *v. a.* Lat. মুদ্গরাঘাত-কৃ, মুদ্গর-মার, মুদ্গরদ্বারা আহনন-কৃ, পাতলা-কৃ, মুদ্গর বা হাতুড়িদ্বারা-গড়-পিট বা নির্ম্মাণ-কৃ।

Malleation, *n. s.* Fr. মুদ্গরাঘাতকরণ, মুগুরমারণ, পেটন, ব্যেড়ান, পাতলাকরণ, পাতকরণ, ডলন।

Mallet, *n. s.* Fr. কাষ্ঠের মুদ্গর, মুগুর, পিটনি।

Mallows, *n. s.* Sax. বৃক্ষবিশেষ।

Malmsey, *n. s.* দ্রাক্ষাবিশেষ, মদিরাবিশেষ।

Malt, *n. s.* Teut. বীর সরাপ হয় যে জলে, যবজ মদিরার আদি বস্তু, যব বা তণ্ডুলাদি শস্য জলে বহুকাল ভিজাইলে হয় যে দ্রব্য।

Maltdust, *n. s.* পতিত ভূমি উর্ব্বরা করে যে ব্যক্তি, মদিরার নিমিত্ত যব শস্য উত্তম করে যে ব্যক্তি।

Maltfloor, *n. s.* বীর সরাপ হয় যে জলে, সেই জল যবহইতে নির্গত করিয়া তজ্জল শুষ্ক করিবার স্থান বা মেজ।

To **Malt,** *v. n.* বীরসরাপের জল-কৃ, পৈষ্টী মদিরা-হ, পৈষ্টী মদিরা-চোয়া।

Maltdrink, *n. s.* পানীয়বিশেষ মদিরা।

Malthorse, *n. s.* তাড়ীবিশেষ, মদ্যবিশেষ, পানীয় দ্রব্যবিশেষ।

Maltman বা **Maltster,** *n. s.* পূর্ব্বোক্ত যবজ মদ্যব্যবসায়ী, শৌণ্ডিক, পৈষ্টিক, মদ চুয়ায় যে ব্যক্তি।

To **Maltreat,** *v. a.* নিগ্রহ-কৃ, অনাদর-কৃ, অসম্মান-কৃ, প্রহার-কৃ, মারিপিট-কৃ, বেহুরমত-কৃ।

Maltworm, *n. s.* অপরিমিত মদ্যপায়ী, মদের কীট, মাতাল, এশব্দ ঘৃণার্থে বা অবজ্ঞার্থে ব্যবহৃত হয় বুঝায়।

Malvaceous, *a.* Lat. মেলোনামক বৃক্ষসম্বন্ধীয় বা তদ্বিষয়ক।

Malversation, *n. s.* Fr. অনুচিতাচার, ধূর্ত্ততা, খলতা, প্রতারণা, প্রবঞ্চনা, অসদুপায়, জুয়াচোরি, ঠগান।

Mam বা **Mamma,** *n. s.* Lat. মাতা, মা, এতদর্থক তাবদ্ভাষাতেই উক্ত হয়, এবং শিশুর প্রথমোচ্চারিত এই শব্দ, স্নেহোক্তিবিশেষ।

Mamaluke, *n. s.* Arab. ইজিপ্টদেশীয় সৈন্যবিশেষ।

Mammee, *n. s.* পুষ্পবৃক্ষবিশেষ।

To **Mammer,** *v. n.* থাম, সংশয়-হ বা-কৃ সন্দেহ-হ, রহিত-হ, সন্দিগ্ধ-হ, বিবেচনা-কৃ, বিচার-কৃ।

Mammet, *n. s.* পুত্তলিকা, পুতলা, বস্ত্রপরিহিত পুত্তলিকা, বালকের ক্রীড়া বস্তু, খেলনা।

Mammiform, *a.* Lat. স্তনাকার, কুচাকৃতিবিশিষ্ট, বাঁটের ন্যায় বা মত।

Mammillary, *a.* Lat. স্তন বা বাঁটসম্বন্ধীয়, স্তন্য, কুচবদাকার।

Mammock, *n. s.* পিণ্ড, গোব্দা বা চ্যেপ্সা বস্তু, অগঠন, কদাকার, আকারহীন দ্রব্য, বেডৌল দ্রব্য।

To **Mammock,** *v. a.* বিদীর্ণ-কৃ, চির, ছিঁড়িয়া-ফেল, ফাড়, খণ্ডং-কৃ, টুকরাং-কৃ।

Mammon, *n. s.* ধন, সম্পত্তি, ঐশ্বর্য্য, দৌলত, বিষয়।

Digitized by Google

Mammonist, *n. s.* সাংসারিক ব্যক্তি, সাংসারিক বিষয়ে ব্যাপৃত ব্যক্তি, সাংসারিকবিষয়ে আসক্ত ব্যক্তি, সংসারাক্রান্তমনাঃ।

Man, *n. s.* Sax. নর, মনুষ্য, মানুষ, মানব, পুরুষ, জন, ব্যক্তি, মর্দ্দ, বয়ঃপ্রাপ্ত লোক, জওয়ান, চাকর, ভৃত্য, অধীন ব্যক্তি, পারিষদ্, অবজ্ঞাসূচক সম্বোধন, যথা বেটা কোন মানুষ, কোন অসাধারণ গুণবিশিষ্ট পুরুষ, কোন বিষয়ে উপযুক্ত মনুষ্য, ধনী বা স্বতন্ত্র বা অনধীন ব্যক্তি, ভ্রান্ত ব্যক্তি, স্বজ্ঞান বহির্ভূত ব্যক্তি, ।

Man of war, যুদ্ধের জাহাজ।

Man-midwife, *n. s.* ধাত্রী বা ধাত্রীর কর্ম্ম করে যে পুরুষ, পুরুষ দাই।

To **Man,** *v. a.* Sax. মানুষ-দা বা সরবরাহ-কৃ, মনুষ্য যুক্ত-কৃ বা তদ্দ্বারা চৌকি-দা, মনুষ্যদ্বারা সৈন্য প্রস্তুত-কৃ, মনুষ্য-যোগা, মনুষ্য-দা, লোকেতে সসজ্জ-কৃ, দৃঢ়-কৃ, শক্ত-কৃ, মজবুত-কৃ, বাজ পক্ষি-পোষ বা-পাল বা বশ-কৃ, সেবা-কৃ, ভৃত্য বা চাকরের ন্যায় রুজু বা হাজির থাকিয়া কর্ম্ম-কৃ, দাসত্ব-কৃ, গোলামি-কৃ।

Manacle, *n. s.* Lat. লৌহহস্তবন্ধনি, হাতকড়ি, শিকলি।

To **Manacle,** *v. a.* হাতকড়ি-দা, হস্তবন্ধন-কৃ, শিকলি দিয়া বান্ধা।

To **Manage,** *v. a.* Fr. নির্ব্বাহ-কৃ, চালা, সরবরাহ-কৃ, ঘোটককে শিক্ষা-দা, শাসন-কৃ, জব্দ-কৃ, বশীভূত বা-বশ-কৃ, দমন-কৃ, অনায়াসে বা সহজে-চালা, পরিমিত-কৃ, কোন বিষয়ে সাবধান-হ, সতর্ক হইয়া বিশিষ্টতারূপে বা পরিমিতরূপে ব্যবহার-কৃ।

To **Manage,** *v. n.* কর্ম্ম নির্ব্বাহকারী-হ, কর্ম্ম-চালা, নির্ব্বাহ-কৃ, সরবরাহ-দা দা-কৃ।

Manage, *n. s.* Fr. চালান, কর্তৃত্ব, নির্ব্বাহ, সরবরাহ, শাসন, ব্যবহার, প্রয়োজকতা, অশ্বশিক্ষা, চালান, নীতি, রীতি।

Manageable, *a.* অদুষ্কর, হাল্কা, শিষ্ট, শান্ত, ধীর, সৌম্যমূর্ত্তি, অনায়াসে চালান যায় যাহা বা যাহাকে, বশ্য, বশকরণীয়, বশভবনীয়, শাসনীয়, শাস্য, দম্য, নির্ব্বাহ্য, নির্ব্বাহকরণযোগ্য, অনায়াসে ব্যবহার্য্য, পরিমিতাচারণীয়, সম্পাদনীয়।

Manageableness, *n. s.* অনায়াসে ব্যবহার্য্যত্ব, অদুষ্করত্ব, শিষ্টতা, শান্তত্ব, ধীরত্ব, স্থিরত্ব, দমনীয়ত্ব, বশীভূতকরণযোগ্যত্ব।

Management, *n. s.* Fr. আচরণ, ব্যবহার কর্তৃত্ব, প্রভুত্ব, পরিমিতাচার, চালাওন, নির্ব্বাহকরণ, বিজ্ঞতা, ধূর্ত্ততা, অভ্যাস, কর্ম্ম করিবার এলাকা, কার্য্য সরবরাহ, নির্ব্বাহ, সম্পাদন।

Manager, *n. s.* সম্পাদক, নির্ব্বাহক, সরবরাহকার, কোন কর্ম্ম চালায় যে, পরিমিতাচারী, কর্ম্মকর্ত্তা।

Managery, *n. s.* Fr. আচরণ, ব্যবহার, কর্তৃত্ব, চালান, নির্ব্বাহ করণ, সম্পাদন, পরিমিতাচার, ব্যবহারের রীতি মত বা নিয়ম।

Manakin, Manikin শব্দ দেখ।

Manation, *n. s.* Lat. কোন কিছুহইতে নির্গত বা বাহিরহওন।

Manche, *n. s.* Fr. হাতা, আস্তিন।

Manchet, *n. s.* উত্তম রুটিবিশেষ, Cheat-bread শব্দ দেখ।

Manchineel *tree,* *n. s.* Lat. বৃক্ষবিশেষ।

To **Mancipate,** *v. a.* Lat. দাস-কৃ, অধীন-কৃ, গোলাম-কৃ, বদ্ধ-কৃ, আটক-কৃ, কএদ-কৃ বা-রাখ।

Mancipation, *n. s.* দাসত্ব, গোলামী, অস্বাধীনত্ব, অনিচ্ছায় বদ্ধ থাকন বা হওন বা তদবস্থা।

Manciple, *n. s.* Lat. টোলের বা চৌপাড়ীর ভাণ্ডারী, খানসামা, সরবরাহকার, ভক্ষ্য দ্রব্য যোগায় বা সরবরাহ করে যে ব্যক্তি।

Mandamus, *n. s.* Lat. আদালতের আজ্ঞাপত্র বা পরওয়ানা বিশেষ।

Mandarin, *n. s.* Port. চীন দেশীয় কুলীন বা আমীর ব্যক্তি বা তদ্দেশীয় বিচারাধ্যক্ষ বা হাকিম।

Mandatary, *n. s.* Fr. পোপকর্তৃক দত্ত বৃত্তিভোগিবিশেষ।

Mandate, *n. s.* Lat. আজ্ঞাপত্র, সনন্দ, পরবানা, হুকুমনামা, আদেশ, আজ্ঞা, অনুজ্ঞা।

Mandator, *n. s.* Lat. আজ্ঞাকর্ত্তা, আদেশ বা নির্দ্দেশকর্ত্তা।

Mandatory, *a.* আজ্ঞাসম্বন্ধীয়, আজ্ঞাঘটিত, আজ্ঞাকারক, আদেশ বা নির্দ্দেশবহ।

Mandatory, *n. s.* প্রতিনিধি, কোন বিষয়ের ভার অর্পণ করা গিয়াছে যে ব্যক্তিকে, প্রধান ভারার্পিত ব্যক্তি, বার্ত্তাবাহকবিশেষ, সন্দেশবাহক।

To **Mander,** *To* **Maunder** শব্দ দেখ।

Mandible, *n. s.* Lat. চোয়াল, কস, চিবান যায় যদ্দ্বারা বা যাহাতে।

Mandibular, *a.* Lat. চোয়ালসম্বন্ধীয়, কসবিষয়ক।

Mandil, *n. s.* Fr. জামাবিশেষ।

Mandilion, *n. s.* Ital. সিপাহীর কুরতি বা জামাবিশেষ, গুদড়ী বিশেষ।

Mandment, *n. s.* Fr. আজ্ঞা, শাসন, হুকুম, অনুজ্ঞা।

Mandolin, *n. s.* Ital. একপ্রকার লেবুবিশেষ।

Mandragora বা **Mandrake,** *n. s.* Sax. বৃক্ষবিশেষ।

Mandrel, *n. s.* Fr. কুন্দ করিবার অস্ত্রবিশেষ।

Manducable, *a.* Lat. ভক্ষ্য, ভোজ্য, ভোজনোপযুক্ত, খাদ্য, খাওয়া যাইতে পারে যাহা, খাইবার যোগ্য, খাদ্যোপযুক্ত।

To **Manducate,** *v. a.* Lat. চিব, চর্ব্ব, চর্ব্বণ-কৃ, ভক্ষণ-কৃ, খাদ, ভোজন-কৃ, আহার-কৃ।

Manducation, *n. s.* Lat. ভক্ষণকরণ, ভোজনকরণ, খাওন, চর্ব্বণ করণ, চিবাওন।

Mane, *n. s.* Dut. ঘোড়ার গোপ বা ঘাড়ের লোম, ঘোড়ার বা অন্য জন্তুর ঘাড়ের লোম, কেশর।

Maneater, *n. s.* মনুষ্যভোক্তা, মনুষ্যমাংসখাদক, রাক্ষস, নরভুক, নৃমাংসভোজী।

Maned, *a.* পৃষ্ঠে লোমবিশিষ্ট, কেশরবিশিষ্ট।

Manege, *n. s.* Fr. ঘোটকারোহণ শিক্ষা করাইবার স্থান, ঘোটক শিক্ষা করাইবার স্থান, ঘোড়া তৈয়ারী বা শিক্ষা করে যেখানে।

Manerial, *a.* Lat. ভূম্যধিকার, জমীদারী বা তালুকসম্বন্ধীয় বা তদ্বিষয়ক।

Manes, *n. s.* Lat. প্রেতলোক, পিতৃলোক, পিতৃপিতামহাদি পুরুষ।

Manful, *a.* বলবান, সমর্থ, পরাক্রান্ত, সজোর, জামর্দ, সাহসী, বুকওয়ালা, হেম্মতী, নির্ভয়, ডাকাবুকা, উচক্কা।

Manfully, *ad.* হিম্মতপূর্ব্বক, বলপূর্ব্বক, সামর্থ্য পরাক্রম শক্তি বিক্রম নির্ভয়তা বা সাহসপূর্ব্বক, পুরুষার্থরূপে, জোর বা জামর্দ পূর্ব্বক।

Manfulness, *n. s.* বল, সাহস, বিক্রম, পরাক্রম, হেম্মত, সাহসিকতা, পরাক্রান্ততা, পুরুষার্থ।

Manganese, *n. s.* Lat. কাঁচ দ্রব্যনির্ম্মাতার ব্যবহৃত সংজ্ঞা, কাঁচ বা স্ফটিক পরিষ্কারার্থক দ্রব্যের নাম।

Mangcorn, *n. s.* Dut. মিশ্রিত নানাশস্য, পাঁচমিশালি শস্য।

Mange, *n. s.* Fr. পশ্বাদির খোস পাচড়া বা শুষ্ক ক্ষত।

Manger, *n. s.* Fr. গামলা, মেছলা, জাবপাত্র, গরু বা ঘোটকের ভক্ষণপাত্র।

Manginess. *n. s.* খোস, চুলকনা বা তদ্রোগের সঞ্চার বা আক্রমণ।

To **Mangle,** *v. a.* Dut. বিদীর্ণ-কৃ, ছেদ-কৃ, কাট, ছিন্দ, খান২-কৃ, টুকরা২-কৃ, খণ্ড২-কৃ, ফাড়।

Digitized by Google

To Mangle, *v. a.* Ger. ইস্ত্রি-কৃ, বস্ত্রপরিষ্কার-কৃ, কাপড় সাঁক-কৃ বা-ঘৃষ।

Mangle, *n. s.* ইস্ত্রি করিবার গোলাকৃতি কাষ্ঠবিশেষ, ইস্ত্রি, কাপড় পরিষ্কার বা সাঁক করিবার অস্ত্রবিশেষ।

Mangler, *n. s.* খণ্ডং কারক, ছেদকারক, টুকরাং করে যে, বিদারক, নাশক।

Mango, *n. s.* আম্র, আম, রসাল, চূত।

Mangonel, *n. s.* Fr. ঢেঁকিকলবিশেষ।

To Mangonize, *v. n.* Lat. পরিষ্কার-কৃ, নির্ম্মল-কৃ, চাকচিক্য-কৃ, উত্তম মূল্যে বিক্রয় করণার্থে-সাজা বা সৌন্দর্য্য-কৃ।

Mangrove, *n. s.* লোনাখালে বা জলে জাত বৃক্ষবিশেষ।

Mangy, *a.* খোসবিশিষ্ট, খোসপাচড়া বা ক্ষতবিশিষ্ট বা তদ্রোগে পীড়িত।

Manhater, *n. s.* নরনিন্দক, বিশ্বনিন্দক, সর্ব্বলোকনিন্দক বা দ্বেষ কর্ত্তা।

Manhood, *n. s.* মনুষ্যাবস্থা, মনুষ্যস্বভাব, মানবধর্ম্ম, মনুষ্যত্ব, পুরুষত্ব, পৌরুষ, পুংশক্তি, বীরত্ব, সাহস।

Mania বা Manie, *n. s.* Gr. ক্ষিপ্ততা, উন্মত্ততা, পাগলামি।

Maniacal বা Maniack, *a.* Lat. উন্মত্ত, পাগল, ক্ষেপা, ক্ষিপ্ত, মাথাঘোরা বা পাগলা, মাথা ঠিক নাই যাহার।

Maniack, *n. s.* উন্মত্ত, পাগল, ক্ষিপ্ত বা ক্ষেপা ব্যক্তি।

Manichean বা Manichee, *n. s.* মেননামক ব্যক্তির মতাবলম্বী, যাহারদের মত যে সংসারে তাবদ্বিষয়ের মূল সৎ আর অসৎ আর এই বস্তুদ্বয়ের দুই অধিষ্ঠাতৃ তুল্য দেবতা আছেন, তাঁহারাই প্রবৃত্তি নিবৃত্তি জন্মানইত্যাদি।

Manichean, *a.* পূর্ব্বোক্ত মত বা ধর্ম্মবিষয়ক বা তৎ সম্বন্ধীয়।

Manicheism, *n. s.* পূর্ব্বোক্ত মত বা ধর্ম্ম, পাষণ্ডত্ব।

Manicon, *n. s.* Lat. বৃক্ষবিশেষ।

Manichord, *n. s.* Fr. বাদ্যযন্ত্রবিশেষ।

Manifest, *a.* Lat. পরিষ্কার, প্রত্যক্ষ, খোলাসা, প্রকট, প্রদীপ্ত, প্রাদুর্ভূত, সাফ, অগোপন, প্রকাশ, ব্যক্ত, স্পষ্ট, স্ফুটকাট, নিঃসন্দেহ, সুস্পষ্ট।

Manifest, *n. s.* প্রমাণ, কথা, উক্তি, বাক্য, প্রকৃত উক্তি বা তদর্থক লিখন বা মুচলকা, বোঝাই মালের তালিকা, জাহাজে প্রেরিত বাণিজ্য দ্রব্যের তালিকা বা ফর্দ্দ।

To Manifest, *v. a.* Lat. প্রকাশ-কৃ, ব্যক্ত-কৃ, দর্শা, স্পষ্ট-দর্শা, প্রত্যক্ষ-কৃ।

Manifestable, Manifestible শব্দ দেখ।

Manifestation, *n. s.* Fr. প্রকাশ, প্রাদুর্ভাব, প্রকাশ করণ বা হওন, দর্শান, এজাহার, জারী, ঘোষণা, জাহির, প্রত্যক্ষকরণ, স্পষ্টকরণ, প্রকাশকরণ, সুস্পষ্ট প্রমাণ বা সাবুদকরণ।

Manifestible, *a.* প্রকাশ্য, অনায়াসে প্রকাশ্য, প্রত্যক্ষ, সুস্পষ্ট প্রমাণ বা সাবুদ হয় বা করা যায় যাহা বা যাহাকে বা তদ্যোগ্য।

Manifestly, *ad.* প্রকাশরূপে, প্রত্যক্ষরূপে, প্রামাণ্যরূপে, প্রকাশে।

Manifestness, *n. s.* প্রকাশতা, প্রত্যক্ষতা, পরিষ্কারতা, স্ফুটতা, স্পষ্টতা, সুবোধনীয়ত্ব, প্রত্যক্ষ প্রমাণ।

Manifesto, *n. s.* Ital. ঘোষণাপত্র, বিবরণ, জ্ঞাপনপত্র, এজাহার, মুচলকা।

Manifold, *a.* Sax. নানাজাতীয় বা প্রকার, বহুগুণা, বহুধা, নানাবিধ, বিবিধ।

Manifolded, *a.* বহুগুণ, বহুবিধ, নানাপ্রকার, একত্রভূত বা কৃত, উপর্য্যুপরি কৃত।

Manifoldly, *ad.* নানাপ্রকারে, বহুবিধত্বপূর্ব্বক, বিবিধ বা নানাপ্রকারে বা নানাবিধত্বরূপে।

Manifoldness, *n. s.* বহুবিধত্ব, নানাবিধত্ব, অনেকপ্রকারত্ব, অনেকত্ব, বহুত্ব।

Maniglions, *n. s.* জর্ম্মণী দেশে নির্ম্মিত কামানবিশেষ, কামানের হাতল।

Manihot বা Manioc, *n. s.* বৃক্ষবিশেষ।

Manilio বা Manille, *n. s.* হস্ত বা চরণের আভরণ, বলয়, মল।

Manikin, *n. s.* Teut. বামন, বেঁটে বা খর্ব্বলোক, বাউন্যা, ক্ষুদ্রাকার মনুষ্য।

Maniple, *n. s.* Lat. একমুষ্টি পরিমিত, একমুটা, একলোট, সৈন্যদল, আচার্য্যেরদের পরিধেয় আভরণবিশেষ।

Manipular, *a.* Lat. সৈন্যদলসম্বন্ধীয় বা তদ্বিষয়ক।

Manipulation, *n. s.* মৃত্তিকাহইতে রূপা খনন করিয়া বাহির করণ বা তৎপ্রকরণ।

Mankilling, *a.* মনুষ্যঘাতক, মনুষ্যহন্তৃ, মনুষ্যহন্তা বা বধকারী, খুনে।

Mankiller, *n. s.* মনুষ্য বধ করে যে ব্যক্তি, খুনে, হন্তা, নৃঘ্ন, মনুষ্যহন্তা, মনুষ্যহা।

Mankind, *n. s.* Sax. মনুষ্যজাতি, মানবজাতি, মনুষ্য, নর।

Mankind, *a.* পুংবৎ, মনুষ্যের ন্যায়, পুরুষের ন্যায়, পুরুষের আকৃতি বা স্বভাববিশিষ্ট, মনুষ্যবদাকার, সবল, বিক্রান্ত, সাহসী, মর্দানা, পুরুষের ন্যায় বিক্রমশালী, হিংস্র, এশব্দ পূর্ব্বে পশ্বাদি বাচকত্বে ও ব্যবহার হইত।

Manless, *a.* মনুষ্যহীন, লোক নাহি যাহাতে, শূন্য, খালি, মনুষ্য বর্জ্জিত, নির্জ্জন।

Manlike, *a.* পুরুষবদাকার, পুংবৎ, পুরুষধর্ম্মক, পুরুষের বর্ণ রূপ বা গুণ আছে যাহাতে বা যাহার, মনুষ্যোপযুক্ত, মনুষ্যের ন্যায়, মনুষ্যতুল্য, মনুষ্যবৎ।

Manliness, *n. s.* পুরুষত্ব, পৌরুষ, মনুষ্যধর্ম্ম বা স্বভাববিশিষ্টত্ব, বীরত্ব, শূরত্ব, শৌর্য্য, পরাক্রম, বিক্রম, সবলত্ব, জামর্দি।

Manling, *n. s.* বামন, খর্ব্ব, বেঁটে, বাউনে মনুষ্য।

Manly, *a.* পুংবৎ, পুরুষের ন্যায়, পুরুষধর্ম্মক, জামর্দ, পুরুষের যোগ্য, বিক্রান্ত, বলবান, সজোর, পুষ্ট, দৃঢ়, মজবুত, শক্ত, নির্ভয়, নিঃশঙ্ক, ভয়রহিত, সাহসী।

Manly, *ad.* পুরুষের ন্যায় সাহসপূর্ব্বক, জামর্দিপূর্ব্বক, পুরুষার্থানুসারে।

Manna, *n. s.* Heb. ঔষধিবিশেষ, বংশলোচন।

Manner, *n. s.* Fr. ভৌল, দাঁড়া, ঢপ, আকার, প্রকার, রূপ, রীতি, তর, রকম, ধারা, পথ, দস্তুর, নিয়ম, চাইল, চলন, আইন, আচার, ব্যবহার, গতি, জাতি, মুখশ্রী, আস্য, মুখের ভাব, মুখ, চেহারা, এশব্দ বহুবচনে মন বা অন্তঃকরণের স্বভাবকে বুঝায়, এবং স্বভাব, আচরণ, খো, প্রকৃতি, শিষ্টাচার ইত্যাদি বুঝায়, সভ্যতা, শীলতা।

To Take in or with the manner, কোন দুষ্কর্ম্ম করিতে ধরণ, দুষ্কর্ম্ম করিতে ধরা পড়ন।

To Manner, *v. a.* হিতোপদেশ-দা, নীতিশিক্ষা-করা বা-দা, শিক্ষা-করা, গঠ, বানা, তৈয়ার-কৃ, ঢাঁচা-কৃ, ভৌল-কৃ।

Mannerist, *n. s.* যে শিল্পী একরকমে বা প্রকারে তাবৎকার্য্য করে।

Mannerliness, *n. s.* শিষ্টাচার, সভ্যতা, সুশীলতা, সুব্যবহার, সৌজন্য, সদালাপ।

Digitized by Google

Mannerly, *a.* শিষ্ট, সুশীল, সুজন, ভব্য, লৌকিক, সুব্যবহারী, সুস্বভাবী।

Mannerly, *ad.* শিষ্টাচারপূর্ব্বক, সৌজন্যরূপে, সুব্যবহারপূর্ব্বক।

Mannikin, *n. s.* Teut. বামন, বেঁটে বা খর্ব্বলোক, বাউন্যা।

Mannish, *a.* মনুষ্যজাতীয়, মানব, মনুষ্যধর্ম্মক, মনুষ্যবিষয়ক, মনুষ্যজাতিসম্বন্ধীয়, পুরুষাকার, পুংবৎ, পুরুষের ন্যায়, পুরুষের আকার বা স্বভাববিশিষ্ট, সাহসী, জামর্দ, বিক্রান্ত, অসভ্য, বেআদব।

Manœuvre, *n. s.* Fr. কাওয়াদ, ছল, খাউকী, যুদ্ধে ছলদ্বারা অরি দমন বা স্বরক্ষার্থ চালি, সমুদ্রে জাহাজ চালাইবার কৌশল, জাহাজ চালান বা নির্ব্বাহ, কৌশল, পেঁচপাচ।

To **Manœuvre,** *v. n.* জাহাজ-চালা, জাহাজি যুদ্ধ-চালা বা নির্ব্বাহ-কৃ, যুদ্ধকার্য্য উত্তম বা প্রজ্ঞতারূপে নির্ব্বাহ-কৃ, কোন কার্য্য বা বিষয় পটুতারূপে নির্ব্বাহ-কৃ বা-চালা।

Manor, *n. s.* Fr. ভূম্যধিকার, জমীদারী, জায়গীর, তালুক।

Manor-house বা **Manor-seat,** *n. s.* জমীদার বা তালুকদারের কাছারি ঘর বা আবাস।

Manorial, *a.* জমীদারসম্পর্কীয় বা তৎসম্বন্ধীয়, জমীদার বা তালুকদারবোধক।

Manqueller, *n. s.* Sax. নৃঘ্ন, মনুষ্যহন্তা, খুনে, মনুষ্য মারে যে, মনুষ্যবধী, মনুষ্য কাটে বা নষ্ট করে যে ব্যক্তি।

Manse, *n. s.* Lat. ইজারা, ভূমির জমা, তালুক, জায়গীর, জমীদারী, পুরোহিত যাজক বা উপদেশকের বাসগৃহ।

Mansion, *n. s.* Lat. প্রাসাদ, অট্টালিকা, গৃহ, ঘর, বাটী, বাড়ী, আলয়, কুঠী, মহল, বাসস্থান, নিবাস, কুলীন প্রধান বা ভূস্বামির আলয়, জমীদারীর মধ্যে বাসস্থান বা গৃহ, জমীদারী কাছারী।

To **Mansion,** *v. n.* প্রাসাদে বাস-কৃ, বসতি-কৃ, থাক, টিক।

Manslaughter, *n. s.* অজ্ঞানকৃত বধ বিনাশ নাশ ধ্বংস বা খুন, অচিন্তিত মনুষ্যবধ, দৈবে মনুষ্যহত্যা।

Manslayer, *n. s.* Sax. নৃঘ্ন, মনুষ্য বধ করে যে ব্যক্তি, খুনে।

Manstealer, *n. s.* মনুষ্য চুরি করিয়া বিক্রয় করে যে, ছেলে ধরা, ছেল্যা চোর।

Manstealing, *part. a.* বিক্রয়ার্থে মনুষ্য চুরি করা বা কারক।

Mansuete, *a.* Lat. শান্ত, ঠাণ্ডা, পোষা, বশীভূত, অহিংসু, হিংসক নহেযে, বুনো নহে যে, জঙ্গলী নহে যে।

Mansuetude, *n. s.* Lat. শান্ততা, বশ্যত্ব, পোষ্যতা, বশীভূততা।

To **Manswear,** *To* **Mainswear** শব্দ দেখ।

Mantel, *n. s.* Ger. ধূমঘরের আবর্ত্তনী বা ঢাকন, এতদ্ভিন্ন **Mantle** শব্দ দেখ।

Mantelet, *n. s.* Fr. জামাবিশেষ, গড়রক্ষার্থক মুর্চ্চা বা বুরুজ, কিল্লার বুরুজ।

Mantiger, *n. s.* Lat. হনুমান, বানরবিশেষ।

Mantle, *n. s.* Sax. বড় জামা বা কোর্ত্তা, রেজাই, লবেদা।

To **Mantle,** *v. a.* জামা-পর, আচ্ছাদন-কৃ, ঢাক, আবরণ-কৃ।

To **Mantle,** *v. n.* শিকারি পক্ষির ন্যায় আহ্লাদে পাখনা বিস্তার-কৃ, আহ্লাদ-কৃ, তুষ্ট-হ, খুসি বা আমোদ-কৃ, বিস্তৃত-হ প্রস্ফোটিত-হ ছাড়াইয়া-পড়, উপরং তুলিয়া-লও, উপরে যাহা থাকে তাহা একত্র-কৃ বা তুলিয়া-লও, গেঁজা-পড়, ফেনা-উঠ, উছল পিছল-হ।

Mantling, *n. s.* কুলীনেরদের পোশাকবিশেষ, মর্য্যাদাসূচক পরিচ্ছেদ চিহ্নবিশেষ।

Manto, *n. s.* Ital. জামাবিশেষ, লবেদা, কোর্ত্তা।

Mantua, *n. s.* Gr. বিবিআনা জামাবিশেষ।

Mantuamaker, *n. s.* পূর্ব্বোক্ত জামা নির্ম্মাণকর্ত্তা বা সেলাই করে যে দরজি।

Manual, *a.* Lat. হস্তকৃত, হস্তদ্বারা করণীয়, হস্তে ব্যবহৃত, হেতো, হস্তে নির্ব্বাহ হয় বা করা যায় যে কর্ম্ম তাহার বিশেষণ বাচক।

Manual, *n. s.* হস্তে করিয়া লইয়া যাওয়া যায় এমত পুস্তক, ক্ষুদ্র পুস্তকবিশেষ, পদ্ধতি।

Manuary, *a.* Lat. হস্তকৃত, হাতে হইয়াছে যাহা।

Manubial, *a.* Lat. যুদ্ধলব্ধ বা লুণ্ঠিত বস্তুবিষয়ক।

Manubrium, *n. s.* Lat. হাতা, হাতল, বাঁট।

Manuduction, *n. s.* Lat. হস্তদ্বারা চলান বা প্রদর্শন।

Manuductor *n. s.* Lat. পথপ্রদর্শক, হাত ধরিয়া লইয়া যায় যে, সেতো, উপদেশক, উপদেষ্টা।

Manufactory, *n. s.* শিল্প কর্ম্ম করণ বা তৎকর্ম্ম চালান, আড়ং, কুঠী, কারখানা, কর্ম্মস্থান, কোন কর্ম্ম বা ব্যাপার হয় যে স্থানে, কারখানা ঘর।

Manufacture, *n. s.* Lat. শিল্পকর্ম্ম ব্যবসায়, কর্ম্ম, কার্য্য, ব্যাপার, কারবার, কারিগরি, কল বা শিল্প বিদ্যার দ্বারা হইয়াছে যে দ্রব্য বা বস্তু।

To **Manufacture,** *v. a.* Fr. শ্রম বা শিল্পদ্বারা কর্ম্মনির্ম্মাণ-কৃ, কারিগরি-কৃ পাইট-কৃ, বানা, কর্ম্মে-আন, কর্ম্ম-কৃ, ব্যবসায়-কৃ, দ্রব্যপ্রস্তুত-কৃ, হেকমতের কর্ম্ম-কৃ, প্রস্তুত-কৃ, সৃজন-কৃ, তৈয়ার-কৃ।

To **Manufacture,** *v. n.* কোন ব্যবসায় কর্ম্ম ব্যাপার বা শিল্প কর্ম্মে নিযুক্ত বা ব্যাপৃত-হ।

Manufacturer, *n. s.* কর্ম্মকারী, ব্যবসায়ী, নির্ম্মাতা, কোন দ্রব্য বা বস্তু প্রস্তুত করে যে ব্যক্তি, শিল্পী, শিল্প কর্ম্মকারী, কারিগর, শিল্পকর।

To **Manumise,** *v. a.* Lat. মোচন-কৃ, উদ্ধার-কৃ, ছাড়িয়া-দা, দাসত্বহইতে মুক্ত, মোচন বা খালাস-কৃ।

Manumission, *n. s.* Lat. মোচনকরণ, মুক্তকরণ, ছাড়িয়া দেওন, দাসত্বহইতে খালাস দেওন।

To **Manumit,** *v. a.* Lat. *To* **Manumise** শব্দবৎ অর্থ জানিবে।

Manurable, *a.* কর্ষণীয়, কৃষিযোগ্য, আবাদযোগ্য, চাসকরা যাইতে পারে যাহাতে।

Manurage, *n. s.* চাস, আবাদ, কৃষিকর্ম্ম, চাসকরণ বা দেওন।

Manurance, *n. s.* চাস, কৃষিকর্ম্ম, আবাদ।

To **Manure,** *v. a.* Fr. শারীরিক পরিশ্রমদ্বারা আবাদ-কৃ, হস্তকৃত কর্ম্মদ্বারা আবাদ-কৃ, চাস-কৃ, সার-দা, সার-ছড়া বা বিস্তৃত-কৃ, ভূমির শক্তি সার মিশ্রণ বা ছড়ানদ্বারা বৃদ্ধি-কৃ।

Manure, *n. s.* সার, সারমাটী, গোরব ইত্যাদি সার।

Manurement, *n. s.* চাস, আবাদ, কৃষিকর্ম্ম, চাসকরণ, সার দেওন, সার ছড়ান, ভূমিউত্তমকরণ, ভূমি ঔৎকর্ষ্য বা ভালকরণ।

Manurer, *n. s.* ক্ষেতে সার দেয় যে ব্যক্তি, কৃষি, চাসা।

Manuscript, *n. s.* Lat. লিখিত পুস্তক, ছাপা নয় যাহা, লেখা পুস্তক বা কাগজ কেতাব বা পত্র, হস্ত লিখিত পুস্তক বা লিখন।

Manutenency, *n. s.* Lat. উপজীব্য, উপজীবিকা, গুজরাণ, খোরপোস, অন্নাচ্ছাদন, বৃত্তি, জীবনোপায়, প্রতিপালন।

Many, *a.* Sax. অনেক, যথেষ্ট, প্রচুর, সমূহ, বহু, ঢের, অনল্প, ভূরি, বহুতর, অনিশ্চিতসংখ্যক।

Many, *n. s.* Fr. জনতা, অসংখ্যকসমূহ দল, অনেক লোক, লোকজন, চাকরবাকর, পরিবার, ভৃত্যাদি, আমলাফয়লা, দাসদাসী, পরিকর।

Digitized by Google

Manycoloured, *a.* নানাবর্ণবিশিষ্ট, রঙ্গবরঙ্গ, অনেক রঙ্গ আছে যাহাতে, বহুবর্ণধর্ম্মক।

Manycornered, *a.* অনেক কোণবিশিষ্ট, অধিক কোণ বা অস্র আছে যাহার বা যাহাতে।

Manyheaded, *a.* বহুমস্তকবিশিষ্ট, অনেক নায়ক বা কর্ত্তা আছে যাহার, অনেকের কর্তৃত্ব আছে যাহাতে।

Manylanguaged, *a.* বহুভাষী, বহুভাষাযুক্ত বা মিশ্রিত, নানা বা অনেক ভাষা আছে যাহাতে।

Manypeopled, *a.* বহুজনবিশিষ্ট, জনতাবিশিষ্ট, লোকময়, অনেক লোক আছে যাহাতে।

Manytimes, অনেকবার, পুনঃং, বারং, বারম্বার, একজাই।

Map, *n. s.* Lat. নক্সা, দেশাদির নক্সা, পট, যাহাতে দেশ সমুদ্র ও দ্বীপাদি লিখিত বা চিত্রিত থাকে।

To **Map,** *v. a.* পট-আঁক, চিত্র-কৃ, নক্সা-কৃ।

Maple *tree,* *n. s.* বৃক্ষবিশেষ।

Mappery, *n. s.* নক্সা আঁকন বিদ্যা, নক্সাকরণ বা তৎপ্রকরণ।

To **Mar,** *v. a.* Sax. নষ্ট-কৃ, বিগড়া, কদর্য্য-কৃ, খারাব-কৃ, ক্ষতি-কৃ, দাগি-কৃ, অপকার-কৃ, অপচয়-কৃ, হানি-কৃ।

Mar, *n. s.* Got. দাগ, চিহ্ন, অপচয়, অপকার, ক্ষতি, হানি, ক্ষুদ্র খাল বা জলাশয়।

Maranatha, *n. s.* Syr. য়িহুদীরদিগের মধ্যে অভিশাপ বা অমঙ্গল সূচক শব্দবিশেষ, হে দেব আগতোসি অর্থাৎ উচ্ছিন্ন হও বা অমঙ্গল হউক ইত্যাদি।

Marasmus, *n. s.* ক্ষয় ব্যাধি, ক্ষয়রোগবিশেষ।

Marander, *n. s.* Fr. দলবদ্ধ, লেঠেরা, লুঠেরা বা লুটকারক সৈন্য, ডাকাইতবিশেষ।

Marauding, *a.* Fr. লুঠান্বেষণকারী, ডাকাইতি বা লুঠ করিতে ফিরে যে, ডাকাইত, নাশকারী, খুনে, বিনাশকারী।

Maravedi, *n. s.* Arab. স্পানিয়াদেশের তাম্র মুদ্রাবিশেষ, প্রায় আধ আনামূল্যক পয়সা।

Marble, *n. s.* Lat. প্রস্তরবিশেষ, সংমর্ম্মর, ক্ষুদ্র এণ্টাল।

Marble, *a.* সংমর্ম্মর নির্ম্মিত, সংমর্ম্মরবৎ, সংমর্ম্মরের ন্যায় চিত্র বিচিত্রকৃত।

To **Marble,** *v. a.* Fr. পূর্ব্বোক্ত প্রস্তরের ন্যায় চিত্রবিচিত্র বা রেখা বিশিষ্ট-কৃ, সংমর্ম্মর প্রস্তরদ্বারা গুম্বন-কৃ বা তদ্যুক্ত-কৃ।

Marblehearted, *a.* নির্দয়, নিষ্ঠুর, কঠিন, ক্রূর, পাষাণহৃদয়, পাষাণচিত্ত।

Marcasite, *n. s.* আকরীয় ধাতু দ্রব্যবিশেষ, স্বর্ণমক্ষিকা।

March, *n. s.* ইউরোপীয় সনের তৃতীয় মাস, চৈত্র।

To **March,** *v. n.* Fr. চল, যাত্রা-কৃ, প্রস্থান-কৃ, প্রয়াণ-কৃ, গমন-কৃ, যুদ্ধসজ্জায় গমন-কৃ, হাঁট, যুদ্ধার্থে গামী-হ।

To **March,** *v. a.* যুদ্ধার্থে-চালা, যাত্রা-কৃ, গম, শ্রেণিবদ্ধ-কৃ, গমনের শৃংখলা করিয়া-দা।

To **March,** *v. n.* যুক্ত-হ, মিলিত-হ, লাগাও-হ, কাছাকাছি-হ, নিকটবর্ত্তী-হ।

March, *n. s.* Fr. সিপাহির গমন যাত্রা বা চলন, ফৌজের পথ, গমন, গতি, প্রয়াণ, যাত্রা, যুদ্ধার্থে গমন, চালি বা মঞ্জিল, ধীরেং গমন, গমনার্থে সংকেত, সীমা, সরহদ্দ, অন্ত, শেষ।

Marcher, *n. s.* Fr. দেশের সীমা বা সরহদ্দরক্ষক বা পতি, ভূস্বামি বিশেষ, গমনাধ্যক্ষ বিশেষ।

Marching, *n. s.* সৈন্যের গমন বা চলন বা যাইবার পথ বা মঞ্জিল।

Marchioness, *n. s.* স্ত্রীর উপাধিবিশেষ, মারক্বিসসংজ্ঞক কুলীন ব্যক্তির ভার্য্যা, অগ্রণীর স্ত্রী।

Marchpane, *n. s.* Fr. মিষ্ট রুটিবিশেষ।

Marcid, *a.* Lat. কৃশ, জীর্ণ, ক্ষীণ কাহিল, শুষ্ক, শুকনা, ম্লান, মসৃণ

Marcour, *n. s.* Lat. কৃশতা, জীর্ণতা, ক্ষীণতা, কাহিলী, শুষ্কতা, ম্লানতা চর্ম্মাবশিষ্টতা, মসৃণত্ব।

Mard, Merd শব্দ দেখ।

Mare, *n. s.* Sax. ঘোটকী, অশ্বী, ঘুড়ী, মাদওয়ান ঘোড়া, *Night Mare* নিদ্রাবস্থায় রোগবিশেষ, দুঃস্বপ্ন।

Mareschal, *n. s.* Fr. প্রধান সেনাপতিবিশেষ, সৈন্যাধ্যক্ষের, শ্রেষ্ঠ।

Margarite, *n. s.* Lat. মুক্তা বা মণিবিশেষ।

Margarites, *n. s.* বৃক্ষবিশেষ।

Marge বা **Margent** বা **Margin,** *n. s.* Fr. কিনারা, প্রান্ত, ধার, কাঁধা, তীর, কূল, কোণ, টের, পার্শ্ব, পাশ, সীমা, ভাঁজ, কেতাবের হাঁসিয়া, ক্ষেত্রের কোণ বা টের।

To **Margent** বা *To* **Margin,** *v. a.* পুস্তকের বা কেতাবের পার্শ্বে-লিখ বা চিহ্ন-কৃ, টিপ্পনী-লিখ বা-দা, হাসিয়াতে-লিখ, কিনারা ভাঁজ বা-মুড়।

Marginal, *a.* Fr. ধারস্থিত, প্রান্তস্থিত, পার্শ্বস্থ, তীরবর্ত্তী, পাশে বা কিনারায় বা ধারে থাকে যাহা, হাসিয়াতে থাকে যাহা।

Marginally, *ad.* পুস্তকের পার্শ্বে ধারে বা কিনারায়, হাঁসিয়াতে।

To **Marginate,** *v. a.* ভাঁজ, ভাঁজ-কৃ, মুড়, পাশ বা কিনারা-রাখ।

Marginated, *a.* কিনারা বা ধারিবিশিষ্ট, ধার আছে যাহার, কিনারাওয়ালা, হাঁসিয়াওয়ালা, মুড়াওয়ালা।

Margrave, *n. s.* Ger. জরমনদেশীয় রাজার উপাধিবিশেষ, এ শব্দের মূলার্থ ধারে বা কিনারায় চলে যে।

Mariets, *n. s.* পুষ্পবিশেষ।

Marigold, *n. s.* পুষ্পবিশেষ, গেঁদাফুল।

To **Marinate,** *v. a.* Fr. মৎস্য লবণ মাখিয়া তৈলে বা টক রসে বা ছিরকায় ফেলাইয়া-রাখ, লোণা মৎস্য ছিরকাতে সিক্ত-কৃ।

Marine, *a.* Lat. সমুদ্রোদ্ভব, সামুদ্রিক, সমুদ্রীয়, সমুদ্রসম্বন্ধীয়, সমুদ্রজ, সমুদ্রবিষয়ক, জলপথজ, জলপথস্থ, জলবাসী, জলজ।

Marine, *n. s.* Fr. জাহাজি সৈন্য, জাহাজি সিপাহী, জাহাজি কর্ম্ম, জাহাজি বা জলপথের বিষয়।

Mariner, *n. s.* Sax. পোতবাহক, নাবিক, খালাসি, মল্লা, জাহাজ চালান্যা, নৌকা চালায় যে, জলপথ পর্য্যটনকর্ত্তা।

Marjoram, *n. s.* Lat. সুগন্ধি বৃক্ষবিশেষ।

Marish, *n. s.* Dut. জলা ভূমি, পঙ্ক, পাঁক বা কর্দ্দমময় ভূমি, পঙ্কিল ভূমি, বিল, বিলের জমী, খানার জমী।

Marish, *a.* জলবৎ, সোঁতা, ভিজা, পঙ্কময়, আর্দ্র।

Marital, *a.* Lat. Fr. স্বামিবিষয়ক বা তৎসম্বন্ধীয়।

Maritated, *a.* Lat. স্বামিবিশিষ্টা, সধবা, পতি আছে যাহার, এয়ো।

Maritimal বা **Maritime,** *a.* Lat. Fr. সমুদ্রোপরি কৃত, সমুদ্রবিষয়ক বা তৎসম্বন্ধীয়, সমুদ্রীয়, সমুদ্র কূলবর্ত্তি, সমুদ্রতটস্থ, সমুদ্রের ধারে বা কাঁধায় আছে যাহা, সমুদ্রে জাত বা উৎপন্ন।

Mark, *n. s.* Wel. Sax. Fr. লক্ষ্য, চিহ্ন, অঙ্ক, দাগ, লক্ষণ, চিনা, নিশানা, খুঁত, আঁক, প্রমাণ, নিদর্শন, মনোযোগ, দেখন, ধ্যান, চিন্তন, ঘোটকের বয়োনিরূপক চিহ্ন বা লক্ষণ, পরওয়ানা, হুকুম, অনুমতি, আজ্ঞা, ঢেরা, ঢেরাসহী বা দস্তখত, মুদ্রাবিশেষ ফ্রান্স দেশের ৬॥৵ মূল্যক মুদ্রা।

To **Mark,** *v. a.* Dut. Sax. চিহ্ন-দা বা-কৃ, অঙ্ক-কৃ, দাগ-দা বা

Digitized by Google

-কৃ, নিশানা-কৃ, চিহ্নদ্বারা-জানা বা জ্ঞাপন-কৃ, দৃষ্টি-কৃ, দেখ, ধ্যান-কৃ, বুঝ, জান, মান।

To Mark, *v. n.* জ্ঞাত-হ, জান, বুঝ, খবর-নী।

Marker, *n. s.* চিহ্ন বা দাগকর্ত্তা, নিশানাকর্ত্তা, অনুধাবক, লক্ষ কর্ত্তা, মার্কাওয়ালা।

Market, *n. s.* Sax. বাজার, হাট, ক্রয়বিক্রয় স্থান, সায়ের, গঞ্জ, ক্রয়, বিক্রয়, মূল্য, দর, ভাও, দাম।

To Market, *v. n.* হাট বা বাজার-কৃ বা-হ, ক্রয়বিক্রয়-কৃ বা-হ, সওদা লওয়া-কৃ বা-হ।

Market-bell, *n. s.* হাটঘণ্টা, হাটে ক্রয় বিক্রয়ারম্ভসূচক ঘণ্টা।

Market-cross, *n. s.* হাটের চিহ্ন, হাটে বা ক্রয় বিক্রয় স্থানে গাড়া থাকে চিহ্ন বা কাষ্ঠবিশেষ।

Market-day, *n. s.* হাটবার, হাটদিন, যে দিবসে হাট হয়, হাটে কেনা বেচার দিন।

Market-folks, *n. s.* হাটুরিয়া, বাজারি লোক, বাজার বা হাট করিতে আইসে বা করে যাহারা।

Market-maid, *n. s.* হেটোনি, যে স্ত্রীলোক হাট বা বাজার করে।

Market-man, *n. s.* হাটুরিয়া, হেটো, হাট করে যে পুরুষ, হাটে ক্রয় বা বিক্রয় করে যে ব্যক্তি।

Market-place, *n. s.* হাট হয় বা বসে যে স্থানে, হাট।

Market-price বা Market-rate, *n. s.* বাজার দর, বাজার ভাও, নিরীক, হাট বাজারে কোন দ্রব্য বিক্রয় হয় যে দরে।

Market-town, *n. s.* শহর, নগর, যে স্থানে হাট বা বাজার হয় থাকে বা বসে, গণ্ডগ্রাম।

Marketable, *a.* বিক্রেয়, ক্রয়ণীয়, বিক্রয়ণীয়, বেচিবার যোগ্য, বাজারি, খরিদার পাওয়া যায় যাহার বা যাহাতে, বাজার চলন বা চলিত, গ্রাহক হয় যাহার বা যাহাতে।

Markman বা Marksman, *n. s.* লক্ষকারী, লক্ষ বিদ্ধ করিতে কুশল যে ব্যক্তি, লক্ষকর্ত্তা, চেরাসহি দেয় যে ব্যক্তি, আপনার নাম লিখিতে পারে না এবং চিহ্নদ্বারা সহি করে যে ব্যক্তি।

Marl, *n. s.* Wel. সার, খড়ি মাটিবিশেষ।

To Marl, *v. a.* সার-দা, সার-ছড়া, সারাক্ত-কৃ।

To Marl, *v. a.* এলো রসিদ্বারা জাহাজের পাইল বন্ধন-কৃ বা বাঁধ।

Marleon, Merlin শব্দ দেখ।

Marline, *n. s.* Sax. ধুনা বা তার মাখা শণ, তার মাখান শণের দড়ি যদ্দ্বারা হামার জড়ায়।

Marlinespike, *n. s.* রসি জড়াইবার বা বন্ধন করিবার লোহার সিক বিশেষ।

Marlpit, *n. s.* Marl নামক মাটির খনি বা আকর।

Marly, *a.* পূর্ব্বোক্ত মৃত্তিকাময় বা তদ্দ্বারা পূর্ণ, খড়িময়, খড়ি ঘটিত।

Marmalade বা Marmalet, *n. s.* Fr. খাদ্য দ্রব্য বিশেষ, মোরব্বা বিশেষ।

Marmoration, *n. s.* Lat. সংমর্ম্মর প্রস্তরদ্বারা আচ্ছাদনকরণ ঢাকন বা ছাওন।

Marmorean, *a.* সংমর্ম্মর প্রস্তরে নির্ম্মিত।

Marmoset, *n. s.* Fr. ক্ষুদ্র বানর বিশেষ।

Marmot বা Marmotto, *n. s.* Ital. জন্তুবিশেষ।

Marquetry, *n. s.* Fr. চিত্র বিচিত্র কর্ম্ম।

Marquess বা Marquis, *n. s.* Fr. ইংগ্লণ্ডদেশে কুলীনেরদের মধ্যে দ্বিতীয় পদবী, উপাগুণী, ডিউকসংজ্ঞক পদস্থ ব্যক্তির কনিষ্ঠ, পূর্ব্বে এই শব্দে তদ্ব্যক্তির স্ত্রীকেও বুঝাইত।

Marquisate, *n. s.* Fr. পূর্ব্বোক্ত ব্যক্তির পদ বা প্রাধান্য।

Marrer, *n. s.* কোন দ্রব্য নষ্ট বা খারাব করে যে ব্যক্তি।

Marriage, *n. s.* Fr. বিবাহ, উদ্বাহ, পাণিগ্রহণ, পরিণয়, দার পরিগ্রহ, বিবাহাবস্থা, পরিণয়াবস্থা।

Marriage, শব্দরচনায় ব্যবহৃত শব্দ, বিবাহার্থক তৎসম্বন্ধীয় বা তদ্বিষয়ক বুঝায়, যথা Marriage-*articles*, Marriage-*bed* ইত্যাদি।

Marriageable, *a.* বিবাহযোগ্য, পরিণয়যোগ্য, বিবাহোপযুক্ত, বিবাহ কালপ্রাপ্ত, বিবাহ্য, পরিণেয়।

Married, *a.* আইও, পরিণীত, কৃতদার, বিবাহিত, উদ্বাহসম্বন্ধীয়, পতিবত্নী, বিবাহ হইয়াছে যাহার, স্ত্রী বা স্বামী আছে যাহার।

Marrow, *n. s.* Sax. মজ্জা, অস্থির মজ্জা, মগজ।

Marrow, *n. s.* সমভিব্যাহারী, সঙ্গী, সাথী, ইয়ার, যুটী, ভাগী।

To Marrow, *v. a.* মজ্জা এবং চরবি দিয়া পূর্ণ-কৃ বা-ভর, মোটা-কৃ, পুষ্ট-কৃ।

Marrowbone, *n. s.* মজ্জা সংগ্রহার্থে যে হাড় সিদ্ধ করা যায়, মজ্জাধারী হাড়, ইতর ভাষায় হাঁটুকে বুঝায়।

Marrowfat, *n. s.* কড়াইবিশেষ, বড়মটরবিশেষ।

Marrowish, *a.* মজ্জার ন্যায়, মজ্জার মত, মজ্জাধর্ম্মক।

Marrowless, *a.* মজ্জারহিত, মজ্জাহীন, শুষ্ক, রসহীন।

Marrowy, *a.* বলবান্, তেজস্বী, সজোর, তাজা, টাটকা, মজ্জাবিশিষ্ট বা তদ্যুক্ত, রসময়, রসবিশিষ্ট।

Marry, *interj.* শপথোদ্বোধক অব্যয় শব্দ, বর্জ্জিন মেরি নামে স্ত্রীর অর্থাৎ যিশু খ্রীষ্টের মাতার দিব্য বা শপথ।

To Marry, *v. a.* Fr. বিবাহ-দা, পাণিগ্রহণ-কৃ, বিবাহ-কৃ, বিবাহ সংস্কার-কৃ, পরিণয়-কৃ।

To Marry, *v. n.* সস্ত্রীক বা সধবা-হ, সংসারী-হ, বিবাহিত-হ, বিবাহ-কৃ।

Mars, *n. s.* Lat. মঙ্গল, মঙ্গলগ্রহ, কুজ, রসায়ন বিদ্যায় এশব্দে লৌহকে বুঝায়।

Marsh বা Mars বা Mas, জলা, জল্যো ভূমি, হাজা ভূমি।

Marsh, *n. s.* Sax. জলা, হাজা বা জল্যো ভূমি, জলময় ভূমি, বিল, ঝিল।

Marsh-mallow, *n. s.* বৃক্ষবিশেষ।

Marsh-marigold, *n. s.* পুষ্পবিশেষ।

Marshal, *n. s.* Fr. ব্যূহরচক বা তন্নিয়ন্তা, যুদ্ধের প্রধানাধ্যক্ষ, সৈন্যের প্রধান, সেনাপতি, কটকের অধিপতি, নকীব, মজলিস, সভায় বা কোন উৎসবে নিয়ম বা শৃঙ্খলাকর্ত্তা, আশা বা সোটাবর দার।

To Marshal, *v. a.* শ্রেণীবৎ-কৃ, বিলি-কৃ, সারি-কৃ, অগ্রগামী হইয়া লইয়া-যা, নকীবী-কৃ।

Marshaller, *n. s.* শ্রেণীবদ্ধকর্ত্তা, বিলি করে যে ব্যক্তি, অগ্রগামী হইয়া লইয়া যায় যে ব্যক্তি।

Marshalsea, *n. s.* লৌথওআর্কনামক স্থানে রাজবাটীর সৈন্যাধ্যক্ষের দিগের কারাগার বা কএদ রাখিবার স্থান।

Marshalship, *n. s.* Marshal নামক সৈন্যাধ্যক্ষের পদ বা অবস্থা।

Marshelder, *n. s.* পুষ্পবিশেষ।

Marshrocket, *n. s.* শাকবিশেষ।

Marshy, *a.* সোঁতা, নিম্ন, জল্যো, ভিজা, আর্দ্র, শপ্‌শপে, জল্যো ভূমিতে জাত।

Mart, *n. s.* আড়ঙ্গ, হাট, গঞ্জ, বন্দর, ক্রয়বিক্রয়, বেচাকিনা খরিদ, বিক্রয়, দরদাম, সওদা, Mark শব্দ দেখ।

Digitized by Google

To Mart, *v. a.* কারবার-কৃ, মহাজনি-কৃ, কেনাবেচা-কৃ, ব্যবসায়-কৃ, ক্রয় বা বিক্রয়-কৃ।

To Mart, *v. n.* অসম্ভ্রমের ব্যবসায়ী-হ, নিন্দনীয় ব্যবসায়ী-হ, গর্হিত বা কুব্যবসায়ী-হ বা তদ্ব্যবসায়-কৃ।

Martagon, *n. s.* পদ্ম পুষ্পবিশেষ।

To Martel, *v. n.* Fr. ঘা-লাগ, চোট-লাগ, আঘাতিত-হ।

Marten বা Martern, *n. s.* Fr. পশুবিশেষ, পক্ষিবিশেষ, শালিক পক্ষী।

Martial, *a.* Fr. Lat. যুদ্ধোপযোগী, যুদ্ধার্থী, লড়াক, যুদ্ধে প্রবিষ্ট প্রবৃত্ত বা নিযুক্ত, যুদ্ধসম্বন্ধীয়, যুদ্ধবিষয়ক, যুদ্ধকারী, বীর, সংগ্রামী, যুদ্ধোন্মুখ, বিক্রান্ত, শূর, যুদ্ধাকারবিশিষ্ট, মঙ্গল গ্রহসম্বন্ধীয় বা তদ্বিষয়ক, তদ্গুণ বা তদ্ধর্ম্মধারী, রসায়ন বিদ্যায় লৌহ ধর্ম্মক বুঝায়।

Martialism, *n. s.* সাহস, বিক্রম, যুদ্ধ বিক্রম, বিক্রান্তি, বিক্রান্ততা, যুদ্ধে সাহস, শূরত্ব, বীরত্ব, যুদ্ধাভ্যাস।

Martialist, *n. s.* যোদ্ধা, লড়াক, সংগ্রামকারী, সিপাহী।

Martinet বা Martlet, *n. s.* Fr. চাতক পক্ষিবিশেষ, যুদ্ধবিষয় শিক্ষাকে বুঝায়।

Martingal, *n. s.* Fr. ঘোটকের অধোবন্ধনী, জেরবন্ধ, পেটী।

Martinmas, *n. s.* Sax. সেণ্ট মারটিননামক পুণ্যাত্মা ব্যক্তির উদ্দেশে ১১ নবেম্বর দিবসে ব্যবহৃত পর্ব্ব বা উৎসববিশেষ।

Martnets, *n. s.* জাহাজের পালিতে বদ্ধ ক্ষুদ্র রজ্জুবিশেষ।

Martyr, *n. s.* Sax. Gr. যে ব্যক্তি ধর্ম্মের নিমিত্তে প্রাণ দেয় বা মরে, ধর্ম্ম প্রমাণার্থে মৃত ব্যক্তি।

To Martyr, *v. a.* ধর্ম্মার্থে বা তৎরক্ষার্থে হত্যা-কৃ, দুঃখ-দা, যাতনা-দা, খুন-কৃ, মারিয়া-ফেল।

Martyrdom, *n. s.* ধর্ম্মের নিমিত্তে মরণ, ধর্ম্ম প্রমাণার্থে মরণ বা মৃত্যু, ধর্ম্ম প্রমাণার্থে মৃত ব্যক্তির সম্ভ্রম গৌরব বা আদর, যাথার্থ্য বা সত্য প্রতিপাদ্য প্রমাণার্থে আত্মহত্যাহওন বা মরণ স্বীকার।

To Martyrize, *v. a.* Fr. বলিপ্রদান-কৃ, বলি-দা।

Martyrologe, *n. s.* ধর্ম্মপ্রমাণার্থে মৃত অথবা Martyr ইতি উপাধি প্রাপ্ত ব্যক্তিরদের বিবরণ বা উপাখ্যান।

Martyrological, *a.* পূর্ব্বোক্ত উপাখ্যান সম্বন্ধীয় বা তদ্বিশিষ্ট।

Martyrologist, *n. s.* পূর্ব্বোক্ত উপাখ্যান বা গ্রন্থ লিখে বা রচনা করে যে ব্যক্তি, গ্রন্থরচক বা তল্লিখক।

Martyrology, *n. s.* পূর্ব্বোক্ত পুণ্যবানের সংখ্যা মালা ফর্দ্দ বা তালিকা।

Marvel, *n. s.* Fr. আশ্চর্য্য চমৎকার বা অদ্ভুতবস্তু বা বিষয়।

Marvel *of Peru*, *n. s.* পুষ্পবিশেষ।

To Marvel, *v. n.* আশ্চর্য্য বোধ-কৃ, চমৎকৃত-হ।

Marvellous, *a.* আশ্চর্য্য, অদ্ভুত, অপূর্ব্ব, অপরূপ, চমৎকারি, বিস্ময়জনক, অসম্ভব।

Marvellously, *ad.* অদ্ভুত অপরূপ বা আশ্চর্য্যরূপে।

Marvellousness, *n. s.* আশ্চর্য্যত্ব, অদ্ভুততা, চমৎকারিতা, অপূর্ব্বত্ব।

Mary-bud, *n. s.* পুষ্পবিশেষ।

Mascle, *n. s.* কুলীনেরদের মর্য্যাদা সূচক চিহ্ন বা আকৃতিবিশেষ, ক্ষুদ্র অশ্বদাকার দ্রব্য।

To Masculate, *v. a.* Lat. বলবান-কৃ, সজোর-কৃ, বীর্য্যবন্ত-কৃ, তেজাল-কৃ, শক্ত-কৃ, বলিষ্ঠ-কৃ।

Masculine, *a.* Fr. পুংলিঙ্গ, নর, পুম্বৎ, পুরুষের ন্যায়, মর্দ্দা, বীর্য্যবন্ত, অকোমল, শক্ত, দৃঢ়, শক্তিমান্, বলবান্, ব্যাকরণে পুংলিঙ্গ বাচক বুঝায়।

Masculinely, *ad.* পুরুষের ন্যায়ে, জামর্দ্দিরূপে, পরাক্রমপূর্ব্বক।

Masculineness, *n. s.* পৌরুষ, পুরুষত্ব, পুরুষের ন্যায় আকার বা ব্যবহার।

Mash, *n. s.* Dut. জালের ফাক ছেদ বা ছিদ্র, জাল, ঘোটকৌষধি বিশেষ।

To Mash, *v. a.* Fr. চূর্ণ-কৃ, চূর-কৃ, পেষ, গুঁড়া-কৃ, ভাঙ্গ, কুট, মুচড়, জাব-কৃ, একত্র-কৃ, মদ্য রস আর জলেতে মিশ্রণ-কৃ।

Mashy, *a.* চূর্ণ, চূর, গুঁড়া, পেষা, পেষণ বা চাপনের দ্বারা হইয়াছে যাহা।

Mask, *n. s.* Fr. কৃত্রিম মুখ, মুখোস, ছল, প্রতারণা, কাপট্য, খুসির ভোজবিশেষ যাহাতে লোকেরা সকলে মুখোস পরে, মুখসের ভিতর ভাঁড়ামি, নাট্যবিশেষ, ভাড়ামি, মস্করামি, ছদ্মবেশ।

To Mask, *v. a.* Fr. মুখোস-পর, কপট বা ছদ্মবেশ ধারণ-কৃ, ছলনা-কৃ, কাপট্য-কৃ, আবরণ-কৃ, ঢাক, ছাপা, লুকা, গোপন-কৃ।

To Mask, *v. n.* ধুমধাম-কৃ, জটলা-কৃ, ভাঁড়ামি-কৃ, মস্করামি-কৃ, নকল-কৃ, ছদ্মবেশ ধারণ-কৃ, মুখোস পরিধান-কৃ, মুখ-লুকা, সং-সাজ, মুখে মুখস দিয়া ক্রীড়া-কৃ।

Masker, *n. s.* মুখোসধারী, ছদ্মবেশী, ছদ্মরূপী, ভাঁড়, মস্করা, মুখোস বা ছদ্মবেশ ধারণ করিয়া ভাঁড়াম বা ক্রীড়া করে যে ব্যক্তি।

Maskery, *n. s.* পূর্ব্বোক্ত ব্যক্তির পোশাক বা বস্ত্রাদি আচ্ছাদন, ছদ্মবেশ।

Maskhouse, *n. s.* নাট্যশালা, ভাঁড়ামি হয় যে স্থানে, মুখোস বা ছদ্মবেশ ধারণ করিয়া ভাঁড়ামি নকল বা মস্করামি বা ক্রীড়া করিবার জায়গা, খেলাঘর, ক্রীড়াস্থান।

Maslin, *a.* Teut. নানা জাতীয় দ্রব্য মিশ্রিত, মিশাল, ভাঁজাল।

Mason, *n. s.* Fr. প্রস্তর আদি গ্রন্থনকারক, গৃহনির্ম্মাতা, থইকর, রাজ, এশব্দের পূর্ব্বে Free এবং accepted বিশেষণ পদ যোগ করিলে উপাসকেরদিগের দল পঙ্গত বা সম্প্রদায়বিশেষ বুঝায়।

Masonick, *a.* পূর্ব্বোক্ত দলসম্বন্ধীয় বা তদ্বিষয়ক।

Masonry, *n. s.* Fr. পূর্ব্বোক্ত দলের মন্ত্র উপাসনা বা ক্রিয়া, শঠতা বা চাতুরী ব্যবসায়, থইপনা, রাজের কর্ম্ম, ইমারতী কর্ম্ম, গাঁথনী কর্ম্ম, রাজের কায।

Masorah, *n. s.* Heb. য়িহুদীদিগের অনেক পণ্ডিতকর্ত্তৃক লিখিত ধর্ম্মপুস্তকের টিপ্পনী বা সংগ্রহ গ্রন্থ বা তট্টিপ্পনী।

Masoretical, *a.* পূর্ব্বোক্ত গ্রন্থসম্বন্ধীয়, পূর্ব্বোক্ত পণ্ডিতেরদিগের পরিশ্রমপ্রকাশক বা তদুদ্বোধক।

Masorite, *n. s.* পূর্ব্বোক্ত গ্রন্থকারক সমূহের মধ্যে এক জন পণ্ডিত।

Masquerade, *n. s.* Ital. কাচ, কাচ সাজন, কাচ সাজিয়া যাত্রা বা ক্রীড়াকরণ বা তৎক্রীড়া, মুখোস বা ছদ্মবেশ ধারণপূর্ব্বক ক্রীড়াবিশেষ, ভাড়ামি, মস্করামি, স্পানিয়াদেশীয়েরদিগের অশ্বক্রীড়া বিশেষ, ছদ্মবেশ, মুখোস, আবরণ।

To Masquerade, *v. n.* ছদ্মবেশী-হ, ছদ্মবেশধারী-হ, প্রতারণা-কৃ, মুখোস বা ছদ্মবেশ ধারণপূর্ব্বক একত্র-হ, যাত্রা বা ক্রীড়াকারী-হ।

To Masquerade, *v. a.* মুখোস বা ছদ্মবেশ পরিধান-কৃ বা তদ্দ্বারা গোপন-কৃ, প্রতারণা-কৃ, ছদ্মবেশ-কৃ, ঢাক, গোপন-কৃ।

Masquerader, *n. s.* মুখোসধারী, ছদ্মবেশী, ভাঁড়।

Mass, *n. s.* Fr. Lat. পিণ্ডসমূহ, রাশি, ঢিপি, কাঁড়ি, ঢেরি, স্তূপ,

Digitized by Google

তেলা, তাল, দলা, চাপ, ভিড়, জনসমূহ, একত্রীভূত বস্তু, বহুপরিমিত বস্তু, দল, ঝুণ্ড, বহু আয়তন, মোট, রোমীয় ধর্ম্মমণ্ডলীর পূজা আরাধনা বা প্রার্থনাবিশেষ, উৎসব বা পর্ব্বাহবিশেষ।

To Mass, *v. n.* পূর্ব্বোক্ত পর্ব্বাহ আরাধনা বা উৎসব-কৃ বা-হ।

To Mass, *v. a.* স্থূল-কৃ, মোটা-কৃ, ঘন-কৃ, মজবুত-কৃ, বলবান্-কৃ, সজোর-কৃ।

Massacre, *n. s.* Fr. মহামারী, হত্যা, খুন, বধ, অবিবেচনাপূর্ব্বক সাধারণ হত্যা বা বধ বা খুনকরণ, কাটাকাটী, যাহারে পাওয়া যায় তাহাকে মারণ।

To Massacre, *v. a.* Fr. অবিবেচনাপূর্ব্বক বা সাধারণ্যে বধ-কৃ, খুন-কৃ, হত্যা-কৃ, এলোপাতাড়ি খুন-কৃ বা-কাট, কাটাকাটী-কৃ, মার, কাট, সংহার-কৃ।

Massacrer, *n. s.* অবিবেচনাপূর্ব্বক বা সাধারণ হন্তা, খুনী, অনিয়মে হন্তা, বধকর্ত্তা।

Masseter, *n. s.* Fr. Gr. চর্ব্বণোপকারি মাংসপেশী।

Massicot, *n. s.* Fr. সফেদার ন্যায় ভস্মীকৃত দ্রব্যবিশেষ।

Massiness বা Massiveness, *n. s.* গুরুত্ব, ভারিত্ব, ভার, বৃহত্ত্ব, বড়ত্ব, মহত্ত্ব, ওজন, আয়তন, বোঝ।

Massive বা Massy, *a.* Fr. গুরু, ভারি, ভার, বৃহৎ, বড়, মহান্, স্থূল, মোটা।

Mast, *n. s.* Fr. Sax. মাস্তুল, ডোল, জাহাজাদির মাস্তুল, নৌকায় যে দণ্ডের উপর পালি তোলা যায়, সিন্দুর বা চক্ষু বৃক্ষের ফল।

Masted, *a.* মাস্তুল বা ডোলওয়ালা, মাস্তুলবিশিষ্ট বা তদ্যুক্ত।

Master, *n. s.* Lat. Sax. স্বামী, মনিব, প্রভু, কর্ত্তা, আজ্ঞাকারক, গুরু, অধ্যক্ষ, নেতা, খামিন্দ, মালিক, অধিকারী, শাস্তা, ঈশ্বর, শাসনকর্ত্তা, প্রধান, সরদার, দখলীকার, স্বত্বধারী, অগ্রণী, পাঠগুরু, অধ্যাপক, উপদেশক, শিক্ষক, বিদ্যাজ্ঞ, দর্শন শাস্ত্রের পারগ বা পারদর্শি ব্যক্তি, মহাশয়, বাবু, বাণিজ্যের জাহাজের কাপ্তান, স্বতন্ত্র ব্যক্তি, অনধীন ব্যক্তি, পূর্ব্বে এশব্দ সম্ভ্রম বা মর্য্যাদা বোধক ছিল এইক্ষণে ইহাতে যুবা সামান্য কনিষ্ঠ বা ক্ষুদ্র ব্যক্তিতে প্রযোগ হয়, যুবা ও বালক ব্যক্তিকে বুঝায়, বিদ্যালয়ের, উপাধি, যথা Master *of arts* বিদ্যাভূষণ, তর্কভূষণ, বিদ্যালঙ্কার, বিচার স্থানে বা আদালতের উপাধি, যথা Master *of the rolls*, Master *in chancery*.

To Master, *v. a.* কর্তৃত্ব-কৃ, প্রভুত্ব-কৃ, প্রধানত্ব-কৃ, শাসন-কৃ, দাবা, পরাজয়-কৃ, জয়-কৃ, হারা, জোর-কৃ, বিজ্ঞতা নিপুণতা পারগতা বা সংস্কারপূর্ব্বক কোন কার্য্য-কৃ, নির্ব্বাহ-কৃ, অধীন-কৃ, তাবেদার-কৃ।

To Master, *v. n.* কোন বিষয়ে উত্তম বা শ্রেষ্ঠ-হ, কোন কর্ম্মে অপেক্ষাকৃত শ্রেষ্ঠ-হ, কোন কার্য্যে বা ব্যাপারে বিজ্ঞ নিপুণ ব্যুৎপন্ন বা সংস্কারবান-হ, দর্শন শাস্ত্রে নিপুণ-হ।

Master-hand, *n. s.* পণ্ডিত, পারগ, পারদর্শী, তৎপর, নিপুণ ব্যক্তি।

Master-jest, *n. s.* পরিহাস, ঠাট্টা বা গদ্দী বা তামাসাকারী ব্যক্তি, প্রধান তামসাওয়ালা।

Master-key, *n. s.* মূলচাবি, বড়চাবি, যে চাবিতে অনেক কল কুলুপ বা তালা খোলা যায়।

Master-sinew, *n. s.* অশ্বের শিরাবিশেষ।

Master-string, *n. s.* প্রধান রজ্জু দড়ি বা তার।

Master-stroke, *n. s.* প্রধানকর্ম্ম, বড়কর্ম্ম, প্রধান বা আশ্চর্য্য কারিগরি।

Master-teeth, *n. s.* মূলদন্ত, প্রধানদন্ত বা দাঁত।

Metachronism, *n. s.* Gr. কাল সংখ্যার ভুল, কাল গণনায় ভুল।

Metage, *n. s.* কয়লার মাপ, কয়লার ওজন, ওজনের মজুরি, তৌলদারী।

Metagrammatism, *n. s.* নামাক্ষরের সংকেতবিশেষ, নামাক্ষরের পরিবর্ত্তনবিশিষ্ট সঙ্কেত বা অভিধান।

Metal, *n. s.* Fr. Lat. স্বর্ণরূপ্যাদি ধাতু, তৈজস, সাহস, তেজ, বল, জোর।

Metalled, Mettled শব্দ দেখ।

Metalepsis, *n. s.* বাক্যের বিনিময় সঙ্কেতবিশেষ।

Metaleptically, *ad.* বাক্যের পরিবর্ত্তনপূর্ব্বক, বাক্যের বিনিময়পূর্ব্বক।

Metallical বা **Metallick**, *a.* ধাতুবিশিষ্ট, ধাতুঘটিত বা তদ্যুক্ত, ধাতুবৎ, ধাতুর ন্যায়, ধাতুনির্ম্মিত, ধাতুধর্ম্মক, তৈজস, ধাতুময়।

Metalliferous, *a.* ধাতুপাদক, ধাতু জন্মে যাহাতে বা যাহা হইতে, ধাতুঘটিত।

Metalline, *a.* ধাতুময়, ধাতুতে পরিপূর্ণ, ধাতুবিশিষ্ট, ধাতুপোরা, ধাতুঘটিত।

Metallist, *n. s.* Fr. কর্ম্মকার, স্বর্ণকার, কাঁস্যবণিক, ধাতুতে কর্ম্ম করে যে, ধাতুকর্ম্মকারক, ধাতু চেনে বা জানে যে ব্যক্তি।

Metallography, *n. s.* ধাতুবিদ্যা, ধাতু বিবরণবিদ্যা, ধাতুবিদ্যা শাস্ত্র।

Metallurgist, *n. s.* ধাতু কর্ম্মকারক।

Metallurgy, *n. s.* ধাতুতে কর্ম্মকরণ, ধাতু পরিস্কারকরণ, ধাতুদ্রব্যে কর্ম্মকরণ, খনিহইতে ধাতু তোলন ছাড়ান বা পরিস্কারকরণ।

Metalman, *n. s.* কর্ম্মকার, কামার, কাঁসারি ইত্যাদি, ধাতুর দ্রব্য গড়ায় বা বানায় যে ব্যক্তি।

To **Metamorphose**, *v. a.* Gr. শরীর কায় বা আকৃতি পরিবর্ত্তন-কৃ, দেহান্তর ধারণ-কৃ বা তদ্দেহ ছাড়িয়া অন্য দেহ শরীর বা মূর্ত্তি ধারণ-কৃ।

Metamorphoser, *n. s.* শরীর, কায় বা আকৃতি, পরিবর্ত্তনকর্ত্তা, দেহান্তরধারক।

Metamorphosick, *a.* কায় পরিবর্ত্তনীয়, দেহান্তর ধারণকরণীয়, স্বশরীর বা মূর্ত্তি ত্যাগ করিয়া অন্য শরীরধারী।

Metamorphosis, *n. s.* মূর্ত্ত্যন্তরকরণ, অবয়ব বদলকরণ, কায় পরিবর্ত্তন, দেহান্তরকরণ বা হওন, শরীর মূর্ত্তি বা কায় বদল, বা তাবিক শরীর বদলাইয়া অন্য মূর্ত্তি ধারণকরণ বা হওন।

Metaphor, *n. s.* উপমিতি, লক্ষণা, উপমা, দৃষ্টান্ত, প্রমাণ, উৎপ্রেক্ষা, আলঙ্কারিক অর্থ, রূপকার্থ।

Metaphorical বা **Metaphorick**, *a.* আলঙ্কারিক, উপমাবিশিষ্ট, দৃষ্টান্তযুক্ত, রূপক।

Metaphorically, *ad.* উপমা বা দৃষ্টান্তপূর্ব্বক, রূপকমতে, রূপকতাপূর্ব্বক।

Metaphorist, *n. s.* রূপক লেখক, কথক বা কারক, উপমা বা দৃষ্টান্ত রচনা করে যে ব্যক্তি, রূপকার্থক।

Metaphrase, *n. s.* তরজমা, ভাষান্তরকরণ, শব্দে২ অর্থ বা তরজমা, প্রতিবাক্য, যে তরজমাতে প্রতিশব্দ তরজমা হয় বা করা যায়, শব্দে২ তরজমা বা ভাষান্তর, এক ভাষাহইতে অন্য ভাষায় শব্দের অর্থ।

Metaphrast, *n. s.* তরজমাকারী, ভাষান্তরকারী, প্রতিবাক্য তরজমাকারী, এক ভাষাহইতে অন্য ভাষায় প্রতিশব্দ তরজমাকর্ত্তা।

Metaphrastick, *a.* প্রতিবাক্য, তরজমাবিশিষ্ট, এক ভাষাহইতে অন্য ভাষায় প্রতিশব্দের বা অক্ষরের তরজমা বা অর্থকারী বা তদ্বিশিষ্ট।

Metaphysical বা **Metaphysick**, *a.* জ্ঞান বা বিবেক শাস্ত্রসম্বন্ধীয় বা তচ্ছাস্ত্রে বিজ্ঞ বা সংস্কারবান, কাব্যশাস্ত্রে অপ্রাকৃত, অলৌকিক, অদ্ভুত, দৈব বুঝায়।

Metaphysically, *ad.* জ্ঞান বা বিবেক শাস্ত্রানুসারে।

Metaphysician, *n. s.* জ্ঞান বা বিবেক শাস্ত্রে পণ্ডিত বা তচ্ছাস্ত্রজ্ঞ।

Metaphysick বা **Metaphysicks**, *n. s.* Gr. অনুভববিদ্যা, জ্ঞান শাস্ত্র, বিবেক শাস্ত্র।

Metaplasm, *n. s.* অলঙ্কার শাস্ত্রে সংজ্ঞাবিশেষ।

Metastasis, *n. s.* পরিবর্ত্তন, রূপান্তরহওন বা করন, স্থানান্তর হওন বা করণ।

Metatarsal, *a.* পাদীয়।

Metatarsus, *n. s.* পাদ।

Metathesis, *n. s.* এক দ্রব্যের স্থানে অন্য দ্রব্য রাখণ, স্থানান্তর করণ বা হওন বা তদবস্থা।

To **Mete**, *v. a.* Lat. পরিমাণ-কৃ, মাপ, জরিপ-কৃ, ছোট করিয়া মাপ-কৃ।

To **Metempsychose**, *v. a.* পুনর্জন্ম গ্রহণ-কৃ, দেহান্তরধারণ-কৃ, দেহ পরিবর্ত্তন-কৃ, এক শরীর ত্যাগ করিয়া অন্য শরীর গ্রহণ-কৃ।

Metempsychosis, *n. s.* জীবের দেহান্তর ধারণকরণ, রূপান্তর গ্রহণ করণ, দেহ পরিবর্ত্তনকরণ, পুনর্জন্ম, মরিয়া পুনর্জন্ম গ্রহণ, এক শরীর ত্যাগ করিয়া অন্য শরীর গ্রহণ।

Meteor, *n. s.* উল্কা, উল্মুখ, আকাশে অগ্নির ন্যায় দৃশ্যদ্রব্য, অল্প কাল স্থায়ি আকাশস্থ দৃষ্ট দ্রব্যবিশেষ।

To **Meteorize**, *v. n.* ধূম-হ, ঊর্দ্ধগমন-কৃ, ধূমা হইয়া উড়িয়া-যা, ভাপের ন্যায়-উঠ, ভাপ-উঠ।

Meteorological, *a.* উল্কাবিষয়ক বিদ্যাসম্বন্ধীয় বা তদ্বিষয়ক।

Meteorologist, *n. s.* উল্কাবিদ্যাজ্ঞ, উল্কাবিষয়ক শাস্ত্রজ্ঞ।

Meteorology, *n. s.* উল্কা বিদ্যা, উল্কাবিষয়ক জ্ঞানশাস্ত্র বা তৎপ্রকরণ।

Meteorous, *a.* উল্কার ন্যায়, উল্কাবৎ, উল্কাবিশিষ্ট বা তদ্যুক্ত, উল্কাবদাকার।

Meter, *n. s.* পরিমাণকারক, পরিমাপক, মাপওয়ালা, মাপ করে যে ব্যক্তি, কয়াল।

Digitized by Google

Metewand বা **Meteyard**, *n. s.* দাঁড়, গজ, মাপকাটী।

Metheglin, *n. s.* Wel. মধু আর জল জালদেওয়া পানীয় দ্রব্য বিশেষ।

Methinks, *verb. impers.* বোধ হয়, আমাকে বোধ হয়, আমি বোধ করি, আমার বোধ হয়, আমি অনুমান করি।

Method, *n. s.* রীতি, অনুক্রম, প্রকার, মত, চালি, ডৌল, দাঁড়া, ধারা, দস্তুর, তর, কায়দা, শৃঙ্খলা, পরিপাটী, বন্দোবস্ত।

Methodical, *a.* দাঁড়ামত, রীতিমত, অনুক্রমী, দস্তুরমত, রীত্যনুযায়ী, ধারামত, দস্তুরমাফিক।

Methodically, *ad.* দাঁড়া দস্তুর বা অনুসারে, শৃঙ্খলাপূর্ব্বক, রীতিপূর্ব্বক, ধারানুসারে, রীত্যনুসারে, দাড়ামতে, ক্রমশঃ, নিশ্চিত ধারা শ্রেণী বা রীতিপূর্ব্বক।

Methodick, *a.* Fr. রীতিমত, শৃঙ্খলামত, ধারামত, দাঁড়ামত, বৈদ্যক শাস্ত্রানুসারে চলে বা ব্যবহার করে যে, মতাবলম্বি বিশেষ।

Methodism, *n. s.* Methodists নামক উপাসকেরদিগের মত।

Methodist, *n. s.* ধারামত চলে যে ব্যক্তি, নিয়ম বা রীত্যনুসারে চলে যে ব্যক্তি, শাস্ত্রমত চলে যে, চিকিৎসক, নিয়মজ্ঞ, রীতিজ্ঞ, ইঙ্গলণ্ড দেশে এতন্নামধেয় মতাবলম্বী বা উপাসকবিশেষ।

Methodistical, *a.* পূর্ব্বোক্ত মতাবলম্বিরদিগের মতবিষয়ক বা তৎসম্বন্ধীয়।

To **Methodize**, *v. a.* দাঁড়া-কৃ, রীতি-কৃ, ধারা-কৃ, শৃঙ্খলা-কৃ, ব্যবস্থা-কৃ, ক্রম-কৃ।

Methought, **Methinks** শব্দের অতীতকালবাচক, আমার বোধ হইল, আমি অনুমান করিলাম ইত্যাদ্যর্থক জানিবে।

Meticulously, *ad.* ভীরুত্বপূর্ব্বক, ভয়পূর্ব্বক, শঙ্কাপূর্ব্বক, অভরসাপূর্ব্বক, শঙ্কাযুক্ত হইয়া।

Metonymical, *a.* অলঙ্কারশাস্ত্রের যে সঙ্কেতে এক বাক্যের অর্থ বুঝায় তৎসঙ্কেতের দ্বারা অন্য শব্দের পরিবর্ত্তনে ব্যবহৃত হইয়াছে যাহা।

Metonymically, *ad.* পূর্ব্বোক্ত অর্থ অনুসারে বা তৎপূর্ব্বক, তৎসঙ্কেতপূর্ব্বক, অস্পষ্টরূপে, অশব্দার্থপূর্ব্বক।

Metonymy, *n. s.* অলঙ্কারশাস্ত্রের সঙ্কেতবিশেষ, যাহাতে এক বাক্য অন্য বাক্যের অর্থ বুঝায়।

Metope, *n. s.* Fr. গৃহ গুম্বনে সংজ্ঞাবিশেষ।

Metoposcopist, *n. s.* সামুদ্রিক বিদ্যাজ্ঞ বা তৎশাস্ত্রে নিপুণ, মুখ দেখিয়া তাহার ধর্ম্ম বা রীতি বা স্বভাব নিশ্চয় করিতে পারে যে ব্যক্তি।

Metoposcopy, *n. s.* সামুদ্রিক বিদ্যা, মুখ দেখিয়া স্বভাব ধর্ম্ম বা রীতি নিশ্চয় করা যায় যে বিদ্যাদ্বারা।

Metre, *n. s.* Lat. ছন্দঃ, শ্লোক, কবিতা, পয়ার, পদ, চরণ, ওজন।

Metrical, *a.* Lat. ছন্দঃ বা পয়ারসম্বন্ধীয়, ছন্দোবিষয়ক, ছন্দোবিশিষ্ট, শ্লোক বা কবিতাবিশিষ্ট বা তদ্যুক্ত।

Metrician বা **Metrist**, *n. s.* কবি, শ্লোকরচনা করে যে ব্যক্তি, ছন্দঃ বা পয়াররচক বা লেখক।

Metropolis, *n. s.* Lat. প্রধান নগর, রাজধানী, প্রধান শহর, কোন দেশের বা রাজ্যের মধ্যে প্রধান স্থান, সদর স্থান,।

Metropolitan, *n. s.* পূর্ব্বোক্ত স্থানের প্রধান ধর্ম্মাধ্যক্ষ, মহাধর্ম্মাধ্যক্ষ।

Metropolitan, *a.* পূর্ব্বোক্ত নগরসম্বন্ধীয় বা তদ্বিষয়ক বা তৎস্থানবাসী।

Metropolite, *n. s.* পূর্ব্বোক্ত নগরের প্রধান বা মহাধর্ম্মাধ্যক্ষ।

Metropolitical, *a.* নগরের বা শহরের বিশেষণে প্রধান বা সদর বুঝায়, তৎস্থানের ধর্ম্মাধ্যক্ষের সম্ভ্রম বা পদোদ্বোধক বা তৎসম্বন্ধীয়।

Mettle, *n. s.* তেজ, সজীবত্ব, চটপটাম, সাহস, জাঁহাবাজি, ধাতু।

Mettled, *a.* চটপটা, সাহসিক, উৎসুক, তেজস্বী, তেজাল, সাগ্নিক, অগ্নিময়।

Mettlesome, *a.* নিরালস্য, জলদ্বাজ, সরল, সতর্ক, সচেত, তুখড়, সজীব, সাহসিক, জাঁহাবাজ, চটপটা, তেজস্বী, তেজাল, অগ্নিময়, আগ্নেয়, আতসী, চঞ্চল, চালাক, তীব্র, হৃষ্ট, আমোদী, রসিক, প্রফুল্ল, প্রসন্ন, কুতূহলী, আনন্দিত, পুলকিত, হালকী, বায়ুসম্বন্ধীয়, আকাশীয়।

Mettlesomely, *ad.* সাহসিকত্বরূপে, প্রফুল্লতাপূর্ব্বক, তীব্রতারূপে।

Metwand, *n. s.* **Metewand** শব্দ দেখ।

Mew, *n. s.* Fr. বাজপক্ষি রাখিবার খাঁচা বা স্থান, খাঁচা, পিঞ্জর, পালুই, সমুদ্রীয় পক্ষিবিশেষ, কোন বস্তু আটক রাখিবার স্থান, বেড়া, ঘেরা।

To **Mew**, *v. a.* বন্ধ-কৃ, বদ্ধ-কৃ, কয়েদ-কৃ, আটকা, ঘের, বেড়, বেষ্টন-কৃ, পক্ষির পালক বৃদ্ধি-কৃ, নূতন পালক-হ, পালক বাড়িয়া ঝাপাল-কৃ, বিড়ালের ন্যায়-ডাক, বিড়ালের ডাক-ডাক, বিড়ালের ধ্বনি বা রব-কৃ, মিউং-কৃ।

To **Mew**, *v. n.* Fr. ভাবান্তর-হ, বদল-হ, রূপান্তর-হ, নূতনরূপ ধারণ-কৃ, নূতন রূপ-হ।

Mewing, *n. s.* পালকছাড়ন, পালক পরিত্যাগকরণ বা বদলান।

To **Mewl**, *v. n.* Fr. শিশুবৎ ক্রন্দন-কৃ, ট্যাঁং-কৃ, ককা, চীৎকার-কৃ।

Mewler, *n. s.* শিশুবৎ ক্রন্দন করে যে ব্যক্তি, ট্যাঁং করে যে ব্যক্তি, ককানিয়া।

Mezereon, *n. s.* পুষ্পবিশেষ।

Mezzo-relievo, *n. s.* Ital. মূর্ত্তি বা আকারবিশেষ।

Mezzotinto, *n. s.* Ital. একপ্রকার তামার উপর নক্শা বা চিত্র অঙ্কন।

Miasm, *n. s.* পচা বা গলিত দ্রব্যের বাষ্প বা ভাপ।

Mica, *n. s.* Lat. অভ্রবিশেষ।

Micaceous, *a.* অভ্রের ন্যায়, অভ্রধর্ম্মক, অনায়াসে খণ্ডং বা পাতং করিতে পারা যায় যাহা।

Mice, **Mouse** শব্দের বহুবচনান্ত সংজ্ঞা, ইন্দুরসমূহ, মূষিকসমূহ, ইন্দুরগুলা।

Michaelmas, *n. s.* মাইকেলনামক ব্যক্তির উদ্দেশে পর্ব্ববিশেষ, ঊনত্রিশা সেপ্তম্বরে ব্যবহৃত পর্ব্ব।

To **Miche**, *v. n.* Fr. পাতি চুরি-কৃ, ক্ষুদ্র চুরি-কৃ, লুক্কাইয়া বা গোপনে অপহরণ-কৃ, গুপ্ত-হ, অস্পষ্ট-হ, লুক্কায়িত-হ, আচ্ছাদিত-হ, গুপ্ত হইয়া-থাক, পলাইয়া-ফের বা-থাক, অস্পষ্টভাবে বা রূপে ইতস্ততঃ বেড়া বা থাকা, এতদ্ভিন্ন **Micher** শব্দ দেখ।

Micher, *n. s.* দস্যু, চোর, অপহারক, হাতছেঁচড়, অলস, কুড়ে, সুস্তী, গেঁতো, কোণেতে বা ঘোজেতে লুক্কাইয়া থাকে বা ফেরে যে ব্যক্তি, লতাবৃক্ষবিশেষ, পাঠশালাহইতে পলাইয়া থাকে যে বালক।

Michery, *n. s.* অপহরণ, দস্যুবৃত্তি, চুরি, ঠকান, ফাঁকিদেওন।

Microcosm, *n. s.* ক্ষুদ্র জগৎ, ক্ষুদ্র সংসার, এশব্দ মনুষ্যকে বুঝায়, পঞ্চভূতাত্মক সংসার তদ্বিশিষ্ট মনুষ্য, এই নিমিত্তে কোনং জ্ঞানিরা এই শব্দকে মনুষ্যবাচক ব্যাখ্যা করেন।

Microcosmical, *a.* পূর্ব্বোক্ত সংসারসম্বন্ধীয়, ক্ষুদ্র জগৎ বা সংসারসম্বন্ধীয়।

Digitized by Google

Micrography, *n. s.* যে সকল ক্ষুদ্র বস্তু বা পরমাণু বিনা microscope নামক দুরবিনদ্বারা উপলব্ধি হয় না তাহারদিগের বিবরণ।

Micrometer, *n. s.* ক্ষুদ্র বা অল্প স্থানমাপক যন্ত্রবিশেষ।

Microscope, *n. s.* ক্ষুদ্র দ্রব্য দর্শনার্থক দুরবিন বা যন্ত্রবিশেষ, ক্ষুদ্র দ্রব্য নিরীক্ষণ যন্ত্রবিশেষ, যদ্দ্বারা ক্ষুদ্র বস্তু বৃহৎ দেখায়।

Microscopical বা **Microscopick**, *a.* পূর্ব্বোক্ত যন্ত্রদ্বারা দৃষ্ট বা কৃত বা উপলব্ধ, পূর্ব্বোক্ত যন্ত্রের ন্যায় বা তদাকার।

Mid, *a.* Sax. মধ্য, দুয়ের মধ্যে থাকে যে, মধ্যস্থায়ী, অভ্যন্তরবর্ত্তী, এশব্দ শব্দরচনায় অধিক ব্যবহৃত জানিবে।

Mid-age, *n. s.* অর্দ্ধেক বয়স, আধাবয়স্ক ব্যক্তি।

Mid-course, *n. s.* অর্দ্ধপথ, অর্দ্ধেক পথ, আধা রাস্তা।

Mid-day, *a.* মাধ্যাহ্নিক, দুই প্রহরের, দ্বিতীয় প্রহর কালজ বা তৎকালবর্ত্তি।

Mid-day, *n. s.* মধ্যাহ্ন, দুইপ্রহর, দুইপ্রহর বেলা।

Mid-heaven, *n. s.* আকাশের মধ্যস্থান, না স্বর্গ না পৃথিবী, আকাশের মাজামাজি।

Mid-sea, *n. s.* মধ্যরেখাবর্ত্তি সমুদ্র, ভূমধ্যস্থসমুদ্র।

Mid-wood, *a.* বনের মধ্যস্থ, বনের মধ্যবর্ত্তি, বনস্থ।

Mida, *n. s.* Gr. কীট বা মক্ষিকাবিশেষ।

Midden বা **Midding**, *n. s.* Sax. গোবরের গাদা, গোবরের কাঁড়ী।

Middest, মধ্যতম, অতিমধ্যবর্ত্তি।

Middle, *a.* Sax. মধ্যম, মাঝ, মধ্যস্থ, মধ্যস্থিত, মধ্যম অঙ্গুলি, উভয় মধ্যবর্ত্তি।

Middle, *n. s.* মধ্য, মাঝ, অন্তর, মধ্যস্থান, মধ্যকাল বা কোন ঘটনার মধ্য।

Middle-aged, *a.* আধাবয়স্ক, গতযৌবন, মধ্যমবয়স্ক, অর্দ্ধবয়স্ক।

Middle-earth, *n. s.* Sax. পৃথিবী, স্বর্গ এবং পাতালের মধ্যস্থান।

Middle-witted, *a.* মধ্যবিত জ্ঞানবিশিষ্ট, মধ্যবিত ক্ষমতা আছে যাহার, সামান্য পারগতা ক্ষমতা বা জ্ঞানশালী।

Middlemost, *a.* মধ্যম, মধ্যস্থ, মাঝ।

Middling, *a.* মাঝারি, মধ্যম, মধ্যবিত, অত্যন্ত বড় বা ছোট নহে যে বা যাহা, অত্যুৎকৃষ্ট বা অত্যপকৃষ্ট নহে যাহা, চলনসহি, মধ্যমাকার বা আয়তন আছে যাহাতে।

Middlingly, *ad.* মধ্যবিতরূপে, মাঝারিরূপে, চলনসহিরূপে।

Midge, *n. s.* Sax. ডাঁসবিশেষ।

Midland, *a.* দেশবেষ্টিত, দেশমধ্যবর্ত্তি, দেশের অন্তরস্থিত, সমুদ্রের ধার বা কিনারাহইতে দূর বা অন্তর যে।

Midleg, *n. s.* পায়ের মধ্যদেশ, পায়ের ডিম্ব।

Midlent, *n. s.* Sax. লেণ্টনামক পর্ব্বাহের মধ্য কাল।

Midlenting, *a.* পূর্ব্বোক্ত সময়ে পিতা মাতার সহিত সাক্ষাৎ করিতে গমনসম্বন্ধীয় বা তদ্বিষয়ক।

Midmost, *a.* Sax. মধ্যস্থায়ী, মধ্যস্থ।

Midnight, *n. s.* Sax. অর্দ্ধরাত্রি, দুই প্রহর রাত্রি, মহানিশা, নিশীথ।

Midnight, *a.* অর্দ্ধরাত্রিবর্ত্তি, দুই প্রহর রাত্রি কালস্থ।

Midriff, *n. s.* Sax. বক্ষ, উদর, ব্যবধায়ক, ব্যবধান, পরদা।

Midship, *n. s.* জাহাজনির্ম্মাতার ব্যবহৃত নাবিক ভাষায় সংজ্ঞাবিশেষ, জাহাজের গুঁড়ি বা কাষ্ঠ বুঝায়।

Midshipman, *n. s.* জাহাজি কর্ম্ম শিখে যাহারা, জাহাজে কনিষ্ঠ পদস্থ ব্যক্তিবিশেষ।

Midst, *n. s.* ভিতর, মধ্য, মাঝ।

Midst, *a.* ঠীক মধ্যস্থিত, মধ্যস্থায়ী বা মধ্যবর্ত্তী।

Midst, *prep.* কবিতা রচনায় Amidst শব্দের পরিবর্ত্তে ব্যবহার্য্য হয়, তচ্ছব্দ দেখ।

Midstream, *n. s.* স্রোতোমধ্য, প্রবাহের মধ্য, নদনদীর মধ্যস্থান।

Midsummer, *n. s.* Sax. উত্তরায়ণ ও দক্ষিণায়নের মধ্য দিন, জুন মাসের একবিংশতিতম দিন।

Midward, *ad.* Sax. মধ্যবর্ত্তী, মধ্যস্থ, মধ্যস্থায়ী।

Midway, *n. s.* পথের মধ্যস্থান, মাঝপথ, অর্দ্ধপথ, আধাপথ।

Midway, *a.* পথের মধ্যস্থানবর্ত্তী বা স্থায়ী, মাঝ পথে বা অর্দ্ধ পথে স্থিত।

Midway, *ad.* পথমধ্যে, অর্দ্ধপথে, আধা দূরে।

Midwife, *n. s.* Sax. ধাত্রী, ধাই, দাই, প্রসব করায় যে স্ত্রী।

To **Midwife** বা *To* **Midwive**, *v. a.* প্রসব-কৃ, উৎপাদন-কৃ, উৎপত্তি-কৃ, প্রসব-করা।

To **Midwife**, *v. n.* ধাত্রী বা ধায়ের কর্ম্ম-কৃ, দাই-হ, ধাত্রী বৃত্তি-কৃ, ধাত্রীকর্ম্মকর্ত্রী-হ।

Midwifery, *n. s.* ধাত্রীকর্ম্ম, ধাত্রীবিদ্যা, উৎপাদনকরণ, প্রসবকরণ, প্রসবকারণ, উৎপাদন বা প্রসবকরণে সাহায্যকরণ।

Midwinter, *n. s.* Sax. হেমন্ত, শীতকালের মাঝামাঝি দিন, দিসেম্বর মাসের একবিংশতিতম দিন।

Mien, *n. s.* Got. রূপ, চেহারা, মুখ, তর, চলন, ধারা, ভৌল, চালি, রকম, সূরত, আভা, রীতি।

Miff, *n. s.* আক্রোশ, অসন্তুষ্টি, অসন্তোষ, নিরানন্দ, ক্রোধ, রাগ, বৈরক্ত্য, বেজার, দেক, নাখুসি, গরখুসি, বদমেজাজ।

Might, **May** ধাতুর ক্রিয়াতিপত্তি, পারিতাম, পারিবার সম্ভাবনাবিশিষ্ট, হইলে হইতে পারিত ইত্যাদি।

Might, *n. s.* Sax. পরাক্রম, শক্তি, বল, জোর, ক্ষমতা, প্রবলতা, সাধ্য, বেগ।

Might and main, অত্যন্ত জোর বা বেগ, অত্যন্ত পরাক্রম বা বল, যথাসাধ্য।

Mightily, *ad.* Sax. অত্যন্ত বল বা শক্তিপূর্ব্বক, প্রাবল্যরূপে, অত্যন্ত বেগে বা জোরে, পরাক্রমে বা তেজে বা তৎপূর্ব্বক, উগ্রতা, ব্যগ্রতা, ব্যাকুলতা বা উত্তাপপূর্ব্বক, জবরদস্তী বা প্রচণ্ডতাপূর্ব্বক, আতিশয্যরূপে, অত্যন্ত, বিস্তর, অতিশয়, বহুত।

Mightiness, *n. s.* Sax. পরাক্রম, শক্তি, বল, ক্ষমতা, মাহাত্ম্য।

Mighty, *a.* Sax. পরাক্রান্ত, শক্ত, সবল, মহাবলী, শক্তিমান, জবরদস্ত, ক্ষমতাবান্, প্রভাবী বীর্য্যবান, বিক্রমশালী, বহুসংখ্যক, বেগবান, জোরাবর, মজবুত, সাহসী, প্রতাপী, তেজস্বী, মহৎ, বৃহৎ, বড়, প্রকাণ্ড, উৎকৃষ্ট, ভালো, কেযো, দরকারি, আবশ্যক, প্রয়োজনার্হ, ভারী, গুরুতর আয়তনবিশিষ্ট।

Mighty, *ad.* অনেক বিষয়ে, অনেক প্রকরণে, আতিশয্যরূপে, এ শব্দ কেবল অবর ভাষায় ব্যবহৃত হয়।

Migniard, *a.* Fr. কোমল, নরম, ভালো, উত্তম, আচ্ছা, সুন্দর, এ তদ্ভিন্ন *To* **Minerdize** শব্দ দেখ।

Mignonette, *n. s.* Fr. পুষ্পবিশেষ।

To **Migrate**, *v. n.* Lat. দেশপরিবর্ত্তন-কৃ, অন্যদেশে বসতি-কৃ, বাসস্থান পরিবর্ত্তন-কৃ, স্থানান্তরে-থাক, একস্থানহইতে অন্যস্থানে যাইয়া বাস-কৃ, ফিরিয়া-বেড়া।

Migration, *n. s.* Lat. স্থান পরিবর্ত্তন, স্থানান্তরে বাসকরণ, স্থানান্তরহওন, এক স্থানহইতে অন্য স্থানে যাইয়া বাসকরণ।

Migratory, *a.* স্থানান্তরহওনশীল, একস্থানহইতে অন্য স্থানে বসতি করিতে যায় যে, স্থান পরিবর্ত্তনকারী বা তৎকর্ম্মে রত।

Milch, *a.* Sax. দোহনীয়া, পয়স্বিনী, দুগ্ধবতী, দুদাল।

Digitized by Google

Mild, *a.* Sax. দয়াবান্, কৃপাবান্, মৃদু, ক্লজু, কোমল, নম্র, কোমল স্বভাবক, শান্ত, শিষ্ট, সৌম্য, অপিশুন, অক্রোধী, অক্রূর, অকর্কশ, ধীর, অকঠিন, অনরুন্তুদ, অক্ষয়কারী, মিষ্ট, টক নহে যাহা, কটু নহে যে বা যাহা।

Mildew, *n. s.* Sax. চিতি, বৃক্ষের রোগবিশেষ, যদ্দ্বারা আগড়া চিটা বা ভুও হয়।

To **Mildew**, *v. a.* চিতি-পড়া, ভাপসা-পড়া বা-কৃ।

Mildly, *ad.* Sax. কোমলতা বা নম্রতাপূর্ব্বক, অকঠিনরূপে, সুশীলতাপূর্ব্বক, আস্তে, সহজে, সৌম্যরূপে।

Mildness, *n. s.* কোমলতা, মৃদুতা, সুশীলতা, অক্রূরতা, কৃপা, দয়া, মিষ্টতা, অকটুতা, শান্তি।

Mile, *n. s.* Sax. Lat. অর্দ্ধ ক্রোশের ন্যূন পরিমাণবিশেষ, অর্দ্ধ ক্রোশ, ইঙ্গলণ্ডীয় ক্রোশ, ৩৫২০ হাত দীর্ঘ পথ।

Milestone, *n. s.* পূর্ব্বোক্ত ক্রোশনিরূপক প্রস্তর, পথের পরিমাণ চিহ্নার্থে তদ্ধারে স্থিত মাইলসংজ্ঞক পরিমাপক অঙ্কিত প্রস্তর।

Milfoil, *n. s.* Lat. বৃক্ষবিশেষ।

Miliary, *a.* Lat. ক্ষুদ্র, ছোট, অল্প, মিলেটনামে শস্য বা বীচির ন্যায় বা তদাকার।

Miliary *fever*, জ্বরবিশেষ, যাহাতে শরীরে ক্ষুদ্রং বিস্ফোটক হয় বা জন্মায়।

Milice, *n. s.* Fr. দেশ বা রাজ্যরক্ষার্থে যে সৈন্য নিয়ত নিযুক্ত থাকে।

Militancy, *n. s.* যুদ্ধ, লড়াই, সংগ্রাম, রণ।

Militant, *a.* Lat. যুদ্ধকর, সংগ্রামী, যুদ্ধ কর্ম্মে নিযুক্ত যে. যুদ্ধে প্রবৃত্ত, যুদ্ধোন্মুখ, নরক এবং সাংসারিক বিষয়ার্থে যুদ্ধকারী বা তৎউভয় ব্যাপারে নিযুক্ত বা লিপ্ত হইয়াছে যে, য়িশু খ্রীষ্টের ধর্ম্মমণ্ডলীর বিশেষণবাচক।

Milltar বা **Military**, *a.* Lat. যুদ্ধকর্ম্মে প্রবৃত্ত বা নিযুক্ত, সংগ্রামী, যোদ্ধার ন্যায়, যুদ্ধব্যবসায়ী, যুদ্ধব্যাপারী, যোদ্ধার ন্যায় বা তৎযোগ্য, যোদ্ধৃসম্পর্কীয়, যুদ্ধসম্বন্ধীয়, যুদ্ধবিষয়ক, সিপাহীর লাএক বা তদুপযুক্ত, যোদ্ধাদিগের কর্ত্তৃক কৃত বা নিষ্পন্ন।

Military, *n. s.* সিপাহী, যোদ্ধা, লড়াকে, সেনা, সৈন্য, ফৌজ, যোদ্ধার পদ বা কর্ম্ম।

Militarily, *ad.* যোদ্ধার ন্যায়, লড়াকের ন্যায়, যোদ্ধৃধর্ম্মপূর্ব্বক, সিপাহীর রীত্যনুসারে।

To **Militate**, *v. n.* Lat. প্রতিকূল-হ, বিপরীত-হ, বিরোধী-হ, প্রাতিকূল্যাচরণ-কৃ, দ্বন্দ্বজ-হ।

Militia, *n. s.* Lat. সৈন্যবিশেষ, নিয়তসৈন্য, যে সেনা কেবল দেশ বা রাজ্যরক্ষার্থে তদ্দেশে বা স্বস্থানে নিযুক্ত থাকে, কিন্তু বাহিরে যাইয়া লড়ে না, দেশের সিপাহী।

Milk, *n. s.* Sax. দুগ্ধ, ক্ষীর, দুধ, পয়ঃ, শস্য রস জুষ বা তৈলহইতে নির্গত, আটা, রস।

To **Milk**, *v. a.* দুগ্ধ-দুহ, দোহন-কৃ, দুহ, দুগ্ধ পান-কৃ, স্তন পান-কৃ, জুষ-দা, দুগ্ধ-দা স্তন-দা।

Milken, *a.* দুগ্ধময়, দুগ্ধবিশিষ্ট, দুগ্ধে ভরা।

Milker, *n. s.* গোয়ালা, দোহক, গোপ, পশুরদিগের দুগ্ধ দোহন করে যে ব্যক্তি।

Milkiness, *n. s.* দুগ্ধবৎ নরম বা স্বচ্ছতা, দুগ্ধবৎ ভাব, দুগ্ধস্বভাব, দুগ্ধধর্ম্ম, দুগ্ধবত্তা।

Milklivered, *a.* অতিভীত, ভীরু বা ভয়যুক্ত, ত্রাসযুক্ত, আশঙ্কান্বিত।

Milkmaid, *n. s.* গোপী, গোপিনী, গোপিকা, গোয়ালিনী, আহীরিণী, দুগ্ধের ব্যবসায় করে যে স্ত্রী।

Milkman, *n. s.* গোয়ালা, গোপ, আহীর, দুগ্ধবিক্রেতা, দুগ্ধের ব্যবসায় করে যে পুরুষ।

Milkpail, *n. s.* দুগ্ধদোহন পাত্র, দুগ্ধভাণ্ড।

Milkpan, *n. s.* দুগ্ধভাণ্ড, দুগ্ধ রাখা যায় যে পাত্রে, দুগ্ধের কেঁড়ে।

Milkpottage, *n. s.* আটা আর জল দুগ্ধের সহিত জ্বাল দিয়া এক প্রকার খাদ্য দ্রব্য, পরমান্নবিশেষ।

Milkscore, *n. s.* দুগ্ধের হিসাববিশেষ।

Milksop, *n. s.* ক্ষীণবুদ্ধি লোক, কাপুরুষ, অসাহসিক ব্যক্তি, এশব্দ ঘৃণাসূচক জানিবে।

Milktooth, *n. s.* দুধে দাঁত, বাচ্ছা ঘোড়ার দন্ত।

Milkthistle, *n. s.* গাছবিশেষ।

Milktrefoil, *n. s.* বৃক্ষবিশেষ।

Milkvetch, *n. s.* বৃক্ষবিশেষ।

Milkweed, *n. s.* বৃক্ষবিশেষ।

Milkwhite, *a.* দুগ্ধের ন্যায় শুভ্র, দুগ্ধবৎ শুক্ল, সফেদ, ফরসা, সাদা।

Milkwort, *n. s.* পুষ্পবিশেষ।

Milkwoman, *n. s.* আহীরিণী, গোয়ালিনী, গোপী, দুগ্ধ যোগায় যে স্ত্রী।

Milky, *a.* দুগ্ধে কৃত, দুগ্ধে হইয়াছে যাহা, দুগ্ধময়, দুগ্ধবৎ, দুগ্ধের ন্যায়, দুগ্ধজনক, দুগ্ধজ, দুগ্ধঘটিত, ক্ষীরদ, কোমল, নরম, ভীরু, ভীত, পরিষ্কার, স্বচ্ছ, দুগ্ধের ন্যায় আকার বা বর্ণ যাহার।

Milky-way, *n. s.* আকাশস্থ তারাসমূহের রশ্মিবিশেষ, বহুজন বা দ্রব্যকর্ত্তৃক শোভাবিশেষ।

Mill, *n. s.* Sax. যন্ত্র, যাঁতা, শস্যাদি পেষণ যন্ত্র, কল।

To **Mill**, *v. a.* পিষ, চূর্ণ-কৃ, গুঁড়া-কৃ, ডল, মুদ্রা-কৃ, টেকশালে মুদ্রার কেনারি-কৃ।

Mill-cog, *n. s.* কোন কলের চাকার পাকি বা দাঁত বা কান্দরা।

Mill-dam, *n. s.* কলে তুলিবার নিমিত্তে আলি বা বান্ধদ্বারা রক্ষিত বা আনীত জল।

Mill-horse, *n. s.* যাঁতার ঘোড়া, যাঁতা টানিবার বা চালাইবার ঘোড়া, কলটানা ঘোড়া।

Mill-mountains, *n. s.* গাছবিশেষ।

Mill-sixpence, *n. s.* ইংগ্লণ্ডদেশে ১৫৬১ সালে প্রথম গঠিত বা নির্ম্মিত মুদ্রাবিশেষ।

Mill-teeth, *n. s.* পার্শ্বের বা কলের দন্ত।

Millenarian, *n. s.* Lat. সহস্র বৎসরপর্য্যন্ত খ্রীষ্টের ধর্ম্ম পৃথিবী ব্যাপিবে এতদাকাঙ্ক্ষী বা এমত সংস্কার আছে যাহার।

Millenary, *a.* সহস্র সংখ্যক, এক হাজারী।

Millenary, *n. s.* সহস্র বৎসর পরিমাণ, হাজার সংখ্যা।

Millenist, *n. s.* সহস্র বৎসরপর্য্যন্ত খ্রীষ্টের ধর্ম্ম পৃথিবীতে ব্যাপিবে এতৎ প্রত্যয়ী।

Millennial, *a.* পূর্ব্বোক্তকালসম্বন্ধীয়, পূর্ব্বোক্তমতবিষয়ক।

Millennium, *n. s.* Lat. সহস্র বৎসর, হাজার বৎসর, যে সহস্র বৎসর খ্রীষ্টের ধর্ম্ম পৃথিবী ব্যাপিবে।

Milleped, *n. s.* Lat. কাষ্ঠের কীট বা পোকাবিশেষ।

Miller, *n. s.* যাঁতাওয়ালা, পেষক, কলে কর্ম্ম করে যে ব্যক্তি।

Miller, *n. s.* পতঙ্গ বা পোকাবিশেষ।

Miller's-thumb, *n. s.* ক্ষুদ্র মৎস্যবিশেষ।

Millesimal, *a.* Lat. সহস্রতম, একহাজার অংশ বা ভাগ আছে যাহাতে।

Millet, *n. s.* Lat. বৃক্ষবিশেষ, মৎস্যবিশেষ।

Milliner, *n. s.* বিবিয়ানা পোশাক ও ফিতা ইত্যাদি ব্যবসায়ী, স্ত্রীলোকের পরিচ্ছদ নির্ম্মাতা বা বিক্রেতা।

Digitized by Google

Million, *n. s.* Fr. নিযুত, দশলক্ষ, দৃষ্টান্ত বা রূপকার্থে দশলক্ষ অপেক্ষা অধিক সংখ্যক বুঝায়।

Millioned, *a.* নিযুত বা দশলক্ষ দিয়া গুণিত বা পূরিত।

Millionth, *a.* নিযুত বা দশলক্ষ ভাগের একভাগ।

Millstone, *n. s.* পেষণী পাথর বা জাঁতাবিশেষ।

Milt, *n. s.* Dut. পুংমৎস্যের বীজ বা শুক্র, ডিম্ব জন্মে যাহাতে, প্লীহা, পিলুই।

To **Milt**, *v. a.* মৎস্য ডিমল-কৃ, ডিমোৎপত্তি-কৃ, ডিম-পাড় বা -ছাড়, নিষেক-কৃ।

Milter, *n. s.* পুংমৎস্য, রাঁড়া মৎস্য।

Miltwort, *n. s.* বৃক্ষবিশেষ।

Mime, *n. s.* ভণ্ড, ভাঁড়, নকলিয়া, মস্করা, রহস্যজনক বা উৎপাদক লিখন বা গ্রন্থ।

To **Mime**, *v. n.* ভাঁড়ামি-কৃ, মস্করামি-কৃ, নকল-কৃ, রহস্য-কৃ, কাব্য -কৃ।

Mimer, *n. s.* ভাঁড়, মস্করা।

Mimetical, *a.* Gr. নকলকারী, অনুকারী।

Mimical, *a.* Lat. নকলীয়া, অনুকারী, নকল ভাঁড় বা মস্করার ন্যায় বা তদুপযুক্ত, ভেঙচায় যে, ভাঁড়, মস্করা।

Mimically, *ad.* ভাঁড়ামি বা মস্করামিপূর্ব্বক, নকল করিয়া, ভেঙচাইয়া, অনুকরণপূর্ব্বক।

Mimick, *n. s.* Lat. ভাঁড়, মস্করা, নকলিয়া, ভেঙচায় যে ব্যক্তি, বিদ্রূপী, অনুকারী।

Mimick, *a.* নকলী, বিদ্রূপী, অনুকারী।

To **Mimick**, *v. a.* ভাঁড়াম-কৃ, মস্করাম-কৃ, নকল-কৃ, ভেঙচা।

Mimickry, *n. s.* ভাঁড়ামি, মস্করামি, নকল, ভেঙচান, অনুকরণ, বিদ্রূপ।

Mimographer, *n. s.* হাস্যরসপ্রধানক গ্রন্থকারক, পরিহাস বা হাস্যার্ণব গ্রন্থকর্ত্তা।

Minacious, *a.* Lat. ভয়বিশিষ্ট, ভীত, ভীরু, ভয়ানক, ভয় দেখায় যে।

Minacity, *n. s.* ভয়প্রদর্শনশীলত্ব, ভয়প্রদর্শন স্বভাব বা ভাব।

Minaret, *n. s.* Turk. ইমারতের সিক বা অগ্রভাগ, মুনার।

Minatory, *a.* Lat. অনুযোজ্য, ভয়প্রদর্শক, ভয় দেখায় যে বা যাহাতে, ভয় জনক, ভয়ানক, ভয়ঙ্কর।

To **Mince**, *v. a.* Fr. টুকরা২-কৃ, খণ্ড২-কৃ, কুটি২-কৃ, কথা-কহ, চিবিয়া বা ব্যঙ্গরূপে কথা-কথ, আস্তে২-বচ, মুগ্ধ হইয়া কথা-কথ, আধ২-কথ, আস্তে বা ক্ষুদ্র স্বরে কথা-কথ, রহিয়া২-কথ বা-বচ, অস্পষ্টরূপে কথা-কথ।

To **Mince**, *v. n.* আস্তে২-চল, ধীরে২-চল, থামিয়া২-চল, সন্দিগ্ধ হইয়া কর্ম্ম-কৃ, আস্তে২ এবং অস্পষ্টরূপে কথা-কথ।

Mince-pie বা **Minced-pie**, *n. s.* রুটীবিশেষ, বড়াবিশেষ, ক্রিষ্ট মাস নামক পর্ব্বাহ অর্থাৎ বড় দিনে ব্যবহৃত অন্য২ মশালার সহিত একত্র করা টুকরা মাংসের রুটী।

Mincingly, *ad.* খণ্ড২ করিয়া, কুটি২ করিয়া, ক্ষুদ্রাংশে, অপূর্ণরূপে, মিথ্যা ভেকপূর্ব্বক, ঠাট করিয়া।

Mind, *n. s.* Sax. মন, বুদ্ধি, চিত্ত, মতি, মানস, জ্ঞান, মনঃশক্তি, বোধ, ইচ্ছা, অন্তঃকরণ, হৃদয়, বাসনা, অভিলাষ, পছন্দ, স্নেহ, চিন্তা, ভাব, মত, অভিপ্রায়, স্মরণ, ধ্যান।

To **Mind**, *v. a.* অনুবোধন-কৃ, অবধান-কৃ, মনোযোগ-কৃ, দেখ, মনে-রাখ, মান, স্মরণ করিয়া-দা, মনে করিয়া-দা, খবরদার-হ বা-কৃ, প্রণিধান-কৃ, মনন বা মনস্থ-কৃ, চাহ, ইচ্ছা-কৃ, বাসনা-কৃ।

To **Mind**, *v. n.* রত-হ, ইচ্ছুক-হ, মনস্থ-কৃ।

Minded, *a.* ইচ্ছুক, ইচ্ছাবিশিষ্ট, রত, আবিষ্ট, মুগ্ধ।

Mindful, *a.* সতর্ক, চালাক, মনোযোগী, হুসিয়ার, খবরদার, চেতনাযুক্ত, স্মারক, স্মৃতি আছে যাহার, মনোনিবেশী, মনোযোগী, অবধারক।

Mindfully, *ad.* সতর্কতাপূর্ব্বক, হুসিয়ারিরূপে, খবরদার হইয়া, মনোযোগপূর্ব্বক, মনের সহিত।

Mindfulness, *n. s.* মনোনিবেশ, মনোযোগ, খবরদারি, হুসিয়ারি, সতর্কতা, অবধান।

Mindless, *a.* অসতর্ক, অমনোনিবেশী, অমনোযোগী, বেহুসিয়ার, মনঃশক্তিহীন, জ্ঞানশূন্য, অজ্ঞান, মূঢ়, নির্ব্বোধ, চিন্তারহিত।

Mind-stricken, *a.* মোহিত, মুগ্ধ, আসক্ত, মন আবেশ হইয়াছে যাহার।

Mine, *pron. poss.* Sax. আমার, মম, মদীয়।

Mine, *n. s.* Fr. খাইন, খনি, আকর, আকর স্থান, ধাতুর খনি, সুড়ঙ্গ, গর্ত্ত, গড়ের মুর্চ্চার নীচে বারুদপূর্ণ গর্ত্ত।

To **Mine**, *v. n.* খাইন বা ধাতুর আকর খনন-কৃ, সিঁদ-কাট, সুড়ঙ্গ বা গর্ত্ত-খোদ, গুপ্ত ভাবে অপকারের চেষ্টা-কৃ, সুড়ঙ্গ-কৃ বা-হ।

To **Mine**, *v. a.* পতন-কৃ, ফেলাইয়া-দা, গোড়া কাটিয়া-দা, নীচে সুড়ঙ্গ বা গর্ত্ত করিয়া ফেলাইয়া-দা, ক্রমে ক্ষয় বা নাশ-কৃ, গুপ্ত ভাবে নষ্ট-কৃ।

Miner, *n. s.* Fr. আকরখনক, ধাতুর খনি বা আকর খোদে যে ব্যক্তি, যুদ্ধে দুর্গ বা কিল্লাদি ফেলাইয়া দিবার নিমিত্তে তাহার নীচে সুড়ঙ্গ বা গর্ত্ত করে যে ব্যক্তি, বেলদার, সুড়ঙ্গকারক।

Mineral, *n. s.* Lat. আকরীয় দ্রব্য, ধাতু, খনিহইতে প্রাপ্ত বা আহৃত দ্রব্য।

Mineral, *a.* আকরীয় দ্রব্যসম্বন্ধীয়, ধাতু দ্রব্যবিষয়ক, ধাতুসম্বন্ধীয়, ধাতুঘটিত, ধাতুধর্ম্মক।

Mineralist, *n. s.* ধাতু দ্রব্যপরীক্ষক, জওয়াহরি, ধাতু দ্রব্যান্বেষণে বা তৎপরীক্ষায় নিযুক্ত যে ব্যক্তি বা তদ্ব্যবসায়ী।

Mineralogist, *n. s.* ধাতুদ্রব্যনিরূপক, ধাতুদ্রব্যনিরূপণ বিদ্যাব্যবসায়ী, ধাতুদ্রব্যজ্ঞ।

Mineralogy, *n. s.* ধাতুদ্রব্যনিরূপণ বিদ্যা।

Minever, *n. s.* পশুবিশেষ।

To **Mingle**, *v. a.* Sax. মিলা, মিশা, মিশ্রিত-কৃ, একত্র-কৃ যোগ-কৃ, সংলগ্ন-কৃ, সংযুক্ত-কৃ, ভাঁজ-দা, মিশাইয়া-দা, গোলমাল-কৃ।

To **Mingle**, *v. n.* মিশ্রিত-হ, একত্র-হ, মিশাইয়া-যা, মিল, সংযুক্ত-হ।

Mingle, *n. s.* মিশ্রিত দ্রব্য, মিশান দ্রব্য, একত্র করা দ্রব্য, গোলা।

Mingle-mangle, *n. s.* মিশান, উল্টাপাল্টা, গোলমাল।

Mingledly, *ad.* মিশ্রণপূর্ব্বক, উল্টপাল্টাপূর্ব্বক, গোলমালে, ইতস্ততঃ, হেতা হোতা।

Mingler, *n. s.* মিশ্রণকর্ত্তা, সংযোগকর্ত্তা, মিশায় যে ব্যক্তি, মিশ্রিত করে যে ব্যক্তি, ভাঁজ দেয় বা একত্র করে যে ব্যক্তি, উল্টাপাল্টা করে যে ব্যক্তি।

Miniard, *a.* নরম, কোমল, Migniard শব্দ দেখ।

To **Miniardize**, *v. a.* Fr. নরম-কৃ, কোমল-কৃ, সুকোমল-কৃ, উপাদেয়-কৃ, উত্তম-কৃ।

To **Miniate**, *v. a.* Ital. চিত্র-কৃ, লালরং-ভর বা তদ্দ্বারা চিত্র বিচিত্র-কৃ।

Miniature, *n. s.* Ital. আটা এবং জলের সহিত মিশ্রিত গুঁড়ার দ্বারা চিত্রবিশেষ বা তাহার বর্ণ, ক্ষুদ্র চিত্র বা ছবি, বৃহৎবস্তু ছোট করিয়া চিত্রকরণ বা তৎচিত্র, লাল বা রক্ত বর্ণ অক্ষর।

Digitized by Google

Miniken, *a.* Fr. ক্ষুদ্র, ছোট, খাট, খর্ব্ব, বেঁটে, বামন।

Minikin, *n. s.* প্রিয়, স্নেহপাত্র, ক্ষুদ্র কাঁটা বা আলপিন।

Minim, *n. s.* Lat. ক্ষুদ্র প্রাণী বা বামন, মৎস্যবিশেষ, Minimi নামক সন্ন্যাসিরদিগের মধ্যে এক জন, ক্ষুদ্র স্বর বা রাগবিশেষ, ক্ষুদ্র কবিতা, ছাপার ক্ষুদ্র অক্ষর বা হরফবিশেষ।

Miniment, *n. s.* লিখিত প্রমাণ, দলিল, দস্তাবেজ, পাট্টা, কবুলতি ইত্যাদি প্রমাণ, যদ্দ্বারা কোন ব্যক্তির আপন স্থাবরাদি বিষয়ের স্বার্থ বা অধিকার সাবুদ হয়, নিদর্শন, সাক্ষী, সাবুদ।

Minimum, *n. s.* Lat. অত্যল্পভাগ বা পরিমাণ, ক্ষুদ্রতমাংশ, ক্ষুদ্রতমব্যক্তি, এতদ্ভিন্ন Maxium শব্দ দেখ।

Minimus, *n. s.* Lat. অতিক্ষুদ্র, অতিশয় ক্ষুদ্র, ক্ষুদ্রতম।

Minion, *n. s.* Fr. প্রিয়পাত্র, স্নেহপাত্র, পেয়ারা, নীচ চাকর, ক্ষুদ্র দাস, পাশখোরদা চাকর, খোসামুদিয়া।

Minion, *a.* পরিষ্কার, পরিচ্ছন্ন, সুন্দর, দিব্য, আচ্ছা, বেশ, ভাল, উত্তম, উৎকৃষ্ট, শোভক, প্রিয়দর্শক, মনোরঞ্জক, আহ্লাদজনক, তুষ্টিকারী, কোমল, নরম, সুখদ।

Minion, *n. s.* Lat. হিঙ্গুল, সিন্দূর।

Minioning, *n. s.* আদর, ভালবাসন, প্রিয় বা সদ্ব্যবহার, দয়া, অনুগ্রহ।

Minious, *a.* Lat. হিঙ্গুলবর্ণক, রক্তিমাবর্ণ।

To **Minish,** *v. a.* ন্যূন-কৃ, অল্প-কৃ, কম-কৃ, ছোট-কৃ, কর্ত্তন-কৃ, কাট, খাট-কৃ, ছাঁট, কমাইয়া-দা, হ্রাস-কৃ, ক্ষীণ-কৃ, ক্ষয়-কৃ।

Minister, *n. s.* Lat. প্রতিনিধি, উকীল, গোমস্তা, নাএব, পেশকার, রাজমন্ত্রী, সচিব, উজীর, যাজক, পুরোহিত, উপদেশক, মঙ্গলব্যঞ্জক।

To **Minister,** *v. a.* Lat. দা, যোগা, আনুকূল্য-কৃ, সাহায্য-কৃ।

To **Minister,** *v. n.* পরিচারক-হ, পরিচর্য্যা-কৃ, সেবা-কৃ, সেবাকারী-হ, ঔষধ-দা, ঔষধিবিধায়ক-হ, ঔষধি বিবেচনা-কৃ, আবশ্যক দ্রব্য-যোগা, সাহায্য-কৃ, আনুকূল্য-কৃ, যোগা, পৌরোহিত্য কর্ম্ম-কৃ বা তৎকর্ম্মে নিযুক্ত-হ, ধর্ম্ম সাধন-কৃ, ধর্ম্মকর্ম্মী-হ।

Ministerial, *a.* পরিচারক, দাস, ভৃত্য, আজ্ঞাবহ, আজ্ঞাধীন, আজ্ঞাতে কর্ম্মকারী, তাবেদার, কোন প্রধান লোকের অধীনে কর্ম্ম করে যে, মন্ত্রিঘটিত, মন্ত্রিসম্বন্ধীয়, পৌরোহিত্যসম্বন্ধীয় বা তদ্বিষয়ক, যাজকীয়, যাজনীয়।

Ministerially, *ad.* পুরোহিত বা মন্ত্রির ন্যায় আজ্ঞাকারিত্বরূপে।

Ministery, *n. s.* কর্তৃত্ব, পদ, কর্ম্ম, পায়া।

Ministral, *a.* মন্ত্রী পুরোহিত বা প্রতিনিধিসম্বন্ধীয়।

Ministrant, *a.* আজ্ঞাকারী, আজ্ঞাবহ, অধীন, তাঁবেদার।

Ministration, *n. s.* নাএবী, প্রতিনিধিত্ব, উকীলী, ওকালতী, উকীল প্রতিনিধি বা মন্ত্রির পদ কর্ম্ম বা অবস্থা, ধর্ম্মোপাসনা, যাজকতা, যাজকের কর্ম্ম পদ বা কর্তৃত্ব।

Ministress, *n. s.* দাত্রী, জোগায় বা দেয় যে স্ত্রী, সেবা করে যে স্ত্রী।

Ministry, *n. s.* Lat. পদ, কর্ম্ম, পায়া, যাজন, পৌরোহিত্য, মনসবি, নাএবি, প্রতিনিধিত্ব, মন্ত্রিত্ব, সচিবত্ব, উজীরী, রাজকর্ম্মে নিযুক্ত ব্যক্তি, মন্ত্রী, মনসব, মন্ত্রির কর্ম্ম বা পদ।

Minium, *n. s.* Lat. হিঙ্গুল, সিন্দূর।

Minnekin, *n. s.* Minikin শব্দ দেখ।

Minnock, *n. s.* নর্ত্তকবিশেষ, এতদ্ভিন্ন Mimick শব্দ দেখ।

Minnow, *n. s.* Fr. অতিক্ষুদ্র মৎস্যবিশেষ, ক্ষুদ্রতম।

Minor, *a.* Lat. ক্ষুদ্র, ছোট, খাট, অপ্রধান, সামান্য, অধীন, নীচ, ক্ষুদ্রতর, অল্পতর, কনিষ্ঠ, অপেক্ষা-কৃত অল্প বা ন্যূন।

Minor, *n. s.* নাবালগ, অপ্রাপ্তবয়ঃ, অল্পবয়স্ক, সন্ন্যাসিবিশেষ, যাহারদিগের নামান্তরে Minorite বলা যায়।

To **Minorate,** *v. a.* Lat. অল্প-কৃ, ন্যূন-কৃ, কম-কৃ, হ্রাস-কৃ।

Minorite, *n. s.* যাজকবিশেষ, সন্ন্যাসিবিশেষ, Minor শব্দ দেখ।

Minority, *n. s.* অপ্রাপ্ত ব্যবহারতা, নাবালগী, শৈশব, অল্পতা, কমি, ক্ষুদ্র বা অল্পাবস্থা, অল্পতর সংখ্যা, অপেক্ষাকৃত অল্প, পরিমাণ বা সংখ্যার ন্যূনতা।

Minotaur, *n. s.* অর্দ্ধ মনুষ্য এবং অর্দ্ধ বৃষভাকার কবিরদিগের কর্তৃক সম্ভাবিত অলৌকিক জন্তুবিশেষ।

Minster, *n. s.* Sax. ধর্ম্মালয়, ধর্ম্মশালা, আস্তানা, মঠ, আরাধনার স্থান বা গিরজাবিশেষ।

Minstrel, *n. s.* যন্ত্রী, বাদ্যকর, বাজাওয়ালা, গায়ক, গাথক, গীত গায় যে ব্যক্তি।

Minstrelsy, *n. s.* বাদ্য, বাজা, বাদকের বা গাথকের সম্প্রদায়, বাদ্য যন্ত্র বা সংগীত বিদ্যা, বাদ্য বা গানের লয়।

Mint, *n. s.* Sax. বৃক্ষবিশেষ, পুদীনা।

Mint, *n. s.* Lat. Sax. টেঁকশাল, টঙ্ক নির্ম্মাণাগার, মুদ্রা হয় যে স্থানে, কোন নূতন সৃষ্টি হয় যে স্থানে।

To **Mint,** *v. a.* Sax. মুদ্রা-কৃ, মুদ্রা-গঠ, টাকা-মার, সিক্কা-মার, টাকা-বানা, মোহর-কৃ, জরব-কৃ, সৃষ্টি-কৃ, নূতন-বানা, জাল-বানা বা -কৃ, আকাঙ্খা-কৃ, ইচ্ছা-কৃ, বাসনা-কৃ, চাহ, অভিলাষ-কৃ।

Mintage, *n. s.* নির্ম্মিত দ্রব্য, মুদ্রিত বা জরব করা দ্রব্য, টেঁকশালের খরচা বা মাসুল, টাকা বানাইবার খরচা।

Minter, *n. s.* মুদ্রাকর, টাকা বা মুদ্রানির্ম্মাতা, স্রষ্টা, পরিকল্পক।

Mintman, *n. s.* মুদ্রাকরণবিষয়ে নিপুণ বা পারদর্শি ব্যক্তি, টাকা গড়ুনিয়া মেস্ত্রী।

Mintmaster, *n. s.* টেঁকশালের দারোগা বা অধ্যক্ষ, টঙ্কপতি, নূতন বানায় বা সৃষ্টি করে যে ব্যক্তি, স্রষ্টা।

Minuet, *n. s.* Fr. প্রসিদ্ধ নৃত্যবিশেষ।

Minum, *n. s.* Minim শব্দ দেখ, অতিক্ষুদ্র ছাপার অক্ষর, ক্ষুদ্র সুর বা তালবিশেষ।

Minute, *a.* Lat. অতিক্ষুদ্র, অতিসূক্ষ্ম, অতিসরু, ছোট, খাট, কৃশ, সামান্য, সাধারণ, যৎসামান্য।

Minute, *n. s.* Lat. ইংরাজি ঘণ্টার ষাটি অংশের একাংশ, আড়াইপল, পলক, লহমা, অত্যল্প কাল, আদরা, মুসাবিদা, অভিপ্রায়, মত, অনুমতি, কৃত বা কর্ত্তব্য বিষয়, সংক্ষেপে লিখন বাহুল্যরূপে প্রত্যেকং বিষয়ের বিবরণ।

To **Minute,** *v. a.* সঙ্কেতে-লিখ, টুকিয়া-রাখ।

Minute-book, *n. s.* সঙ্কেতে তুলিয়া বা টুকিয়া রাখিবার বহি, খোসড়া।

Minute-glass, *n. s.* বালি পল, পলপরিমাপক বালুকা যন্ত্র বিশেষ।

Minute-hand, *n. s.* ঘটিকাযন্ত্রে পলের কাঁটা।

Minute-jack, *n. s.* Jack of the Clockhouse শব্দ দেখ।

Minute-watch, *n. s.* ঘটিকা যন্ত্রবিশেষ, যাহাতে সাধারণ ঘটিকা যন্ত্র অপেক্ষায় পলের অঙ্ক স্পষ্ট করিয়া লিখা থাকে বা জানা যায়।

Minutely, *a.* প্রতিপলে হয় যাহা, প্রতিক্ষণে হয় যাহা, একপল ব্যাপক, একপল ব্যাপিয়া স্থিত।

Minutely, *ad.* পলেং, প্রতিপলে, প্রতিক্ষণে, প্রতিলহমায়, অত্যল্প কাল অন্তরে।

Minutely *ad.* সূক্ষ্মরূপে, প্রকৃতরূপে, বিশেষং করিয়া, অত্যন্ত মনোনিবেশপূর্ব্বক।

Digitized by Google

Minuteness, *n. s.* সূক্ষ্মতা, অত্যল্পতা, লঘুতা, সামান্যতা, লাঘবত্ব, যৎসামান্যত্ব, ক্ষুদ্রত্ব।

Minutiæ, *n. s.* Lat. সূক্ষ্মবিষয়।

Minx, *n. s.* যুবতী, অস্থিরা, ভ্রষ্টা স্ত্রী, চঞ্চলা স্ত্রী।

Miny, *a.* ভূতলস্থ, মৃত্তিকার অধঃস্থ, ভূমির অন্তরস্থ।

Miracle, *n. s.* Lat. অদ্ভুত ক্রিয়া, আশ্চর্য্য কর্ম্ম, চমৎকার ক্রিয়া বা অলৌকিক, অমানুষীয় পদার্থ বা কর্ম্ম, বুজরুগী, মনুষ্যের সাধারণ শক্ত্যতীত ক্রিয়া, প্রাচীন ব্যবহৃত নাট্যবিশেষ।

Miracle-monger, *n. s.* প্রতারক, ধূর্ত্ত, ছদ্মবেশী, প্রবঞ্চক, মনুষ্যের শক্ত্যতীত ব্যাপারকরণে অভিমানী, আশ্চর্য্য বা অলৌকিক ক্রিয়া করিতে পারে এমত ভাব ব্যক্ত করে যে ব্যক্তি।

Miraculous, *a.* Fr. আশ্চর্য্য, অদ্ভুত, চমৎকার, দৈবকৃত, অলৌকিক শক্তিদ্বারা নিষ্পাদিত, বুজরুগ, অলৌকিক শক্তিপ্রকাশক বা তদভিমানী, অলৌকিক শক্তিদ্বারা উৎপাদিত বা কৃত।

Miraculously, *ad.* আশ্চর্য্যরূপে, অদ্ভুতরূপে, অলৌকিক শক্তিক্রমে বা তদ্দ্বারা বুজরুগীপূর্ব্বক, স্বাভাবিক শক্তি অতিক্রম করিয়া।

Miraculousness, *n. s.* আশ্চর্য্যত্ব, চমৎকৃতত্ব, অলৌকিকত্ব, অদ্ভুতত্ব, বুজরুগী, অসাধারণ ক্ষমতা বা শক্তি, অলৌকিক শক্তি বা ক্ষমতা।

Mirador, *n. s.* Span. বারান্দা, সাজা।

Mire, *n. s.* Dut. কাদা, কর্দ্দম, চহলা, পাঁক, কিচড়, পঙ্ক, ময়লা।

To **Mire,** *v. a.* কর্দ্দমাক্ত-কৃ, কর্দ্দম লিপ্ত-কৃ, কর্দ্দমে আবৃত-কৃ, কাদায়-ডুবা বা-চুবা, কাদায়-ফেল, কাদা-মাখা।

Mire, *n. s.* Wel. পিপীলিকা, পিপড়া।

Miriness, *n. s.* সমলত্ব, ময়লার ভাব বা ধর্ম্ম, কর্দ্দমময়ত্ব, কর্দ্দমে পরিপূর্ণত্ব, যাহা কাদায় ভরা তাহার ভাব, অপরিষ্কৃতত্ব, অশুদ্ধতা, মালিন্য।

Mirk, *a.* Sax. অন্ধকার, ঘোর, অস্পষ্ট।

Mirksome, *a.* তথা।

Mirksomeness, *n. s.* তম, অন্ধকার, ঘোরত্ব, অস্পষ্টত্ব, মালিন্য, মন্দজ্যোতি।

Mirky, *a.* অন্ধকার, ঘোর, আলোকরহিত, অনালোক, অস্পষ্ট।

Mirror, *n. s.* Fr. আর্শী, দর্পণ, আয়না, যাহাতে প্রতিবিম্ব দেখা যায়, আদর্শ, নমুনা।

Mirror-stone, *n. s.* স্ফটিকবিশেষ, স্বচ্ছ উজ্জ্বল বা দীপ্তিকারক প্রস্তর বিশেষ।

Mirth, *n. s.* Sax. আনন্দ, আহ্লাদ, উল্লাস, খুসি, হাসি, হাসিখুসি, আমোদ, রসিকতা, রঙ্গরস, পরিহাস।

Mirthful, *a.* আনন্দিত, আহ্লাদিত, রসিক, পরিহাসক, আমোদবিশিষ্ট বা তদ্যুক্ত, উল্লসিত, হৃষ্ট, হাসকুট্যে।

Mirthfully, *ad.* আনন্দিতত্বরূপে, আহ্লাদিতত্বরূপে, খুসিপূর্ব্বক, আমোদপুরঃসরে, রসিকতাপূর্ব্বক, পরিহাসপূর্ব্বক।

Mirthless, *a.* নিরুৎসাহ, নিরানন্দ, অনাহ্লাদিত, না খোস, আমোদরহিত বা বর্জ্জিত, অরসিক, মসৃণ, অপ্রসন্ন, বিষণ্ণ, ম্লান।

Miry, *a.* কর্দ্দমময়, কাদাট্যা, পাঁকাল, কাদায় বুড়ান, কর্দ্দমাবৃত, কাদায় ভরা, সমল, কর্দ্দমযুক্ত, পাঁকে ভরা।

Mis, অব্যয় শব্দ, শব্দের পূর্ব্বে যোগ হইলে বিপরীতার্থ বুঝায়, মন্দার্থক অব্যয় পদ, যথা Chance, Mischance.

Misacceptation, *n. s.* বিপরীতার্থকরণ, বিপরীত জ্ঞাপন বুঝান বা অর্থকরণ, উল্টা বুঝান, মন্দ ভাবন, বিপরীত সংস্কার, মন্দ ভাব গ্রহণকরণ।

Misadventure, *n. s.* Fr. অভাগ্য, দুরদৃষ্ট, দুরবস্থা, দুর্ভাগ্য, দুর্দ্দশা, দৈব, অমঙ্গল, মন্দভাগ্য, মন্দ কপাল।

Misadventured, *a.* হতভাগা, অভাগা, দুর্ভাগা, দুর্ভাগ্যবিশিষ্ট, দুর্দ্দশাযুক্ত, অমঙ্গল হইয়াছে যাহার, দৈব ঘটিয়াছে যাহার, দুর্দ্দশাপন্ন, দুর্দ্দশাগ্রস্ত।

Misadvised, *a.* কুমন্ত্রিত, কুপরামৃষ্ট, কুপরামর্শবিশিষ্ট বা তদ্যুক্ত, কুপরামর্শপ্রাপ্ত।

To **Misaffect,** *v. a.* ঘৃণা-জন্মা, বিতৃষ্ণা-জন্মা, বৈরক্ত্য-জন্মা, ভাল না-বাস, না পসন্দ-কৃ, অগ্রাহ্য-কৃ, অননুরাগ-কৃ।

Misaffected, *a.* ঘৃণিত, অননুরক্ত, বিপরীত, বিপরীত ভাবী, বিরক্ত, নাখোস, মন্দকারী।

To **Misaffirm,** *v. a.* অযাথার্থ্যরূপে-কথ বা-বচ, মিথ্যা করিয়া-বদ, অসঙ্গত বা অন্যায়-বদ, মিথ্যা প্রতিশ্রুত-কৃ, অসত্য প্রতিজ্ঞা-কৃ।

Misaimed, *a.* অলক্ষ-কৃত, বেসেস্ত, ভালো সন্ধান হয় নাই যাহার, সন্ধান ব্যর্থ হইয়াছে যাহার বা যাহাতে।

Misallegation, *n. s.* মিথ্যাকথা, অসঙ্গতবাক্য, অন্যায় কথা, মিথ্যা প্রস্তাব, মিথ্যা বা অযথার্থ বিবরণ বা প্রস্তাব।

To **Misallege,** *v. a.* মিথ্যা প্রমাণ-দা, মিথ্যা করিয়া-বচ, অন্যায়-বদ, মিথ্যা প্রৌঢ়ি-কৃ, মিথ্যা অনুবাদ-কৃ, অযথার্থ বিচার বা বিতণ্ডা-কৃ, অসত্য অযাথার্থ্য বা মিথ্যা প্রমাণ প্রয়োগ-কৃ।

Misalliance, *n. s.* মন্দ অকর্ত্তব্য বা অসঙ্গত মিলন যোগ বা ঐক্য বা অকর্ত্তব্য অনুচিত মিল সম্বন্ধ বা সম্পর্ক।

Misallied, *a.* মন্দ অকর্ত্তব্য অনুচিত মিথ্যা বা অসঙ্গতরূপে মিলিত ঐক্য বা একত্রভূত, অনুচিতরূপে যুক্ত, অন্যায়রূপে মিলিত বা যুক্ত।

Misanthrope বা **Misanthropos,** *n. s.* Gr. সর্ব্বলোককে ঘৃণা করে যে ব্যক্তি, সাধারণ অপ্রণয়ি ব্যক্তি, তাবল্লোক বা সংসারসুদ্ধ লোককে হেয়জ্ঞান বা দ্বেষকর্ত্তা।

Misanthropical বা **Misanthropick,** *a.* সর্ব্বলোক ঘৃণাকরণ স্বভাববিশিষ্ট বা তদ্যুক্ত, সংসারদ্বেষী, উদাস, সাধারণ অপ্রণয়ী।

Misanthropist, *n. s.* সর্ব্বলোককে ঘৃণা করে যে ব্যক্তি, সংসার সুদ্ধ তাবৎলোককে হেয়জ্ঞানকর্ত্তা, সাধারণ অপ্রণয়ী।

Misanthropy, *n. s.* সর্ব্ব লোক প্রতি ঘৃণা, সাধারণ হেয়জ্ঞান, ঘৃণা দ্বেষ বা অপ্রণয়।

Misapplication, *n. s.* অকর্ম্মে লাগান, ব্যর্থ বা বিপরীত কর্ম্মে যোগকরণ, নষ্টকরণ, অপ্রকৃত অযথার্থ বা বৃথা খাটান লাগান বা ব্যবহারকরণ, অস্থানে লাগান বা স্থাপন, বিপরীত কর্ম্ম কার্য্য বা ব্যবহার।

To **Misapply,** *v. a.* অকর্ম্মে-লাগা, ব্যর্থ বা বিপরীত কর্ম্মে যোগ-কৃ, নষ্ট-কৃ ব্যর্থ-কৃ, বৃথা-কৃ, অস্থানে স্থাপনা-কৃ, অপ্রকৃত বা অযাথার্থ্যরূপে ব্যবহার বা ব্যয়-কৃ।

To **Misapprehend,** *v. a.* অযাথার্থ্য বা অপ্রকৃত-বুঝ, উল্টা-বুঝ, বিপরীত-বুঝ, বিবেচনায় বা বুঝনে ভ্রম-কৃ, বিস্মৃত-কৃ বা-হ, ভুল-কৃ।

Misapprehension, *n. s.* ভ্রম, ভুল, চুক, ভ্রান্তি, অপ্রকৃত বুঝন, উল্টা বুঝন, বিপরীত বুঝন, অযথার্থ জ্ঞান সংস্কার বা বুদ্ধি।

To **Misascribe,** *v. a.* মিথ্যা বিবরণ-কৃ, মিথ্যা করিয়া জ্ঞাপন-কৃ বা-জানা, অসত্য অযথার্থ বা ঝুটা ব্যক্ত-কৃ, বচ বা বয়ান-কৃ, মিথ্যা বা আরোপণ-কৃ।

To **Misassign,** *v. a.* মিথ্যা বা ভ্রমপূর্ব্বক সমর্পণ বা নিযুক্ত-কৃ, উল্টা বা বিপরীতরূপে যোগ-কৃ দা বা নিযুক্ত-কৃ।

Digitized by Google

To Misattend, *v. a.* অমনোযোগ-কৃ, গাফিলি-কৃ, না-মান, তাচ্ছল্য-কৃ, তুচ্ছ-কৃ, অবহেলা-কৃ, অবজ্ঞা-কৃ, সামান্য ভাবে বা রূপে -দেখ বা মনোযোগ-কৃ, অবহেলাপূর্ব্বক শ্রবণ বা অবধান-কৃ।

To Misbecome, *v. a.* অযোগ্য-হ বা-কৃ, অনুপযুক্ত-হ-বা-কৃ, বেমানান-হ বা-কৃ, অমত-কৃ।

Misbecomingness, *n. s.* অনুপযুক্ততা, অযোগ্যত্ব।

Misbegot বা Misbegotten, *a.* অসজ্জাত, জারজ, বিজন্মা, অনিয়ম অশাস্ত্র বা অচলতিপূর্ব্বক জাত বা উৎপন্ন যে।

To Misbehave, *v. n.* কদাচার-হ, কুব্যবহার-কৃ, মন্দব্যবহার-কৃ, অবিনয়ী-হ, অব্যবহার্য্য-কৃ।

To Misbehave, *v. a.* মন্দ-কৃ, অসদ্ব্যবহার-কৃ।

Misbehaved, *a.* অশিক্ষিত, অশিষ্ট, অসভ্য, গোঁয়ার, মূর্খ, ভালো শিক্ষা বা তরবিয়ত হয় নাই যাহার।

Misbehaviour, *n. s.* অসদ্ব্যবহার, কুব্যবহার, কদাচার, অবিনয়, অসদাচার, কুৎসিত বা মন্দ ব্যবহার, কুৎসিতাচরণ, কু দুষ্ট মন্দ বা অসৎ আচার কর্ম্ম বা রীতি।

Misbelief, *n. s.* কল্পিত মিথ্যা বা বৃথা ধর্ম্ম আচার বা উপাসনা, মিথ্যাশ্রদ্ধা, অশ্রদ্ধা, প্রত্যয় বা বিশ্বাসের অভাব, অধর্ম্ম, মিথ্যাশাস্ত্রাবলম্বন।

To Misbelieve, *v. n.* মিথ্যা ধর্ম্ম আশ্রয়-কৃ বা-মান, মিথ্যা প্রত্যয় বা বিশ্বাস-কৃ, মিথ্যা বিশ্বাসী-হ, ভ্রমী-হ, ভ্রান্ত-হ।

Misbeliever, *n. s.* মিথ্যা ধর্ম্ম বা শাস্ত্রাবলম্বী, মিথ্যা বিশ্বাসী, মিথ্যাপন্থী বা প্রত্যয়ী, ভ্রান্ত কল্পিত বা মিথ্যা শাস্ত্রাবলম্বনকর্ত্তা, মিথ্যা শাস্ত্র বা ধর্ম্ম মানে বা তন্মতে চলে যে ব্যক্তি।

To Misbeseem, *v. a.* অযোগ্য-হ বা-কৃ, ভালো-নাসাজ বা-দেখা, অনুপযুক্ত-হ বা ভালো না-দেখা, মন্দ-দেখা।

To Misbestow, *v. a.* অযোগ্যরূপে-দা, অনুচিতরূপে-দা, অপব্যয়-কৃ, ব্যর্থ-দা, অপব্যয়-কৃ, অনুপযুক্ত অযোগ্য অনর্হ ব্যক্তিকে বা বিষয়ে দান অর্পণ বা স্থাপন-কৃ।

Misborn, *a.* দুঃখী হইয়া জন্মিয়াছে যে, জন্মাবধি অভাগ্যবান, গরিব, অভাগা, দুর্ভগা, গরিব, দুঃখী বা ভাগ্যহীন বংশে পরিবারে বা অবস্থায় জাত, গরিব বা দুঃখির সন্তান।

To Miscalculate, *v. a.* হিসাবে-ভুল, ঠিকে-ভুল, গণনায়-ভুল, ভুল হিসাব-কৃ, ভুল-গণ, ভুল গণনা-কৃ, ভুলচুক-কৃ, মিথ্যা হিসাব-কৃ।

Miscalculation, *n. s.* হিসাবের ভুল, ঠিকের ভুল, গণনার ভুল, ভুল হিসাব বা গণনা, মিথ্যা হিসাব, ভুল চুক।

To Miscal, *v. a.* অযথার্থ অপ্রকৃত বা অশুদ্ধ নামে-ডাক বা আহ্বান-কৃ, অপ্রকৃত নাম-রাখ, নামের ভুল-কৃ, একেতে অন্য-বচ বা-ডাক, অযথার্থ নাম-কৃ-বা-রক্ষ, অযথার্থ-বচ।

Miscarriage, *n. s.* অসদ্ব্যবহার, অসদাচরণ, কুব্যবহার, মন্দাচরণ, মন্দগতি বা চালি, খারাব চালি, অমঙ্গল, অসিদ্ধি, ব্যর্থতা, অশিষ্টতা, অসভ্যতা, পাষণ্ডত্ব, অপ্রকৃত কর্ম্ম, নৈষ্ফল্য, খারাবি, গর্ভস্রাব, গর্ভপাত, অপরিণত কালে উৎপাদন বা জনন।

To Miscarry, *v. n.* বৃথা-হ, পণ্ড-হ, ব্যর্থ-হ, নিষ্ফল-হ, অসিদ্ধ-হ, অভিপ্রায় অসিদ্ধ-হ, চুক-হ, ঠক, বিগড়, গর্ভস্রাব-হ, গর্ভপাত -হ, পেট-খস।

To Miscast, *v. a.* ভুল বা অপ্রকৃত হিসাব-কৃ, ঠিকে বা হিসাবে ভুল-কৃ, অযথার্থবা অন্যায় হিসাব-কৃ।

Miscellane, *n. s.* মিশ্রিত শস্য, মিশাল বা ভাঁজ-দেওয়া শস্য, এ শব্দ অশুদ্ধ ব্যবহারে Mastlin লেখা যায়।

Miscellaneous, *a.* Lat. প্রকীর্ণ, নানা প্রকার, অনেকপ্রকার, বিবিধ, মিশ্রিত, নানা বিষয়ক, নানা রকম, মিলিত, একত্রীভূত, নানা জাতি রকম বা প্রকারে নির্ম্মিত রচিত বা গঠিত।

Miscellaneousness, *n. s.* প্রকীর্ণতা, নানা জাতি রকম প্রকারে রচিত গঠিত বা নির্ম্মিত, তদ্ভাব বা তদবস্থা, মিশাল।

Miscellany, *n. s.* নানা প্রকার সংগ্রহ, সমূহ, স্তূপ, মিশাল, নানা বিষয় সংগ্রহ।

Miscellany, *a.* প্রকীর্ণ, নানা প্রকারে রচিত গঠিত বা নির্ম্মিত, মিশ্রিত, মিশাল, পাঁচমিশালি, নানা জাতি বা রকম দ্রব্য বা বিষয়, মিশ্রিত নির্ম্মিত বা একত্রী ভূত।

To Miscentre, *v. a.* অপ্রকৃত স্থানে-রাখ, অনুপযুক্ত বা অযোগ্য স্থানে-রাখ, বেঠিক-বসা, অস্থানে-রাখ, বৃথা স্থানে স্থাপনা-কৃ।

Mischance, *n. s.* দুর্ভাগ্য, দুর্দশা, অভাগ্য, দুরদৃষ্ট, দৈব, অমঙ্গল, অশুভ, উৎপাত।

To Mischarge, *v. a.* যে হিসাবে লিখিবার নহে তাহাতে-লিখ, দাখিল-কৃ বা খরচ-লিখ, হিসাবে অন্যায় করিয়া খরচ-লিখ, হিসাবে বেজায় অপ্রকৃত বা অন্যায় খরচ-লিখ, হিসাবে ভুলপ্রযুক্ত -লিখ, হিসাবে ভুলিয়া-লিখ।

Mischief, *n. s.* Fr. মন্দ, ক্ষতি, হানি, অপচয়, অপকার, অনিষ্ট, নোকসান, হিংসা, খারাবি, উৎপাত, অমঙ্গলসূচক ক্রিয়া, আপদবালাই।

To Mischief, *v. a.* মন্দ-কৃ, ক্ষতি-কৃ, হানি-কৃ, অপচয়-কৃ, অপকার-কৃ, নোকসান-কৃ, হিংসা-কৃ, খারাবি-কৃ।

Mischiefmaker, *n. s.* অপকারক, অপচয়কর্ত্তা, দুরন্ত, ক্ষতিকারক, হিংসু, মন্দ বা ক্ষতিকর্ত্তা, ছিদ্রান্বেষী।

Mischief-making, *a.* অপকার মন্দ বা ক্ষতিকারী, দুষ্ট, হিংসা নোকসান বা খারাবি করে যে বা হয় যাহার দ্বারা।

Mischievous, *a.* অপকারক, ক্ষতিজনক, হিংসক, ঘাতক, মন্দকারী, অনিষ্টকারী, অশুভজনক, জিঘাংসু, অমঙ্গলদায়ক, অগুণ বা বিগুণকারী, উচক্কা, উদ্ধত, দুষ্ট, দুরন্ত, মন্দ, ধূর্ত্ত, ক্রূর।

Mischievously, *ad.* দুষ্টতারূপে, হিংসাপূর্ব্বক, ক্ষতিজনকত্বরূপে, অনিষ্টকারিত্বরূপে, অমঙ্গলদায়কত্বরূপে, অনিষ্টজনকতারূপে, ক্রূরতাপূর্ব্বক, অপকার বা অপচয়পূর্ব্বক, বিগুণ বা অগুণপূর্ব্বক।

Mischievousness, *n. s.* দুষ্টতা, অপকারকত্ব, মন্দ বা অনিষ্টকারিত্ব, অগুণকারিত্ব, অশুভজনকত্ব, অমঙ্গলকারিতা।

Mischna, *n. s.* Heb. য়িহুদীরদিগের নীতিশাস্ত্রের একাংশ বা একদেশ।

Miscible, *a.* Lat. মিশ্রণীয়, মিশ্রণযোগ্য, মিশাইয়া যাইতে পারে যাহা।

Miscitation, *n. s.* অশুদ্ধ বা মিথ্যাপ্রমাণ, অনুপযুক্ত বা অযোগ্য উদাহরণ বা দৃষ্টান্ত।

To Miscite, *v. a.* অশুদ্ধ বা অযোগ্য প্রমাণ-দা বা-লিখ।

Misclaim, *n. s.* মিথ্যা অন্যায় বা অযথার্থ দাওয়া বা দাবি।

Miscomputation, *n. s.* মিথ্যা অযথার্থ বা অপ্রকৃত গণনা সংখ্যা বা হিসাব।

To Misconceive, *v. a.* বিপরীত বা উল্টা-বুঝ, অযথার্থ অপ্রকৃত বা অন্যায়-বুঝ, বিপরীত বা মিথ্যা সংস্কার-হ-কৃ বা-জন্মা।

To Misconceive, *v. n.* মিথ্যা উপলব্ধি-হ, ভ্রান্ত্যভিপ্রায় সংস্কার বা জ্ঞান-হ, মিথ্যা বোধ-হ বা-কৃ, মিথ্যা জ্ঞান-কৃ বা-হ, উল্টা-বুঝ।

Misconceit বা Misconception, *n. s.* মিথ্যা অভিপ্রায় বা সংস্কার বোধ বা জ্ঞান, চুক, ভুল, উল্টা বুঝান, ভ্রম, ভ্রান্তি।

Misconduct, *n. s.* কুদাঁড়া, কদর্য্য রীতি, মন্দ চাইল, কুগতি, মন্দ গতি বা দাঁড়া, বেদাঁড়া, কদাচার, দুরাচার, কুব্যবহার, অসদ্ব্যবহার, অসদাচরণ, কুকর্ম্ম।

To Misconduct, *v. a.* উচিতমতে কর্ম্ম না-কৃ, সুন্দররূপে কর্ম্ম আঞ্জাম না-দা, ভ্রান্তি বা বেদাঁড়াতে কর্ম্ম-কৃ চালা, নির্ব্বাহ-কৃ,

Digitized by Google

অযোগ্য চালি-চল, আনাড়িপনা বা অজ্ঞতারূপে নির্ব্বাহ বা সর বরাহ-কৃ, কুব্যবহার-কৃ।

Misconjecture, *n. s.* মিথ্যা বিতর্ক বা আন্দাজ, উল্টা অনুমান, অপ্রকৃত অনুমান, ব্যতিক্রম বোধ বা অনুমান অনুভব বা বিতর্ক।

To **Misconjecture,** *v. a.* উল্টা বা মিথ্যা অনুমান-কৃ, অপ্রকৃত অনুভব অনুমান বিতর্ক বা বোধ-কৃ, অযথার্থ বা মিথ্যা ভাবনা -ভাব।

To **Misconjecture,** *v. n.* উল্টা বা বিপরীত-বুঝ বা-ভাব, অযথার্থ অনুভব বা বিতর্ককারী-হ, মিথ্যা বিতর্ক-কৃ।

Misconstruction, *n. s.* অযথার্থ বা অপ্রকৃত অর্থ বা ব্যাখ্যা, অপ্রকৃত অর্থকরণ, কোন শব্দের বিষয়ের বা বস্তুর অযথার্থ ভাব ব্যাখ্যাকরণ, উল্টা বুঝান বা অর্থকরণ।

To **Misconstrue,** *v. a.* অযথার্থ বা অপ্রকৃত অর্থ-কৃ, উল্টা অর্থ-কৃ বা-বুঝা, উল্টা তর্জমা-কৃ, ভুল বা বিপরীত ব্যাখ্যা-কৃ।

Misconstruer, *n. s.* অযথার্থ অপ্রকৃত বা উল্টা অর্থ ব্যাখ্যা বা তর্জমা করে যে ব্যক্তি, বিপরীতার্থ বুঝে বা গ্রহণ করে যে ব্যক্তি।

Miscontinuance, *n. s.* নিবৃত্তি, বন্ধ, মহকুপ, বিরাম, ছেঁক, বিশ্রাম, বিরতি, উপরতি, বিচ্ছেদ।

To **Miscounsel,** *v. a.* বিপরীত পরামর্শ-দা, উল্টা পরামর্শ-দা, মন্দ বা খারাব মসলত-দা, কুমন্ত্রণা-দা, বদ মসলত-দা।

To **Miscount,** *v. a. Fr.* অপ্রকৃত গণনা বা সংখ্যা-কৃ, মিথ্যা হিসাব -কৃ, গণিতে বা হিসাবে-ভুল।

To **Miscount,** *v. n.* হিসাবে ভুল-কৃ, গণনায় ভুল-হ।

Miscreance বা **Miscreancy,** *n. s. Fr.* অপ্রত্যয়, অবিশ্বাস, মিথ্যা বিশ্বাস, অশ্রদ্ধা, মিথ্যাভক্তি, ধর্ম্মে মিথ্যা রতি, মিথ্যা উপাসনা, নাস্তিকতা, মিথ্যা বা কল্পিত ধর্ম্ম বা উপাসনা।

Miscreant, *n. s. Fr.* নাস্তিক, অবিশ্বাসী, মিথ্যা ধর্ম্মপরায়ণ ব্যক্তি, পাষণ্ড, দুরাত্মা, যে মিথ্যা উপাসনা করে, মিথ্যা ধর্ম্মে শ্রদ্ধা আছে যাহার।

Miscreate বা **Miscreated,** *a.* অসজ্জাত, জারজ, অনিয়মে জাত, ভুলেতে উৎপন্ন বা জাত, অস্বাভাবিক জাত, বিপরীত ধর্ম্মোৎপন্ন, অশাস্ত্রীয় রচিত গঠিত নির্ম্মিত বা জনিত।

To **Misdate,** *v. a.* অপ্রকৃত অযথার্থ বা মিথ্যা তারিখ-দা, কালের বা তারিখের ভুল-কৃ, যে তারিখ বা দিন নহে তাহাই-লিখ বা-দা।

Misdeed, *n. s. Sax.* অসৎক্রিয়া, কুকর্ম্ম, অপকর্ম্ম, মন্দকর্ম্ম, অপরাধ, পাপ, দোষ, তকসির।

To **Misdeem,** *v. a.* অবিবেচনা-কৃ, অসদ্বিবেচনা-কৃ, ভুল-কৃ, উল্টা বিবেচনা-কৃ, অপ্রকৃত বা অযথার্থ-বুঝ, মন্দ বিবেচনা -কৃ।

To **Misdemean,** *v. a.* অসৎ মন্দ বা কুব্যবহার-কৃ, অসদাচরণ-কৃ, অশিষ্টাচার-কৃ, দৌরাত্ম্য-কৃ, দুষ্টাচরণ-কৃ।

Misdemeanour, *n. s.* বদচালি, কুচালি, কদাচার, দোষ, অপরাধ, ত্রুটি, ঘাইট, দুর্ব্ব্যবহার, মহাপাপ, মহাপরাধ, অপকর্ম্ম, দুষ্কর্ম্ম, পাপ, পাপকর্ম্ম।

To **Misderive,** *v. a.* উল্টা বিপরীত বা অযথার্থরূপে নিয়োজন -কৃ, উল্টাপথে লইয়া-যা বা-চালা, যে পথে বা মতে চালাইবার বা যাইবার নহে তৎ পথে বা মতে-গম বা-চালা।

Misdesert, *n. s.* অনুপযুক্ততা, অযোগ্যতা, অকৃতিত্ব, অনর্হ্যত্ব, নির্গুণ।

Misdevotion, *n. s.* মিথ্যা শ্রদ্ধা ভক্তি উপাসনা বা আরাধনা, মিথ্যা ধর্ম্ম বা তপস্যা।

Misdiet, *n. s.* অখাদ্য দ্রব্য, অভক্ষ্য দ্রব্য, অপথ্য, কুপথ্য, আহার ভোজন বা ভক্ষণের যোগ্য বা উপযুক্ত নহে যে দ্রব্য, কদর্য্য মন্দ বা অনুচিত বা অনুপযুক্ত আহার ভোজন বা পথ্য।

To **Misdirect,** *v. a.* কুপথে লইয়া-যা, কুপথস্থ-কৃ, বিপরীত বা উল্টা উপদেশ-কৃ বা-দা, মন্দ পথে বা রূপে-চালা।

To **Misdistinguish,** *v. a.* অপ্রকৃত অযথার্থ বা অন্যায় ইতর বিশেষ-কৃ, মিথ্যা বৈলক্ষণ্য বা প্রভেদ-কৃ।

Misdisposition, *n. s.* কুস্বভাব, মন্দ প্রকৃতি, মন্দ ইচ্ছা বাসনা বা অভিপ্রায়, কুকর্ম্মে বা মন্দ বিষয়ে রতি প্রবৃত্তি বা চেষ্টা।

To **Misdo,** *v. a. Sax.* উল্টা-কৃ, বিপরীত-কৃ, মন্দ কর্ম্ম-কৃ, কুকর্ম্ম -কৃ, অপরাধ-কৃ, অসৎকর্ম্ম-কৃ।

To **Misdo,** *v. n.* দোষ-কৃ, অপরাধ-কৃ, ঘাইট-কৃ, কুকর্ম্ম-কৃ।

Misdoer, *n. s.* কুকর্ম্মী, অপরাধী, তকসীরওয়ার, দোষী, পাপী, অপকর্ম্মকর্ত্তা।

Misdoing, *n. s.* অপকর্ম্ম, অকর্ম্ম, কুকর্ম্ম, অপরাধ, দোষ, পাপ, অযথার্থ কার্য্য, অযোগ্য কর্ম্ম, যথার্থ পথ কর্ম্ম বা বিষয়হইতে বহির্গমন বা তাহা ত্যাগকরণ।

To **Misdoubt,** *v. a.* সন্দেহ-কৃ, আশঙ্কা-কৃ, প্রতারণা প্রবঞ্চনা বিপদ্ আপদ্ বা বিপত্তির শঙ্কা বা সন্দেহ-কৃ, ভয়-কৃ।

Misdoubt, *n. s.* মিথ্যা সন্দেহ বা আশঙ্কা, প্রবঞ্চনা প্রতারণা অপকর্ম্ম বিপদ্ আপদ্ বা বিপত্তির আশঙ্কা সন্দেহ বা ভয়, দ্বিধা কর্ম্ম, সংশয়, মনের দৃঢ়তা রাহিত্য, নিঃসাহস, অস্থৈর্য্য।

Misdoubtful, *a.* সন্দেহজনক, আশঙ্কা বা সংশয়কারী।

Misdread, *n. s.* আশঙ্কা, ভয়, উৎপাত বা অমঙ্গলের ভয় বা আশঙ্কা।

Mise, *n. s. Fr.* আদালতের ভাষায় ব্যয় খরচ খরচা কর বা খাজানা বুঝায়।

To **Misemploy,** *v. a.* অপব্যয়-কৃ, অনর্থক ব্যয়-কৃ, নিরর্থক ব্যয়-কৃ, মিথ্যা বা বেজায় খরচ-কৃ, বৃথা নিয়োগ-কৃ।

Misemployment, *n. s.* অপব্যয়, নিরর্থক ব্যয়, মিথ্যা বেজায় বা নাহক খরচ, বৃথা নিয়োগ, মিথ্যা লাগান।

Misentry, *n. s.* মিথ্যা করিয়া খাতায় লিখিয়া রাখণ বা দাখিল করণ, অযথার্থ লিখন।

Miser, *n. s. Lat.* কৃপণ, অদাতা, সুম, ক্ষুদ্রাশয়, বখিল, কাপট্যা, কসা, দীন দুঃখি ব্যক্তি, ইতর নীচ বা ছোট লোক, ক্ষুদ্র লোক, দুর্দ্দশাগ্রস্ত বা দুর্দ্দশাপন্ন ব্যক্তি।

Miserable, *a. Fr.* অতিদীন, দীনহীন, নাচার, বেহাল, দুঃখী, কাঙ্গালী, কাঙ্গাল, দৈন্যগ্রস্ত, দুর্দ্দশাগ্রস্ত, দুর্ভগা, হতভাগা, অসুখী, নাকারা, কৃপণ, সম্পত্তিহীন বা বিহীন, ভগ্ন, ভাঙ্গা, জরা, অধম, নীচ, ক্লিষ্ট, ব্যামুগ্ধ।

Miserableness, *n. s.* পূর্ব্বোক্ত ব্যক্তির ভাব বা অবস্থা, দুর্দ্দশা, দীনত্ব, নাচারি, দুঃখ, ক্লেশ, দুর্ভাগ্যাবস্থা, ক্লিষ্টাবস্থা, দুরবস্থা।

Miserably, *ad.* দুঃখিত্ব বা দুর্দ্দশাপন্নত্বরূপে, নীচত্বরূপে, দীনহীনতারূপে, কুৎসিতত্বরূপে, বেহালে, দরিদ্রতাপূর্ব্বক, কৃপণতাপূর্ব্বক, দীনত্বরূপে, নাচারিপূর্ব্বক।

Misery, *n. s. Lat.* দুঃখ, ক্লেশ, দুর্দ্দশা, বিপত্তি, কৃপণতা, দুর্ভাগ্য, অভাগ্য, দুর্গতি, দরিদ্রতা, ক্ষুদ্রাশয়, ক্লেশ, দীনহীনত্ব, নাচারি।

Misesteem, *n. s.* অমান্যতা, অনাদর, তুচ্ছ বা তাচ্ছল্যকরণ, হেয় জ্ঞান, অসম্ভ্রম।

To **Misfall,** *v. n.* অভাগ্যপ্রযুক্ত-ঘট-হ-বা-পত, দৈবে-হ বা-ঘট, বিপদ্-ঘট বা-পড়।

To **Misfare,** *v. n.* দুরবস্থা বা দুর্দ্দশাগ্রস্ত-হ, মন্দ-হ, দুরবস্থা প্রাপ্ত-হ।

Digitized by Google

Misfare, *n. s.* দুর্দ্দশা, দুরবস্থা, অভাগ্য, দুর্ভাগ্য, মন্দ সময়, মন্দ ভাগ্য।

To **Misfashion,** *v. a.* অপ্রকৃতরূপে নির্ম্মাণ-কৃ, কুগঠন-কৃ, কুডৌল-কৃ, কদর্য্যাকার-কৃ, বেডৌল-কৃ, খারাব বা মন্দ করিয়া-গঠ, খারাব করিয়া-বানা, বেআড়া-কৃ।

To **Misfeign,** *v. n.* অসৎ বা দুষ্ট মানসে বা অভিপ্রায়ে ঠাট-কৃ, বা ছদ্ম বেশ ধারণ-কৃ, মন্দ অভিপ্রায়ে ভেক ধারণ-কৃ।

To **Misform,** *v. a.* উল্টা-কৃ, কদাকাররূপে নির্ম্মাণ-কৃ, বেআড়া-কৃ, বেডৌল-কৃ।

Misfortune, *n. s.* দুর্ভাগ্য, অভাগ্য, মন্দ দশা, মন্দ কপাল, আপদ্, বিপদ্, বিপত্তি, বিভ্রাট, উৎপাত, কপালের ফের, অকুশল, আলাইবালাই, অভ্যাপাত, দুরদৃষ্ট, ব্যসন, অন্যায়, দুর্দ্দশা, দুর্গতি, রিষ্টি, পেঁচ, অশুভ, ক্ষতি।

Misfortuned, *a.* অভাগ্যবান, দুর্ভগা, আপদ্গ্রস্ত, মন্দ কপাল যাহার, দুরদৃষ্টবিশিষ্ট, দুরদৃষ্ট অভাগ্য আপদ বা দুর্দ্দশা হইয়াছে যাহার বা যাহাতে।

To **Misgive,** *v. a.* সন্দিগ্ধ-কৃ, অশ্রদ্ধা-কৃ, সন্দেহ-কৃ, অন্যায় বা অযথার্থরূপে-দা, অবিশ্বাস-কৃ, বিশ্বাস বা প্রত্যয়াভাব-কৃ।

Misgiving, *n. s.* সন্দেহ, অপ্রত্যয়, অবিশ্বাস।

Misgotten, *a.* অন্যায়ে প্রাপ্ত, অযথার্থরূপে পাওয়া গিয়াছে যাহা।

To **Misgovern,** *v. a.* অযথার্থ বা অপ্রকৃত কর্তৃত্ব বা প্রভুত্ব-কৃ, মন্দ বা কুশাসন-কৃ, অযথার্থ বা অনুত্তমরূপে শাসন বা নির্ব্বাহ-কৃ, দুঃশাসন-কৃ, অজ্ঞতা বা অন্যায়পূর্ব্বক শাসন-কৃ।

Misgoverned, *a.* অসভ্য, অশিষ্ট, গোঁআর, চোআড়, অশান্ত।

Misgovernance, *n. s.* অনিয়ম, অশান্ততা, অশিষ্টতা, অত্যাচার, গোলমাল, দুঃশাসন, কুব্যবহার।

Misgovernment, *n. s.* মন্দ শাসন, অযথার্থ বা অন্যায় শাসন কর্তৃত্ব বা প্রভুত্ব, অনিয়ম, অশান্ততা, অশিষ্টতা, দুষ্টাচার, কদাচার, অত্যাচার, কুব্যবহার, দৌরাত্ম্য, মন্দরূপে রাজকার্য্য তজবীজ বিচার বা শাসন।

To **Misgraff,** *v. a.* অপ্রকৃত স্থানে কলম-কৃ-দা বা-বসা, যে স্থানে যোগ করিবার নহে তৎস্থানে কলম-লাগা।

To **Misground,** *v. a.* মিথ্যা বা অপ্রকৃতরূপে নিয়োগ বা স্থাপন-কৃ, অমূলক-কৃ, মিথ্যা-কৃ।

Misguidance, *n. s.* মিথ্যোপদেশ, অপ্রকৃত দর্শান, ভুলান, ভোগা দেওন, প্রতারণাকরণ, মিথ্যা পথ দর্শান, ঘুরাণ, ভ্রান্তকরণ, ঠগান, উল্টা মন্দ অসৎ অহিত বা বিপরীত মন্ত্রণা উপদেশ বা পরামর্শ, উল্টা পথে লইয়া যাওন।

To **Misguide,** *v. a.* কুমন্ত্রণা-দা, কুজ্ঞান বা পরামর্শ-দা, ভুলা, ভোগা-দা, ঘুরা, পাক-দা, পাকে বা ফেরে-ফেল, অপ্রকৃত উপদেশ-দা, উল্টা মন্দ অসৎ বিপরীত অহিত মন্ত্রণা বা উপদেশ-দা, উল্টাপথে লইয়া-যা।

Mishap, *n. s.* দৈব, মন্দ কপাল, কুঘটন, বিপত্তি, আপদ্, বিপদ্, দুঃখ, দুর্ভাগ্য, দুর্দশা।

To **Mishappen,** *v. n.* আপদ্-ঘট, বিপদ্-ঘট, বিপত্তি-হ, কু-ঘট, দুর্দ্দশা দুর্ভাগ্য বা অভাগ্য-হ-ঘট বা উপস্থিত-হ, মন্দোপস্থিত-হ।

To **Mishear,** *v. n.* কতক২-শ্রু, অসম্পূর্ণরূপে-শ্রু, অপ্রকৃতরূপে-শ্রু, অল্প-শ্রু, কর্ণে না-আগম।

Mishmash, *n. s.* Teut. অবরভাষায় গোলমাল মেলজোল বা উল্টাপাল্টা বুঝায়।

To **Misinfer,** *v. a.* ভ্রম-কৃ, ভুল-কৃ, চুক-কৃ, অপ্রকৃতরূপে অভিযোগ-কৃ, উল্টা-বুঝা, উল্টা ব্যুৎপত্তি-কৃ।

To **Misinform,** *v. a.* অপ্রকৃত বা মিথ্যা সংবাদ-দা, ভুলা, অপ্রকৃত বা মিথ্যা সংবাদদ্বারা ভ্রান্ত-কৃ।

To **Misinform,** *v. n.* মিথ্যা ঘোষণা-কৃ, মিথ্যা বা কল্পিত সংবাদ-কৃ, মিথ্যা কথা-তুল, মিথ্যা-রটা, মিথ্যা কথা বা সংবাদ-জানা বা জ্ঞাপন-কৃ।

Misinformation, *n. s.* মিথ্যা সমাচার বা সংবাদ, মিথ্যা বা অপ্রকৃত সমাচার, মিথ্যা বা কল্পিত কথা বিবরণ বার্ত্তা বা প্রকরণ, মিথ্যা জ্ঞাপন।

Misinformer, *n. s.* মিথ্যা সমাচার সংবাদ বা ঘোষণাদাতা, মিথ্যা কথা তোলে রটায় বা উঠায় যে লোক, মিথ্যা সংবাদদাতা বা বক্তা, মিথ্যা জ্ঞাপনকর্ত্তা।

To **Misinstruct,** *v. a.* কুউপদেশ-দা, মন্দোপদেশ-কৃ, মিথ্যা শিক্ষা-করা, মিথ্যা শিক্ষা-দা, মিথ্যা-লওয়া, অপ্রকৃত বা অহিত উপদেশ-কৃ।

Misinstruction, *n. s.* কুমন্ত্রণা, কুপরামর্শ, মন্দশলা, কু মন্দ বা অহিত উপদেশ বা তৎকর্ম্ম।

Misintelligence, *n. s.* বুঝিবার ভ্রম, উল্টা সংস্কার, অপ্রকৃত জ্ঞান, ভ্রম, বেমিল, অনৈক্য, বিরোধ, মিথ্যা সমাচার সংবাদ বা খবর, মিথ্যা কথা।

To **Misinterpret,** *v. a.* মিথ্যার্থ বা ব্যাখ্যা-কৃ, অপ্রকৃতরূপে অর্থ-কৃ, উল্টা-বুঝা।

Misinterpretation, *n. s.* মিথ্যা অর্থ বা ব্যাখ্যা, অপ্রকৃত বা উল্টা অর্থ বা ব্যাখ্যা, অসঙ্গত বা অযথার্থ অর্থ, বিপরীত মিথ্যা বা অসৎ অর্থ বা অভিপ্রায় জ্ঞাপন বা বুঝান, উল্টা বুঝান।

Misinterpreter, *n. s.* মিথ্যা বা অপ্রকৃত অর্থ বা ব্যাখ্যা করে যে ব্যক্তি, অযথার্থ বা উল্টাজ্ঞাপক, উল্টা বুঝায় যে ব্যক্তি।

To **Misjoin,** *v. a.* অপ্রকৃত বা অনুপযুক্ত স্থানে বা রূপে যোগ একত্র বা মিলন-কৃ, অলগ্ন-কৃ।

To **Misjudge,** *v. n.* উল্টা-ভাব, বিপরীত-বুঝ, মন্দ বা বিপরীত বিবেচনা-কৃ, ভ্রমাত্মক-হ, মন্দ বা অযথার্থ সংস্কার-হ।

To **Misjudge,** *v. a.* ভ্রম-জন্মা, অপ্রকৃত বা অসঙ্গত বিচার-কৃ, অবিচার-কৃ, উল্টা বিচার-কৃ, অবিবেচনা-কৃ, ভুল-কৃ, চুক, বুঝিতে না-পারিয়া অযথার্থ স্থির-কৃ।

Misjudgment, *n. s.* অপ্রকৃত বিচার বা নিষ্পত্তি, অবিচার, অবিবেচনা, অন্যায় বা অসঙ্গত বিচার।

To **Misken,** *v. a.* অজ্ঞাত-হ, অননুভূত-হ, না-বুঝ।

To **Miskindle,** *v. a.* অবিবেচনাপূর্ব্বক উস্কাইয়া বা রাগাইয়া-দা, মন্দ কর্ম্মে প্রবৃত্তি জন্মাইয়া-দা, আগুন-লাগা, মন্দাভিপ্রায়ে প্রবৃত্ত-করা।

To **Misknow,** *v. a.* না-জান, না-চিন, অজ্ঞাত-থাক, অননুভূত-হ।

To **Mislay,** *v. a.* অস্থানে-রাখ, হারাইয়া-ফেল, বেঠিকানায়-রাখ, কোন স্থানে রাখিয়া না-প্রাপ, রাখিয়া ভুলিয়া-যা, অজ্ঞাত বা অস্মরণীয় স্থানে-রাখ, যে স্থানে রাখিবার নহে তৎস্থানে-রাখ, বেঠিকানায়-রাখ।

Mislayer, *n. s.* অস্থানে বা কুস্থানে রাখে যে ব্যক্তি, হারাইয়া ফেলে যে ব্যক্তি, বেঠিকানায় রাখে যে ব্যক্তি।

To **Misle,** *v. n.* ফুঁই২ বৃষ্টি-হ, ঘুনঘুনি বৃষ্টি-হ, অল্পবৃষ্টি-হ, ক্ষুদ্র গুড়নি বৃষ্টিপাত-হ।

To **Mislead,** *v. a.* অযথার্থ ভ্রান্ত বা উল্টা পরামর্শ-দা, কুপথ-দর্শা, মন্দকর্ম্মে প্রবৃত্তি-জন্মা, কুপথগামী-কৃ, ভটকা, ভুলা, পথ-ভুলা, উল্টা বা বিপরীত পথ-দেখা বা লইয়া-যা, ফাঁসা, ফাঁসাইয়া-দা, প্রতারণা-কৃ, বিশ্বাসঘাতকতা-কৃ, ভ্রান্ত-কৃ।

Misleader, *n. s.* বিপথ বা কুপথগামিকারক, কুপথ দেখায় যে

Digitized by Google

ব্যক্তি, ফাঁসাইয়া দেয় যে ব্যক্তি, প্রতারক, ভ্রামক, মন্দকর্ম্মে প্রা বর্ত্তক।

Mislearned, *a.* অজ্ঞান, অল্পজ্ঞানী, মূর্খ, সুশিক্ষিত হয় নাই যে, ভাল বা উত্তমরূপে শিক্ষা হয় নাই যাহার, অপঠিত, অপণ্ডিত।

Misletoe, Mistletoe শব্দ দেখ।

To **Mislike**, *v. a.* অমনোনীত-কৃ, বেপসন্দ-কৃ, না-চাহ, ভাল -নাবাস, অস্বীকার-কৃ, অসন্তুষ্ট-হ, নাপসন্দ-কৃ, ঘৃণা-কৃ।

To **Mislike**, *v. n.* অসন্তুষ্ট-হ, ভালো-নাবাস, তুষ্ট না-হ, না-চাহ, নাপসন্দ-কৃ।

Mislike, *n. s.* অমনোনীতকরণ, নাপসন্দকরণ, অতুষ্টি, ঘৃণা, নাপ সন্দ, অস্বীকার।

Misliker, *n. s.* নাপসন্দ করে যে ব্যক্তি, অস্বীকারক, সন্তুষ্ট নহে যে, ঘৃণাকর্ত্তা।

Mislen, *n. s.* মিশ্রিত শস্য।

To **Mislive**, *v. n.* অসুখে-থাক, দুষ্টকর্ম্মে বা অপকর্ম্মে কাল ক্ষেপ -কৃ বা-বাঁচ, পীড়িত-হ, অসুখী-হ।

Misluck, *n. s.* অভাগ্য, দুর্ভাগ্য, দুর্দশা, মন্দকপাল, দুরদৃষ্ট।

To **Mismanage**, *v. a.* অপ্রকৃতাচার-কৃ, কর্ম্ম বা খারাব-কৃ, অপ্রকৃত রূপে কর্ম্ম-চালা, মন্দরূপে সরবরাহ-কৃ, অযথার্থনির্ব্বাহ-কৃ।

Mismanagement, *n. s.* অপ্রকৃতরূপে কর্ম্ম চালান, বেবন্দোবস্ত, বেতদবির, অযথার্থ নির্ব্বাহ, অজ্ঞের ন্যায় কর্ম্ম।

To **Mismark**, *v. a.* অপ্রকৃত বা অযথার্থ চিহ্ন-দা, উল্টা বা বিপরীত চিহ্ন-দা, ভুল অঙ্ক-দা, ভুলনিশানি-দা বা কৃ।

To **Mismatch**, *v. a.* অপ্রকৃতরূপে যোগ-কৃ, বিযোগ-কৃ, অসম রূপে যোগ-কৃ, বেমানান-কৃ, বেমানান করিয়া-যোড় বা-মিলা।

To **Misname**, *v. a.* অন্যনামে বা বিনামে-ডাক, মিথ্যানাম-দা বা-কৃ, অপ্রকৃত নামে-ডাক, নামভুল-কৃ।

Misnomer, *n. s.* Fr. নামের ভুল যদ্দ্বারা আদালতে নালিস দাবি বা অন্যকর্ম্ম ব্যর্থ বা বাতিল হয়।

To **Misobserve**, *v. a.* অপ্রকৃত দৃষ্টি-কৃ, অনবধান-কৃ, বিপরীত বা উল্টা-দেখ বা-বুঝ, সূক্ষ্ম প্রকৃত বা যথার্থরূপে বিবেচনা না করি য়া-দেখ।

Misogamist, *n. s.* বিবাহেঘৃণা করে যে ব্যক্তি, বিবাহে বৈরক্ত্য আছে যাহার, বিবাহদ্বেষী।

Misogynist, *n. s.* স্ত্রীলোকের প্রতি ঘৃণা বৈরক্ত্য বা দ্বেষ করে যে ব্যক্তি, স্ত্রীদ্বেষী।

Misogyny, *n. s.* স্ত্রীলোকে ঘৃণা, স্ত্রীদ্বেষ।

Misopinion, *n. s.* ভ্রম, বিপরীত সংস্কার, উল্টা অন্যায় অযথার্থ বা অসঙ্গত মত, ভ্রান্তমত।

To **Misorder**, *v. a.* মন্দ বা খারাবরূপে-চালা, কুধারা-কৃ, বিপরী ত বা অনুপযুক্তরূপে-চালা, গোলমাল-কৃ।

Misorder, *n. s.* গোলমাল, বেদাঁড়া, বেদস্তুর, বেবন্দোবস্ত, অশৃংখলা, উল্টাপাল্টা, অনিয়ম বা এতদ্রূপে কর্ম্ম বা চালি।

Misorderly, *a.* অশৃংখল, অব্যবস্থিত, কুধারা বা অনিয়মবিশিষ্ট, গোলমালিয়া, অশাস্ত্র, নিয়মের বিপরীত।

To **Mispel**, *v. a.* বর্ণভুল-কৃ, বর্ণাশুদ্ধি-কৃ।

To **Mispend**, *v. a.* অনর্থক ব্যয়-কৃ, উড়াইয়া-দা, অপব্যয়-কৃ, বৃথা ব্যয় কৃ, নষ্ট-কৃ, ব্যর্থ খরচ-কৃ, ফেলাইয়া-দা।

Mispender, *n. s.* অপব্যয়ী, অনর্থকব্যয়ী, উড়াইয়া দেয় যে ব্যক্তি, অপরিমিত ব্যয়ী, উড়নচড়্যা।

Mispense, *n. s.* অপব্যয়, অনর্থক ব্যয়, বৃথা বা অযথার্থ খরচ, উ ড়াইয়া দেওন, অসদ্ব্যয়, অসৎকর্ম্মে লাগান বা ব্যয়করণ।

To **Mispersuade**, *v. a.* মিথ্যা বা অসঙ্গতমতে প্রবিষ্ট-কৃ বা-আনী ভ্রম-জন্মা, উল্টা বা বিপরীত-বুঝা, ভুলা, কুমত-লওয়া, কুসংস্কার কুজ্ঞান বা মন্দাভিপ্রায়-জন্মা, ভ্রান্ত-কৃ।

Mispersuasion, *n. s.* মিথ্যাভিপ্রায়, মিথ্যা জ্ঞান, মিথ্যা সংস্কার, ভ্রম, ভুল, উল্টা বা বিপরীত বুঝান, উল্টা সংস্কারকরণ, অযথার্থ মত বা সংস্কার জন্মান।

To **Misplace**, *v. a.* স্থানান্তরে বা অপ্রকৃত স্থানে-রাখ, অস্থানে রাখ বা স্থাপন-কৃ, অযুক্তস্থানে-রাখ।

To **Mispoint**, *v. a.* পদের অশুদ্ধ বা অপ্রকৃত ভাগ-কৃ, পদের মধ্যে অশুদ্ধ বা অসঙ্গত চিহ্ন-দা, পদবিচ্ছেদে ভুল-কৃ, পদবিচ্ছেদে ভুল অঙ্ক বা দাগ-কৃ।

To **Misprint**, *v. a.* অশুদ্ধ-ছাপ, অশুদ্ধ মুদ্রিত-কৃ, ছাপার ভুল -কৃ।

Misprint, *n. s.* ছাপার ভুল, মুদ্রিত করিবার ভুল।

Misprision, *n. s.* ঘৃণা, হেয়জ্ঞান, অবজ্ঞা, ভুল, ভ্রম, চুক, অমনো যোগ, গাফিলি, **Misprision** *of treason* রাজার বা রাজ্যের প্র তিকূলাচার কর্ম্ম ছাপাইয়া রাখণ বা জানিয়া ব্যক্ত না করণ, **Misprision** *of felony*, মহাপরাধ করিয়াছে যে ব্যক্তি, তা হার নামে ফরিয়াদ হইবার পূর্ব্বে তাহাকে ছাড়িয়া যাইতে দেওন।

Misproceeding, *n. s.* বেচালি, মন্দ বা খারাব চালি, অসঙ্গত বা মন্দকর্ম্ম।

To **Misprofess**, *v. a.* কর্ম্ম বা পদপ্রাপ্তি নিমিত্ত মিথ্যা বা অযথা র্থরূপে প্রকাশ-কৃ, আপন বিদ্যায় পারগতা বা নৈপুণ্য বাড়াইয়া -কথ।

To **Mispronounce**, *v. n.* অশুদ্ধ-বচ-কথ বা উচ্চারণ-কৃ বা-হ।

To **Mispronounce**, *v. a.* অশুদ্ধ উচ্চারণ-কৃ।

To **Misproportion**, *v. a.* অপ্রকৃতাংশ বা ভাগ-কৃ, বেমানানরূপে যোগ বা একত্র-কৃ, বেহিসাবে সংযোগ-কৃ।

To **Misquote**, *v. a.* অন্য পুস্তকের প্রমাণ অশুদ্ধরূপে-লিখ, অয থার্থ বা মিথ্যা প্রমাণ-দা।

To **Misrate**, *v. a.* অযথার্থ বা মিথ্যা বরাওর্দ্দ বা হিসাব-কৃ।

Misrecital, *n. s.* অশুদ্ধ কথন বা পাঠ, অপ্রকৃত বা মিথ্যা আবৃত্তি বা কথন।

To **Misrecite**, *v. a.* অশুদ্ধ উচ্চারণ বা পাঠ-কৃ, অপ্রকৃত বা অযথার্থ আবৃত্তি-কৃ, মিথ্যা পাঠ-কৃ।

To **Misreckon**, *v. a.* অপ্রকৃত সংখ্যা বা হিসাব-কৃ, অযথার্থ গণ না-কৃ, ভুল হিসাব-কৃ।

To **Misrelate**, *v. a.* মিথ্যা বিবরণ-কৃ, মিথ্যা-বচ বা-কথ, অশুদ্ধ অপ্রকৃত বা মিথ্যা আখ্যান বা ব্যাখ্যা-কৃ, মিথ্যা জ্ঞাপন-কৃ।

Misrelation, *n. s.* মিথ্যা বা অশুদ্ধ আখ্যান, মিথ্যা কথা, মিথ্যা বিবরণ, মিথ্যা জ্ঞাপন।

To **Misremember**, *v. a.* ভুল, বিস্মৃতি-কৃ বা-হ, স্মৃতিভ্রম-কৃ, মনে -নাপড়, মনে না-কৃ।

To **Misreport**, *v. a.* মিথ্যা বিবরণ বা সংবাদ-দা, অপ্রকৃত সমা চার-দা, মিথ্যা কথা-রটা, মন্দ সমাচার-কৃ বা-দা, মিথ্যা কথা বা বিবরণ ব্যক্ত-কৃ।

Misreport, *n. s.* মিথ্যা বিবরণ বা সংবাদ বা কথা, অপ্রকৃত সমা চার বা কথা, মিথ্যা জ্ঞাপন, মিথ্যাকথা, মিথ্যাকথা রটান।

To **Misrepresent**, *v. a.* অপ্রকৃত বর্ণনা-কৃ, বিপরীত জ্ঞাপন বা ব্যাখ্যা-কৃ, ফেরফার-কৃ, মিথ্যা কথা-বচ, মন্দাভিপ্রায় ব্যক্ত-কৃ, মিথ্যা-কথ বা-বচ, হিংসা ক্ষতি বা মন্দকরণাভিপ্রায়েইচ্ছা বা ভ্রান্তিপূর্ব্বক মিথ্যা জ্ঞাপন-কৃ।

Misrepresentation, *n. s.* বিপরীত বর্ণনা, অপ্রকৃত বর্ণনা, মিথ্যা

Digitized by Google

বাদন, মিথ্যালিখন, মিথ্যাকথা নিবেদন, মিথ্যা জ্ঞাপন, মিথ্যা বাক্য, মিথ্যা বিষয়।

Misrepresenter, *n. s.* বিপরীত বর্ণনাকারক, অপ্রকৃত বা মিথ্যা বর্ণনা করে যে ব্যক্তি, মিথ্যাজ্ঞাপক, মিথ্যাবাদী।

Misrule, *n. s.* কলহ, দ্বন্দ্বজ, গণ্ডগোল, গোলমাল, হঙ্গাম, ঝগড়া, অযথার্থ বা অনিয়মপূর্ব্বক রাজ্যকরণ, মন্দ শাসন নির্ব্বাহ বা সর বরাহ।

Misruly, *a.* ঝগড়াটিয়া, কোন্দলিয়া, অদমনশীল, দুরন্ত, কলহকারী, অবশীভূত, দাঙ্গাবাজ, দুষ্ট।

Miss, *n. s.* কন্যা, কুমারী বা আইবড় স্ত্রীর পদবী, অবিবাহিতা কন্যার নামাগ্রে ব্যবহৃত বা সম্বোধনবাচক শব্দবিশেষ, বিবি, বেশ্যা, খানকী, কশবী, ছিনাল, কুলটা, গস্তান।

To **Miss,** *v. a.* Dut. and Ger. ভুল-কৃ, ভ্রম-কৃ, ছাড়িয়া-যা, ফেলাইয়া-যা, ফসকিয়া-যা, না-প্রাপ, হারা, অভাব-দেখ, বিহীন-কৃ, ব্যর্থ-কৃ, ন্যূনতা বোধ-কৃ, অভাব ন্যূনতা বা অপ্রতুল বোধ-কৃ।

To **Miss,** *v. n.* সন্ধান ব্যর্থ-হ, লক্ষ ছাড়াইয়া বা এড়াইয়া-যা, অসিদ্ধ-হ, ত্রুটি-কৃ, অকৃতকার্য্য-হ, বৃথা-হ, ব্যর্থ-হ, নিষ্ফল-হ, হারা, নষ্ট-হ, অভাব-হ, ভুল চুক বা ভ্রান্ত-হ, না-প্রাপ, শিখিতে জানিতে-না-পার, সন্ধান করিতে না-পার।

Miss, *n. s.* হারাণ, খোয়ান, ব্যর্থতা, অসিদ্ধি, অপ্রাপ্তি, অভাব, ভ্রম, ভুল, চুক, পীড়া, দুঃখ, ক্ষতি, অপচয়, নোকসান।

Missal, *n. s.* Lat. রুমীয় আরাধনা বা প্রার্থনার পুস্তক, স্তুতি পাঠ, স্তবমালা।

To **Missay,** *v. n.* পরিবাদ-দা, কুকথা-কথ, মিথ্যা-বচ, অযথার্থ-কথ।

To **Missay,** *v. a.* নিন্দা-কৃ, গ্লানি-কৃ, পরিবাদ-দা, কুৎসা-কৃ বা-গাথ, কুৎসা-বদ, মিথ্যা-বচ।

Missaying, *n. s.* কুকথা, মন্দ কথা, কুৎসিত বাক্য, অকথা, খারাব কথা, অনুচিত বাক্য, অযুক্ত বা অযোগ্য বাক্য।

To **Misseem,** *v. n.* মিথ্যা রূপধারণ-কৃ, আরোপিত বেশ-কৃ, অযুক্ত-হ, অযোগ্য-হ।

Missel-bird, *n. s.* পক্ষিবিশেষ।

Misseldine, *n. s.* বৃক্ষবিশেষ।

Misseltoe, Mistletoe শব্দ দেখ।

To **Misserve,** *v. a.* অনুপকার-কৃ, অসাহায্য-কৃ, কাযে না-লাগ, মন্দ-কৃ, প্রতারণা-কৃ, ঠগা।

To **Misshape,** *v. a.* কদাকার-কৃ, বেডৌল-কৃ, কুৎসিত নির্ম্মাণ-কৃ বা-গঠ, বেআড়া-কৃ, কুরূপ-কৃ, কদাকার-কৃ, কুঢপ-কৃ, মন্দ গতি-কৃ, মন্দভাব-কৃ।

Missile, *a.* Lat. অস্ত্রের বিশেষণবাচক, হস্তেক্ষিপ্য, দূরহইতে নিক্ষিপ্য, ফেলিয়া মারা যায় যাহা।

Mission, *n. s.* Lat. প্রেরণ, নিযোজন, দৌত্য কার্য্য, দূত বা প্রেরিত ব্যক্তির অবস্থা, খ্রীষ্টধর্ম্ম প্রচারক বা তদর্থে নিযুক্ত ব্যক্তি, ছাড়াইয়া দেওন, বিদায় দেওন, বিদায়, মন্দ অভিপ্রায়ে বা কর্ম্মে একত্রীভূত লোকসমূহ, দল, পঙ্গত, ধর্ম্ম প্রকাশ করিবার নিমিত্তে প্রেরিত হইয়াছে যে ব্যক্তি, পাদরিগিরি, মিশনরিনামক পাদরি বা তৎকর্ম্ম, রাজকার্য্য নিয়োগ, রাজকার্য্যের ভার, নাএব, গোমস্তা, উকীল বা এতদ্ব্যক্তির অবস্থা ভাব বা ধর্ম্ম।

Missionary বা **Missioner,** *n. s.* Fr. খ্রীষ্টের মঙ্গল সম্বাদ ঘোষণার্থে প্রেরিত ব্যক্তি, মিশনরি ইতি প্রসিদ্ধ শব্দ, পাদরি।

Missive, *a.* Fr. প্রেরিত, দূরহইতে ব্যবহার্য্য, দূরহইতে নিক্ষেপ বা ব্যবহারোপযুক্ত।

To **Misspeak,** *v. a.* অপ্রকৃত-কহ, ভুল বা অশুদ্ধ-কহ, অযথার্থ-বচ।

To **Misspeak,** *v. n.* কহিতে-ভুল বা-চুক, অশুদ্ধ-কহ, কথাতে ভ্রান্ত-হ।

Mist, *n. s.* Sax. পাতলা মেঘ, কোয়াসা, কোহারা, ঘোর বা অন্ধকারকরে বা হয় যদ্দ্বারা তদ্বস্তু, কুজ্ঝটিকা।

To **Mist,** *v. a.* Sax. মেঘাচ্ছন্ন-কৃ, অন্ধকার-কৃ, ঘোর-কৃ, বাষ্প বা ধূমদ্বারা আচ্ছন্ন-কৃ।

To **Mistake,** *v. a.* বুঝিতে না-পার, উল্টা বা বিপরীত-বুঝ, ভুল-কৃ, এক বস্তু বুঝিতে অন্য বস্তু-বুঝ, অশুদ্ধ-কৃ, চুক-কৃ, ভ্রান্তি-কৃ।

To **Mistake,** *v. n.* ভ্রম-হ, ভ্রান্ত-হ, চুক, ঠক, অযথার্থ বা অপ্রকৃতার্থ-বুঝ, অশুদ্ধ-হ।

Mista'en, Mistaken পদের সংক্ষেপ শব্দ।

To be **Mistaken,** ভুল, চুক, ভ্রান্ত-হ, ভুল-হ।

Mistake, *n. s.* ভ্রম, পরিভ্রম, ভ্রান্তি বিভ্রম, অশুদ্ধ, ত্রুটি, চুক, ভুল।

Mistakeable, *a.* ভ্রান্তিজনক, ভ্রান্তিকারক, ভ্রমহইতে পারে যাহাতে বা যাহার, ভুলহইতে বা করিতে পারা যায় যাহা, ভুলকরণীয় বা ভবনীয়।

Mistakenly, *ad.* অশুদ্ধরূপে, ভ্রম বা ভ্রান্তিপূর্ব্বক, ভুল করিয়া, অশুদ্ধ অর্থে বা ভাবে।

Mistaker, *n. s.* ভ্রম বা ভ্রান্তি হয় যে ব্যক্তির, ভুলে বা চুকে যে ব্যক্তি, অযথার্থ বা অপ্রকৃত বুঝে যে ব্যক্তি, অশুদ্ধ বা ভুল কর্ত্তা।

Mistaking, *n. s.* ভ্রান্তি, ভুল, চুক, ভ্রম।

Mistakingly, *ad.* অশুদ্ধরূপে, অপ্রকৃতরূপে, ভ্রান্তিপূর্ব্বক, মিথ্যা করিয়া, অযথার্থরূপে।

To **Mistate,** *v. a.* অপ্রকৃত জ্ঞাত-কৃ, মিথ্যা বা অপ্রকৃত বিবরণ-দা, মিথ্যা-কথ বা-বচ।

Mistatement, *n. s.* মিথ্যা বিবরণ, অযথার্থ বা অপ্রকৃত বাক্য, অপ্রকৃত অযথার্থ বা মিথ্যা জ্ঞাপন বিবরণ বা কথা।

To **Misteach,** *v. a.* অপ্রকৃত শিক্ষা-দা, মিথ্যা উপদেশ-কৃ, অশুদ্ধোপদেশ-কৃ, উল্টা-শিক্ষা-দা, অন্যায় অযথার্থ বা উল্টা উপদেশ-কৃ।

To **Mistell,** *v. a.* মিথ্যা-বচ, উল্টা-বদ, অপ্রকৃত বা অযথার্থ-বচ, অসত্য-কথ, অশুদ্ধ-কথ।

To **Mistemper,** *v. a.* বদ মেজাজ-কৃ, স্বভাবের বৈলক্ষণ্য-কৃ, অসমঞ্জস বা কুস্বভাব-কৃ, গোলমাল-কৃ, খারাব-কৃ, বিগড়া, বেআড়া-কৃ।

To **Misterm,** *v. a.* অশুদ্ধ নাম-কৃ, অপ্রকৃত সংজ্ঞা-কৃ, নামের ভুল-কৃ, অশুদ্ধ নাম-দা।

Mistful, *a.* কোয়াসায় আচ্ছন্ন, ঘোরঅন্ধকার, কুজ্ঝটিকার ন্যায় আচ্ছন্ন বা অন্ধকার, ঝাপসাবিশিষ্ট।

To **Misthink,** *v. a.* মন্দ-ভাব, মন্দ-বুঝ, উল্টা বা বিপরীত-বুঝ, অপ্রকৃত-ভাব বা-বুঝ, অযথার্থ মানস-কৃ, মিথ্যাভাবনা-কৃ, মনে বিপরীতান্দোলন-কৃ।

Misthought, *n. s.* মিথ্যাভিপ্রায়, বিপরীত বা উল্টাবোধ, মিথ্যাজ্ঞান, মিথ্যাসংস্কার, মিথ্যা বা অযথার্থ ভাবনা, ভ্রম, ভ্রান্তি।

Mistily, *ad.* অন্ধকারপূর্ব্বক, ঘোর করিয়া, আচ্ছন্নতাপূর্ব্বক, অস্পষ্ট রূপে।

To **Mistime,** *v. a.* অকাল-কৃ, অসময়-কৃ, যথার্থ কালের বৈলক্ষণ্য-কৃ, কালব্যত্যয়-কৃ, অযথার্থ সময়-কৃ, অসময়ে-কৃ, অকালে-কৃ, উপযুক্ত বা উচিত কালে না-কৃ, কালের বৈপরীত্য-কৃ।

To **Mistime,** *v. n.* উচিত উপযুক্ত বা যথার্থ কাল পরিত্যাগ ক্ষেপ বা লঙ্ঘন-কৃ, আলস্য বা অনবধানতাপূর্ব্বক কাল হরণ বা ব্যর্থ-কৃ।

Digitized by Google

Mistiness, *n. s.* কুজ্ঝটিকাত্ব, ঘোর, ঘোরত্ব, মেঘাচ্ছন্নতা, কুজ্ঝটিকার ভাব।

Mistion, *n. s.* Fr. Lat. মিশ্রিতহওনাবস্থা, মিশান, মিশ্রিতত্ব।

To **Mistle,** *To* **Misle** শব্দ দেখ।

Mistletoe, *n. s.* Sax. পরগাছা বিশেষ।

Mistlike, *a.* কোয়াসার ন্যায়, কুজ্ঝটিকার ন্যায়, কুজ্ঝটিকাবৎ, কোয়াসা বা মেঘের ন্যায় দেখা যায় যাহা, অন্ধকার।

Mistold, *part. pass. To* **Mistell** ধাতুর ভূতকালবাচক ক্রিয়াপদ।

Mistook, *part. pass. To* **Mistake** ধাতুর কৃদন্তপদ।

To **Mistrain,** *v. a.* কুশিক্ষা-দা, বদতরবিয়ত্-দা।

To **Mistranslate,** *v. a.* অপ্রকৃত বা অশুদ্ধ তর্জমা-কৃ, ভাষান্তর করণে ভুল-কৃ, অশুদ্ধ ভাষান্তর-কৃ, অশুদ্ধ বা উল্টা অনুবাদ-কৃ।

Mistranslation, *n. s.* অশুদ্ধ অনুবাদ বা তর্জমা, অপ্রকৃত তর্জমা, ভুল তর্জমা।

Mistress, *n. s.* Fr. অধ্যক্ষা, কর্ত্রী, শাস্ত্রী, নির্ব্বাহ করে যে স্ত্রী, ঠাকুরাণী, গৃহিণী, অধিকারিণী, প্রজ্ঞা স্ত্রী, পারগা, অধ্যাপিকা, শিক্ষাদায়িনী, উপদেশদাত্রী, প্রিয়া, বিবী, চেমনী, উপপত্নী, খানকী, কসবী।

Mistress-ship, *n. s.* পূর্ব্বোক্ত স্ত্রীর পদ ধর্ম্ম বা অবস্থা, গৃহিণীপনা, স্ত্রীলোকের শাসন রাজ্য আধিপত্য বা প্রাধান্যকরণক্ষমতা বা শক্তি।

Mistrust, *n. s.* অপ্রত্যয়, অবিশ্বাস, সন্দেহ, বেখাতিরজমা, গরখাতিরজমা, প্রত্যয়াভাব।

To **Mistrust,** *v. a.* অপ্রত্যয়-কৃ, অবিশ্বাস-কৃ, সন্দেহ-কৃ, গরখাতির জমা-কৃ।

Mistrustful, *a.* ওসয়াসী, সন্দিগ্ধ, সন্দেহকারী বা বিশিষ্ট, বিশ্বাস বা প্রত্যয় হয় না যাহাতে বা যাহার উপর।

Mistrustfully, *ad.* সন্দিগ্ধতারূপে, অপ্রত্যয় বা অবিশ্বাসপূর্ব্বক, সন্দেহপূর্ব্বক, ভয়পূর্ব্বক, ওসয়াসপূর্ব্বক।

Mistrustfulness. *n. s.* সন্দিগ্ধতা, অপ্রত্যয়, অবিশ্বাস, ভয়।

Mistrustingly, *ad.* অপ্রত্যয় বা অবিশ্বাসপূর্ব্বক, সন্দিগ্ধতারূপে, অবিশ্বাস করিয়া।

Mistrustless, *a.* নিঃসন্দিগ্ধ, নিঃসন্দেহী, প্রত্যয়ী, বিশ্বাসী, সন্দেহ বা অপ্রত্যয় হয় না যাহার উপর বা যাহাতে।

To **Mistune,** *v. a.* বেসুর-কৃ, সুরভঙ্গ-কৃ, মন্দ বা খারাব করিয়া সুর বদ্ধ-কৃ, উল্টা সুর-কৃ বা-বান্ধ।

Misty, *a.* কুজ্ঝটিকাময়, কুজ্ঝটিকাবিশিষ্ট, কুজ্ঝটিকাবৃত, মেঘাচ্ছন্ন, ঘোর, অন্ধকারময়, অপরিষ্কার, দুর্দিন, অপরিচ্ছন্ন।

To **Misunderstand,** *v. a.* অপ্রকৃত-বুঝ বা-জান, অযথার্থ বা উল্টা-বুঝ, বিপরীত-বুঝ, ভ্রম-কৃ বা-হ, বুঝিতে ভুল-কৃ, একে আর-বুঝ।

Misunderstanding, *n. s.* অপ্রকৃত জ্ঞান, উল্টা বুদ্ধি, ভ্রম, বিবাদ, বিরোধ, অনৈক্য, গরমেল, ভ্রান্তি, বুঝিবার ভ্রম, উল্টা বুঝন, বিপরীত জ্ঞান বোধ বা সংস্কার।

Misusage, *n. s.* কুব্যবহার, দুর্ব্ব্যবহার, অসদ্ব্যবহার, অনুযোগ, তিরস্কার, গালি, গালাগালি, অনাদর, অপমান।

To **Misuse,** *v. a.* Fr. দুর্ব্ব্যবহার কুব্যবহার বা অসদ্ব্যবহার-কৃ, অনাদর-কৃ, অনুচিত ব্যবহার-কৃ, অনুযোগ-কৃ, তিরস্কার-কৃ, অপমান-কৃ, অনাদর-কৃ, গালি-দা।

Misuse, *n. s.* দুর্ব্ব্যবহার, কুব্যবহার, নিষ্ঠুর ব্যবহার, ক্রূর ব্যবহার, মন্দব্যবহার, নিষ্ঠুরতা, ক্রূরতা, অনুপযুক্তরূপে ব্যবহারকরণ, বিপরীত বা অপ্রকৃত ব্যবহার, অপ্রয়োজনে লাগান, অনর্থক করণ, নষ্টকরণ, অকর্ত্তব্য উল্টা বা বিপরীত যোগ বা ব্যবহার করণ, অপব্যয়, মিথ্যা ব্যবহার।

To **Miswear,** *v. n.* Sax. অল্পকাল-টিক, অপরিচ্ছন্ন-হ, অল্পকালে ক্ষয়-হ বা-কৃ, উল্টা পরিধৃত বা পরিহিত-হ।

To **Miswrite,** *v. a.* অযথার্থ বা অশুদ্ধ-লিখ, লিখিতে-ভুল, লিখনে ভুল-কৃ, একে আর-লিখ।

Miswrought, *part.* মন্দরূপে কৃত, কদর্য্য বা মন্দরূপে গঠিত নির্ম্মিত বা প্রস্তুতীকৃত, উল্টা মন্দ বা অসুন্দররূপে যোড়া গাঁথা বুনিত বা নির্ম্মিত হইয়াছে যাহা বা যে।

Misy, *n. s.* ধাতুবিশেষ, আকরীয় দ্রব্যবিশেষ।

Miszealous, *a.* অজ্ঞান বা ভ্রমপ্রযুক্ত উদ্যোগী বা উৎসাহবিশিষ্ট, ভ্রান্ত বা উল্টা উৎসাহশীল, মিথ্যা পরিশ্রমী বা চেষ্টক।

Mite, *n. s.* Fr. Dut. ঘুণকীটবিশেষ, কোন ক্ষুদ্র দ্রব্য, কিঞ্চিৎ, অল্প, অণু, পরমাণু, যৎকিঞ্চিৎ, গ্রীণসংজ্ঞক পরিমাণের বিংশতি ভাগৈকভাগ, ফারথিসংজ্ঞক মূল্যের তৃতীয়াংশের একাংশ, কপর্দ্দক, অল্পাংশ, ক্ষুদ্রাংশ, অতিসামান্যাংশ।

Mitella, *n. s.* বৃক্ষবিশেষ।

Mithridate, *n. s.* Fr. মেথ্রিডেটনামক রাজকর্তৃক সৃষ্ট বা কৃত ঔষধিবিশেষ, বিষঘ্নৌষধ, বিষনাশকৌষধ।

Mithridate ***mustard,*** *n. s.* বৃক্ষবিশেষ।

Mitigable, *a.* দুঃখ, ক্লেশ বা যন্ত্রণার ন্যূনকরণোপযুক্ত বা তদ্যোগ্য বা তৎক্ষম, লাঘব স্নিগ্ধ বা উপশমকরণক্ষম, লাঘবকরণীয় বা ভবনীয়।

Mitigant, *a.* স্নিগ্ধকারী, দুঃখ বা যন্ত্রণার ন্যূনকারক, উপশম বা নরমকারী, উপশমজনক, নিরস্ত বা লাঘবকারী।

To **Mitigate,** *v. a.* Lat. থামা, নিরস্ত-কৃ, স্নিগ্ধ-কৃ, উৎকটতার ন্যূন-কৃ, দুঃখ ক্লেশ বা যন্ত্রণার লাঘব উপশম বা ন্যূনতা-কৃ, শান্তি-কৃ, ঠাণ্ডা-কৃ, নরম-কৃ, শীতল-কৃ, জুড়া, কমা।

Mitigation, *n. s.* Lat. নিরস্তকরণ, দুঃখ ক্লেশ প্রহার সাজা বা যন্ত্রণার ন্যূনতা বা লাঘব, উপশম লাঘব কম বা অল্পকরণ বা হওন।

Mitigative, *a.* Fr. দুঃখ সাজা বা যন্ত্রণার ন্যূন লাঘব বা হ্রাসকারী, তৎক্ষম বা কারক, নিরস্তকারী, শান্তকারী, ক্লেশের কম বা হ্রাস করে যে বা হয় যাহাহইতে।

Mitigator, *n. s.* লাঘবকর্ত্তা, উপশমকর্ত্তা, শান্তি বা নিরস্তকারী, ঠাণ্ডাকারক, থামাইয়া দেয় বা নিবারণ করে যে ব্যক্তি।

Mitre, *n. s.* Fr. Lat. মস্তকাভরণবিশেষ, মুকুট, মস্তকের সজ্জাবিশেষ, মহাধর্ম্মাধ্যক্ষের টোপর তাজ বা মুকুটবিশেষ।

Mitre বা Miter, *n. s.* যোড়ন, সংলগ্নকরণ, মিলান বা মিলন করণের প্রকরণ বা রীতিবিশেষ।

Mitred, *a.* Mitre নামক মুকুট বা টোপরবিশিষ্ট, তাজবিশিষ্ট বা তৎপরিহিত।

Mittent, *a.* Lat. উৎক্ষেপ বা নির্গতকারী, উদ্গারক, বামক।

Mittens, *n. s.* Fr. শীতকালে ব্যবহৃত মোটা দস্তানাবিশেষ, আঙ্গুল খোলা দস্তানা, কফোণি ঢাকা দস্তানা, হস্তাবরণী, *To handle one without* mittens অপর ভাষায় সামান্য ব্যবহার বা অপমান বুঝায়।

Mittimus, *n. s.* Lat. কএদ করিবার লিপি বা পরবানাবিশেষ, একপ্রকার ওয়ারিন বা পরবানা যাহাতে দোষি ব্যক্তিরা কারাগারে বদ্ধ হয়।

To **Mix,** *v. a.* Sax. Lat. গোলমাল-কৃ, মিলা, মিশা, একত্র-কৃ, সংযোগ-কৃ, মিশ্রিত-কৃ, যোগ-কৃ, ভাঁজ-দা, মাক্তা-কৃ, এক দ্রব্য অন্যের সহিত মিশ্রণ বা সংযোগ-কৃ, নানা দ্রব্য একত্র-কৃ, সংলগ্ন-কৃ।

To **Mix,** *v. n.* মিল, একত্র-হ, সংযুক্ত-হ, মিশ্রিত-হ, সংলগ্ন-হ।

Mixen, *n. s.* Sax. গোবরের গাদা বা কাঁড়ি।

Digitized by Google

Mixer, *n. s.* মিশ্রণকর্ত্তা, একত্রকর্ত্তা, সংলগ্নকারক, সংযোগকর্ত্তা।
Mixt, *part. To* Mix ক্রিয়ার কার্দন্তিক পদ, মিশ্রিত।
Mixtilinear, *a.* Lat. কতক সরল কতক বক্র রেখাবিশিষ্ট বা তদ্যুক্ত।
Mixtion, *n. s.* Fr. মিশান, মিশ্রণ, একত্রহওন বা করণ।
Mixtly, *ad.* মিশ্রণপূর্ব্বক, মিশ্রিতত্বরূপে. মিশাইয়া, অনেক দ্রব্য একত্র করিয়া, একত্ররূপে, সংযোগ বা সংলগ্ন করিয়া।
Mixture, *n. s.* Lat. মিশাল, যোগ, মিশ্রিতকরণ বা হওন, গোলা বা মিশ্রিত দ্রব্য।
Mizmaze, *n. s.* ফের, বাঁক, ঘূরণীয়া স্থান।
Mizzen, *n. s.* Dut. জাহাজের পশ্চাদ্দিকস্থ মাস্তুল, কলমিডোল।
To **Mizzle**, *v. n.* ফুঁইং বৃষ্টি-হ, গুড়ানি বৃষ্টি-হ বা-পত।
Mizzy, *n. s.* জলা, ঝিল, পঙ্ক, পাঁক, পাঁকাল বা দলদলিয়া ভূমি।
Mnemonical বা **Mnemonick**, *a.* স্মৃতিজনক বা সূচক, স্মৃতিকারক।
Mnemonicks, *n. s.* স্মরণ, স্মৃতিহওন, মনে পড়ন, স্মরণকরণ।
To **Moan**, *v. a.* Sax. কোঁকা, কাতরা, বিলাপ-কৃ, কুন্থন-কৃ, রোদন-কৃ।
To **Moan**, *v. n.* ক্রন্দন-কৃ, কোঁকানিযা-হ, কাতরাণিযা-হ, কাতরা, কোঁকা, খেদ বা বিলাপ-কৃ।
Moan, *n. s.* কোঁকানি, কাতরাণি, ক্রন্দন, বিলাপ।
Moanful, *a.* বিলাপী, ক্রন্দনকারী, বিলাপযোগ্য বা করণীয়, শোকজনক বা কারক।
Moanfully, *ad.* ক্রন্দন বা বিলাপপূর্ব্বক।
Moat, *n. s.* Fr. গড় বা কোন গৃহ সুরক্ষার্থে চতুর্দ্দিকে পুস্তা বান্দা খানা।
To **Moat**, *v. a.* Fr. গড়খাই-কৃ, পোস্তা-দা বা-গাঁথ।
Mob, *n. s.* Lat. ভিড়, লোকারণ্য, জনতা, গোল, গণ্ডগোল, অনেক সামান্য লোক একত্র হইয়া হঙ্গাম বা গোলকরণ বা তদ্ভাব, সাধারণ বা ইতরলোক।
Mob, *n. s.* বিবিআনা টুপিবিশেষ।
To **Mob**, *v. a.* আবৃত-কৃ, আবরণ-কৃ, ঢাক।
To **Mob**, *v. a.* লোকারণ্য-কৃ, ভিড়-কৃ, জনতা-কৃ, গোল-কৃ, গোলমাল-কৃ, গণ্ডগোল-কৃ।
Mobbish, *a.* সামান্য বা ইতরলোকের ন্যায় গণ্ডগোল বা হঙ্গাম বিশিষ্ট, mob সংজ্ঞক জনতার ন্যায় বা তদনুসারে কৃত বা ভূত, মন্দ, নীচ, অপকৃষ্ট, ছোট, ইতর লোকের ন্যায়, ইতর লোক ধর্ম্মক।
Mobby, *n. s.* আমেরিকাদেশীয় গোল আলুতে নির্ম্মিত পেয় দ্রব্য বিশেষ।
Mobile, *n. s.* Lat. লোকসমূহ, জনতা, ভিড়, গোল, ইতর বা ছোটলোকের জনতা।
Mobility, *n. s.* Fr. Lat. গমনশক্তি, গমনশীলতা, চরিষ্ণুতা, ক্ষিপ্রতা, চালাকি, সাধারণ বা ইতরলোক, ছোটলোক, অস্থিরতা, চঞ্চলতা, চাঞ্চল্য।
To **Moble**, *v. a.* জড়া, টুপি বা মুকুটে-জড়া, আবৃত-কৃ, ঢাক।
Mocho-stone, *n. s.* মণিবিশেষ।
To **Mock**, *v. a.* Fr. বিদ্রূপ-কৃ, ভেঙ্গা, ভেঙ্গচা, পরিহাস-কৃ, তামাসা-কৃ, ঠাট্টা-কৃ, উপহাস-কৃ, ব্যঙ্গ-কৃ, মজাক-কৃ, তাচ্ছল্য-কৃ, নিষ্ফল-কৃ, এড়াইয়া-যা, ছাড়াইয়া-যা, ভোগা-দা, ভাঁড়াম-কৃ, মস্করাম-কৃ।
To **Mock**, *v. n.* ভাঁড়াম-কৃ, ভেঙচ, বিদ্রূপী-হ।

Mock, *n. s.* পরিহাস, উপহাস, ঠাট্টা, বিদ্রূপ, ভেঙচান, কৌতুক, গদ্য, ভাঁড়াম, মস্করাম, নকল।
Mock, *a.* কৃত্রিম, মিথ্যা, অপ্রকৃত, ঝুটা, নকল।
Mock-privet বা **Mock-willow**, *n. s.* বৃক্ষবিশেষ।
Mockable, *a.* উপহাস্য, বিদ্রূপ বা ব্যঙ্গকরণীয়, ভেঙ্গাওন বা পরিহাসযোগ্য, ঠাট্টার যোগ্য।
Mockel, *a.* অনেক, বিস্তর, বহু, অধিক।
Mocker, *n. s.* ভাঁড়, ঠাট্টাবাজ, মস্করা, বিদ্রূপকর্ত্তা, পরিহাস করে যে ব্যক্তি, ব্যঙ্গ করে বা ভেঙ্গচায় যে ব্যক্তি।
Mockery, *n. s.* Fr. ঠাট্টা, বিদ্রূপ, উপহাস, পরিহাস, ব্যঙ্গ, কৌতুক, বাহানা, ছল, পেকনা, গদ্য, তামাসা, হাসি, ব্যর্থ চেষ্টা, অনর্থক বা নিষ্ফল চেষ্টা পরিশ্রম বা আয়াস, নকল, ভাঁড়ামি, মস্করামি, ভেঙচান।
Mocking, *n. s.* ঠাট্টা, বিদ্রূপ, উপহাস, তামাসা, পরিহাস, ব্যঙ্গ, নিন্দা, অবজ্ঞা।
Mocking-bird, *n. s.* আমেরিকাদেশীয় পক্ষিবিশেষ, যে অন্য জাতীয় পক্ষির ডাক ডাকে বা বোল বলে।
Mocking-stock, *n. s.* পরিহাস, ব্যঙ্গ, বিদ্রূপ বা কৌতুকের বিষয় বা কথা।
Mockingly, *ad.* ঠাট্টা ব্যঙ্গ পরিহাস বা বিদ্রূপপূর্ব্বক, উপহাস পূর্ব্বক, ব্যঙ্গ করিয়া, ভাঁড়ামিপূর্ব্বক।
Modal, *a.* Fr. Lat. আকৃতি দাঁড়া বা ধারাবিষয়ক, আকারসম্বন্ধীয়, আকারাত্মক।
Modder, *n. s.* Mauther শব্দ দেখ, যুবতি স্ত্রী, বালা, বালিকা, ছুঁড়ি, ছুকরী স্ত্রী, এশব্দ মাদিপশুর সম্বন্ধে প্রয়োগ হয়।
Mode, *n. s.* Fr. Lat. দাড়া, ডৌল, আকার, প্রকার, মত, রূপ, আকৃতি, তর, ঢপ, রীতি, পদ্য, আন্দাজ, ধারা, চলন, চলতি, দস্তুর, রেওয়াজ, অবস্থা, পদ, চলন, গুণ, স্ত্রীলোকের পরিধেয় পট্টবস্ত্র বিশেষ।
Model, *n. s.* Fr. Lat. কোন বস্তু বা দ্রব্যের আকৃতি, অনুরূপ, নকল, নমুনা, সংক্ষেপ, নক্সা, ডৌল, ঢপ, ছাঁচ, ছাপ, আদর্শ।
To **Model**, *v. a.* Fr. ছাঁচ-কৃ, নমুনা-কৃ, নক্সা-কৃ, ডৌল-কৃ, নির্ম্মাণ-কৃ, সৃষ্টি-কৃ, আদর্শ-কৃ, আকার-কৃ, গঠ, আকৃতি-ঢাল বা-গড়, অনুরূপ বা নকল-কৃ।
Modeller, *n. s.* নক্সা করে যে ব্যক্তি, আদর্শকর্ত্তা, ডৌলকর্ত্তা, নির্ম্মাতা, সৃষ্টিকর্ত্তা, ছাঁচকারক।
Moderate, *a.* Lat. মধ্যম, মধ্যবিৎ, মাজারি, মাঝামাঝি, সহজ, পরিমিত, পরিমিতাচারী, পরিমিতব্যয়ী, ঠাণ্ডা, শীতল স্বভাব, অনাত্যন্তিক, অনতিক্রমী, ধীর, শান্ত, অল্পাহারী, অল্পাচারী।
To **Moderate**, *v. a.* Lat. থামা, নিরস্ত-কৃ, শান্ত-কৃ, স্থির-কৃ, নিয়মিত-কৃ, পরিমিত-কৃ, পরিমিতাচারী-কৃ, সংযম-কৃ, ধরিয়া-রাখ, দমন-কৃ, নীরব-কৃ, নিঝুম-কৃ, নরম-কৃ, উপযুক্ত-কৃ, মধ্যবিৎ-কৃ, আটক-কৃ, কমা, ঘাটা, সালিসি করিয়া চুকাইয়া-দা, মাধ্যস্থ্য-কৃ।
To **Moderate**, *v. n.* মাধ্যস্থ্য-কৃ, সালিসি-কৃ, কোন বিবাদের মীমাংসা-কৃ, সামঞ্জস্য-কৃ, সম্বরণ-কৃ।
Moderately, *ad.* পরিমিতরূপে, উপযুক্তরূপে, সৌম্যরূপে, মধ্যবিতরূপে, পরিমিতাচারে বা ভাবে বা তৎপূর্ব্বক।
Moderateness, *n. s.* পরিমিততা, সমানতা, মধ্যবিতঅবস্থা, মধ্যস্থতা।
Moderation, *n. s.* পরিমিততা, অনত্যাচারিতা, ধৈর্য্য, সহ্যতা, সমতা, পরিমিত ব্যয়, অনতিক্রম, মধ্যমাবস্থা, তদ্ভাব বা তৎপূর্ব্বক আচার বা ব্যবহার।
Moderator, *n. s.* Lat. নিরস্তকারক, সম্বরণকারী, অনতিক্রমী,

Digitized by Google

খামায় যে ব্যক্তি, সালিস, মধ্যস্থ, রফাকারক, পরিষ্কারক, সমাধা কর্ত্তা।

Modern, *n. s.* Fr. Lat. নব্য, আধুনিক, ইদানীন্তন, অপ্রাচীন, অপুরাতন, নূতন, নব, অপুরাণ, দরি, অর্ব্বাচীন, সামান্য, সাধারণ, নীচ, ক্ষুদ্র।

Moderns, *n. s.* এ কালের মনুষ্য, ইদানীন্তন লোক, অপ্রাচীন লোক, নব্য লোক।

To **Modernise,** *v. a.* নূতন-কৃ, প্রাচীনবিষয় একালের উপযুক্ত মত বা যোগ্য-কৃ, আধুনিক-কৃ, প্রাচীন গ্রন্থ বা লিখন বর্ত্তমান কালোপযুক্ত-কৃ।

Moderniser, *n. s.* প্রাচীন গ্রন্থ লিখন বা বিষয় একালের উপযুক্ত বা যোগ্য করে যে ব্যক্তি।

Modernism, *n. s.* প্রাচীনকালের লিখন বা রচনার বৈলক্ষণ্য বা তৎপরিবর্ত্তন, আদিগ্রন্থোক্ত নিয়ম বহির্ভূতহওন বা করণ।

Modernist, *n. s.* ইদানীন্তনেরদিগের প্রতি শ্রদ্ধা আছে যাহার।

Modernness, *n. s.* নব্যত্ব, নূতনতা, অপ্রাচীনত্ব, অর্ব্বাচীনত্ব, আধুনিকতা।

Modest, *a.* Lat. ব্রীড়াবিশিষ্ট বা তদ্যুক্ত, ব্রীড়িত, অদর্পিত, অদর্পক, ত্রপিত, লজ্জাশীল, লজ্জিত, বিলজ্জিত, কোমল, মৃদু, সরমিন্দা, সাধু, লাজুক, অলম্পট, শিষ্ট, অনাড়ম্বর, অনভিমানী, অনত্যাচারী, উপযুক্ত, যোগ্য, বিনীত, অনতিক্রমী, মধ্যবিৎ, পরিমিত, অনাত্যন্তিক।

Modestly, *ad.* লজ্জিততা বা সুশীলতারূপে, সাধুতারূপে, অলম্পটতাপূর্ব্বক, অনত্যাচারপূর্ব্বক, অদর্পরূপে, অগর্ব্বপূর্ব্বক, বিনয়পূর্ব্বক, অনভিমানপূর্ব্বক, লজ্জা করিয়া, শিষ্টতাভাবে বা রূপে, শুদ্ধাচারে, অব্যভিচারপূর্ব্বক, অপরিমিতাচারে, অনতিক্রমপূর্ব্বক, মধ্যবিৎরূপে।

Modesty, *n. s.* Fr. Lat. লজ্জা, লাজ, সরম, ত্রপা, ব্রীড়া, হ্রী, লজ্জাশীলতা, সাধুতা, কোমলতা, বিনয়, হায়া, সদাচার, অদর্প, অনভিমান, অগর্ব্ব, অপগর্ব্বতা, শিষ্টতা, বিনীততা, পরিমিতাচার, অনতিক্রম, শুদ্ধতা।

Modesty-piece, *n. s.* জরিবিশেষ, স্ত্রীলোকের পরিধেয় একপ্রকার ফিতা।

Modicum, *n. s.* Lat. ক্ষুদ্রাংশ, ক্ষুদ্রভাগ, বৃত্তি, তনখা, বেতন, মাসাহরা, যৎকিঞ্চিৎ বা অত্যল্প বিষয় অর্থ বা দ্রব্য।

Modifiable, *a.* Fr. পরিবর্ত্তনীয়, শুধরাণ যোগ্য, শুধরণীয়, ফেরফারকরণযোগ্য, ফিরাণ ঘুরাণ করণোপযুক্ত, বদল বা ফের হইতে পারে যাহা।

Modificable, *a.* নানারূপ বা নানাপ্রকার ভবনীয় বা করণীয়, চিত্রবিচিত্র।

To **Modificate,** *v. a.* যোগ্য-কৃ, উপযুক্ত-কৃ, গুণবিশিষ্ট-কৃ।

Modification, *n. s.* পরিবর্ত্তন, শুধরাণ, ফেরফারকরণ, ফিরাণ, ভাঙ্গিয়া চুরিয়া গড়ন বা নূতনকরণ, ঘুরাণ, ফের ঘোরকরণ, বদল ফেরকরণ, রূপান্তরকরণ।

To **Modify,** *v. a.* Fr. শুধর, ফেরফার-কৃ, ফিরাণঘুরাণ-কৃ, বদলা, ফের-কৃ, এককে আর-কৃ, রূপান্তর-কৃ, আকৃতিনির্ম্মাণ-কৃ, বনা, গঠ, নরম বা কোমল-কৃ, কমা, যোগ্য বা উপযুক্ত-কৃ, পরিমিত-কৃ।

To **Modify,** *v. n.* কম-হ, ক্ষয়-হ, হ্রাস-হ, কৃশ-হ।

Modillon, *n. s.* Fr. গৃহগ্রন্থনে শাজা বা গড়নবিশেষ।

Modish, *a.* চলন, দস্তুর বা রেওয়াজ সই, প্রচলিত রীতি ধারা বা ব্যবহারোপযুক্ত, পদ্যবৎ, ধারাবৎ, সুতর।

Modishly, *ad.* রেওয়াজ মত, প্রচলিত ধারা বা রীতিপূর্ব্বক বা অনুসারে।

Modishness, *n. s.* চলন দস্তুর বা রেওয়াজের উপযুক্ততা, প্রচলিত রীতি ধারা বা ব্যবহার।

To **Modulate,** *v. a.* Lat. স্বরের মিল-কৃ, সুর-মিলা, সুর-বান্ধ, আলাপ-কৃ, মিল-কৃ।

Modulation, *n. s.* Fr. স্বরের মিল, সুস্বর, সুরের মিল, সুর বান্ধন, আলাপন, মিলকরণ, মিলান, মেল বন্ধকরণ।

Modulator, *n. s.* সুরকারক, যন্ত্রাদির সুর বান্ধে যে।

Module, *n. s.* Fr. Lat. আকৃতি, নমুনা, নক্সা, আদরা, অবয়ব, ছাঁচ, চাঁচা।

To **Module,** *v. a.* Lat. আকার-কৃ, গঠ, চাঁচা-কৃ, নক্সা-কৃ, ডৌল-কৃ।

Modus, *n. s.* Lat. দশমাংশ করের পরিবর্ত্তনে কর বা খাজানা বা তত্তুল্যজ্ঞান করিয়া দেওয়া যায় যে কর।

Modwall, *n. s.* পক্ষিবিশেষ।

Moe, *a.* Sax. Mo শব্দ দেখ, অপেক্ষাকৃত, অধিকতর, অধিক, বেশী, বাড়া, জেয়াদা, গণনায় বা গণিতিতে অধিক।

Moe, *n. s.* বিকৃত মুখ, Mow শব্দবৎ অর্থ জানিবে।

Mogul, *n. s.* Tar. মোশলমান, ভারতবর্ষীয় বা হিন্দুস্থানীয় বম্ভাটের উপাধি, যাহাকে *Great* Mogul, অথবা দিল্লীর মোশলমান রাজা, কহে বিলাতি জবন।

Mohair, *n. s.* Fr. কেশনির্ম্মিত সূত্র, চুলের দড়ি, উষ্ট্রাদির কেশের দড়ি।

Mohock, *n s.* আমেরিকীয় নির্দ্দয় ও অসভ্য জাতীয় বন্যদেশি লোক বিশেষের নাম, Muck শব্দ দেখ।

Mohammedan, Mahomedan শব্দ দেখ।

To **Moider,** *v. a.* ত্যক্ত-কৃ, বিরক্ত-কৃ, দেক-কৃ, ঘুরা, ক্ষিপ্ত-কৃ, ব্যস্ত-কৃ, গোলমাল-কৃ, ঘবরা।

Moidore, *n. s.* Port. পোর্ত্তুগালদেশীয় মুদ্রাবিশেষ, ১৩॥ টাকা মূল্যক মোহর।

Moiety, *n. s.* Fr. অর্দ্ধ, আধা, অর্দ্ধেক।

To **Moil,** *v. a.* Sax. কর্দ্দম-মাখা, কর্দ্দমাবৃত-কৃ, ময়লা-কৃ, কাদা-লেপ, খারাব-কৃ, দুষ্ট-কৃ, মন্দ-কৃ, বিরক্ত-কৃ, পরিশ্রান্ত-কৃ, নষ্ট বা ভ্রষ্ট-কৃ।

To **Moil,** *v. n.* কর্দ্দমে বা পাঁকে কর্ম্ম-কৃ, কাদায় থাকিয়া কর্ম্ম-কৃ, পরিশ্রম-কৃ, দুঃখ-কৃ, মেহনত-কৃ, গাধার মত পরিশ্রম-কৃ।

Moil, *n. s.* Sax. কলঙ্ক, দাগ, চিহ্ন, ফোটা, খচর ঘোটক, Moyle শব্দবৎ অর্থ জানিবে।

Moist, *a.* Fr. ভিজা, আর্দ্র, নরম, শ্যাঁতান্যা, সজল, ক্লিন্ন, অবিশুষ্ক, সজল, সোঁতা, বজবজ্যা, সপ্‌সপ্যা, চোপ্‌সা, সরস, রসযুক্ত বা তদ্বিশিষ্ট।

To **Moist** বা *To* **Moisten,** *v. a.* ভিজা আর্দ্র নরম বা সপ্‌সপে-কৃ, জবজবে-কৃ, সজল-কৃ, তিতা।

Moistener, *n. s.* ভিজায় যে, আর্দ্রকর্ত্তা।

Moistful, *a.* শরদ, ভিজা, আর্দ্র, শরদিতে ভরা, সজল, জলযুক্ত বা তদ্বিশিষ্ট।

Moistness, *n. s.* আর্দ্রতা, ভিজা, সপ্‌সপে বা সেঁতশেতে অবস্থা বা তদ্ভাব।

Moisture, *n. s.* আর্দ্রতা, অবিশোষ, রস, সত্ত্ব, আরক, ক্লেদ, জলকণা।

Moisty, *a.* ভিজা, সপ্‌সপে, আর্দ্র, ঔড়নিজলবিশিষ্ট, জলকণাময়

Mokes *of a net,* জালের ছিদ্র বা ফোঁক।

Digitized by Google

Moky, *a.* অন্ধকার, ঘোর, মেঘাচ্ছন্ন, ঝাপ্‌সা।

Molasses, Molosses শব্দ দেখ।

Molar, *a.* Lat. চর্ব্বণ বা পেষণ শক্তিবিশিষ্ট বা তদ্যুক্ত, চিবাইতে বা পিষিতে পারে যে, পেষণক্ষম।

Moldwarp, Mouldwarp শব্দ দেখ।

Mole, *n. s.* Fr. তিল, তিলক, আঁচিল, আবু, পোস্তা, পোস্তাবন্দী, বাঁদ, ঢিবী, আইল, আলি, ছুঁছাবিশেষ, এতদ্ভিন্ন Mouldwarp শব্দবৎ অর্থ জানিবে।

To **Mole**, *v. n.* পূর্ব্বোক্ত জন্তুর ঢিবি পরিষ্কার-কৃ বা কাটিয়া সমান -কৃ।

Molebat, *n. s.* মৎস্যবিশেষ।

Molecast, *n. s.* পূর্ব্বোক্ত Mole নামক জন্তুর ঢিবি, গর্ত্ত বা বাসা।

Molecatcher, *n. s.* পূর্ব্বোক্ত জন্তু ধরে যাহারা, ছুঁছাধরা বা তদ্ব্যবসায় যাহার।

Molecule, *n. s.* Lat. খণ্ড, টুকরা, কোন বস্তুর কিয়দংশ।

Molehill, *n. s.* পূর্ব্বোক্ত Mole নামক জন্তুর ঢিবি বা বাসা, উপদেশ বা রহস্য কথায় কোন ক্ষুদ্র বস্তু বা বিষয়দ্বারা উপমার্থক জানিবা।

To **Molest**, *v. a.* Lat. ব্যামোহ বা দুঃখ-দা, বিরক্ত বা দেক-কৃ, উত্ত্যক্ত-কৃ, ক্লেশ-দা, পীড়া-দা, তজদি-দা, লণ্ডভণ্ড-কৃ, খুঁজিতল্লাশী-কৃ, কাড়াকাড়ি-কৃ, তাড়াতাড়ি-কৃ।

Molestation, *n. s.* Lat. দুঃখ, ক্লেশ, ব্যামোহ, পীড়া, আর্ত্তি, বৈরক্ত্য, দেক, উত্ত্যক্ত, জঞ্জাল, তজদি, হয়রান, লণ্ডভণ্ড, তাড়াতাড়ি কাড়াকাড়ি বা এতৎকর্ম্মকরণ।

Molester, *n. s.* ব্যামোহদায়ক, বিরক্ত বা দেককারক, ক্লেশদায়ক, পীড়াদায়ক, পীড়াদাতা, উৎপাত লাগায় বা করে যে।

Molestful, *a.* পীড়া বা তজদিদায়ক বা তজ্জনক, উৎপাতবিশিষ্ট বা তদ্যুক্ত, বৈরক্ত্য বা দেক করে যে, ক্লেশদ, দুঃখদ, উৎপাতিয়া।

Moletrack, *n. s.* Mole নামক জন্তুর গর্ত্ত বা পথ।

Molewarp, *n. s.* Mouldwarp ছুঁচা।

Molinist, *n. s.* ইস্পেনদেশীয় লুইস মোলিনার মতাবলম্বি যে ব্যক্তি।

Mollient, *a.* Lat. স্নিগ্ধকারী, নিরস্তকারী, কোমলকারক, নরমকারী, শীতলকারক, উপশমক, স্বাস্থ্যজনক, জ্বালা বা ক্লেশ উপশম বা নিবারণকারী।

Mollifiable, *a.* কোমল হওন বা করণ যোগ্য, নরম বা ঠাণ্ডাকরণ বা হওন উপযুক্ত, উপশম্য।

Mollification, *n. s.* Fr. কোমল বা নরমকরণ, স্নিগ্ধ বা ঠাণ্ডাকরণ, পীড়া বা যন্ত্রণার হ্রাস লাঘব বা উপশমকরণ।

Mollifier, *n. s.* নরম করে যে, ঠাণ্ডা বা নিরস্ত করে যে, কোমল বা স্নিগ্ধ করে যে, পীড়া বেদনা দুঃখ বা যন্ত্রণার লাঘবকারী, বা নিবারক বা হ্রাসকারী।

To **Mollify**, *v. a.* Lat. থামা, শান্ত-কৃ, নিরস্ত-কৃ, স্থির-কৃ, ঢিমা-কৃ, সাম্য-কৃ, লাঘব-কৃ, উপযুক্ত-কৃ, মান্দ্য-কৃ, কমা, নরম-কৃ, স্নিগ্ধ-কৃ, শীতল-কৃ, কোমল-কৃ, পীড়া যন্ত্রণা বা ক্লেশের হ্রাস বা অল্পতা-কৃ।

Molosse, *n. s.* Lat. কবিতার ছন্দোবিশেষ, দীর্ঘ তিনচরণের ছন্দ।

Molosses বা **Molasses**, *n. s.* Ital. কোতরা গুড়, গুড়, ঝোলা গুড়, শোট গুড়, কাঁচাগুড়, খাঁড়।

Molten, *part. pass.* *To* Melt ধাতুর ভূতকালবাচক ক্রিয়াপদ বা কার্দন্তিকপদ।

Moly, *n. s.* Fr. Lat. বৃক্ষবিশেষ, বনরশুনবিশেষ।

Mome, *n. s.* জড়, কুড়ে, মূর্খ, নির্ব্বোধ, বোকা, খুঁটি, গোঁজ।

Moment, *n. s.* Fr. Lat. গৌরব, গুরুতা, ভার, আবশ্যকতা, গরজ, দরকার, প্রয়োজন, জরুরি, মূল্য, গুণ, ফল, বল, শক্তি, ক্ষমতা, কারয়িতা শক্তি, ক্ষণ, মুহূর্ত্ত নিমেষ, লহমা, পলক, তিল *Minute* সংজ্ঞককালের ষষ্টি ভাগের এক ভাগ।

Momental, *a.* Fr. আবশ্যক, দরকারি, প্রয়োজনক, ভারি, প্রধান, সমূল্য।

Momentally, *a.* একক্ষণের নিমিত্তে, ক্ষণপূর্ব্বক, অত্যল্পকালে।

Momentaneous বা **Momentany**, *a.* Fr. Lat. ক্ষণিক, অত্যল্প বা কিঞ্চিৎ কালস্থায়ী, একক্ষণস্থায়ী বা ব্যাপক।

Momentarily, *ad.* প্রতিক্ষণে, ক্ষণেং।

Momentary, *a.* ক্ষণিক, কিঞ্চিৎ কালস্থায়ী, ক্ষণস্থায়ী, কিয়ৎকালীন, একক্ষণ বা একলহমা থাকে যে, একক্ষণনিমিত্তক, চঞ্চল, একক্ষণ কালে কৃত বা ভূত।

Momentous, *a.* ভারি, বৃহৎ, গুরুতর, বড়, আবশ্যক, দরকারি, মহৎ।

Momentum, *n. s.* Lat. বেগ, জোর, বল, শক্তি, গতিশক্তির পরিমাণ বা সীমা।

Mommery, *n. s.* Fr. ভোজ বা খানাবিশেষ।

Monachal, *a.* Lat. যোগী সন্ন্যাসী বা উদাসীনেরদিগের মঠসম্বন্ধীয়, উদাসীনসম্বন্ধীয়, উদাসীন বা সন্ন্যাসীয় পথ বা ধর্ম্মবিষয়ক।

Monachism, *n. s.* উদাসীনতা, উদাসীনাবস্থা, যোগী বা তপস্বির ভাব অবস্থা বা ধর্ম্ম।

Monad বা **Monade**, *n. s.* Gr. অদৃশ্য বস্তু, দেখা যায় না বা উপলব্ধি হয় না যে বস্তু, অখণ্ডনীয় অভেদ্য বা অচ্ছেদ্য বস্তু বা দ্রব্য।

Monadical, *a.* পূর্ব্বোক্ত বস্তুধর্ম্মক।

Monarch, *n. s.* সম্রাট, একাধিপতি, রাজন, মহারাজ, অধিরাজ, বাদশাহ, ভূপতি, রাজাধিরাজ, সর্ব্বশ্রেষ্ঠ বা প্রধান, চক্রবর্ত্তী।

Monarchal, *a.* একপ্রভু বা সম্রাটসম্বন্ধীয়, সম্রাড়ধীন, সাম্রাজ্যবিশিষ্ট, সম্রাড়ুপযুক্ত, বাদশাহী, রাজার ন্যায়।

Monarchess, *n. s.* রাজ্ঞী, সম্রাটের স্ত্রী, মহারাজ্ঞী, অধিরাজ্ঞী, বাদশাহের বেগম, সাম্রাজ্য করে যে স্ত্রী, রাজমহিষী, পট্টরাণী।

Monarchial, *a.* রাজকীয়, রাজসম্বন্ধীয়, সম্রাট বা অধিরাজসম্বন্ধীয়, একপ্রভুক, একাধিপতিক।

Monarchical, *a.* একপ্রভুক, একাধিপতি, একাধিপত্যসম্বন্ধীয় বা তদ্বিশিষ্ট, সম্রাড়ধীন।

Monarchick, *a.* তথা।

To **Monarchise**, *v. n.* রাজা-সাজ, রাজসজ্জায় সজ্জিত-হ, রাজসাজ -সাজ, রাজার ন্যায় রূপ ধারণ-কৃ, রাজা-হ।

To **Monarchise**, *v. a.* রাজার ন্যায় শাসন-কৃ, ঐকাধিপত্য-কৃ, রাজ্য-কৃ, রাজশাসন-কৃ, রাজপ্রভুত্ব-কৃ, আধিপত্য-কৃ।

Monarchist, *n. s.* ঐকাধিপত্যেচ্ছুক, ঐকাধিপত্যচেষ্টক।

Monarchy, *n. s.* Gr. ঐকাধিপত্য, একভূপত্ব, সাম্রাজ্য, রাজ্য, বাদশাহী।

Monastery, *n. s.* Lat. সন্ন্যাসী তপস্বী বা উদাসীনের মঠ বা আখড়া, ধর্ম্মশালা, সাধ্বালয়।

Monastick বা **Monastical**, *a.* পূর্ব্বোক্ত ধর্ম্মশালা বা আখড়াসম্বন্ধীয়, উদাসীনবিষয়ক বা তৎসম্বন্ধীয়, সাধুবৎ, সাধুর ন্যায়।

Monastically, *ad.* উদাসীনত্বরূপে, উদাসীনের ন্যায়, একাকী বা উদাসীনরূপে, সাধু সঙ্গরূপে।

Monastick, *n. s.* যোগী, তপস্বী, সন্ন্যাসী উদাসীন, অসং যোগী।

Monday, *n. s.* Sax. সপ্তাহের দ্বিতীয় দিবস, সোমবার।

Monde, *n. s.* Fr. Lat. সংসার, পৃথিবী, জগৎ, লোকসমূহ, জাতি, গোলাকৃতি বস্তু, চাপড়াস, হুদ্দা, ক্ষমতা, প্রভুত্ব বা হুদ্দার চিহ্ন।

Digitized by Google

Money, *n. s.* Fr. Lat. টাকা, মুদ্রা, তঙ্কা, অর্থ, ধন।

Moneybag, *n. s.* টাকার থলি বগলি বা গেঁজে, তোড়া।

Moneybox, *n. s.* টাকার গেবে, টাকা রাখিবার সিন্দুক, টাকা থাকে যে সিন্দুকে, দোকানির সিন্দুকবিশেষ।

Moneybroker, *n. s.* স্বর্ণবণিক, বণিক, বেণিয়া, পোদ্দার, টাকা ভাঙ্গায় বা ভাঙ্গানি দেয় যে ব্যক্তি, পরার্থে টাকা জোটায় যে দালাল, টাকার দালাল।

Moneychanger, *n. s.* বণিক, পোদ্দার, দোকান রাখে যে পোদ্দার, টাকা ভাঙ্গানি দেয় যে, টাকা কড়ির দালাল বা পোদ্দার।

Moneyed, *a.* অর্থী, ধনী, ধনবান, ভাগ্যবান, টাকাওয়ালা, নগদ টাকা আছে যাহার, নগদ পুঁজিওয়ালা।

Moneyer, *n. s.* Fr. বেণিয়া, পোদ্দার, টাকার কারবার করে যে ব্যক্তি, টাকানির্ম্মাতা, টাকা গড়ে যে, টাকা মারে যে, বেণেতি দোকান রাখে যে ব্যক্তি।

Moneylender, *n. s.* টাকা ধার বা কর্জ দেয় যে ব্যক্তি, পরোপকারার্থে অর্থসংগ্রাহক, সাধু, মহৎ, মহাজন, টাকার মহাজনি করে যে ব্যক্তি।

Moneyless, *a.* অর্থহীন বা রহিত, নির্ধন, দরিদ্র, নিঃস্ব, দুঃখী, খালিহাত, গরীব, টাকা নাহি যাহার বা যাহাতে।

Moneymatter, *n. s.* টাকা কড়ির ব্যাপার, টাকার বিষয় বা মামলা, দেনাপাওনা, লেনাদেনা, সাধু খাতকী ব্যাপার।

Moneyscrivener, *n. s.* পরোপকারার্থে অর্থসংগ্রাহক, পরার্থে টাকা জোটায় বা সংগ্রহ করে যে ব্যক্তি, টাকার দালালবিশেষ।

Moneyspinner, *n. s.* ক্ষুদ্র মাকড়সাবিশেষ, অবর ভাষায় কথিত আছে যে ইহার দর্শনে অর্থ লাভ বা প্রাপ্তি হয়।

Moneysworth, *n. s.* মূল্যবিশিষ্ট দ্রব্য, টাকার সামগ্রী, যে দ্রব্যে টাকা হয়।

Moneywort, *n. s.* বৃক্ষবিশেষ।

Mongcorn, *n. s.* Sax. মিশ্রিত বা নানা শস্য।

Monger, *n. s.* Sax. ব্যবসায়ী, ব্যবসায়দার, বিক্রেতা, সামান্য নীচ বা ক্ষুদ্র ব্যবসায় করে যে ব্যক্তি, ফড়ে।

Mongrel, *a.* Sax. খচ্চর, দোআঁসলা বিজাতীয়, দ্বিজাতীয়।

Mongrel, *n. s.* খচ্চর, দোআঁসলা, বিজাতীয়, দ্বিজাতীয়, এ শব্দ সচরাচর Mungrel অথবা Mangerl লিখা যায়।

Monied, Moneyed শব্দ দেখ।

Moniment, *n. s.* Lat. স্মরণার্থক অঙ্কিত চিহ্ন লিখন বা লিপি, দাগ, নিসানা, উপরিস্থ লিখন, মূর্ত্তি, আকার, মূরত।

To **Monish**, *v. a.* Sax. সাবধান-কৃ, সতর্ক-কৃ, উপদেশ-দা বা-কৃ, পরামর্শ-দা, বুঝা, শিক্ষা-দা।

Monisher, *n. s.* উপদেশক, উপদেষ্টা, উপদেশদাতা বা কর্ত্তা, শিক্ষাদাতা, গুরু, পরামর্শ দেয় যে ব্যক্তি।

Monishment, *n. s.* পরামর্শ, উপদেশ, শিক্ষা, বোধ-জন্মান বা দেওন, উপদেশকরণ, উপদেশবাক্য।

Monition, *n. s.* Lat. জ্ঞাপন, উদ্বোধক বাক্য, ইসারা, কথন, উপদেশ, ইঙ্গিত, শিক্ষা, পরামর্শ, আদেশ, দলিল, প্রমাণ।

Monitive, *a.* Lat. শিক্ষাদায়ক, উপদেশকারী, নীতি বাক্য আছে যাহাতে।

Monitor, *n. s.* Lat. উদ্বোধক, উপদেশক, উপদেষ্টা, প্রদর্শক, মন্ত্রী, গুরু, শিক্ষক, গুরুর পরিবর্ত্তে যে প্রধান শিষ্য অন্য শিষ্যের দিগকে পাঠ দেয়, উপগুরু।

Monitory, *a.* Lat. উদ্বোধক, উপদেশক, শিক্ষক, নীতি বা জ্ঞানদায়ক বা তদ্বিশিষ্ট।

Monitory, *n. s.* উপদেশ, শিক্ষা, সঙ্কেত, ইসারা, ইঙ্গিত, পরামর্শ, চেতন করাণ, সাবধানকরণ, দোষ জ্ঞাপন।

Monitress, *n. s.* শিক্ষাদায়িনী স্ত্রী, উপদেষ্ট্রী স্ত্রী, শিক্ষাদাত্রী, উপদেশিকা।

Monk, *n. s.* Sax. সন্ন্যাসী, উদাসীন, যোগী, তপস্বী, সংসার ত্যাগী, নিয়মেতে ধর্ম্মাচরণ করে যে ব্যক্তি।

Monkey, *n. s.* Ital. বাঁদর, বানর, হনুমান, মরকট, কপি, শাখামৃগ, চণ্ডু।

Monkhood, *n. s.* তপস্যা, সন্ন্যাস, উদাসীনের ভাব ধর্ম্ম বা কর্ম্ম।

Monkish, *a.* তপস্বী, সন্ন্যাসী বা উদাসীনবিষয়ক, যোগীবিষয়ক বা তৎসম্বন্ধীয়, সন্ন্যাসী বা তপস্বিকর্তৃক শিক্ষিত উপদিষ্ট বা দত্ত।

Monks-hood, *n. s.* বৃক্ষবিশেষ।

Monks-rhubarb, *n. s.* বৃক্ষবিশেষ।

Monoceros, বা **Monocerot**, *n. s.* Gr. গাণ্ডারবিশেষ।

Monochord, *n. s.* একতারা বীণাবিশেষ, একতারের বাদ্য যন্ত্র বিশেষ।

Monocular বা **Monoculous**, *a.* একাক্ষ, একচকুয়া, কাণা, একচক্ষু বিশিষ্ট বা তদ্যুক্ত, একচক্ষু আছে যাহার।

Monody, *n. s.* Gr. একাকির গান, বিরহ গীত, বিলাপ বা শোক সূচক গান।

Monogamist, *n. s.* একমাত্র বিবাহ করে যে, একপত্নীক, দ্বিবার বিবাহ নাই যাহার বা করিতে দেয় না যে, দ্বিবার বিবাহ নিষেধ করে যে।

Monogamy, *n. s.* Gr. এক বিবাহ, এক স্ত্রী বিবাহকরণ।

Monogram, *n. s.* Gr. শূন্য, যুক্তাক্ষর, মূর্ত্তি বা ছবি অঙ্কন, বিনা রঙ্গে ছবি লিখন, পাণ্ডুলেখ, ছবির চাঁচা।

Monogrammal, *a.* পূর্ব্বোক্তরূপে ছবি লেখা বা তদ্বিশিষ্ট।

Monologue, *n. s.* অজিজ্ঞাসিতাভিধান, নাটকে আপনিং কথা কহন।

Monomachy, *n. s.* Gr. দ্বন্দ্বযুদ্ধ, দুইজনে যুদ্ধ, পিস্তললড়াই।

Monome, *n. s.* Fr. বীজগণিত শাস্ত্রেতে সংজ্ঞাবিশেষ।

Monopathy, *n. s.* Gr. সহ্যতা, বোধ, ভোগ, দুঃখ ভোগ, একাকি দুঃখ ভোগ, নিতান্ত ভোগ।

Monopetalous, *a.* পুষ্পের বিশেষণবাচক, এক পত্রিকাবিশিষ্ট।

Monopolist, *n. s.* একচেটিয়া ব্যবসায়ী, কোন সনন্দ বা পরবানা দ্বারা কোনং বাণিজ্য দ্রব্য একচেটিয়ারূপে ক্রয়বিক্রয় করে যে, গোলদার বা মহলদার আড়দ্দার।

To **Monopolize**, *v. a.* একচেটিয়া-কৃ, মহলদারি-কৃ, গোলদারি বা আড়দ্দারি-কৃ।

Monopolizer, *n. s.* একচেটিয়া ব্যবসায়ী, প্রতিযোগিবর্জ্জিত, গোলদার মহলদার বা আড়দ্দার।

Monopoly, *n. s.* একচেটিয়া ব্যবসায়, যে ব্যবসায়ে আর কেহ হাত দিতে পারে না।

Monoptote, *n. s.* বিভক্ত্যন্ত পদে ব্যবহৃত সংজ্ঞাবাচক শব্দবিশেষ।

Monostich, *n. s.* কবিতাবিশেষ, এক শ্লোক।

Monosyllabical, *a.* একাক্ষর শব্দবিশিষ্ট, একপদি শব্দ।

Monosyllable, *n. s.* একাক্ষর শব্দ, একবর্ণের বাক্য বা পদ।

Monosyllabled, *a.* একাক্ষর শব্দবিশিষ্ট বা তদ্যুক্ত।

Monostrophick, *a.* Gr. ছন্দোনিয়মরহিত, নিঃছন্দ, কোন বিশেষ ছন্দোনিয়ম ভিন্ন বা তদ্বর্জ্জিত।

Monotone, *n. s.* Gr. সমানোচ্চারণ, সমস্বর, স্বরের অবিশেষ বা ছন্দোরাহিত্য।

Digitized by Google

Monotonical, *a.* সমানোচ্চারণবিশিষ্ট, সমস্বরবিশিষ্ট, স্বরের নানা প্রকার ভাব বা ছন্দো নাই যাহাতে।

Monotonous, *a.* তথা।

Monotony, *n. s.* সমানোচ্চারণ, সমস্বর, স্বরের বৈলক্ষণ্য, স্বরের নানা প্রকার ছন্দের অভাব।

Monsieur, *n. s.* Fr. ফরাশিশ ভাষায় সম্বোধন বা সম্মানবাচক শব্দ মহাশয় ইত্যাদ্যর্থক জানিবে. কখন এশব্দ কোন ফরাশি শকে প্রয়োগ করিলে বিদ্রূপার্থ ও বুঝায়।

Monsoon, *n. s.* Fr. সময়, কাল, মুরসুম, ভারতবর্ষের সমুদ্রে পরিবর্ত্তনীয় বা নিরূপিত কাল ব্যাপক বাতাস বুঝায়, অর্থাৎ যে বাতাস এক কালে কোনদিগে বহে অন্য কালে তাহার বিপরীত বহে।

Monster, *n. s.* Fr. Lat. রাক্ষস, বিকটাকার, স্বভাবের বৈলক্ষণ্য বা বৈপরীত্য, অতিমন্দ বড়কুৎসিত দুরন্ত বৃহৎকায় বা ভয়জনক জন্তু বা ব্যক্তি বা বিষয়, চমৎকৃত উৎকট ভয়ঙ্কর বা বিকট মূর্ত্তি।

Monstrosity বা **Monstruosity,** *n. s.* বিকৃতত্ব, বিকটত্ব, ভয়ঙ্করত্ব, বৃহৎকায়ত্ব, দুরন্ততা, স্বভাব বা নিয়মের বৈলক্ষণ্য।

Monstrous, *a.* Lat. বিকৃত, বিকট, উৎকট, ভয়জনক, অতিবৃহৎ, বৃহৎকায়, দুরন্ত, আশ্চর্য্য, চমৎকার, ঘৃণাজনক, অসম্ভবাকার, অসম্ভব, অস্বাভাবিক।

Monstrous, *ad.* অবর ভাষায় বৃহৎ, অতিবড়, প্রকাণ্ড, মহৎ, অত্যন্ত, অতিশয় অর্থ বা ভাব বুঝায়।

Monstrously, *ad.* বিকৃততারূপে, বিকটত্বরূপে, বৃহৎকায়ত্বপূর্ব্বক, ঘৃণাজনকত্বরূপে, ভয়ঙ্করত্ব বা ভয়ানকতারূপে, অত্যন্ত বা অতিশয় রূপে।

Monstrousness, *n. s.* বৃহত্ত্ব, বৃহৎকায়ত্ব, বিকটত্ব, ভয়ঙ্করত্ব, ভয়ানকত্ব, অসম্ভবত্ব, চমৎকৃতত্ব, স্বভাব ব্যবহার বা রীতির বৈলক্ষণ্য বা অন্যথা ভাব।

Montanism, *n. s.* Montanus নামক ব্যক্তির মত বা গ্রন্থ।

Montanist, *n. s.* পূর্ব্বোক্ত ব্যক্তির মতাবলম্বী বা তন্মতে চলে যাহারা।

Montanistical, *a.* পূর্ব্বোক্ত মতসম্বন্ধীয় বা তদ্বিষয়ক।

To **Montanize,** *v. a.* পূর্ব্বোক্ত মতাবলম্বী-হ বা তদনুসারে-চল।

Montant, *n. s.* Fr. আলি, বেড়া বা আটককরণে ব্যবহৃত সংজ্ঞা বিশেষ।

Montero, *n. s.* Span. সারথির টুপী, অশ্বারূঢ়ের টুপী তাজ বা মস্তকাভরণ, ঘোড়সওয়ারের টুপী।

Monteth, *n. s.* পাত্রবিশেষ, যাহাতে কাঁচ প্রক্ষালন বা ধৌত করা যায়।

Month, *n. s.* Sax. মাস, মাহ, দুইপক্ষ, চারিসপ্তাহকাল।

Month's *mind,* *n. s.* অত্যন্ত বাসনা বা ইচ্ছা, মৃত ব্যক্তির লিখিত আজ্ঞানুসারে এক বৎসর এক মাস বা অন্য কোন নিরূপিত কালের মধ্যে তদুদ্দেশে পুণ্যার্থে সংকীর্ত্তন ও দানাদি কর্ম্ম, শ্রাদ্ধ, এশব্দকে Mind day বলা যায়।

Monthly, *a.* মাসে২, প্রতিমাসে, মাসকরা, মাসিক, মাসড়া, মাহ২, মাস২, মাহিয়ানা।

Monthly, *ad.* মাসে একবার, মাসে২, প্রতিমাসে।

Montoir, *n. s.* Fr. ইটালিদেশে ঘোড়সওয়ারের ব্যবহৃত প্রস্তর বিশেষ, রেকাবপর্য্যন্ত উচ্চ প্রস্তর, যাহার উপর উঠিয়া ঘোড়সওয়ারেরা অশ্বারোহণ করে।

Montross, *n. s.* তোপখানার দারোগার নায়েব, গোলেন্দাজ বিশেষ।

Monument, *n. s.* Fr. Lat. কোন কীর্ত্তি বা কর্ম্মবিষয়ে বা মৃতব্যক্তির স্মরণার্থক চিহ্ন বা স্তম্ভ যূপ বা ধ্বজা, স্মরণার্থ স্তম্ভ, স্তম্ভবিশিষ্ট গোর, গোর, দরগা, ধ্বজা।

Monumental, *a.* স্মৃতিজনক, গোরসম্বন্ধীয়, স্মরণার্থক বা উদ্বোধক চিহ্ন বা স্তম্ভবিশিষ্ট মৃত ব্যক্তির উদ্দেশে স্থিত বা কৃত।

Monumentally, *ad.* স্মৃতিজনকত্বরূপে, স্মরণার্থে, স্মরণার্থক চিহ্ন পূর্ব্বক।

To **Moo,** *To* **Mue** শব্দ দেখ।

Mood, *n. s.* Fr. Lat. বিচারের রীতি বা ধারা, গীত বাদ্যাদির ভাব বা রীতি, ভাব, রীতি, ধারা, বিধি, তর, রকম, স্বভাব, মনের অবস্থা, রাগ, ক্রোধ, মেজাজ, উষ্মা।

Moodily, *ad.* বিমর্ষরূপে, খেদপূর্ব্বক, দুঃখিতারূপে, ম্লানত্বরূপে বিষণ্ণতাপূর্ব্বক, ঔদাস্যপূর্ব্বক, ভাবিতত্বরূপে, উৎকণ্ঠিতত্বরূপে।

Moodiness, *n. s.* Sax. রাগ, কোপ, ক্রোধ, বেজার, বিরক্ততা, উষ্মা, উৎকণ্ঠা, চিড়ন, দেক, ক্লেশ, খেদ, জ্বালা।

Moody, *a.* Sax. ক্রোধান্বিত, ক্রোধী, ক্ষিপ্ত, বেজার, ত্যক্ত, খাপা, ভাবিত, উৎকণ্ঠিত, রাগী, বিরক্ত, বিষণ্ণ, ম্লান, দুঃখী, খিদ্যমান, উদাস, মসৃণ, ছন্নী, উৎকট, শক্ত।

Moon, *n. s.* Gr. Sax. চাঁদ, চন্দ্র, চন্দ্রমাঃ, নিশাকর, রজনিকর, হিমাংশু, সোম, বিধু, সুধাকর, শশী, ইন্দু, কলাপতি, শশধর, মাহ, মাস, দুর্গ নির্ম্মাণে অর্দ্ধচন্দ্রাকৃতি গড়ন বুঝায়।

Moon-beam, *n. s.* চন্দ্রের অংশু বা কিরণ, চন্দ্রের রশ্মি।

Moon-calf, *n. s.* অস্বাভাবিক, বৃহৎকায়, বিকটাকার বা ভয়জনক জন্তু বা ব্যক্তি, ভূত, জড় বা মূর্খ ব্যক্তি, দুরাত্মা লোক, গণ্ডমূর্খ।

Mooned, *a.* নবীন চন্দ্রের ন্যায়, অর্দ্ধ চন্দ্রাকৃতি, চন্দ্রতুল্য, চন্দ্রের ন্যায় বা মত বা তদ্ভাববিশিষ্ট বা যুক্ত।

Moonet, *n. s.* ক্ষুদ্র চন্দ্র, ছোট চাঁদ।

Moon-eyed, *a.* রাত্র্যন্ধ, রাতকাণা, অল্প দৃষ্টিবিশিষ্ট বা যুক্ত, দূরে দৃষ্টি হয় না যাহার।

Moonfern, *n. s.* বৃক্ষবিশেষ।

Moon-fish, *n. s.* মৎস্যবিশেষ।

Moonish, *a.* চন্দ্রধর্ম্মক, চন্দ্রের ন্যায়, চাঁদের মত, চন্দ্রের ন্যায় পরিবর্ত্তনশীল, অস্থির, চঞ্চল।

Moonless, *a.* অচন্দ্র, নিশ্চন্দ্র, চন্দ্রহীন, জ্যোৎস্নারহিত, চন্দ্রের আলো নাহি যাহাতে, অন্ধকার।

Moonlight, *n. s.* চন্দ্রিকা, জ্যোৎস্না, চন্দ্রের রশ্মি বা দীপ্তি, চাঁদনি, চন্দ্রের আলো।

Moonlight, *a.* জ্যোৎস্নাযুক্ত বা তদ্বিশিষ্ট, চন্দ্রের রশ্মির দ্বারা প্রকাশিত বা উজ্জ্বলিত, আলোক।

Moonling, *n. s.* নির্ব্বোধ, হাবলা, আহম্মক, পশুবৎ।

Moon-seed, *n. s.* বৃক্ষবিশেষ।

Moonshine, *n. s.* চন্দ্রিকা, চাঁদনি, জ্যোৎস্না, চন্দ্রের রশ্মি আভা বা প্রভা, চন্দ্রের দীপ্তি, জ্যোৎস্না রাত্রি, মাস।

Moonshine বা **Moonshiny,** *a.* চন্দ্রের রশ্মিদ্বারা প্রকাশিত, জ্যোৎস্না বা চাঁদনিযুক্ত বা তদ্বিশিষ্ট, আলো, উজ্জ্বল।

Moonstone, *n. s.* চন্দ্রকান্ত মণি, প্রস্তরবিশেষ।

Moonstruck, *a.* ক্ষিপ্ত, পাগল, চন্দ্রের-রশ্মি বা আভা দ্বারা পীড়িত বা বায়ুগ্রস্ত।

Moon-trefoil, *n. s.* বৃক্ষবিশেষ।

Moonwort, *n. s.* পুষ্পবিশেষ, সাধুতা, সত্যতা, শুদ্ধতা, পবিত্রতা।

Moony, *a.* চন্দ্রবৎ, চন্দ্রাকৃতি, চাঁদের ন্যায়, চন্দ্রসম্বন্ধীয়, বাল চন্দ্রাকারযুক্ত বা তদ্বিশিষ্ট, চন্দ্র প্রকাশক বা উদ্বোধক।

Digitized by Google

Moor, *n. s.* Teut. Icel. জলা, জোল, সোঁতা বা নিম্ন ভূমি, ঝিল, বিল, জবন, মোশলমান, হাবসী, খবসী।

To **Moor,** *v. a.* Fr. জাহাজ স্থগিত-কৃ, নোঙ্গর-কৃ, লাগা, নঙ্গরে বাঁধ, আটকা, নঙ্গর-ফেল, জাহাজ-বান্ধ।

To **Moor,** *v. n.* নঙ্গরের দ্বারা স্থগিত-হ, আটক-হ, বদ্ধ-হ, স্থির -হ।

To blow a **Moor,** Fr. সিকার পাইলে শৃঙ্গধ্বনিদ্বারা সকল সিকারিরদিগকে একত্র বা আহ্বান-কৃ।

Moorcock, *n. s.* জলচর পক্ষিবিশেষ, Moorhen নামক পক্ষির নর।

Moorgame, *n. s.* পক্ষিবিশেষ।

Moorhen, *n. s.* জলচর পক্ষিবিশেষ।

Moorish, *a.* জলাবৎ, সোঁতা জমির ন্যায়, কর্দ্দমময়, জলে পরিপূর্ণ বা মগ্ন, বিলের ন্যায় নিম্ন, মোরনামক জাতিসম্বন্ধীয়, জবনীয়, মোশলমানীয়, হাবসী বা কালা লোকোদ্বোধক।

Moorland, *n. s.* জোল, জলময় ভূমি, সোঁতা জমি, কর্দ্দমময় বা জলে পরিপূর্ণ ভূমি, বিল।

Moorstone, *n. s.* প্রস্তরবিশেষ।

Moory, *a.* জলাবৎ, সোঁতা জমির ন্যায় বা তৎসম্বন্ধীয়, কর্দ্দমময়, জলে পরিপূর্ণ বা মগ্ন, জলুয়া বিল।

Moose, *n. s.* আমেরিকাদেশীয় বৃহৎ হরিণবিশেষ।

To **Moot,** *v. a.* Sax. কল্পিত মোকদ্দমায় শিক্ষার্থে বিচার বা আদালত-কৃ, আদাতের কর্ম্ম শিক্ষা-কৃ, বাদানুবাদ-কৃ, শিক্ষার্থে আদালতের ব্যবস্থা-দা বা বিচার-কৃ বা কোটি-কৃ।

To **Moot,** *v. n.* তথা।

Moot, *n. s.* অনিষ্পন্ন বিষয়, অসিদ্ধান্ত বিষয় বা বিচার, কোটি, বিচার, বিবাদ, বাদানুবাদ, বিচারের বিষয়, বিচার হয় বা করা যায় যাহা।

Moot *case* বা *point.* অনিষ্পাদ্য এবং অসিদ্ধান্তবিষয়।

Moot-hall বা **Moot-house,** *n. s.* Sax. বিচারগৃহ, বিচারস্থান, আদালতঘর, কাছারি বা দরবার।

Mooting, *n. s.* শিক্ষার্থে কল্পিতবিষয় বিচার, বাদানুবাদ, বিবেচনা, বিচার, বিবাদ, কোটি বা বিতণ্ডাকরণ।

Mooted, *a.* সমূলোচ্ছিন্ন, সমূলোৎপাটিত, গোড়া, উপড়িয়া ফেলা গিয়াছে যাহার।

Mooter, *n. s.* বিচারক, কোটি বা বিতণ্ডাকর্ত্তা, অনিষ্পাদ্য বিষয়ের বিচারকর্ত্তা।

Mop, *n. s.* Wel. সম্মার্জনী, কোস্তা, ঝাঁটা, ঝাড়ু, মোজে বা শান আদি পরিষ্কারক কাপড়ের বা পশমের গুচ্ছ, নেতা, ঘৃণায় বা উপেক্ষায় মুখ বিকৃত বা বিকটসিকটকরণ, ঘৃণা বা অস্বীকারোদ্বোধক বুঝায়, মুখভ্রূকুটিবিশেষ, ভেঙচান।

To **Mop,** *v. a.* সম্মার্জন-কৃ, পরিষ্কার-কৃ, পূর্ব্বোক্ত গুচ্ছদ্বারা পরিষ্কার-কৃ, নেতাদিয়া সাফ-কৃ।

To **Mop,** *v. n.* ঘৃণায় বা হেয়তাপ্রযুক্ত মুখ বিকটসিকট-কৃ, মুখ ভ্রূকুটিদ্বারা ঘৃণা দ্বেষ বা অস্বীকার প্রকাশ-কৃ।

To **Mope,** *v. n.* Got. জড়-হ, অলস-হ, নিদ্রাযুক্ত-হ, নিদ্রালু-হ, দিবসে সর্ব্বদা স্বপ্ন-দৃশ, নিস্তেজা-হ, মসৃণ-হ, ম্লান-হ, অবসন্ন-হ, উদাস বা অচেতন-হ, ক্ষিপ্ত-হ, অজ্ঞান-হ।

To **Mope,** *v. a.* নিস্তেজ-কৃ, দুর্ব্বল-কৃ, শক্তিহীন-কৃ, স্বাভাবিক শক্তি বা ক্ষমতাবর্জ্জিত-কৃ, ম্লান-কৃ, অবসন্ন-কৃ, উদাস বা অচেতন -কৃ, মসৃণ-কৃ।

Mope, *n. s.* জড় অলস বা নিদ্রাচ্ছন্ন যে ব্যক্তি, নিস্তেজা শক্তিহীন বা কুড়ে লোক, নিষ্কর্ম্মা বা উদাস ব্যক্তি।

Mope-eyed, *a.* Gr. কাণা, একাক্ষ, অল্পদৃক্, দূরদৃষ্টি হয় না যাহার, অল্প বা কম নজর হয় যাহার, এতদ্ভিন্ন Myopy শব্দ দেখ।

Mopish, *a.* নিস্তেজ, দুর্ব্বল, শক্তিহীন, ম্লান, অবসন্ন, উদাস, অচেতন, জড়, কুড়ে, অলস, মসৃণ।

Mopishness, *n. s.* ম্লানতা, অবসন্নতা, ঔদাস্য, আলস্য, নিস্তেজোবস্থা, দৌর্ব্বল্য, দুর্ব্বলতা, শক্তিহীনতা, জড়তা।

Moppet বা **Mopsey,** *n. s.* পুত্তলিকা, পুতলা, স্নেহবাক্যে বালিকার নাম।

Mopus, *n. s.* নিষ্কর্ম্মা, অলস, কুড়্যা, জড়, নিদ্রালু, সর্ব্বদা স্বপ্ন দেখে যে ব্যক্তি।

Moral, *a.* Lat. সুরীতি বা সুধারাবিষয়ক, সচ্চরিত্র, সুরীতি সুনিয়ম বা যথার্থ ব্যবহারী তদ্বিশিষ্ট বা তদ্বিষয়ক, নীতিমান্, নীতিবিষয়ক বা তৎসম্বন্ধীয়, বিচারকারী, খ্যাতিমান্, ধারানুসারী, আবহমান, সচরাচর, লৌকিক, যথার্থ, প্রকৃত, পাপপুণ্যবিষয়ক, স্বভাব রীতি বা চরিত্রবিষয়ক, নীতিবিষয়ক, সাধারণ, চলিত, প্রচলিত।

Moral, *n. s.* নীতি, হিতোপদেশ, নীতিতত্ত্ব, ফল, গুণ, নীতিবিদ্যা বা শাস্ত্র, দৃষ্টান্তার্থ, তাৎপর্য্য।

Moralist, *n. s.* Fr. নীতিবিদ্যাজ্ঞ, নীতিশাস্ত্রজ্ঞ, হিতোপদেশক, মনুষ্যের কর্ত্তব্যাকর্ত্তব্যের উপদেষ্টা, উপদেশকর্ত্তা, নীতিমান্, সুধারার মনুষ্য।

Morality, *n. s.* Fr. নীতিতত্ত্ব, নীতিশাস্ত্র, নীতিবিদ্যা, আচার, ব্যবহার, সদসৎ, পাপপুণ্য ফল বা দণ্ডের কারণ বা বিষয়, তন্নিয়ম রীতি বা প্রকার, নীতিশিক্ষক, নাটকবিশেষ।

Moralization, *n. s.* নীতিশিক্ষা, নীতিবিদ্যার অর্থ বা তাৎপর্য্য, নীতিতত্ত্বের বিবরণ বা জ্ঞাপন, নীতিশাস্ত্রার্থ কোন কর্ম্ম বা বিষয় দ্বারা নীতি ভাব বা অর্থ প্রকাশকরণ।

To **Moralize,** *v. a.* Fr. সামান্য দ্রব্য দেখিয়া মানসিক হীন বিবেচনা-কৃ, হিতোপদেশ-কৃ, সদর্থে প্রয়োগ-কৃ, স্বভাব-জানা, নীতিজ্ঞ-কৃ, উপদিষ্ট-কৃ, উপদেশ-দা, সুরীতি শিক্ষা-দা, নীতি অর্থ -কৃ, নীতি বা উপদেশার্থে জ্ঞাপন বা প্রকাশ-কৃ, দৃষ্টান্ত বা সুরীতির উপাখ্যানদ্বারা জ্ঞান-জন্মা, জ্ঞান-দা, সামান্য বিষয়হইতে কোন নীতির ভাব-আনা।

To **Moralize,** *v. n.* নীতিজ্ঞ-হ, নীতিজ্ঞাতা-হ, নীতি শাস্ত্র-লিখ বা -রচ।

Moralizer, *n. s.* উপদেশক, উপদেষ্টা, নীতি শাস্ত্র শিক্ষাদাতা।

Morally, *ad.* সাধুতা বা ন্যায্যতারূপে, প্রামাণ্যরূপে, নীতিপূর্ব্বক, নীতি শাস্ত্রানুসারে, সাধু স্বভাবপূর্ব্বক, সচ্চরিত্রতাপূর্ব্বক, সুরীতিপূর্ব্বক, জ্ঞানোপদেশপূর্ব্বক, সচরাচররূপে, লৌকিকতাপূর্ব্বক, প্রকৃততা বা যাথার্থ্যপূর্ব্বক।

Morals, *n. s.* নীতি, রীতি, চরিত্র, স্বভাব, ব্যবহার, আচরণ, ধর্ম্ম জ্ঞান, সদসৎজ্ঞান।

Morass, *n. s.* Got. জোল, জলগণ্ড, সোঁতা, কর্দ্দমময় বা জলে পরিপূর্ণ ভূমি, বিল, ঝিল।

Morassy, *a.* জলাবৃত, জলগণ্ডবৎ, কর্দ্দমময়, জল্যো, জলমগ্ন, নিম্ন, কাদাটিয়া।

Moravian, *n. s.* মোরাবিএন ও বহীমিএন মণ্ডলীর মতাবলম্বী বিশেষ।

Moravian, *a.* পূর্ব্বোক্ত উপাসক বা তন্মতসম্বন্ধীয় বা তৎসূচক বা প্রকাশক।

Morbid, *n. s.* Lat. রোগী, পীড়িত, অসুস্থ, রোগগ্রস্ত ব্যক্তি, অসুস্থাবস্থা, অস্বাস্থ্য।

Morbidness, *n. s.* রোগী হওনাবস্থা, পীড়িতাবস্থা, রোগগ্রস্ততা, রোগ, অস্বাস্থ্য।

Digitized by Google

Morbifical বা **Morbifick**, *a.* Lat. রোগজনক, পীড়াকারী, অসুস্থ কারক।

Morbose, *a.* Lat. রোগজাত, পীড়াজনিত, অসুস্থ, পীড়িত।

Mordacious, *a.* Lat. দংশন করে যে, কামড়ান্যা, দংশনকারী, দংষ্টা, জ্বালাকারক, জ্বালাজনক।

Mordaciously, *ad.* দংশনপূর্ব্বক, কামড়ান্যারূপে, বিদ্রূপ বা ব্যঙ্গপূর্ব্বক, নিন্দাপূর্ব্বক, জ্বালাপূর্ব্বক।

Mordacity, *n. s.* Lat. দংশনধর্ম্ম, দংশন গুণ, জ্বালা, ঝাল।

Mordicancy, *n. s.* তথা।

Mordicant, *a.* ক্ষয়কারী, দংশনকারী, জ্বালাকারী, দংশন করে যে, কামড়ান্যা, কটু।

Mordication, *n. s.* দংশনকরণ, কামড়ান, ক্ষয়করণ, জ্বালাকরণ।

More, *a.* Sax. আর, অধিক, অতিরিক্ত, বেশী, জেয়াদা, তর, বা তৃতি, অনেক, আরো, অধিকসংখ্যক, অধিকপরিমাপক, অধিকতর, ফের।

More, *ad.* অধিক বা বেশী করিয়া, জেয়াদাপূর্ব্বক, পুনর্ব্বার, ফের, আবার, দ্বিতীয়বার, আরো গৌণে, এখনপর্য্যন্ত, আরো।

More, *n. s.* অধিক, বেশী, বাড়া, জেয়াদা, অন্যবস্তু, পুনর্ব্বার, দ্বিতীয়বার, অধিকবার বা কাল।

More, *n. s.* Sax. পর্ব্বত, পাহাড়, গ্লাসষ্টরসিয়রনামক প্রদেশে ব্যবহৃত মূলবিশেষ।

Moreen, *n. s.* ঝালর, খাটের ঝালরবিশেষ, মশারির ঝালর।

Morel, *n. s.* Fr. বৃক্ষবিশেষ।

Moreland, *n. s.* Sax. পর্ব্বতময় দেশবিশেষ, পাহাড়িয়া দেশ, পাহাড়তলী দেশ স্থান বা ভূমি।

Moreover, *ad.* পুনশ্চ, অথ, অপিতু, ছাড়া, বাদে, সেওয়ায়, এতদ্ভিন্ন, আর, এবং, অধিকন্তু, ইহার উপর, অপি।

Moresk, *a.* Fr. Lat. মোরনামক জাতিরদের রীত্যনুসারে কৃত চিত্র বা তক্ষণ কার্য্যের সংজ্ঞাবিশেষ।

Morglay, *n. s.* অসিবিশেষ।

To **Morigerate**, *v. n.* Lat. মান, আজ্ঞাপালন-কৃ, হুকুমে-চল, তাঁবেদারি-কৃ, আজ্ঞা প্রতিপালন-কৃ।

Morigeration, *n. s.* মানন, আজ্ঞাপালন, অধীনতা, অনুগততা, আনুগত্য, আজ্ঞাবহতা, আজ্ঞাধীনতা।

Morigerous, *a.* আজ্ঞাবাহক, আজ্ঞাপালক, বশীভূত, অধীন, অনুগত।

Morion, *n. s.* Fr. শিরস্ত্রাণ, যুদ্ধে মস্তকরক্ষার্থে সাজবিশেষ।

Morisco বা **Morisk**, *n. s.* Span. Fr. মোরনামক জাতির ভাষা বা বোলী, তজ্জাতীয় রীত্যনুসারে নৃত্যবিশেষ, নর্ত্তকবিশেষ।

Morisco, *a.* খোদন বা চিত্রসম্বন্ধীয়, Moresk শব্দবৎ অর্থ জানিবে।

Morkin, *n. s.* Swed. রোগাদিপ্রযুক্ত মৃত আরণ্য পশু।

Morling বা **Mortling**, *n. s.* Fr. মৃতমেষের শরীরহইতে আহৃত দ্রব্য, মৃত ভেড়ার পশম বা লোম।

Not, *ad.* Sax. নঞর্থক অব্যয় শব্দ, না, নহি ন, নাই, নয়।

Not, *a.* কেলান, ছাল খোলা, ছাঁটা, কাটা, এতদ্ভিন্ন Nott শব্দ বৎ অর্থ জানিবা।

Notable, *a.* Fr. Lat. প্রসিদ্ধ, নামজেতা, খ্যাত, মশহুর, দৃশ্য, স্মরণীয়, দর্শন বা বিবেচনা যোগ্য, এশব্দ নিন্দার্থে প্রায় ব্যবহার্য্য জানি বা।

Notable, *n. s.* প্রসিদ্ধবস্তু, স্মরণীয় বা স্মরণযোগ্য পদার্থ।

Notableness, *n. s.* স্মরণীয়ত্ব, প্রসিদ্ধতা, ঘৃণার্থে চালাকী কর্ম্মঠত্ব আবশ্যকতা সতর্কতা বা সরদারী বুঝায়।

Notably, *ad.* বিখ্যাতরূপে, স্মরণীয়ত্বরূপে, প্রসিদ্ধরূপে, প্রখ্যাতরূপে।

Notarial, *a.* **Notary** সংজ্ঞক কর্ম্মকর্ত্তাদ্বারা লিখিত বা সেই ব্যক্তি টুকিয়া বা লিখিয়া লইয়াছে যাহা।

Notary, *n. s.* Lat. আদালতের উকীলবিশেষ, সাধারণ বিষয়ে যখন যাহা ঘটে বা উপস্থিত হয় তাহা লিখিয়া রাখে যে ব্যক্তি, একপ্রকার সেরেস্তাদার।

Notation, *n. s.* Lat. চিহ্ন, লিখন, চিহ্নদেওন বা লিখন, সংক্ষেপ লিখন, সংক্ষেপে টুকিয়া রাখণ, অর্থ, ব্যাখ্যা।

Notch, *n. s.* Teut. Ital. খাঁজ, ছিদ্র।

To **Notch**, *v. a.* খাঁজ-কৃ, খাজ-কাট, আল-কাট।

Notchweed, *n. s.* বৃক্ষবিশেষ।

N'ote, জানি না, জ্ঞাত নহি, পারি না, কিপ্রকার জানি না ইত্যাদ্যর্থক জানিবে।

Note, *n. s.* Lat. চিহ্ন, দাগ, নিশানী, সংবাদ, সমাচার, স্মৃতিপত্র বা লিখন, খবর, ইশ্‌তিহার, ঘোষণা, সাবধানতা, সতর্কতা, খবরদারী, সম্ভ্রম, খ্যাতি, নাম, ফল, লজ্জা, কলঙ্ক, অপবাদ, ভৎর্সনা, বিবরণ, বেওরা, অবস্থা, সুর, আওয়াজ, শব্দ, তাল, টিপ, খত, তমসুক, সংক্ষেপ লিখন, চিটী, পত্রী, লিখন, টীকা, টিপ্পনী।

To **Note**, *v. a.* Lat. Fr. চিহ্ন-দা, নিশানি-দা, মনোযোগ-কৃ, দেখ, অবধান-কৃ, পৃথক-কৃ, চিন, ভিন্ন-কৃ, প্রভেদ-কৃ, লক্ষ্য-কৃ, সতর্ক-কৃ, সাবধান-কৃ, খবরদারী-কৃ, লিখিয়া-রাখ, টুকিয়া-রাখ, টুক, অর্পণ-কৃ, তহমত-দা, দোষী-কৃ, তাল-বান্ধ, সুর-বান্ধ।

To **Note**, *v. a.* Sax. গুতা, ঢুসা, ঢুস-মার, শিং দিয়া-গুতা, শিং-মার।

Notebook, *n. s.* স্মারক পুস্তক, কোন বিষয় টুকিয়া বা লিখিয়া রাখা যায় যে পুস্তকে, যখন যে বিষয় ঘটে বা উপস্থিত হয় তত্তদ্বিষয় লিখিয়া রাখা যায় যে পুস্তকে।

Noted, *part. a.* প্রসিদ্ধ, খ্যাত, প্রখ্যাত, খ্যাত্যাপন্ন, নিপুণ, পটু, বিশারদ, বিচক্ষণ, অপূর্ব্ব।

Notedly, *ad.* অবধানপূর্ব্বক, মনোযোগপূর্ব্বক।

Notedness, *n. s.* প্রসিদ্ধতা, খ্যাত্যাপন্নত্ব, অনুত্তমত্ব, সুস্পষ্টতা, দেদীপ্যমানতা।

Noteless, *a.* যৎসামান্য, অপ্রসিদ্ধ, মনোযোগের যোগ্য নহে যে বা যাহা, দৃষ্টিপাত হয় না যাহার উপর।

Noter, *n. s.* অবধান বা মনোযোগ করে যে ব্যক্তি, টিপ্পনীকর্ত্তা, টীকাদাতা বা লেখক, টুকিয়া রাখে বা চিহ্ন দেয় যে ব্যক্তি।

Noteworthy, *a.* অবধানযোগ্য, মনোযোগোপযুক্ত, দেখা যায় বা বিবেচনা করা যায় যাহা বা তদুপযুক্ত।

Nothing, *n. s.* নঞর্থবাচক শব্দ, কিছু নহে, কোন কিছু নয়, অকিঞ্চিৎ, অবস্তু, অসত্তাবিশিষ্ট, অপদার্থ, অবর্ত্তমান, কোন বা অন্য কিছু নহে, অপ্রয়োজন, বৃথা, বেদরকার, নির্ব্বিষয়, অক্লেশ, অনায়াস, তুচ্ছপদার্থ, শূন্যত্ব, বিষয়াভাব, অমূল্য, অব্যবহার, যৎকিঞ্চিৎ, যৎসামান্য, কোন প্রকারে নহে, *For* nothing, অমনি, খামখা, মাঙনা।

Nothingness, *n. s.* অবর্ত্তমানত্ব, অবস্তুত্ব, অকিঞ্চিত্ত্ব, অসত্ত্ব।

Notice, *n. s.* Fr. বিবেচনা, দৃষ্টিপাত, সাবধানতা, অবধান, দৃষ্টি, নজর, সম্বাদ, সমাচার, খবর, ইশ্‌তিহার, মনোযোগ।

To **Notice**, *v. a.* অবধান-কৃ, দৃষ্টি-কৃ, দেখ, বিবেচনা-কৃ, নজর-কৃ, মনোযোগ-কৃ, সমাচার-দা বা-কৃ।

Notification, *n. s.* Fr. জ্ঞাতকরণ, সম্বাদ দেওন, সমাচারকরণ, ইশ্‌তিহার, বিজ্ঞাপন, সম্বাদ, খবর, ইশ্‌তিহারদেওন বা করণ, চিহ্ন।

To **Notify**, *v. a.* Fr. Lat. সমাচার-দা বা-কৃ, সম্বাদ-দা, বার্ত্তা-জানা-কথ-প্রকাশ-কৃ, জ্ঞাত-কৃ, বিজ্ঞাপন-কৃ, ইশ্‌তিহার-দা।

Notion, *n. s.* Lat. বুদ্ধি, জ্ঞান, বোধ, অনুমান, ধ্যান, ফিকির, অনুভব, মতি, চিন্তা, কল্প, সংস্কার, মনের উদ্গম।

Notional, *a.* বোধনীয়, অনুমেয়, কল্পনীয়, অনুভব্য, মানসিক, মানস, মনুজ, বোধ, জ্ঞান বা ধ্যানবিষয়ক বা তৎসম্বন্ধীয়, মানসিক, মনে কল্পিত, ক্ষণিক, স্বপ্নের ন্যায়।

Notionally, *ad.* মনে২, মনেতে, মানসপূর্ব্বক, কল্পনাপূর্ব্বক, মনের উদ্গম ভাব বা সংস্কারপূর্ব্বক, মনে উদয় হয় যেমত তদনুসারে।

Notoriety, *n. s.* Fr. প্রকাশ, প্রচার, সর্ব্বত্র জানান, জ্ঞাপন বা প্রকাশ, প্রসিদ্ধত্ব, বিখ্যাতি।

Notorious, *a.* Lat. প্রসিদ্ধ, বিখ্যাত, বিজ্ঞাত, প্রকাশিত, প্রকট, সকলে জানে যাহাকে, তাবৎ সংসারে প্রকাশমান ব্যক্ত বা স্পষ্ট যাহা, স্পষ্ট, অলুক্কায়িত।

Digitized by Google

Notoriously, *ad.* প্রসিদ্ধরূপে, প্রকাশরূপে, ব্যক্ত খোলাশা বা খোলারূপে, স্পষ্টরূপে, বিখ্যাতরূপে।

Notoriousness, *n. s.* প্রসিদ্ধতা, বিখ্যাতি, সাধারণে প্রকাশমান নাম ভুম বা খ্যাতি।

Nott, *a.* Sax. খোলাসা, পরিষ্কার, কমান, কাটা, ছাঁটা, তরসা, Nott *sheep* শৃঙ্গহীন ভেড়া।

To **Nott**, *v. a.* কাট, কর্ত্তন-কৃ, ছাঁট।

Notwheat, *n. s.* গমবিশেষ।

Notwithstanding, *conj.* তথাপি, তথাচ, তবু।

Notus, *n. s.* Lat. দাক্ষিণিক বায়ু, দক্ষিণদিগের বাতাস।

Novatian, *n. s.* Novatus, নামক ব্যক্তির মতাবলম্বিবিশেষ, জাতি বিশেষ।

Novatianism, *n. s.* পূর্ব্বোক্তজাতির মত রীতি বা ধর্ম্ম।

Novation, *n. s.* Lat. কোন নূতনবিষয় কর্ম্ম রীতি বা চালি চালান প্রকাশ বা প্রসিদ্ধকরণ।

Novator, *n. s.* Lat. কোন নূতন বিষয় চালায় প্রকাশ বা প্রসিদ্ধ করে যে ব্যক্তি।

Novel, *a.* Fr. Lat. নূতন, নবীন, আধুনিক, অপুরাতন, অপ্রাচীন, ইদানীন্তন, অসাধারণ, নূতন আইন বা দস্তুর।

Novel, *n. s.* Fr. নূতনত্ব, অভিনবত্ব, আধুনিকতা, নব্যতা, কোন নূতন বিষয় কর্ম্ম বা দ্রব্য, নূতন নিয়ম বা আইন, উপকথা, ইতিহাস, কাব্যগ্রন্থ, উপাখ্যান।

Novelism, *n. s.* নূতন বিষয়, নূতনধারা প্রকাশ বা স্থাপন, আধুনিক মত ধারা বা রীতি চালান বা প্রকাশকরণ।

Novelist, *n. s.* নূতন বা আধুনিক মত ধারা বা রীতি চালায় বা প্রকাশ করে যে ব্যক্তি, নূতনবিষয় প্রকাশ বা প্রচারকর্ত্তা, ইতিহাস লেখক বা প্রকাশক।

To **Novelize**, *v. a.* নূতন-কৃ, নূতন ধারা বা রীতি চালানদ্বারা পরিবর্ত্তন-কৃ।

Novelty, *n. s.* Fr. নূতনত্ব, নব্যতা, আধুনিকতা, পূর্ব্বে জানা ছিল না যাহা তদ্ভাব বা অবস্থা, নূতন ভাব দ্রব্য বা বিষয়, আশ্চর্য্য বিষয়।

November, *n. s.* Lat. ইউরোপীয় একাদশমাস, আগ্রহায়ণ অথবা কার্ত্তিকের অর্দ্ধেক আগ্রহায়ণের আধা মাস কালপর্য্যন্ত হয় যে মাস।

Novenary, *n. s.* Lat. নব, নয় সংখ্যা।

Novennial, *a.* Lat. প্রতিনয়বৎসরে কৃত বা ভূত।

Novercal, *a.* Lat. বিমাতৃবৎ, বিমাতার তুল্য বা তন্ন্যায়, বিমাতার যোগ্য বা তদুপযুক্ত।

Nought, *n. s.* Sax. কিছু নহে, কিছু না, কোন কিছু নহে, অকিঞ্চিৎ, কোন প্রকারে নয়, কিছুই নহে, *To set at* Nought তুচ্ছ-কৃ, যৎসামান্য-কৃ, অবজ্ঞা-কৃ, তাচ্ছল্য-কৃ।

Novice, *n. s.* Fr. Lat. অপটু, কাঁচা, অপক্ব, নূতন শিক্ষিত, নব ছাত্র, নূতন ব্রতী, প্রথম আরম্ভ করিয়াছে যে, সংস্কার হয় নাই যাহার।

Novitiate, *n. s.* Fr. পূর্ব্বোক্ত ব্যক্তির অবস্থা বা ভাব, প্রথম শিক্ষার কাল, অধ্যয়নকাল, প্রথম শিক্ষাতে ব্যাপ্তকাল, অভিনবতা, ধর্ম্মালয়ে ব্রতিতা বা শিক্ষার্থে যে কালক্ষেপ হয়।

Novitious, *a.* Lat. নূতন নির্ম্মিত সৃষ্ট বা পরিকল্পিত।

Novity, *n. s.* Lat. অভিনবতা, নূতনত্ব, নবত্ব।

Noul, *n. s.* Sax. মস্তক, টোপ, শিখা, Noddle ও Noll শব্দ দেখ।

Nould, *would not* পদের পরিবর্ত্তে ব্যবহৃত নিষেধার্থবাচক শব্দ জানিবে।

Noun, *n. s.* Fr. Lat. নাম, পদার্থবাচক শব্দ, শব্দ, সংজ্ঞা, আখ্যা।

Nourice, *n. s.* Fr. ধাত্রী, ধাই।

To **Nourish**, *v. a.* Fr. Lat. পুষ, পাল, প্রতিপালন-কৃ, আহার দিয়া প্রতিপালন-কৃ, বৃদ্ধি-কৃ, রক্ষা-কৃ, শিক্ষা-দা, তরবীয়ৎ-কৃ, বৃদ্ধি-কৃ, জন্মা।

To **Nourish**, *v. n.* আহার প্রাপ্ত-হ, আহার-মিল।

Nourish, *n. s.* ধাত্রী, ধাই।

Nourishable, *a.* পোষণোপযুক্ত, পোষ্য, প্রতিপাল্য, পালনীয়, পালিত, তরণক্ষম।

Nourisher, *n. s.* পোষক, পোষ্টা, প্রতিপালয়িতা দ্রব্য বা মনুষ্য, প্রতিপালন করে যে।

Nourishment, *n. s.* Fr. আহার, ভক্ষ্যদ্রব্য, খাদ্য বস্তু, প্রতিপালন, পালন, পোষণ, শরীর রক্ষার্থক বা বলবর্দ্ধক আহারীয়দ্রব্য, প্রয়োজনোপযোগিদ্রব্য দেওন বা যোগান।

Nouriture, *n. s.* Fr. শিক্ষা দেওন, শিখান, তরবীয়ৎ।

To **Noursle**, *v. a.* প্রতিপালন-কৃ, লালনপালন-কৃ, *To* Nousel শব্দ দেখ।

Noursling, *n. s.* লালিত বা পালিত বালক, শিশু লালন পালন।

To **Nousle**, *v. a.* লালন পালন-কৃ।

To **Nousle**, *v. a.* বদ্ধ-কৃ, আটক-কৃ, ফান্দে-ফেল, জালে-ধর।

Now, *ad.* Got. Sax. এইক্ষণে, এইসময়ে, বর্ত্তমানকালে বা সময়ে, এতৎকালে, এখন, সম্প্রতি, এবে, অধুনা, ইদানীং, আপাততঃ, এই মাত্র, এককালে, অন্যকালে, ইহার পর, এতৎ পশ্চাৎ, Now *and then* কখনং, যখন তখন, ইতস্ততঃ, এখানে সেখানে, কোনং স্থানে।

Now, *n. s.* কাব্যশাস্ত্রে এইক্ষণ বা এইমুহূর্ত্ত বুঝায়।

Nowadays, *ad.* একালে, এতৎকালে, ইদানীং, বর্ত্তমানকালে।

Noway বা **Noways**, *ad.* কোন প্রকারে নয়, কোন মতেই নয়, কোন রূপেই নয়।

Nowed, *a.* Fr. গ্রন্থিময়, গাঁথা।

Nowhere, *ad.* কোনখানেও নয়, কোথাও নহে, কুত্রাপি নয়।

Nowise, *ad.* কোনমতে বা কোন প্রকারে নয়, কোন রূপেই নয়।

Nowl, **Noul** শব্দ দেখ।

Noxious, *a.* Lat. কুৎসিত, অপকারক, অনিষ্টকারী, মন্দকারী, ক্ষতিকারী, হিংস্রক, হিংসক, মন্দ, অপথ্য, অস্বাস্থ্যজনক, অনাযুষ্ক, বিগুণকারী, দোষী, দুষ্ট, বিষতুল্য, অপরাধী, দোষগ্রস্ত, পাপিষ্ঠ, কৃতাপরাধ, সদোষ।

Noxiousness, *n. s.* কুৎসিতত্ব, অপকারত্ব, অনিষ্টকারিতা, অস্বাস্থ্যজনকতা, সদোষতা, অহিতকারিতা।

Noxiously, *ad.* দুষ্টতাপূর্ব্বক, দোষপূর্ব্বক, অনপকাররূপে, বৈগুণ্য রূপে।

Noyance, *n. s.* ক্ষতি, অপকার, ক্লেশ, Annoyance শব্দ দেখ।

Noysance, *n. s.* অপকার, ক্ষতি, অপরাধ, দোষ, ঘাইট, তক্শীর, লঙ্ঘন, অতিক্রম, উৎপাত, ক্লেশ, এশব্দের পরিবর্ত্তে এক্ষণে Nuisance ব্যবহার জানিবে।

Nozle, *n. s.* Fr. নাক, নাসিকা শুণ্ডা, শুণ্ড, অগ্রভাব, মুড়, টের।

To **Nubble**, *v. a.* মুষ্ট্যাঘাত-কৃ, মার, মুষ্ট্যাঘাতদ্বারা ভগ্ন-কৃ।

Nubiferous, *a.* Lat. অন্ধকারজনক, মেঘকারী, মেঘজনক, মেঘাকর্ষক, মেঘোৎপাদক।

To **Nubilate**, *v. a.* Lat. মেঘাচ্ছন্ন-কৃ, অন্ধকার-কৃ, মেঘ-কৃ, ঘোর-কৃ।

Nubile, *a.* Fr. Lat. বিবাহের যোগ্য, বিবাহোপযুক্ত, বিবাহের উপযুক্ত, বিবাহকরণীয় বা ভবনীয়।

Nubilous, *a.* অন্ধকার, মেঘাচ্ছন্ন।

Digitized by Google

Nuciferous, *a.* Lat. গুবাকজনক, গুবাকোৎপাদক।
Nucleus, *n. s.* Lat. বিচি, আঁটি, কোন বর্দ্ধিত দ্রব্যের মধ্যবর্ত্তি বস্তু।
Nudation, *n. s.* নগ্নকরণ, নগ্ন খোলা বা আদুড়করণ বা তদ্ভাব।
Nude, *a.* Fr. Lat. নগ্ন, উলঙ্গ, খোলা অনাবৃত, আদুড়।
Nudity, *n. s.* Fr. নগ্নতা, উলঙ্গতা, অনাবৃতত্ব, কাঙ্গলামি, দারিদ্র্য, দীনতা, অসাঙ্গত্য।
Nuel, Newel শব্দ দেখ।
Nugacity, *n. s.* Lat. মিথ্যালাপ, মিথ্যাগল্প, নিষ্ফলতা, বড়বড়্যামি, বকামি।
Nugation, *n. s.* Lat. ব্যর্থকরণ, নিষ্ফলকরণ, তুচ্ছ বা সামান্য বিষয় বা কর্ম্ম।
Nugatory, *a.* মিথ্যা, বৃথা, নিষ্ফল, নিরর্থক, সামান্য, তুচ্ছ, ক্ষুদ্র।
Nuisance, *n. s.* Fr. জঞ্জাল, উৎপাত, দায়, লটখটি, অপকারজনক ব্যাপার বা বিষয়, মল বা কদর্য্য দ্রব্যের রাশি বা জমা হওন তদবস্থা বা ভাব, স্মৃতিশাস্ত্রে প্রতিবাসি বা অপরের ক্লেশদ বা ক্ষতি জনক ব্যাপার বুঝায়।
To **Null,** *v. a.* Lat. অন্যথা-কৃ, বৃথা-কৃ, বাতিল-কৃ, নষ্ট-কৃ, রদ-কৃ, মিথ্যা-কৃ।
Null, *a.* বাতিল, বৃথা, মিথ্যা, রদ, অন্যথা।
Null, *n. s.* ব্যর্থ মিথ্যা বা অনর্থকবিষয়, অঙ্কে লিখিত কোন লিখন বা পত্রে কিছুই নয় এতদর্থক চিহ্ন, ব্যর্থতা, নিষ্প্রয়োজনকতা, নিঃশক্তি বাতিল ঝুটা বা কোন কর্ম্মের নহে।
Nullibiety, *n. s.* Lat. কোথায় নয় বা কোনখানে নয় তদ্ভাব বা তদবস্থা, নাস্তি, অভাব।
Nullifidian, *a.* Lat. অধর্ম্মী, অনিষ্ট, পাষণ্ড, নাস্তিক।
To **Nullify,** *v. a.* Lat. বাতিল-কৃ, অন্যথা-কৃ, রদ-কৃ, মিথ্যা-কৃ, ঝুটা-কৃ।
Nullity, *n. s.* Fr. অক্ষমতা, অযোগ্যতা, অসত্তা, অভাব।
Numb, *a.* Sax. গতিশক্তিহীন, অবশ, অচল, স্পন্দনরহিত, অচেতন, জড়, নিঃশাড়, শাড়রহিত, স্পন্দনজনক বা হস্তপাদাদির গতিশক্তিনাশক বা নিবারক।
To **Numb,** *v. a.* গতিশক্তিহীন-কৃ, জড়-কৃ, অবশ-কৃ, স্পন্দনরহিত-কৃ, অচেতন-কৃ, মৃতপ্রায়-কৃ, মৃততুল্য-কৃ।
Numbedness, *n. s.* জড়তা, জাড্য, অচৈতন্য, বিহ্বলতা, স্পন্দরাহিত্য।
To **Number,** *v. a.* Fr. Lat. সংখ্যা-কৃ, গণিত-কৃ, গণনা-কৃ, গণ, হিসাব-কৃ, সুমার-কৃ, মোট-কৃ, হিসাব গণতি-কৃ, সামিল করিয়া লওয়া।
Number, *n. s.* Fr. Lat. সংখ্যা, গণিত, গণনা, সুমার, মোট, অঙ্ক, একাতিরিক্ত সংখ্যা, অনেকত্ব, বহুত্ব, জুমল, মেল, ছন্দ, কবিতা, ব্যাকরণে একবচন দ্বিবচন বহুবচন অর্থ করে।
Numberer, *n. s.* গণনাকর্ত্তা, সংখ্যাকর্ত্তা, গণক, অঙ্কগণক।
Numberless, *a.* অসংখ্যক, বেসুমার, অগণ্য, অগণিত, গণনাতিরিক্ত।
Numbers, *n. s.* pl. আদিপুস্তক, অর্থাৎ বাইবেলের চতুর্থ পর্ব্ব।
Numbles, *n. s.* Fr. হরিণের আঁতুড়ি।
Numbness, *n. s.* জড়তা বা অচেতনকর্ত্তা, স্পন্দন বা গতিশক্তিরাহিত্য, ম্রিয়মাণত্ব, বিহ্বলতা।
Numerable, *a.* সংখ্যেয়, সংখ্যাকরণীয়, গণনীয়, গণিতব্য, গণ্য, গণিতকরণ বা ভবনক্ষম।
Numeral, *a.* Fr. সংখ্যাসম্বন্ধীয় বা তদ্বিষয়ক, সংখ্যাবাচক, সংখ্যাবিশিষ্ট।
Numeral, *n. s.* অঙ্ক, আঁক, অঙ্কবর্ণাত্মক চিহ্ন।
Numerally, *ad.* অঙ্কানুসারে, সংখ্যা করিয়া বা তৎপূর্ব্বক।
Numerary, *a.* অঙ্কসম্বন্ধীয়, কোন নিশ্চিত সংখ্যা বা অঙ্কবিষয়ক।
To **Numerate,** *v. n.* গণনা-কৃ, সংখ্যা-কৃ, হিসাব-কৃ, গণিত-কৃ।
Numeration, *n. s.* গণনা, গণতি, গণন, গুণতি, অঙ্কশাস্ত্রে গণনার সূত্র।
Numerator, *n. s.* Lat. গণনাকারক, গণনাকর্ত্তা, গণিতকর্ত্তা, পুরকাঙ্ক, গুণকাঙ্ক।
Numerical, *a.* অঙ্কসূচক, অঙ্কবিষয়ক, অঙ্কসম্বন্ধীয়, গণক, এক বা সমসংখ্যক।
Numerically, *ad.* অঙ্কানুসারে, একইপ্রকার, গণনানুসারে, অঙ্ক গণিয়া, অঙ্কগণনপূর্ব্বক, তুল্য, অঙ্কানুসারে।
Numerick, *a.* তুল্যাঙ্ক, একজাতীয় অঙ্ক, একজাতীয় গণনা।
Numerist, *n. s.* অঙ্কব্যবসায়ী, অঙ্ক পেশা যাহার, গণক, হিসাবী, গণক, অঙ্ক বা গণনা ব্যবহার করে যে ব্যক্তি।
Numerosity, *n. s.* অঙ্ক, গণনায় বহুত্ব, অনেকত্ব, বাহুল্য, বিস্তারতা, বহুসংখ্যকত্ব, অনেক স্বর বা খেয়ালের মেল।
Numerous, *a.* Lat. অনেক, বহু, বিস্তর, অনল্প, অধিক, বহুসংখ্যক, সুশ্রাব্য, মিষ্ট, মধুর, সুস্বর।
Numerousness, *n. s.* অনেকত্ব, বহুত্ব, বাহুল্য, বিস্তরতা, সুস্বরত্ব, সুশ্রাব্যত্ব, সুস্বর।
Numismaticks, *n. s.* Lat. মুদ্রা টাকা বা মোহরবিষয়ক শাস্ত্র বা তদ্বিদ্যা।
Nummary, *a.* Lat. মুদ্রাবিষয়ক, টাকাসম্বন্ধীয়।
Nummular, *a.* Lat. তথা।
Numps, *n. s.* অবর ভাষায় কমজোর রোগা বা অজ্ঞ ব্যক্তি বুঝায়।
Numskull, *n. s.* অনাড়ী, মূর্খ, জড়, আহাম্মক, মেধাহীন, নির্ব্বোধ, পরিহাসার্থে মস্তক বা বুদ্ধি বুঝায়।
Numskulled, *a.* নির্ব্বোধ, জড়, মেধাহীন, বুদ্ধিহীন, আহাম্মক।
Nun, *n. s.* Sax. Fr. তপস্বিনী, উদাসীনা, সংসারপরিত্যাগিনী স্ত্রী, ব্রহ্মচর্য্যাশ্রয়কারিণী।
Nun, *n. s.* ক্ষুদ্রপক্ষিবিশেষ, এক জাতীয় কপোত।
Nunchion, *n. s.* ভোজনের পূর্ব্বে অল্পাহার, জলপান, জলযোগ।
Nunciature, *n. s.* পরে লিখিত ব্যক্তির পদ বা কর্ম্ম।
Nuncio, *n. s.* Ital. Lat. দূত, বার্ত্তাবাহক, চর, পাপা বা রোমীয় ধর্ম্মাধ্যক্ষের দূতবিশেষ।
To **Nuncupate,** *v. a.* Lat. প্রকাশ বা ব্যক্ত-কৃ, মুখের উপর বা সাক্ষাতে-কথ, ভয় বা সংস্কারপূর্ব্বক ব্যক্ত-কৃ, শপথ করিয়া-কথ।
Nuncupative বা **Nuncupatory,** *a.* Lat. ব্যক্তরূপে প্রকাশকারী, ধর্ম্ম ভয় বা সংস্কারপূর্ব্বক ব্যক্তকারী, প্রকাশে কথিত, সাক্ষাতে কথিত, কথায় ব্যক্ত বা কথিত, অলিখিত।
Nundinal বা **Nundinary,** *a.* Fr. Lat. মেলাবিষয়ক, মেলাসম্বন্ধীয়, হাটসম্বন্ধীয়।
To **Nundinate,** *v. n.* হাটে কেনাবেচা-কৃ, মেলাতে ক্রয়বিক্রয়-হ বা-কৃ।
Nundination, *n. s.* হাটের ব্যবসায়, হাটব্যবসায়, হাটে ক্রয়বিক্রয়।
Nunnery, *n. s.* উদাসীনা স্ত্রীর মঠ আখড়া বা বাসস্থান, তপস্বিন্যালয়, ব্রহ্মচারিণীর স্থান।
Nuptial, *a.* Fr. Lat. বিবাহসম্বন্ধীয়, বিবাহে কৃত বা ব্যবহৃত, বিবাহঘটিত, বৈবাহিক।
Nuptials, *n. s.* বিবাহ, পরিণয়, পাণিগ্রহণ, উদ্বাহ, বিয়া।
Nurse, *n. s.* Sax. ধাত্রী, দাই, পরসন্তান প্রতিপালন বা রক্ষা করে যে স্ত্রী, রোগির পরিচারিকা, অসুস্থ ব্যক্তির প্রতিপালিকা, পরের রোগসেবিকা, প্রতিপালন বিদ্যাশিক্ষা অথবা রক্ষা করে

Digitized by Google

যে স্ত্রী, ঘৃণার্থে বুড়ী বলা যায়, ধাত্রীদ্বারা প্রতিপালিত ব্যক্তির অবস্থা বা ভাব, শব্দ রচনায় আহারদাতাকে বুঝায় এবং পৌষ্টিক দ্রব্য অর্থ জানিবে।

To Nurse, *v. a.* প্রতিপালন-কৃ, পরসন্তান-পোষ, আহার-দা, রক্ষা-কৃ, রাখ, প্রতিপালন-কৃ, উন্নত-কৃ, বর্দ্ধনশীল-কৃ, নরম-কৃ, রোগি ব্যক্তির তত্ত্বাবধারণ-কৃ, রোগি ব্যক্তির সেবা-কৃ, পালন-করা, বৃদ্ধি-কৃ, বাড়া, দেহ পুষ্টি-কৃ।

Nurser, *n. s.* বর্দ্ধক, বৃদ্ধিজনক, বাড়ায় বা উস্কাইয়া দেয় যে ব্যক্তি।

Nursery, *n. s.* ধাত্রীত্ব, ধাত্রীর কর্ম্ম বা পদ, প্রতিপালন, পোষণ, দাইগিরী, পোষ্য বালক, দাই পোষে বা পালন করে যাহাকে, প্রতিপালন বা রক্ষাকরণের বিষয়, বীজ বা ক্ষুদ্র বৃক্ষের ভাণ্ডার, বৃক্ষবীজ বা ক্ষুদ্র বৃক্ষ বুনিবার বা জন্মাইবার স্থান, প্রতিপালন স্থান।

Nursling, *n. s.* পোষ্য, শিশু, প্রতিপালিত বা আদৃত বালক।

Nurture, *n. s.* Fr. আহার, ভক্ষ্যদ্রব্য, শিক্ষা, উপদেশ, শিক্ষাস্থান, প্রতিপালন।

To Nurture, *v. a.* পুষ্, পালন-কৃ, পাল, শিক্ষা-দা, প্রতিপালনদ্বারা বড়-কৃ, বৃদ্ধি-কৃ, *To* Nurture *up* আহার প্রতিপালন বা পোষণ দ্বারা বড়-কৃ।

To Nustle, *v. a.* সোহাগ-কৃ, স্নেহ-কৃ, প্রতিপালন-কৃ, *To* Nuzzle শব্দ দেখ।

Nut, *n. s.* Sax. গুবাক, গুয়া, সুপারি, আটি আছে যে বৃক্ষের, দৃঢ় ত্বক্‌বিশিষ্ট ফল আটি বা বীজ, তৎফলের বৃক্ষ, একপ্রকার চক্রের ন্যায় দন্তবিশিষ্ট বস্তু।

To Nut, *v. n.* পূর্ব্বোক্ত ফলসংগ্রহ-কৃ।

Nutation, *n. s.* Lat. কম্পবিশেষ, ভূমিকম্পবিশেষ।

Nutbrown, *a.* Nut সংজ্ঞক পুরাতন ফলের ন্যায় বা তদ্বৎ।

Nutcrackers, *n. s.* জাঁতি, গুবাক বা আটি ভাঙ্গা অস্ত্র বা কল।

Nutgall, *n. s.* সিন্দূর বৃক্ষস্থ কীটের কোষ।

Nuthatch বা Nutjobber বা Nutpecker, *n. s.* পক্ষিবিশেষ।

Nuthook, *n. s.* আংশিবিশেষ, ফলপাড়া আকর্ষণীবিশেষ।

Nutmeg, *n. s.* Fr. জাতীফল, জাতীকোষ জায়ফল।

Nutrication, *n. s.* Lat. পোষণ, পথ্য বা আহারদেওন, পুষ্টিহওন বা আহারকরণ, এতৎপ্রকরণ বা রীতি।

Nutriment, *n. s.* Lat. আহার, পথ্য, ভক্ষ্য দ্রব্য, খাদ্য দ্রব্য।

Nutrimental, *a.* পৌষ্টিক, আহার্য্য, আহার্য্য গুণবিশিষ্ট, আহারীয়।

Nutrition, *n. s.* Lat. পোষণ, পুষ্টিকরণ, আহারদেওন, আহার দ্বারা বৃদ্ধিকরণ, পুষ্টি, বৃদ্ধিকরণ, পৌষ্টিক দ্রব্য, আহার, পথ্য।

Nutritious, *a.* পুষ্টিজনক বা কারক।

Nutritive, *a.* তথা।

Nutshell, *n. s.* গুবাক বা অন্য বীজের ত্বক্, ত্বক, ছিলকা, খোসা, রূপক কথায় অতিক্ষুদ্র সামান্য বা অতিনির্ম্মূল্যক দ্রব্য বুঝায়।

Nuttree, *n. s.* বৃক্ষবিশেষ, গুবাক।

To Nuzzle, *v. a.* পুষ, পালন-কৃ, পাল, প্রতিপালন-কৃ, বাসা-কৃ, বাসায়-রক্ষ, বাসা বা গৃহস্থ-কৃ।

To Nuzzle, *v. n.* ঘাড় গুঁজিয়া-চল বা-গম, শূকরের ন্যায় নাসিকা অধঃকরিয়া গতি-কৃ।

Nyctalops, *n. s.* Gr. রাত্রিদৃক, দিবসাপেক্ষায় রাত্রিতে উত্তম দেখে যে ব্যক্তি বা ভাল নজর হয় যাহার।

Nyctalopy, *n. s.* চক্ষুরোগবিশেষ, যাহাতে রাত্রি কালে দিবসাপেক্ষায় ভাল দৃষ্টি হয়।

Nye *of pheasants*, Pheasants নামক পক্ষির শাবক, Eye শব্দ দেখ।

Nymph, *n. s.* Lat সুন্দরী স্ত্রী, অপ্সরা, বিদ্যাধরী, পুরস্ত্রী, মাতৃকা, কাব্য শাস্ত্রে সম্ভ্রান্তা স্ত্রী বুঝায়।

Nymphish, *a.* পূর্ব্বোক্ত স্ত্রীবিষয়ক তৎসম্বন্ধীয় বা তন্ন্যায়।

Nymphlike বা Nymphly, *a.* পূর্ব্বোক্ত স্ত্রী তুল্যা, তদাকারা বা তৎস্বরূপা

O.

O, বর্ণমালার পঞ্চদশাক্ষর ইহার উচ্চারণ, দীর্ঘ ও হ্রস্ব দুই প্রকার, যথা *Drone, Groan, Stone, Alone, Cloke,* ইত্যাদি ও *Got, Knot, Shot, Prong* ইত্যাদি।

O, অব্যয়শব্দ, আশ্চর্য্য, বিস্ময় বা শোকার্থে বা সম্বোধনার্থে ব্যবহার হয়, আ আহা, ছিছি ইত্যাদি, সম্বোধনার্থে, হে অরে অহে ভো অহো ইত্যাদি জানিবে, যথা O Lord! O father!

O, *n. s.* চক্রাকার, মণ্ডল, অণ্ডাকার।

Oad, *n. s.* বৃক্ষবিশেষ, Woad শব্দ দেখ।

Oaf, *n. s.* নির্ব্বোধ, জড়, ছেমো, পাগলাট্যা, ক্ষেপা, হাবলা, মূর্খ, মেধাহীন ব্যক্তি, জড়ভরত ন্যায় ব্যক্তি, পিশাচ বা ভূতের দ্বারা পরিবর্ত্তিত বা নিক্ষিপ্ত বালক, ভূতে ফেলা বালক।

Oafish, *a.* অলস, জড়, মূর্খ, গোঁয়ার, নির্ব্বোধ, বুদ্ধিহীন, মাথা ভারি, হাবলাট্যা।

Oafishness, *n. s.* মূর্খতা, জড়ের ভাব বা অবস্থা, নির্ব্বুদ্ধি।

Oak, *n. s.* Sax. বৃক্ষবিশেষ, চক্রবৃক্ষ, সিন্দূরবৃক্ষ বা তৎকাষ্ঠ।

Oak *Evergreen*, *n. s.* বৃক্ষবিশেষ।

Oakapple, *n. s.* পূর্ব্বোক্ত বৃক্ষের গাত্রে ফোঁপরা বা উপত্বক্‌বিশেষ, সিন্দূর বৃক্ষস্থ কীটের কোষ।

Oaken, *a.* সিন্দূর কাষ্ঠ নির্ম্মিত, সিন্দূর বৃক্ষে জাত যাহা।

Oakenpin, *n. s.* ফলবিশেষ।

Oakling, *n. s.* Oak নামক বৃক্ষের চারা।

Oakum, *n. s.* রসারসী ছেঁড়া, সোন বা পাট, কিস্তি নৌকাদির কালাপাতি হয় যে দড়িতে তদ্দ্রব্য।

Oaky, *a.* চক্র বৃক্ষময় বা ভরা বা তদ্বৃক্ষের ন্যায়।

Oar, *n. s.* Sax. দাঁড়, দণ্ড, বট্যা, করওয়াল, ক্ষেপণী।

To Oar, *v. n.* দাঁড়-বাহ, দাঁড়-টান, দাঁড়-মার।

Digitized by Google

To Oar, *v. a.* দাঁড়-টান বা-বাহ, বট্যা-বাহ, দাঁড়-মার, দাঁড়ে নৌকা-চালা বা বহন-কৃ।

Oary, *a.* দণ্ডাকার, দাঁড়ের কর্ম্ম হয় যাহাতে।

Oast, *n. s.* Lat. ভাটীবিশেষ, Hop সংজ্ঞক বৃক্ষ শুখাইবার তুম্বুর।

Oat, *n. s.* Sax. শস্যবিশেষ, এক প্রকার যব, Oats শব্দ দেখ, এতন্নামক বৃক্ষ দণ্ডে নির্ম্মিত চুঙ্গি বা নলী, Oaten শব্দ দেখ।

Oatcake, *n. s.* ওটনামক যবের ময়দার পিষ্টক।

Oaten, *a.* ওটনামক যব নির্ম্মিত বা তৎশস্য উৎপাদক বা জনক বা তত্তুল্য।

Oath, *n. s.* Got. Sax. শপথ, দিব্য, সুকৃতি, কিরা, সপ্তন, কসম, হলফ, সত্য, সময়।

Oathbreaking, *n. s.* মিথ্যা সাক্ষ্য, মিথ্যা শপথ, মিথ্যা দিব্য, শপথ দ্বারা উক্ত বাক্যের বিপরীতাচরণ, দিব্য করিয়া যথার্থাপলাপ।

Oatmalt, *n. s.* ওটনামক যবজমদ্যবিশেষ, Malt শব্দ দেখ।

Oatmeal, *n. s.* ওটনামক যবের ময়দা বা আটা।

Oatmeal, *n. s.* বৃক্ষবিশেষ।

Oats, *n. s.* Sax. ঘোড়ার খাদ্য যববিশেষ, স্কটলণ্ডদেশে মনুষ্যের প্রধান আহার দ্রব্য, ওট্ ইতি প্রসিদ্ধ নাম।

Oatthistle, *n. s.* বৃক্ষবিশেষ।

Obambulation, *n. s.* ভ্রমণ, গমন, ভ্রমণকরণ, বেড়িয়া বেড়ান, পর্য্যটনকরণ, ঘুরিয়া বেড়ান।

Obdormition, *n. s.* Lat. নিদ্রা, আরাম, শয়ন, আলস্যত্যাগকরণ, ঘুম।

To Obduce, *v. a.* Lat. আবৃত-কৃ, ঢাকা-দা, গাত্রে বস্ত্র টানিয়া ঢাক, বস্ত্র বা অন্য আবরণদ্বারা শরীর আচ্ছাদন-কৃ বা মুড়ি-দা।

Obduction, *n. s.* Lat. আবৃতকরণ, ঢাকন, আচ্ছাদনকরণ, মুড়ি দেওন।

Obduracy, *n. s.* কঠিনতা, কুকর্ম্মে দার্ঢ্য বা নির্ভয়তা, ঠেঁটাম, নিষ্ঠুর, কঠিন, রাগী, ঢিটা, শক্ত, কর্কশ, মগরা, অশাম্য, একগুঁয়ে, কুকর্ম্মে নিপুণ বা দৃঢ়ব্যক্তি।

Obdurately, *ad.* কঠিনতারূপে, নিষ্ঠুরতা কাঠিন্য বা ঢেটামরূপে, নির্দ্দয়পূর্ব্বক।

Obdurateness, *n. s.* কঠিনচিত্ততা, নিষ্ঠুরতা, কঠিনতা, একগুঁয়ামি, রাগ।

Obduration, *n. s.* কঠিনান্তঃকরণ, চিত্তের কঠিনতা, একগুঁয়ামি, কার্কশ্য, নিষ্ঠুরতা।

To Obdure, *v. a.* Lat. শক্ত-কৃ, কঠিন-কৃ, কর্কশ-কৃ।

Obduredness, *n. s.* কঠিনত্ব, একগুঁয়ামি, নিষ্ঠুরতা, কার্কশ্য, শক্তাই, দৃঢ়তা।

Obedience, *n. s.* Fr. আজ্ঞাপালন, আজ্ঞামানন, আজ্ঞাবহন, আজ্ঞাকারিতা, আজ্ঞাবর্ত্তিতা, অধীনতা, বশীভূততা, হুকুমবরদারী, তাবেদারী, অধীনত্ব স্বীকার, শুশ্রূষা।

Obedient, *a.* Lat. আজ্ঞাকারী, আজ্ঞাবহ, আজ্ঞাবর্ত্তী, আজ্ঞাপালক, বশ্য, তাঁবেদার, অধীন, হুকুমবরদার, তাবিআন।

Obediential, *a.* Fr. আজ্ঞাকারী, আজ্ঞাবাহক, আজ্ঞানুবর্ত্তী, অধীনতা আজ্ঞাবহন বা বশীভূততারূপক বা তদনুসারী, বশ্যবৎ, বিনয়িবৎ।

Obediently, *ad.* আজ্ঞাকারিতাপূর্ব্বক, আজ্ঞাকারী হইয়া, আজ্ঞাবহনপূর্ব্বক, আজ্ঞানুসারে, অধীনতারূপে, বশ্যতারূপে, বশীভূততারূপে।

Obeisance, *n. s.* Fr. প্রণিপাত, প্রণাম, নমস্কার, দণ্ডবৎ, সভ্যতা, মান্যতা।

Obelisk, *n. s.* Lat. সূচ্যগ্রদীর্ঘ প্রস্তরের স্তম্ভবিশেষ, নীচে মোটা ক্রমে ঊর্দ্ধে সরু, চৌপলিয়া সঙ্গমর্ম্মর বা অন্য কোন প্রস্তর, মন্তব্য কথার চিহ্নবিশেষ, পুস্তকের পার্শ্বে ব্যবহৃত চিহ্ন, যথা +।

Obequitation, *n. s.* ভ্রমণ, সওয়ার হইয়া ফেরণ, Equstatio শব্দ দেখ।

Oberration, *n. s.* Lat. ভ্রমণ, ভ্রমণকরণ, পর্য্যটনকরণ, বেড়িয়া বেড়ান।

Obese, *a.* Lat. মাংসল, মোটা, স্থূল, হৃষ্টপুষ্ট, স্থূলকায়।

Obeseness বা Obesity, *n. s.* মাংসলতা, মোটাই, হৃষ্টপুষ্টতা, স্থূলতা, স্থূলকায়ত্ব, মেদ।

To Obey, *v. a.* Fr. মান, আজ্ঞা-পাল বা-রাখ, শুন, অবধান-কৃ, স্বীকার-কৃ, কবুল-কৃ, আজ্ঞামতে চল।

Obeyer, *n. s.* মানক, স্বীকারকর্ত্তা, আজ্ঞাপ্রতিপালনকর্ত্তা, আজ্ঞারক্ষক, হুকুমবরদার।

To Obfuscate, *v. a.* Lat. অন্ধকার-কৃ, অদীপ্তি-কৃ, ঘোর-কৃ, *To* Offuscate শব্দ দেখ।

Obfuscate, *part. a.* অন্ধকার, ঘোর, অনুজ্জ্বল।

Obfuscation, *n. s.* কালকরণ, অন্ধকার বা ঘোরকরণ।

Object, *n. s.* Fr. Lat. তাৎপর্য্য, মুদ্দা, বিষয়, অভিপ্রায়, আশয়, তদন্ত কারণ, প্রয়োজন, ব্যাকরণে কর্ম্মপদ বুঝায়।

To Object, *v. a.* Fr. Lat. আপত্তি-কৃ, বিবাদ বা ওজর-কৃ, অস্বীকার-কৃ, না-মান।

Object, *part. a.* আপত্তি ওজর বা বিবাদ কৃত বা হইয়াছে বা করা গিয়াছে যাহাতে বা যাহার উপর, বিপরীত।

Objectable, *a.* Objectionable শব্দ দেখ, আপত্তিকরণ যোগ্য, ওজর করা যায় যাহাতে।

Objectglass, *n. s.* দুর্বিণের অগ্রভাগের বা মুখের গেলাশ।

Objection, *n. s.* Fr. Lat. আপত্তিকরণ, আপত্তি, আধেজ, ব্যাঘাত, বাধা, ওজর, দাবি, তহমৎ, বৈপরীত্য, দোষ।

Objectionable, *a.* আপদ্য, আপত্তিকরণীয় বা তৎযোগ্য, বিবাদ ব্যাঘাত বা ওজরবিশিষ্ট বা তাহা করা যায় যাহাতে, দুষ্য, ত্যাজ্য।

Objective, *a.* Fr. Lat. তাৎপর্য্য বিষয় বা অভিপ্রায়বিষয়ক বা তৎসম্বন্ধীয় বা তদ্বিশিষ্ট, অভিপ্রেত, প্রস্তাবিত হইয়াছে যে বিষয়, কথিত উক্ত বা প্রস্তাবিত হইয়াছে যাহা, In Grammar কর্ম্মপদ, কর্ম্মবাচক।

Objectively, *ad.* কোন অভিপ্রায়, অভিপ্রায়ে কর্ম্ম বা বিষয় আছে যাহাতে, তদনুসারে বা তৎপূর্ব্বক।

Objectiveness, *n. s.* তাৎপর্য্য, অভিপ্রায় বা মুদ্দার ভাব বা অবস্থা।

Objector, *n. s.* আপত্তিকারক বা জনক, বিবাদোৎপাদক, উৎপাত বিবাদ বা আপত্তি উঠায় বা জন্মায় যে ব্যক্তি।

Obit, *n. s.* Lat. শ্রাদ্ধাদি অন্ত্যেষ্টি ক্রিয়া, একোদ্দিষ্ট শ্রাদ্ধ, মৃত ব্যক্তির উদ্দেশে সাম্বৎসরিক ক্রিয়া।

Obituary, *n. s.* Fr. মৃত ব্যক্তিরদের সংখ্যা বা তালিকা বা তদ্বিবরণ।

To Objurgate, *v. a.* Lat. দমন-কৃ, শাসন-কৃ, ধমক-কৃ, অনুযোগ-কৃ, লাঞ্ছনা-কৃ, তিরস্কার-কৃ।

Objurgation, *n. s.* Fr. Lat. অনুযোগ, ডাঁটন, শাসন, দমন, ধমকানি, লাঞ্ছনা, তিরস্কার।

Objurgatory, *a.* লাঞ্ছনাকারী, অনুযোগকারী, তিরস্কারকারী, ধমকায় বা দমন করে যে।

Oblate, *a.* Lat. অণ্ডাকার, গোলাকার, পার্শ্বে চেপ্টা অথচ গোলাকার।

Oblation, *n. s.* Fr. Lat. পুজা, হোম, নৈবেদ্য, হব্য, কব্য, হবন, ভোগ, বলি, উৎসর্গ।

Digitized by Google

To Oblectate, *v. a.* Fr. Lat. আনন্দ-কৃ, উল্লাস-কৃ, খুসী-কৃ, সন্তোষ -কৃ বা -জন্মা।

Oblectation, *n. s.* আনন্দ, আহ্লাদ, সন্তোষ, খুসী, তুষ্টি, আমোদ।

To Obligate, *v. a.* Lat. বদ্ধ-কৃ, কোন কর্ম্ম ভার নিয়ম পণ বা করার দ্বারা বদ্ধ-কৃ।

Obligation, *n. s.* Lat. উপকার অনুগ্রহ বা দয়া বা তদ্দ্বারা বাধ্যকরণ বা হওন, বাধ্যতা, শপথ প্রতিজ্ঞা, কর্ম্ম করার বা নিয়মদ্বারা বদ্ধ করণ বা তৎক্ষমতা বা ভাব, একরারনামা, মুচলকা, উপরোধ।

Obligato, *a.* Ital. বাদ্যশাস্ত্রে সংজ্ঞা বিশেষ।

Obligatory, *a.* Fr. নির্ব্বন্ধনীয়, অনুরোধ্য, মাননীয়, প্রতিজ্ঞেয়, বদ্ধকারী, নিয়মাধীন, নিয়ম পণ বা করারে বদ্ধ করে বা হয় যে।

To Oblige, *v. a.* Fr. Lat. নির্ব্বন্ধন-কৃ, বদ্ধ-কৃ, বাধ্য-কৃ, উপকৃত -কৃ, সন্তুষ্ট-কৃ,তৃপ্ত-কৃ, বাধিত-কৃ, অনুগ্রহ বা দয়া-কৃ বা তদ্দ্বারা বাধিত-কৃ, উপকার-কৃ, কোন উপকার সন্তোষ বা বাধ্যতা দ্বারা অনুগত-কৃ, অনুরোধ-কৃ, জোর-কৃ, লাচার-কৃ।

Obligee, *n. s.* বাধিত বা উপকৃত ব্যক্তি, কোন একরার কোটি বা লিখন দ্বারা বদ্ধ হইয়াছে যে ব্যক্তি।

Obligement, *n. s.* Fr. বাধ্যকরণ, বাধ্যতা, Obligation শব্দবৎ অর্থ জানিবে।

Obliger, *n. s.* অনুগ্রহ বা দয়াকর্ত্তা, লাচার বা জোর করে যে, বাধ্য কর্ত্তা, নির্ব্বন্ধনকারক, অনুরোধকর্ত্তা, উপকারক, পরিতুষ্টকর্ত্তা।

Obliging, *part. a.* Fr. অনুগ্রাহক, উপকারী, বাধ্যকারী, শিষ্টাচারী, সুশীল, অনুরোধী, মনোহর, নম্র, সম্ভ্রমকারী, মর্য্যাদক।

Obligingly, *ad.* শিষ্টাচারপূর্ব্বক, শিষ্টাচারিতা বা উপকারিতা রূপে, অনুগ্রহপূর্ব্বক, অনুগ্রহ করিয়া।

Obligingness, *n. s.* অনুরোধ, বাধ্যতা, জবরদস্তি, জোর।

Obligor, Obligee শব্দ দেখ।

Obliquation, *n. s.* Lat. বক্রতা ঢাল বা তেরচার ভাব।

Obliqne, *a.* Fr. Lat. অস্পষ্ট, অনৃজু, তেড়া, বাঁকা, বক্র, তের্ছা, ঢাল, অসমান, আড়, In Grammar কর্ম্মকরণাদি কারক বুঝায়।

Obliquely, *ad.* বক্রভাবে, তের্ছাতে, আড়ে, অস্পষ্টরূপে বা ভাবে, অস্পষ্টার্থপূর্ব্বক, যথার্থ বা উচিত অভিপ্রায় বিনা।

Obliqueness বা Obliquity, *n. s.* Fr. অসারল্য, বক্রতা, অনৃজুত্ব, আড় বক্র বা তের্ছার ভাব।

To Obliterate, *v. a.* Lat. কোন লিখন মুছিয়া-ফেলা বা-মিটা, লুপ্ত -কৃ, লুপ, পুছ, মোছ, বিনাশ-কৃ, নষ্ট-কৃ, ক্ষয়-কৃ।

Obliteration, *n. s.* লোপ, মিটাওন, লুপ্তকরণ, পুঁছিয়া বা মুছিয়া ফেলন, বিনাশ, ক্ষয়, নির্ব্বাণ।

Oblivion, *n. s.* Lat. বিস্মরণ, বিস্মৃতি, ভ্রম, ভ্রান্তি, ভুল, ভ্রান্তত্ব, ক্ষমা, অপরাধ মার্জনা, দোষবিস্মরণ, রেআইত, রাজক্ষমা।

Oblivious, *a.* Lat. ভ্রামক, ভ্রমজনক, বিস্মারক, ভুলো।

Oblong, *a.* Fr. Lat. দীর্ঘাকার, দীর্ঘাল, শড়িঙ্গা, প্রস্থহইতে দীর্ঘে বড় বা লম্বা যে বা যাহা।

Oblongly, *ad.* লম্বাদিগে, লম্বাভাগে বা ভাবে, লম্বালম্বি, দীর্ঘে, দীর্ঘাকাররূপে।

Oblongness, *n. s.* দীর্ঘাকারত্ব, দীর্ঘত্ব, লম্বালম্বিতে বা দীর্ঘে বড় যে তদ্ভাব বা তদবস্থা।

Obloquious, *a.* নিন্দাকারী, ভর্ৎসনা বা অনুযোগকারক।

Obloquy, *n. s.* Lat. ভর্ৎসনা, গ্লানি, নিন্দা, কুৎসা, কুচ্ছা, অখ্যাতি, কুখ্যাতি, বদনাম, দুর্নাম, অসম্মান, অসম্ভ্রম, অপমান।

Obluctation, *n. s.* Lat. প্রতিবন্ধকতা, ব্যাঘাত, উৎপাত, বৈপরীত্য, প্রাতিকূল্য, মোজাহেমি।

Obmutescence, *n. s.* Lat. বাক্‌রোধ, বাক্‌স্তম্ভ, মৌন, তূষ্ণীংভাব।

Obnoxious, *a.* Lat. অধীন, যোগ্য, উপযুক্ত, খোলা, অপ্রতিষ্ঠিত, তাবেদার, বশতাপন্ন, দণ্ডনীয়, দণ্ড্য, সাজাওয়ার, অনুযোজ্য, অসুখ্যাত।

Obnoxiousness, *n. s.* যোগ্যতা, উপযুক্ততা, অধীনত্ব, তাবেদারি, বশতাপন্নতা, বশ্যতা, দণ্ডনীয়ত্ব, অনুযোজ্যতা, অসুখ্যাতি, অপ্রতিষ্ঠান্বিতত্ব।

Obnoxiously, *ad.* যোগ্যতাপূর্ব্বক, উপযুক্ততারূপে, অধীনতাপূর্ব্বক, বশ্যতারূপে, দণ্ড্যতারূপে, দণ্ড্য বা সাজাওয়ার হইয়া বা তদ্ভাবে।

To Obnubilate, *v. a.* Lat. অন্ধকার-কৃ, ঘোর-কৃ, মেঘাচ্ছন্ন-কৃ, মেঘলা-কৃ

Obnubilation, *n. s.* অন্ধকারকরণ, মেঘাচ্ছন্নকরণ, ঘোরকরণ।

Obole, *n. s.* Lat. *Grain* গ্রীন সংজ্ঞক পরিমাণের দ্বাদশ গুণ, প্রায় আটরত্তি।

Obreption, *n. s.* Lat. ঘাতি মারিয়া থাকন, লুকাইয়া বা গুপ্ত ভাবে প্রবেশ হওন করণ বা ঢুকন, অনিশ্চিত বা অকস্মাৎ প্রবেশন।

Obreptitious, *a.* গুপ্তভাবে প্রাপ্ত বা কৃত, লুকাইয়া বা গোপনে করা।

To Obrogate, *v. a.* Lat. বিপরীত নিয়ম আইন বা ব্যবস্থা প্রকাশ-কৃ, প্রাচীন পুরাতন বা বর্ত্তমান নিয়ম বা ব্যবস্থা নাশ বা লোপকরণার্থে তদ্বিপরীত নিয়ম বা ব্যবস্থা-চালা বা প্রকাশ-কৃ।

Obscene, *a.* Fr. Lat. খেঁচড়া, খেঁচড়া, নির্লজ্জ, বেহায়া, অকথ্য, অবাচ্য, ঘৃণার্হ, অপকারক, অনিষ্টকর, অমঙ্গল্য, অশুভদ, মন্দ, খারাব, অশুদ্ধ, অপবিত্র।

Obscenely, *ad.* অশুদ্ধরূপে, অপকৃষ্টরূপে, অযথার্থরূপে, ঘৃণাপূর্ব্বক, লাম্পট্যরূপে, বেহায়ামিরূপে অবাচ্য অকথ্য বা নির্লজ্জারূপে বা ভাবে।

Obsceneness বা Obscenity, *n. s.* Fr. অবাচ্যত্ব, অশুদ্ধত্ব, অপবিত্রতা, কুবাক্য, দুর্ব্বাক্য, অসাধুত্ব, লাম্পট্য, ভ্রষ্টতা, নষ্টতা, বেহায়ামি, নির্লজ্জতা।

Obscuration, *n. s.* Lat. অন্ধকারকরণ, ঘোরকরণ, অন্ধকারময়ত্ব, ঘোর বা অন্ধকারাবস্থা।

Obscure, *a.* Lat. অন্ধকার, ঘোর, অস্পষ্ট, দুর্জ্ঞেয়, অনুজ্জ্বল, ঘোরাল, অপরিষ্কার, অদৃশ্য, দৃষ্টিরোধক, অস্ফুট, কূটার্থক, শক্ত, কঠিন, অন্ধকারেস্থিত।

To Obscure, *v. a.* Lat. অন্ধকার-কৃ, ঘোর-কৃ, অস্পষ্ট-কৃ, অদৃশ্য -কৃ, অস্পদৃষ্ট-কৃ, অস্পবোধ্য-কৃ, দুর্জ্ঞেয়-কৃ, অসুখ্যাত বা অপ্রখ্যাত-কৃ, অসুন্দর-কৃ, অনুত্তম-কৃ, লুকা, ছাপা, গোপন-কৃ, অজ্ঞাত-কৃ।

Obscurely, *ad.* অস্পষ্টরূপে, অনুজ্জ্বলরূপে, ঘোররূপে, অন্ধকাররূপে, দৃষ্ট্যগোচরে, অদৃষ্টে, গোপনে, গুপ্তভাবে, না জানাইয়া, অপ্রকাশে, অপ্রকাশরূপে, অসুস্পষ্টরূপে, অজানত বা অজ্ঞাত রূপে, লুকাইয়া।

Obscureness বা Obscurity, *n. s.* Lat. অন্ধকার, ঔজ্জ্বল্যাভাব, ঘোরত্ব, তিমিরত্ব, অস্পষ্টত্ব, অজ্ঞাতাবস্থা, অপ্রকাশের ভাব বা তদবস্থা, গোপন, গুপ্তাবস্থা, কূটার্থ, দুর্জ্ঞেয়ত্ব, মালিন্য, মন্দ জ্যোতিঃ।

Obsocration, *n. s.* কাকুতি মিনতি, প্রার্থনা, যাচন।

Obsequent, *a.* Lat. আজ্ঞাবহ, আজ্ঞাপালক, আজ্ঞাকারী, আজ্ঞাবর্ত্তী, অধীন, ধর্ম্মপালক, দাস, বশতাপন্ন, বশীভূত।

Obsequies, *n. s.* Fr. সৎকার, অন্ত্যেষ্টিক্রিয়া, উত্তরক্রিয়া, পিণ্ডদানাদিব্যাপার, শ্রাদ্ধ।

Obsequious, *a.* Lat. অধীন, আজ্ঞাকারী, কানোড়া, ভক্ত, অনু

Digitized by Google

গত, বাধ্য, বশ্য, বশতাপন্ন, অন্ত্যেষ্টি ক্রিয়াদি বিষয়ক বা তৎসম্বন্ধীয়।

Obsequiously, *ad.* অধীনত্বরূপে, আজ্ঞাকারিতাপূর্ব্বক, ভক্ততা রূপে, আনুগত্য বশ্যতা বা বাধ্যতাপূর্ব্বক।

Obsequiousness, *n. s.* স্বীকার, অধীনত্ব, আজ্ঞাকারিত্ব, ভক্ততা, আনুগত্য, বাধ্যতা, বশীভূততা।

Obsequy, *n. s.* Lat. সৎকার, অন্ত্যেষ্টিক্রিয়া, Obequies শব্দ দেখ।

Observable, *a.* অবলোকনীয়, দৃশ্য, লক্ষ্য, লক্ষ্যকরণীয় বা তদুপযুক্ত, অবধানযোগ্য, ব্যবহার্য্য, প্রধান, শ্রেষ্ঠ, খ্যাত্যাপন্ন।

Observably, *ad.* অবলোকনপূর্ব্বক, আলোকন করিয়া, দর্শন পূর্ব্বক, মনোযোগপূর্ব্বক, অবধানপূর্ব্বক বা করিয়া।

Observance, *n. s.* Fr. Lat. মনোযোগ, সম্মান, আদর, সমাদর, কর্ত্তব্য ক্রিয়া, পুণ্যক্রিয়া, ব্যবহার, আচার, মান্যতা।

Observancy, *n. s.* মনোযোগ, সমাদর, ব্যবহার।

Observanda, *n. s.* pl. Lat. কর্ত্তব্য কর্ম্ম বা বিষয়, উচিত কর্ম্ম বা বিষয়।

Observant, *a.* Lat. মনোযোগী, সাবধান, সুকর্ম্মা, পটু, কর্ম্মঠ, আজ্ঞাকারী, অনুনয়ী, দাস, আজ্ঞাধীন, সমাদরকারী, কর্ত্তব্য কর্ম্মকারী, কর্ত্তব্য ক্রিয়া প্রতিপালক।

Observant, *n. s.* মনোযোগপূর্ব্বক অবলোকন, লক্ষ্য, সমাদর বা প্রতিপালন করে যে ব্যক্তি।

Observation, *n. s.* Lat. অবলোকনকরণ, মনোযোগকরণ, লক্ষ্যকরণ, অবলোকন, আলোচনা, মনোযোগ, লক্ষ্য, দর্শন, প্রকাশ, সংস্কার, চিহ্ন, টীকা, বিবেচনা, মন্তব্য কথা, দোষ বা গুণ দর্শায়, মান্যতা, কথন, ধর্ম্মানুষ্ঠান, ধর্ম্ম কর্ম্ম, কর্ত্তব্য ক্রিয়া আচার বা অনুষ্ঠান।

Observator, *n. s.* অবলোকনকর্ত্তা, আলোচক, দ্রষ্টা, মনোযোগ কর্ত্তা।

Observatory, *n. s.* যন্ত্রদ্বারা জ্যোতিঃশাস্ত্র নিরীক্ষণ আলোচনা বা বিবেচনার্থে নিরূপিত স্থান, গ্রহ নক্ষত্রাদি দর্শনার্থে স্তম্ভ বা উচ্চস্থান বা গৃহবিশেষ।

To **Observe,** *v. a.* Lat. দৃশ্, চৌকী-দা, পহরা-দা, মনোযোগ পূর্ব্বক-দেখ, অবলোকন-কৃ, মনোযোগ-কৃ, দর্শন-কৃ, অবধান-কৃ, মান, পাল, লক্ষ্য-কৃ, হের, কর্ত্তব্য ক্রিয়া ব্যবহার-কৃ, শাস্ত্রানুসারে আচার বা ব্যবহার-কৃ, কর্ত্তব্য কর্ম্ম প্রতিপালন-কৃ, অনুমোদন -কৃ, মনোনিবেশ-কৃ, অপেক্ষা-কৃ।

To **Observe,** *v. n.* মনোযোগী-হ, অবলোকন-হ, দৃশ্, লক্ষ্যকারী-হ।

Observer, *n. s.* দ্রষ্টা, অবলোকনকর্ত্তা, মনোযোগপূর্ব্বক লক্ষ্য কর্ত্তা, মনোযোগপূর্ব্বক বিবেচক, আলোচনা বা অবলোকন কারক, মনোযোগী, শাস্ত্র ব্যবহার বা আচারপ্রতিপালক বা তাহা মান্য করে বা তদনুসারে চলে যে ব্যক্তি।

Observingly, *ad.* মনোযোগপূর্ব্বক, সাবধানে, দেখিয়া শুনিয়া।

To **Obsess,** *v. a.* Lat. ভূতাবেশ-কৃ, উপরিভাবাক্রান্ত-কৃ, বেষ্টন -কৃ, ঘের, আক্রমণ-কৃ।

Obsession, *n. s.* Lat. আক্রমণকরণ, সৈন্যদ্বারা বেষ্টনকরণ, ভূতে পাওন, ভূতাবেশ, *Satan* শয়তান নামক নরকাধিপতির আক্রমণ।

Obsidional, *a.* Lat. সৈন্যদ্বারা বেষ্টন বা পরাক্রমকরণবিষয়ক বা তৎসম্বন্ধীয়।

To **Obsignate,** *v. a.* Lat. সাভ্যন্ত-কৃ, দৃঢ়-কৃ, হস্তাক্ষর বা মোহরের দ্বারা নিশ্চয়-কৃ, বন্ধ-কৃ, বদ্ধ-কৃ,।

Obsignation, *n. s.* মোহর করণ, নিশ্চয় করণ, দৃঢ়করণ, মোহর দ্বারা দৃঢ় বা নিশ্চয় করণ।

Obsignatory, *a.* নিশ্চয়কারী, সাভ্যন্তকারী, দৃঢ়কারী, স্থিরকারী।

Obsolescent, *a.* Lat. অব্যবহার্য্য, নিষ্কর্ম্মা বা অনাবশ্যক হয় যাহা।

Obsolete, *a.* Lat. অব্যবহার্য্য, অচলিত, লুপ্ত, চলন বা ব্যবহার নাই যাহার।

Obsoleteness, *n. s.* অব্যবহার্য্যতা, অচলিতত্ব, লুপ্তত্ব।

Obstacle, *n. s.* Fr. Lat. প্রতিবন্ধ, বাধা, আটক, প্রতিরোধ, বিঘ্ন, ব্যাঘাত, আড়, বাগড়া।

To **Obstetricate,** *v. n.* Lat. ধাত্রীর কর্ম্মকারী-হ, ধাইগিরি-কৃ।

To **Obstetricate,** *v. a.* ধাত্রীর কর্ম্মে সহকার-কৃ, ধাইগিরি-কৃ।

Obstetrication, *n. s.* ধাত্রীর কর্ম্ম বা পদ, ধাইগিরি, ধাত্রীত্ব।

Obstetrick, *a.* Lat. ধাত্রীত্বোপযুক্তা, ধাত্রীকর্ম্মকারিণী, ধাত্রী, ধাত্রীর ন্যায় বা তত্তুল্যা।

Obstinacy, *n. s.* Lat. একগুঁয়েমি, তষ্টি, ঠেঁটামি, রগটানার ভাব, স্বৈরিতা, দৃঢ়তা, গোয়ারতিমি।

Obstinate, *a.* Lat. একগুঁয়ে, তষ্টিওয়ালা, ঠেঁটা, রগটানা, স্বৈরী, দৃঢ়, গোঁআর, স্বতন্ত্র, নিরপেক্ষ, আত্মমতি, একরোখা, অবাধ্য, শূয়রে গোঁতে চলে যে, মগরা।

Obstinately, *ad.* ঠেঁটামিরূপে, একগুঁয়েমিপূর্ব্বক, নিরপেক্ষতা পূর্ব্বক, স্বৈরিতারূপে, স্বাতন্ত্র্যপূর্ব্বক, অবাধ্যতারূপে।

Obstinateness, *n. s.* ঠেঁটামি, একগুঁয়েমি, স্বাতন্ত্র্য, অবাধ্যতা, স্বৈরিতা, নিরপেক্ষতা, দৃঢ়তা, রগটানার ভাব, মগরামি।

Obstipation, *n. s.* Lat. কোন পথ ফাক বা ছিদ্র বন্দকরণ, পথ মারণ।

Obstreperous, *a.* Lat. গণ্ডগোলিয়া, কোলাহলকারী, কলরবকারী, গণ্ডগোল করে যে, সোরকারী, উচ্চভাষী।

Obstreperously, *ad.* কোলাহলপূর্ব্বক, সোর করিয়া, গণ্ডগোল করিয়া।

Obstreperousness, *n. s.* গণ্ডগোল, গোলমাল, কলরব, চেঁচাচেঁচি, কলকলি, হঙ্গাম, সোরসরাবত্।

Obstriction, *n. s.* Lat. নির্ব্বন্ধ, বাধ্যতা, প্রতিজ্ঞা, একরার।

To **Obstruct,** *v. a.* Lat. বন্ধ-কৃ, আটক-কৃ, অবরোধ-কৃ, রুদ্ধ-কৃ, বন্দ-কৃ, ব্যাঘাত-কৃ, ব্যাঘাত-জন্মা, রোকা, শৈথিল্য-কৃ, আড় -কৃ।

Obstructer, *n. s.* নিবারণকর্ত্তা, প্রতিবন্ধক, বাধাকর্ত্তা বা দাতা, অবরোধকারী, আঘাতক।

Obstruction, *n. s.* Lat. বাধা, ব্যাঘাত, আঘাত, আটক, অবরোধ, প্রতিবন্ধকতা, বিঘ্ন, লেঠা, ঠেক, রোধ, গতিরোধ।

Obstructive, *a.* Fr. প্রতিবন্ধক, ব্যাঘাতজনক, বিঘ্নজনক, অবরোধক, রোধক।

Obstructive, *n. s.* প্রতিবন্ধ, ব্যাঘাত, বিঘ্ন, লেঠা, বাধা, উৎপাত, রোধ, বাগড়া।

Obstruent, *a.* Lat. প্রতিবন্ধক, বিঘ্নজনক, বাধাকর, রোধক, অবরোধক, নিবারক, নিষেধকর, রোধক, ব্যাঘাতজনক।

Obstupefaction, *n. s.* Lat. জড়করণ, বিহ্বলকরণ, অচেতনকরণ, অচৈতন্য জন্মান, অন্তর্ব্বোধ বা মনঃশক্তি, অবরোধকরণ বা জন্মান।

Obstupefactive, *a.* বিহ্বলকারী, অচেতনকারী, অজ্ঞানকারী, বেহোশকারী, মনঃশক্তি বা জ্ঞান রহিতকারী।

To **Obtain,** *v. a.* Lat. লাভ-কৃ, প্রাপ্, লভ্, প্রাপ্তি-কৃ, রাখ, দখলে-রাখ, সিদ্ধ-কৃ।

To **Obtain,** *v. n.* প্রাপ্তি-হ, লাভ-হ, চলনসহী-হ, স্থাপিত-হ, প্রবল-হ, সিদ্ধ-হ।

Digitized by Google

Obtainable, *a.* প্রাপ্য, লভ্য, প্রাপণোপযুক্ত, অধিগম্য।
Obtainer, *n. s.* প্রাপ্তিকর্ত্তা, লাভকর্ত্তা, পায় যে ব্যক্তি।
Obtainment, *n. s.* প্রাপণ, লাভকরণ, পাওন।
To **Obtemperate,** *v. a.* Lat. মান, মান্য-কৃ, আজ্ঞা-পাল।
To **Obtend,** *v. a.* Lat. ব্যাঘাত বা প্রতিবন্ধ-কৃ বা-জন্মা, বাধা -জন্মা, বিপরীতাচার-কৃ, প্রতিবাদ-কৃ, বাধা-দা বা-কৃ, আপত্তি -কৃ।
Obtenebration, *n. s.* Lat. অন্ধকারকরণ, অন্ধকারত্ব, ঘোরত্ব, অন্ধকারাবস্থা, কালকরণ, ঘোরকরণ।
Obtension, *n. s.* প্রতিবন্ধকরণ, ব্যাঘাত জন্মান, ব্যাঘাত।
To **Obtest,** *v. a.* Lat. মিনতি-কৃ, প্রার্থনা-কৃ, বিনয়পূর্ব্বক যাচ্ঞা -কৃ।
To **Obtest,** *v. n.* প্রতিজ্ঞা-কৃ, দৃঢ়বাক্য-কথ বা -কৃ, দৃঢ়তাচরণ-কৃ, দৃঢ়তাচারী-হ।
Obtestation, *n. s.* মিনতিপূর্ব্বক যাচ্ঞা বা প্রার্থনা, কাকুতি, বিনয়, কামনা, যাচ্ঞা, প্রার্থনা, ধর্ম্মত্বভার, আজ্ঞা, বিধান, আ দেশ, অনুজ্ঞা, বিধি, শিক্ষা।
Obtrectation, *n. s.* Lat. অখ্যাতি, গ্লানি, নিন্দা, কুৎসা, গর্হা।
To **Obtrude,** *v. a.* Lat. উপরপড়া-হ, স্বতঃপ্রবেশ-কৃ, অকালে বা অসময়ে প্রবেশ-কৃ, বিনা নিয়োগ অনুমতি বা আহ্বানে অন্যের নিকটে-যা বা কোন বিষয়ের প্রস্তাব-কৃ, ঠোক-পাড়, জোর করিয়া প্রবেশ-কৃ বা-হ।
Obtruder, *n. s.* উপরপড়া, ঠোকপাড়া।
To **Obtruncate,** *v. a.* Lat. কাট, কর্ত্তন-কৃ, ছেদন-কৃ, ছাঁট, অঙ্গ চ্ছেদ বা রহিত-কৃ।
Obtruncation, *n. s.* কর্ত্তন, ছেদন, কাটন।
Obtrusion, *n. s.* Lat. অকালে প্রবেশকরণ, বিনা নিয়োগ অনু মতি বা আহ্বানে পরের নিকট যাওন বা গিয়া কোন প্রস্তাব করণ।
Obtrusive, *a.* উপরপড়া, স্বতঃপ্রবেশকারী, অকালে প্রবেশকারী, বিনা অনুমতিতে প্রস্তাবকারী।
To **Obtund,** *v. a.* Lat. অতীক্ষ্ণ-কৃ, ভোতা-কৃ, নিস্তেজ-কৃ, নির্জীব -কৃ, জড়-কৃ, অচেতন-কৃ, মৃতপ্রায়-কৃ।
Obturation, *n. s.* Lat. অবরোধকরণ, কোনদ্রব্য লেপনদ্বারা অব রোধকরণ।
Obtusangular, *a.* চক্রাকারের চতুরংশের অধিক প্রশস্ত একাংশে যে কোণ জন্মে তদ্বিশিষ্ট।
Obtuse, *a.* Lat. ভোতা, নিস্তেজ, অতীক্ষ্ণ, হুলরহিত, অস্পষ্ট, অগ ভীর, মিড়মিড়ে।
Obtusely, *ad.* নিস্তেজত্বপূর্ব্বক, অতীক্ষ্ণতারূপে, ভোতা হইয়া বা করিয়া, অস্পষ্টতারূপে, অগভীরতাপূর্ব্বক, আগা ছুচল নহে যাহার তদ্ভাবে, বিনা হুলে, আগাহীনে, জড়তাপূর্ব্বক।
Obtuseness, *n. s.* জড়ত্ব, নিস্তেজত্ব, ভোতার ভাব, অতেজ।
Obtusion, *n. s.* জড়করণ, জড়ত্ব, জড়তা, নিস্তেজত্ব, ভোতাকরণ বা হওন।
Obvention, *n. s.* Lat. কাদাচিৎকতা, কৃচিৎ, কৃচিৎ হয় ঘটে বা জন্মে যে বস্তু বা বিষয় তাহার ভাব।
Obversant, *a.* জ্ঞাত, পরিচিত, জানাশুনা, আলাপী, নিপুণ, পটু, বিজ্ঞ, অভ্যস্ত।
To **Obvert,** *v. a.* Lat. ফিরা, দিক্ বা বাগের অভিমুখে-ফিরা।
To **Obviate,** *v. a.* Lat. Fr. বারণ-কৃ, থামা, রক্ষা-কৃ, বাঁচাইয়া -যা-চল বা-কৃ, মিটা।
Obvious, *a.* Lat. প্রত্যক্ষ, দেদীপ্যমান, প্রকাশ, স্পষ্ট, সুগোচর, নয়নগোচর, খোলা, পরিষ্কার, সাক্ষাৎ, সুগম, সোজা, সহজ, খো লাসা।
Obviously, *ad.* প্রকাশরূপে, সুস্পষ্টরূপে, প্রত্যক্ষরূপে, সুগোচরে, সুগমে, সহজে, সাক্ষাৎকারে, খোলাসাপূর্ব্বক।
Obviousness, *n. s.* প্রকাশতা, সুস্পষ্টতা, প্রত্যক্ষতা, সুগোচরতা, সুগমতা, সহজত্ব, দেদীপ্যমানত্ব।
To **Obumbrate,** *v. a.* Lat. ছায়া-কৃ, ঘোর-কৃ, অন্ধকার-কৃ, আব ডাল-কৃ।
Obumbration, *n. s.* ছায়াকরণ, ঘোরকরণ, অন্ধকারকরণ, আব ডালকরণ।
Occasion, *n. s.* Lat. কারণ, হেতু, নিমিত্ত, উপস্থিত বিষয় বা ঘটনা, সংযোগ, আবশ্যকতা, প্রয়োজন, দরকার, গরজ, দৈবঘটনা, দৈবী।
To **Occasion,** *v. a.* কারণ-জন্মা, কারণ-দর্শা বা উপস্থিত-কৃ, উৎ পাদন-কৃ, খাড়া-কৃ, উঠাইয়া-দা, ঘটা, চালা, উঠা, জন্মা, করা, উৎ পাদন-কৃ।
Occasionable, *a.* আবশ্যক বা প্রয়োজনকরণীয় বা ভবনীয়, ঘট নীয়, ঘটিতব্য, ঘটনার যোগ্য, উপস্থিত বা উৎপাদনকরণ যোগ্য, হইতে পারে যাহা।
Occasional, *a.* দৈবিক, দৈবঘটিত, দৈবকৃত, প্রয়োজনমত, প্রয়োজনার্হ, দরকারী, আবশ্যক, কারণাত্মক, কারণোৎপাদিত, কারণোদ্ভূত, কারণঘটিত, ক্ষণিক, যখন তখন হয় বা ঘটে যাহা, কৃচিৎক, কাদাচিৎক।
Occasionally, *ad.* কখন২, দৈবে, প্রয়োজনমতে, প্রয়োজনানুসারে, দৈবাৎ, দৈবঘটনাতে, কৃচিৎ, যখন তখন, কারণে, নিমিত্তে, উপ স্থিত মতে।
Occasioner, *n. s.* কারয়িতা, ঘটনা বা উপস্থিতকর্ত্তা।
Occecation, *n. s.* Lat. অন্ধকরণ, কানাকরণ, চক্ষুরহিতকরণ, অ ন্ধত্ব।
Occident, *n. s.* Lat. পশ্চিম, বরুণদিক্।
Occidental, *a.* পশ্চিমে, পাশ্চাত্য, পশ্চিমদিকস্থ।
Occiduous, *a.* Lat. তথা।
Occipital, *a.* মস্তকের পশ্চাদ্ভাগবর্ত্তী বা তদ্দেশস্থিত।
Occiput, *n. s.* Lat. মস্তকের পশ্চাদ্ভাগ।
Occision, *n. s.* Lat. খুনকরণ, হত্যাকরণ, ঘাতন, মারণ, প্রাণনাশ করণ।
To **Occlude,** *v. a.* Lat. বন্ধ-কৃ, অবরোধ-কৃ, রুদ্ধ-কৃ, আটক-কৃ।
Occluse, *a.* Lat. বদ্ধ, রুদ্ধ, আটক, ঘেরিত, বেষ্টিত।
Occlusion, *n. s.* বন্ধকরণ, রুদ্ধকরণ, আটককরণ।
Occult, *a.* Lat. গুপ্ত, অপ্রকাশিত, লুক্কায়িত, অজ্ঞাত, অবিদিত, গূঢ়, অপ্রকাশ্য।
Occultation, *n. s.* জ্যোতিঃশাস্ত্রে নক্ষত্রাদির অদর্শন কাল বুঝায়, গ্রহণ কাল, গুপ্ত হওন, লুকাওন।
Occultness, *n. s.* গুপ্তাবস্থা, গোপন, গূঢ়ত্ব, গুপ্তত্ব, লুক্কায়িতাবস্থা বা তদ্ভাব।
Occupancy, *n. s.* দখল, যুক্তি, অধিকারকরণ, দখলকরণ, আমল দখল।
Occupant, *n. s.* Lat. দখলকর্ত্তা, দখলীকার, ভোগকারী, দখল কারী।
To **Occupate,** *v. a.* Lat. দখল-কৃ, ভোগ-কৃ, আমলদখল-কৃ, দখলে-আনী বা-রক্ষ, লওয়া, গ্রহণ-কৃ।
Occupation, *n. s.* দখল, অধিকার, দখলকরণ, অধিকারকরণ, অধি কার বা দখলে যুক্তকরণ, ভোগ, বাস, আমলদখলকরণ, যুক্তি,

Digitized by Google

আমলদখল, ভোগদখল, কার্য্য, কর্ম্ম, ব্যবসায়, জীবিকা, পেশা, ব্যবহার।

Occupier, *n. s.* দখলকর্ত্তা, আমলকর্ত্তা, ভোগকর্ত্তা, ভোগকারী, বাসকারী, ব্যাপ্তকারী, আপন আমলে বা দখলে আনে যে ব্যক্তি, অধিকারী, ধারক, ব্যবসায়ী, কোন কর্ম্ম বা কারবার করে যে ব্যক্তি, কোন পেশায় নিযুক্ত আছে যে ব্যক্তি।

To **Occupy,** *v. a.* Lat. দখল-কৃ, আমল-কৃ, ভোগ-কৃ, অধিকার -কৃ, বাস-কৃ, ব্যবহার-কৃ, কোন কর্ম্মে প্রবৃত্ত-হ, কর্ম্মাবৃত-হ বা -কৃ, ব্যবসায়-কৃ, কর্ম্ম-কৃ, ব্যবহার-কৃ, ক্ষয়-কৃ, ব্যয়-কৃ।

To **Occupy,** *v. n.* কোন জীবিকা কর্ম্ম ব্যবসায় বা ব্যপারে নিযুক্ত বা প্রবৃত্ত-হ বা তন্নির্ব্বাহকারী-হ।

To **Occur,** *v. n.* Lat. স্মৃতি-হ, মনে-হ, মনে-পড়, পরস্পর আঘাত বা লাগনদ্বারা শব্দ-হ, ঘট, বাঁচাইয়া-চল বা -গম, স্মরণে-আগম, দৃষ্টিগোচর-হ, দৃষ্টি-হ, উপস্থিত-হ, পত, যেখানে সেখানে-ঘট বা উপস্থিত-হ, উপস্থিত-হ, উপজ, সংঘট, দেখা-হ, দর্শন-হ, ভেড়, মেল, ধাক্কা-লাগ বা -মার, উপরে-পড়, বিরুদ্ধ-হ।

Occurrence, *n. s.* Fr. ঘটনা, সংঘটনা, দৈবঘটনা, অকস্মাৎ ঘটনা, কারণাধীন দর্শন, প্রকাশ বা উপস্থিত হওন বা ঘটন, কোন বিষয় সমাচার বা প্রকরণ উপস্থিত হওন।

Occurrent, *n. s.* Fr. Lat. ঘটনা, দৈবঘটনা, উপস্থিত হয় বা ঘটে যে কোন বস্তু বা বিষয়।

Occursion, *n. s.* Lat. লাগালাগি, পরস্পরাঘাত, ধাক্কামারণ, হুড়াহুড়ি, মুষ্টামুষ্টি, ঠেলাঠেলি, দুই বস্তুর পরস্পর সংলগ্নতাতে উৎপন্নধ্বনি বা শব্দ।

Ocean, *n. s.* Fr. Lat. মহাসাগর, সিন্ধু, সমুদ্র, বারিধি, জলনিধি, সরিৎপতি, রত্নাকর, বৃহৎ জলাশয়।

Ocean, *a.* সমুদ্রীয়, সমুদ্রসম্বন্ধীয় বা তদ্বিষয়ক।

Oceanick, *a.* সাগর বা সমুদ্রসম্বন্ধীয়।

Ocellated, *a.* Lat. চক্ষুন্যায়, চক্ষুবৎ, চক্ষুবদাকার, অক্ষিন্যায়।

Ochimy, *n. s.* স্বর্ণরৌপ্যভিন্ন সামান্যমিশ্রিত ধাতু, সামান্যমিশ্রিত ধাতু।

Ochre, *n. s.* Gr. আফরীয় মৃত্তিকাবিশেষ, ইহার নানাপ্রকার বর্ণ ও জাতি হয়, যথা *Yellow* Ochre, হরিতাল পিউড়ি মাটী, *Red* Ochre, গেরিমাটী লালমাটী রাঙ্গামাটী সিন্দূরইত্যাদি।

Ochreous, *a.* পূর্ব্বোক্ত মৃত্তিকাবিশিষ্ট বা তন্ময়।

Ochrey, *a.* পূর্ব্বোক্ত মৃত্তিকাধর্ম্মক।

Octagon, *n. s.* অষ্টাস্র বা অষ্টকোণবিশিষ্ট দ্রব্য, আটশিরা বা আটপল্যে দ্রব্য বা কোন মূর্ত্তি বা আকার।

Octagonal বা **Octogonal,** *a.* আটপলিয়া, অষ্টাস্র বা অষ্টশিরা যুক্ত, আটকোণা।

Octangular, *a.* Lat. তথা।

Octangularness, *n. s.* অষ্টাস্রত্ব, অষ্টকোণবিশিষ্টত্ব।

Octant বা **Octile,** *a.* জ্যোতিঃশাস্ত্রে দুই নক্ষত্রের মধ্যে পরস্পর দূরত্ব বা ব্যবধানসূচক সংজ্ঞাবিশেষ, মণ্ডলের অষ্টমাংশ।

Octateuch, *n. s.* Gr. খ্রীষ্টিয়ানের ধর্ম্মপুস্তকের প্রথম ভাগ, আদি পুস্তকের প্রথম আট ভাগ বা পর্ব্ব।

Octave, *n. s.* Fr. Lat. কোন২ পর্ব্বাহের পর অষ্টম দিন, কোন পর্ব্বানন্তর আট দিন বা তৎপরিমিত কাল, অষ্টম সূর।

Octave, *a.* অষ্টক, আটসংজ্ঞক।

Octavo, *n. s.* Lat কেতাবের আড়া বা পরিমাণবোধক সংজ্ঞা, আটওরকিয়া, একতক্তা কাগজ আট ভাগে ভাঁজিলে হয় আড়া বা পত্র, আটওরকিয়া বা পত্রী বা আড়া।

Octennial, *a.* Lat. অষ্টবর্ষীয়, আটবৎসরান্তে হয় বা ঘটে যাহা, আটবৎসরব্যাপক, অষ্টবৎসরীয়, আটবৎসরজীবী।

October, *n. s.* Lat. ইউরোপীয় শকের দশম মাস, কার্ত্তিক।

Octoedrical, *a.* আটদিক্‌বিশিষ্ট।

Octogenary, *a.* Lat. অশীতিবর্ষীয়, আশীবর্ষ বয়স্ক।

Octonary, *a.* Lat. অষ্টম, অষ্টসংখ্যাসম্বন্ধীয়, আটের।

Octonocular, *a.* অষ্টাক্ষিবিশিষ্ট, আটচক্ষুয়া, আশীবৎসরের।

Octopetalous, *a.* Gr. অষ্টপত্রী, অষ্টদলযুক্ত।

Octostyle, *n. s.* Gr. প্রাচীনগৃহগুম্ফনে সংজ্ঞাবিশেষ, প্রাসাদ বা ইমারতের সম্মুখভাগ বুঝায়।

Octosyllable, *a.* Lat. অষ্টাক্ষরবিশিষ্ট, অষ্টস্বরবিশিষ্ট।

Octuple, *a.* Lat. অষ্টগুণ, আটগুণ, আটভাঁজ, আটদফা।

Ocular, *a.* Fr. Lat. প্রত্যক্ষ জ্ঞাত, সচক্ষুতে দৃষ্ট, দৃষ্টাধীন, প্রত্যক্ষ।

Ocularly, *ad.* প্রত্যক্ষরূপে, চাক্ষুষে, চাক্ষুষপ্রমাণে।

Oculate, *a.* Lat. চক্ষুর্বিশিষ্ট, চক্ষুর্দ্বারা জ্ঞানশীল, প্রত্যক্ষজ্ঞানশীল।

Oculist, *n. s.* চক্ষুরোগের চিকিৎসক।

Oculus beli, Lat. মণিবিশেষ।

Odd, *a.* Swed. বিজোড়, বিষম, অযুগ্ম, অসাধারণ, অসমান, অপরূপ, অদ্ভুত, আশ্চর্য্য, অসম্ভব, অসামান্য, অগণিত, অদৃষ্ট, অভাগ্যবান্, অপয়মন্ত, কদর্য্য।

Oddity, *n. s.* অসাধারণতা, অসাধারণ্য বিশেষ, অপরূপতা, অদ্ভুততা, আশ্চর্য্যত্ব, একাকিত্ব।

Oddly, *ad.* ক্রিয়ার বিশেষণ, বৈষম্য, বিষমতা, আশ্চর্য্যত্ব, অপরূপ বা অদ্ভুতত্বরূপে বা তৎপূর্ব্বক।

Oddness, *n. s.* একাকিত্ব, বিজোড়, অদ্ভুতত্ব, আশ্চর্য্যত্ব, অসম্ভবত্ব, অপরূপত্ব, বৈষম্য।

Odds, *n. s.* অসমানতা, আধিক্য, ভাঙ্গাভরতি, টুকরা বা বিজোড় অংশ, বেমিল, ঝকড়া, বিবাদ, বিচার, দ্বন্দ্বজ।

Ode, *n. s.* Gr. কবিতা, গীত, গান, রেক্তা।

Odible, *a.* ঘৃণ্য, হেয়, ঘৃণার্হ, ঘৃণাবিশিষ্ট, তুচ্ছ।

Odious, *a.* Lat. অশ্রদ্ধেয়, ঘৃণার্হ, ঘৃণ্য, ন্যক্কার্য্য, তুচ্ছ, নিন্দনীয়, দ্বেষ্য, অপকারী, নিন্দাযোগ্য, নিন্দা বা ঘৃণাজনক, স্ত্রীর বিশেষণে অত্যন্ত ঘৃণা দোষ বা অধম বুঝায়।

Odiously, *ad.* অশ্রদ্ধেয়তাপূর্ব্বক, ঘৃণ্যতারূপে, ঘৃণার্হত্বপূর্ব্বক, তুচ্ছতাপূর্ব্বক, নিন্দারূপে, নিন্দনীয়ত্বরূপে।

Odiousness, *n. s.* ঘৃণা দ্বেষ, ঘৃণ্যতা, ঘৃণার্হতা, তুচ্ছতা, নিন্দনীয়ত্ব।

Odium, *n. s.* Lat. ঘৃণা, দ্বেষ, অখ্যাতি, দোষ, অভিশাপ।

Odontalgick, *a.* দন্তরোগবিষয়ক বা তৎসম্বন্ধীয়, দন্তবেদনা বিষয়ক।

Odorament, *n. s.* Lat. সুগন্ধ, সুবাস।

Odorate, *a.* Lat. উৎকট গন্ধবিশিষ্ট, উগ্রগন্ধ আছে যাহাতে বা যাহার।

Odoriferous, *a.* Lat. সুগন্ধি, সুবাস বা সুঘ্রাণবিশিষ্ট।

Odoriferousness, *n. s.* সুগন্ধিতা, সুবাসত্ব, সুঘ্রাণবিশিষ্টতা।

Odorous, *a.* Lat. সুগন্ধি, সুবাস বা সুঘ্রাণবিশিষ্ট, সুগন্ধ বা সুবাস যুক্ত।

Odour, *n. s.* Lat. সুগন্ধ, সুবাস, গন্ধ, ঘ্রাণ, বাস।

Oeconomicks, *n. s.* Fr. বহুকার্য্য বা তন্নির্ব্বাহ।

Oecumenical *a.* সর্ব্বসাধারণ, তাবৎপৃথ্বীসম্বন্ধীয়।

Oedema, *n. s.* ব্রণবিশেষ, দোষজ ক্ষতবিশেষ।

Digitized by Google

Oedematick বা **Oedematous**, *a.* ব্রণসম্বন্ধীয়, দোষজ ক্ষতসম্বন্ধীয়।

Oeiliad, *n. s.* Fr. দৃষ্টি, নজর, ইশারা, চক্ষুর ঠার।

O'er, Over শব্দের সংক্ষেপার্থ।

Oesophagus, *n. s.* শরীরাঙ্গবিশেষ, গলমূল, গলার থলী, আহার্য্য দ্রব্যের পথ বা নলী।

Of, *prep.* Sax. ষষ্ঠ্যন্ত প্রত্যয়, সম্বন্ধবোধক, সম্বন্ধীয়, বিষয়ক, হইতে, তে, বাহিরে, মধ্যে, অন্তরে, অনুসারে, যোগে, মতে, রূপে, ক্ষমতা, শক্তি, ইচ্ছা, গুণ, ধর্ম্ম, অবস্থা, জাতি, জন্ম, মূল, আদি, সম্বন্ধ, ঘনিষ্টতা, বিষয়, স্থল, অভিপ্রায়, আশয় জীবন, বাচন, স্বত্ত্বা, মনন, পছন্দ, পরিবর্ত্তন, কারণ, হেতু, হিস্যা, ভাগ এতদ্বোধক জ্ঞাপক বা অর্থক জানিবে।

Off, *interj.* দূর, দূর হও, যাও।

Off, *ad.* ক্রিয়ার বিশেষণ, দূরত্ব বিরলতা পৃথক্ বা ত্যাগ বুঝায়, এ শব্দ কখনং দূরস্থ বা তফাৎ বুঝায়, চিত্রকরের ও সান্ত্রাশের ভাষায় গঠন বা উত্তীর্ণহওন বুঝায়; অদর্শন অপ্রত্যক্ষতা লোপ অবর্ত্তমান বা যাত্রা অর্থ করে, নিরাশা, আশা বা উদ্রেকভঙ্গ, বাধা, বিপরীত পক্ষে, উল্টাভাবে, হইতে।

Off *hand*, অবিবেচিত, অভাবিত, অচিন্তিত, অনিশ্চিত।

To be **off**, ত্যাগ-কৃ, ছাড়িয়া পলায়ন-কৃ, পরাঙ্মুখ-হ, পিছে-হঠ, পিছাইয়া-যা, কোন কর্ম্ম পণ নিয়ম বা সওদা-ভাঙ্গ।

To come **off**, পলায়ন-কৃ, ভাগ, কোন ছল প্রতারণা বা বাহানা দ্বারা পলায়ন বা ত্যাগ-কৃ।

To get **off**, পলায়ন-কৃ, ভাগ, ছুটিয়া-যা।

To go **off**, পলায়ন-কৃ, ত্যাগ করিয়া-যা, ছাড়িয়া-যা, কামানের সহিত যোগ করিলে, বাহির-হ অগ্নি-লাগ-ধর বা আওয়াজ-হ বুঝায়।

Well or ill **off**, ভাল মন্দ, মঙ্গল অমঙ্গল।

Off, *prep.* অপরিহিত খোলা, ত্যক্ত, উপরে নাই যাহা, দূরে, তফাতে।

Offal, *n. s.* উচ্ছিষ্ট, পাতে থাকে যাহা, ভুক্তাবশিষ্ট, কদর্য্য বা অনুপযুক্ত মাংস, অকেযো দ্রব্য, কোন মূল্য নাই যে দ্রব্যের, বেদরকারি বলিয়া ফেলাইয়া দেওয়া যায় যে দ্রব্য।

Offence, *n. s.* Fr. অপরাধ, ঘাইট, দোষ, অপমান, অনাদর, দুষ্কর্ম্ম, অপকর্ম্ম, পাপকর্ম্ম, পাপকার্য্য, দুর্ব্বৃত্তি, ক্ষতি, হানি, ক্রোধ, বৈরক্ত্য, অনিষ্ট কর্ম্ম, ক্রোধ দ্বেষ বা বৈরক্ত্যের কারণ, নিন্দা, গ্লানি, অযশ, অতুষ্টি, আক্রমণ, অভিযোগ।

Offenceful, *a.* অপকারক, অপরাধজনক, অপরাধী, মন্দচেষ্টক, ক্ষতিজনক, মন্দকারী, দুষ্ট, অনিষ্টকারী, অপমান বা অনাদর জনক।

Offenceless, *a.* নিরপরাধী, নির্দোষী, অনঘ, নির্ম্মল, ভোলা, অপমান বা অনাদর নাই যাহাতে বা তৎসূচক নহে যাহা।

To **Offend**, *v. a.* Lat. অপমান-কৃ, অনাদর-কৃ, অপরাধ-কৃ, ঘাইট-কৃ, ত্রুটি-কৃ, দোষ-কৃ, রুষ্ট-কৃ, বিরক্ত-কৃ, কুপিত-কৃ, আক্রমণ-কৃ, অপমান-কৃ, হাত-উঠা, হাত-চালা, নিগ্রহ-কৃ, ক্ষতি-কৃ, অপকার-কৃ, হানি-কৃ।

To **Offend**, *v. n.* অপমান বা অনাদরকারী-হ, অপরাধী-হ, দোষী-হ, তশ্বশীরওয়ার-হ, রোষ ক্রোধ বা কোপকারয়িতা-হ, ক্রোধজনক-হ, অনিষ্টকারী-হ, পাপকর্ম্মকারী-হ, দোষগ্রস্ত-হ, অতিক্রমী-হ, শাস্ত্রামানক-হ, শাস্ত্রলঙ্ঘন-কৃ।

Offender, *n. s.* অপরাধী, সাপরাধ, দোষী, তশ্বশীরওয়ার, অপকর্ম্মকর্ত্তা, দুষ্কর্ম্মী, অপরাধকর্ত্তা, হিংস্রক, অনিষ্টকর্ত্তা, পাপিষ্ঠ, অপমান বা অনাদরকর্ত্তা।

Offendress, *n. s.* অপরাধীনা, কৃতাপরাধা, দোষবিশিষ্টা, দুষ্কর্ম্মিণী, হিংসিকা, অনিষ্টকর্ত্রী, পাপিষ্ঠা, অপমান বা অনাদরকারিণী।

Offensive, *a.* Fr. Lat. ক্রোধজনক, অতুষ্টিকারী, অনিষ্টকারক, ঘৃণ্য, দ্বেষজনক, মন্দ, পীড়াদ, দুঃখদ, হিংস্রক, অপকারক, চড়াউকারী, আক্রামক, অপমান বা অনাদরকারী বা তজ্জনক।

Offensively, *ad.* মন্দকারিত্বপূর্ব্বক, অনিষ্টরূপে, অপকারিতাপূর্ব্বক, হিংসা দ্বেষ বা হানিপূর্ব্বক, অতুষ্টি ক্লেশ বা পীড়াজনকত্ব রূপে, চড়াউ হইয়া বা করিয়া, আক্রমণপূর্ব্বক, অপমান বা অনাদর করিয়া।

Offensiveness, *n. s.* মন্দকারিত্ব, দ্বেষ ক্রোধ বা কোপজনকতা, অনিষ্টকারিত্ব, ঘৃণ্যত্ব, অতুষ্টি, ক্লেশ বা পীড়াজনকতা, অপমান বা অনাদরকারিত্ব।

To **Offer**, *v. a.* Lat. দা, দান-কৃ, অর্পণ-কৃ, প্রস্তুত-কৃ, দর্শা, নিবেদন-কৃ, নিবেদন করিয়া-দা, বলি-দা, উৎসর্গ-কৃ, উৎসর্গ করিয়া-দা, যাচ্, দিতে-চাহ্, দর-বল-চাহ বা-কৃ, প্রস্তাব বা প্রসঙ্গ-কৃ, চেষ্টা-কৃ, উদ্যোগ-কৃ, আরম্ভ-কৃ, পত্তন-কৃ, প্রশ্ন-কৃ।

To **Offer**, *v. n.* উপস্থিত-হ, প্রত্যক্ষ-হ, প্রস্তুত-হ, দৃষ্ট-হ, নিকটবর্ত্তী-হ, নিকটস্থ-হ, হাতোহাত-হ, উদ্যোগী-হ, উদ্যত-হ।

Offer, *n. s.* Fr. প্রস্তাব, নিবেদন, প্রসঙ্গ, চেষ্টা, প্ররোচনা, উদ্যোগ, উদ্যম, অঙ্গীকার, সম্বোধন করিয়া কথন, নিবেদন, দিতে চাহন, যাচ্ঞা, মাঙ্গন, চাহন, যাচন, দরকরণ, যাচিত উক্ত বা কথিত মূল্য বা দর, দর্শনি, প্রণামি, নজর।

Offerable, *a.* দাতব্য, দেওনোপযুক্ত।

Offerer, *n. s.* দিতে চাহে যে ব্যক্তি, দান অর্পণ বা নিবেদন করিতে চাহে বা করে যে ব্যক্তি, প্রস্তাব বা প্রসঙ্গকর্ত্তা, পূজক, বলিদাতা, নৈবেদ্য বলি বা পূজা দেয় বা উৎসর্গ করে যে ব্যক্তি।

Offering, *n. s.* Sax. বলি, ভোগ, নৈবেদ্য, পূজা, দর্শনি, উৎসৃষ্ট দ্রব্য, প্রণামি, হোম।

Offertory, *n. s.* Fr. স্তববিশেষ।

Office, *n. s.* Fr. Lat. পদ, কার্য্য, কর্ম্ম, পায়া, হুদ্দা, কর্তৃত্ব, অধিকার, ভার, এলাকা, আমল, বিচারাধ্যক্ষতা, পূজাকরণ, পূজা, সেবা, কার্য্য স্থান, দপ্তরখানা, কর্ম্ম স্থান।

To **Office**, *v. a.* কর্ম্ম-কৃ, কার্য্য-কৃ, নির্ব্বাহ-কৃ।

Officer, *n. s.* Fr. পদস্থ ব্যক্তি, অধ্যক্ষ, সরদার, সেনাপতি, ফৌজদারী আদালতের আসামী গ্রেপ্তারকরণের ক্ষমতা আছে যাহার, আদালত বা রাজসংক্রান্ত কর্ম্মকর্ত্তা।

Officered, *a.* সেনাপতিবিশিষ্ট, সেনাপতি প্রধান বা অধ্যক্ষবিশিষ্ট, সরদার আছে যাহাতে, সরদার ব্যক্তিবিশিষ্ট, আদিষ্ট।

Official, *a.* Fr. অধ্যক্ষতা কর্ম্ম পদ হুদ্দা বা এলাকাবিষয়ক বা তৎসম্বন্ধীয়, রাজকর্ম্মসংক্রান্ত উপযোগী।

Official, *n. s.* কর্ম্ম বা পদস্থ ব্যক্তি, রাজসংক্রান্ত কর্ম্মকর্ত্তা বিশেষ।

Officially, *ad.* পদ কর্ম্ম বা অধ্যক্ষতা অনুসারে বা তৎপূর্ব্বক, এলাকা হুদ্দা বা অধিকারপূর্ব্বক, ক্ষমতাপূর্ব্বক, আজ্ঞানুসারে।

Officialty, *n. s.* Fr. পদস্থ ব্যক্তির, কর্ম্ম হুদ্দা বা অধিকার।

To **Officiate**, *v. a.* পদসত্ত্বে-দা, ভার বা অধিকার সত্ত্বে দান-কৃ।

To **Officiate**, *v. n.* কর্ম্ম-কৃ, পৌরোহিত্য কর্ম্মকারী-হ, যজমানী-কৃ, পূজাদি কর্ম্ম-কৃ, দশকর্ম্ম-কৃ, অন্যের পরিবর্ত্তে কর্ম্ম-কৃ, বদলীতে কর্ম্ম-কৃ, এওজী কর্ম্ম-কৃ, এওজী-হ, বদলী-হ, প্রতিনিধিতে কর্ম্ম-কৃ।

Officinal, *a.* Lat. দোকানে ব্যবহৃত, দোকানসম্বন্ধীয়, দোকানঘরে ব্যবহার্য্য।

Digitized by Google

Officious, *a.* Lat. অনুকূল, উপকারক, সানুকূল, মঙ্গলকারী, অনধিকার চর্চ্চক, অযাচিতানুগ্রাহক, ফোঁকলদালাল।

Officiously, *ad.* অনধিকারচর্চ্চাপূর্ব্বক, ফোকলদালালীপূর্ব্বক, অযাচিতানুগ্রহপূর্ব্বক, আনুকূল্যপূর্ব্বক, অনুগ্রহ করিয়া, কর্ত্তব্য কর্ম্মপূর্ব্বক।

Officiousness, *n. s.* অনধিকারচর্চ্চা, অযাচিতানুগ্রহ, ফোঁকলদালালী, সেবা, উপকার।

Offing, *n. s.* তীরহইতে দূরস্থ হওন বা করণ, তীরহইতে নৌকা বাহির বা তফাৎ করণ।

Offscouring, *n. s.* ময়লা দ্রব্য মার্জনকরণেতে পতিত বা নির্গত মলা বা গুঁড়া।

Offscum, *a.* ময়লা, মলা, গুঁড়া, অধমাংশ, ত্যক্তাংশ।

Offset, *n. s.* অঙ্কুর, ফেকড়ি।

Offspring, *n. s.* Sax. জন্মান উৎপত্তি, প্রসব, বংশ, কুল, গোষ্ঠী, সন্তান সন্ততি, জনিত বা উৎপন্ন বস্তু, কন্যা পুত্র, ছেল্যেপিলে।

To **Offuscate,** *v. a.* Lat. অন্ধকার-কৃ, মেঘাচ্ছন্ন-কৃ, অনুজ্জ্বল-কৃ, মিটমিটে-কৃ।

Offuscation, *n. s.* অন্ধকারকরণ, মেঘাচ্ছন্নকরণ, অনুজ্জ্বলকরণ, মিটমিটেকরণ।

Planting, *n. s.* Sax. Plantation শব্দবৎ অর্থ জানিবে।

Plash, *n. s.* Teut. Dan. খানা, ডোবা, গেড়ে, সামান্য জলাশয়।

To **Plash,** *v. a.* Teut. জল-লাড় বা তদ্দ্বারা শব্দ-কৃ।

To **Plash,** *v. a.* Fr. পাতা-লাগা, মধ্যেং পাতা-দা বা-বসা, চালেং বসা।

Plashy, *a.* জল্যো, জলময়, সজল, জলে পরিপূর্ণ, জোল বা ডোবাময়।

Plasm, *n. s.* শাঁচ, ছাঁচ।

Plasmatical, *a.* গঠনক্ষম, আকারকরণক্ষম।

Plaster, *n. s.* Fr. Gr. চূণকাম, নিকান, লেপ, প্রলেপ, মলম, মশালাবিশিষ্ট একপ্রকার মৃত্তিকা যাহাতে পুত্তলিকাপ্রভৃতি নির্ম্মাণ হয়, একপ্রকার মৃত্তিকা বা কড়ার।

To **Plaster,** *v. a.* Fr. চূণকাম-কৃ, নিকা, লেপ, লেপন-কৃ, প্রলেপ-দা, মলম-দা বা লাগা।

Plasterer, *n. s.* Fr. থৈ, রাজ, চূণকাম করে যে ব্যক্তি, প্লাষ্টরনামক মৃত্তিকাতে গড়ে বা মূর্ত্তি নির্ম্মাণ করে যে ব্যক্তি।

Plastering, *n. s.* পূর্ব্বোক্ত মৃত্তিকার গড়ন বা কর্ম্ম।

Plastical বা **Plastick,** *a.* গঠনক্ষম, আকার বা মূর্ত্তি দেওনক্ষম, নানারূপধারী বা তৎকর্ম্মক্ষম, ।

Plastron, *n. s.* Fr. অস্ত্রক্রীড়ক বা শস্ত্রাভ্যাসকেরদের ব্যবহৃত বর্ম্মবিশেষ।

To **Plat,** *v. a.* Got. গাঁথ, বুন, নির্ম্মাণ-কৃ, বিনা, বুনট-কৃ।

Plat বা **Platting,** *n. s.* বুনা কর্ম্ম।

Plat, *n. s.* Got. Teut. ভূমিখণ্ড, জমীর টুকরা বা খণ্ড, পরিষ্কার ভূমি।

Plat, *ad.* Teut. পরিষ্কাররূপে শিধা খাড়া বা খোলাসারূপে।

Digitized by Google

Platane, *n. s.* Lat. বৃক্ষবিশেষ।

Plate, *n. s.* Teut. পাত্র, বাসন, তৈজস, ধাতুপাত্র, থালা, রেকাবি, রৌপ্যপাত্র, রূপার বাসন, ভোজনপাত্র।

To **Plate**, *v. a.* বাসনদ্বারা আচ্ছাদিত-কৃ, তৈজসে-ঢাক, মণ্ডিত-কৃ, মোড়, পতর-মার, মলম্বা-কৃ, বাসন-বানা বা নির্ম্মাণ-কৃ।

Platen, *n. s.* চিত্রকরের ভাষায় ছাপাকর্ম্মের চাপন তক্তা বুঝায়।

Platform, *n. s.* Teut. মাচা, মাচান, মঞ্চ, বেদী, দুর্গের সম্মুখে পরিষ্কারভূমি, নক্সা, কল্পনা, ইমারতের বহির্ভাগে পিঁড়ে বা রোয়াক।

Platick *aspect*, জ্যোতিঃশাস্ত্রে কোন গ্রহের জ্যোতি অন্য গ্রহের পতন বা নিক্ষেপ, জ্যোতিঃসংক্রমণ।

Platina, *n. s.* ধাতুবিশেষ, রৌপ্যতুল্য শুভ্র এবং লৌহ বিনা সর্ব্ব ধাত্বপেক্ষায় অতিদৃঢ় ধাতুবিশেষ।

Platonical বা **Platonick**, *a.* প্লাটোনামক পণ্ডিতের মত বা শাস্ত্রানুযায়ী তন্মতাবলম্বী বা তৎসম্বন্ধীয়।

Platonically, *ad.* পূর্ব্বোক্ত মতানুসারে বা তৎপূর্ব্বক।

Platonism, *n. s.* পূর্ব্বোক্ত মত বা শাস্ত্র।

Platonist বা **Platonizer**, *n. s.* পূর্ব্বোক্ত মতাবলম্বী, তন্মতাবলম্বন করে বা তাহাতে চলে যে।

To **Platonize**, *v. n.* পূর্ব্বোক্ত মতাবলম্বী-হ, তন্মতে-চল বা-আগম।

Platoon, *n. s.* Fr. বন্দুকধারি সৈন্যের সম চতুষ্কোণ ক্ষুদ্র দল, থাক বা কাতার বান্ধা সিফাহীর দল।

Platter, *n. s.* কাটুয়া, বড় মৃৎপাত্রবিশেষ, বুনে বা গাঁথে যে ব্যক্তি।

Plaudit বা **Plaudite**, *n. s.* Lat. প্রশংসা, অনুরাগ, ধন্যবাদ, তারিফ, সাবাশি।

Plausibility, *n. s.* দর্শনীয়ত্ব, সুদৃষ্টি, বাহ্যে যাথার্থিকতা, দর্শনে যাথার্থ, ফলতো যাথার্থ্য, সম্ভবনীয়ত্ব।

Plausible, *a.* Fr. গ্রাহ্য, গ্রহণীয়, সম্ভবনীয়, সম্ভব্য, মনোরঞ্জক, প্রিয়, প্রাকৃত, লৌকিক, বাহিরে সুদৃশ্য।

Plausibleness, *n. s.* গ্রাহ্যতা, গ্রহণীয়ত্ব, সম্ভবনীয়ত্ব, মনোরঞ্জকতা, প্রিয়ত্ব, লৌকিকত্ব, বাহিরে সুদৃশ্যত্ব।

Plausibly, *ad.* সুদৃশ্যতারূপে, লৌকিকত্বপূর্ব্বক, গ্রাহ্যতা, গ্রহণীয়ত্ব বা সম্ভব্যতারূপে।

Plausive, *a.* অনুরাগকারী, প্রশংসাকারী, প্রশস্য, প্রশংসাযোগ্য, অনুরাগার্হ, গ্রাহ্য, সম্ভবনীয়।

To **Play**, *v. n.* Sax. ক্রীড়া-কৃ, কৌতুক কেলি বা খেলা-কৃ, লীলা-কৃ, পরিহাস উপহাস গদ্দী বা তামাসা-কৃ, ভাড়াম-কৃ, সং বা নকল-কৃ, যাত্রা-কৃ, বাজা, বাদ্য-কৃ, সং সাজ, ছদ্মবেশধারণ-কৃ, কর্ম্মচ্যুত-হ, অবজ্ঞা-কৃ, প্রতারণা-কৃ, জুয়াচুরি-কৃ, ফাকি-দা, চল, সর, কুদি-কৃ, নাচ, নৃত্য-কৃ, ভোগা-দা।

To **Play**, *v. a.* চালা, গতি-করা, ছোড়া, বাদ্য-কৃ, বাদ্য-বাজা, নাচ, নৃত্য-কৃ, সং সাজিয়া তামাসা-কৃ, সং-কৃ, কাচ-কাচ, অভিনয়-কৃ, কর্ম্ম-কৃ, নির্ব্বাহ-কৃ।

Play, *n. s.* ক্রীড়া, খেলা, লীলা, কৌতুক, তামাসা, রঙ্গ, মজা, উপহাস, পরিহাস, তামাসা, সং, ভেক, অভিনয়, কপটবেশ, কাচ, যাত্রা, নাটক, কর্ম্ম, কার্য্য, পদ, ব্যবহার, আচার, বাদ্য বাজান, বাজান, বাদ্যকরণ।

Playbook, *n. s.* নাটকগ্রন্থ, নাটকের পুস্তক, যাত্রারচনা।

Playday, *n. s.* নিষ্কর্ম্ম দিন, খেলিবার দিন, ক্রীড়া বা তামাসার দিন।

Playdebt, *n. s.* খেলার দেনা, ক্রীড়াঋণ, খেলা বা জুয়াচুরিতে হয় যে দেনা, জুয়া খেলার ধার।

Player, *n. s.* ক্রীড়ক, খেলুড়ে, খেলাকর্ত্তা, খেলাকারক, খেলক, ছদ্মবেশী, সংওয়ালা, অভিনেতা, ভেকধারী, কেচুয়া, ভাঁড়াম খেঁড়ুয়া, সং বা নকল করে যে ব্যক্তি, নেটুয়া, যাত্রাকর্ত্তা, বা জানিয়া, বাজন্দরিয়া, কুড়ো, আলসে, কর্ম্ম করে না যে ব্যক্তি।

Playfellow, *n. s.* সহক্রীড়ক, সঙ্গী, সাথী, একত্র খেলে বা আনন্দ করে যে, খেলার সাথী, খেলাতুভাই, কাত।

Playful, *a.* কুতূহলী, ক্রীড়ক, মস্করা, ক্রীড়াবান্, খেলাতু, অর্ব্বাচীন, চঞ্চল, অপ্রবীণ, ছেপলা, হাসিয়া খেলিয়া বেড়ায় যে।

Playgame, *n. s.* বাল্যক্রীড়া, বাল্য খেলা, ছেলেখেলা।

Playhouse, *n. s.* খেলার ঘর, নাচঘর, নাটমন্দির, কেলি তামাসা বা সং ঘর।

Playmate, *n. s.* খেলার সাথী, সহক্রীড়ক, খেঁড়ুয়া।

Playpleasure, *n. s.* তামাসা, খেলা, খেলার আমোদ।

Playsome, *a.* খেলাতু, ক্রীড়ক, চঞ্চল, চপল, অর্ব্বাচীন, বালক।

Playsomeness, *n. s.* বালকতা, চাঞ্চল্য, চাপল্য, অর্ব্বাচীনতা।

Plaything, *n. s.* খেলনা, ক্রীড়ার বস্তু।

Playwright, *n. s.* খেলনানির্ম্মাতা, ক্রীড়ার বস্তু নির্ম্মাণ করে যে, নাটক, কাব্য লেখক বা রচক।

Plea, *n. s.* Fr. প্রত্যবস্কন্দন, আবেদনলিপি, তৎকর্ম্ম নিয়ম বা প্রকরণ, কারণ বা হেতুদর্শান, নিমিত্ত, জন্য, জানান, বিজ্ঞাপন, ওজর, নিশ্চয় বাক্য, বাহানা, ফাকি, দাওয়া।

To **Pleach**, *v. a.* Fr. Gr. নিম্ন-কৃ, গাঁথ, বুন, জড়া।

To **Plead**, *v. n.* Fr. আদালতে ওকালতী-কৃ, উত্তরপ্রত্যুত্তর-কৃ, উকীল-হ, সওয়াল জওয়াব-কৃ, আদালতে বিচার তকরার বা বাদানুবাদ-কৃ, বাদানুবাদদ্বারা-বুঝা বা-লওয়া।

To **Plead**, *v. a.* কোন পক্ষ হইয়া বিচার বা যুদ্ধ-কৃ, উকীলের কর্ম্ম-কৃ, কোন মোকদ্দমায় কারণ হেতু বা ওজর-দশা, কারণবা হেতু-দর্শা।

Pleadable, *a.* Fr. সওয়াল জওয়াবকরণযোগ্য, ওকালতীর যোগ্য, ওজর বা কারণ দেখান যাইতে পারে যাহার।

Pleader, *n. s.* উকীল, ধীসচিব, উত্তর প্রত্যুত্তরকারক, সয়াল জবাব করে যে ব্যক্তি।

Pleading, *n. s.* ওকালতী, ধীসচিবতা, উত্তর প্রত্যুত্তরকরণ বা তৎপ্রকরণ।

Pleasant, *a.* Fr. সুন্দর, সন্তোষ বা আনন্দজনক, মনোরম, মনোহর, দ্রষ্টব্যমাত্র আমোদের কিন্তু ব্যবহারের যোগ্য নহে যে বা যাহা, অকেযো, মনোজ্ঞ, মধুর, মিষ্ট, ভাল, বিলক্ষণ, উৎকৃষ্ট, উত্তম, প্রিয়দর্শন, রম্য, চারু, শোভিত, সানন্দ, রসিক, হৃদ্য, আমোদী, আহ্লাদিত, হৃষ্ট।

Pleasantly, *ad.* সৌন্দর্য্যপূর্ব্বক, মনোহরতা বা মনোরমতাপূর্ব্বক আনন্দে, আহ্লাদে, খুসীতে, পরিহাসে, তামাসায়।

Pleasantness, *n. s.* আনন্দ, সৌন্দর্য্য, হৃদ্যতা, রম্যতা, মনোরমতা, চারুতা, শোভা, সুদৃশ্যতা, ভদ্রতা, আহ্লাদ, আমোদ, খুসি।

Pleasantry, *n. s.* Fr. খুসী, আহ্লাদ, আমোদ, কৌতুক, রসিকতা, পরিহাস, তামাসা।

To **Please**, *v. a.* Lat. খুসী-কৃ, সন্তোষ-কৃ, আহ্লাদিত-কৃ, আনন্দিত-কৃ, পরিতুষ্ট-কৃ, তৃপ্ত-কৃ, রাজি-কৃ, *To be* pleased *with*, পছন্দ-কৃ, *To be* pleased চাহ, ইচ্ছা-কৃ।

To **Please**, *v. n.* তুষ্ট-হ, আনন্দিত-হ, আহ্লাদিত-হ, তৃপ্ত-হ, খুসী-হ, পছন্দ-কৃ, মনোনীত-কৃ, অনুগ্রহ-কৃ, স্বীকার-কৃ, গ্রাহ্য-কৃ।

Pleasedly, *ad.* তুষ্ট হইয়া, আনন্দিত হইয়া, অহ্লাদপূর্ব্বক।

Pleaser, *n. s.* তুষ্টকর্ত্তা, সন্তুষ্ট বা তৃপ্তকর্ত্তা, খুসীকর্ত্তা, আনন্দজনয়িতা বা দাতা, খোসামুদে, যাহাতে প্রীতি হয় তাহা করে যে ব্যক্তি।

Digitized by Google

Pleaseman, *n. s.* অনধিকারচর্চ্চক, অনিযুজ্য সর্ব্বাধ্যক্ষ।

Pleasingly, *ad.* তুষ্টকারিত্বরূপে, মনোহরত্বরূপে, আনন্দবর্দ্ধন পূর্ব্বক, তুষ্ট বা আনন্দিত হয় যাহাতে এমত হইয়া, খুসী করিয়া।

Pleasingness, *n. s.* মনোহরত্ব, তুষ্টিকরত্ব, তৃপ্ত সন্তুষ্ট বা আহ্লাদ জনকত্ব, খুসীকরণের শক্তি গুণ বা ক্ষমতা।

Pleasurable, *a.* মনোহর, আনন্দজনক বা দায়ক, তুষ্টিজনক, রম্য, আনন্দময়।

Pleasurably, *ad.* আনন্দ তুষ্টি খুসী বা আহ্লাদপূর্ব্বক, তুষ্ট খুসী বা আহ্লাদিত হইয়া।

Pleasurableness, *n. s.* মনোহরত্ব, মনোরমত্ব, তুষ্টত্ব, আহ্লাদ জনকত্ব।

Pleasure, *n. s.* Fr. সুখ, খুসী, তুষ্টি, পরিতোষ, অনুরঞ্জন, প্রফুল্লতা, কুতূহল, ক্রীড়া, কৌতুক, হর্ষ, আনন্দ, আহ্লাদ, সন্তোষ, ইচ্ছা, মর্জ্জ, হাস্য পরিহাস্য, রঙ্গরস, তৃপ্তি, পছন্দ।

Pleasure-ground, *n. s.* অট্টালিকা বা কোনপ্রাসাদের নিকটবর্ত্তি প্রস্তুতীকৃত পরিষ্কারভূমি বা জমী, বেড়াইবার বা খুসীকরিবার স্থান।

Plebeian, *n. s.* Fr. সামান্য অধম নীচ বা ইতরলোক।

Plebeian, *a.* ক্ষুদ্র, ইতর, নীচ, অধম, সামান্য, পামর, অকুলীন, সাধারণ লোকসম্বন্ধীয়।

Pledge, *n. s.* Sax. বন্ধক, বোধ, আধি, জামিন, বন্ধক দ্রব্য, মদ্য পানে শিষ্টাচারিবিশেষ, তৎপানে আহ্বান নিমন্ত্রণ বা স্বীকার।

To **Pledge**, *v. a.* Fr. বন্ধক-দা, বোধ-দা, আধি-দা বা-কৃ, বন্ধক -রাখ, জামিন-দা, মদ্যপানে আহ্বান-কৃ।

Pledger, *n. s.* বন্ধকদাতা, বন্ধক দেয় বা রাখে যে ব্যক্তি, মদ্যপানে আহ্বানকর্ত্তা বা নিমন্ত্রয়িতা।

Pledget, *n. s.* Dut. বিলায়তী সূতা, লিণ্ট নামক কাপড়ের তাল বা কিঞ্চিৎ।

Pleiades বা **Pleiads**, *n. s.* Lat. Gr. সপ্তর্ষি।

Plenarily, *ad.* পরিপূর্ণরূপে, সম্পূর্ণরূপে, পূরারূপে।

Plenariness, *n. s.* সম্পূর্ণত্ব, পূর্ণত্ব, সমুচ্চয়ত্ব।

Plenarty, *n. s.* Lat. বৃত্তি বা তৈলবট ভোগাবস্থা।

Plenary, *a.* Lat. সম্পূর্ণ, পূর্ণ, শুদ্ধ।

Plenary, *n. s.* নিশ্চয় কার্য্য, কর্ম্মের রীতি ধারা বা ব্যবহার।

Plenilune, *n. s.* Lat. পূর্ণচন্দ্র।

Plenilunary, *a.* পূর্ণচন্দ্রবিষয়ক বা তৎসম্বন্ধীয়।

Plenipotence, *n. s.* পূর্ণশক্তি ক্ষমতা বা পরাক্রম, পূর্ণশক্তিশালিত্ব।

Plenipotent, *a.* Lat. পূর্ণশক্তিশালী, পূর্ণশক্তি বা ক্ষমতা আছে যাহার বা যাহাতে, পূর্ণপরাক্রমবিশিষ্ট।

Plenipotentiary, *n. s.* Fr. পূর্ণ পরাক্রম ক্ষমতা বা শক্তিবিশিষ্ট উকীল বা দূত, পূর্ণ পরাক্রমী উকীল বা সামঞ্জস্যকারয়িতা।

Plenipotentiary, *a.* পূর্ব্বোক্ত ব্যক্তির ক্ষমতা শক্তি বা পরাক্রম আছে যাহার বা যাহাতে।

To **Plenish**, *v. a.* Fr. পূর্ণ-কৃ, সম্পূর্ণ-কৃ, পূরা-কৃ।

Plenist, *n. s.* Lat. সর্ব্বস্থান বস্তুতে পূর্ণ, এতন্মতাবলম্বি ব্যক্তি।

Plenitude, *n. s.* Lat. পূর্ণত্ব, সম্পূর্ণত্ব, বাহুল্য, যথেষ্টত্ব, অপর্য্যাপ্তত্ব, প্রাচুর্য্য।

Plenteous, *a.* Fr. বহুল, বিস্তর, অনেক, যথেষ্ট, প্রচুর, অশোচ্য, ফলবান্, সফল, উর্ব্বরা।

Plenteously, *ad.* বাহুল্যরূপে, অশোচ্যতাপূর্ব্বক, প্রাচুর্য্যপুরঃসরে, বিস্তারপূর্ব্বক।

Plenteousness, *n. s.* প্রাচুর্য্য, যথেষ্টতা, অশোচ্যতা, বাহুল্য, আতিশয্য, অতিরিক্ততা, আধিক্য।

Plentiful, *a.* প্রচুর, যথেষ্ট, অনেক, বিস্তর, অশোচ্য, বহুল, পরিপূর্ণ, অতিশয়, অতিরিক্ত।

Plentifully, *ad.* প্রাচুর্য্যরূপে, যথেষ্টতাপূর্ব্বক, বাহুল্যরূপে, আতিশয্যরূপে, পরিপূর্ণতাপূর্ব্বক।

Plentifulness, *n. s.* প্রাচুর্য্য, আতিশয্য, বাহুল্য, যথেষ্টতা, পরিপূর্ণত্ব, ফলবত্তা, উর্ব্বরাত্ব।

Plenty, *n. s.* Fr. যথেষ্ট, প্রাচুর্য্য, বাহুল্য, অতিরিক্ততা, সম্পূর্ণ, ফলবত্তা, সফলত্ব, উর্ব্বরাত্ব।

Pleonasm, *n. s.* Lat. অলঙ্কারশাস্ত্রে রূপবিশেষ, যাহাতে অব্যাবর্ত্তক শব্দ ব্যবহার হয়, প্রয়োজনাপেক্ষায় অতিরিক্ত কথা কহন।

Pleonastical, *a.* পূর্ব্বোক্ত ভাববিষয়ক বা তৎসম্বন্ধীয়, অতিরিক্ত।

Pleonastically, *ad.* অতিরিক্ততারূপে, আতিশয্যরূপে, বাহুল্যরূপে।

Plerophory, *n. s.* Gr. দৃঢ় সংস্কার বা প্রবৃত্তি।

Plesh, *n. s.* ডোবা, গেড়ে, অপকৃষ্ট জলাশয়, জলোভূমি।

Plethora, *n. s.* Gr. শারীরিক বিষয়ে অত্যাচারহইতে উৎপন্ন রস রক্তাদির আতিশয্য আধিক্য বা বৃদ্ধি।

Plethoretick বা **Plethorick**, *a.* অতিশয় পুষ্ট বা শরীরে রস রক্তাদির অতিরিক্ততা বা বাহুল্য হইয়াছে যাহার বা তদ্বিশিষ্ট।

Plethory, *n. s.* রস রক্তাদির আধিক্য বৃদ্ধি বা পুষ্টি।

Plevin, *n. s.* Fr. Lat. মুক্তি, খালাসি।

Pleurisy, *n. s.* Gr. Fr. বক্ষোদ্বর্ব্বেষ্টিত রোগ, পার্শ্ব শূলবিশেষ।

Pleuritical বা **Pleuritick**, *a.* পূর্ব্বোক্ত রোগগ্রস্ত বা তৎসম্বন্ধীয়।

Pliability, *n. s.* নমনীয়ত্ব, নম্যতা, নমনশীলতা।

Pliable, *a.* Fr. নমনশীল, নমনীয়, নম্য, কোমল, মৃদু, নরম, অনায়াসে নোয়ান যাইতে পারা যায় যাহাকে।

Pliableness, *n. s.* নমনীয়ত্ব, নম্যত্ব, নমনশীলত্ব, নরম মন, মনের কোমলত্ব।

Pliancy, *n. s.* নম্যত্ব, অনায়াসে নমনশীলত্ব।

Pliant, *a.* Fr. নম্য, নমনীয়, সুনম্য, কোমল, নরম, অনায়াসে স্বীকার করে বা প্রবৃত্ত হয় যে বা নোয়ান যাইতে পারে যাহাকে।

Pliantness, *n. s.* নম্যত্ব, নমনীয়ত্ব।

Plica, *n. s.* Lat. Fr. পোলণ্ডদেশে কেশ রোগবিশেষ।

Plication বা **Plicature**, *n. s.* Lat. দীত্ব, ভাঁজ।

Pliers, *n. s.* অস্ত্রবিশেষ।

To **Plight**, *v. a.* Sax. বন্ধক-দা, বোধ-দা, জামিন-দা, কোঁচকা, চুনট বা বিনট-কৃ, বুন।

Plight, *n. s.* Sax. দশা, অবস্থা, গতি, হাল, বন্ধক, বোধ পর্ত্ত, ভাঁজ, কোঁচকা, দোমড়া, চুণট, পোশাকবিশেষ।

Plighter, *n. s.* বন্ধকদাতা, বোধ দেয় যে ব্যক্তি, কোঁচায়, চুনট করে বা ভাঁজে যে।

To **Plim**, *v. n.* বৃদ্ধি-হ, স্ফীত-হ, আয়তনে বড়-হ।

Plinth, *n. s.* Gr. ঘরের পোঁতা, বুনিয়াদের উপর মেজ্যেপর্য্যন্ত গাথুনি বা দেওয়াল।

To **Plod**, *v. n.* Dut. পরিশ্রম-কৃ, অতিশ্রম-কৃ, মিহনৎ-কৃ, পর্য্যটন -কৃ, অতিনিবিষ্ট হইয়া-দৃশ্-শিক্ষ বা অবগত-হ।

Digitized by Google

Plodder, *n. s.* অতিশ্রমী, অনর্থক শ্রম করে যে ব্যক্তি, পণ্ডশ্রমী, বৃথা শ্রমকর্ত্তা।

Plodding, *n. s.* বৃথা শ্রম, অনর্থক শ্রম, পণ্ডশ্রম।

Plot, *n. s.* এক খণ্ড বা এক টুকরা ভূমি, এক কিতা বা এক খাতা জমী, কুমন্ত্রণা, কুপরামর্শ, মন্দকল্পনা, ফাদ, আড়চা, টাঁচা, নক্সা, সাজস্, ছল, কোন মন্দ কর্ম্ম সাধনার্থে উদ্যোগ উপায় মন্ত্রণা বা চেষ্টা, প্রতারণা, প্রবঞ্চনা, ছল, চেষ্টা।

To **Plot**, *v. n.* কুমন্ত্রণা-কৃ, কুপরামর্শ-কৃ, কোন মন্দ কর্ম্মকরণার্থে ছল ফন্দি চেষ্টা বা প্রকরণ-কৃ, প্রতারণা বা মন্দকরণার্থে কল্পনা বা ফান্দ-কৃ বা-ফেল, নক্সা-কৃ, টাঁচা-কৃ।

To **Plot**, *v. a.* নক্সা-কৃ, গড়, পাণ্ডুলেখ-কৃ, চিত্রবিদ্যানুসারে বিবরণ-কৃ, লিখ, চিত্র-কৃ।

Plotter, *n. s.* কুমন্ত্রণাদাতা বা কারী, কুপরামর্শী, কোন দুষ্ট কর্ম্মের সাধনার্থে পরামর্শ করে বা দেয় যে, তৎকর্ম্মে প্রাবর্ত্তক, ছলকারক, ফান্দওয়ালা, প্রাবর্ত্তক, উদ্যোগী, চেষ্টাকর্ত্তা, নক্সা বা টাঁচাকারক।

Plover, *n. s.* Fr. টিট্টিভপক্ষী, টিটিরপক্ষী।

Plough, *n. s.* Sax. লাঙ্গল, হল, হাল, চাস, খেতি।

To **Plough**, *v. n.* লাঙ্গলদাতা-হ, হালদাতা-হ, চসা-হ, কৃষ্ট-হ।

To **Plough**, *v. a.* লাঙ্গল-দা, চস, কাট, ছেদ, খোঁড়, লাঙ্গলদ্বারা চস, লাঙ্গল-ফিরা, ভূমি কর্ষণ-কৃ, চাস-দা।

Plough-alms, *n. s.* Sax. গ্রিজার ভিক্ষাবিশেষ, প্রাচীন কালে প্রত্যেক চাসাদ্বারা গ্রিজাতে দানবিশেষ।

Ploughboy, *n. s.* লাঙ্গলের ছোকরা, লাঙ্গলের পশ্চাৎ যায় যে বালক, অতিমূর্খ বা জড় বালক।

Plougher, *n. s.* কৃষক, চাসা, লাঙ্গল দেয় টানে বা চালায় যে।

Ploughing, *n. s.* লাঙ্গল দেওন, চাস, ভূমি কর্ষণ।

Ploughland, *n. s.* কৃষ্যুপযুক্ত ভূমি, চাসের ভূমি, শস্য ভূমি, খামার, এতদ্ভিন্ন Carucate শব্দ দেখ।

Ploughman, *n. s.* চাসা, কৃষক, কৃষাণ, লাঙ্গলওয়ালা, লাঙ্গল ধরে বা চালায় যে, হলী, লাঙ্গলিয়া, অতিমূর্খ, অজ্ঞ বা চাসাব্যক্তি, অতিবলবান্ এবং পরিশ্রমি ব্যক্তি।

Ploughmonday, *n. s.* Christmas নামক পর্ব্বাহের দ্বাদশ দিনের পর সোমবার।

Ploughshare, *n. s.* ফাল, লাঙ্গলের ফাল বা হুল।

To **Pluck**, *v. a.* Sax. উৎপাটন-কৃ, তুল, উপড়া, ছিঁড়, হেঁচকা টান-দা, নিষ্পক্ষ-কৃ, পালক-উপড়া, *To* **Pluck** *up a heart or spirit*, পুনঃপ্রত্যাশা-কৃ বা-রাখ, পুনরাশা-রাখ, সাহস-কৃ, ধৈর্য্যাবলম্বন-কৃ।

Pluck, *n. s.* টান, হেঁচকা, আকর্ষণ, উপড়ান, উৎপাটন।

Plucker, *n. s.* উপড়ায় হেঁচকা মারে বা টান দেয় যে ব্যক্তি, উৎপাটনকর্ত্তা।

Plug, *n. s.* Swed. Teut. ছিপি, গুঁজি, মেক, চিপলা, মুদা।

To **Plug**, *v. a.* ছিপি-দা বা-লাগা, গুঁজি-দা, ছিপি গুঁজি বা চিপলাদ্বারা বন্ধ-কৃ, চিপ-দা, তালি-দা লাগা বা-বসা।

Plum, *n. s.* Sax. ফলবিশেষ, একজাতীয় কিসমিস, একহাজার পৌণ্ড, একহাজার পৌণ্ড ধন আছে যাহার, ক্রীড়াবিশেষ।

Plum, *a.* Plump শব্দের প্রাচীন ভাষা, Plim ও Plump শব্দ দেখ।

Plumage, *n. s.* Fr. পাখা, পাখনা, পালখ, কোমল পক্ষ, পালখের অঙ্কুর।

Plumb, *n. s.* Fr. Lat. ওলন, ওলনসূতা।

Plumb, *ad.* Ital. ওলন মাপে, উপর নীচে খাড়া মাপে, খাড়া ইতে, উপরহইতে নীচে, সমসূত্র পাতে।

To **Plumb**, *v. a.* গহেরা মাপ-কৃ, সূতা বা দড়ি দিয়া গভীর পরিমাণ-কৃ, ওলন-কৃ, ওলন-ধর, ওলনের দ্বারা সমান বা পরিমাণ-কৃ।

Plumbean বা **Plumbeous**, *a.* Lat. সীসকবৎ, সীসাবিশিষ্ট, সীসকতুল্য।

Plumber, *n. s.* Fr. সীসারকর্ম্ম করে যে, সীসাকার, সীসার কারিগর, এশব্দ সচরাচর Plummer লেখা যায় এবং উচ্চরিত হয়।

Plumbery, *n. s.* সীসার কারখানা, সীসা জন্মে বা তৈয়ার হয় যে স্থানে, পূর্ব্বোক্ত কারিগরের কারখানা, এশব্দ সচরাচর Plummery লেখা যায়।

Plumcake, *n. s.* মিঠাইবিশেষ, কিসমিসের মিঠাই।

Plume, *n. s.* Fr. Lat. পাখির পালখ, পক্ষ, পাখা, শিখা, পাখনা, পর, অহঙ্কার, গর্ব্ব, মর্য্যাদা বা সম্মানের বিষয় লক্ষণ বা চিহ্ন, জিগীষা, বৃক্ষবিদ্যায় সংজ্ঞাবিশেষ।

To **Plume**, *v. a.* পালখ-লাড়, পালখ সোজা-কৃ, পালখের দ্বারা শোভা-কৃ, নিষ্পক্ষ-কৃ, পালখ-উপড়, পালখ উৎপাটন-কৃ, পক্ষোৎপাটন-কৃ, নাশ-কৃ, বর্জ্জিত-কৃ, পালখ-দা, শিখা-দা শিখা পর, শিখা-লাগা বা-জড়া, শিখা পালখ বা পাখাদ্বারা শোভা-কৃ, গর্ব্বিত-হ।

Plumeallum, *n. s.* প্রস্তরবিশেষ, Asbestos শব্দ দেখ।

Plumeless, *a.* নিষ্পক্ষ, পক্ষহীন, পাখাবর্জ্জিত, নেড়া, পালখ নাই যাহার বা যাহাতে।

Plumigerous, *a.* পালখবিশিষ্ট, পক্ষবান্, পালখে শোভিত বা আবৃত, পালখওয়ালা।

Plumipede, *n. s.* Lat. পালখ আছে যে পক্ষির পাদে তৎপক্ষী।

Plummet, *n. s.* Fr. ওলন, ওলনদড়ি, কোন ভার বা ভারি দ্রব্য।

Plumosity, *n. s.* পক্ষবত্তা, পালখবিশিষ্টত্ব, পালখ আছে যাহার বা যাহাতে তদ্ভাব বা তদবস্থা।

Plumous, *a.* Lat. পক্ষবৎ, পক্ষময়, পক্ষবিশিষ্ট, পালখের ন্যায় বা তদাকার।

Plump, *a.* হৃষ্টপুষ্ট, তাজা, মোটা, স্থূলকায়, আঁকড়া, মোটাসোটা, ধুমধামা, থোড়াল।

Plump, *n. s.* গুচ্ছা, থোবা, কান্দি, থল্যো, থোবনা, গাঁটি, গিরা, ঝাড়।

To **Plump**, *v. a.* মোটা-কৃ, স্থূলকায়-কৃ হৃষ্টপুষ্ট-কৃ, বৃহৎ-কৃ, বড়-কৃ।

To **Plump**, *v. n.* ঝপাৎকরিয়া-পত, প্রস্তরের ন্যায় জলে-পত, পুষ্ট-হ, মোটা-হ, স্থূলকায়-হ, স্ফীত-হ।

Plump, *ad.* Teut. ঝপাৎ করিয়া প্রস্তর জলে পড়িলে যে প্রকার শব্দ হয় তদনুসারে।

Plumper, *n. s.* কোন দ্রব্য যাহা মুখে রাখিলে বা পরিধান করিলে গাল উচ্চ দেখায় বা হয়।

Plumply, *ad.* পূর্ণরূপে, সম্পূর্ণরূপে, গোলরূপে, পুষ্টতারূপে, গোল গালে, মোটা বা পুষ্টরূপে।

Plumpness, *n. s.* পুষ্টতা, পীবরতা, স্থূলকায়ত্ব, হৃষ্টপুষ্টত্ব, মোটা সোটা বা গোলশরীরের ভাব, সুগঠন।

Plumporridge, *n. s.* সূপবিশেষ, মাংস, এক প্রকার কিসমিসের ঝোল।

Plumpudding, *n. s.* কিসকিসের পিঠা বা মিঠাইবিশেষ।

Plumpy, *a.* কাব্য ভাবে বা ব্যঙ্গোক্তিতে মোটাসোটা গোলগাল বা হৃষ্টপুষ্ট বুঝায়।

Digitized by Google

Plumy, *a.* পক্ষময় বা বিশিষ্ট, পালখে ভরা, পালখাবৃত।

To **Plunder**, *v. a.* লুঠ-কৃ, অপহরণ-কৃ, লুঠ, লুঠিয়া-নী, লুঠ করিয়া-নী, ডাকাইতি-কৃ, ডাকাইতের ন্যায় অপহরণ-কৃ, লুঠ পাট-কৃ।

Plunder, *n. s.* লুঠের দ্রব্য, লুঠের ধন, লুঠিত বা অপহৃত বস্তু, যুদ্ধে লব্ধ বস্তু।

Plunderer, *n. s.* লুঠেরা, অপহারক, ডাকাইত, দস্যু, ডাকু।

To **Plunge**, *v. a.* Fr. জলে নিক্ষেপ-কৃ, জলে-ফেল, জলে-ডুবা, হঠাৎ প্রবৃত্ত-কৃ, মগ্ন-কৃ, চুবা, ডুবা, দুঃখ ক্লেশ বা আপদে-ফেল বা তাহাতে নিক্ষেপ-কৃ, ঠেলিয়া-ফেল।

To **Plunge**, *v. n.* অবগাহন-কৃ, মগ্ন-হ, ডুব-দা, ডুব-মার, ডুব, কোন বিপদ আপদ বা ক্লেশে-পত বা-ঢুক বা-আগম।

Plunge, *n. s.* জলে ডুবান চুবান বুড়ান বা ভাসান, অবগাহন, ডুব, মুস্কিল, ক্লেশ, উৎপাত, অপ্রতুল।

Plungeon, *n. s.* সমুদ্রীয় পক্ষিবিশেষ।

Plunger, *n. s.* অবগাহনকর্ত্তা, ডুবক, ডুব দেয় বা মারে যে।

Plunket, *n. s.* একপ্রার নীল রং।

Plural, *a.* Lat. বহুবচনান্ত, একের অধিক সংখ্যা আছে যাহাতে বা যাহার।

Pluralist, *n. s.* Fr. বহুবৃত্তিধারী বা ভোগী পুরোহিত।

Plurality, *n. s.* Fr. একাধিকতা, বহুবচন, বহু সংখ্যা, অনেকত্ব, আধিক্য, পুরোহিতের অধিক বৃত্তি।

Plurally, *ad.* একাতিরিক্তে, অধিক সংখ্যায় পরিমাণে বা ভাবে, বহুবচনে।

Plurisy, *n. s.* Lat. যথেষ্টত্ব, অপর্য্যাপ্তি, প্রাচুর্য্য, আধিক্য।

Plush, *n. s.* Fr. এক প্রকার বস্ত্র, এক প্রকার লোমের মখমল, কর্কশ বা শক্ত লোম বা বস্ত্রবিশেষ।

Plusher, *n. s.* সমুদ্রীয় মৎস্যবিশেষ।

Pluvial বা **Pluvious**, *a.* Lat. বর্ষাসম্বন্ধীয়, বৃষ্টিবিষয়ক, বর্ষীয়।

Pluvial, *n. s.* Fr. আচার্য্যের বস্ত্র বা মস্তকাভরণবিশেষ।

To **Ply**, *v. a.* Sax. অতিশ্রম-কৃ, অতিশ্রমে বা মনোযোগপূর্ব্বক কর্ম্ম-কৃ, নত-কৃ, কোন বিষয়ে পরিশ্রম বা ব্যগ্রতা-কৃ, ব্যগ্রতা বা মনোযোগপূর্ব্বক কর্ম্ম-কৃ, মনোনিবেশ-কৃ, নিবিষ্ট-কৃ, কর্ম্মাবৃত-কৃ, কর্ম্মাবিষ্ট বা ব্যস্ত-কৃ, পুনঃ২ প্রার্থনা-কৃ, বার২ চাহ, মাগ, যেঙ্গা, নিম্ন-কৃ *To* Plight শব্দ দেখ।

To **Ply**, *v. n.* কর্ম্ম-কৃ, সেবা-কৃ, পরিচর্য্যা-কৃ, মজুরি-কৃ, মেহন্নৎ-কৃ, ব্যস্ত-হ, নিবিষ্ট-হ, আবিষ্ট-হ, দ্রুতগামী-হ, দ্রুত-চল বা -গম, নিম্ন-হ, নত-হ।

Ply, *n. s.* নমন, বক্রতা, ফেরণ, আকার, আকৃতি, অবয়ব, ভৌল, ভাঁজ, পাট, তহ্।

Plyers, *n. s.* Pliers শব্দ দেখ।

Plying, *n. s.* পুনঃ পুনঃ যাচ্ঞা প্রার্থনা বা মাগন, যেঙ্গানি, নাবিক ভাষায় বায়ুর অভিমুখে যাওন বা তচ্চেষ্টা।

Pneumatical বা **Pneumatick**, *a.* Gr. বায়ুসম্বন্ধীয় বায়ুবিষয়ক, বায়ুবিশিষ্ট, বায়ুদ্বারা নিঃসৃত বা চালিত।

Pneumaticks, *n. s.* Fr. বায়ুনির্ণয়বিদ্যা, বায়ুশাস্ত্র, বায়ুজ্ঞান।

Pneumonicks, *n. s.* Gr. হৃদ্রোগের ঔষধি, বক্ষস্থলের রোগের ঔষধি।

To **Poach**, *v. a.* Fr. অল্প জ্বাল-দা, অল্প সিদ্ধ-কৃ, কাট, বিদ্ধ-কৃ, ছিদ, ডাকাইতি-কৃ, চুরি-কৃ।

To **Poach**, *v. n.* Fr. শীকারি পশু চুরি-কৃ, খল্যের ভিতর চুরি করিয়া লইয়া-যা, সরস-হ, আর্দ্র-হ, জবজবে-হ।

Poachard, *n. s.* জলচর পক্ষিবিশেষ।

Poacher, *n. s.* শীকারি পশু, চোর, অপহারক।

Poachiness, *n. s.* সরদাই, সজলত্ব, সেঁতসেঁতে বা সরদির ভাব।

Poachy, *a.* সজল, জল্যো, সেঁতসেঁতে, আর্দ্র, সেঁতা, জবজবে, নচ্ নেচে।

Pock, *n. s.* Sax. বসন্ত, গুটি।

Pocket, *n. s.* Sax. Fr. জেব, বগলী, থলী, সাঁকালি বা তৎপরিমাণ।

To **Pocket**, *v. a.* Fr. জেবে-রাখ বা-ভর, চুরি-কৃ, হাত-কৃ।

Pocketbook, *n. s.* স্মরণার্থে ক্ষুদ্র বহী বা চোতা, জেবে থাকে যে ক্ষুদ্র বহী।

Pocketglass, *n. s.* ক্ষুদ্র দর্পণ বা আর্শী, জেবে থাকে যে আর্শী।

Pockfretten, *a.* বসন্তের দাগপড়া, বসন্তের দাগ বা খাল পড়িয়াছে যে শরীরে বা যাহার।

Pockhole, *n. s.* বসন্তের দাগ বা চিহ্ন।

Pockiness, *n. s.* উপদংশ রোগগ্রস্ততা বা তদ্রোগাবস্থা।

Pocky, *a.* উপদংশ রোগগ্রস্ত বা তদ্রোগী।

Poculent, *a.* Lat. পানোপযুক্ত, পেয়, পানীয়।

Pod, *n. s.* Dut. শিম্বী, মটর বীজ ইত্যাদির খোসা, খারা।

Podagrical, *a.* বাতরোগগ্রস্ত, বাতরোগী, বেতো।

Podder, *n. s.* মটর শিম্বী ইত্যাদি শস্য সংগ্রাহক।

Podge, *n. s.* ডোবা, গেড়ে, অপকৃষ্ট পুষ্করিণী বা জলাশয়।

Poem, *n. s.* Lat. কাব্য, কবিতা, শ্লোক, পদ্য, দোঁহা।

Poesy, *n. s.* Fr. কাব্যবিদ্যা, কাব্য রচনার বিদ্যা বা তচ্ছাস্ত্র, কবিতা, শ্লোক, অলঙ্কারবিদ্যা, অঙ্গুরী বা অন্য দ্রব্যোপরি খোদা বা লিখনবিশেষ।

Poet, *n. s.* Fr. Lat. কবি, কাব্যকর্ত্তা।

Poetaster, *n. s.* Fr. কুকবি, অধম কবি, কবি নহে অথচ কাব্য রচনা করেযে।

Poetess, *n. s.* Fr. কাব্যকর্ত্রী স্ত্রী, কবি।

Poetical বা **Poetick**, *a.* Lat. কবিতায় উক্ত রচিত বা কথিত, কবিতাযুক্ত, কাব্যসম্বন্ধীয়, কাব্যীয়, কবির উপযুক্ত, কবির যোগ্য।

Poetically, *ad.* কবিতায়, কবিতাপূর্ব্বক, কবির রচনায় বা ছন্দোনুসারে, পদ্য ছন্দোরূপে, পদ্য ছন্দোনুসারে, কবিতা ছন্দে।

Poeticks, *n. s.* কাব্যশাস্ত্র, কাব্যসঙ্কেত।

To **Poetize**, *v. n.* Fr. কবির ন্যায়-লিখ বা-রচ, কবি-হ।

Poetress, *n. s.* Lat. কবি, কাব্যকারিণী।

Poetry, *n. s.* Fr. কবিতা, কাব্য, শ্লোক, কাব্যশাস্ত্র, কাব্যরচনা, দোঁহা।

Poignancy, *n. s.* তীক্ষ্ণতা, কটুতা, জ্বালা, এতচ্ছক্তি বা গুণ।

Poignant, *a.* Fr. তীক্ষ্ণ, ঝাল, তীব্র, কড়া, কটু, তেজাল, জ্বালাকারক, চিড়বিড়ে, শক্ত।

Poignantly, *ad.* তীক্ষ্ণতাপূর্ব্বক, ঝালপূর্ব্বক, ঝালে, ঝাল লাগিয়া, কটুতা পুরঃসরে, জ্বালাপূর্ব্বক।

Point, *n. s.* Fr. অগ্রভাগ, হুল, ডগা, আগা, মাথা, শিখা, ধার, ধাতুনির্ম্মিত বড়ি, সূচিবিশিষ্ট রজ্জু, টেঁক, অন্তরীপ, বিন্দু, বিপ্রয়, নির্দ্দিষ্ট স্থল বা কাল বা তৎসীমা, অল্পস্থান, অনুপলভ্য কাল,সন্ধিস্থান বা কাল, অবস্থা, দশা, দাগ, ঘড়ী বা কাল পরিমাপক যন্ত্রের অংশ বা তচ্চিহ্ন, অভিপ্রায়, লক্ষ্যবিশেষ, দৃষ্টান্তস্থল, উপমা, সুর, তাল, Point blank সিধা, সোজা, Point devise or device সূচিকর্ম্ম, ছুঁচের কাজ।

To **Point**, *v. a.* অগ্রভাগ সরু-কৃ, ছুঁছল-কৃ, তীক্ষ্ণ-কৃ, হুলযুক্ত-কৃ, লক্ষ্য-কৃ, নিশান-কৃ, তাক-কৃ, দৃষ্টি-কৃ, অঙ্গুলিদ্বারা-দর্শা, কোন

Digitized by Google

দিগে-গম ছোড় বা-চালা, নিক্ষেপ-কৃ, চিহ্ন-দা, বিন্দু-দা, তদ্দ্বারা প্রভেদ বা পৃথক্-কৃ, নিযুক্ত-কৃ।

To Point, *v. n.* অঙ্গুলিদ্বারা চিহ্ন-কৃ, অঙ্গুলিদ্বারা-দর্শা, পদ বা কথা চিহ্নদ্বারা পৃথক্-কৃ, প্রয়োজকতা-কৃ, স্পষ্টরূপে-দর্শা।

Pointed, *a.* হুলওয়ালা, তীক্ষ্ণ, তীব্র, ছুঁছল, হুলযুক্ত, ভগাল, ধারাল, বিন্দুময়, বিন্দুবিশিষ্ট।

Pointedly, *ad.* ছুঁছল বা তীক্ষ্ণরূপে, অগ্রভাগ সরু বা তীক্ষ্ণতা পূর্ব্বক।

Pointedness, *n. s.* তীক্ষ্ণতা, ছুঁছলের ভাব, বিন্দুময়ত্ব।

Pointel, *n. s.* Fr. একপ্রকার সীসার কলম, ছুঁছল বা আগা সরু কোন দ্রব্য।

Pointer, *n. s.* প্রদর্শক, দর্শক, হুলওয়ালা, আগা আছে যাহার, শীকার দেখাইয়া দেয় যে কুক্কুর।

Pointingstock, *n. s.* তামাসা, ঠাট্টা বা গদ্দির বিষয়।

Pointless, *a.* অতীক্ষ্ণ, আগাভাঙ্গা, ভোতা, হুলরহিত, আগা নাই যাহার।

Poise, Poize শব্দ দেখ।

Poison, *n. s.* Fr. বিষ, গরল, হালাহল, ক্ষ্বেড়,কালকূট, কোন দ্রব্য যাহাতে অপকার বা স্পর্শাক্রম করে।

To Poison, *v. a.* বিষাক্ত-কৃ, বিষদান-কৃ, বিষ-দা, গরলময়-কৃ, বিষদ্বারা সঞ্চার-কৃ, বিষ-খাওয়া, বিষ খাওয়াইয়া-মার বা নষ্ট-কৃ, নষ্ট-কৃ, দোষপ্রাপ্ত-কৃ।

Poison-tree, *n. s.* বৃক্ষবিশেষ, বিষবৃক্ষ।

Poisoner, *n. s.* বিষদাতা, বিষাক্তকর্ত্তা, বিষ খাওয়ায় যে ব্যক্তি, নষ্টকর্ত্তা, রসায়নকর্ত্তা।

Poisonful, *a.* বিষময়, গরলীয়, বিষাক্ত, বিষঘটিত, বিষাল, বিষে পূর্ণ।

Poisoning, *n. s.* বিষ দিয়া-মারণ বা নষ্ট করণ, বিষ খাওয়ান।

Poisonous, *a.* বিষাল, বিষমাখা, বিষযুক্ত, বিষঘটিত, বিষপূর্ণ, বিষধর্ম্মক।

Poisonously, *ad.* বিষালত্বপূর্ব্বক, বিষবিশিষ্টত্বরূপে।

Poisonousness, *n. s.* বিষধর্ম্ম, বিষালতা, বিষাক্তত্ব।

Poitrel, *n. s.* Fr. Ital. খোদকারি অস্ত্রবিশেষ, ঘোড়ার বক্ষো দেশরক্ষার্থ সাজোয়াবিশেষ।

Poize, *n. s.* Fr. ভার, ওজন, সমপরিমাণ, তৌল, তৌলকারী বা পরিমাণশক্তি।

To Poize, *v. a.* Fr. ওজন-কৃ, তৌল-কৃ, সমপরিমাণ-কৃ, সমপরিমাণে-রাখ, তুল্য পরিমাণ-কৃ, তৌল বা নিক্তিদ্বারা পরীক্ষা-কৃ, ভারি-কৃ।

Poke, *n. s.* Sax. Fr. Icel. বোচ্কা, বগলী, থল্যে, শাঁকালি।

To Poke, *v. a.* অন্ধকারে অন্বেষণ-কৃ, হাতড়া, কোন লম্বা অস্ত্র দ্বারা-খোঁজ বা তল্লাস-কৃ।

Poker, *n. s.* লৌহশলাকাবিশেষ যাহার দ্বারা অগ্নি প্রজ্বলনার্থে উস্কান বা নাড়া যায়, আগুনের খোঁচা।

Poking, *a.* ক্ষুদ্র, নীচ, অধম।

Poking-stick, *n. s.* বস্ত্র কোঁচান বা চুনটকারী প্রাচীনকালে ব্যবহৃত অস্ত্রবিশেষ।

Polacre বা Polaque, *n. s.* লেবেণ্টনামক দেশের নৌকাবিশেষ।

Polar, *a.* Fr. ধ্রুবসম্বন্ধীয়, অনুমেরুসম্বন্ধীয়, অনুকেন্দ্রীয়, কেন্দ্রস্থ, কেন্দ্রের নিকটবর্ত্তী, কেন্দ্রের নিকট পাওয়া যায় বা দেখা যায় যাহা, কেন্দ্রহইতে নির্গত।

Polarity, *n. s.* কেন্দ্রাভিমুখতা, কেন্দ্রদিকে গমনশীলতা, কেন্দ্রাভিমুখ্য।

Polary, *a.* Lat. কেন্দ্রাভিমুখ, কেন্দ্রাভিগামী।

Pole, *n. s.* Lat. Fr. সুমেরু, মেরু, দণ্ড, আশাশোটা, লাঠি ঠেঙ্গা, খোঁটা, পাঁচগজ অর্থাৎ দশ হাতের পরিমাণ, পরিমাপক যন্ত্র বিশেষ।

To Pole, *v. a.* দণ্ড লাঠি শোটা বা আশা-দা।

Poleaxe, *n. s.* টাঙ্গী, পরশু, কুঠার, শিরশ্ছেদনার্থ কুঠার।

Polecat, *n. s.* খাটাসের ন্যায় জন্তুবিশেষ, এক জাতীয় গন্ধ গোগল।

Poledavy, *n. s.* এক জাতীয় মোটা বা অপরিচ্ছন্ন বস্ত্র।

Polemical বা Polemick, *a.* তর্কী, বাদানুবাদক, বিবাদী।

Polemick, *n. s.* বাদানুবাদকর্ত্তা, তর্ককর্ত্তা, বিচার দ্বন্দ্বজ বিতণ্ডা বা বিরোধকর্ত্তা।

Polemoscope, *n. s.* দুর্ব্বিণবিশেষ।

Polestar, *n. s.* ধ্রুবতারা, কেন্দ্রের নিকটবর্ত্তি তারা।

Poley-mountain, *n. s.* বৃক্ষবিশেষ।

Police, *n. s.* Fr. ফৌজদারী আদালত, ফৌজদারি কর্ম্ম, নগর রক্ষার্থে শাসন, কোন দেশ বা নগরবাসি লোকের রক্ষা বা শাসনার্থে নিয়ম বা আদালত, শহর কোতোয়ালী, পোলীশ ইতি ভাষা।

Policed বা Policied, *a.* Fr. পূর্ব্বোক্ত আদালত, নিয়ম, বা শাসন দ্বারা নিয়ম বা বন্দোবস্ত কৃত যে, ফৌজদারি আছে যেখানে বা যাহাতে।

Policy, *n. s.* Gr. Lat. ভিন্ন দেশ বা রাজ্যসম্বন্ধে রাজনিয়ম বা শাসনের প্রকরণ, রাজনীতি, রাজধর্ম্ম, যুক্তি, রীতি, নীতি, গতি, বুদ্ধি, কর্ম্মনির্ব্বাহ, ফিকির, কোন সাধারণ ধনাগার বা ব্যাপার, টাকার হুণ্ডী বরাত বা তমঃসুক পত্র, চিঠী, টিপ্, বড় লোকের বাটীর সম্মুখে উদ্যান বা ভূমি।

To Polish, *v. a.* Lat. Fr. পরিষ্কার-কৃ, মাজ, ঘর্ষ, জেল্লা-কৃ, নির্ম্মল-কৃ, শিকল-কৃ, রগরগে বা ঝগঝগে-কৃ, সভ্য বা ভব্য-কৃ।

To Polish, *v. n.* পরিষ্কার-হ, নির্ম্মল বা জেল্লাদার-হ।

Polish, *n. s.* Fr. ঔজ্জ্বল্য, জেল্লা, সৌন্দর্য্য, নৈর্ম্মল্য, ঘর্ষণ বা মার্জনদ্বারা হয় যে চাকচিক্য বা ঔজ্জ্বল্য, সাফাই।

Polishable, *a.* Fr. উজ্জ্বল, জেল্লাদার বা চকচকে হওন বা করণোপযুক্ত বা তৎক্ষম।

Polishedness, *n. s.* ঔজ্জ্বল্য, ঔজ্জ্বল্যাবস্থা, পরিষ্কার নির্ম্মল বা নিষ্পিণ্ণ হইয়াছে যে বা যাহা তদবস্থা বা তদ্ভাব, সভ্যতা, ভব্যতা।

Polisher, *n. s.* মার্জক, জেল্লাকর, শেকলকর, মার্জন ঘর্ষণ বা পরিষ্কার করে যে ব্যক্তি বা হয় যে অস্ত্রদ্বারা।

Polishing, *n. s.* মার্জন বা ঘর্ষণদ্বারা ঔজ্জ্বল্য বা পরিষ্কারকরণ।

Polite, *a.* Lat. চকচকে, পরিষ্কার, নিষ্পিণ্ণ, সভ্য, ভব্য, সুশীল, শিষ্ট, সুস্বভাবক, শিষ্টাচারী।

Politely, *ad.* সভ্যতাপূর্ব্বক, শিষ্টাচারপূর্ব্বক, বিজ্ঞতা প্রজ্ঞতা বা নৈপুণ্যরূপে, শিষ্টতা বা সৌজন্যরূপে, মহত্ত্বরূপে।

Politeness, *n. s.* Fr. নৈর্ম্মল্য, সভ্যতা, শিষ্টতা, ভব্যতা, সৌজন্য, শিষ্টাচার।

Political, *a.* রাজ্য বা রাজনিয়মসম্বন্ধীয়, রাজনীতিবিষয়ক, রাজধর্ম্ম বা নিয়মসম্বন্ধীয়, রাজশাসন বা তন্নিয়মসম্বন্ধীয়, রাজগতিবিষয়ক, রাজকীয়, বিজ্ঞ, প্রজ্ঞ, নিপুণ, চতুর, ধূর্ত্ত।

Politically, *ad.* রাজনীতি গতি নিয়ম বা ধর্ম্মপূর্ব্বক, তদনুসারে বা তদ্রূপে, ধূর্ত্ততারূপে, চতুরতাপূর্ব্বক।

Politicaster, *n. s.* পূর্ব্বোক্ত নিয়মজ্ঞানাভিমানী।

Politician, *n. s.* Fr. রাজনীতিজ্ঞ, রাজগতিজ্ঞ, রাজনিয়ম শাসন কর্ম্ম ধর্ম্ম বা রীতি জানে যে বা তদ্বিষয়ে নৈপুণ্য বা বিজ্ঞতা আছে যাহার, প্রতারক, ধূর্ত্ত, চতুর।

Digitized by Google

Politician, *a.* ধূর্ত্ত, চতুর, একপ্রকার প্রতারক।

Politick, *a.* Political শব্দের পরিবর্ত্তে ব্যবহার হয়, তৎশব্দ দেখ, বিষয়বিজ্ঞ, বিষয়চতুর, বিজ্ঞ, ধূর্ত্ত, চতুর।

Politick, *n. s.* রাজনিয়মজ্ঞ, Politician শব্দ দেখ।

Politically, *ad.* চতুরতা বা ধূর্ত্ততাপূর্ব্বক।

Politicks, *n. s.* রাজ্যকর্ম্ম, রাজনীতি, রাজগতি, রাজশাসন ব্যাপারে জ্ঞান বিদ্যা বা সংস্কার, রাজশাসনে বা তদ্বিষয়ে বিদ্যা বুদ্ধি সংস্কার বা নৈপুণ্য।

Politure, *n. s.* Fr. চাকচিক্য, পরিষ্কার বা জ্বলজ্বল্যে ভাব বা আভা, উজ্জ্বলতা, ঔজ্জ্বল্য, জেল্লা, চিকনাই।

Polity, *n. s.* রাজনিয়ম, রাজ্যশাসনের রীতি নীতি বা প্রকরণ, বন্দোবস্ত, গতি, বুদ্ধি।

Poll, *n. s.* Dut. মস্তকের পশ্চাদ্ভাগ, মস্তকগণনা, মাথাগণতি, সুমার, তালিকা, ফর্দ্দ, মৎস্যবিশেষ।

To **Poll,** *v. a.* বৃক্ষের মাথা-ছাট, ছাট, কর্ত্তন-কৃ, কাট, চুল বা লোম-ছাট বা-কাট, শস্য-কাট, লুট-কৃ, অপহরণ-কৃ, চুরি-কৃ, বর্জ্জিত-কৃ, মনুষ্যের সুমার বা তালিকা-কৃ, ফর্দ্দে নাম দাখিল-কৃ, ফর্দ্দে নাম-লিখ, সম্মতি বা অসম্মতি দেয় যাহারা তাহারদিগের তালিকার মধ্যে নাম-লিখ।

Pollard, *n. s.* মুড়া বা ছাটা বৃক্ষ, ডাল বা মাথা কাটা গিয়াছে যে বৃক্ষের, কাটা টাকা, টের ছাঁটা গিয়াছে যে মুদ্রার, মৎস্য বিশেষ, শৃঙ্গ পতিত হইয়াছে যে হরিণের, শৃঙ্গভাঙ্গা হরিণ।

To **Pollard,** *v. a.* বৃক্ষের মাথা-কাট বা-ছাঁট, কাট, ছাট, কর্ত্তন-কৃ।

Pollen, *n. s.* অতিনিষ্পিণ্ড বা সূক্ষ্ম গুঁড়াবিশেষ, এক প্রকার সূক্ষ্ম তুষ বা ভুসি।

Poller, *n. s.* কর্ত্তনকর্ত্তা, কাটে ছাটে বা কামায় যে নাপিত, অপহারক, চোর, ডাকাইত, লুঠেরা, কোন বিষয়ে সম্মতি বা অসম্মতি দাতা বা দস্তখৎকর্ত্তা।

Pollevil, *n. s.* ঘোড়ার মস্তকে স্ফীতি বা রোগবিশেষ।

Pollinctor, *n. s.* Lat. মুর্দ্দাফরাশবিশেষ, মৃতশরীর না পচে এতন্নিমিত্তে মশালা বা লেপ প্রস্তুত করে যে ব্যক্তি।

Pollock, *n. s.* একজাতীয় মৎস্য।

To **Pollute,** *v. a.* Lat. অপবিত্র-কৃ, ভ্রষ্ট-কৃ, নষ্ট-কৃ, দুষ্ট-কৃ, অপরিষ্কার-কৃ, পাপিষ্ঠ-কৃ, পাপী-কৃ, পাপ-জন্মা বা তদ্দ্বারা সকলঙ্ক-কৃ, সতীত্ব নাশ-কৃ, অশুদ্ধ-কৃ।

Polute, *part. a.* ভ্রষ্টীকৃত, নষ্ট, দুষ্ট, অপবিত্রীকৃত, অশুদ্ধ।

Pollutedness, *n. s.* ভ্রষ্টতা, নষ্টতা, অপবিত্র বা দুষ্টাবস্থা, অশুদ্ধত্ব, অপবিত্রতা।

Polluter, *n. s.* নষ্টকর্ত্তা, দুষ্ট ভ্রষ্ট অশুদ্ধ বা অপবিত্রকর্ত্তা।

Pollution, *n. s.* Fr. Lat. নষ্ট দুষ্ট ভ্রষ্ট অশুদ্ধ অপবিত্র বা মন্দকরণ, নষ্টতা, ভ্রষ্টতা, অশুদ্ধতা, অপবিত্রতা।

Polonaise, *n. s.* স্ত্রীলোকের পোশাক বা বেশবিশেষ।

Polt-foot, *n. s.* বক্রপাদ, বিকৃতপাদ।

Polt-foot বা **Polt-footed,** *a.* বক্রপাদবিশিষ্ট, বিকৃতপাদ হইয়াছে যাহার।

Poltron, *n. s.* Fr. কাপুরুষ, ভীরু বা ত্রাসযুক্ত ব্যক্তি, তরাসে বা ডরুক ব্যক্তি, দুষ্ট ব্যক্তি, পাজী, প্রতারক।

Poltron, *a.* দুষ্ট, খারাব, মন্দ, জঘন্য, ঘৃণার্হ, অতিতুচ্ছ বা পাজী।

Poltronery বা **Poltronry,** *n. s.* Ital. কাপুরুষতা, ভীরুতা, ত্রাস, জঘন্যত্ব, নিকৃষ্টত্ব, অপকৃষ্টত্ব।

Poly, *n. s.* Lat. বৃক্ষবিশেষ।

Poly, গ্রীকহইতে আনীত শব্দের পূর্ব্বে উপসর্গ বা উপপদ, বহুত্ব বা অনেকত্ব বুঝায়, যথা Polygon, বহু অস্র, Polypus বহুপদী।

Polyacoustick, *a.* স্বর বা শব্দ বৃদ্ধি বা নানাবিধ কারক, ধ্বনি বা শব্দ বৃদ্ধিকারক।

Polyanthos, *n. s.* বৃক্ষবিশেষ।

Polychrest, *n. s.* Gr. ঔষধের বিশেষণে যে দ্রব্য বা ঔষধ নানা কর্ম্মে বা রোগে লাগে, বহুগুণযুক্ত দ্রব্য।

Polyedrical বা **Polyedrous,** *a.* Fr. বহু অস্রবিশিষ্ট, অনেক দিক বা কোণ আছে যাহাতে বা যাহার।

Polyedron, *n. s.* Polyedrical শব্দ দেখ, বহুকাঁচবিশিষ্ট, ক্ষুদ্র বস্তু বড় দেখা যায় যে কাঁচে।

Polygamist, *n. s.* বহু ভার্য্যা আছে যাহার, বহুপত্নীক, অনেক বিবাহ করিয়াছে যে, অনেক স্ত্রী আছে যাহার।

Polygamy, *n. s.* Fr. বহু ভার্য্যা, অনেক স্ত্রী, অনেক বিবাহ।

Polyglot, *a.* Fr. বহুভাষীয়, নানা ভাষা আছে যাহাতে, অনেক ভাষায় কথিত বা উক্ত বা লিখিত।

Polyglot, *n. s.* অনেক ভাষাজ্ঞ, নানা ভাষা জানে যে ব্যক্তি বা আছে যাহাতে।

Polygon, *n. s.* বহুঅস্রবিশিষ্ট বস্তু, বহু অস্র কোণ পল বা দিক।

Polygonal, *a.* বহু অস্রবিশিষ্ট, বহু অস্র আছে যাহাতে তৎসম্বন্ধীয়।

Polygony, *n. s.* Lat. তৃণবিশেষ।

Polygram, *n. s.* বহু পলবিশিষ্ট বস্তু, অনেক রেখা কোণ বা অস্র আছে যাহাতে তদ্বস্তু।

Polygraphy, *n. s.* অব্যক্ত অঙ্কদ্বারা লিখন বা তদ্বিদ্যা।

Polylogy, *n. s.* বহুভাষিতা, গপ্পে বা অনেক কথা কহে যে ব্যক্তি তাহার ভাব।

Polymathy, *n. s.* নানা বিষয়জ্ঞান বা বোধ, নানা শাস্ত্রে দর্শন জ্ঞান বা বিদ্যা।

Polyphonism, *n. s.* শব্দ বৃদ্ধি, নানা প্রকার শব্দ উচ্চারণ বা স্বর।

Polypetalous, *a.* অনেক দল বা পাকড়ি আছে যাহাতে, বহুদলী, বহুপত্রী।

Polypode বা **Polypody,** *n. s.* Lat. বৃক্ষবিশেষ।

Polype, *n. s.* সমুদ্রীয় জন্তুবিশেষ জলজ কীটবিশেষ।

Polypous, *a.* বহুরূপী, বহুপদী, বহুমূল জড় বা শিকড়বিশিষ্ট।

Polypus, *n. s.* Gr. বহু পদবিশিষ্ট, সমুদ্রীয়জল জন্তুবিশেষ, নাকড়া, নাসা, হৃৎপিণ্ডে বা রক্ত প্রবাহিকা নাড়ীতে রোগ বিশেষ।

Polyscope, *n. s.* ক্ষুদ্র দ্রব্য বড় দেখায় যে কাঁচদ্বারা, নানাবিধ কাঁচ।

Polyspast, *n. s.* Fr. কলবিশেষ।

Polysperm, *n. s.* Gr. বহু বীজবিশিষ্ট ফল, যে ফলে বহু বীজ আছে তদ্বৃক্ষ, কোন বৃক্ষের ফল যাহাতে বহু বীজ থাকে।

Polyspermous, *a.* বৃক্ষের বিশেষণবাচক, যাহার ফলে চতুরধিক বীজ থাকে।

Polysyllabical বা **Polysyllabick,** *a.* অনেকাক্ষরবিশিষ্ট, বহুস্বর বা বর্ণযুক্ত তৎসম্বন্ধীয় বা বিষয়ক।

Polysyllable, *n. s.* অনেকাক্ষরবিশিষ্ট পদ বা শব্দ, অনেক স্বর বা বর্ণযুক্ত বাক্য।

Polysyndeton, *n. s.* অলঙ্কারশাস্ত্রে সংজ্ঞাবিশেষ যদ্দ্বারা সংযুক্তকারী অব্যয়পদের বারম্বার পুনরুক্তি হয়।

Polytheism, *n. s.* নানা দেবার্চ্চনা, বহুদেবতার্চ্চনা, বহুদেবকধর্ম্ম, অনেক দেবতার উপাসনা বা তদ্ধর্ম্ম।

Polytheist, *n. s.* বহুদেবার্চ্চক, বহুদেবক ধর্ম্মাচারী, অনেক দেবতা মানে উপাসনা করে বা পূজে যে ব্যক্তি।

Digitized by Google

Polytheistical বা **Polytheistick**, *a.* পূর্ব্বোক্ত ধর্ম্মবিষয়ক বা তৎসম্বন্ধীয়, বহুদেবোপাসী বা পূজক।
Pomace, *n. s* Lat. মদের গোড়া খাঁকরি বা তলানি।
Pomaceous, *a.* Lat. এপলনামক ফলবিশিষ্ট, শিবফলবিশিষ্ট।
Pomade, *n. s.* Fr. Ital. সুগন্ধি প্রলেপবিশেষ।
Pomander, *n. s.* Fr. মিষ্টগুলিবিশেষ, সুগন্ধি গুলি বা চূর্ণ বিশেষ।
Pomatum, *n. s.* Lat. চুলে মাখিবার গন্ধদ্রব্য বা লেপবিশেষ।
To **Pomatum**, *v. a.* পূর্ব্বোক্ত দ্রব্য চুলে-দা-লাগা বা-মাখা।
To **Pome**, *v. n.* Fr. গোল-হ, অগ্রভাগ বর্ত্তুলাকার-হ, আতা ফলের ন্যায় অগ্র ভাগ-হ।
Pomecitron, *n. s.* ফলবিশেষ।
Pomegranate, *n. s.* Lat. দাড়িম্ব, ডালিম ফল বা তদ্বৃক্ষ।
Pomeroy বা **Pomeroyal**, *n. s.* একজাতীয় আতার ন্যায় ফল।
Pomewater, *n. s.* তথা।
Pomiferous, *a.* Lat. বৃক্ষের বিশেষণবাচক, যাহার ফল অতি বৃহৎ হয় আর যাহার ছাল পুরু এবং শক্ত হয়।
Pommel, *n. s.* Lat. গোলাকার দ্রব্য, তলবার বা কোন অস্ত্রের মুটের বোঁট, ঘোড়ার জীনের অগ্রভাগস্থ উন্নতাংশ।
To **Pommel**, *v. a.* Fr. পিট্, কুট, প্রহার-কৃ, মার খেতল।
Pommeled, *a.* তলবার বা ছোরার মুটের বোঁট অর্থক জানিবে।
Pomp. *n. s.* Fr. Lat. Gr. জাঁকজমক, ভড়ক, তুমতড়াক, ঠাটঠমক, প্রাগল্ভ্য, ঐশ্বর্য্য, অভিমান, বড়মানুষের কাচ কাচন।
Pompatick, *a.* Lat. ভড়কে, জাকজমকিয়া, প্রগল্ভ, ঐশ্বর্য্যপ্রকাশক, জাঁকওয়ালা।
Pompet, *n. s.* Fr. ছাপাকরের কালির গুলি।
Pompholyx, *n. s.* তাম্র পিত্তল বা কাঁসাগলাইবার ভাটি বা মুছির চাকনেতে সংলগ্ন শুভ্রবর্ণলাগে বা পড়ে যে মল বা গাদ।
Pompion, *n. s.* Fr. অলাবু, তুম্বী, লাউ, কদু, এতদ্ভিন্ন Pumpion শব্দ দেখ।
Pompire, *n. s.* Lat. ফলবিশেষ, এক জাতীয় আতা।
Pomposity, *n. s.* জাঁকজমক, তুমতড়াক, প্রাগল্ভ্য, ভড়ক, গর্ব্ব, অভিমান।
Pompous, *a.* Fr. প্রগল্ভ, জাঁকাল, তুমতড়াকী, জাঁকজমকী, ভড়কওয়ালা, ভড়কী, দেখনসৌষ্ঠব, ঐশ্বর্য্যশীল, বৃহৎ, বড়।
Pompously, *ad.* জাঁকালরূপে, বৃহৎরূপে, ভড়ক বা প্রাগল্ভ্যপূর্ব্বক, উদ্দীপকতাপূর্ব্বক, শোভাপূর্ব্বক, ঐশ্বর্য্যশালিত্বরূপে।
Pompousness, *n. s.* ভড়ক, জাক দেখান, সৌষ্ঠব, বৃহত্ত্ব, উদ্দীপকতা, জাঁকজমক, ঠাটঠমক বা ভড়কের ভাব।
Pond, *n. s.* ক্ষুদ্র জলাশয়, পুষ্করিণী, জলের হ্রদ, খাত।
To **Ponder**, *v. a.* Lat. চিন্তা-কৃ, ধ্যান-কৃ, মনে ভাবনা-কৃ, বিবেচনা-কৃ, ভাব, অনুমান-কৃ, ঠাহর।
To **Ponder**, *v. n.* চিন্তা-কৃ, ভাব, চিন্তিত-হ।
Ponderable, *a.* Lat. পরিমেয়, তৌলযোগ্য, ওজনের উপযুক্ত, নিক্তি বা তৌলে পরিমেয়।
Ponderable, *a.* ওজন করা, ওজনে পরিমিত, তৌলকৃত।
Ponderation, *n. s.* ওজনকরণ, তৌলকরণ, তৌল, ওজন।
Ponderer, *n. s.* বিবেচক, ধ্যানকর্ত্তা, চিন্তাকর্ত্তা, কথিত বা উক্ত বিষয় বিবেচনা বা আলোচনা করে যে ব্যক্তি।
Ponderingly, *ad.* বিবেচনা করিয়া, স্থির করিয়া।
Ponderosity, *n. s.* Fr. ওজন, পরিমাণ, ভার, গুরুত্ব, ভারিত্ব।
Ponderous, *a.* Lat. ভারী, গুরু, গুরুতর, অতিভারী, বড়ভারী, বিষমভারী, অসামান্য, শক্ত।
Ponderously, *ad.* গুরুতররূপে, অতিভারীরূপে।
Ponderousness, *n. s.* অতিভার, গুরুত্ব, ভারিত্ব, ভার, বোঝ।
Pondweed, *n. s.* বৃক্ষবিশেষ।
Ponent, *a.* Ital. পশ্চিমদিকস্থ, পাশ্চাত্য।
Poniard, *n. s.* Fr. অস্ত্রবিশেষ, কাটার, ছোরা, ক্ষুদ্র তলবার।
To **Poniard**, *v. a.* পূর্ব্বোক্ত অস্ত্রদ্বারা-কাট বা-মার।
Ponk, *n. s.* Icel. রাত্রিচরবিশেষ, একজাতি ভূত।
Pontage, *n. s.* Fr. Lat. সেতুকর, সাঁকোর উপর দিয়া যাইবার কর বা খাজানাবিশেষ, সাঁকো মেরামত করিবার নিমিত্তে দত্ত বা গৃহীত কর।
Pontiff, *n. s.* Fr. Lat. প্রধান ধর্ম্মাধ্যক্ষ, প্রধান যাজক বা আচার্য্য, পাপা, রোমাণ কাতোলিকেরদের প্রাধান ধর্ম্মাধ্যক্ষ মহন্ত বা গুরুরাজ।
Pontifical, *a.* Fr. Lat. পূর্ব্বোক্ত আচার্য্যবিষয়ক বা তৎসম্বন্ধীয়, পাপাসম্বন্ধীয়, বৃহৎ, মহৎ, শ্রেষ্ঠ, সেতুনির্ম্মাতা।
Pontifical, *n. s.* Lat. যাজকের পুস্তক, পূজা স্তব বা দশকর্ম্মাদি বিষয়ের পুস্তক বা তদ্বিষয় আছে যে গ্রন্থে, যাজক বা পাপার বেশ বা আভরণ।
Pontificality, *n. s.* পাপার অধিকার, তদ্রাজ্য বা শাসন।
Pontifically, *ad.* পাপার মতে, তন্নিয়ম বা শাস্ত্রানুসারে।
Pontificate, *n. s.* Fr. Lat. পাপার অধিকার রাজ্য বা কর্ত্তৃত্ব।
Pontifice, *n. s.* সেতু, পুল।
Pontificial, *a.* পাপাসম্বন্ধীয় বা তদ্বিষয়ক।
Pontifician, *a.* পাপাভক্ত, তন্মতাবলম্বী বা তদ্ধর্ম্মাচারী।
Pontifick, *a.* যাজকসম্বন্ধীয়, আচার্য্যসম্বন্ধীয়, পাপাসম্পর্কীয়।
Pontlevis, *n. s.* ঘোটকারোহণবিষয়ে ঘোটকের দুর্ব্বৃত্ততা বা লম্ফ বুঝায়।
Ponton, *n. s.* Fr. নৌকার সেতু, নৌকাদ্বারা পুলবন্দি।
Pony, *n. s.* ক্ষুদ্র ঘোটক, টাটু ঘোড়া।
Pool, *n. s.* Sax. সরোবর, পুষ্করিণী, জলাশয়।
Poop, *n. s.* Fr. Lat জাহাজের পশ্চাদ্ভাগ।
To **Poop**, *v. a.* বড় তুফানে জাহাজ-দোলা -হেলা বা-লড়া।
Poor, *a.* Sax. গরীব, নির্ধন, দুঃখী, রিক্ত, দরিদ্র, অসম্পদ, দুঃস্থ, কাঙ্গাল, অধনী, ধনহীন, অপকৃষ্ট, ভিক্ষুক, নীচ, সামান্য, অল্প, ক্ষীণ, দুর্ব্বল, ক্ষুদ্র, নিকৃষ্ট, অল্পমূল্যক, অপ্রশস্ত, অধম, নীচ, কৃপাযোগ্য, মসৃণ, ক্ষুণ্ণ, ম্লান, প্রিয়, কান্ত, হৃদ্য, শুষ্ক, অনুর্ব্বরা, কাহিল, অন্নভাঙ্গা, অস্থিচর্ম্মাবশিষ্ট, কৃশ, বিমর্ষ, উদাস, তুচ্ছ, অসুখী, ক্লিষ্ট, অনুশোচ্য, বেচারা, অনুত্তম, নিষ্কর্ম্মক।
Poorly, *ad.* দারিদ্র্যরূপে, দৈন্যপূর্ব্বক, নির্ধন হইয়া, ধন বিষয় বা ঐশ্বর্য্যহীনত্বপূর্ব্বক, অমঙ্গল বা অপ্রতুলপূর্ব্বক, ক্ষুদ্রত্ব নীচত্ব বা অপকৃষ্টত্বপূর্ব্বক, নিস্তেজঃ মসৃণত্ব বা অভরসাপূর্ব্বক, মান্যতা বা মর্য্যাদাবিহীনত্বরূপে।
Poorly, *a.* সামান্য কথোপকথনে শারীরিক অসুস্থ বা পীড়িতকে বুঝায়।
Poorjohn, *n. s.* মৎস্যবিশেষ।
Poorness, *n. s.* দরিদ্রের ভাব বা অবস্থা, দরিদ্রতা, দারিদ্র্য, দৈন্য, দীনতা, কাঙ্গলামি, দুঃখ, ক্লেশ বা দুরবস্থা, নীচত্ব, অপকৃষ্টত্ব, সামান্যত্ব, মর্য্যাদা অসম্ভ্রম বা মানবিহীনত্ব, অল্পতা, অপ্রশস্ততা, অনুর্ব্বরত্ব, অফলত্ব, শুষ্কত্ব।
Poorspirited, *a.* অভরসান্বিত, ক্ষুদ্র, কাপুরুষ।
Poorspiritedness, *n. s.* অভরসা, ক্ষুদ্রতা, কাপুরুষত্ব, নীচত্ব।
Pop, *n. s.* Lat. ছট্‌ফট্ শব্দ।

Digitized by Google

To Pop, *v. n.* হঠাৎ-আগম, হঠাৎ প্রবেশ-কৃ, ছটফট বা হুড়ুৎ করিয়া প্রবেশ-কৃ।

To Pop, *v. a.* পরিবর্ত্তন-কৃ, হঠাৎ অনিশ্চিত বা মূর্খের ন্যায় বঞ্চিত -কৃ, বেদখল-কৃ, ভুলা, প্রতারণা-কৃ, হঠাৎ অনিশ্চিতরূপে বা শঠতাপূর্ব্বক ভিতরে-আনী বা বাহির করিয়া-দা।

Pop, *ad.* হঠাৎ, অকস্মাৎ।

Pope, *n. s.* Lat. রুমীয়দেশের মহন্ত বা প্রধানগোস্বামী, রুমীয় প্রধান ধর্ম্মাধ্যক্ষ বা যাজক, পাপা ইতিপ্রসিদ্ধ ভাষা, ক্ষুদ্র মৎস্য বিশেষ।

Pope-joan, *n. s.* তাসক্রীড়াবিশেষ।

Popedom, *n. s.* পাপার অধিকার পদ বা রাজ্য, রুমীয় প্রধানধর্ম্মাধ্যক্ষের রাজ্য অধিকার মর্য্যাদা সম্ভ্রম বা মহিমা।

Popeling, *n. s.* পূর্ব্বোক্ত ধর্ম্মাধ্যক্ষের ভক্ত বা অনুগামী বা তন্মতাবলম্বী।

Popery, *n. s.* রোমাণকাতোলিকেরদের ধর্ম্ম বা উপাসনাকাণ্ড।

Popeseye, *n. s.* উরুদেশে মাংসগ্রন্থিবিশেষ।

Popgun, *n. s.* বালকক্রীড়ার দ্রব্যবিশেষ, পটকা, পটপটি, বালকেরদিগের খেলাইবার বন্দুকবিশেষ যাহাতে শব্দমাত্র হয়।

Popinjay, *n. s.* Dut. পক্ষিবিশেষ, শুকপক্ষী, ফুল্লারবিন্দ, ফুলবাবু।

Popish, *a.* পাপার আদিষ্ট, পাপাসম্বন্ধীয়, রোমাণ কাতোলিকের মত বা ধর্ম্মসম্বন্ধীয় বা তদ্বিষয়ক।

Popishly, *ad.* পূর্ব্বোক্ত মতে বা তদনুসারে।

Poplar, *n. s.* Fr. Lat. বৃক্ষবিশেষ।

Poplin, *n. s.* পশমি বস্ত্রবিশেষ, রেশম এবং পশমের বোনা বস্ত্র বিশেষ।

Poppet, Puppet শব্দ দেখ।

Poppy, *n. s.* Sax. Lat. পুষ্পবিশেষ, পোস্তু বৃক্ষ।

Populace, *n. s.* Fr. Lat. সামান্যলোক, সাধারণ বা ইতরলোক।

Populacy, *n. s.* সাধারণ সামান্য বা ইতর লোক।

Popular, *a.* Fr. Lat. ইতর, সামান্য, সচরাচর, প্রচরদ্রূপ, লৌকিক, সর্ব্বগ্রাহ্য, সাধারণলোকসম্মত বা তদুপযুক্ত, অপ্রকৃত, সর্ব্বসম্মত, সর্ব্বপ্রিয়, সর্ব্বজনমনোরঞ্জক, সর্ব্বত্র প্রাপ্ত চলন বা ব্যাপক।

Popularity, *n. s.* Lat. প্রাকৃতত্ব, সর্ব্বপ্রিয়ত্ব, সর্ব্বগ্রাহ্যত্ব, সর্ব্বসম্মতত্ব, সর্ব্বমনোরঞ্জকত্ব, সাধারণগ্রাহ্যত্ব, ইতর বা সাধারণ লোকের সম্মতত্ব বা প্রিয়ত্ব, সাধারণ লোকের অভিপ্রায়ানুসারিত্ব সর্ব্বত্র ব্যাপকত্ব, নাম, সম্ভ্রম, প্রসিদ্ধত্ব, নাম বা প্রতিষ্ঠালব্ধত্ব।

Popularly, *ad.* সাধারণরূপে, সর্ব্বগ্রাহ্যত্বরূপে, সাধারণ লোকের সম্মতি খুসী বা রাজীপূর্ব্বক, সাধারণ বা ইতর লোকের অভিপ্রায় সম্মতি বা উপলব্ধিপূর্ব্বক।

To Populate, *v. n.* Lat. নগরস্থাপন-কৃ, বসতি-কৃ, লোক বাড়া জন্মা বা বসতি-করা, লোক বৃদ্ধি-কৃ।

Population, *n. s.* লোকসংখ্যা, লোকের সংখ্যানুসারে বা তদ্বিষয়ে দেশের অবস্থা বা ভাব, প্রজাসংখ্যা, বসতি।

Populosity, *n. s.* Fr. বহুপ্রজ, অনেক বসতি বা লোক আছে যাহাতে বা তদ্বিশিষ্টত্ব।

Populous, *a.* Lat. বিস্তর বসতি অনেক বসতি বা অনেক জনতা বা লোক আছে যাহাতে বা যাহার তদ্বিশিষ্ট।

Populously, *ad.* বিস্তর বসতিপূর্ব্বক, অনেক বসতিরূপে, বহুজনতা বা লোক সংঘট্টরূপে।

Populousness, *n. s.* বহুজনত্ব, অনেক বসতি প্রজা বা লোক আছে যাহাতে তদ্ভাব বা অবস্থা।

Porcelain, *n. s.* Fr. চীনার বাসন, চীনার পাত্র, চীনদেশীয় মৃত্তিকা ও কাঁচনির্ম্মিত পাত্র বা দ্রব্য।

Porch, *n. s.* Fr. Lat. বারাণ্ডা, প্রবেশদ্বারে থামওয়ালা ছাত বা আবরণ, ছাতওয়ালা বারাণ্ডা, চান্দনী।

Porcupine, *n. s.* Fr. সজারু, শল্লকী, শল্ল।

Pore, *n. s.* Fr. Gr. লোমকূপ, লোমের মধ্যে ছিদ্র, লোমের ছিদ্র, ক্ষুদ্র পথ বা ছিদ্র।

To Pore, *v. n.* মনোযোগপূর্ব্বক দেখ, মনোনিবেশপূর্ব্বক দৃষ্টি -কৃ, অবলোকন-কৃ, অভিনিবেশ-কৃ, মনোযোগপূর্ব্বক বিবেচনা -কৃ।

To Pore, *v. a.* বিবেচনা-কৃ।

Poreblind, *a.* Gr. অল্পদৃক্, অল্পদৃষ্টি যাহার, দূরে দৃষ্টি হয় না যাহার।

Poriness, *n. s.* ছিদ্রময়ত্ব, ছিদ্রবিশিষ্টত্ব, জালজাল বা ফোকরভাব।

Poristick *Method*, *n. s.* ক্ষেত্র পরিমাণ বিদ্যায় সঙ্কেতবিশেষ।

Pork, *n. s.* Fr. Lat. শূকরমাংস, শূকর, শূকরবৎস, শূকরশাবক।

Porkeater, *n. s.* শূকরমাংসভোজী, শূকর মাংসখাদক।

Porker, *n. s.* শূকরশাবক, শূকর, বরাহ।

Porket, *n. s.* শূকর, ক্ষুদ্র শূকর, শূকরবৎস।

Porkling, *n. s.* তথা, শূকরবৎস।

Porosity, *n. s.* Fr. লোমকূপময়ত্ব, ফুকর রন্ধ্র ফোঁক বা ছেদময়ত্ব, জালজালের বা ঝাঁজরার ভাব।

Porous, *a.* Fr. লোমকূপময়, জলেজলে, বহুছিদ্রবিশিষ্ট, ঝাঁজরা।

Porousness, *n. s.* লোমকূপময়ত্ব, বহুছিদ্র কূপ বা ফোঁকবিশিষ্টত্ব, তাহার পূর্ণত্ব, জালজালের ভাব।

Porphyre বা Porphyry, *n. s.* Fr. Lat. প্রস্তরবিশেষ, একজাতি সঙ্গমর্ম্মর।

Porpoise বা Porpus, *n. s.* Fr. শুশক, শিশুমার, সমুদ্রীয় বা জল শূকর।

Porraceous, *a.* Lat. পিত্তবর্ণক, ঈষদ্ সবুজ।

Porrection, *n. s.* Lat. লাগাল ধরণ, পঁহুছন।

Porret, *n. s.* Lat. পলাণ্ডুবিশেষ।

Porridge, *n. s.* Lat. মাংসের জুষ বা ঝোল।

Porridgepot, *n. s.* পূর্ব্বোক্ত আহার সিদ্ধ বা প্রস্তুত হয় যাহাতে, পাকপাত্রবিশেষ।

Porringer, *n. s.* ঝোলের বাটী, ঝোল খাওয়া যায় যাহাতে, নাটকশাস্ত্রে ঘৃণাভাবে মস্তকাভরণ বুঝায়।

Port, *n. s.* Fr. Lat. কটক, দ্বার, বন্দর, কোল, ঘোপ, ঘাট, বিচার স্থান, জাহাজের মধ্যে কামান ঘর, জাহাজের ফুকরবিশেষ যে স্থানে কামান থাকে, গতি, চালি, প্রকৃতি, আভা, চেহারা, দৃশ্য, গড়ন, মদ্যবিশেষ।

To Port, *v. a.* Lat. Fr. বহন-কৃ, রীতিপূর্ব্বক বহন-কৃ।

Portable, *a.* Lat. লঘু, হালকা, পাতলা, বহনীয়, হস্তদ্বারা নির্ব্বাহ, একস্থানহইতে অন্য স্থানে লইয়া যাওনের উপযুক্ত, সহ্য, সহনীয়।

Portableness, *n. s.* বহনীয়ত্ব, বাহ্যত্ব, লঘুত্ব।

Portage, *n. s.* Fr. বহনের ভাড়া বা বেতন, বহনি, বহন, জাহাজে কামানের ঘর বা ফুকর।

Portal, *n. s.* Span. Fr. দরবাজা, সদরদ্বার, কটক, সিংহদ্বার, ফটকের খীলান বা ফুকর।

Portance, *n. s.* Fr. চেহারা, দৃশ্য, আস্য, চরিত্র, আভা, মুখ, গতি, চালি।

Digitized by Google

Portass, *n. s.* ভজনপুস্তক, স্তবগ্রন্থ, রুমীয় ধর্ম্মশালাতে আবৃত্ত পাঠ, পুরোহিতের প্রার্থনাপুস্তক।

Portcullis বা **Portcluse**, *n. s.* Fr. যন্ত্র বা কলবিশেষ, কোন নগরের দ্বারের সাঁকোর তোলা দরবাজা, শত্রুনিবারণার্থে নগর দ্বারের কপাট।

To **Portcullis**, *v. a.* পূর্ব্বোক্ত কপাট বন্দ-কৃ, আটক-কৃ, রোধ-কৃ।

Portcullised, *a.* পূর্ব্বোক্ত কপাটবিশিষ্ট বা তার আছে যাহাতে।

Ported, *a.* দ্বারবিশিষ্ট, ফটকওয়ালা।

To **Portend**, *v. a.* Lat. ভাবিলক্ষণ-দর্শা, ভাবিবিষয় জ্ঞাপন-কৃ, কুলক্ষণ-দর্শা।

Portent, *n. s.* Lat. কুলক্ষণ, ভাবি উৎপাত দুরবস্থা বা ক্লেশ দর্শান বা জ্ঞাপন বা তল্লক্ষণ।

Portentous, *a.* Lat. ভাবিলক্ষণদর্শক, কুলক্ষণদর্শক বা সূচক, অসম্ভব, বিকট, ভয়জনক, ভয়ানক, বৃহৎ, আশ্চর্য্য।

Porter, *n. s.* Fr. Lat. দ্বারী, দ্বারপাল, দ্বাররক্ষক, দ্বারে থাকিয়া বার্ত্তা লয় বা সম্বাদ দেয় যে ব্যক্তি, মুটিয়া, মজুর, ভারী, ভার বাহক, বাহক, এক প্রকার যবজ মদ্যবিশেষ।

Porterage, *n. s.* মজুরী, বহনি, ভারবাহকের বেতন, বহনি খরচ।

Portesse, *n. s.* পুরোহিতের প্রার্থনাপুস্তক, ধর্ম্মশালায় আবৃত্ত পাঠ, এতদ্ভিন্ন **Portass** শব্দ দেখ।

Portfolio, *n. s.* Fr. কাগজের আধারবিশেষ, জুজগীর, চামড়া মোড়া বা কাগজের বড় কেতাবের ন্যায় খাপ যাহার মধ্যে কাগজ পত্র রাখা যায়।

Portglave, *n. s.* Fr. অসিবাহক, তলবার বহে বা লইয়া যায় যে বা তদ্ধারী, তলবারবরদার।

Portgrave বা **Portgreve**, *n. s.* Sax. শহর কোতোয়াল, কোন নগরের ফৌজদারি আদালতের অধ্যক্ষ, এতদ্ভিন্ন পূর্ব্বোক্ত শব্দ দেখ।

Porthole, *n. s.* জাহাজে জানালার ন্যায় ফুকর যাহাতে কামান থাকে, কামানঘরা।

Portico বা **Porticus**, *n. s.* Lat. Ital. Sax. বারাণ্ডা, দাওয়া, ঢাকা ছাতওয়ালা রোয়াক বা বারাণ্ডা।

Portion, *n. s.* Fr. Lat. অংশ, ভাগ, হিস্সা, বখরা, কৃতাংশ, পৃথক্‌কৃত অংশ, বণ্টন, দায়, স্ত্রীধন, স্ত্রীর যৌতুকধন।

To **Portion**, *v. a.* অংশ-কৃ, ভাগ-কৃ, হিস্সা-কৃ, বখরা-কৃ, ভাগং-কৃ, ধনদান-কৃ, যৌতুক-দা, যৌতুক ধনদান-কৃ।

Portioner, *n. s.* অংশকর্ত্তা, বিভাগকর্ত্তা।

Portionist, *n. s.* Fr. কোন চতুষ্পাঠী বা বিদ্যালয়ে বেতন আছে যাহার।

Portliness, *n. s.* ভারিচালি, দৃশ্য ব্যবহার রীতি বা চরিত্রের মহত্ত্ব প্রভাব বা গৌরব, স্থূলকায়।

Portly, *a.* প্রদৃপ্ত, মহৎ, গৌরববিশিষ্ট, স্থূলকায়, প্রকাণ্ডশরীরী, মোটা, ভারী।

Portman, *n. s.* নগরবাসী, বাসিন্দা।

Portmanteau, *n. s.* Fr. পেটেরা, ঝাঁপী, সিন্দুক বা থলে যাহার ভিতরে বস্ত্রাদি লইয়া যাওয়া যায়।

Portmote, *n. s.* Sax. আদালতবিশেষ, কোন নগরে বা বন্দরে কাবিশেষ ছারি।

Portoise, *n. s.* নাবিকভাষায় জাহাজের গমনকালে অবস্থা বা বিশেষ তদ্ধাতি।

Portrait, *n. s.* Fr. অবিকল ছবি মূর্ত্তি চিত্র বা পট, জীবিত ব্যক্তির ছবি।

To **Portrait**, *v. a.* Fr. ছবি-কৃ, ছবি-লিখ, মূর্ত্তি অনুরূপ বা তস্‌বীর-কৃ।

Portraiture, *n. s.* Fr. ছবি, অনুরূপ, চিত্রিতাবয়ব।

To **Portray**, *v. a.* Fr. চিত্র-কৃ, নক্সা-কৃ, ছবি-লিখ, অনুরূপ-লিখ বা-কৃ, ছবি বা নক্সাদ্বারা শোভিত-কৃ।

Portress, *n. s.* দ্বারপালিকা, দ্বারিকা, দ্বাররক্ষা করে যে স্ত্রী।

Portreve, *n. s.* Sax. কোন নগরের বা বন্দরের থানাদার, নগরাধ্যক্ষবিশেষ।

Porwigle, *n. s.* মণ্ডূকশাবক, বেঙ্গাচি, বেঙের ছা।

Pory, *a.* Fr. ছিদ্রময়, সচ্ছিদ্র, লোমকূপবিশিষ্ট।

Pose, *n. s.* Sax. শর্দী, কফ, মস্তকের শ্লেষ্মা বা কফ।

To **Pose**, *v. a.* Sax. নিরুত্তর-কৃ, অবাক্‌-কৃ, স্তব্ধ-কৃ, বিরক্ত-কৃ, রহিত-কৃ, ব্যাঘাত-কৃ বা-জন্মা, বন্ধ-কৃ, আটক-কৃ, বাধা-দা, জিজ্ঞাসা-কৃ, *To* **Appose** শব্দ দেখ।

Poser, *n. s.* জিজ্ঞাসু, জিজ্ঞাসে বিবেচনা করে বা তদারক করে যে ব্যক্তি, পরীক্ষক।

Posited, *a.* Lat. স্থাপিত, রক্ষিত, শ্রেণীক্রমে রক্ষিত বা স্থিত, সাজান।

Position, *n. s.* Fr. Lat. স্থিতি, স্থাপনা, স্থান, অবস্থা, দশা, গতিক, মূল শব্দ, মত।

Positional, *a.* স্থিতিবিষয়ক, গতিবিষয়ক।

Positive, *a.* Lat. Fr. নিশ্চিত, যথার্থ, সত্য, নিতান্ত, নিষ্কর্ষ, নিশ্চয়, স্থিরকরণীয় স্বীকার্য্য বা তদ্ভবনক্ষম বিশেষ, সিদা, অবক্র, দৃঢ় গতিজ্ঞ, মতবিষয়ে আত্মাভিমানী, নিয়মকরণক্ষম, আইন আদালত বা বিধি দেওনের বা করণের ক্ষমতাশালী।

Positive, *n. s.* যাথার্থ্য, নিশ্চয়, নিষ্কর্ষ্য।

Positively, *ad.* নিশ্চয়রূপে, নিঃসন্দেহপূর্ব্বক, নিতান্ত, অবশ্য।

Positiveness, *n. s.* নিষ্কর্ষতা, নিষ্কর্ষ, নিশ্চয়ত্ব, দার্ঢ্য, দৃঢ়তা।

Positivity, *n. s.* নিশ্চয়ত্ব, নিষ্কর্ষ, দার্ঢ্য, এশব্দ অবরলোকের ব্যবহৃত জানিবা।

Positure, *n. s.* Lat. ভাব, অবস্থা।

Posnet, *n. s.* Fr. ক্ষুদ্র পাত্রবিশেষ, বাটী, কটোরা।

Posse, *n. s.* Lat. বল, যুদ্ধবল, অস্ত্রধারির বল, ইংগ্লণ্ডদেশের কোন জিলায় ক্ষমতা বা অধিকার, এশব্দ অবর ভাষায় ব্যবহার হয় জানিবে।

To **Possess**, *v. a.* Lat. অধিকার-কৃ, দখল-কৃ, আমল-কৃ, ভোগ দখল-কৃ, ভোগ-কৃ, প্রাপ্‌, স্বামিত্ব-কৃ, ধর, গ্রহণ-কৃ, হস্তগত-কৃ, দখল-দা, কর্তৃত্ব-দা, অধিকারী-কৃ, কোন নিশ্চিত বা স্থিরীকৃত বিষয়দ্বারা পরিপূর্ণ বা তদ্বিশিষ্ট-কৃ, ভূতাবেশ-কৃ।

Possession, *n. s.* Fr. Lat. ভোগদখল, অধিকার, আমল, ভোগ, ভুক্তি, দখল, স্বামিত্ব, অধিকৃত বা ভোগ্য বস্তু, ভূতাবেশ, ভূতে পাওন, তজ্জন্য উৎপন্ন বায়ু বা রোগবিশেষ।

Possessioner, *n. s.* অধিকর্ত্তা, দখলকার, ভোগদখলকর্ত্তা, অধিপতি।

Possessive, *a.* Lat. অধিকারী, দখলীকার, দখল বা ভোগ আছে যাহার বা যাহাতে, ব্যাকরণে সম্বন্ধবাচক শব্দ।

Possessory, *a.* Fr. অধিকারী, অধিকার বা ভোগদখলবিশিষ্ট, দখলকারী।

Possessor, *n. s.* Lat. অধিকারকর্ত্তা, ভোগী, ভোগকর্ত্তা, স্বামী, অধিপ, অধিকর্ত্তা, অধিপতি।

Posset, *n. s.* Lat. বিকৃত দুগ্ধ, মদ্য বা কোন অম্লদ্রব্যদ্বারা মিশ্রিত দুগ্ধ।

Digitized by Google

Possibility, *n. s.* Fr. শক্যতা, সাধ্যত্ব, পার্য্যতা, সম্ভাবনা, করণীয়ত্ব, ভবনীয়ত্ব, করিতে বা হইতে পারা যায় যাহা তদ্ভাব।

Possible, *a.* Fr. Lat. সম্ভবনীয়, ভবিতব্য, সাধ্য, বর্ত্তিতব্য, অর্হণীয়, ঘটিতব্য, শক্য, হইতে পারে যাহা, হওনোপযুক্ত।

Possibly, *ad.* সম্ভব্যতা বা সাধ্যতাপূর্ব্বক, ভবিতব্যতা ঘটিতব্যতা বা শক্যতারূপে, সম্ভবনীয়ত্বপূর্ব্বক, হয়তো হইলে হইতে পারে বা সম্ভাবনা আছে যাহাতে এতৎপূর্ব্বক।

Post, *n. s.* Fr. ডাক, সম্বাদক, ধাউড়ে, কাশীদ, কর্ম্ম, পদ, কার্য্য, হদ্দা, স্থান, অধিকার, ছাউনি, সৈন্য স্থান, কর্ম্মস্থান, স্তম্ভ, খুঁটী, আড্ডা, Post *and pair* প্রাচীন তাস ক্রীড়াবিশেষ, *Knight of the* post, বশীভূত আজ্ঞাকারী বা অধীন ব্যক্তি, কোন কুক্রিয়া নির্ব্বাহার্থে নিযুক্ত বা প্রাপ্ত ব্যক্তি।

Post, *a.* Fr. অধীন, বশীভূত, কোন অপকর্ম্ম করণার্থে ঠিকা বা ভাড়া করা যায় যাহাকে।

To **Post,** *v. n.* Fr. দ্রুতগতি-কৃ, ডাকে-যা, টপ্পায়-যা, দৌড়া, ছুটা ছুটি করিয়া-চল, শীঘ্র বা দ্রুত-চল।

To **Post,** *v. a.* নিযুক্ত-কৃ, স্থাপনা-কৃ, রাখ, আড্ডা-কৃ, শ্রেণীপূর্ব্বক -রাখ, খতিআন-কৃ, একখাতা বা বহিহইতে অন্য খাতায়-তুল বা-লিখ গৌণ বা বিলম্ব-কৃ।

Postable, *a.* লইয়া যাওনের উপযুক্ত, প্রেরণোপযুক্ত।

Postage, *n. s.* ডাকের রসুম বা মাশুল।

Postboy, *n. s.* ধাউড়ে, ডেকো।

Postchaise, *n. s.* গাড়ীবিশেষ, চারিচাকাওয়ালা ডাকের গাড়ী, ভাড়াটিয়া হাওদাওয়ালা গাড়ী।

To **Postdate,** *v. a.* Lat. পরে তারিখ-দা বা-লিখ, প্রকৃতকালের পরে তারিখ-দা।

Postdiluvian, *a.* Lat. জলপ্লাবনের পরবর্ত্তি বা তৎকালের পরে হইয়াছে বা ছিল যাহা।

Postdiluvian, *n. s.* জলপ্লাবনের পরজীবী।

Poster, *n. s.* ডাকওয়ালা, ডাক, ধাউড়ে, ধাবক, হরকরা।

Posterior, *a.* Lat. Fr. পশ্চাৎ, পশ্চাদ্বর্ত্তী, উত্তরবর্ত্তী, পরে বা পিছে হইয়াছে যে বা যাহা, পশ্চাদ্দিক্ বা কালবর্ত্তী।

Posteriority, *n. s.* Fr. পশ্চাদ্ভাব, উত্তরতা, উত্তর বা পরেস্থিতত্ব।

Posteriors, *n. s.* Lat. পশ্চাদ্দেশ, গুহ্যদেশ, মার্গ, নিতম্ব, পাছা।

Posterity, *n. s.* Lat, পুত্রপৌত্রাদি সন্তান, সন্ততি, বংশ।

Postern, *n. s.* Fr. Dut. ক্ষুদ্র দ্বার, খিড়কীদ্বার।

Postexistence, *n. s.* পরকাল, ভবিষ্যৎজন্ম, ভাবিজন্ম।

Posthackney, *n. s.* ভাড়াটিয়া গাড়ীর ঘোড়া, বেটো ঘোড়া।

Posthaste, *n. s.* দৌড়ধাপ, দৌড়াদৌড়ি, ডাক বা ধাউড়ের ন্যায় গতি।

Posthorse, *n. s.* আড্ডার ঘোড়া, ডাকের ঘোড়া, ডাকের নিমিত্তে আড্ডাআড্ডায় নিযুক্ত থাকে যে ঘোড়া।

Posthouse, *n. s.* ডাকঘর, ডাকের ঘর, ডাকের চিঠী পাওয়া যায় বা দেওয়া যায় যে ঘরে বা পাঠান যায় যেখানহইতে।

Posthume, *a.* মৃত্যুরপরবর্ত্তী, মৃত্যুরপর কৃত জাত স্থিত বা বর্ত্তী।

Posthumous, *a.* Lat. মৃত্যুর পরকৃত প্রকাশিত বা ব্যক্ত।

Posthumously, *ad.* মৃত্যুর পরে, মরণান্তে।

Postick, *a.* Lat. পর, পশ্চাৎ, অনন্তর।

Postil, *n. s.* Fr. টিপ্পনী, অর্থ, পুস্তক বা কেতাবের পার্শ্বে লিখিত অর্থ বা টিপ্পনী।

To **Postil,** *v. n.* অর্থ-কৃ, ব্যাখ্যা-কৃ।

To **Postil,** *v. a.* টিপ্পনী লিখ বা-দা, অর্থ-কৃ, ব্যাখ্যা-কৃ।

Postilion, *n. s.* Fr. সারথি, গাড়োআন, ছয় ঘোড়ার ডাকের গাড়ী চালায় যে ব্যক্তি।

Postiller, *n. s.* টিপ্পনীকর্ত্তা, অর্থ করে যে, পুস্তকের ধারবর্ত্তী টিপ্পনী বা অর্থকর্ত্তা।

Postliminiar বা **Postliminious,** *a.* Lat. পরে কৃত, পরে কল্পিত বা চেষ্টাকৃত।

Postman, *n. s.* ডাকওয়ালা, ধাবক, পত্রবাহক।

Postmaster, *n. s.* ডাকের অধ্যক্ষ বা কর্ত্তা, পত্রাদি প্রেরণকর্ম্মে নিযুক্ত ব্যক্তি বা তদধ্যক্ষ, চতুষ্পাঠীয় সংজ্ঞাবিশেষ, Portionist শব্দ দেখ।

Postmaster-General, *n. s.* ডাকের প্রধানাধ্যক্ষ।

Postmeridian, *a.* Lat. আপরাহ্নিক, অপরহ্নকালস্থিত বা বর্ত্তী।

Postnate, *a.* Lat. অনন্তর, পর, উত্তর।

Postoffice, *n. s.* ডাকঘর, ডাকের দপ্তরখানা।

To **Postpone,** *v. a.* Lat. স্থগিত-কৃ, মৌখুপ-কৃ, গৌণ-কৃ, মুল্তবী -রাখ, অল্প মূল্য-কৃ।

Postponement, *n. s.* গৌণ, দেরি, বিলম্ব, বাগড়া।

Postponence, *n. s.* নাপছন্দ, অসম্মতি।

Postposition, *n. s.* Lat. ব্যতিক্রম, ব্যত্যয়, গোলমাল, উল্টা পাল্টা।

Postscript, *n. s.* Lat. ক্রোরপত্র, পুনশ্চ পাঠ বা লিখন।

Post-town, *n. s.* ডাক আছে যে নগরে, ডাকের ঘোড়া থাকে যে নগরে।

To **Postulate,** *v. a.* Lat. প্রমাণব্যতিরেকে-চাহ মাঙ্গ বা গ্রহণ -কৃ, আহ্বান-কৃ, প্রার্থনা-কৃ, প্রমাণব্যতিরেকে কোন মত ধারণ -কৃ।

Postulate, *n. s.* Lat. প্রমাণব্যতিরেকে কোন মত বা পদগ্রহণ বা ধারণ।

Postulation, *n. s.* Lat. প্রমাণব্যতিরেকে গ্রহণ, অনুভব, প্রমাণ বিনা কোন মত ধারণ, প্রার্থনা, যাচ্ঞা, নিবেদন, বিনয়, বিনীতি, মোকদ্দমা।

Postulatory, *a.* বিনা প্রমাণে কোন মত ধারণকারী, বিনা প্রমাণে কৃত বা গৃহীত।

Postulatum, *n. s.* Lat. অপ্রমাণে ধৃত মত পদ বা স্থান, কোন পক্ষ অবলম্বন বা স্বীকার।

Posture, *n. s.* Fr. Lat. স্থান, ভাব, গতি, অবস্থা, পদ, রকম, ঠাম, ঢপ, ভৌল আসল।

To **Posture,** *v. a.* কোন ভাবে গতিকে বা ঠামে-থাক বা-রাখ।

Posturemaster, *n. s.* অঙ্গ বিন্যাসকর্ত্তা, হস্তপাদাদি বা শরীরের ভাব কিপ্রকারে রাখিবেক এতৎবালকেরদিগকে শিক্ষা করায় যে ব্যক্তি।

Posy, *n. s.* অঙ্গুরীয়ক কিম্বা অন্যদ্রব্যোপরি খোদিত বাক্য বা লিখন, পুষ্পগ্রন্থ, তোররা, স্তবক।

Pot, *n. s.* Fr. Dut. স্থালী, হাঁড়ী, তিজেল, রন্ধনপাত্র, কলসী, দ্রব দ্রব্যের পাত্র, খোরা, কোন আধার, মৃত্তিকার পাত্র, *To go to* pot, অবর ভাষায় নষ্ট বা ভক্ষিতহওয়া বুঝায়।

To **Pot,** *v. a.* পাত্রে-রাখ, পাত্রে-পুর, হাঁড়িতে-রাখ, হাঁড়ী-পুর, হাঁড়ীতে বদ্ধ-কৃ।

Potable, *a.* Fr. Lat. পেয়, পানীয়, পানযোগ্য।

Potable, *n. s.* পানীয়, পানোপযুক্ত বস্তু।

Potableness, *n. s.* পানীয়ত্ব, পেয়ত্ব, পানযোগ্যত্ব।

Potager, *n. s.* পাত্র, বাটী, আধার, কটোরা।

Potargo, *n. s.* খাদ্য দ্রব্যবিশেষ, একপ্রকার আচার।

Digitized by Google

Potash, *n. s.* Fr. ক্ষার, বনজ দ্রব্য ভস্ম বা তদুৎপন্ন ক্ষার।
Potation, *n. s.* Lat. পান, পানকরণ, পানীয় দ্রব্য।
Potato, *n. s.* আলু, বিলাতীআলু, গোলআলু, পটাটস আলু ইতি প্রসিদ্ধ ভাষা।
Potbellied, *a.* ভুঁড়িয়া, নুন্দিপেটা, তুন্দিল, ঝুলিপেটা।
Potbelly, *n. s.* নুন্দিপেট, ঝোলাপেট।
To **Potch**, *v. n.* Fr. ধাক্কা-দা বা -মার, ঠেলা-মার, খোঁচা-দা বা -মার, ঢুকাইয়া-দা।
To **Potch**, *v. a.* Fr. অল্প সিদ্ধ-কৃ, অল্প জ্বাল-দা, অল্প গরম-কৃ।
Potcompanion, *n. s.* সহপায়ী, পানমিত্র, একত্রে পান করে যে ব্যক্তি।
Potency, *n. s.* Lat. ক্ষমতা, পরাক্রম, বল, শক্তি, জোর, মাহাত্ম্য, প্রতাপ, প্রভাব, গুণ।
Potent, *a.* Lat. শক্তিমান, পরাক্রমী, ক্ষমতাপন্ন, বলী, প্রতাপী, বলবান্, পরাক্রান্ত, অত্যন্ত প্রভাব প্রতাপ বা পরাক্রমশালী।
Potentate, *n. s.* Fr. রাজাধিরাজ, মহারাজ, অধিরাজ, সম্রাট্।
Potential, *a.* Fr. Lat. সম্ভব্য, ব্যাকরণে ক্রিয়ার বিশেষণবাচক সম্ভব্যহওন বা করণ যোগ্য বুঝায়, পরাক্রমশালী, বলবান্ শক্তিমান্।
Potentiality, *n. s.* সম্ভব্যত্ব, হইলে হইতে পারে এতদ্ভাব বা অবস্থা, শক্যতা, সাধ্যতা, সম্ভাবনা, করণীয়ত্ব, ভবনীয়ত্ব।
Potentially, *ad.* সম্ভব্যত্বরূপে, সম্ভাবনাপূর্ব্বক, শক্যতা বা সাধ্যতারূপে।
Potently, *ad.* ক্ষমতা পরাক্রম শক্তি বা সামর্থ্যপূর্ব্বক, পরাক্রান্তরূপে, শক্তিমদ্রূপে।
Potentness, *n. s.* পরাক্রমশালিত্ব, পরাক্রম, ক্ষমতা, শক্তি, মহিমা, গুণ, প্রতাপ, প্রভাব, বল।
Potestative, *a.* Lat. পরাক্রমী, বিক্রমী, ক্ষমতাপন্ন, শক্তিমান্, শক্তিবিশিষ্ট।
Potgun, *n. s.* ক্ষুদ্র বন্দুক বিশেষ।
Pothanger, *n. s.* বেড়ীবিশেষ, কোন রন্ধনপাত্র অগ্ন্যুপরি রাখা যায় বা তোলে উঠায় বা রাখে যদ্দ্বারা।
Pothecary, *n. s.* ঔষধবিক্রেতা, ঔষধিনির্ম্মাতা, পশারি, আত্তার।
Pother, *n. s.* Fr. অবর ভাষায় হড়বড়ি হুড়ামুড়ি গোল বা হঙ্গাম বুঝায়, শ্বাসরোধক নির্ব্বাত বা অতিগ্রীষ্মকারি মেঘ।
To **Pother**, *v. n.* হুড়ামুড়ি হুড়াহুড়ি বা গণ্ডগোল-কৃ বা-হ।
To **Pother**, *v. a.* ব্যস্ত-কৃ, ব্যতিব্যস্ত-কৃ, গোলমাল-কৃ।
Potherb, *n. s.* শাক, শবুজী।
Pothook, *n. s.* কড়া, হাঁড়ীতোলা কড়া বা শিক, কদক্ষর বা লিখন।
Pothouse, *n. s.* মদ্যালয়, মদ্যবিক্রয়স্থান, শৌণ্ডিকের দোকান গৃহ বা আলয়।
Potion, *n. s.* Fr. Lat. ঔষধের মাত্রা, পান, একমাত্রাপরিমিত ঔষধি।
Potlid, *n. s.* শরা, ঢাকনি, হাঁড়ীর ঢাকনি বা শরা, কোনপাত্র বা স্থালীর আবর্ত্তনী বা ঢাকন।
Potman, *n. s.* সহপায়ী, একত্র পান করে যে ব্যক্তি।
Potshare বা **Potsherd**, *n. s.* হাঁড়ীভাঙ্গাখাবরা খোলা বা ঠিকরী।
Pottage, *n. s.* Fr. রান্ধা বা সিদ্ধকরা দ্রব্য, ভক্ষণ দ্রব্য।
Potter, *n. s.* Fr. কুম্ভকার, কুমার, চক্রী, কুলাল।
Pottern-ore, *n. s.* কুম্ভকারের পোঁচমাটী বা বোল।
Pottery, *n. s.* Fr. কুমারেরখটী, কুমারের কর্ম্ম, কুমারের সজ্জা, হাঁড়ীকুঁড়ীইত্যাদি দ্রব্য, কুমারের পয়ন।
Potting, *n. s.* পান, পানকরণ।
Pottle, *n. s.* Fr. দ্রব দ্রব্য পরিমাণে প্রায় দুইশের বুঝায়, বৃহৎ পাত্র, মেচলা।
Potvaliant, *a.* মদ্যপানদ্বারা বল বা সাহস হইয়াছে বা হয় যে ব্যক্তির, মত্ততাপ্রযুক্ত সাহসী, উৎকট বা তীক্ষ্ণ মদ্যপানদ্বারা গরম সাহসী বা ভরসান্বিত হইয়াছে যে।
Potulent, *a.* Lat. পানযোগ্য, পানোপযুক্ত, পানীয়, প্রায় মাতওয়ালা, অধিক মদ্যপান করিয়াছে যে।
Pouch, *n. s.* Sax. Fr. থলী, ঝুলী, ক্ষুদ্র থৈলী, জেব, বগুলী, ব্যঙ্গার্থে নুন্দি বা ভুঁড়ি বুঝায়।
To **Pouch**, *v. a.* থলী-পুর, ঝুলি-পুর, হস্তগত-কৃ, গ্রহণ-কৃ, গ্রাস-কৃ, ঠোঁট-ফুলা, মুখ-ফুলা।
Pouchmouthed, *a.* বৃহদোষ্ঠ বা মুখফুলা যাহার।
Poverty, *n. s.* Sax. Fr. দারিদ্র্য, দরিদ্রতা, নির্ধনতা, অক্ষমতা, দীনতা, কাঙ্গালপোনা, গরিবী, ফকিরী, অসাঙ্গত্য, অযোত্র, অধন, ধন বা ঐশ্বর্য্যাভাব, অধনত্ব, লঘুতা, ক্ষুদ্রতা, দোষ, খুঁত।
Pouldavis, *n. s.* একপ্রকার পালি হয় যে বস্ত্রে, আজাড়বিশেষ, Poledavis শব্দ দেখ।
To **Poulder**, *To* **Powder** শব্দ দেখ।
Pouldron, **Powldron**, শব্দ দেখ।
Poult, *n. s.* Fr. কুক্কুটশাবক।
Poulter বা **Poulterer**, *n. s.* হাঁস মুরগীইত্যাদি ভক্ষ্যপশু বিক্রেতা বা তদ্দ্রব্য ব্যবসায়ী, খাদনার্থে এতৎপশু পক্ষ্যাদি রাখে বা বিক্রয় করে যে ব্যক্তি।
Poultice, *n. s.* Fr. Lat. প্রলেপ, লেপ, পাকজনক পটি, পুলটিস ইতি প্রসিদ্ধ ভাষা।
To **Poultice**, *v. a.* লেপ-দা, প্রলেপ-দা, পাকজনক পটি-দা।
Poultive, *n. s.* লেপ, প্রলেপ, পুলটিস।
Poultry, *n. s.* গৃহপালিত হাঁস মুরগী ইত্যাদি পশু পক্ষী।
Pounce, *n. s.* Ital. শীকারি পাখির থাবা, ধুনার গুঁড়া, বস্ত্র বিশেষ, জালিওয়ালা কাপড়।
To **Pounce**, *v. a.* Ital. বিদ্ধ-কৃ, ছিদ্র-কৃ, ছিটা, ঝাঁজরা বা ছিদ্র ছিদ্র-কৃ, গলাইয়া বা ঝরাইয়া-দা, ঢাল, ছোঁ-মার, থাবা-মার।
Pounced, *a.* থাবাবিশিষ্ট, থাবাওয়ালা।
Pouncetbox, *n. s.* ছিদ্রিত বা ঝাঁজরাওয়ালা ডিবিয়া।
Pound, *n. s.* Sax. পরিমাণবিশেষ, প্রায় অর্দ্ধশের, বিলাতি টাকা, দশ টাকামূল্যক টাকা বা মুদ্রা, পোন ইতিভাষা, খোঁয়াড়ি, পশু রক্ষণ স্থান।
To **Pound**, *v. a.* Sax. গুঁড়া-কৃ, চূর্ণ-কৃ, কুট, খোঁয়াড়ে-রাখ-ভর আটক বা বন্দ-কৃ, কএদ-কৃ।
Poundage, *n. s.* রাজকর্ম্মকারির প্রাপ্তি বা খরচাবিশেষ, আদালতের দস্তুরী, খোঁয়াড়ে পশ্বাদি ধরিলে তন্মোচনার্থ মূল্য হাশীল বা দণ্ড, ফিচ ইতিভাষা।
Pounder, *n. s.* ফলবিশেষের নাম, পৌণ্ডনামক পরিমাণ গোলা ধরে বা ছোড়ে যে কামানে, তন্নামক নিরূপিতসংখ্যক মুদ্রা বৎসরে পায় যে ব্যক্তি, মুষল, মুদ্গর, দুর্ম্মুষ, পশ্বাদি কএদ করিয়া দাম বা হাসীল লয় যে ব্যক্তি।
Poundfoolish, *a.* উপমাবাক্যে শব্দবিশেষ, যে ব্যক্তি অল্পের নিমিত্তে অধিক ক্ষতি করে তৎসম্বন্ধে বিশেষণবাচক, এক কড়ার নিমিত্তে টাকা খোয়ায় যে।

Digitized by Google

Poupeton, *n. s.* Fr. বালক্রীড়নক পুত্তলিকা।
Poupicks, *n. s.* মাংস ব্যঞ্জন বিশেষ।
To **Pour**, *v. a.* Wel. ঢাল, নিক্ষেপ-কৃ, ফেল, ঝরা, নিক্ষেপ-কৃ, বর্ষা, নিঃসৃ, গড়া।
To **Pour**, *v. n.* ঝর, নিঃসর, পত, গড়িয়া-পড়, নিক্ষিপ্ত-হ।
Pourer, *n. s.* নিক্ষেপকর্ত্তা, ঢালে বা ফেলে যে।
To **Pourlieu, Purlieu** শব্দ দেখ।
To **Pourtray**, *To* **Portray** শব্দ দেখ।
Pousse, *n. s.* Pease শব্দের অশুদ্ধ ভাষা।
Pout, *n. s.* মৎস্যবিশেষ, পক্ষিবিশেষ।
To **Pout**, *v. n.* Fr. ঠোঁট-ফুলা, ওষ্ঠদ্বারা কোপ বা রাগ প্রকাশ-কৃ বা-দর্শা, গড়িয়া-যা, ঝোল বহিষ্কৃত-হ, বাহির-হ, ঝুলিয়া-পড়।
Pout, *n. s.* বৈরক্ত্য, মুখফুলান, অভিমান বা উৎকণ্ঠাপ্রযুক্ত মুখের ভাবান্তর।
Pouting, *n. s.* বালকের উৎকণ্ঠা বা বৈরক্ত্য।
Powder, *n. s.* Fr. গুঁড়া, চূর্ণ, গুণ্ডিকা, বারুদ, একপ্রকার মাতাঘসা, কেশ সুগন্ধি করিবার চূর্ণ।
To **Powder**, *v. a.* Fr. গুঁড়া-কৃ, চূর্ণ-কৃ, ধূলা-ছিটা, গুঁড়া-ছিটা, লবণাক্ত-কৃ, লবণ-মাখা বা প্রেক্ষণ-দা।
To **Powder**, *v. n.* অবরভাষায় গোলমাল বা জোর করিয়া আমল বা প্রবিষ্ট-হ বুঝায়।
Powderbox, *n. s.* চুল বানাইবার গুঁড়ার ডিবিয়া, কেশে দিবার সুগন্ধিচূর্ণের ডিবিয়া।
Powder-chests, *n. s.* জাহাজে রক্ষিত তেকোণা সিন্দুকবিশেষ, যাহার মধ্যে বারুদ বা প্রস্তরাদি দ্রব্য থাকে আর শত্রু আক্রমণ করিলে তাহাতে অগ্নি দিলে তচ্ছত্রুকে দূর বা নিবারণ করে।
Powderflask বা **Powderhorn**, *n. s.* বারুদদান, বারুদের শিঙ্গা।
Powdermill, *n. s.* বারুদখানা, বারুদের কল, বারুদের কারখানা, বারুদ হয় যে কলে বা স্থানে।
Powdermine, *n. s.* বারুদরাখা বা পোরা গর্ত্ত, Mine শব্দ দেখ।
Powderroom, *n. s.* বারুদের ঘর, জাহাজের মধ্যে স্থানবিশেষ যেখানে বারুদ থাকে।
Powdering-tub, *n. s.* পাত্রবিশেষ, যাহাতে মাংস লোণা করা যায়, পীড়িতের স্থানবিশেষ।
Powdery, *a.* Fr. গুঁড়াবৎ, চূর্ণবৎ, ধূলার ন্যায়।
Powdike, *n. s.* খাই, খাত, মাটির জাঙ্গাল বা বান্ধবিশেষ।
Power, *n. s.* Fr. শক্তি, বল, ক্ষমতা, সামর্থ্য, পরাক্রম, সাধ্য, বিক্রম, প্রতাপ, প্রভাব, মহিমা, তেজ, গুণ, মানস শক্তি, রাজ্যশাসন, রাজ্যকরণের ক্ষমতা বা অধিকার, রাজা, রাজ্যাধিপতি, ঐশিক শক্তি গুণ বা পরাক্রম, ঈশ্বরত্ব, দেবত্ব, ফৌজ, সৈন্য, অধিকসংখ্যা, বাহুল্য, প্রাধান্য, রাজ্য, অধিকার।
Powerful, *a.* ক্ষমতাপন্ন, প্রবল, বলবান, শক্তিমান, পরাক্রান্ত, বিক্রান্ত, শক্ত, ক্ষম, বলবান, সমর্থ, বলী, বলিষ্ঠ, সবল, জোরবার।
Powerfully, *ad.* শক্তি পরাক্রম বা সামর্থ্যরূপে, বল বা প্রাবল্য পূর্ব্বক, পরাক্রম বিক্রম বা বলবত্তাপূর্ব্বক।
Powerfulness, *n. s.* শক্তি, ক্ষমতাপন্নতা, বিক্রম, পরাক্রম, সামর্থ্য, গুণ, জোর, বলবত্তা, শক্তিমত্তা।
Powerless, *a.* ক্ষীণ, কৃশ, অক্ষম, দুর্ব্বল, অপরাক্রান্ত, অসমর্থ, শক্তি বল তেজ বা গুণবর্জিত বা তদ্ধীন।
Powldron, *n. s.* স্কন্ধরক্ষণী, সাজোয়া বা কবচাংশবিশেষ।
Powter, *n. s.* একজাতীয় কপোত।
Pox, *n. s.* বসন্ত, মসূরিকা, গুটি, ব্রণক রোগ, উপদংশ, গর্ম্মী, বাও।

Poy, *n. s.* Span. Fr. দণ্ডবিশেষ, বাজীকরের দণ্ডবিশেষ।
To **Poze**, *v. a.* বিরক্ত-কৃ, হয়রাণ-কৃ, *To* **Pose** এবং **To Appose** শব্দ দেখ।
Practicability, *n. s.* সাধ্যত্ব, করণীয়ত্ব, করণের বা হওনের সম্ভাবনা বা তদ্যোগ্যত্ব।
Practicable, *a.* Fr. করণীয়, ভবনীয়, সাধ্য, কর্ত্তব্য, সম্ভব্য, হইতে পারে যাহা, করিতে পারা যায় যাহা, আক্রমণীয়।
Practicableness, *n. s.* করণীয়ত্ব, ভবনীয়ত্ব, সাধ্যত্ব, কর্ত্তব্যত্ব, সম্ভব্যত্ব, করিতে বা হইতে পারে যাহা তদ্ভাব বা অবস্থা।
Practicably, *ad.* সম্ভব্যত্বরূপে, করণীয়ত্বরূপে, সাধ্যত্বরূপে।
Practical, *a.* Lat. কর্ম্মবিষয়ক, কার্য্যবিষয়ক।
Practically, *a.* কর্ম্মে, কার্য্যে, কর্ম্মপূর্ব্বক, কার্য্যপূর্ব্বক, কর্ম্ম করত, কর্ম্মসম্বন্ধে, কাযেকাযে, কর্ম্ম করিয়া।
Practicalness, *n. s.* কর্ম্মের বিধি, কর্ম্মসম্ভাবনা, কর্ম্মকরণীয়ত্ব।
Practice, *n. s.* Fr. গণিতশাস্ত্রে সূত্র, নিয়ম, অঙ্কশাস্ত্রের সঙ্কেত বিশেষ, অভ্যাস, রীতি, স্বভাব, গতি, চালি, ধারা, প্রকৃতি, তাদাত্ম্য, অনুষ্ঠান, কর্ম্ম, কার্য্য, ব্যবহার, কর্ম্মকরণ, কর্ম্মাবস্থা, আচার, বিচার, ব্যবহার, ব্যবসায়, চিকিৎসাব্যবসায়, কোন কর্ম্ম বা ব্যাপারকরণ বা তদভ্যাস।
Practick, *a.* Gr. কর্ম্মবিষয়ক বা সম্বন্ধীয়, ধূর্ত্ত, চতুর, শঠ, শেয়ানা, বিজ্ঞ, নিপুণ, জ্ঞাত।
To **Practise**, *v. a.* Fr. অভ্যাস-কৃ, অভ্যাসরূপে-কৃ, সাধ,কৃ, কর্ম্ম-কৃ, কার্য্য-কৃ, ব্যবহার-কৃ, ব্যবসায়-কৃ, ব্যাপার-কৃ, ছল চতুরতা বা ধূর্ত্ততাদ্বারা-করা বা প্রবৃত্ত-কৃ।
To **Practise**, *v. n.* অভ্যাস-কৃ, অভ্যস্ত-কৃ বা-হ কর্ম্ম-কৃ, নির্ব্বাহ-কৃ, গোপনে কর্ম্ম-কৃ, নিয়মিত বা নিরন্তর কোন কর্ম্ম বা ব্যাপার-কৃ, গোপনে ব্যবসায় কারবার বা ব্যবহার-কৃ, ধূর্ত্ততা চতুরতা ছল বা ফিকির-কৃ, প্রতারণা কৌশল উপায় ফন্দি বা ফাকী-কৃ, চিকিৎসা-কৃ, চিকিৎসকের রীতি বা নিয়ম-কৃ বা তন্ন্যায় ব্যবহার-কৃ, কোন ব্যবসায় বা পেশা-কৃ।
Practisant, *n. s.* কারয়িতা, প্রতিনিধি, প্রতিভূ, কর্ত্তা।
Practiser, *n. s.* অভ্যাসকর্ত্তা, কোন কর্ম্ম ব্যাপার বা ব্যবসায় কর্ত্তা, নিয়মিত নিরন্তর বা অভ্যস্তরূপে কোন কর্ম্ম বা বিষয়কর্ত্তা, চিকিৎসক, চিকিৎসাব্যবসায়ী, কোন বিষয়ে প্রতারণা প্রবঞ্চনা মন্দ ফিকির ফন্দি বা ছলনা কর্ত্তা।
Practitioner, *n. s.* কর্ম্মকর্ত্তা, কোন কর্ম্ম ব্যবসায় বা ব্যাপারকর্ত্তা, অভ্যাসকর্ত্তা, অভ্যাসী, ব্যবসায়ী, কোন কর্ম্মে বা ব্যবসায়ে নিযুক্ত যে ব্যক্তি, অভ্যস্তরূপে নিয়মিত বা সর্ব্বদা কোন কর্ম্ম করে যে ব্যক্তি, ফন্দিওয়ালা, ঝঞ্ঝাট বা লটখটি বাধায় বা লাগায় যে ব্যক্তি।
Præ, Pre শব্দ দেখ।
Præmunire, Premunire শব্দ দেখ।
Præcognita, *n. s.* Lat. পূর্ব্বজ্ঞাত দ্রব্য বা বিষয়।
Pragmatick বা **Pragmatical**, *a.* Gr. Fr. পরাধিকারচর্চ্চক, বিনা অনুমতি বা আহ্বানে অন্যের কর্ম্মে বা বিষয়ে হাত দেয় যে, ঠেঁটা, অশিষ্ট।
Pragmatically, *ad.* পরাধিকারচর্চ্চাপূর্ব্বক, ঠেঁটামি বা অশিষ্টতারূপে।
Pragmaticalness, *n. s.* পরাধিকারচর্চ্চকের ভাব ধর্ম্ম বা গুণ, ঠেঁটামি, অশিষ্টতা।
Pragmatist, *n. s.* ঠেঁটা, অশিষ্ট, বেআদব বা পরাধিকার চর্চ্চি ব্যক্তি।
Prahme, Prame শব্দ দেখ।

Digitized by Google

Praisable, *a.* প্রশংসনীয়, প্রশংসা অনুরাগ বা স্তুতিকরণীয় বা তদ্যোগ্য।

Praise, *n. s.* প্রশংসা, অনুরাগ, সুখ্যাতি, তারিফ, বন্দনা, স্তুতি, নুতি, স্তোত্র, ধন্যবাদ, শ্লাঘা, যশ, সৌরভ, প্রশংসার কার্য্য বা বিষয় বা তৎপ্রকরণ, ধন্যবাদকরণ বা দেওন, প্রশংসা বা অনুরাগকরণ।

To **Praise,** *v. a.* Dut. স্তব স্তুতি প্রশংসা অনুরাগ শ্লাঘা বা ধন্যবাদ-কৃ বা-দা, সুখ্যাতি বা যশ-কৃ বা-গাথ।

Praiseless, *a.* অপ্রশংসনীয়, অননুরাগী, অনুরাগ যশ সুখ্যাতি বা শ্লাঘা নাই যাহাতে বা যাহার।

Praiser, *n. s.* অনুরাগ প্রশংসা স্তব বা স্তুতিকর্ত্তা, যশোগাথক।

Praiseworthily, *ad.* অনুরাগপূর্ব্বক, অনুরাগার্হত্বরূপে, প্রশংসা হইতে পারে এমত রূপে।

Praiseworthiness, *n. s.* প্রশংসনীয়ত্ব, অনুরাগার্হত্ব।

Praiseworthy, *a.* প্রশস্য, স্তবনীয়, প্রশংসা অনুরাগ স্তব বা ধন্যবাদকরণীয় বা তদ্যোগ্য।

Prame, *n. s.* প্রশস্ত তলাবিশিষ্ট নৌকাবিশেষ।

To **Prance,** *v. n.* Dut. Ger. উল্লম্ফন-কৃ, আস্ফালন-কৃ, কুদ, লাফা, লাফ-পাড়।

Prancing, *n. s.* কুদন, কুদনিকরণ, লাফান, আস্ফালন।

To **Prank,** *v. a.* Dut. শোভা-কৃ, ভড়ক-কৃ, জাঁক-কৃ, জাঁকজমকপূর্ব্বক শোভা বা বেশভূষা-কৃ, সজ্জা-কৃ বা-দা।

Prank, *n. s.* Dut. ছাওলামি, ছেপ্‌লামি, ছেলেখেলা, ক্রীড়া, লম্ফঝম্ফ।

Prank, *a.* অর্দ্ধাচীন, পাতলা, ছেপলা।

Pranker, *n. s.* জাঁকজমক বা ভড়ককর্ত্তা, ভড়কওয়ালা পোশাক পরে যে ব্যক্তি।

Pranking, *n. s.* জাঁকজমক, ভড়ক, সজ্জাগজ্জা।

Prason, *n. s.* বৃক্ষবিশেষ।

To **Prate,** *v. n.* Dut. বহুবাদী-হ, গপ্প-কৃ, বকাবকি-কৃ, অনর্থক বাক্যব্যয়-কৃ, বড়বড়-কৃ, বকবক-কৃ, গলগল-কৃ।

Prate, *n. s.* বড়বড় বা বকবককরণ, গপ্প, বৃথা কথা, অনর্থক কথা।

Prater, *n. s.* গপ্পে, বৃথা বাক্যবক্তা, বহুবাক্যবাদী, বকুনে, বড় বড়ে।

Prating, *n. s.* বৃথা বাক্য, বকুনি, বড়বড়ানি, গপ্প।

Pratingly, *ad.* গপ্পপূর্ব্বক, বহুবাক্যকথনপূর্ব্বক।

Pratique, *n. s.* Fr. Ital. নাবিকের পরওয়ানাবিশেষ।

To **Prattle,** *v. n.* বকবক বড়বড় বা বকাবকি-কৃ, অনর্থক বাক্যব্যয়-কৃ, গপ্প-কৃ, বৃথা বাক্যব্যয়-কৃ, অনর্থক বাক্য-বচ।

Prattle, *n. s.* গপ্প, বৃথা বাক্য, অনর্থক কথা, বকুনি।

Prattler, *n. s.* বকুনে, গপ্পে, বড়বড় করিয়া বকে যে ব্যক্তি, বৃথা বাক্যবাদী।

Pravity, *n. s.* Lat. দুষ্টতা, নষ্টামি, কদর্য্যতা, অপকৃষ্টতা, মন্দত্ব, ভ্রষ্টত্ব।

Prawn, *n. s.* চিংড়ী মৎস্য।

Praxis, *n. s.* Lat. ব্যবহার, আচার, অধ্যাহরণ।

To **Pray,** *v. n.* Fr. প্রার্থনা-কৃ, যাচ্ঞা-কৃ, নিবেদন-কৃ, স্তব-কৃ, আরাধনা উপাসনা অর্চ্চনা মিনতি বা স্তুতি-কৃ।

To **Pray,** *v. a.* নিবেদন-কৃ, সন্ধ্যাবন্দনাদি-কৃ, পূজা অর্চ্চনা প্রার্থনা কামনা স্তুতি বা স্তব-কৃ।

Prayer, *n. s.* Fr. স্তব, স্তুতি, নিবেদন, মিনতি, প্রার্থনা, আরাধনা, উপাসনা, কামনা, পূজা, অর্চ্চনাদিকর্ম্ম, স্তব পাঠ, অর্চ্চনার মন্ত্র, মন্ত্র।

Prayerbook, *n. s.* কবচ, মন্ত্রের পুস্তক, প্রার্থনা গ্রন্থ, প্রার্থনার পুস্তক, আরাধনা পুস্তক।

Prayingly, *ad.* ভগবান্ পরমেশ্বরের স্তব বা প্রার্থনাপূর্ব্বক।

Pre, Lat. অব্যয় শব্দবিশেষ, উপসর্গ শব্দের আদিতে যোগ করিলে কালের বা পদের প্রাগভাব বুঝায়।

To **Preach,** *v. n.* Lat. Fr. ঘোষণা-দা, উপদেশ-দা বা-কৃ, শিক্ষা-দা, ধর্ম্মোপদেশ-কৃ, পাদরিগিরি-কৃ।

To **Preach,** *v. a.* ধর্ম্ম বিষয়ে ঘোষণা-দা বা তদ্বিষয়ক বক্তৃতা-কৃ, প্রকাশরূপে উপদেশ বা শিক্ষা-দা।

Preacher, *n. s.* Fr. ধর্ম্মোপদেশক, ধর্ম্মশিক্ষক, মঙ্গলব্যঞ্জক।

Preachership, *n. s.* ধর্ম্মোপদেশকের কর্ম্ম পদ বা অধিকার।

Preaching, *n. s.* ধর্ম্মোপদেশ, ধর্ম্ম বিষয়ে কথোপকথন বা শিক্ষা, ধর্ম্মপ্রকাশ।

Preachman, *n. s.* ব্যঙ্গার্থে ধর্ম্মোপদেশককে বুঝায়।

Preachment, *n. s.* তদর্থে ধর্ম্মোপদেশ, উপদেশবচন।

Preacquaintance, *n. s.* পূর্ব্বে জ্ঞাপন জানন বা অবগতহওন, পূর্ব্বে সংস্কার, অগ্রে বা পূর্ব্বে অবগতি।

Preadministration, *n. s.* পূর্ব্বের কর্ম্ম, পূর্ব্বের কার্য্য, অগ্রে বা পূর্ব্বে সংস্কার বা কোন কর্ম্ম নির্ব্বাহকরণ।

To **Preadmonish,** *v. a.* সাবধান-কৃ, পূর্ব্বে বা অগ্রে পরামর্শ উপদেশ বা শিক্ষা-দা বা-কৃ।

Preamble, *n. s.* Fr. হেতুবাদ, হেতুকথন, কারণ কথন, কারণ জ্ঞাপন, ভূমিকা।

To **Preamble,** *v. a.* হেতুবাদ-কৃ বা-দা, ভূমিকা-কৃ।

To **Preambulate,** *v. n.* অগ্রে-গম-চল বা গতি-কৃ, অগ্রসর-হ, অগ্রগামী-হ।

Preambulatory, *a.* অগ্রগামী, অগ্রগত, অগ্রগ, পূর্ব্বের, পূর্ব্ববর্ত্তী।

Preapprehension, *n. s.* বিবেচনা না করিয়া হয় যে বোধ অভিপ্রায় সংস্কার বা মত।

Preasing, *part. a.* ভিড় জনতা গোলমাল এতৎ হয় বা করে যে।

Preaudience, *n. s.* অগ্রে সংদর্শন সাক্ষাৎ বা শুননি, অগ্রে শুনিবার বা সাক্ষাৎ হইবার স্বার্থ অধিকার ক্ষমতা বা তদবস্থা।

Prebend, *n. s.* Lat. ধর্ম্মালয়ে বৃত্তি বা দানবিশেষ, প্রধান গ্রিজাতে বৃত্তি বেতন বা পদবিশেষ।

Prebendal, *a.* পূর্ব্বোক্ত বৃত্তি পদ বা বেতনসম্বন্ধীয় বা তদ্বিষয়ক।

Prebendary, *n. s.* Lat. গ্রিজাতে পদস্থব্যক্তিবিশেষ।

Prebendaryship, *n. s.* পূর্ব্বোক্ত ব্যক্তির কর্ম্ম বা পদ।

Precarious, *a.* Lat. Fr. অনিশ্চিত, অস্থির, অনিত্য, দ্বিধাকল্প, সন্দেহকল্প, ঠিকানা স্থৈর্য্য বা নিশ্চিয় নাই যাহাতে বা যাহার।

Precariously, *ad.* অনিশ্চয়রূপে, দ্বিধা বা সন্দেহরূপে।

Precariousness, *n. s.* অনিশ্চয়ত্ব, সন্দেহ, অনিত্যতা, দ্বিধা, অস্থৈর্য্য, বেঠিকানা।

Precative, *a.* Lat. প্রার্থনাকারী, নিবেদক, অধীন, বশ্য, বশীভূত।

Precatory, *a.* প্রার্থক, যাচক, নিবেদনকারী, মিনতিকারী।

Precaution, *n. s.* Fr. Lat. পূর্ব্বে সাবধান, অগ্রে সাবধান বা সতর্ককরণ, অগ্রে নিবারণ মানা নিষেধ বা চেষ্টা বা কর্ম্ম, অগ্র সূচনা, পূর্ব্বচিন্তা, সাবধানতা, খবরদারি, হুসিয়ারি।

To **Precaution,** *v. a.* Fr. পূর্ব্বসাবধান-কৃ, পূর্ব্বে জ্ঞাত সতর্ক বা নিষেধ-কৃ, অগ্রে সূচনা-কৃ।

Precedaneous, *a.* পূর্ব্বগত, অগ্রগত, অগ্রের, পূর্ব্বের, অগ্রবর্ত্তী, পূর্ব্ববর্ত্তী।

To **Precede,** *v. a.* Lat. Fr. অগ্রবর্ত্তী-হ বা-কৃ, অগ্রসর-হ বা-কৃ,

Digitized by Google

অগ্রে-যা, প্রধান-হ, শ্রেষ্ঠ-হ, পদ অবস্থা বা কালানুসারে প্রথম-হ বা-কৃ।

Precedence বা **Precedency**, *n. s.* Lat. প্রাথমিকতা, অগ্রবর্ত্তিত্ব, প্রাধান্য, অগ্রগণ্যতা, অগ্রবর্ত্তন হওন বা করণ, শ্রেষ্ঠত্ব।

Precedent, *a.* Fr. Lat. পূর্ব্বের, গত, পূর্ব্বগত, পূর্ব্বগ, অগ্রগ, অগ্রগন্তা, আদি, আগুড়ি, পূর্ব্বে হইয়াছে বা করা গিয়াছে যাহা, অগ্রবর্ত্তী, পূর্ব্বে যাহা হইয়াছে তাহার দৃষ্টান্ত বা উপমা, দৃষ্টান্ত স্থল।

Precedent, *n. s.* পূর্ব্বের কর্ম্ম, পূর্ব্বকৃত নিয়ম বা কর্ম্ম, আদর্শ, দৃষ্টান্ত স্থল।

Precedented, *a.* দৃষ্টান্ত দেওয়া যায় যাহার, দৃষ্টান্ত নিষ্পাদ্য, দৃষ্টান্তস্থল, দৃষ্টান্ত দেওয়া যায় বা করা যায় যাহার বা যাহাতে।

Precedently, *ad.* অগ্রে, আগে, পূর্ব্বে, প্রথমে, পূর্ব্বে যাহা হইয়াছে তদ্দৃষ্টান্তে।

Precentor, *n. s.* Lat. মূলগাইন, অগ্রের গাথক।

Precept, *n. s.* Fr. Lat. আজ্ঞা, উপদেশ, আদেশ, নিদেশ, বিধান, বিধি, হুকুম, বিনিয়োগ, পরওয়ানা।

Preceptive, *a.* Lat. বিধি আদেশ বা আজ্ঞাবিশিষ্ট, বিধিদাতা, উপদেশক, আদেশকারী, হুকুম বা বিধিদায়ক।

Preceptor, *n. s.* Lat. Fr. গুরু, উপদেষ্টা, শিক্ষক, শিক্ষাদাতা, অধ্যাপক, অধ্যাপয়িতা, উপদেশক, আচার্য্য, ওস্তাদ।

Preceptory, *a.* শিক্ষাদাতা, শিক্ষা উপদেশ বা আজ্ঞাবিষয়ক বা তাহা দেয় যে।

Preceptory, *n. s.* শিক্ষাস্থান, পাঠশালা, ধর্ম্মালয় উপগৃহ, ধর্ম্মশালাবিশেষ।

Precession, *n. s.* Lat. অগ্রে গমন, অগ্রসর হওন, অগ্রে বর্ত্তন গমন বা যাওন।

Precinct, *n. s.* Lat. সীমা, সীমানা, বহিঃসীমা, সীমান্তবর্ত্তি স্থান, সরহদ্দ, অঞ্চল।

Preciosity, *n. s.* Lat. মূল্য, উত্তমতা, প্রিয়ত্ব, বহুমূল্যকত্ব।

Precious, *a.* Fr. Lat. বহুমূল্যক, বেশকিম্মতী, মহার্ঘ্য, প্রিয়, উত্তম, শ্রেষ্ঠ, নিন্দা তুচ্ছ বা ঘৃণার্থে হেয় বৃথা অকর্ম্মণ্য বা মন্দ বুঝায়।

Preciously, *ad.* অমূল্য বা বহুমূল্যকরূপে, বহুমূল্যে, অমূল্যে, মাহার্ঘ্যরূপে, অনেক দরে, ঘৃণার্থে সামান্য তুচ্ছ বা হেয়জ্ঞানরূপে বা তৎপূর্ব্বক বুঝায়।

Preciousness, *n. s.* বহুমূল্যকত্ব, বেশকিম্মত, মূল্য, কিম্মত, গুণ।

Precipice, *n. s.* Lat. ভৃগু, অত্যুচ্চস্থান, আড়রা, আড়রী, উচানীচা স্থান।

Precipitance বা **Precipitancy**, *n. s.* উতলার ভাব বা কর্ম্ম, তাড়াতাড়ি, হড়বড়ি, অতিত্বরা বা শীঘ্রত্ব।

Precipitant, *a.* Lat. উতলা, ত্বরাকারক, প্রমত্ত, ব্যস্ত।

Precipitantly, *ad.* ত্বরাপূর্ব্বক, প্রমত্ততারূপে, ব্যস্ত হইয়া, তাড়াতাড়িতে, হড়বড়িপূর্ব্বক।

To **Precipitate**, *v. a.* Lat. অতিত্বরা বা তাগাদা-কৃ, ঘাড় মুচড়িয়া-ফেল, অধঃক্ষেপণ-কৃ, উত্তেজনা-কৃ, হড়বড়ি-কৃ, নীচে-ফেল, তলায়-রাখা-ফেল, প্রমত্ত-কৃ, অপ্রবিধান-কৃ, অনবধানতা-কৃ।

To **Precipitate**, *v. n.* ত্বরা-কৃ, ঘাড় মুচড়িয়া-পড়, ঘাড় গুঁজিয়া-পড়, অধঃক্ষিপ্ত-হ, তলায়-পড় বা -বস, তাড়াতাড়ি-কৃ, উতলা-হ, অপ্রবিধানী-হ, প্রমত্ত-হ অপরিণামদর্শি-হ।

Precipitate, *a.* প্রমত্ত, উতলা, ত্বরা বা শীঘ্রকারী, অপ্রবিধানী, ভৃগু, উচ্চনীচ, অপরিষ্কার, আড়রা বা উচ্চতাবিশিষ্ট, অপরিণামদর্শী, অবিবেচক।

Precipitate, *n. s.* ক্ষয়কারকৌষধিবিশেষ।

Precipitately, *ad.* উতলারূপে, শীঘ্ররূপে, অপ্রবিধানে, অনবধানতাপূর্ব্বক, প্রমত্ত হইয়া, অন্ধের ন্যায় ব্যস্ত হইয়া, গড়াইয়া পতনপূর্ব্বক, ঘাড়গুঁজিয়া।

Precipitation, *n. s.* Fr. অধঃক্ষেপণ, উত্তলাপনা, অনবধানতা, প্রমত্ততা, অবিবেচনা, হুড়মুড় করিয়া পতন, অতিত্বরা বা তাড়াতাড়ি অন্ধের ন্যায় গতি বা কর্ম্ম।

Precipitator, *n. s.* Lat. ত্বরাকর্ত্তা, উত্তেজনাকর্ত্তা, হড়বড়ি লাগায় বা করে যে ব্যক্তি।

Precipitious, *a.* উতলা, শীঘ্র, প্রমত্ত, অপ্রবিধানী, ত্বরাকারী, ভৃগু।

Precipitiously, *ad.* অতিত্বরা বা উতলা হইয়া, অনবধানপূর্ব্বক, অপ্রবিধানপূর্ব্বক।

Precipitous, *a.* Lat. উচ্চ, ত্বরাবিশিষ্ট, হঠাৎ, অপ্রবিধানী, প্রমত্ত, অবিবেচক, অপরিণামদর্শী, একগুঁয়ে, অনিশ্চিত।

Precipitously, *ad.* উচ্চতারূপে, ত্বরাপূর্ব্বক, হঠাৎকারে, অপ্রবিধানে, না দেখিয়া না শুনিয়া, ঘাড় গুঁজিয়া, অপরিণামদর্শনপূর্ব্বক।

Precipitousness, *n. s.* দুঃসাহস, অবিবেক, অপ্রবিধান।

Precise, *a.* Fr. Lat. ঠিক, নিশ্চিত, যথার্থ, অবিকল্পক, সমান, অবিশেষ, তুল্য, অবৈলক্ষণ্য।

Precisely, *ad.* নিশ্চয়রূপে, নিশ্চয়ে, ঠিকরূপে, অবিকল্পে, অবিশেষপূর্ব্বক, সমানে, অবৈলক্ষণ্যপূর্ব্বক।

Preciseness, *n. s.* নিশ্চিতত্ব, যথার্থতা, যাথার্থ্য, অবিশেষত্ব, প্রকৃততা, ঠিক, অবৈলক্ষণ্য।

Precisian, *n. s.* ঠিক, যথার্থ নিয়ম অংশবিশেষ বা নিশ্চয়কর্ত্তা।

Precisianism, *n. s.* স্থৈর্য্য, নিশ্চয়, ঠিক।

Precision, *n. s.* Fr. নিশ্চয়, ঠিক, যাথার্থ্য।

Precisive, *a.* Lat. নিশ্চায়ক, ঠিক বা স্থৈর্য্যকারী।

To **Preclude**, *v. a.* Lat. দূর-কৃ, বহিষ্কৃ, নিবৃত্ত-কৃ, বারণ-কৃ, নিষেধ-কৃ, ত্যাগ-কৃ।

Preclusion, *n. s.* Lat. বহিষ্করণ, নিবৃত্তকরণ, বারণ, নিষেধ বা ত্যাগকরণ, নিবারণ করিয়া রাখন।

Preclusive, *a.* বহিষ্কারী, নিবারণকারী, নিষেধকারী।

Preclusively, *ad.* ত্যাগ বহিষ্করণ নিবারণ বা নিষেধপূর্ব্বক।

Precocious, *a.* Lat. Fr. অকালে পক্ব, অসময়ে পক্ব, অপরিণত কালে পক্ব।

Precociousness, *n. s.* অকালে বা অসময়ে পক্বতা, অপরিণতত্ব।

Precocity, *n. s.* তথা।

To **Precogitate**, *v. a.* Lat. অগ্রে বা পূর্ব্বে বিবেচনা-কৃ, অগ্রে সচনা বা কল্প-কৃ, পূর্ব্বে কল্প-কৃ।

Precognition, *n. s.* Fr. Lat. পূর্ব্বে সংস্কার, পূর্ব্বজ্ঞান বা চিন্তা, অগ্রে বোধ জ্ঞান বা সংস্কার, অগ্রে বিবেচনাকরণ, প্রথম বা আদি বিবেচনা।

To **Precompose**, *v. a.* অগ্রে-রচ, পূর্ব্বে রচনা বা বিন্যাস-কৃ, পূর্ব্বে-লিখ।

Preconceit, *n. s.* অগ্রসূচনা, পূর্ব্বকল্প, পূর্ব্বহইতে সংস্কার, বিবেচনা বা স্থিরীকৃত মত।

To **Preconceive**, *v. a.* অগ্রে বোধ বা জ্ঞান-কৃ, অগ্রে-বুঝ বা উপলব্ধি-কৃ, পূর্ব্বে কল্প বা স্থির-কৃ।

Preconception, *n. s.* পূর্ব্বসংস্কার, অগ্রে জানন বা বোধকরণ, পূর্ব্বমতি, পূর্ব্বজ্ঞান, পূর্ব্বকৃত কল্প বা সূচনা।

Preconcerted, *part. a.* পূর্ব্বে স্থিরীকৃত, পূর্ব্বে অবধারিত বা নিশ্চয়কৃত, পূর্ব্বহইতে রফা বা বন্দোবস্ত হইয়াছে যাহা।

Digitized by Google

Preconization, *n. s.* Lat. ঘোষণা, ব্যক্তকরণ, প্রকাশরূপে জ্ঞাপন।

Precontract, *n. s.* অগ্রে রফা ফুরাণ বা চুক্তি, একের পূর্ব্বে রফা বা সওদা।

To **Precontract**, *v. a.* অগ্রে রফা-কৃ, ফুরাণ-কৃ, চুক্তি-কৃ, পূর্ব্বে সওদা বা রফা-কৃ।

Precurse, *n. s.* Lat. অগ্রগমনকর্ত্তা, পুরোগামী, অগ্রেগমন বা পুরোগমনকর্ত্তা।

Precursor, *n. s.* Lat. অগ্রে ধাবক, অগ্রগ, অগ্রগন্তা, দূতবিশেষ, অগ্রগমনকর্ত্তা, নকীববিশেষ।

Precursory, *a.* প্রাথমিক, পূর্ব্ববর্ত্তী, আদি।

Precursory, *n. s.* প্রসঙ্গ, প্রস্তাব, প্রবেশ বা সাক্ষাৎকরণ।

Predaceous, *a.* Lat. হন্তা, খাদক, অন্যজীবজন্তু মারিয়া খায় যে তৎখাদক বা ভোগী।

Predal, *a.* Lat. লুঠেরা, লুঠকারী, লুঠ ব্যবসায়ী, অপহারক, অপহরণ ব্যবসায় যাহার, হন্তা, ক্ষুব্ধ, সতৃষ্ণ, লোভী, সর্ব্বগ্রাসী, পেটুক।

Predatory, *a.* Lat. তথা।

To **Predecease**, *v. a.* আগে-মর, অগ্রে নষ্ট বা অজীবন-হ, আগে নাশ-হ বা-কৃ।

Predeceased, *a.* অগ্রে মৃত, অগ্রে মরিয়াছে বা নষ্ট হইয়াছে যে।

Predecessor, *n. s.* Fr. Lat. পূর্ব্বপদস্থ, পূর্ব্বাধিকারী, পূর্ব্বাধিপতি, কোন পদে কর্ম্মে বা অবস্থায় পূর্ব্বে ছিল বা গিয়াছে যে, পূর্ব্বপুরুষ, পিতৃলোক।

Predestinarian, *n. s.* অদৃষ্টাধীন মতাবলম্বী, অদৃষ্টে বিশ্বাস রাখে বা করে যে, অদৃষ্ট মানে যে।

Predestinarian, *a.* পূর্ব্বোক্ত মতবিষয়ক বা তৎসম্বন্ধীয়।

To **Predestinate**, *v. a.* Fr. Lat. পূর্ব্বনিরূপণ-কৃ, পূর্ব্বে নির্দ্ধারণ-কৃ, অগ্রে অবধারিত বা নিশ্চিত-কৃ।

Predestinate, *part. a.* পূর্ব্বে নির্দ্ধারিত নিরূপিত বা নিশ্চিত।

To **Predestinate**, *v. n.* পরিহাসার্থে অদৃষ্ট-মানা বা তদুপরি বিশ্বাস-কৃ বুঝায়।

Predestination, *n. s.* পূর্ব্বে নিরূপণ নিশ্চয়করণ বা নির্দ্ধারণ, অদৃষ্ট, অদৃষ্টাধীনতা, প্রারব্ধ।

Predestinator, *n. s.* অদৃষ্টাধীন তাবৎ হয় বা ঘটে এতৎমতাবলম্বী বা মানে যে, অদৃষ্টে বিশ্বাসকর্ত্তা।

To **Predestine**, *v. a.* Fr. পূর্ব্বে স্থির-কৃ, পূর্ব্বে নির্দ্ধারণ বা নিরূপণ-কৃ।

Predeterminate, *a.* পূর্ব্বে স্থিরীকৃত নিশ্চিত বা নির্দ্ধারিত।

Predetermination, *n. s.* Fr. পূর্ব্বে স্থিরকরণ নির্দ্ধারণ বা নিশ্চয় করণ।

To **Predetermine**, *v. a.* পূর্ব্বে নিশ্চয়-কৃ, অগ্রে বা পূর্ব্বে নিরূপণ স্থির বা নির্দ্ধার্য্য-কৃ।

Predial, *a.* Lat. ইজারাবিশিষ্ট, পত্তনী।

Predicability, *n. s.* কোন বিষয়ে নিশ্চয়ার্থকতা, কারণ দর্শন ক্ষমতা বা তদ্যোগ্যতা।

Predicable, *a.* Fr. Lat. ন্যায় দর্শনের সংজ্ঞাবিশেষ, কোন বিষয় নিশ্চয়ার্থক।

Predicable, *n. s.* ন্যায় শাস্ত্রোক্ত নিশ্চয়ার্থক বাক্য।

Predicament, *n. s.* Fr. Lat. অবস্থা, দশা, গতি, ভাব, লক্ষণ।

Predicamental, *a.* অবস্থা দশা লক্ষণ গতি বা ভাববিষয়ক বা তৎসম্বন্ধীয়।

Predicant, *n. s.* Lat. নিশ্চয়, স্থির বা নির্দ্ধার্য্যকারী।

To **Predicate**, *v. a.* Lat. নিশ্চয়-কৃ, স্থির-কৃ, দৃঢ় বা স্থৈর্য্য-কৃ।

To **Predicate**, *v. n.* নিশ্চয়-হ, স্থৈর্য্য-হ, অবধারিত-হ।

Predicate, *n. s.* Lat. অবধারিত স্থিরীকৃত বা নিশ্চিত বিষয় বা বস্তু।

Predication, *n. s.* Lat. অবধারণ, নিশ্চয় বা স্থিরকরণ, অঙ্গীকার করণ, অঙ্গীকার, স্বীকার।

Predicatory, *a.* নিশ্চয়কারী, স্থিরকারী, নির্দ্ধার্য্যকারী, নিশ্চিত বা অবধারিত।

To **Predict**, *v. a.* Lat. অগ্রে-কথ-বচ বা -জানা, ভবিষ্যৎ-বচ, ভাবি-বচ বা-কথ, পরিণামদর্শন-কৃ, অগ্রে-দর্শী বা -জানা।

Prediction, *n. s.* Lat. ভবিষ্যদ্বাক্য, ভবিষ্যৎকথন, ভাবিবিষয় কথন বা প্রকাশকরণ।

Predictive, *a.* ভবিষ্যদ্বাদী, ভবিষ্যদ্বাক্যবিষয়ক বা তৎসম্বন্ধীয়।

Predictor, *n. s.* ভবিষ্যদ্বক্তা, ভবিষ্যৎকথক, ভাবি বিষয় জানায় বা ব্যক্ত করে যে ব্যক্তি।

Predigestion, *n. s.* অল্প কালে জীর্ণহওন বা করণ বা পরিপাক, ঝটিতি বা ত্বরায় পরিপাক বা জীর্ণহওন বা করণ।

Predilection, *n. s.* পূর্ব্বানুরাগ, অগ্রে পছন্দ চাহন বা ভালবাসন, পূর্ব্ব প্রীতি বা স্নেহ, অগ্রে প্রবৃত্তি।

To **Predispose**, *v. a.* পূর্ব্বে মন বা অভিপ্রায় স্থির-কৃ, পূর্ব্বে মনে লওয়া, পূর্ব্বে মানস বা মত স্থির-কৃ।

Predisposition, *n. s.* পূর্ব্বস্বভাব, পূর্ব্বে মনস্করণ বা হওন, কোন বিষয়ে অগ্রে বা পূর্ব্বে স্থিরকরণ।

Predominance বা **Predominancy**, *n. s.* Lat. প্রাধান্য, প্রাবল্য, ব্যাপকতা, বলবত্তা, পরাক্রম, শ্রেষ্ঠত্ব, মহত্তমতা, উত্তমতা, কর্ত্তৃত্ব, প্রভুত্ব, প্রভাব, প্রাদুর্ভাব বা তচ্ছ্রেষ্ঠত্ব।

Predominant, *a.* Fr. Lat. ব্যাপক, প্রধান, প্রবল, বড়, মহৎ, উত্তম, শ্রেষ্ঠ, কর্ত্তৃত্ব প্রভুত্ব বা প্রধানত্ব ভাবাপন্ন।

Predominantly, *ad.* প্রভুত্ব প্রাধান্য বা ব্যাপকতাপূর্ব্বক, প্রাবল্য রূপে।

To **Predominate**, *v. n.* Fr. Lat. প্রবল-হ, প্রধান শ্রেষ্ঠ বা ব্যাপক-হ, অধিক বা অতিরিক্ত-হ।

To **Predominate**, *v. a.* ব্যাপকতা-কৃ, প্রাধান্য কর্ত্তৃত্ব বা প্রভুত্ব-কৃ, বৃদ্ধি-কৃ।

Predomination, *n. s.* ব্যাপকতা, শ্রেষ্ঠত্ব, প্রাদুর্ভাব, প্রাধান্য।

To **Preelect**, *v. a.* পূর্ব্বে মনোনীত-কৃ, পূর্ব্বে স্থির-কৃ, পূর্ব্বহইতে নিশ্চয় অবধারিত পছন্দ বা গ্রাহ্য-কৃ।

Preelection, *n. s.* পূর্ব্বে মনোনীতকরণ, পূর্ব্বে স্থিরকরণ, পূর্ব্বহইতে নিশ্চয় অবধারিত পছন্দ বা গ্রাহ্যকরণ।

Preeminence, *n. s.* Fr. প্রাধান্য, শ্রেষ্ঠত্ব, উৎকর্ষ, অগ্রগণ্যতা, সর্ব্বশ্রেষ্ঠতা উত্তমতা বা প্রাবল্য, ব্যাপকতা বা ক্ষমতার প্রাধান্য বা প্রাবল্য।

Preeminent, *a.* Fr. অগ্রগণ্য, সর্ব্বশ্রেষ্ঠ, সর্ব্বোত্তম, অত্যুত্তম, অতি শ্রেষ্ঠ বা প্রধান, অন্যাপেক্ষায় উত্তম উৎকৃষ্ট মহৎ বা ভাল।

Preeminently, *ad.* অগ্রগণ্যতাপূর্ব্বক, সর্ব্বশ্রেষ্ঠতারূপে, প্রাধান্য উৎকৃষ্টতা উত্তমতা বা মহত্ত্বরূপে।

Preemption, *n. s.* Lat. পূর্ব্বে ক্রয়করণাধিকার, অন্যের অগ্রে ক্রয় করিবার ক্ষমতা বা স্বার্থ।

To **Preen**, *v. a.* পরিষ্কার-কৃ, পক্ষির পাখা সাজাইয়া-দা বা পরিষ্কার করিয়া-দা।

Preen, *n. s.* Sax. তাঁতির অস্ত্রবিশেষ, বস্ত্রপরিষ্কারক অস্ত্রবিশেষ।

To **Preengage**, *v. a.* পূর্ব্বে প্রবৃত্ত-কৃ, পূর্ব্বে বদ্ধ বা আটক-কৃ,

Digitized by Google

অগ্রে পূর্ব্বের সম্বন্ধ নিয়ম বা চুক্তির দ্বারা নিযুক্ত নিয়োগ বা প্রবৃত্ত-কৃ।

Preengagement, *n. s.* পূর্ব্বে প্রবৃত্তহওন বা করণ, পূর্ব্বে আটক বা বদ্ধহওন, পূর্ব্বের নিয়োগ নিবন্ধন বা আটক।

To **Preestablish,** *v. a.* পূর্ব্বে নিযুক্ত বা স্থির-কৃ, পূর্ব্বে স্থাপন -কৃ, পূর্ব্বে বন্দোবস্ত-কৃ।

Preestablishment, *n. s.* পূর্ব্বের বন্দোবস্ত, পূর্ব্বের স্থাপন।

Preexamination, *n. s.* পূর্ব্ব বিবেচনা, পূর্ব্বে বিচার বিবেচনা বা পরীক্ষা।

To **Preexist,** *v. n.* Lat. পূর্ব্বে-থাক, পূর্ব্বে-বর্ত্ত, পূর্ব্বজীবী-হ, পূর্ব্বে সত্তাবান্-হ, পূর্ব্বস্থায়ী-হ।

Preexistence, *n. s.* পূর্ব্বজীবন, পূর্ব্বসত্তা, পূর্ব্বজীবিত্ব, পূর্ব্বস্থায়িত্ব, পূর্ব্বে বাঁচন বা থাকন, পূর্ব্ববর্ত্তিতা।

Preexistent, *a.* পূর্ব্বে সত্তাবান্, পূর্ব্বজীবী, পূর্ব্বস্থায়ী, পূর্ব্ববর্ত্তী।

Preexistimation, *n. s.* পূর্ব্বানুরাগ, পূর্ব্ব প্রেম স্নেহ আদর মর্য্যাদা বা সম্ভ্রম।

Preface, *n. s.* Fr. Lat. ভূমিকা, আভাস, মঙ্গলাচরণ, পরিভাষা, কোন গ্রন্থের বা কর্ম্মের প্রথমে স্থূল অভিপ্রায় বা তাৎপর্য্য প্রকাশ করণ বা লিখন।

To **Preface,** *v. a.* ভূমিকা-কৃ, আড়ম্বর-কৃ, মঙ্গলাচরণ-কৃ, অনুষ্ঠান -কৃ-লিখ বা-বচ।

Prefacer, *n. s.* ভূমিকাকর্ত্তা, মঙ্গলাচরণ বা পরিভাষা লেখক, প্রথমে আভাস বা তাৎপর্য্য লেখক।

Prefatory, *a.* প্রাথমিক, আদি, প্রস্তাবিক, প্রস্তাবঘটিত, মঙ্গলাচরণ বা ভূমিকাবিশিষ্ট, পারিভাষিক।

Prefect, *n. s.* Lat. শাসনকর্ত্তা, শাস্তা, প্রভু, স্বামী, কর্ম্মাধ্যক্ষ, অধিপতি, রক্ষক, রক্ষা বা প্রতিপালন শক্তি বা ক্ষমতা।

Prefecture, *n. s.* Fr. Lat. অধ্যক্ষতা, কর্তৃত্ব, পূর্ব্বোক্ত ব্যক্তির ক্ষমতা বা পদ।

To **Prefer,** *v. a.* Fr. Lat. পছন্দ-কৃ, মনোনীত-কৃ, অপেক্ষাকৃত পছন্দ-কৃ, ভাল-জান বা-বুঝ, বৃদ্ধি-কৃ, বর্দ্ধিত-কৃ, আদ্দাস-কৃ, অর্পণ-কৃ, প্রকাশরূপে প্রস্তাব প্রসঙ্গ বা ব্যক্ত-কৃ, দেখা, দৃষ্টিগোচর-কৃ।

Preferable, *a.* Fr. অপেক্ষাকৃত ভাল বা অনুরাগার্হ, মনোনীত করণীয়, মনোনেতব্য, পছন্দযোগ্য, উত্তমতর, অন্যাপেক্ষায় পছন্দ গ্রাহ্য বা মনোনীতকরণীয় ভবনীয় বা তদ্যোগ্য।

Preferableness, *n. s.* মনোনীতত্ব, মনোনেতব্যত্ব, উত্তমতরতা, উত্তমতরত্ব।

Preferably, *ad.* মনোনীতকরণপূর্ব্বক, পছন্দ পূর্ব্বক, উত্তমতরতা রূপে, অপেক্ষাকৃত স্বীকার বা পছন্দপূর্ব্বক।

Preference, *n. s.* Fr. পছন্দকরণ, ভালবাসন, মনোনীতকরণ, মনোনীততা, অন্যাপেক্ষায় গ্রহণ পছন্দ বা অনুরাগকরণ।

Preferment, *n. s.* পদের মানের বা সম্ভ্রমের উচ্চতা বৃদ্ধি বা উন্নতি, সম্ভ্রমের বা লাভের স্থান, উচ্চপদ, বৃদ্ধি, উন্নতি।

Preferrer, *n. s.* মনোনীতকর্ত্তা, পছন্দকর্ত্তা, বৃদ্ধিকর্ত্তা।

To **Prefigurate,** *v. a.* Lat. পূর্ব্বে-দর্শা, পূর্ব্বের বিজ্ঞাপন বা দৃষ্টান্তদ্বারা-জানা বা জ্ঞাত-কৃ।

Prefiguration, *n. s.* দৃষ্টান্তদ্বারা পূর্ব্বে জানান, অগ্রে বা পূর্ব্বে জানান বা বিজ্ঞাপন।

Prefigurative, *a.* পূর্ব্বে দর্শয়িতা, পূর্ব্বে দৃষ্টান্তদ্বারা জ্ঞাপনকারী।

To **Prefigure,** *v. a.* দৃষ্টান্তদ্বারা পূর্ব্বে-দর্শা।

To **Prefine,** *v. a.* Fr. Lat. অগ্রে সীমা-কৃ, পূর্ব্বে সীমা-কৃ, পূর্ব্বে সীমা নিশ্চয় বা নির্ণয়-কৃ,।

Prefinition, *n. s.* Lat. পূর্ব্বসীমা, পূর্ব্বের সীমা নিশ্চয়করণ।

To **Prefix,** *v. a.* Lat. পূর্ব্বে নিয়োগ-কৃ, পূর্ব্বপ্রয়োগ-কৃ, ভূমিকা কৃ, পূর্ব্বে-রাখ বা যোগ-কৃ, নিয়োগ-কৃ, নিষ্পত্তি-কৃ, চুকা, রফা-কৃ।

Prefix, *n. s.* Lat. পূর্ব্বে স্থাপন, পুরঃস্থাপন, উপসর্গ, যোগ।

Prefixion, *n. s.* Fr. পূর্ব্বে নিয়োগ বা স্থাপনকরণ, যোগকরণ. নিয়োগকরণ।

Prefulgency, *n. s.* Lat. ঔজ্জ্বল্য, উত্তম বড় বা অতিশয় রশ্মি দীপ্তি স্বচ্ছতা বা নির্ম্মলতা।

Pregnance, *n. s.* গর্ভধারণ, অন্তরাপত্যাবস্থা, সৃষ্টিকারিকা বা উৎপাদিকা শক্তি বা ক্ষমতা।

Pregnancy, *n. s.* গর্ভধারণ, অন্তরাপত্য, অন্তরাপত্যাবস্থা, পেট, গর্ভ, ফলবত্তা, উর্ব্বরাত্ব, ফলোৎপাদন, সফলত্ব, উৎপাদিকা শক্তি, তীক্ষ্ণতা, প্রাখর্য্য, সতর্কতা।

Pregnant, *a.* Fr. Lat. গর্ভবতী, গর্ভিণী, সান্তরাপত্যা, সসত্বা, ফলবতী, গর্ভযুক্তা, সগর্ভা, উর্ব্বরা, ফলোৎপাদক, অনায়াসে উৎপত্তি হয় যাহার বা যাহাতে।

Pregnantly, *ad.* সসত্বারূপে, ফলবত্তারূপে, সফলত্ব বা ফলবত্ত্ব রূপে, পূর্ণরূপে, পরিষ্কার বা স্পষ্টরূপে।

To **Pregravate,** *v. a.* Lat. খর্ব্ব-কৃ, ছোট-কৃ, দাবা।

Pregustation, *n. s.* Lat. অন্যের পূর্ব্বে আস্বাদনকরণ বা চাকন, অগ্রে স্বাদ জানন বা বুঝন।

To **Preinstruct,** *v. a.* অগ্রে শিক্ষা-দা, অগ্রে উপদেশ-দা, অগ্রে বুঝা।

To **Prejudge,** *v. a.* Fr. Lat. পূর্ব্বে বিবেচনা-কৃ, পূর্ব্ববিচার-কৃ, কোন বিষয় পূর্ব্বে স্থির-কৃ, পূর্ব্বে দোষী-কৃ, বিচার না করিয়া দোষী-কৃ বা ঠাহরা।

Prejudgement, *n. s.* বিচার না করিয়া দণ্ডাজ্ঞা বা হুকুম, পূর্ব্বে বিচারকরণ।

Prejudicacy, *n. s.* বিবেচনার পূর্ব্বে নিশ্চয় বা নির্ণয়করণ, অবিচারিত নির্ণয় নিশ্চয় বা দোষারোপ, অন্যায় দোষদেওন।

To **Prejudicate,** *v. a.* Lat. অগ্রে বিবেচনা নিশ্চয় বা স্থির-কৃ, বিবেচনা বা বিচার না করিয়া দোষী বা মন্দ স্থির-কৃ।

To **Prejudicate,** *v. n.* বিনা বিবেচনাতে নির্ণয় বা নিশ্চয়-হ, বিনা তজবীজে স্থির-হ।

Prejudicate, *a.* অবিচারে কৃত, অন্যায়ে কৃত, বিনা তজবীজে নিশ্চিত, বিচার বা বিবেচনার পূর্ব্বে নিশ্চিত।

Prejudication, *n. s.* বিনা বিবেচনায় বা তজবীজে স্থির বা নিশ্চয় করণ, বিচারের পূর্ব্বে স্থিরকরণ।

Prejudicative, *a.* বিবেচনা বা বিচারের পূর্ব্বে নির্ণয় বা নিশ্চয় কারী।

Prejudice, *n. s.* Fr. Lat. বিনা বিবেচনা বা তজবীজে নিশ্চয় বা নির্ণয়, বিবেচনার পূর্ব্বে ভাল বা মন্দ জানন বা গ্রাহ্যকরণ, দ্বেষ, অবিচারিত নির্ণয় দ্বেষ হিংসা হানি ক্ষতি অপকার বা অন্যায় করণ বা হওন বা এতদর্থক সংস্কার।

To **Prejudice,** *v. a.* পূর্ব্বে অবিচারিত সংস্কার বা নির্ণয়-কৃ, দ্বেষ বা মন্দ সংস্কার-জন্মা, পূর্ব্বে বা অগ্রে কুসংস্কার বা মন্দ-জানন দ্বারা অবরোধ অপকার দ্বেষ হিংসা বা অন্যায়-কৃ, মন্দ-কৃ, ক্ষতি-কৃ, ন্যূন-কৃ, অল্প-কৃ, হানি-কৃ, নষ্ট-কৃ, বিগড়া।

Prejudicial, *a.* Fr. বিপরীতাচরণদ্বারা অবরোধ্য বা অবরোধিত, বিরুদ্ধ, অপকারক, হিংস্রক, ক্ষতি বা হানিকারক, বিপরীত অপকার বা মন্দকারী, ক্লেশদ, পীড়াদ, অবরোধক।

Prejudicialness, *n. s.* অপকারকতা, বিরুদ্ধত্ব, ক্ষতি হিংসা হানি বা অন্যায়কারিত্ব।

Digitized by Google

Prelacy, *n. s.* মহাধর্ম্মাধ্যক্ষের মাহাত্ম্য পদ বা অধিকার, প্রধান ধর্ম্মাধ্যক্ষের শ্রেণী নিয়ম বা রীতি বা তদ্ব্যক্তির কর্তৃত্ব বা রাজত্ব, বিশপসংজ্ঞক ধর্ম্মাধ্যক্ষসমূহ।

Prelate, *n. s.* Fr. Lat. মহাধর্ম্মাধ্যক্ষ, সর্ব্বপ্রধান যাজক বা পুরোহিত।

Prelateship, *n. s.* পূর্ব্বোক্ত ব্যক্তির পদ কর্ম্ম অধিকার বা হুদ্দা।

Prelatical বা **Prelatick**, *a.* পূর্ব্বোক্ত ধর্ম্মাধ্যক্ষসম্বন্ধীয় বা তদ্বিষয়ক।

Prelatically, *ad.* তৎসম্বন্ধ সম্পর্ক বা এলাকাপূর্ব্বক বা তদনুসারে।

Prelation, *n. s.* Lat. সম্মতি পছন্দ বা গ্রাহ্যকরণ বা হওন, এককে অপেক্ষা করিয়া অন্যকে গ্রহণকরণ, পক্ষপাতকরণ।

Prelature বা **Prelatureship**, *n. s.* Lat. Fr. মহাধর্ম্মাধ্যক্ষের মাহাত্ম্য অবস্থা বা পদ।

Prelaty, *n. s.* পূর্ব্বোক্ত ব্যক্তির রাজত্ব বা কর্তৃত্ব।

To **Prelect**, *v. n.* Lat. উপদেশ-কৃ, অধ্যয়ন-কৃ, পাঠ-দা, কথোপকথন-কৃ, আলাপ-কৃ, প্রস্তাব-কৃ।

Prelection, *n. s.* Lat. অধ্যাপনা, পাঠ, আলাপ, কথোপকথন, প্রসঙ্গ, প্রস্তাব, উপদেশ।

Prelector, *n. s.* Lat. পাঠদাতা, উপদেশদাতা, প্রস্তাব বা প্রসঙ্গ কর্ত্তা, পাঠক, উপদেশক।

Prelibation, *n. s.* Lat. পূর্ব্বাস্বাদন, পূর্ব্বে জানন বা সংস্কার হওন।

Preliminary, *a.* Fr. Lat. পূর্ব্বীয়, পূর্ব্ব, পূর্ব্ববর্ত্তী, অগ্রীয়, প্রস্তাবঘটিত, অনুক্রমণিকাসম্বন্ধীয়, আদিবন্দনাবিষয়ক, পারিভাষিক।

Preliminary, *n. s.* পূর্ব্ব বা অগ্রে হয় বা থাকে যে বস্তু, পূর্ব্বের কর্ম্ম, প্রারম্ভক কর্ম্ম, পূর্ব্ব প্রস্তুতকরণ, পূর্ব্বায়োজন বা উদ্যোগ, পূর্ব্বোপায়।

Prelude, *n. s.* Fr. Lat. উপক্রম, আরম্ভ, পূর্ব্বরঙ্গ, প্রস্তাবনা, আরম্ভবাদ্য, আলাপ।

To **Prelude**, *v. n.* Fr. Lat. প্রস্তাবনা-কৃ, প্রারম্ভক-হ, প্রস্তাব বা প্রসঙ্গ-কৃ, উপক্রম বা আরম্ভ-কৃ।

To **Prelude**, *v. a.* প্রস্তাবনা-কৃ, সূত্রধারকতা-কৃ, কোন নাটক বা বাদ্যের আরম্ভে প্রস্তাব বা প্রসঙ্গ-কৃ।

Preluder, *n. s.* প্রস্তাবনাকর্ত্তা, আরম্ভক, সূত্রধারবিশেষ।

Preludious, *a.* আদ্য, আদি, প্রথম, পূর্ব্বীয়, পূর্ব্ববর্ত্তী, প্রস্তাব বা প্রসঙ্গঘটিত বা তদ্বিষয়ক, পূর্ব্বসূচনা।

Preludium, *n. s.* Lat. প্রস্তাবনা, উপক্রম, পূর্ব্বসূচনা, সূত্রধারত্ব, আরম্ভের বাদ্য বা প্রস্তাব।

Prelusive, *a.* পূর্ব্ববর্ত্তী, পূর্ব্বীয়, আদ্য, প্রস্তাবঘটিত, উপক্রামক, পূর্ব্বসূচনাকারী, অগ্রে প্রসঙ্গকারী, অনুক্রমণিকাবিষয়ক, পারিভাষিক।

Prelusory, *a.* প্রস্তাবঘটিত, অনুক্রমণিকাবিশিষ্ট, আদি বা আরম্ভবর্ত্তী, পূর্ব্ববর্ত্তী।

Premature, *a.* Lat. অসাময়িক, অকালজ, অকালে পক্ব বা কৃত, অকালে বা অসময়ে ঘটে হয় বা করা যায় যাহা, অতিশীঘ্র, অগ্রে বা শীঘ্র কথিত বা উক্ত প্রত্যয়কৃত বা ভূত, প্রস্তুতীকৃত, অসময়ে ব্যক্ত।

Prematurely, *ad.* অকালে, অসময়ে, অতিত্বরায়, অতিশীঘ্রপূর্ব্বক, অকালে পক্ব হইয়া।

Prematureness বা **Prematurity**, *n. s.* অকালজত্ব, অকালে বা অসময়ে জাতত্ব, অসাময়িকত্ব, অসময়ে বা কালপরিণত হওনের পূর্ব্বে হয় বা করা যায় যাহা তদ্ভাব বা তদবস্থা।

To **Premeditate**, *v. a.* Lat. পূর্ব্বে বিবেচনা চিন্তা বা ভাবনা-কৃ, পূর্ব্ব চেষ্টা বা উদ্যোগ-কৃ, পূর্ব্বে স্থির-কৃ, পূর্ব্বে কল্পনা-কৃ, পূর্ব্বে বা অগ্রে ধ্যান বা মনে-কৃ, পূর্ব্বে স্মরণ-কৃ।

To **Premeditate**, *v. n.* পূর্ব্বে জ্ঞান বা উপলব্ধি-কৃ, পূর্ব্বে বা অগ্রে ধ্যানস্থ-হ, পূর্ব্বে চিন্তা বা কল্পনাকারী-হ।

Premeditate, *a.* পূর্ব্বে ধ্যাত চিন্তিত বা কল্পিত, পূর্ব্বে চিন্তা বা মনে হইয়াছে যাহা।

Premeditately, *ad.* পূর্ব্বে ধ্যান বা চিন্তাপূর্ব্বক, অগ্রে বা পূর্ব্বে কল্পনা বা চিন্তাপূর্ব্বক।

Premeditation, *n. s.* Lat. অগ্রে বা পূর্ব্বে ধ্যান বা চিন্তাকরণ, পূর্ব্বে মনেং চিন্তা বা কল্পনা।

To **Premerit**, *v. a.* Lat. পূর্ব্বে উপযুক্ত যোগ্য বা অর্হ-কৃ।

Premices, *n. s.* Lat. Fr. প্রথম ফল, প্রথম শস্য বা উৎপত্তি।

Premier, *a.* Fr. শ্রেষ্ঠ, প্রধান, আদি, মুখ্য।

Premier, *n. s.* প্রধান ব্যক্তি, প্রধান সচিব বা রাজমন্ত্রী, উজীর।

To **Premise**, *v. a.* Lat. পূর্ব্বব্যাখ্যা-কৃ, পূর্ব্বে অর্থ-কৃ, অগ্রে জ্ঞাত-কৃ, স্থূল বিবরণ-কৃ, ফলিতার্থ-লিখ-কথ বা-বচ।

To **Premise**, *v. n.* পূর্ব্বে সূচনা-কৃ, পূর্ব্বের প্রস্তাব বা প্রসঙ্গ-কৃ।

Premises, *n. s.* Lat. Fr. পূর্ব্বে সূচনা, প্রথম প্রস্তাব বা প্রসঙ্গ, আদালতের ভাষায় বাটী ঘর ভূমি ইত্যাদি বুঝায়।

Premiss, *n. s.* Lat. আদি প্রসঙ্গ বা প্রস্তাব।

Premium, *n. s.* Lat. ধরাট, চোটা, বাঁটা, উল্টা ধরাট, মূল্যাতিরিক্ত মূল্য ধরাট বা চোটা।

To **Premonish**, *v. a.* অগ্রে সতর্ক-কৃ, পূর্ব্বে চেতনা বা সাবধান-কৃ, অগ্রে আদেশ-কৃ বা উপদেশ-দা, প্রত্যাদেশ-কৃ।

Premonishment, *n. s.* পূর্ব্বে জ্ঞাপন চেতনা সম্বাদ বা জানান, প্রত্যাদেশ।

Premonition, *n. s.* প্রত্যাদেশ, অগ্রে সম্বাদ বা জ্ঞাপন, পূর্ব্বে সমাচারকরণ বা দেওন।

Premonitory, *a.* Lat. পূর্ব্বে সম্বাদকারী, পূর্ব্বে চেতনাদায়ী, পূর্ব্বে প্রত্যাদেশকারী।

Premonstrants, *n. s.* Lat. আহল্স ক্রেম্সনামক দেশের উপদ্বীপের সন্ন্যাসী বা তপস্বিবিশেষ।

To **Premonstrate**, *v. a.* Lat. অগ্রে-দর্শা, পূর্ব্বে-দর্শা, পূর্ব্বে সূচনা-কৃ।

Premonstration, *n. s.* পূর্ব্বে দেখান, অগ্রে দর্শান বা সূচনাকরণ।

Premunire, *n. s.* Lat. আদালতের পরওয়ানাবিশেষ, তৎপরওয়ানানুসারে দণ্ড বা গুনাহগারী, অবরভাষায় ক্লেশ তসদী বা দুঃখ বুঝায়।

Premunition, *n. s.* Lat. পূর্ব্বে আপত্তিকরণ, না হইতে আপত্তি বা ওজর।

To **Prenominate**, *v. a.* Lat. অগ্রে নামকরণ-কৃ, পূর্ব্বে নাম-দা, পূর্ব্বে আখ্যা-দা, অগ্রে নামোল্লেখ-কৃ।

Prenominate, *part. a.* পূর্ব্বে নামকৃত, অগ্রে নাম আখ্যা বা সংজ্ঞা হইয়াছে যাহার।

Prenomination, *n. s.* অগ্রে নামকরণ বা হওন, অগ্রে নাম হইবার স্বত্ব বা অধিকার।

Prenotion, *n. s.* Fr. Lat. অগ্রে জানন জ্ঞপ্তি বা সংস্কার, পূর্ব্বে জানন, অগ্রে সম্বাদ, পূর্ব্ব সম্বাদ, ভবিষ্যজ্জ্ঞান।

Prensation, *n. s.* Lat. জোরকরণ, জবরদস্তিকরণ, জোর করিয়া লওন, জবরদস্তি, অপহরণ।

Prentice, *n. s.* কর্ম্ম শিক্ষাকারী, নিরূপিতকালের নিমিত্ত কোন কর্ম্ম বা ব্যাপার শিক্ষার্থে বদ্ধ বা নিযুক্ত হইয়াছে যে ব্যক্তি, শিক্ষানবীশ।

Digitized by Google

Prenticeship, *n. s.* পূর্ব্বোক্ত ব্যক্তির কর্ম্ম চাকরি অবস্থা বা ভাব, শিক্ষানবীশী।

Prenunciation, *n. s.* Lat. পূর্ব্বে কথন, অগ্রে প্রচার বা ব্যক্তকরণ।

Preoccupancy, *n. s.* পূর্ব্বাধিকার, পূর্ব্বে দখল বা ব্যাপন, পূর্ব্বে দখলকরণ, পূর্ব্বব্যাপ্তি।

To **Preoccupate**, *v. a.* Fr. Lat. অগ্রে জ্ঞাত-কৃ, পূর্ব্বে বাধা-দা, পূর্ব্বে অধিকার দখল বা গ্রহণ-কৃ, না হইতে স্থির-কৃ, পূর্ব্বে নিশ্চয়-কৃ, বিবেচনার পূর্ব্বে নিশ্চয়-কৃ।

Preoccupation, *n. s.* অগ্রে জ্ঞাতকরণ, পূর্ব্ব সংস্কার, অগ্রে নিশ্চয় বা স্থিরকরণ, বিবেচনা না করিয়া নিশ্চয়করণ, পূর্ব্বে আপত্তি বা ওজর করণ বা বাধা দেওন।

To **Preoccupy**, *v. a.* পূর্ব্বে অধিকার বা দখল-কৃ, অগ্রে গ্রহণ-কৃ, অগ্রে নিশ্চয় বা স্থির-কৃ।

To **Preominate**, *v. a.* Lat. ভাবি-বচ, ভাবি-দর্শা, পুরোজ্ঞাপন-কৃ, লক্ষণদ্বারা ভাবি শুভাশুভ বা অবস্থা ব্যক্ত প্রচার বা নিশ্চয়-কৃ।

Preopinion, *n. s.* Lat. পূর্ব্ব সংস্কার, পূর্ব্ব জ্ঞান, পূর্ব্ব চিন্তিত মতি, অগ্রে বা পূর্ব্বে স্থিরীকৃত মত বা অভিপ্রায়।

Preoption, *n. s.* আদৌ ইচ্ছা পছন্দ বা মনোনীতকরণের ক্ষমতা অধিকার বা স্বার্থ।

To **Preordain**, *v. a.* অগ্রে নিরূপণ নিয়োগ বা স্থির-কৃ, পূর্ব্বে নিরূপিত বা নিযুক্ত-কৃ, পূর্ব্বে বিধান-কৃ।

Preordinate, *part. a.* অগ্রে নিযুক্ত বা নিরূপিত, পূর্ব্বে নিযুক্ত হইয়াছে বা মকরর করা গিয়াছে যাহা।

Preordination, *n. s.* পূর্ব্বে নিযুক্তকরণ, পূর্ব্বে স্থিরকরণ, পূর্ব্ব-বিধানকরণ, পূর্ব্ব বিধান।

Preparation, *n. s.* Lat. পূর্ব্বে প্রস্তুত বা তৈয়ারকরণ, অগ্রে প্রস্তুত করণ, পূর্ব্বে আয়োজন আহরণ বা উদ্যোগ, পূর্ব্বায়োজন বা উদ্যোগ, উপায়, সাজগোজ প্রস্তুতকরণ বা হওন, তৈয়ারী।

Preparative, *a.* Fr. প্রস্তুতকারী, তৈয়ারকারী, পূর্ব্বায়োজনকারী, প্রস্তুতকরণক্ষম, যোগ্যকরণ বা উপযুক্তকরণক্ষম বা তচ্ছক্তিশালী।

Preparative, *n. s.* Fr. পূর্ব্বে প্রস্তুত সংযোগ উদ্যোগ বা আয়োজনকরণক্ষমতা আছে যাহার, পূর্ব্বে বা অগ্রে কৃত বস্তু, কোন কর্ম্মকরণের অগ্রে বা পূর্ব্বে উদ্যোগ বা আয়োজন, স্বরূপ করা যায় যাহা, অগ্রবর্ত্তী, পূর্ব্বের বা অগ্রের কর্ম্ম, উদ্যোগ বা আরম্ভকারী।

Preparatively, *ad.* পূর্ব্বায়োজনপূর্ব্বক, পূর্ব্বের চেষ্টা উদ্যোগ বা প্রস্তুতকরণপূর্ব্বক, অগ্রে, পূর্ব্বে।

Preparatory, *a.* Fr. পূর্ব্বে বা অগ্রে প্রয়োজনার্হ, প্রথমে প্রারম্ভে বা অগ্রে প্রয়োজন বা আবশ্যক হয় যাহা, পূর্ব্ববর্ত্তী, অগ্রবর্ত্তী, প্রস্তাব বা প্রসঙ্গসূচক, উদ্যোগ বা আরম্ভকারী।

To **Prepare**, *v. a.* Lat. প্রস্তুত-কৃ, আয়োজন-কৃ, আহরণ-কৃ, উদ্যোগ-কৃ, সংস্থান সঙ্গতি বা সংযোগ-কৃ, নির্ম্মাণ বা তৈয়ারী-কৃ, কোন কর্ম্মোপযুক্ত-কৃ, পূর্ব্বোপায়-কৃ, অগ্রে চেষ্টা-কৃ, গঠ, বানা।

To **Prepare**, *v. n.* পূর্ব্বোদ্যোগী-হ, পূর্ব্বে আয়োজন বা চেষ্টাকারী-হ, তৈয়ার বা প্রস্তুত-কৃ, তৈয়ার বা প্রস্তুত-থাকবা-হ।

Preparedly, *ad.* পূর্ব্বে আয়োজন চেষ্টা বা উদ্যোগপূর্ব্বক।

Preparedness, *n. s.* পূর্ব্বে আয়োজন চেষ্টা বা উদ্যোগ কৃত বা ভূত অবস্থা বা ভাব, পূর্ব্বায়োজন বা তৈয়ারী।

Preparer, *n. s.* আয়োজন তৈয়ারী বা প্রস্তুতকর্ত্তা, কোন বিষয়ে উদ্যোগ উপযুক্ত বা যোগ্যকারী, মিলায় বা গড়ে যে ব্যক্তি।

To **Prepense**, *v. a.* Lat. পূর্ব্বে চিন্তা-কৃ, পূর্ব্বে বিবেচনা-কৃ।

To **Prepense**, *v. n.* পূর্ব্বে চিন্তিত-হ, পূর্ব্বে স্থিরীকৃত বা বিবেচিত-হ।

Prepense, *a.* অগ্রে চিন্তিত বা বিবেচিত, পূর্ব্বে কল্পিত।

Prepollence বা **Prepollency**, *n. s.* Lat. প্রাধান্য, প্রাবল্য, ব্যাপকতা, বলবত্তা, চলন, ব্যবহার।

Preponderance বা **Preponderancy**, *n. s.* আধিক্য, অধিকাংশ, অধিক ভার, অপেক্ষাকৃত অধিক ভার বা ওজন, পরিমাণাধিক্য হওনাবস্থা বা তদ্ভাব।

Preponderant, *part. a.* Lat. অধিক, বেশী, জেয়াদা, অতিরিক্ত, অধিক পরিমিত, অধিক অংশ বা পরিমাণবিশিষ্ট।

To **Preponderate**, *v. a.* Lat. পরিমাণে বা ওজনে গুরুতর-কৃ, অন্যাপেক্ষায় অধিক-কৃ।

To **Preponderate**, *v. n.* অধিক ভার ওজন বা পরিমাণ-হ, জেয়াদা ওজন-হ বা-কৃ, ভারাধিক্য-হ, অধিক ভার বা পরিমাণ হয় যে শক্তি বা বলদ্বারা তৎশক্তি বা বল-হ।

Preponderation, *n. s.* অধিক ভার ওজন বা পরিমাণহওন বা করণ বা তদবস্থা, ভারাধিক্য, অধিক পরিমিতত্ব।

To **Prepose**, *v. a.* Fr. Lat. অগ্রে-রাখ, প্রথমে বা সম্মুখে-রাখ বা স্থাপনা-কৃ।

Preposition, *n. s.* Fr. Lat. ব্যাকরণে উপসর্গ পদ বুঝায়।

Prepositor, *n. s.* Lat. প্রধান ছাত্র বা পড়ুয়া, অধ্যাপককর্ত্তৃক নিযুক্ত অন্য ছাত্রেরদিগের কর্ত্তৃত্ব বা খবরদারি করে যে ছাত্র।

Prepositure, *n. s.* Lat. কোন দল সমাজ বা বিদ্যালয়ের প্রধান, দলপতির পদ, সমাজপতির পদ বা অবস্থা।

To **Prepossess**, *v. a.* অবিবেচিত মত অভিপ্রায় আদেশ বা সংস্কারবিশিষ্ট-কৃ, বিবেচনা না করিয়া নিশ্চয়-কৃ, পূর্ব্বে নির্ণয় বা নিশ্চয়-কৃ, পূর্ব্বে দখল বা আমল-কৃ, না দেখিয়া না শুনিয়া মন্দ ভাব-দেখ বা-জান, যথার্থ বা তথ্য না জানিয়া মন্দ-কথ বা-জান।

Prepossession, *n. s.* অবিবেচিত মত অভিপ্রায় আদেশ বা সংস্কার, বিবেচনা করিবার পূর্ব্বে নির্ণয় বা নিশ্চয়করণ, না দেখিয়া না শুনিয়া মন্দ ভাবন বা তজ্জ্ঞানকরণ, বিবেচনার পূর্ব্ব ভাল বা মন্দ জানন বা তৎসংস্কার।

Preposterous, *a.* Lat. বিপরীত, উল্টা, অসম্ভব, মন্দ, অযথার্থ, অবিচার্য্য, অন্যায়, অনুপযুক্ত, অনুচিত, অশুদ্ধ, অসঙ্গত, যুক্তিবিরুদ্ধ, জ্ঞানবিপর্য্যয়, অজ্ঞ, মূর্খ।

Preposterously, *ad.* উল্টা অসম্ভব বা বিপরীতরূপে, অনুপযুক্তরূপে, অন্যায়পূর্ব্বক।

Preposterousness, *n. s.* উল্টা, অসম্ভব বা বিপরীতের ভাব, অনুপযুক্ততা, অযাথার্থ্য।

Prepotency, *n. s.* Lat. পরাক্রম, প্রাধান্য, প্রাবল্য, শ্রেষ্ঠত্ব, প্রধান শক্তি ক্ষমতা বা বল।

Prepotent, *a.* পরাক্রমী, পরাক্রমশালী, প্রধান, শ্রেষ্ঠ, অতি ক্ষমতা বা শক্তিমন্ত।

Prepuce, *n. s.* Fr. Lat. মেঢ্রাগ্রত্বক্, পুরুষাঙ্গের অগ্রত্বক ছাল বা চর্ম্ম, ঘোমটা, আবরণী।

To **Prerequire**, *v. a.* পূর্ব্বে-চাহ বা দাওয়া-কৃ, পূর্ব্ব দাওয়া-কৃ।

Prerequisite, *a.* পূর্ব্বে বা অগ্রে প্রয়োজন আছে বা হয় যাহাতে বা যাহার, পূর্ব্বাবশ্যক, পূর্ব্বে প্রয়োজনার্হ।

Prerequisite, *n. s.* পূর্ব্বাবশ্যক বিষয় বা বস্তু।

To **Preresolve**, *v. a.* অগ্রে বা পূর্ব্বে স্থির বা নিশ্চয়-কৃ।

Prerogative, *n. s.* Fr. Lat. রাজা বা অন্য প্রধান লোকের বিশেষ প্রভাব ক্ষমতা হক বা বৃত্তি বা সম্পদ্ উপলক্ষে রাজপরিবারের বা তৎপুরুষানুক্রমে ক্ষমতা স্বার্থ বা অধিকার।

Digitized by Google

Prerogatived, *a.* পূর্ব্বোক্ত ক্ষমতা স্বার্থ বা অধিকারধারী বা বিশিষ্ট।

Pres, অনুভব হয় যে এ শব্দ Priest সংজ্ঞার বিকারস্থ পদ, তৎ শব্দ দেখ।

Presage, *n. s.* Fr. Lat. লক্ষণ, ভাবি বা আগামি শুভাশুভোদ্বোধক লক্ষণ বা চিহ্ন, ভবিষ্যদ্বাক্য, ভাবি চিন্তা বা অনুমান।

To **Presage**, *v. a.* Fr. Lat. ভবিষ্যৎ-কথ বা -বচ, ভাবি বিষয়-বচ বা জ্ঞাপন-কৃ, ভবিষ্যদ্বক্তৃতা-কৃ, ভাবি লক্ষণ-দর্শী, ভাবি বিষয় বা কর্ম্মের ভাব-দর্শী বা-জানা।

Presageful, *a.* ভাবি লক্ষণ বা চিহ্নবিশিষ্ট, ভবিষ্যদ্বাদী, ভবিষ্যদ্বিষয়জ্ঞাপক বা সূচক।

Presagement, *n. s.* ভাবি বিষয় বা কথা কথন জানান বা ব্যক্ত করণ, আগামি বাক্য বা চিন্তা, ভবিষ্যদ্ভাবনা লক্ষণ বা চিহ্ন।

Presager, *n. s.* ভবিষ্যদ্বক্তা, ভাবি বিষয়জ্ঞাপক বা প্রয়োজক।

Presbyter, *n. s.* Lat. যাজক, আচার্য্য, বৃদ্ধের সমাজ বা প্রাচীন লোকের দল ভুক্ত ব্যক্তি।

Presbyterial বা **Presbyterian**, *a.* বৃদ্ধ বা প্রাচীন ব্যক্তিবিশিষ্ট, ধর্ম্মবিষয়ক শাসন আদালত বা রাজ্যার্থক আধুনিক সংজ্ঞা।

Presbyterian, *n. s.* পূর্ব্বোক্ত সমাজের অর্থ বা কালবিনিয়ম মত বা উপদেশ বিষয়ে সহকারী উপাসনা বা ধর্ম্মোপদেশবিশেষ, ধর্ম্মমণ্ডলীবিশেষ।

Presbyterianism, *n. s.* পূর্ব্বোক্ত সমাজ বা ধর্ম্মমণ্ডলীর ধর্ম্ম মত নিয়ম বা রীতি।

Presbytery, *n. s.* বৃদ্ধের সমাজ দল বা সভা, ধর্ম্মমণ্ডলী।

Prescience, *n. s.* Fr. ভবিষ্যৎজ্ঞান, ভাবিবোধ, অগ্রে জ্ঞান জানন বা বুঝন।

Prescient, *a.* Lat. ভবিষ্যৎজ্ঞানী, ভাবি বোধক।

Prescious, *a.* Lat. ভাবিজ্ঞানবিশিষ্ট বা তদ্যুক্ত বা তদ্বিষয়ক, ভবিষ্যদ্বিবেচনা জ্ঞান বা বোধ আছে যাহার, অগ্রে জানে বা জ্ঞাত আছে যে।

To **Prescind**, *v. a.* Lat. কর্ত্তন-কৃ, কাট, কাটিয়া ছোট-কৃ, ছেদ-কৃ, কাটিয়া বা ছাঁটিয়া-ফেল, সংক্ষেপ-কৃ, রদ-কৃ, নিবারণ-কৃ।

Prescindent, *a.* সংক্ষেপকারী, খাট ছোট বা অল্পকারক, সংক্ষেপক, কর্ত্তনকারী, কাটে বা ছাঁটে যে।

To **Prescribe**, *v. a.* Lat. আদেশ বা নির্দ্দেশ-কৃ, আজ্ঞা-কৃ বা-দা, হুকুম-কৃ বা-দা, চিকিৎসার ব্যবস্থা-কৃ বা-দা, চিকিৎসা-কৃ, ঔষধ বা পথ্যাপথ্যব্যবস্থা-কৃ, ঔষধ-দা।

To **Prescribe**, *v. n.* ব্যবস্থার অভ্যাস বা তাদাত্ম্যদ্বারা প্রবৃত্তি-জন বা-হ, আজ্ঞা-কৃ, প্রভুত্ব বা অবিচারপূর্ব্বক বা ইচ্ছানুসারে নিয়োগ-কৃ, ব্যবস্থার স্বরূপ আদেশ-কৃ, ধারাবদ্ধ-কৃ, শাস্ত্র বা নিয়ম স্থাপনাকারী-হ, চিকিৎসার ব্যবস্থা-দা বা-কৃ, ঔষধ ব্যবস্থা-কৃ, ঔষধের পাঁতিয়া-দা বা তাহার রীতি আদেশ-কৃ।

Prescriber, *n. s.* ব্যবস্থাপক, ব্যবস্থাদাতা, বিধি বা নিয়মকর্ত্তা, নিদেশকর্ত্তা, কোন বিষয়ের নিয়ম বা রীতি বলে যে ব্যক্তি।

Prescript, *a.* Lat. আজ্ঞা আদেশ বা হুকুমকৃত, নির্দ্দিষ্ট, ব্যবস্থা সিদ্ধ বা ঘটিত, যথার্থরূপে নিয়োজিত নির্দ্দিষ্ট নির্ণীত লিখিত বা স্থিরীকৃত।

Prescript, *n. s.* Lat. নিদেশ, আদেশ, আজ্ঞা, বিধি, নমুনা, উপদেশ করা বা শিক্ষিত নমুনা বা আদর্শ, চিকিৎসা বা চিকিৎসকের ব্যবস্থা, নিয়ম হুকুম বা আদেশ ঔষধ বা পথ্য বিবেচনা পত্র।

Prescription, *n. s.* Lat. রীতি, দাঁড়া, দস্তুর, বহুকালব্যাপক ব্যবহারজন্য শাস্ত্রতুল্য লিখন বা তচ্ছাস্ত্র, ব্যবহারশাস্ত্র বা বিধি, ঔষধের পাঁতিয়া, ঔষধ ব্যবস্থা, তল্লেখন বা চিঠী।

Prescriptive, *a.* Lat. ব্যবস্থা শাস্ত্রতুল্য বা তদনুযায়ী, ব্যবহার সিদ্ধ, ব্যবহারস্থাপক।

Presence, *n. s.* Fr. Lat. সাক্ষাৎ, সমক্ষ, গোচর, সাক্ষাৎকার, সম্মুখ, হজুর, প্রত্যক্ষতা, অধিষ্ঠাতৃত্ব, বর্ত্তমানহওন তদবস্থা বা ভাব, গতি, চালি, চেহারা, আভা, শ্রী, রাজ দরবার, রাজার মজলিস, সভার মধ্যে রাজার দর্শন হয় যে স্থানে, বড় লোকের দরবার বা মজলিস, কর্ত্তব্যতার স্থিরতা বা তাহাতে সতর্কতা।

Presence-chamber বা **Presence-room**, *n. s.* বড় লোকের দরবার বা সভা, শ্রেষ্ঠ মহৎ বা কোন বড় লোক বৈঠক করে যে ঘরে বা তাহার সহিত সাক্ষাৎ হয় যে স্থানে।

Presensation, *n. s.* পূর্ব্ব সংস্কার অনুমান অনুভব বা বোধ।

Presension, *n. s.* Lat. পূর্ব্বে বোধকরণ বা হওন, তদ্বোধ অনুভব বা জ্ঞান।

Present, *a.* Fr. Lat. বর্ত্তমান, সাক্ষাৎ উপস্থিত, প্রত্যক্ষ, সর্ব্বদা হাজির থাকে যে, সর্ব্বদা পাওয়া যায় যাহাকে, গাফিলি নাই যাহার, অবিস্মৃত, মনে জাগ্রত, সতর্ক বা নিবিষ্টমনা, সম্প্রতি নিকটবর্ত্তী, সমীপস্থ, সম্মুখবর্ত্তী, হাজির, সত্বর, ক্ষিপ্র, চালাক, মনোযোগী, অভ্রান্ত, বিবেচনাধীন ব্যাকরণে কালের বিশেষণ বাচক, যথা Present *Tense*, বর্ত্তমানকাল।

The **Present**, *n. s.* বর্ত্তমানকাল, এইক্ষণ, একাল, সংপ্রতি।

At **Present**, *n. s.* Fr. এইক্ষণে, এখনি, এইকালে, সংপ্রতি।

Present, *n. s.* উপঢৌকন, দর্শনী, নজর, ভেট, সওগাত, বকশীস, খয়রাত, লৌকিকতা, যৌতুক, এনাম, নজরআনা, আজ্ঞাপত্র, লিপি, লিখন, নিদর্শনপত্র,।

To **Present**, *v. a.* Lat. Fr. প্রধান শ্রেষ্ঠ বা বড় লোকের সমীপে -রাখ বা -দা, উপঢৌকন-দা, নজর-দা, নজর-ধর, বকশীস লৌকিকতা বা যৌতুক বা দর্শনী-দা, বকশীস-দা বা-কৃ, দর্শী, দেখা, আদালতে-দা দরপেশ বা দাখিল-কৃ, অস্ত্রসেস্ত-কৃ বা-দেখা, তাকা, ব্রহ্মোত্তরাদি বৃত্তি-দা বা প্রদান-কৃ।

Presentable, *a.* দেয়, দর্শনীয়, দিবার যোগ্য, দেওনোপযুক্ত, দানীয়, উপঢৌকন বকশীস লৌকিকতা খয়রাত বা নজরের উপযুক্ত বা তদ্যোগ্য।

Presentaneous, *a.* Lat. প্রস্তুত, তৈয়ার, দক্ষ, ক্ষিপ্র, চালাক, এইক্ষণিক।

Presentation, *n. s.* দানকরণ, দেওন, বৃত্তি দেওন, ব্রহ্মোত্তরাদি দান, দর্শান, প্রকাশ, দাখিল বা দরপেশকরণ।

Presentative, *a.* উপঢৌকন দেওনোপযুক্ত, প্রদানোপযুক্ত।

Presentee, *n. s.* Fr. বৃত্তিভোগী, দানভোগী, দর্শনি দান নজর উপঢৌকন বা লৌকিকতাপ্রাপ্তব্যক্তি, বৃত্তি দর্শনি বকশীস বা এনাম দেওয়া গিয়াছে যে ব্যক্তিকে।

Presenter, *n. s.* উপঢৌকনদাতা, দানকর্ত্তা, দাতা, প্রদাতা, প্রদর্শনকর্ত্তা।

Presential, *a.* বর্ত্তমান, সাক্ষাৎ।

Presentiality, *n. s.* বর্ত্তমান বা সাক্ষাৎ অবস্থা বা ভাব।

Presentially, *ad.* বর্ত্তমান হইয়া, সাক্ষাতে, সাক্ষাৎ প্রায়ে।

To **Presentiate**, *v. a.* হাজির-কৃ, প্রত্যক্ষ বা সাক্ষাৎ-কৃ, বর্ত্তমান-কৃ।

Presentifickly, *ad.* হাজির হইয়া বা করিয়া, বর্ত্তমানকরত, সাক্ষাতে।

Presently, *ad.* এক্ষণে, এখনি, শীঘ্র, ত্বরায়, অবিলম্বে।

Presentiment, *n. s.* Fr. পূর্ব্বসূচনা সংস্কার ভাব বা বোধ।

Promiser, *n. s.* স্বীকারকর্ত্তা, অঙ্গীকারকর্ত্তা, প্রতিজ্ঞাকর্ত্তা, সম্বিৎকর্ত্তা।

Promissory, *a.* Lat. অঙ্গীকৃত, স্বীকৃত, অঙ্গীকার বা স্বীকারবিশিষ্ট বা তদ্যুক্ত, **Promissory** *note* টীপ, খত, প্রতিজ্ঞাপত্র।

Promissorily, *ad.* অঙ্গীকার বা স্বীকারপূর্ব্বক, স্বীকার করিয়া, স্বীকৃত হইয়া।

Promont বা **Promontory,** *n. s.* Lat. সমুদ্রের টেঁক, অন্তরীপ।

To **Promote,** *v. a.* Lat. বর্দ্ধিত-কৃ, বর্দ্ধন-কৃ, উন্নত-কৃ, পুরস্কার-কৃ, বড়-কৃ, উচ্চ-কৃ, প্রতিপত্তি-কৃ, সাহায্য-কৃ, বাড়া, মঙ্গল-কৃ, বর্দ্ধিষ্ণু-কৃ, উচ্চপদ-দা, উচ্চপদপ্রাপ্ত-কৃ, উচ্চপদে-তুল বা- উঠা।

Promoter, *n. s.* Fr. বর্দ্ধনকর্ত্তা, বৃদ্ধিকর্ত্তা, উন্নত বা পুরস্কারকর্ত্তা, মঙ্গলকর্ত্তা, বাড়ায় বা বড় করে যে ব্যক্তি, সংবাদদাতা, জ্ঞাপনকর্ত্তা, গোয়িন্দা, ঝগড়া লাগায় বা বাধায় যে ব্যক্তি।

Promotion, *n. s.* Fr. বৃদ্ধি, বর্দ্ধন, উন্নতি, পুরস্কার, মঙ্গলকরণ, বাড়ান, প্রতিপত্তি, সাহায্য, উচ্চপদপ্রাপ্তি।

Prompt, *a.* Fr. Lat. আশু, সত্বর, শীঘ্র, চালাক, অবিলম্ব, উদ্যোগী, উদ্যমী, সহজ, অনায়াস, ঝটিতি, তৎক্ষণাৎ, ঘটে বা হয় যে।

To **Prompt,** *v. a.* Ital. সাহায্য-কৃ, উপদেশ শিক্ষা বা আজ্ঞাদ্বারা উপকার বা সাহায্য-কৃ, উত্তেজনা-কৃ, কোন কর্ম্মে-লাগা, বলিয়া-দা, কহিয়া-দা, প্রবৃত্তি-জন্মা বা-লওয়া, উস্কাইয়া-দা, মনে করাইয়া-দা, চেতনা-করা, স্মরণ করিয়া-দা, উত্তরসাধকতা-কৃ।

Prompter, *n. s.* সূত্রধর, উত্তরসাধক, সভায় বা প্রকাশ স্থানে বক্তৃতাকর্ত্তার সাহায্যকর্ত্তা বা বলিয়া বা কহিয়া দেয় যে ব্যক্তি, সাধক, উদ্বোধক, উপদেশক, মনে করাইয়া দেয় যে ব্যক্তি, বর্দ্ধক, বৃদ্ধিকর্ত্তা।

Promptitude, *n. s.* Fr. Lat. চালাকী, সত্বরতা, অবিলম্ব, অগৌণ, জল্দী, উৎসাহ, ঔৎসুক্য।

Promptly, *ad.* ঝটিতি, শীঘ্র, অবিলম্বে, অগৌণে, আশু।

Promptness, *n. s.* সত্বরতা, অবিলম্ব, ঝটিতি, ঔৎসুক্য, উদ্যম, উদ্যোগ।

Promptuary, *n. s.* Lat. গোলা, ভাণ্ডার, সঞ্চয়স্থান, কোষ, আগার, গুদাম।

To **Promulgate,** *n. a.* Lat. ব্যক্ত-কৃ, প্রকাশ-কৃ, প্রকীর্ণ-কৃ, ঘোষণা-কৃ বা-দা, ব্যাপ্ত-কৃ, জাহির-কৃ, ইশতেহার-কৃ-বা-দা, জারি-কৃ।

Promulgation, *n. s.* Lat. ইশতেহার, ঘোষণা, প্রকাশ, ব্যাপন, জারি, প্রকীর্ণতা।

Promulgator, *n. s.* প্রকাশক, প্রকাশকর্ত্তা, প্রকীর্ণকর্ত্তা, ঘোষণাদাতা বা ব্যাপ্তকর্ত্তা, স্পষ্টোপদেশকর্ত্তা।

To **Promulge,** *v. a* Lat. প্রকাশ-কৃ, প্রকীর্ণ-কৃ, জাহির-কৃ, ঘোষণা-দা, ব্যাপ্ত-কৃ, প্রকাশরূপে উপদেশ-কৃ বা শিক্ষা-দা।

Promulger, *n. s.* প্রকাশক, ঘোষক, ব্যাপ্তকারক, প্রকীর্ণকর্ত্তা, সর্ব্বত্র প্রকাশ বা ব্যাপ্তকর্ত্তা।

Pronation, *n. s.* ব্যবচ্ছেদশাস্ত্রে হস্তের তলা নিম্ন বা উবুড় করিলে হয় যে ভাব, বক্রীকৃত হস্ত।

Pronator, *n. s.* ব্যবচ্ছেদ বিদ্যায় মাংসপেষীবিশেষ যদ্দ্বারা হস্ত বক্র হয় বা খেলায়।

Prone, *a.* Fr. Lat, নিম্ন, বক্র, ঝোঁকা, হেলিত, অধোবদন, নীচে ঝোঁলা বা হেলা, ঢালু, চিকীর্ষিত, অভিলষিত, অভিলাষুক, ইচ্ছুক, আকাঙ্ক্ষী, রত।

Proneness, *n. s.* অধোগতি, অধোগমন, হেলান, দোলান, নিম্নত্ব, ঢাল, ইচ্ছা, বাঞ্ছা, চিকীর্ষা, রতি, মন্দাভিপ্রায় বা ইচ্ছা।

Prong, *n. s.* Icel. Sax. কণ্টক, কাঁটা, ত্রিশূলীঅস্ত্রবিশেষ।

Pronity *n. s.* **Proneness** শব্দবৎ অর্থ জানিবে।

Pronominal, *a.* Lat. সর্ব্বনামসম্বন্ধীয় বা তদ্বিষয়ক, সার্ব্বনামিক।

Pronoun, *n. s.* Lat. সর্ব্বনাম, সামান্যসংজ্ঞা।

To **Pronouce,** *v. a.* Fr. Lat. উচ্চারণ-কৃ, ব্যক্ত-কৃ, স্ফুট, বচ, কথ, দৃঢ় যথার্থ বা নিশ্চয়পূর্ব্বক সালঙ্কার বাক্য কথ।

Digitized by Google

To **Pronounce,** *v. n.* দৃঢ়রূপে-বচ।

Pronounceable, *a.* Fr. উচ্চারণীয়, উচ্চারণযোগ্য।

Pronouncer, *n. s.* উচ্চারয়িতা, উচ্চারণকর্ত্তা, কথক, বক্তা।

Pronunciation, *n. s.* Lat. উচ্চারণকরণ, উচ্চারণের ধারা, বক্তৃতা, উচ্চারণ কথকতা, অলঙ্কারশাস্ত্র যদ্দ্বারা উত্তম কথকতা করা যায় বা শিক্ষা হয়।

Pronunciative, *a.* উচ্চারণকারী, মতবিষয়ে আত্মাভিমানী, দৃঢ়রূপে কহে যে।

Proof, *n. s.* Sax. প্রমাণ, সাক্ষী, সাবুদ, নিদর্শন, দলিল, পরীক্ষা, অভেদনীয়তা, কঠিন, সাজাওয়া, অবস্থা ধর্ম্ম বা গুণবিশেষ, পরিপক্বতা, ছাপায় শুদ্ধাশুদ্ধ বিচারার্থ পত্র, পুরুপ ইতি চলিত ভাষা

Proof, *a.* অভেদ্য, অপ্রবেশ্য, অগম্য, শক্ত, দৃঢ়।

Proofless, *a.* অপ্রমাণ, প্রমাণরহিত, নিদর্শন নাই যাহার, দলিল বা সাবুদ নাই যাহার বা যাহাতে।

To **Prop,** *v. a.* Dut. অবলম্বন-কৃ, ঠেকা বা ঠেস-দা, ধারণ-কৃ, ঠেস বা অবলম্বনদ্বারা রক্ষা-কৃ, ফিকনা-দা।

Prop, *n. s.* Dut. ধারণ, অবলম্বন, ঠেকনা, ফিকনা, ঠেস, আড়, পোস্তা, চাড়া।

Propagable, *a.* উৎপাদনীয়, বৃদ্ধি বা ব্যাপ্তকরণীয়, ক্রমিক বর্দ্ধন বা উৎপন্নভবনীয়।

To **Propagate,** *v. a.* Lat. জন্মা, ব্যাপ্ত-কৃ, বৃদ্ধি-কৃ, উৎপন্ন-কৃ, বর্দ্ধন-কৃ, বাহুল্য-কৃ, বিস্তার-কৃ, স্থানেং প্রকাশ-কৃ বা লইয়া ফির, বাড়া, সন্তানোৎপত্তি-কৃ বা-জন্মা।

To **Propagate,** *v. n.* সন্তান-হ, সন্তান-জন।

Propagation, *n. s.* Lat. উৎপত্তি, ব্যাপ্তি, জন্মান, ক্রমিক বৃদ্ধি, উন্নতি, ব্যাপকতা।

Propagator, *n. s.* ব্যাপ্তিকর্ত্তা, ব্যাপক, উৎপাদক, বর্দ্ধক, জনক, বিস্তারকর্ত্তা, প্রকাশকর্ত্তা।

To **Propel,** *v. a.* Lat. চালা, ঠেলিয়া-দা, সরাইয়া-দা, অগ্রসর-কৃ, সম্মুখে ঠেলিয়া-দা।

To **Propend,** *v. n.* Lat. কোন পক্ষে-ঝোঁক-হেল বা-গম, কোন পক্ষপাত-কৃ।

Propendency, *n. s.* পক্ষপাত, ইচ্ছা, বাঞ্ছা, চিকীর্ষা, মতি, বিবেচনা।

Propense, *a.* Lat. বাঞ্ছিত, অভিলষিত, চিকীর্ষিত, অনুরক্ত, অনুরাগবিশিষ্ট।

Propenseness, *n. s.* স্বাভাবিক অনুরাগের ধর্ম্ম গতি বা ভাব।

Propension বা **Propensity,** *n. s.* Lat. ইচ্ছা, অভিলাষ, বাঞ্ছা, চিকীর্ষা, স্বাভাবিকেচ্ছা ভাব বা ধর্ম্ম।

Proper, *a.* Fr. Lat. যথার্থ, উপযুক্ত, উচিত, সঙ্গত, ন্যায্য, বিহিত, কর্ত্তব্য, বিশেষ, ঠিক, স্বাভাবিক, আসল, স্বকীয়, নিজ, অকল্পিত, কেবল, শুদ্ধ, সুন্দর, ভাল, দীর্ঘ, আয়তনে বিস্তৃত অথচ সুন্দর, বলবান্।

To **Properate,** *v. a.* Lat. ত্বরা-কৃ, জলদ-কৃ, শীঘ্র-কৃ, অবিলম্ব-কৃ, এতদ্ভিন্ন *To* Approperate শব্দ দেখ।

Properation, *n. s.* Lat. ত্বরাকরণ, শীঘ্রকরণ, ত্রস্ত বা ঝটিতিকরণ, তাড়াতাড়িকরণ।

Properly, *ad.* উপযুক্তরূপে, যথার্থ বা কর্ত্তব্যরূপে, প্রকৃতরূপে, উচিতমতে, সঙ্গত ন্যায্য বা বিহিতরূপে, যথার্থাভিপ্রায়ে।

Properness, *n. s.* যাথার্থ্য, প্রকৃতার্থ, উপযুক্ততা, কর্ত্তব্যতা, উচ্চতা, দীর্ঘতা।

Property, *n. s.* স্বাভাবিক গুণ ধর্ম্ম বা ভাব, গুণ, গতি, অধিকার, বিত্ত, বিষয়, ধন, দৌলত, সম্পত্তি, জায়দাদ, ঐশ্বর্য্য, স্বার্থ।

To **Property,** *v. a.* গুণবিশিষ্ট-কৃ, গুণার্পণ-কৃ, অধিকার-কৃ, দখল-কৃ।

Prophasis, *n. s.* রোগের পূর্ব্ব ভাব বা লক্ষণ তজ্জ্ঞান বা সংস্কার।

Prophecy, *n. s.* ভবিষ্যদ্বাক্য, ভবিষ্যৎকথন, আচার্য্যবাক্য, ভাবি বিষয় কথন বা ব্যক্তকরণ।

Prophesier, *n. s.* ভবিষ্যদ্বক্তা, আচার্য্যবাক্য কথক।

To **Prophesy,** *v. a.* ভবিষ্যদ্বাক্য-কথ, ভবিষ্যদ্বচ, আচার্য্যবাক্য-কথ, অগ্রে-দর্শা বা-জানা।

To **Prophesy,** *v. n.* ভবিষ্যদ্বক্তা-হ, ভাবিবিষয় উপদেশ-কৃ, উপদেষ্টা-হ।

Prophet, *n. s.* Fr. ভবিষ্যদ্বক্তা, ভাবিকথক, আচার্য্য, নবী, পেগম্বর, মুনি, ঋষি।

Prophetess, *n. s.* Fr. ভবিষ্যদ্বক্ত্রী, আচার্য্যাণী, ভবিষ্যৎকথা বা বিষয় বলে বা ব্যক্ত করে যে স্ত্রী।

Prophetlike, *a.* ভবিষ্যদ্বক্তৃতুল্য, ভাবিকথকের ন্যায় বা তত্তুল্য।

Prophetical বা **Prophetick,** *a.* Fr. ভবিষ্যদ্বাক্যসম্বন্ধীয়, ভবিষ্যদ্বক্ত্রী, ভবিষ্যদ্বিষয়জ্ঞাপক।

Prophetically, *ad.* ভবিষ্যদ্বক্তা হইয়া, ভাবিজ্ঞানপূর্ব্বক, ভবিষ্যদ্বক্তা বা আচার্য্যের ন্যায় বা তদনুসারে, ভবিষ্যদ্বাক্য কথন জ্ঞান বা উপদেশপূর্ব্বক।

Prophylactical বা **Prophylactick,** *a.* নিবারক, প্রতিষেধক, নিষেধক, রক্ষাকারী, রহিতকারী।

Prophylactick, *n. s.* নিবারণ প্রতিষেধ বা রক্ষাকর্ত্তা।

Propination, *n. s.* Lat. মদ্যপানে লৌকিকতাবিশেষ, মদের পেয়ালা কিঞ্চিৎ খাইয়া অন্যকে দেওন, *To* Propine শব্দ দেখ।

To **Propine,** *v. a.* Lat. মদ্যের পেয়ালা কিঞ্চিৎ পান করিয়া অন্যকে অনুগ্রহ বা স্নেহ প্রকাশার্থে প্রদান-কৃ, প্রকাশ-কৃ, অনাবৃত-কৃ, খুল।

To **Propinquate,** *v. n.* Lat. নিকটবর্ত্তী-হ, নিকটে-আগম, ঘুন।

Propinquity, *n. s.* Lat. নৈকট্য, সামীপ্য, সন্নিধান, ঘনিষ্ঠতা, অন্তিকতা, চতুঃপার্শ্ববর্ত্তিস্থান, পড়শী, কালের নৈকট্য, কালযোনান, নৈকট্য, সম্পর্ক।

Propitiable, *a.* অনুকূলভবনীয় বা করণীয়, অনুকূল, প্রসন্ন, কৃপাবান্, মঙ্গলজনক বা দায়ক, তদুপযুক্ত বা তদ্যোগ্য।

To **Propitiate,** *v. a.* Lat. অনুকূল-কৃ, প্রসন্ন-কৃ, তুষ্ট-কৃ, কৃপাবান্ মঙ্গলজনক বা মঙ্গলদায়ক-কৃ।

To **Propitiate,** *v. n.* প্রায়শ্চিত্ত-কৃ, পাপাপনোদন-কৃ।

Propitiation, *n. s.* Fr. প্রসন্নতাকরণ, মঙ্গলজনক বা দায়ক অনুকূল বা তুষ্টকরণ, পাপার্থে প্রায়শ্চিত্ত, প্রসন্নতাকরণার্থে পূজা হোম তপস্যাদিকর্ম্ম।

Propitiator, *n. s.* প্রায়শ্চিত্তকর্ত্তা, প্রসন্নকর্ত্তা।

Propitiatory, *a.* Fr. শুভকর, মঙ্গলজনক বা দায়ক, প্রসন্ন বা তুষ্টকারী, মাঙ্গলিক।

Propitiatory, *n. s.* য়িহুদীয়েরদের মন্দিরের চন্দ্রাতপ বা আবরণী বিশেষ।

Propitious, *a.* Lat. মঙ্গলকর, প্রসন্ন, তুষ্ট, মাঙ্গলিক, শুভ, অনুকূল।

Propitiously, *ad.* মাঙ্গল্যপূর্ব্বক, শুভকরত্ব বা জনকত্বরূপে, তুষ্ট করিয়া বা হইয়া, প্রসন্নতাপূর্ব্বক।

Propitiousness, *n. s.* প্রসন্নতা, তুষ্টি, মঙ্গলদায়কত্ব।

Proplasm, *n. s.* ছাঁচ, ফরমা, যাহাতে কোন বস্তু নির্ম্মাণ হয়।

Proplastice, *n. s.* ছাঁচকরণ, ছাঁচ বা ফরমা বানান, ছাঁচ নির্ম্মাণ বা তৎপ্রকরণ।

Digitized by Google

Propolis, *n. s.* Lat. আঠাবিশেষ, মোম।

Proponent, *n. s.* Lat. বাক্যপ্রচারক, প্রসঙ্গকর্ত্তা, কোন কার্য্য সূচক বা বিষয় প্রস্তাব করে যে ব্যক্তি।

Proportion, *n. s.* Fr. Lat. পরিমাণ, হিসাব, সমরাশিভাব, ভাগ, হার, অংশ, পরস্পর অংশে পরিমাণে বা ভাবে তুল্যতা ঐক্য আকার বা আয়তন।

To **Proportion**, *v. a.* Fr. অংশ-কৃ, তুল্য-কৃ, পরিমাণ-কৃ, হিসাব-কৃ, সমরাশীভাব-কৃ, পরিমিতরূপ-কৃ, সমরূপে নির্ম্মাণ-কৃ, মেল-কৃ।

Proportionable, *a.* পরস্পর সংখ্যা বা হিসাবকরণীয়, হিসাবমত, সমান, সংখ্যা বা হিসাবানুসারে সমান, অপেক্ষাকৃত নিষ্পন্ন নির্ব্বাহ বা সমান হয় যাহা, সমরাশিপরিমিত।

Proportionableness, *n. s.* সমানত্ব, হিসাবমত, সমানতা বা তুল্যতা, সমরাশিপরিমিতত্ব।

Proportionably, *ad.* পরিমিতত্বরূপে, সমানরূপে, সমানপরিমাণে, পরস্পর সংখ্যা বা তুল্যতানুসারে, হিসাবমতে।

Proportional, *a.* Fr. সমতুল্য, সমান, সম, সমরাশীভূত, পরস্পর পরিমিত, হিসাবমত।

Proportionality, *n. s.* সমতুল্যতা, সমতা, সমরাশীভূতত্ব।

Proportionally, *ad.* নিরূপিত সংখ্যা পরিমাণ বা হিসাবপূর্ব্বক, সমরাশিপরিমাণপূর্ব্বক।

Proportionate, *a.* সমরাশিপরিমিত বা ভূত, সমীভূত, পরিমিতীভূত, হিসাবমত, হিসাবানুযায়িক।

To **Proportionate**, *v. a.* হিসাবমত-কৃ, সমরাশিপরিমাণ-কৃ, পরস্পর হিসাব বা সংখ্যানুসারে তুল্য বা সমান-কৃ।

Proportionately, *ad.* হিসাবমতে, সমরাশিপরিমিতরূপে, পরস্পর সমান সমানে।

Proportionateness, *n. s.* সমরাশিপরিমিতত্ব, হিসাবানুযায়িকত্ব, সমতা।

Proportionless, *a.* অসমান, হিসাবানুযায়ী নহে যাহা, হিসাবমত নহে যাহা, বেহিসাব।

Proposal, *n. s.* প্রস্তাব, প্রসঙ্গ, নিবেদন, কার্য্যসূচনা, জিজ্ঞাসাবাদ, প্রার্থনাপত্র, দরখাস্ত।

To **Propose**, *v. a.* Fr. Lat. প্রস্তাব বা প্রসঙ্গ-কৃ, কোন কার্য্যসূচনা-কৃ, নিবেদন-কৃ, বিবেচনার্থে-কথ বা-বচ।

Proposer, *n. s.* প্রস্তাব প্রসঙ্গ বা নিবেদনকর্ত্তা, কোন কার্য্য বা বিষয়ের সূচনা করে যে ব্যক্তি।

Proposition, *n. s.* Fr. Lat. প্রস্তাব, প্রসঙ্গ, নিবেদন, কোন কর্ম্ম বা বিষয়ের সূচনা, কোন বিচারের পক্ষ, নিয়ম বা রীতির প্রস্তাব, প্রশ্ন, জিজ্ঞাসা, প্রস্তাব, কথা, দরখাস্ত।

Propositional, *a.* প্রস্তাবিত, প্রসঙ্গকৃত, প্রসঙ্গাধীন, প্রস্তাবসূচক, নিবেদনবোধক, পূর্ব্বপক্ষবোধক।

To **Propound**, *v. a.* Lat. প্রস্তাব বা প্রসঙ্গ-কৃ, নিবেদন বা সূচনা-কৃ, কোন বিষয় বা কার্য্যের সূচনা-কৃ, দর্শা, প্রকাশ-কৃ, ব্যক্ত-কৃ, প্রশ্ন বা জিজ্ঞাসা-কৃ।

Propounder, *n. s.* প্রস্তাব প্রসঙ্গ বা নিবেদনকর্ত্তা, প্রস্তাবক, কার্য্যসূচনাকর্ত্তা।

Proprietary, *n. s.* Fr. অধিকারী, কর্ত্তা, স্বামী, মালিক, স্বত্বাধিকারী, কর্তৃত্ব বা অধিকারিতাধারী।

Proprietary, *a.* অধিকারী, কর্ত্তা, দখলকারী, দখল বা অধিকার সম্বন্ধীয়, স্বত্বসম্বন্ধীয়।

Proprietor, *n. s.* Lat. অধিকারী, কর্ত্তা, স্বামী, দখলিকার, স্বত্ববান্, মালিক, স্বত্বাধিকারী, প্রভু।

Porprietress, *n. s.* অধিকারিণী, কর্ত্রী, স্বত্বাধিকারিণী, মালিকা।

Propriety, *n. s.* Fr. Lat. যাথার্থ্য, ঔচিত্য, যোগ্যত্ব, উপযুক্ততা, কর্ত্তব্যতা, সাঙ্গত্য, প্রকৃততা, শুদ্ধতা, ঠিক বা যথার্থাবস্থা বা ভাব।

Propt, ঠেকোদেওয়া, প্ররক্ষিত, অবলম্বনকৃত।

To **Propugn**, *v. a.* Lat. রক্ষা-কৃ, বাঁচা, সংশ্রয়-কৃ, নির্দোষী-কৃ, দোষক্ষালন-কৃ, দোষ মোচন-কৃ, বিচার-কৃ, বিতণ্ডা-কৃ, বাগ্যুদ্ধ-কৃ।

Propugnation, *n. s.* Lat. রক্ষা, বাঁচন, বাঁচোয়া।

Propugner, *n. s.* রক্ষাকর্ত্তা, বাঁচায় বা আশ্রয় দেয় যে।

Propulsation, *n. s.* Lat. দূরকরণ, তফাৎকরণ, দূর করিয়া দেওন, দূরে রাখন, নিকটে না আসিতে দেওন।

Propulsion, *n. s.* Lat. অগ্রে ঠেলন, অগ্রেকরণ, অগ্রে রাখন বা চালান।

Prore, *n. s.* Lat. কাব্যশাস্ত্রে ব্যবহৃত অনুপ্রাসার্থক শব্দ, অগ্র ভাগ, জাহাজের অগ্রভাগ।

Prorogation, *n. s.* Lat. স্থিতি, নিত্যতা, অবিরাম, কালগৌণ করণ, গৌণকরণ, গৌণাবস্থা, গতিক্রিয়া, পার্লিমেণ্ট সভার কার্য্যে নিবৃত্তি বিরাম বা স্থগিতভাব।

To **Prorogue**, *v. a.* Lat. গতিক্রিয়া-কৃ, কালগৌণ-কৃ, কালব্যাজ-কৃ, অবিরাম-কৃ, দেরি-কৃ, গড়িমসি-কৃ, ইংগ্লণ্ডে পার্লিমেণ্টের কার্য্যের নিবৃত্তি বা বিশ্রাম-কৃ বা তৎসভা অধিককাল ব্যাপক-কৃ।

Proruption, *n. s.* Lat. স্ফুটন, ফুটিয়া উঠন বা পড়ন।

Prosaick, *a.* Fr. Lat. গদ্যসম্বন্ধীয়, গদ্যবৎ, গদ্যতুল্য, গদ্যে রচিত বা লিখিত।

To **Proscribe**, *v. a.* Lat. অতিনিন্দা গর্হা বা কুৎসা-কৃ, গর্হিত কর্ম্মে অপবাদ-দা, নষ্ট-কৃ, নাশ-কৃ, নষ্ট করিতে আজ্ঞা-দা, প্রাণ দণ্ড করিতে হুকুম-দা, অব্যবহার্য্য-কৃ, দূর বা বহির্ভূত-কৃ।

Proscriber, *n. s.* নষ্টকর্ত্তা, বহিষ্কর্ত্তা, অব্যবহার্য্যকর্ত্তা, প্রাণ দণ্ড বা নষ্ট করিতে আজ্ঞা দেয় যে ব্যক্তি।

Proscription, *n. s.* Lat. সর্ব্বস্ব দণ্ড, অব্যবহার্য্যকরণ, বহিষ্করণ, নষ্টকরণ, প্রাণদণ্ডকরণ।

Proscriptive, *a.* Lat. নষ্টকারী, অব্যবহার্য্যকারী, প্রাণদণ্ডকারী বা তদাজ্ঞাসম্বন্ধীয়।

Prose, *n. s.* Fr. Lat. গদ্য, গদ্যছন্দ, রুমীরদের স্তব পাঠবিশেষ।

To **Prose**, *v. n.* গদ্য রচনা-কৃ, গদ্যছন্দে-লিখ বা-রচ, গদ্যছন্দে ব্যবহার-কৃ, অবর ভাষায় অতিবাহুল্য করিয়া বিবরণ-কৃ বুঝায়।

To **Prosecute**, *v. a.* Lat. পশ্চাৎ-ধাব, অনুগামী-হ, নিয়ত চেষ্টা-কৃ, পশ্চাৎ বা অনুবর্ত্তী-হ, ক্ষান্ত না হইয়া কর্ম্ম-কৃ, একাদিক্রমে-চল বা কর্ম্ম-কৃ, কোন অভিপ্রায়ে-চল, নালিশ-কৃ, অভিযোগ-কৃ।

To **Prosecute**, *v. n.* আদালত-কৃ, আদালতে কর্ম্ম নির্ব্বাহ-কৃ।

Prosecution, *n. s.* পশ্চাৎ ধাবমানহওন, নিয়ত চেষ্টাকরণ বা তচ্চেষ্টা, অবিরামে কর্ম্মকরণ, অনুধাবন, অভিযোগ, নালিশ।

Prosecutor, *n. s.* কোন কর্ম্ম করে বা চালায় যে ব্যক্তি, কোন অভিপ্রায়ে ধাবমান হয় যে, নিয়ত চেষ্টক, অনুধাবক, অভিযোক্তা, ফরিয়াদী।

Proselyte, *n. s.* Gr. স্বধর্ম্ম পরিত্যাগপূর্ব্বক অন্য ধর্ম্মাবলম্বী, এক ধর্ম্ম ত্যাগ করিয়া অন্য ধর্ম্মে প্রবিষ্ট ব্যক্তি, মতান্তরে গিয়াছে বা মতান্তর হইয়াছে যে ব্যক্তি।

To **Proselyte**, *v. a.* পরিবর্ত্ত কৃ, পরামনন-করা, ধর্ম্মান্তর বা মতান্তর-কৃ, এক ধর্ম্ম ছাড়াইয়া অন্য ধর্ম্মে প্রবিষ্ট-কৃ।

Proselytism, *n. s.* স্বধর্ম্ম ছাড়ান বা ত্যাগ করাণ, মতান্তর হওন বা

Digitized by Google

করণ, স্বধর্ম্ম নাশ, মতের বা ধর্ম্মের পরিবর্ত্তন বা এতৎকর্ম্মে প্রবৃত্তি বা চেষ্টা।

To Proselytize, *v. n.* মত-ফির বা পরিবর্ত্তন-কৃ, পরধর্ম্মাবলম্বন-কৃ, মতান্তর-হ, স্বধর্ম্ম ভ্রষ্ট-হ, স্বধর্ম্ম ত্যাগানন্তর অন্য ধর্ম্মে প্রবিষ্ট-হ।

To Proselytize, *v. a.* স্বধর্ম্ম ত্যাগপূর্ব্বক অন্য ধর্ম্মে বা মতে প্রবিষ্ট-কৃ, ধর্ম্ম ভ্রষ্ট-কৃ, অন্য ধর্ম্মাবলম্বী-কৃ।

Proser, *n. s.* গদ্যলেখক, গদ্যরচক, অবর ভাষায় বাহুল্যরূপে বা দীর্ঘ বর্ণনকর্ত্তা বুঝায়।

Prosemination, *n. s.* Lat. বীজ রোপণদ্বারা জন্মান উৎপত্তি বা বৃদ্ধিকরণ, বীজ ছড়ান বা তদ্দ্বারা উৎপত্তি।

Prosodian, *n. s.* ছন্দঃপণ্ডিত, ছন্দঃ শাস্ত্রে ব্যুৎপন্ন বা সংস্কার বান্ ব্যক্তি, ছন্দোজ্ঞ বা কবিবিশেষ।

Prosodical, *a.* ছন্দোবিষয়ক, ছন্দঃসম্বন্ধীয়।

Prosodist, *n. s.* ছন্দঃশাস্ত্র বুঝে জানে বা বিবেচনা করে যে ব্যক্তি, তদ্বিষয়ে সংস্কার বা বোধ আছে যাহার।

Prosody, *n. s.* ছন্দোজ্ঞান, ছন্দঃশাস্ত্র, কাব্যকরণ জ্ঞানবিশেষ, ব্যাকরণের এক দেশ যাহাতে শব্দ রচনা পরিমাণ ও উচ্চারণ জানা যায়, কবিতার ছন্দঃ পরিমাণ।

Prosopopœia, *n s.* মনুষ্যাকারকরণ, পুত্তলিকা, চিত্র, জড় বস্তুকে সজীব করিয়া কথন।

Prospect, *n. s.* Lat. দর্শন, দূরদর্শন, দৃশ্যবস্তু, দর্শনের বিষয় বা স্থান, অভিপ্রায়, আশা, ভরসা, নক্সা, পরিণাম দর্শন, ভাবি বিষয় বিবেচনা বা তদ্দৃষ্টি।

To Prospect, *v. n.* Lat. অগ্রে দৃষ্ট-হ, অগ্রে-দৃশ, অগ্রে নজর বা দৃষ্টি-কৃ, পরিণামদর্শী-হ, পরিণাম দর্শন-কৃ।

Prospection, *n. s.* অগ্রে দৃষ্টিকরণ, পরিণাম দর্শন, আগে দেখন বা নজরকরণ, দূর দর্শন।

Prospective, *a.* দূরদর্শী, অগ্রে দেখে যে, দূরদৃষ্টিকারী, পরিণাম দর্শী, অগ্রে বিবেচনা করিয়া চলে বা কর্ম্ম করে যে, ভাবিদর্শক, দূরদর্শক।

Prospectus, *n. s.* Lat. পুস্তকের নমুনা বা মুশাবিদা, কোন গ্রন্থ ছাপাকরণের পূর্ব্বে তদ্বিবরণ ও নিমুনা প্রকাশকরণ বা তৎপত্র অনুষ্ঠান পত্র।

To Prosper, *v. a.* Lat. মঙ্গলবিশিষ্ট-কৃ, ইষ্টসিদ্ধ-কৃ, দয়া-কৃ, কৃতার্থ-কৃ, অনুগ্রহ-কৃ, সুখী-কৃ, সম্পন্ন-কৃ, বর্দ্ধিষ্ণু-কৃ, উন্নত-কৃ।

To Prosper, *v. n.* Fr. কৃতার্থ-হ, মঙ্গলবিশিষ্ট-হ, সৌভাগ্যপ্রাপ্ত-হ, কল্যাণযুক্ত-হ, সম্পন্ন-হ, উন্নত বা বৃদ্ধিশীল-হ, অগ্রে-বাড়।

Prosperity, *n. s.* Lat. Fr. উন্নতি, বৃদ্ধি, ঋদ্ধি, সম্পত্তি, শ্রী, পয়, সুখ, কুশল, কল্যাণ, সুখ, সৌভাগ্য, সম্পন্নতা।

Prosperous, *a.* Lat. ইষ্টসিদ্ধ, সুভাগ্য, শ্রীমান্, শ্রীযুক্ত, পয়মন্ত, কুশলী, কল্যাণী, লক্ষ্মীবান্, মঙ্গলযুক্ত, শুভ, কল্যাণজনক বা দায়ক।

Prosperously, *ad.* মাঙ্গল্যরূপে, ইষ্টসিদ্ধিপূর্ব্বক, সৌভাগ্যরূপে, শ্রী পয় কুশল বা কল্যাণপূর্ব্বক।

Prosperousness, *n. s.* কল্যাণ, কুশল, ইষ্টসিদ্ধি, শ্রীমত্তা, সৌভাগ্য।

Prospicience, *n. s.* Lat. অগ্রে দৃষ্টিকরণ, দূর দর্শন, দূর দৃষ্টিকরণ, অগ্রে দেখন বা চাহন।

Prosternation, *n. s.* Lat. ম্লান মসৃণ খর্ব্ব পতিত বা ক্ষুব্ধ করণ বা হওন বা এতদবস্থা বা ভাব, নিক্ষিপ্ততা, নিক্ষেপ, ফেলিয়া দেওন।

Prostethis, *n. s.* অস্ত্র চিকিৎসাতে ক্ষতপূরণ বুঝায়।

To Prostitute, *v. a.* Lat. বেশ্যাবৃত্তি-কৃ, দুষ্কর্ম্ম-কৃ, মন্দ কর্ম্মে গুণের আরোপ-কৃ, বেশ্যা বা খানকীবাজি-কৃ, ভ্রষ্টাচার-কৃ, কসব-কৃ, ভ্রষ্ট-কৃ, নষ্ট-কৃ, দুষ্ট-কৃ, বেতন বা লাভের নিমিত্তে দুষ্কর্ম্মে-যা বা-পত।

Prostitute, *a.* Lat. বেশ্যা, বারাঙ্গনা বা নটীধর্ম্মক, কসবী, খানকী, গণিকা, ব্যভিচারিণী উদ্বোধক।

Prostitute, *n. s.* ভাড়াটিয়া, কসবী, বেতনাপেক্ষী, ছিনাল, খানকী, বেশ্যা, গস্তানী।

Prostitution, *n. s.* Fr. বিক্রয়করণ, নষ্টকরণ, ভ্রষ্টকরণ, বিক্রীতত্ব, লাভের বা মূল্যের নিমিত্তে গুণের আরোপকরণ, বেশ্যাচার, বেশ্যাবৃত্তি বা ধর্ম্ম।

Prostitutor, *n. s.* দুষ্কর্ম্মকর্ত্তা, ব্যভিচারকর্ত্তা, কসবীবাজ, নষ্ট দুষ্ট ভ্রষ্ট বা ছিনালি করে যে ব্যক্তি।

Prostrate, *a.* Lat. ভূমিতে পতিত, দণ্ডবৎ পতিত, প্রণত, ভূমিষ্ঠ, নত, ভূষ্ণপৃষ্ঠ, মুখ, উবুড়।

To Prostrate, *v. a.* দণ্ডবৎ-কৃ, ভূমিষ্ঠ হইয়া প্রণতি-কৃ, প্রণাম-কৃ, প্রণত-কৃ, ভূমিষ্ঠ-কৃ, দণ্ডবৎ-হ।

Prostration, *n. s.* প্রণিপাত, প্রণতি, দণ্ডবৎ, অষ্টাঙ্গে প্রণাম, নম্রতা, প্রণামকরণ, দণ্ডবৎহওন বা করণ।

Prostyle, *n. s.* Fr. সম্মুখে স্তম্ভওয়ালা ঘর বাড়ী বা প্রাসাদ।

Prosyllogism, *n. s.* প্রস্তাবিত বাক্য দ্বয়ের এমন যোগ যে প্রথমের সিদ্ধান্তই দ্বিতীয়ের পূর্ব্বপক্ষ কিম্বা দ্বিতীয় পক্ষ হয়।

Protasis, *n. s.* Gr. সূত্র, মূলবাক্য, প্রশ্ন, প্রস্তাব, প্রসঙ্গ, প্রাচীন নাটকের বা যাত্রার প্রথম প্রস্তাব।

Protatick, *a.* পূর্ব্ব, পূর্ব্ববর্ত্তী, অগ্র।

To Protect, *v. a.* Lat. রক্ষা-কৃ, রাখ, বাঁচা, আশ্রয়-দা, প্রতিপালন-কৃ, কোন উৎপাত আপদ বিপদ বা ক্লেশহইতে-বাঁচা বা রক্ষা-কৃ, মুরব্বীগিরি-কৃ

Protection, *n. s.* Fr. রক্ষা, আশ্রয়, শরণ, প্রতিপালন, বাঁচান বা চোঁয়া, ছাড় রক্ষা বা আশ্রয় লিপি।

Protective, *a.* রক্ষাকারী, আশ্রয়দাতা, রক্ষাসম্বন্ধীয়, প্রতিপালন বিষয়ক।

Protector, *n. s.* Fr. রক্ষক, রক্ষাকর্ত্তা, প্রতিপালক, প্রতিপালন কর্ত্তা, মুরব্বী, নাথ, চাঁই, কর্ত্তা, স্বামী, প্রভু, আশ্রয়দাতা, যুব রাজের অপ্রাপ্ত ব্যবহারাবস্থায় রাজপুত্রের বা তদ্রাজ্যের সম্পাদক, অসীবিশেষ।

Protectorate, *n. s.* পূর্ব্বোক্ত ব্যক্তির সম্পাদন রাজ্যশাসন বা কর্ম্ম।

Protectorship, *n. s.* পূর্ব্বোক্ত ব্যক্তির কর্ম্ম বা পদ।

Protectress, *n. s.* Fr. রক্ষাকারিণী, রক্ষিকা, প্রতিপালিকা, রক্ষাকর্ত্রী।

To Protend, *v. a.* Lat. বাড়া, লম্বা বা দরাজ-কৃ, বিস্তীর্ণ-কৃ।

Protervity, *n. s.* Lat. চিড়চিড়েমি, খিটখিটেমি, বৈরক্ত্য, খেঁকানি, রোষ, ঠেঁটামি, মগরাপনা।

To Protest, *v. n.* Lat. প্রতিজ্ঞা-কৃ, আপন মত অভিপ্রায় বা প্রতিজ্ঞা প্রকাশ-কৃ, দৃঢ়বাক্য-কথ, শপথ-কৃ, দোহাই-দা।

To Protest, *v. a.* সাক্ষী-ডাক, সাক্ষ্য-দা, প্রমাণ-কৃ, হুণ্ডি অস্বীকার করিলে আদালতের উকীলকে দিয়া তাহার পৃষ্ঠে-লেখা।

Protest, *n. s.* করার, প্রতিজ্ঞা, অস্বীকার, দৃঢ়বাক্য, হুণ্ডী অস্বীকার করিলে আদালতের উকীলকে দিয়া তাহার পৃষ্ঠে লেখান।

Protestant, *a.* এতন্নামক মতাবলম্বী, তৎসম্বন্ধীয় বা তদ্বিষয়ক।

Protestant, *n. s.* Fr. রুমীরদের ধর্ম্ম মণ্ডলীর মত বা তদুপাসনা কাণ্ড স্বীকার করে নাই বা মানে নাই যাহারা, খ্রীষ্টীয়ানবিশেষ, পাপার মত অস্বীকারক বা অমানক।

Protestantism, *n. s.* পূর্ব্বোক্ত মত শাস্ত্র বা উপাসনাকাণ্ড।

Digitized by Google

Protestantly, *ad.* পূর্ব্বোক্ত মতানুসারে বা তন্মতাবলম্বনপূর্ব্বক।

Protestation, *n. s.* Fr. প্রতিজ্ঞা, অস্বীকার, করার, দৃঢ় বাক্য।

Protester, *n. s.* প্রতিজ্ঞাকর্ত্তা, অস্বীকারকর্ত্তা, দৃঢ় বাক্য কহে যে ব্যক্তি।

Proteus, *n. s.* Lat. বহুরূপী, পৌত্তলিকেরদের মতে জল দেবতা বিশেষ, নানারূপধারী, বহুরূপা।

Prothonotary, *n. s.* Lat. আদালতের প্রধান সিরেস্তাদার, মহা ফেজ, ব্যবস্থানস্থ প্রধান মুহুরিরবিশেষ।

Prothonotariship, *n. s.* পূর্ব্বোক্ত ব্যক্তির কর্ম্ম পদ নাম বা সম্ভ্রম।

Protocol, *n. s.* আসল, কোন লিখনের আসল, আদর্শ।

Protomartyr, *n. s.* সেণ্ট ইষ্টীফেননামক ব্যক্তির বিশেষণবাচক শব্দ, ধর্ম্ম রক্ষা বা প্রমাণার্থে প্রথম হত ব্যক্তি, কোন কর্ম্মের বা বিষয় সম্পাদনার্থে প্রথম প্রাণ দেয় যে ব্যক্তি।

Protoplast, *n. s.* মূল, আদি, আসল, জড়, আদর্শ।

Protoplastick, *a.* আদি, প্রথমজ, প্রথমে হইয়াছে বা জন্মিয়াছে যাহা।

Prototype, *n. s.* আসল, আদর্শ, মূল।

***To* Protract,** *v. a.* Lat. গৌণ-কৃ, বিলম্ব-কৃ, ঢিলাম বা দীর্ঘসূত্রতা -কৃ, ব্যাপক দীর্ঘ বা লম্বা-কৃ, গতি ক্রিয়া-কৃ।

Protract, *n. s.* ব্যাপক, ব্যাপক কালস্থায়ী, দীর্ঘসূত্র।

Protracter, *n. s.* ব্যাপক, গৌণকর্ত্তা, দীর্ঘসূত্র, ক্ষেত্রপরিমাপক যন্ত্রবিশেষ।

Protraction, *n. s.* দীর্ঘকরণ, লম্বা বা ব্যাপককরণ।

Protractive, *a.* দীর্ঘকারী, দীর্ঘসূত্র, ব্যাপক কালস্থায়ী, গতি ক্রিয়াশালী, শিথিল গৌণ বা বিলম্বকারী।

Protractor, *n. s.* দীর্ঘকর্ত্তা, বড় লম্বা ব্যাপক বিলম্ব বা গৌণ কর্ত্তা।

Protreptical, *a.* প্রাবর্ত্তক, কোন কর্ম্মের উপদেশক।

***To* Protrude,** *v. a.* Lat. ঠেলিয়া-ফেল, অগ্রে-ঠেল, নিক্ষেপ-কৃ, চালা, ঠেল।

***To* Protrude,** *v. n.* ঠেলাঠেলি করিয়া-গম, অগ্রে-বাঢ়, অগ্রসর-হ।

Protrusion, *n. s.* Lat. ঠেলন, ঠেলিয়া ফেলন, অগ্রে ঠেলন বা সরান, অন্যের অনিচ্ছাতে সূচনাকরণ।

Protrusive, *a.* অগ্রে বাঢ়ে চলে যায় বা প্রবেশ করে যে, অন্যের অনিচ্ছাতে সূচনাকারী, প্রবৃত্তিকারী।

Protuberance, *n. s.* Lat. ফুলা, স্ফীতি, আবু, গাঁটি, উচ্চাংশ।

Protuberant, *a.* বর্দ্ধিত, উচ্চ, স্ফীত, স্ফীতিমান্, আবু বা গাঁটি বদাকার উচ্চ।

***To* Protuberate,** *v. n.* Lat. স্ফীত-হ, ফুল, ফাঁপ।

Protuberation, *n. s.* স্ফীতকরণ, ফুলান, বড়করণ, উচ্চকরণ।

Provable, *a.* প্রমাণীয়, প্রমেয়, নিশ্চয়ার্হ, নিশ্চয় বা প্রমাণকরণোপযুক্ত।

Provably, *ad.* সপ্রমাণে, প্রমাণপূর্ব্বক, প্রমাণ বা নিশ্চয় করত বা তৎপূর্ব্বক।

Provand, *n. s.* পশ্বাদির ভক্ষ্যদ্রব্য, শুষ্কঘাস বা শস্যাদি, এতদর্থে Provender শব্দ দেখ।

Proud, *a.* Sax. অভিমানী, গর্ব্বী, ডেমাগী, অহঙ্কৃত, অহঙ্কারী, দর্পী, অধৈর্য্য, রাগী, আত্মশ্লাঘী, সাহসী, দাম্ভিক, বড়াইকারী, উচ্চকামী, কামুক, রতেচ্ছু, বহুল, ফাঁপা, উচ্চ।

Proudly, *ad.* অভিমানপূর্ব্বক, দর্পগরিমা অহঙ্কার বা গর্ব্ব পূর্ব্বক, অভিমান বা অহঙ্কার করিয়া বা তৎপূর্ব্বক।

***To* Prove,** *v. a.* Fr. Lat. সপ্রমাণ-কৃ, সাভ্যস্ত-কৃ, নিশ্চয়-কৃ, সাবুদ-কৃ, সাক্ষ্যদ্বারা প্রমাণ বা স্পষ্ট-কৃ, প্রমাণ-দা, সাবুদ-দা, পরীক্ষা -কৃ, তত্ত্ববীজ-কৃ, সহ্য-কৃ, ক্লেশ স্বীকার-কৃ বা তদ্দ্বারা চেষ্টা বা পরীক্ষা-কৃ।

***To* Prove,** *v. n.* পরীক্ষিত-হ, সপ্রমাণ-হ, নিশ্চয়-হ, কৃতকার্য্য-হ, অভীষ্ট লাভ-কৃ, ফলপ্রাপ্ত-হ, ফল-জন।

Proveable, Provable শব্দ দেখ।

Proveditor বা **Provedore,** *n. s.* Ital. খাদ্যদ্রব্য যোগায় বা সরবরাহ করে যে, সৈন্যের সরবরাহকারক বা তৎকর্ম্মের ভার লয় যে।

Provencial, *a.* Fr. ফরাশিষ দেশের রাজ্যের মণ্ডলীয়, তদ্রাজ্যে কোন জেলা বা সুবাবিষয়ক বা তৎসম্বন্ধীয়।

Provender, *n. s.* Dut. Fr. পশ্বাদির ভক্ষ্যদ্রব্য, শুষ্কতৃণ ঘাস বা শস্যাদি।

Prover, *n. s.* সপ্রমাণকর্ত্তা, সাবুদকর্ত্তা, সাভ্যস্ত নিশ্চয় বা পরীক্ষাকর্ত্তা, সাবুদ করে বা প্রমাণ দেয় যে ব্যক্তি, সাক্ষ্য।

Proverb, *n. s.* Fr. Lat. উপদেশ কথা, দৃষ্টান্ত কথা, কথার কথা, রহস্য, উৎপ্রেক্ষা কথা, হেঁয়ালি।

***To* Proverb,** *v. n.* উপদেশ কথা-কথ, উৎপ্রেক্ষা-কথ বা-বচ।

***To* Proverb,** *v. a.* দৃষ্টান্ত দিয়া কথা-কথ, দৃষ্টান্ত বা উপদেশ-দা, উৎপ্রেক্ষা শব্দ ব্যবহার-কৃ বা তদ্বিশিষ্ট-কৃ, হেঁয়ালি-কৃ, বা বচ।

Proverbial, *a.* Fr. রূপক, দৃষ্টান্তরূপক, উপদেশার্থক, উপদেশ দৃষ্টান্ত বা উৎপ্রেক্ষা কথাসম্বন্ধীয় বা তদ্বিশিষ্ট, হেঁয়ালিতে উক্ত, উৎপ্রেক্ষাতুল্য বা তদুপযুক্ত।

Proverbially, *ad.* হেঁয়ালিপূর্ব্বক, উৎপ্রেক্ষাপূর্ব্বক, রূপক উপদেশ বা দৃষ্টান্ত কথানুসারে।

***To* Provide,** *v. a.* Lat. সরবরাহ-কৃ, যোগা, নির্ব্বাহ-কৃ, দা, প্রস্তুত -কৃ, আনিয়া-যোগা, প্রস্তুত করিয়া-রাখ, তৈয়ার-কৃ, নিয়ম-কৃ, করার-কৃ, বন্দোবস্ত-কৃ, সহায়-কৃ, পরের কর্ম্ম বা ব্যবহারের নিমিত্তে জমা করিয়া-রাখ, পরিণামদর্শী-কৃ, সাহায্য-কৃ, প্রতিপালন-কৃ, উপায়-কৃ, উপায় সংস্থান-কৃ, প্রতিপালনের বা গুজরাণের সংস্থান-কৃ।

To* Provide *against, বাঁচোয়া-কৃ, রক্ষা-কৃ, মন্দ উৎপাত বা বিপদ হইতে রক্ষাকরণের বা হওনের উপায়-কৃ।

To* Provide *for, অগ্রে সাবধান-হ, অগ্রে প্রস্তুত-হ বা-কৃ।

Provided *that,* যদি, যদ্যপি, যদ্যপিস্যাৎ।

Providence, *n. s.* Fr. Lat. বিধাতা, ধাতা, পরিণামদর্শন, পূর্ব্বে দর্শন বা বিবেচনা, পূর্ব্বে সতর্কতা খবরদারি বা সাবধান, অগ্রে বিবেচনা, বিজ্ঞতা, বিবেচনা, পরিমিতাচার, পরিমিত ব্যয়।

Provident, *a.* Lat. পরিণামদর্শী, দূরদর্শী, পুরোদৃষ্টি বা বিবেচনাকর্ত্তা, পূর্ব্ব পশ্চাদ্দর্শী, সাবধান, সতর্ক।

Providential, *a.* দৈবী, দৈবাধীন, বিধাতার কৃত বা নির্দ্দিষ্ট।

Providentially, *ad.* দৈবে, দৈবাধীনে, বিধাতার নির্ব্বন্ধনপ্রযুক্ত বা তদনুসারে।

Providently, *ad.* পরিণামদর্শনপূর্ব্বক, পরিণাম দৃষ্টি করিয়া, অগ্রে বিবেচনা করিয়া বা সাবধান হইয়া।

Provider, *n. s.* সাহায্যকর্ত্তা, যোগানিয়া, যোগায় বা সরবরাহ করে যে ব্যক্তি, উপায়, উপায়কর্ত্তা।

Province, *n. s.* Fr. Lat. মণ্ডল, প্রদেশ, সুবা, চাকলা, যুদ্ধে লব্ধ দেশ, নবাবী, মুলুক, কর্ম্ম, পদ, অধিকার, এলাকা, ধর্ম্মাধ্যক্ষের মতালক রাজ্য বা অধিকার।

Provincial, *a.* Fr. প্রদেশীয়, সুবাসম্বন্ধীয়, গ্রাম্য, উপরাজ্যসম্বন্ধীয়, স্বদেশীয়।

Provincial, *n. s.* ধর্ম্মাধ্যক্ষ, ধর্ম্মবিষয়ে অধিপতি, কোন দেশীয় বা প্রদেশস্থ ব্যক্তি বা বিষয়, রূঢ় কর্কশ শক্ত আছোলা অশক্ত আনাড়ী বা চাসাড়ে ব্যক্তি ব. বিষয়।

Digitized by Google

Provincialism, *n. s.* কোন গ্রাম্য বা প্রদেশের ভাষা বা কথা।

Provinciality, *n. s.* পূর্ব্বোক্ত ভাষা বা কথার রীতি ভাব গতি বা লক্ষণ।

To **Provine,** *v. n.* Fr. বৃক্ষের ডাল কাটিয়া কলমকরণার্থে মৃত্তিকাতে-পোত, কলম-বসা, কলম-কৃ, কলম-লাগা।

Provision, *n. s.* Fr. Lat. যোগান, অগ্রে প্রস্তুত করিয়া রাখন, সরবরাহকরণ, উপায়, উপায়, সংস্থান, স্থিতকরণ. উপায়সংস্থান, উপপত্তি, খাদ্যদ্রব্য সংগ্রহ বা আহরণ, ভক্ষ্যদ্রব্য, খোরাক, আহার, উপপত্তি. করার, একরার।

To **Provision,** *v. a.* খাদ্যদ্রব্য-যোগা-দা বা সরবরাহ-কৃ, খোরাক-যোগা বা-দা।

Provisional, *a.* Fr. অল্পকালীন, অল্পকালের নিমিত্তে নিযুক্ত স্থিরীকৃত বা নির্দ্দিষ্ট, অল্পকালের নিমিত্তে মোকরর।

Provisionally, *ad.* উপায়জন্যে, উপপত্তিপূর্ব্বক, অল্পকালের নিমিত্তে নিযুক্ত নির্দ্দিষ্ট বা মোকররকরণ বা হওনপূর্ব্বক, করার মাফিক।

Provisionary, *a.* সাময়িক, উপস্থিত কারণবিষয়ক বা তদনুযায়ী, বর্ত্তমান বিষয়ে উপায় বা নির্ব্বাহার্থক, সংপ্রতিক।

Proviso, *n. s.* Lat. একরার, করার, পণ, প্রতিজ্ঞা, সাবধান, সাময়িক বা উপস্থিতবিষয়ক নিয়ম।

Provisor, *n. s.* Lat. Fr. ভক্ষ্যদ্রব্য যোগানিয়া বা সরবরাহকর্ত্তা, রুমীয় রাজবৃত্তিভোগিবিশেষ, রুমী রাজার নিকটে জীবিকার প্রার্থনাকারি ব্যক্তি।

Provocation, *n. s.* Lat. রাগের কারণ বা বিষয়, রাগ হয় যাহাতে, তদ্বিষয়, প্রবৃত্তিজনকতা, খেপান যায় যাহাতে তদ্বিষয়, বিচারকর্ত্তার নিকটে আদ্দাস বা নালিস।

Provocative, *a.* প্রাবর্ত্তক, উদ্দীপক, প্রবৃত্তিজনক।

Provocative, *n. s.* ক্ষুধাজনক আগ্নেয় বা অগ্নিবর্দ্ধকদ্রব্য বা আহার, মন্দাগ্নি নিবারণকারী।

Provocativeness, *n. s.* ক্ষুধাজনকতা, অগ্নিবর্দ্ধন, আগ্নেয়তা, মন্দাগ্নিনিবারকতা।

Provocatory, *n. s.* Fr. যুদ্ধ বা দ্বন্দ্বজকরণে আহ্বান, চিড়ান, খেপান যায় যাহাতে তৎকর্ম্মে আহ্বান।

To **Provoke,** *v. a.* Lat. রাগা, খেপা, চিড়া, রোকা, বিরক্ত-কৃ, ক্রোধ-জন্মা, ক্রোধোৎপন্ন-কৃ, চেতনা-কৃ বা-দা, অনিষ্টকারিবিষয় উদ্দীপন-কৃ, করা, উন্নত বা বৃদ্ধি-কৃ, যুদ্ধার্থে আহ্বান-কৃ, প্রবৃত্তি-জন্মা, প্রবৃত্ত-কৃ, কোন অভিপ্রায় আশয় বা কারণ দর্শাইয়া প্রবৃত্তি-দা।

To **Provoke,** *v. n.* আদ্দাস-কৃ, নালিস-কৃ, ফরিয়াদী-হ, রাগ, কোপ বা ক্রোধ-জন বা-হ।

Provoker, *n. s.* খেপানিয়া, উষ্মা রাগ বা ক্রোধ জন্মায় যে ব্যক্তি, বৃদ্ধিকর্ত্তা, রাগক্রোধ বা উষ্মাকারয়িতা।

Provokingly, *ad.* খেপাইয়া, ক্রোধজন্মানপূর্ব্বক, রুষ্ট বিরক্ত বা রাগান্বিত হয় যাহাতে তৎকর্ম্ম বা বিষয়পূর্ব্বক।

Provost, *n. s.* Sax. Fr. কোন দল জাতি বা সমাজের প্রধান বা শ্রেষ্ঠ ব্যক্তি, দলপতি, সমাজপতি, অধ্যক্ষ বিশেষ, জল্লাদ।

Provostship, *n. s.* Sax. পূর্ব্বোক্ত ব্যক্তির অধিকার পদ বা কর্ম্ম।

Prow, *n. s.* Fr. Span. জাহাজের অগ্রভাগ, নৌকার গলুই।

Prow, *a.* Fr. বিক্রান্ত, বলবান্, সাহসী, শৌর্য্যান্বিত, বাহাদুর।

Prowess, *n. s.* Fr. সাহস, বিক্রম, শৌর্য্য, বীর্য্য, বাহাদুরি, শূরত্ব, বীরত্ব।

Prowest, *a.* অতিবিক্রান্ত, অতিপরাক্রান্ত, পরাক্রমশালী, বিক্রান্ত বা শূরতম

To **Prowl,** *v. a.* ভ্রমণ-কৃ, লুঠদ্বারা জমা-কৃ, অপহরণ করিয়া সঞ্চয় বা সংগ্রহ-কৃ।

To **Prowl,** *v. n.* ভ্রমণ-কৃ, চর, চরিয়া-ফির, আহারার্থে ভ্রমণ-কৃ, আহারান্বেষণে-ফির, নিশাতে-চর।

Prowl, *n. s.* আহারান্বেষণে ভ্রমণ, লুঠ বা অপহরণার্থে ফিরণ বা পর্য্যটন।

Prowler, *n. s.* আহার্য্য দ্রব্যান্বেষণে ভ্রমণ করে বা ফিরে যে।

Proximate, *a.* Lat, নিকটস্থ, সমীপবর্ত্তি, সন্নিহিত, উপান্ত, অন্তিক, এতদনন্তর।

Proximately, *ad.* এখনি, অব্যবহিতে, এতদনন্তরে, সমীপে, নিকটে, সন্নিহিতে।

Proxime, *a.* Lat. পর, অনন্তর, সমীপস্থ, নিকটবর্ত্তী, অব্যবহিতোত্তর।

Proximity, *n. s.* Fr. নৈকট্য, সামীপ্য, সন্নিধান, ঘনিষ্ঠতা, আন্তরিকতা।

Proxy, *n. s.* প্রতিনিধিতা, নাএবী, এওজী, গোমাস্তাগিরি, প্রতিনিধি, নাএব, পরের নিমিত্তে কর্ম্ম করে যে ব্যক্তি।

Proxyship, *n. s.* পূর্ব্বোক্ত ব্যক্তির অধিকার কর্ম্ম বা পদ, প্রতিনিধিতা, নাএবী।

Pruce, *n. s.* প্রুসিয়াদেশের চামড়া বিশেষ।

Prude, *n. s.* Fr. Sax. কপটী স্ত্রী, কপটী, মৌখিক বা বাহ্যে অনেক শিষ্টাচারি বা কায়দা কানুন করে যে স্ত্রী।

Prudence, *n. s.* Fr. Lat. পরিণামদর্শন, পরিণামদর্শিতা, পরিবেদনা, পরিদেবনা, বহুদর্শিতা, প্রজ্ঞতা, বিজ্ঞতা, সাবধানতা, বিবেচকতা।

Prudent, *a.* Fr. Lat. পরিণামদর্শী, বহুদর্শী, পরিবেদক, বিজ্ঞ, প্রজ্ঞ, সাবধান।

Prudential, *a.* পরিণামদর্শিবৎ, পরিবেদকের ন্যায় বা তত্তুল্য।

Prudentials, *n. s.* পরিণামদর্শন, তদুপদেশ বা জ্ঞান বাক্য, সাবধানতা।

Prudentiality, *n. s.* পরিণাম দর্শনোপযুক্ততা, পরিদেবনার মনোনেতব্যতা বা অবধারণীয়তা।

Prudentially, *ad.* পরিণাম দর্শনোপযুক্ততারূপে।

Prudently, *ad.* পরিণামদর্শনপূর্ব্বক, পরিণাম দর্শিতারূপে, বহুদর্শিতারূপে, সাবধানতাপূর্ব্বক, বিজ্ঞতা বা প্রজ্ঞতারূপে।

Prudery, *n. s.* কপটশিষ্টতা, কল্পিতশিষ্টতা, অত্যন্ত শিষ্টাচার বা কায়দাকানুন।

Prudish, *a.* কল্পিত বিশিষ্ট শিষ্ট বা ভারী, কপট বা কল্পিত ভাবে ভারী হইয়া চলে যে।

To **Prune,** *v. a.* Fr. কাট, ছাঁট, বৃক্ষের ডাল-ছাঁট-ঝোড় বা -কাট, ছাঁটিয়া পরিষ্কার-কৃ।

To **Prune,** *v. n.* ব্যঙ্গোক্তিতে বেশভূষা-কৃ সাজ বা ভাবন-কৃ বুঝায়।

Prune, *n. s.* Fr. Lat. শুষ্ক ফলবিশেষ।

Prunel, *n. s.* Lat. বৃক্ষবিশেষ।

Prunello, *n. s.* পাদরির জামা হয় যে কাপড়ে, বস্ত্রবিশেষ, ফলবিশেষ।

Pruner, *n. s.* ডাল ছাঁটে বা কাটে যে ব্যক্তি, কর্ত্তনকর্ত্তা।

Pruniferous, *a.* Lat. Prune নামক ফলোৎপাদক বা তৎফল হয় যাহাতে।

Pruninghook বা **Pruningknife,** *n. s.* ডালকাটা অস্ত্রবিশেষ, মালিরদের ব্যবহৃত একপ্রকার কাঁচী।

Digitized by Google

Prurience বা **Pruriency**, *n. s.* Lat. ইচ্ছা, স্পৃহা, লালসা, এক প্রকার কণ্ডু, তদ্ধর্ম্ম বা ভাব।

Prurient, *a.* Lat. চুলকানিয়া, কণ্ডূজনক, খুজলানিয়া।

Pruriginous, *a.* Lat. কণ্ডূধর্ম্মক, কণ্ডূজনক, কণ্ডূৎপাদক।

Prurigo, *n. s.* Lat. কণ্ডু, খুজলী, চুলকানী।

To **Pry**, *v. n.* উকিঝুঁকি-মার, আড়ি পাতিয়া-শুন বা-থাক, ঝুঁকি-মার, উকি-মার, উকি মারিয়া-দেখ, অন্বেষণ-কৃ, অন্তরা-লওয়া, মন্দাভিপ্রায়ে দৃষ্টি-কৃ, কুদৃষ্টি-কৃ, অনধিকারচর্চ্চা-কৃ।

Pryingly, *ad.* আড়ি পাতিয়া, উকিঝুঁকি মারিয়া, দর্শনপূর্ব্বক, অনুসন্ধানপূর্ব্বক, অনুসন্ধানী হইয়া, খুঁজিতল্লাস করিয়া, অনধিকার চর্চ্চাপূর্ব্বক, অনধিকারবিষয়ে অনুসন্ধানপূর্ব্বক।

Psalm, *n. s.* Sax. Gr. ধর্ম্মগীত, স্তুতিগান, সংকীর্ত্তন, ভজন।

Psalmist, *n. s.* Fr. স্তুতি গানরচক বা গায়ক, ধর্ম্মগীত রচনা কর্ত্তা, সংকীর্ত্তন গায় রচে বা করে যে ব্যক্তি।

Psalmodical বা **Psalmodick**, *a.* সংকীর্ত্তন বা স্তব রচনাসম্বন্ধীয় বা তদ্বিষয়ক।

Psalmodist, *n. s.* ভজনগায়ক, সংকীর্ত্তনকর্ত্তা, ধর্ম্মগীতগায়ক।

Psalmody, *n. s.* ভজন, ধর্ম্মগীত, তদ্গান গাওন, সংকীর্ত্তন, স্তুতিগান বা স্তবকরণ, স্তোত্রকরণ।

Psalmographer, *n. s.* Gr. পূর্ব্বোক্ত গান লেখক বা রচক।

Psalmography, *n. s.* পূর্ব্বোক্ত গান রচনাকরণ বা লেখন।

Psalter, *n. s.* Sax. Fr. ধর্ম্মগীতের পুস্তক, স্তুতিগানের বহি, ভজন মালা, স্তবমালা, স্তবাবলী।

Psaltery, *n. s.* বাদ্যযন্ত্রবিশেষ।

Pseudo, *n. s.* Gr. উপসর্গ পদ শব্দের আদিতে প্রয়োগ করিলে কল্পিত মিথ্যা বা কপট বুঝায়, যথা Pseudo-*apostle*.

Pseudograph বা **Pseudography**, *n. s.* মিথ্যা লিখন, কল্পিত গ্রন্থ পুস্তক বা লিখন।

Pseudology, *n. s.* Gr. মিথ্যা বাক্য, মিথ্যা কথা, বাক্যের অনৃতত্ব বা অযথার্থতা।

Pshaw, *interj.* Sax. ঘৃণোদ্বোধক অব্যয় শব্দ, যথা ছি ছ্যা ফুস ইত্যাদি।

Psoas, *n. s* Gr. কটিস্থ মাংসপেষীর নাম।

Psora, *n. s.* Gr. খুজলী, চুলকানী, কণ্ডু।

Psychological বা **Psychologick**, *a.* আত্মতত্ত্ববিষয়ক, অধ্যাত্ম বিষয়ক বা তৎসম্বন্ধীয়।

Psychology, *n. s.* Gr. আত্মতত্ত্ব, অধ্যাত্মশাস্ত্র, অধ্যাত্ম, বিদ্যা, আত্মভাব।

Ptarmigan, *n. s.* শীকারের পক্ষী।

Ptisan, *n. s.* Fr. ঔষধ, পানীয় দ্রব্যবিশেষ, কিশমিশ আর যষ্টি মধুর পাঁচনবিশেষ।

Ptolemaick, *a.* টলমিনামক জ্যোতির্বেত্তার মতসম্বন্ধীয় বা তচ্ছাস্ত্রানুযায়ী।

Ptyalism, *n. s.* লাল, তুতু, লালপড়ন বা ঝরণ।

Ptysmagogue, *n. s.* Gr. লালপড়া বা ঝরা ঔষধবিশেষ।

Puberty, *n. s.* Lat. যুবত্ব, যৌবনাবস্থা, যুবধর্ম্ম, যৌবন।

Pubescence, *n. s.* Lat. পূর্ব্বোক্ত ধর্ম্ম বা কাল প্রাপ্তহওন, যৌবন কাল বা তদবস্থা, যৌবনপ্রাপ্ত্যবস্থা বা তৎকাল, যুবত্ব, যৌবনাবস্থা।

Pubescent, *a.* Lat. যুবা, যৌবনকাল প্রাপ্ত।

Publican, *n. s.* Lat. করসংগ্রাহক, পাটোয়ার, খাজানা কর বা মাসুল আদায় করে যে ব্যক্তি, তহশীলদার, অবর ভাষায় তেটিয়ারখানার অধ্যক্ষ বুঝায়।

Publication, *n. s.* Fr. Lat. প্রকাশ প্রচার বা ব্যক্তকরণ, প্রকাশ, প্রচার, ইশ্‌তেহার, ঘোষণা পুস্তক বা গ্রন্থ, ছাপার পুস্তক, ছাপাকরা গ্রন্থ।

Publicity, *n. s.* Fr. প্রকাশ।

Publick, *a.* Fr. Lat. সাধারণের মঙ্গলদায়ক, সাধারণের ব্যবহার্য্য, সাধারণ, সচরাচর, সরকারী, সাধারণে প্রকাশ ব্যক্ত সর্ব্বত্র বিদিত বা খ্যাত, সাধারণকর্তৃক ভুত বা কৃত, একের নহে যাহা, বহুস্বামিক, সাধারণ স্বার্থ আছে যাহাতে।

Publick, *n. s.* সাধারণ্য, সাধারণ লোক, সর্ব্বজন, তাবৎ লোক, সাধারণাবস্থা, প্রকাশ, সুস্পষ্টত্ব।

Publickly, *ad.* সাধারণে, সাধারণসম্বন্ধে, সর্ব্বজনের পক্ষে, প্রকাশ রূপে, প্রচাররূপে, প্রচরদ্রূপে, ব্যক্তরূপে, অগোপনে।

Publick-hearted, *a.* সাধারণ মঙ্গলেচ্ছু, সর্ব্বজনের হিতাকাঙ্খী, সর্ব্বজন নিমিত্তক, সর্ব্বহিতৈষী।

Publick-mindedness, *n. s.* সাধারণ মঙ্গলেচ্ছা, সর্ব্বজন হিতাকাঙ্খা, সাধারণ উপকারার্থকতা এতদভিপ্রায় বা মত।

Publickness, *n. s.* সাধারণত্ব, সর্ব্বজনের স্বার্থ আছে যাহাতে তদ্ভাব বা তদবস্থা, প্রকাশ, ব্যক্ততা, সাধারণের সংস্কার বা বিদিতাবস্থা।

Publick-spirited, *a.* সর্ব্বজনহিতৈষী, সাধারণের মঙ্গলেচ্ছু বা উপকারক।

Publick-spiritedness, *n. s.* সাধারণের হিতাকাঙ্খা, সর্ব্বজনের মঙ্গলাকাঙ্খা।

To **Publish**, *v. a.* Fr. Lat. প্রকাশ-কৃ, প্রচার-কৃ, ব্যক্ত-কৃ, সাধারণের জ্ঞাপনার্থে প্রচার-কৃ, জ্ঞাত-কৃ, ঘোষণা-দা, ইশ্‌তেহার-দা বা-কৃ, গ্রন্থেতে প্রকাশ-কৃ, লিখিয়া প্রকাশ-কৃ, পুস্তক বা লিখন প্রকাশ-কৃ, গ্রন্থ প্রকাশ-কৃ, গ্রন্থ ছাপা-কৃ।

Publisher, *n. s.* প্রকাশক, প্রচারক, প্রকাশ বা প্রচারকর্ত্তা, ঘোষণাকর্ত্তা, ঘোষণাদাতা, ইশ্‌তেহার দেয় বা করে যে ব্যক্তি গ্রন্থ বা লিখন প্রকাশকর্ত্তা।

Puce, *a.* Lat. একপ্রকার বেগুন্যা রঙ্গবিশিষ্ট।

Pucelage, *n. s.* Fr. কুমারীত্ব, কৌমারাবস্থা, অনূঢ়ত্ব, আইবড়র ভাব বা অবস্থা।

Puck, *n. s.* Icel. Got. একজাতীয় ভুত।

Puckball বা **Puckfist**, *n. s.* একজাতীয় কন্দল, কোঁড়কবিশেষ।

To **Pucker**, *v. a.* কোঁচা, কোঁকড়া, চুনট-কৃ, দোমড়া, ভাঁজ-কৃ।

Pucker, *n. s.* কোঁকড়ান, কোঁচান, দোমড়ান বা ভাঁজ করা কোন দ্রব্য।

Pudder, *n. s.* Icel. গোলমাল, সোর, কলরব, গণ্ডগোল।

To **Pudder**, *v. n.* গোল-কৃ, গোলমাল-কৃ, সোর-কৃ, কলরব-কৃ, গণ্ডগোল-কৃ, হঙ্গাম-কৃ।

To **Pudder**, *v. a.* বিরক্ত-কৃ, ব্যস্ত-কৃ, অস্থির-কৃ, গোলমাল-কৃ।

Pudding, *n. s.* Fr. পশুর আঁতুড়ী বা নাড়ীভুঁড়ি, একপ্রকার পিষ্টক, ময়দা দুগ্ধ আর অণ্ডেতে নির্ম্মিত বা পক্বকৃত ভক্ষ্য দ্রব্য বিশেষ, বাটী করা খাদ্য দ্রব্যবিশেষ, উপমাবাক্যে বা কথার কথায় সাধারণ আহার্য্য দ্রব্য বুঝায়।

Pudding-gross, *n. s.* বৃক্ষবিশেষ।

Pudding-pie, *n. s.* পোড়া মাংসযুক্ত Pudding সংজ্ঞক খাদ্য দ্রব্যবিশেষ।

Pudding-sleeve, *n. s.* পুরোহিতের জামার আস্তীন।

Pudding-time, *n. s.* ভোজনের কাল, আহারের সময়, বিশেষ কাল, শুভকাল, সুসময়।

Digitized by Google

Puddie, *n. s.* Lat. Wel. ডোবা, গেড়ে, অপকৃষ্ট বা কদর্য্য পুষ্করিণী, ঘোলা বা পাঁকজল আছে যাহাতে এমত স্থান বা পুষ্করিণী।

To **Puddle,** *v. a.* সমল-কৃ, ময়লা-কৃ, কাদা-মাখা, কাদা বা ময়লা মাখাইয়া নষ্ট-কৃ।

To **Puddle,** *v. n.* ঘোলা-হ।

Puddly, *a.* ঘোলা, ময়লা, সমল, কাদাটিয়া।

Puddock বা **Purrock,** *n. s.* প্রাদেশিক ভাষাতে ক্ষুদ্র বেড়া ঘেরা বা আটক বুঝায়।

Pudency, *n. s.* Lat. ব্রীড়া, লজ্জা, শিষ্টতা, সাধুত্ব, সলজ্জত্ব।

Pudicity, *n. s.* Fr. Lat. ব্রীড়া, শুদ্ধতা, পবিত্রতা, সাধুত্ব, নির্ম্মলতা, নির্দ্দোষতা, সতীত্ব, লজ্জাশীলতা।

Puefellow, **Pewfellow** শব্দ দেখ।

Puerile, *a.* Lat. ছেপলা, অর্ব্বাচীন, বালকবৎ, বালকধর্ম্মক, ছেলের মত, শিশুর ন্যায়।

Puerility, *n. s.* Fr. Lat. ছেপলামি, বালকতা, অর্ব্বাচীনতা, ছেলেম, শিশুত্ব।

Puerperal, *a.* Lat. বালক প্রসবসম্বন্ধীয় বা তদ্বিষয়ক।

Puet, *n. s.* জলজ পক্ষিবিশেষ, **Pewet** শব্দ দেখ।

Puff, *n. s.* Teut. ফুঁক, মুখস্ফীতি, মুখফুলান, ফুসকি, দমকা বাতাস, ধুলাপোরা ভাঁটা বা গোলাবিশেষ, লঘু ফাঁপা বা ছিদ্র বিশিষ্ট কোন দ্রব্য, প্রক্ষেপক নিক্ষেপক বা বিস্তারক কোন দ্রব্যে, অত্যুক্তি, দাম্ভিকতা, গর্ব্বিতা বাহুল্য।

To **Puff,** *v. n.* Dut. মুখ স্ফীত-কৃ, গাল ফুলা, স্ফীত-কৃ, ফাঁপ, ফুঁক, বায়ুপূর্ণ-কৃ, অবজ্ঞা বা হেয়ত্বসূচক মুখভঙ্গি-কৃ, জোরে ফুঁ-দা, ব্যস্ত-হ, ব্যস্ত হইয়া-চল বা কর্ম্ম-কৃ, বায়ুপূর্ণ-কৃ, বায়ুদ্বারা স্ফীত-কৃ।

To **Puff,** *v. a.* বায়ু বা বাতাসদ্বারা স্ফীত-কৃ, ফাঁপা-কৃ, ফলা, ফুঁক-দা, বাতাস দিয়া-ঝাড় বা নিঃসৃত-কৃ, অবজ্ঞার্থে ফুক-দা, প্রশংসা বা স্তবদ্বারা বড়-কৃ বা ফুলা, অহঙ্কারদ্বারা ফুল ফাঁপা বা স্ফীত-কৃ, অহঙ্কার-জন্মা বা তদ্দ্বারা মগ্ন-কৃ।

Puffer, *n. s.* ফুঁকদাতা, স্ফীতকর্ত্তা, ফুলায় যে।

Puffin, *n. s.* Ital. জলজ পক্ষিবিশেষ, একজাতীয় মৎস্য, ধুলপোরা ভাঁটা বা এল্টাল বিশেষ।

Puffinapple, *n. s.* ফলবিশেষ।

Puffiness, *n. s.* স্ফীতত্ব, ফুলার ভাব দাম্ভিকতা, অহংকার, প্রাগল্ভ্য।

Puffingly, *ad.* স্ফীতিপূর্ব্বক, ফুলাভাবে বা রূপে, ফুলিয়া বা স্ফীত হইয়া, হাঁপানিপূর্ব্বক।

Puffy, *a.* স্ফীত, বায়ুপূর্ণ, ফাঁপা, ফুলা, আধ্মাত।

Pug, *n. s.* Sax. বানর ইতি আদর বাক্য, খেলা করা যায় যাহার সহিত বা স্নেহ হয় যাহার প্রতি তৎব্যক্তি বা বস্তু।

Puggered, *a.* ভিড়, জড়ীভূত, গোলমাল।

Pugh, *interj.* অবজ্ঞা হেয় বা ঘৃণাসূচক অব্যয় শব্দ, হেয়জ্ঞানোক্তি, যথা ছি ফিস্ ইত্যাদি।

Pugil, *n. s.* Fr. চুটকী, চুটকী বা অঙ্গুলি পরিমিত দ্রব্য।

Pugilism, *n. s.* Lat. ঘুষা লড়াই, মুষ্টিযুদ্ধ, মুষ্টামুষ্টি, কিলাকিলি, ঘুষাঘুষি।

Pugilist, *n. s.* লড়াক, যোদ্ধা, মুষ্টি লড়াইকর্ত্তা, ঘুষা লড়ে যে ব্যক্তি।

Pugnacious, *a.* Lat. যুদ্ধেচ্ছু, যুযুৎসু, যুদ্ধে রত, লড়াক, ঝগড়াটে, দ্বন্দ্বাজ, ঝুঁদুলে।

Pugnacity, *n. s.* যুদ্ধেচ্ছা, লড়াই বা যুদ্ধেতে রতি, যুদ্ধে প্রবৃত্তি।

Puisne, *a.* Fr. ছোট, কনিষ্ঠ, ক্ষুদ্র, অধীন, পদে কনিষ্ঠ, শেষজ, শেষান্ত, সামান্য, জঘন্য।

Puissance, *n. s.* Fr. শক্তি, বল, সামর্থ্য, ক্ষমতা, পরাক্রম।

Puissant, *a.* Fr. শক্তিমান্, ক্ষমতাপন্ন, বলবান্, সমর্থ, পরাক্রান্ত, পরাক্রম বা শক্তিশালী।

Puissantly, *ad.* জোর বল শক্তি বা পরাক্রমরূপে বা তৎপূর্ব্বক, জোর বা জবরদস্তি করিয়া।

Puke, *n. s.* বমনজনক, বমনিক ঔষধি, বমন হয় যে ঔষধিতে বা যে দ্রব্যে।

To **Puke,** *v. n.* বমন-কৃ, ন্যস্কার-কৃ, ছর্দি-কৃ।

Puke, *a.* রাঙ্গড়াটে, লাল বর্ণবিশিষ্ট।

Puker, *n. s.* বমনজনক, বমনকারি ঔষধ।

Pulchritude, *n. s.* Lat. শ্রী, রূপ, সৌন্দর্য্য, শোভা, শ্রীমত্তা।

To **Pule,** *v. n.* Fr. কোঁকা, কুক্কুটশাবকের ন্যায় ডাক বা রব-কৃ, এতদর্থে ক্রন্দন-কৃ, ট্যাঁং করিয়া ক্রন্দন-কৃ, গ্যানং-কৃ।

Pulick, *n, s.* বৃক্ষবিশেষ।

Pulicose, *a.* Lat. ওয়ানকীময়বা তদ্দ্বারা পূর্ণ বা ভরা।

Puling, *n. s.* কুক্কুটশাবকের ন্যায় ধ্বনি বা রব, ক্রন্দন, একপ্রকার ট্যাঁং শব্দ।

Pulingly, *ad.* ক্রন্দনপূর্ব্বক, ট্যাঁং বা গ্যানং করিয়া।

Puliol, *n. s.* বৃক্ষবিশেষ।

To **Pull,** *v. a.* Sax. টান, খেঁচ, আকর্ষণ-কৃ, উৎপাটন-কৃ, হেঁচকা-দা, হেঁচকা টানমার বা-দা, ছিন্দ, উপড়।

To **Pull** *down,* ভাঙ্গিয়া-ফেল, উচ্ছিন্ন-কৃ, নাশ-কৃ, উল্টাইয়া-দা, নত-কৃ, খর্ব্ব-কৃ, জব্দ-কৃ, অধঃপতন-কৃ, পদভ্রষ্ট-কৃ, পরিভ্রষ্ট-কৃ।

To **Pull** *up,* দূর-কৃ, সমূলোৎপাটন-কৃ, উন্মূলন-কৃ, জড় সুদ্ধবিনাশ-কৃ, উচ্ছিন্ন-কৃ, নির্ম্মূল-কৃ।

Pull, *n. s.* টান, উপড়ান, আকর্ষণ, হেঁচকা, উৎপাটন, খিচনী, ভেদ।

Pullback, *n. s.* আটক, বাধা, প্রতিবন্ধ।

Pullen, *n. s.* Fr. গৃহপালিত পক্ষী, হাস মুরগী ইত্যাদি।

Puller, *n. s.* টানে যে, আকর্ষণকারী, হাঁকরায় যে, টানা, প্রাবর্ত্তক, উস্কাইয়া দেয় যে।

Pullet, *n. s.* Fr. যুবতী কুক্কুটী।

Pulley, *n. s.* Fr. কফিকল, ভারি দ্রব্য তুলিবার কলবিশেষ।

To **Pullulate,** *v. n.* Lat. Fr. অঙ্কুর নির্গত-হ, অঙ্কুর-হ বা-জন্মা, গজা।

Pullulation, *n. s.* অঙ্কুরহওন, ফিকড়ী বা পাঁপড়ী নির্গতহওন বা করণ, গজান।

Pulmonary, *a.* Lat. ফুসফুসসম্বন্ধীয় বা তদ্বিষয়ক, হৃদয়স্থ বা তৎসম্বন্ধীয়।

Pulmonary, *n. s.* Lat. বৃক্ষবিশেষ।

Pulmonick, *a.* Lat. ফুসফুসসম্বন্ধীয়, হৃদয়স্থ।

Pulmonick, *n. s.* ফুসফুস বা হৃদয় স্থানে পীড়িত ব্যক্তি, কাশ যক্ষ্মাদিরোগে পীড়িত ব্যক্তি।

Pulp, *n. s.* Lat. Fr. শস্য, শাঁস, ফলের কোমলাংশ।

Pulpit, *n. s.* Lat. আসন বা মঞ্চবিশেষ, ধর্ম্মালয়ে পুরোহিতের উচ্চাসনবিশেষ, গ্রিজার মধ্যে কাষ্ঠনির্ম্মিত পাদরির বসিবার উচ্চ স্থান বা আসন, পাদরি বসিয়া বা দাঁড়াইয়া পড়ে যে স্থানে বা মঞ্চে।

Pulpous, *a.* Fr. শাঁসযুক্ত, নরম, কোমল।

Pulpousness, *n. s.* শস্যযুক্ততা, শাঁসবিশিষ্টত্ব, নরম বা কোমলের ভাব।

Pulpy, *a.* শস্য বা শাঁসযুক্ত বা তদ্বিশিষ্ট, নরম, কোমল।

Digitized by Google

Pulsatile, *a.* Lat. ঢাক ঢোল ইত্যাদি বাদ্য যন্ত্রের বিশেষণবা চক, ঘামারা যায় যাহার উপর।

Pulsation, *n. s.* Lat. বাজান, ঘামারণ।

Pulsator, *n. s.* চোক, বাজানকাটি।

Pulsatory, *a.* নাড়ীর ন্যায় গতিশীল, নাড়ীধর্ম্মক।

Pulse, *n. s.* Lat. নাড়ী, ধাতু, লড়ন, দোলন, হেলন, স্পন্দন, খর্ব্ব বা বিস্তার হওন, দুষ্ট বা অদুষ্ট হওন, ক্রমিক গোট বা জড় হওন, এবং বিস্তারহওন, এতদ্ভাববিশিষ্ট বস্তু, শস্য বৃক্ষ বিশেষ, মটর কলায় ইত্যাদি *To* feel one's pulse প্রকারান্তরে অন্যের মন জান, পরচিত্তোপলক্ষণ।

To **Pulse**, *v. n.* নাড়ীর ন্যায় গতি-হ, নাড়ী-চল, নাড়ী-বহ, নাড়ী উপলব্ধি-হ, নাড়ী-হ।

To **Pulse**, *v a.* গতি করা, চলা, গতি-কৃ, চল, বহ, নাড়ী বোধ-কৃ।

Pulsifick, *a.* Lat. গতিশীল, নাড়ীর ন্যায় গতিশীল, নাড়ীর গতির ন্যায় বহে বা চলে যে, নাড়ী বা ধাতুবাহক।

Pulsion, *n. s.* Lat. গতি করাণ, চালান, বহান।

Pultise, *n. s.* Lat. প্রলেপ, লেপৌষধি, পুল্টিষ ইতি চলিতভাষা।

Pulverable, *a.* Lat. দানাং গুঁড়া চূর্ণ বা রোওয়া ভবনীয় বা করণীয় বা তদ্যোগ্য।

To **Pulverate**, *v. a.* দানাং-কৃ, গুঁড়া-কৃ, চূর্ণ-কৃ, ধূলিবৎ-কৃ, দানাং-কৃ, রোওয়া-কৃ বা বান্ধা।

Pulverization, *n. s.* গুঁড়াহওন বা করণ, চূর্ণকরণ, রোওয়া বা দানা হওন বান্ধন বা করণ।

To **Pulverize**, *v. a.* Lat. Fr. গুঁড়া বা চূর্ণ-কৃ, ধূলিবৎ-কৃ, রোওয়া বা দানা-কৃ।

Pulverulence, *n. s.* Lat. চূর্ণত্ব, ধূলায় বা গুঁড়ায় পরিপূর্ণত্ব, চূর্ণময়ত্ব।

Pulvil, *n. s.* Lat. সুগন্ধি দ্রব্য।

To **Pulvil**, *v. a.* সুগন্ধি-কৃ, সুগন্ধি দ্রব্য প্রক্ষেপ-কৃ, সুগন্ধি দ্রব্য যুক্ত-কৃ বা মাখা।

Pumice, *n. s.* Lat. Sax. প্রস্তরবিশেষ।

Pummel, *n. s.* Pommel শব্দ দেখ।

Pump, *n. s.* Dut. Fr. বোমা, বোমার কল, জল তোলা কল, দম কল, জলনিক্ষেপ বা পুরণার্থক যন্ত্রবিশেষ, একপ্রকার পাতলা চর্ম্মপাদুকা।

To **Pump**, *v. n.* Dut. বোমায় কর্ম্ম-কৃ, বোমায় জল-উঠ, বোমায়-চল, বোমার কর্ম্ম-হ।

To **Pump**, *v. a.* বোমা-চাপ বা-দাব, বোমায় জল-উঠা, দমকলে জল-তোল-বা ফেল, অনুসন্ধান-কৃ, প্রশ্নদ্বারা ভেদ-নী বা-জান, নানাপ্রকারে প্রশ্ন বা অনুসন্ধানদ্বারা গুপ্ত বা গুহ্য বিষয় জান, প্রাদুর্ভাব-কৃ, প্রকাশ-কৃ, ব্যক্ত-কৃ।

Pumper, *n. s.* দমকল চালায় উঠায় বা লড়ায় যে ব্যক্তি, যন্ত্র বা কল, বোমা।

Pumpion, *n. s.* Fr. বৃক্ষবিশেষ।

Pumpkin, *n. s.* অলাবু, লাউ, কদু, তুম্বী।

Pun, *n. s.* বাক্যের আরোপ শ্লেষ বা ব্যঙ্গোক্তি, দ্ব্যর্থ বা নানার্থ বাক্য।

To **Pun**, *v. n.* নানার্থক-হ।

To **Pun**, *v. a.* নানার্থ-কৃ, নানার্থ বা আরোপ বাক্যদ্বারা-লওয়া বুঝা বা প্রবৃত্তি-জন্মা।

To **Punch**, *v. a.* Fr. ছিদ্র-কৃ, বিদ্ধ-কৃ, ছেনি মার, গুতা, ঘুসা, ছেনিদ্বারা-কাট বা দাগ-কৃ।

Punch, *n. s.* ছেনি, বিদ্ধাস্ত্র, ঘা, ধাক্কা, আঘাত, মদ্য জল চিনি এবং লেবুর রসদ্বারা নির্ম্মিত পেয়দ্রব্য, পানা, ভাঁড়, মস্করা, ঘোটক বিশেষ, ঘৃণার্থে বেটে স্থূলকায় ব্যক্তিকে বুঝায়।

Punch বা **Punchy**, *a.* ক্ষুদ্র, ছোট, মোটা, গব্দা, এ শব্দ অবর লোকের ব্যবহার্য্য জানিবে।

Punch-bowl, *n. s.* বাটী, পেয়পাত্র, পেয় দ্রব্য রাখা যায় যাহাতে।

Puncheon, *n. s.* Fr. ক্ষুদ্র অস্ত্রবিশেষ, একপ্রকার ছেনি, দ্রব দ্রব্যের পরিমাণবিশেষ, সাতমোনী পীপা।

Puncher, *n. s.* ছেনিবিশেষ।

Punchinello, *n. s.* Ital. মস্করা বা ভাঁড়বিশেষ, অস্ত্রবিশেষ।

Punctated, *a.* Lat. গণিত শাস্ত্রে বিন্দ্বাকার।

Punctilio, *n. s.* Ital. Lat. শিষ্টাচারি, দৃঢ়তা, নিষ্ঠতা।

Punctilious, *a.* দৃঢ়, ঠিক, যথার্থ, অলড়, দৃঢ় প্রতিজ্ঞ, বৈধকর্ম্মে স্থির ঠিক বা দৃঢ় যে।

Punctiliously, *ad.* যাথার্থ্যরূপে, ঠিকরূপে, দার্ঢ্যরূপে, নিয়মপূর্ব্বক।

Puuctiliousness, *n. s.* যাথার্থ্য, ঠিক, খারাই, যথার্থাচার বা ব্যবহার।

Punction, *n. s.* Lat. শস্ত্রবৈদ্য, বৈদ্যশাস্ত্রে সংজ্ঞাবিশেষ, ছিদ্র।

Puncto, *n. s.* Span. শিষ্টাচার, লৌকিকতা, কায়দাকানুন।

Punctual, *a.* Fr. ঠিক, যথার্থ, খারা, দৃঢ়প্রতিজ্ঞ, অলড়।

Punctualist, *n. s.* শিষ্ট, অতিশিষ্ট ব্যবহারে আচারে বা শিষ্টাচারে ঠিক বা যথার্থ যে।

Punctuality, *n. s* যাথার্থ্য, ঠিক, দার্ঢ্য, দৃঢ়প্রতিজ্ঞতা।

Punctually, *ad.* ঠিকরূপে, ঠিকঠাকে, যথার্থরূপে, নিয়মরূপে, অলড়রূপে, অব্যর্থরূপে।

Punctualness, *n. s.* অলড়ত্ব, যাথার্থ্য, ঠিক, দৃঢ়প্রতিজ্ঞতা।

To **Punctuate**, *v. a.* Fr. সঙ্কেত ছেদ-কৃ বা-দা, পদা, পদে চিহ্ন-দা বা তৎক্রম-কৃ।

Punctuation, *n. s.* Fr. পদান, পদ চিহ্নদেওন-বা তৎক্রম।

To **Punctulate**, *v. n.* Lat. ক্ষুদ্র চিহ্ন-দা, বিন্দু-দা, ক্রমপূর্ব্বক পদ চিহ্ন-কৃ, পদ ছেদ-দা।

Puncture, *n. s.* Lat. ছিদ্র, খোল, গর্ত্ত, গাড়া, বিদ্ধ, ছেদা, রন্ধ্র।

To **Puncture**, *v. a.* ছিদ্র-কৃ, খোল গর্ত্ত বা রন্ধ্র-কৃ, বিদ্ধ-কৃ।

Pundle, *n. s.* বেটে অথচ মোটা বা গব্দা স্ত্রীকে বুঝায়।

Pungar, *n. s.* মৎস্যবিশেষ।

Pugnency, *n. s.* ঝাল, কটুস্বাদ, জ্বালা, জ্বালাকরণশক্তি, কটুতা, উগ্রত্ব, তীব্রত্ব।

Pungent, *a.* Lat. ঝাল, কটু, তীব্র, উগ্র, বিদ্ধকারী, শক্ত, জ্বলনশীল, জ্বালাকারী, তীক্ষ্ণ, তেজস্বী, তেজাল।

Punice, *n. s.* ছারপোকা।

Puniceous, *a.* Lat. গোলাবি রং।

Puniness, *n. s.* ক্ষুদ্রত্ব, সামান্যত্ব, অল্পতা, পুঁটের ভাব বা ধর্ম্ম।

To **Punish**, *v. a.* Lat. দণ্ড-কৃ, দণ্ড-দা, সাজা-কৃ বা-দা, প্রাণ দণ্ড-কৃ, নিগ্রহ-কৃ, শাস্তি-কৃ বা-দা, গুনাহগারি-কৃ, প্রহার-কৃ, শাস্তি-কৃ, বা-দা।

Punishable, *a.* Fr. দণ্ডনীয়, দণ্ড্য, দণ্ডার্হ, সাজাওয়ার, দণ্ড বা সাজার যোগ্য বা ক্ষম, নিগ্রহণীয়, শাসনীয়, শাস্য।

Punishableness, *n. s.* দণ্ডনীয়ত্ব, দণ্ডার্হত্ব, নিগ্রহণীয়ত্ব, শাসনীয়ত্ব, শাস্যত্ব।

Punisher, *n s.* দণ্ডদাতা, দণ্ডকর্ত্তা, নিগ্রহকর্ত্তা, শাস্তা, শাসনকর্ত্তা, শাস্তিকর্ত্তা বা দাতা।

Punishment, *n. s.* Fr. দণ্ড, সাজা, গুনাহগারী, প্রায়শ্চিত্ত, নিগ্রহ, শাস্তি, শাসন, যন্ত্রণা।

Digitized by Google

Punition, *n. s.* Fr. Lat. তথা।
Punitive, *a.* Lat. দণ্ডকারী, দণ্ডদাতা, দণ্ডবিধায়ক।
Punitory, *a.* দণ্ডপ্রয়োজক, দণ্ডকারী, নিগ্রহকারী, শাস্তা।
Punk, *n. s.* বেশ্যা, কসবী, খানকী, কুলটা, বারাঙ্গনা।
Punster, *n. s.* দ্ব্যর্থবাক্যবক্তা, বাক্যারোপকর্ত্তা, শ্লেষবক্তা, কথায় অপলাপ চেষ্টক।
Punt, *n. s.* Sax. প্রশস্ততলাবিশিষ্ট নৌকাবিশেষ।
To **Punt,** *v. n.* তাসক্রীড়া-কৃ, তাস-খেল।
Puny, *a.* Fr. যুবা, জোয়ান, কনিষ্ঠ, ছোট, ক্ষুদ্র, নীচ, দুর্ব্বল, পুঁটে।
Puny, *n. s.* অর্দ্ধাচীন অল্পবয়স্ক বা অজ্ঞাত ব্যক্তি।
To **Pup,** *v. n.* কুক্কুরী প্রসব-হ, কুক্কুরশাবক-হ।
Pupa, *n. s.* Lat. গুটিকা বা কীটবিশেষ।
Pupil, *n. s.* Lat. চক্ষুর তারা বা পুতুলা, ছাত্র, শিষ্য, পাঠার্থী, পড়ুয়া, অপ্রাপ্তবয়স্ক, বালক, ছেল্যা মানুষ, নাবালক।
Pupilage, *n. s.* ছাত্রত্ব, শিষ্যত্ব, পাঠার্থিত্ব, পড়ুয়ার ভাব অবস্থা বা ধর্ম্ম, পাঠাবস্থা, নাবালকী, অপ্রাপ্তবয়স্কত্ব, অপ্রাপ্তব্যবহারত্ব।
Pupilarity, *n. s.* Fr. অপ্রাপ্তবয়স্ক নাবালক বা তদবস্থা, নাবালকী।
Pupilary, *a.* নাবালকসম্বন্ধীয় বা তদ্বিষয়ক।
Puppet, *n. s.* Fr. পুত্তলিকা, পুত্তল, দারুক, পুত্রিকা, ছায়াবাজীর পুতুলা, ছেল্যা খেলা, ঘৃণাসূচক বাক্যবিশেষ।
Puppetman বা **Puppetmaster,** *n. s.* পুতুলার নাচ করে যে, ছায়াবাজী করে বা দেখায় যে, পুতুলা নাচায় যে।
Puppetplayer, *n. s.* পুতুলা নাচায় যে, পুতুলানাচানিয়া।
Puppetry, *n. s.* ভান, ছল, ঠাট।
Puppetshow, *n. s.* পুতুলার নাচ, পুতুলাখেলা, পুতুলাবাজী, পুতুলার তামাসা।
Puppy, *n. s.* Fr. কুক্কুরের বাচ্চা, কুক্কুরশাবক ঠেঁটা বোকা বা দেমাগী ব্যক্তি, অহঙ্কৃত ব্যক্তি, ঠেঁটা বেটা, পাজী বেটা।
To **Puppy,** *v. n.* কুক্কুর প্রসব-হ বা-কৃ।
Puppyism, *n. s.* ঠেঁটামি, দুষ্টামি, নষ্টামি, আত্যন্তিক ছল বা ঠাট।
Pur, *n. s.* বিড়ালের ডাক, মিউং শব্দ বা ধ্বনি।
To **Pur,** *v. n.* মিউং-কৃ, বিড়ালের শব্দ-কৃ।
To **Pur,** *v. a.* পূর্ব্বোক্ত ডাকের দ্বারা-বুঝা।
Purblind, *a.* অদূরদ্রষ্টা, অল্পদৃক, ঝাপসা দেখে যে, ঝাপ্‌শা নজর যাহার।
Purblindness, *n. s.* অদূরদৃষ্টি, অল্প দৃষ্টি, ঝাপসা দৃষ্টি।
Purchasable, *a.* ক্রয়ণীয়, ক্রেতব্য, ক্রেয়, প্রাপ্য।
To **Purchase,** *v. a.* Fr. খরীদ-কৃ, কিন, প্রাপ্তি-কৃ, লাভ-কৃ, উপার্জন-কৃ, ক্রয়-কৃ, মূল্য দিয়া-ল, প্রায়শ্চিত্ত-কৃ, প্রায়শ্চিত্ত বা দণ্ড দ্বারা মুক্ত-কৃ,।
Purchase, *n. s.* Fr. ক্রয়, কিনা, খরীদ, প্রাপ্তি, প্রাপণ, উপার্জন, প্রাচীনকালে ডাকাইতি বা তদ্দ্বারা লব্ধ দ্রব্যকে বুঝাইত।
Purchase-money, *n. s.* মূল্য, পুষ্পমূল্য, দাম, মূল্যের টাকা।
Purchaser, *n. s.* ক্রেতা, ক্রয়ী, খরীদ্দার, গ্রাহক, ক্রয়কর্ত্তা।
Pure, *a.* Sax. পরিষ্কার, নির্ম্মল, অনঘ, নির্দ্দোষ, অকৃত্রিম, যথার্থ, প্রকৃত, পবিত্র, নির্ভাজ, শুচি, সাধু, অপাপ, নিষ্পাপ, স্বচ্ছ, সুতরা,।
To **Pure,** *v. a.* পরিষ্কার-কৃ, নির্ম্মল-কৃ, সাপ-কৃ।
Purely, *ad.* পরিষ্কাররূপে, নৈর্ম্মল্যরূপে, শুদ্ধ নির্দ্দোষ শুচিতা বা পবিত্রতাপূর্ব্বক, কেবল, মাত্র, সমুদায়ে, সমুচ্চয়ে, নিতান্ত।
Pureness, *n. s.* নৈর্ম্মল্য, নির্ম্মলতা, পরিষ্কার, নির্দোষ, ভাঁজ রাহিত্য, অদুষ্টত্ব, অনঘত্ব, শুদ্ধতা, শুচিতা, পবিত্রতা, খুঁত বা দোষরাহিত্য, যাথার্থ্য।
Purfile, *n. s.* Fr. প্রাচীন ব্যবহৃত স্ত্রীলোকের জামার আস্তীন বা ঝালরবিশেষ, Bobbinwork শব্দ দেখ।
To **Purfle,** *v. a.* Fr. ঝালর-দা, ফুঁপি-দা, সঞ্জাপ-দা বা-লাগা।
To **Purfle,** *v. n.* ঝালর বা ফুঁপীতে গ্রথিত বা যুক্ত-হ।
Purfle বা **Purflew,** *n. s.* জরি বা গোটার কর্ম্মে ঝালর ফুঁপী মুড়া বা কিনারি।
Purgation, *n. s.* Lat. পরিষ্কারকরণ, সাপকরণ, নির্ম্মলকরণ, দুষ্টাংশ বা মল ত্যাগকরণ, ধৌতকরণ, জোলাপ দেওন, ভেদ করাণ, দোষক্ষালন, দোষ বা কলঙ্কহইতে মুক্তকরণ, নির্দোষী করণ।
Purgative, *a.* Fr. Lat. ভেদক, রেচক, ভেদকশক্তিবিশিষ্ট, জোলাপকারী, উদরপরিষ্কারক।
Purgative, *n. s.* জোলাপ, ভেদক ঔষধ, রেচক ঔষধ।
Purgatorial বা **Purgatorian,** *a.* প্রেতলোকসম্বন্ধীয় বা তদ্বিষয়ক
Purgatory, *n. s.* Lat. পাপার মতাবলম্বিরদের মতে পরকালে স্থানবিশেষ, প্রেতলোক।
Purgatory, *a.* পরিষ্কারক, ধৌতকারী, নির্ম্মলকারী, পবিত্র শুচি বা শুদ্ধকারী।
To **Purge,** *v. a.* Fr. Lat. ভেদ-করা, রেচা, জোলাপ-দা, পরিষ্কার-কৃ, ধৌত-কৃ, নির্ম্মল-কৃ, নির্দোষ-কৃ, দোষ ক্ষালন-কৃ, দোষ বা অপরাধহইতে মুক্ত-কৃ, ঝাড়িয়া পরিষ্কার কৃ।
To **Purge,** *v. n.* পরিষ্কার-হ, নির্ম্মল-হ, জোলাপ-হ, ভেদ-হ, উদরভঙ্গ-হ, পেট নামা, উদরাময়-হ।
Purge, *n. s.* Fr. জোলাপ, ভেদক রেচক বা সারক ঔষধ, বিরেচন।
Purger, *n. s.* পরিষ্কারকর্ত্তা, নির্ম্মলকর্ত্তা, ভেদক, রেচক, সারক ঔষধ, জোলাপ, বিরেচন।
Purification, *n. s.* Lat. পরিষ্কারকরণ, নির্ম্মলকরণ, নির্দোষকরণ শোধন, শুচি পবিত্র বা পাবনকরণ, য়িহুদীরদের মধ্যে গর্ব্ভাধান সংস্কারবিশেষ, গর্ব্ভাধান, পুংসবন বা সীমন্তোন্নয়ন।
Purificative বা **Purificatory,** *a.* Fr. পরিষ্কারক, শুচি শুদ্ধ নির্ম্মল বা পবিত্রকারী, শোধা।
Purifier, *n. s.* শোধনকর্ত্তা, পরিষ্কারক, নির্ম্মলকারক, শুচি পবিত্র বা শুদ্ধকর্ত্তা, ধৌতকর্ত্তা, শোধক।
To **Purify,** *v. a.* Fr. Lat. পরিষ্কার-কৃ, নির্ম্মল-কৃ, পবিত্র শুচি শুদ্ধ বা পূত-কৃ, শোধন-কৃ, যথার্থ-কৃ, নির্দোষ-কৃ, খাটি-কৃ।
To **Purify,** *v. n.* পবিত্র পরিষ্কৃত নির্ম্মল শুচি শুদ্ধ বা নির্দোষ-হ, শোধিত-হ।
Purifying, *n. s.* শোধন, পরিষ্কার, নির্ম্মল, শুদ্ধ বা শুচিকরণ।
Purist, *n. s.* Fr. শুচি বা শুদ্ধ ব্যক্তি, শুচিবায়ুগ্রস্ত, বাক্য কথনে অতি সাবধান ব্যক্তি, শব্দের ব্যবহারকরণে অনেক বিবেচনা করে যে ব্যক্তি, শুদ্ধ কথা কহিবার আত্যন্তিক চেষ্টা করে যে ব্যক্তি।
Puritan, *n. s.* পবিত্র শুচি বা শুদ্ধাচারি ব্যক্তি, মতাবলম্বিবিশেষ।
Puritan, *a.* পূর্ব্বোক্ত ব্যক্তিসম্বন্ধীয় বা তদ্বিষয়ক।
Puritanical বা **Puritanick,** *a.* পূর্ব্বোক্ত মত বা তন্মতাবলম্বিসম্বন্ধীয় বা তদ্বিষয়ক।
Puritanically, *ad.* পূর্ব্বোক্ত মতানুসারে বা রীতিপূর্ব্বক।
Puritanism, *n. s.* পূর্ব্বোক্ত মতাবলম্বিরদের শাস্ত্র বা মত।
To **Puritanize,** *v. n.* পূর্ব্বোক্ত মত প্রকাশ প্রচার বা ব্যক্ত-কৃ।

Digitized by Google

Purity, *n. s.* Fr. Lat. নৈর্ম্মল্য, নির্ম্মলতা, পরিষ্কারত্ব, শুচিতা, শুদ্ধতা, পবিত্রতা, পূততা, অনঘত্ব, সতীত্ব।

Remoteness, *n. s.* দূরত্ব, দূরস্থতা, অনৈকট্য, দূর, তফাৎ।

Remotion, *n. s.* Lat. সরাণ, সরণ, স্থানান্তর হওন বা করণ, দূরে যাওন, লাড়ন, দূরে অপসৃতাবস্থা।

Removable, *a.* জঙ্গম, গমনীয়, গম্য, চলনীয়, স্থানান্তর ভবনীয়, স্থানান্তর করণীয়, সরাণের যোগ্য, সরাণ বা স্থানান্তর করা যায় যাহা, চলিষ্ণু, অপমানযোগ্য।

Removal, *n. s.* চলান, সরাণ, স্থানান্তরকরণ বা হওন, একস্থানহইতে অন্যস্থানে লড়ান বা রাখণ, দূর বা তফাৎকরণ, কর্ম্মচ্যুতকরণ, পদচ্যুতকরণ, কর্ম্মচ্যুতি, বিচ্ছেদ, কর্ম্মহইতে ছাড়াইয়া দেওন।

To **Remove,** *v. a.* Lat. স্থানান্তর-কৃ, সরা, লড়া, চালা স্থানান্তর-কৃ বা-রাখ, পদচ্যুত-কৃ, কর্ম্মচ্যুত-কৃ, ছাড়াইয়া-দা, উঠা, অপদস্থ-কৃ, দূর করিয়া-দা।

To **Remove,** *v. n.* স্থানান্তর-হ, সর, লড়, সরিয়া-যা, সরিয়া-বৈস, লড়িয়া-বৈস, একস্থানহইতে অন্যস্থানে-যা, স্থান পরিবর্ত্তন-কৃ বা-হ, যাত্রা-কৃ।

Remove, *n. s.* স্থানের পরিবর্ত্তন, স্থানান্তরহওন, স্থানবদল, একস্থানহইতে অন্যস্থানে যাওন বা রাখন, শতরঞ্চের বলের চালি, গতি, গমন, যাত্রা, চলিয়া যাওন, সিঁড়ি, উন্নতি বা বৃদ্ধি হওনের ক্রম, অল্পদূর, ঘোড়ার লাল বান্ধন, ঘোড়ার লাল ফিরিয়া বান্ধন, ব্যঞ্জন, স্থানান্তরকরণ।

Removed, *part.* দূরীকৃত, দূরে রক্ষিত, দূরে গত, দূরস্থ, তফাৎ, ভিন্ন, পৃথক্, অনিকট, অন্যহইতে পৃথক বা ত্যক্ত।

Removedness, *n. s.* দূরীকৃতত্ব, দূরাবস্থান্বিতত্ব, পৃথক্‌ত্ব।

Remover, *n. s.* স্থানান্তরকর্ত্তা, লাড়ে সরায় বা দূরে রাখে যে।

To **Remount,** *v. n.* Fr. পুনরারোহণ-কৃ, পুনর্ব্বার-চড়, আরবার সবার-হ।

Remunerability, *n. s.* প্রতিদানযোগ্যত্ব, প্রতিফলদাতব্যতা, প্রতিকার প্রতিফল বা পারিতোষিক প্রাপণযোগ্যতা বা তদুপযুক্ততা।

Remunerable, *a.* প্রতিদান প্রতিফল বা পুরস্কারকরণীয় ভবনীয় তদ্যোগ্য বা অর্হ।

To **Remunerate,** *v. a.* Lat. Fr. প্রতিফল-দা, প্রতিকার-কৃ, পুরস্কার-দা বা-কৃ, পারিতোষিক-দা, ইনাম বা বকসীশ-দা।

Remuneration, *n. s.* Fr. Lat. প্রতিফল, প্রতিদান, পুরস্কার, মজুরি, মিহন্নতআনা, পারিতোষিক, ইনাম, বখশীশ।

Remunerative, *a.* প্রতিফল বা পুরস্কারদানশীল বা তদভ্যস্ত।

Remuneratory, *a.* প্রতিফলদ, পুরস্কারদ, পারিতোষিক দাতা, প্রদানকারী, দিৎসু, পুরস্কারী।

To **Remurmur,** *v. a.* পুনঃকচকচি ঝগড়া বা বকাবকি-কৃ, আরবার বড়২-কৃ।

To **Remurmur,** *v. n.* Lat. বড়২ বা গজ২-কৃ, বারবার গজ২-কৃ।

Renal, *n. s.* Lat. মেট্যে, কোষ্ঠ, মেরুগ্রন্থি, গিলা বা কটিসম্বন্ধীয়।

Renard, *n. s.* Fr. উপকথায় খেঁকশিয়ালির নাম বুঝায়, উল্কামুখী।

Renascency, *n. s.* Lat. পুনরুৎপাদন, পুনরুৎপাদিতাবস্থা।

Renascent, *a.* Lat. পুনরুৎপাদিত, পুনরুত্থিত।

Renascible, *a.* Lat. পুনরুৎপাদ্য, পুনরুৎপাদনীয়, পুনরুৎপাদন করণ বা হওনযোগ্য।

To **Renavigate,** *v. n.* পুনর্ব্বার নৌকায় ভ্রমণ-কৃ, পুনর্ব্বার নৌকা-খুল বা যাত্রা-কৃ বা তন্নৌকায়-গম।

Rencounter, *n. s.* Fr. হুড়াহুড়ি, মারামারি, হুটাহুটি, ঝটাপটি, ঠাসাঠাসি, মুজাহেমি, প্রতিবন্ধ, হঠাৎ ঘা বা ধাক্কা লাগন, যুদ্ধ বা ভিড়াভিড়িহওন বা করণ।

To **Rencounter,** *v. a.* হাতাহাতি-কৃ, মারামারি হুড়াহুড়ি হুটাহুটি বা ঝটাপটি-কৃ।

To **Rencounter,** *v. n.* Fr. বিবাদ বা বিরোধ-কৃ, হুটাহুটি বা ঠেলাঠেলি-কৃ, কাটাকাটি মারামারি হাতাহাতি বা লড়াই-কৃ, অক

Digitized by Google

স্মাৎ শত্রু-মিল বা যুদ্ধ-কৃ, অনিশ্চিতরূপে শত্রু উপস্থিত-হ বা তাহার সহিত যুদ্ধ-কৃ, মুখমেল-হ।

To Rend, *v. a.* Sax. চির, বিদার, বিদীর্ণ-কৃ, কাট, ফাড়, ফুট, চাক-কৃ, ছাড়া, জুদা-কৃ, খসা।

To Rend, *v. n.* জুদা-হ, পৃথক-হ, খস, খুল, অসংলগ্ন-হ।

Render, *n. s.* বিদারক, বিদীর্ণ বা দোফাককর্ত্তা, ফাড়ন বা চিরণ কর্ত্তা।

To Render, *v. a.* Fr. দা, ফিরিয়া-দা, প্রতিদান-কৃ, সমর্পণ-কৃ, সোপর্দ্দ-কৃ, পুনরর্পণ-কৃ, চাহিলে বা মাগিলে-দা, অর্হ-কৃ, যোগ্য-কৃ, বানা, গঠ, দর্শা, প্রকাশ-কৃ, স্পষ্ট-কৃ, অনুবাদ-কৃ, তর্জ্জমা-কৃ, ভাষান্তর-কৃ, ছাড়, ত্যাগ-কৃ, ছাড়িয়া-দা, পরিত্যাগ-কৃ, ব্যবহারার্থে-দা।

To Render, *v. n.* দৃশ, দৃষ্ট-হ, প্রকাশ-হ, বিবরণ-কৃ, বিবৃত-হ।

Renderable, *a.* সমর্পণীয়, দেয়, দেওনোপযুক্ত, প্রকাশ্য, পরিবর্ত্তনীয়, তর্জ্জমার যোগ্য।

Rendezvous, *n. s.* Fr. সভা, মেল, বৈঠক, মিলন, মিলিবার স্থান, মিলন বা সাক্ষাৎকরণার্থে নিরূপিত স্থান, দুই বা অধিক স্থান হইতে লোকেরা আসিয়া মিলে যে স্থানে, চিহ্ন বা নিশান যদ্দ্বারা বা যাহাতে লোকেরা মিলে।

To Rendezvous, *v. n.* নিরূপিত বা নিশ্চিত স্থানে আসিয়া-মিল বা সাক্ষাৎ-কৃ, জমাৎ-হ।

To Rendezvous, *v. a.* একত্র-কৃ, জমা-কৃ, নিরূপিত স্থানে-আনী বা জমা-কৃ।

Rendible, *a.* Fr. পুনঃসমর্পণীয়, পুনর্দেয়, পরিত্যাজ্য, ফিরিয়া দেওনোপযুক্ত, অর্পণীয়।

Rendition, *n. s.* ত্যাগকরণ, ছাড়িয়া দেওন, পরিত্যাগ, সমর্পণ, ছাড়িয়া বা খালি করিয়া দেওন, তর্জ্জমা, অনুবাদ, ব্যাখ্যাকরণ।

Renegade বা Renegado, *n. s.* Span. স্বধর্ম্মত্যাগী, পরধর্ম্মাবলম্বী, বিধর্ম্মী, পরধর্ম্মগ্রাহী, স্বজাতীয় স্বদেশীয় বা কুল ধর্ম্ম পরিত্যাগানন্তর অন্য ধর্ম্মে প্রবেশ বা তৎস্বীকার, রাজদ্রোহী, রাজার প্রতিপক্ষ বা তদ্বিপরীতাচারী, স্বজাতি বা স্বপক্ষ ত্যাগ করিয়া তৎপ্রতিকূলে বা শত্রুর নিকটে যায় বা মিলে যে ব্যক্তি।

To Renege, *v. a.* Lat. Fr. অস্বীকার-কৃ, ত্যাগ-কৃ, অপহ্নব-কৃ, গরকবুল-কৃ।

To Renege, *v. n.* অপহ্নব-কৃ, গরকবুল-কৃ, অপলাপ-কৃ।

To Renew, *v. a.* নূতন-কৃ, পুনরায়-কৃ, ফের-কৃ, দোকর-কৃ, দোহারা-কৃ, পুনরারম্ভ-কৃ, বদল-কৃ, পরিবর্ত্ত-কৃ, পুনঃ-কথ, পূর্ব্বাবস্থাপ্রাপ্ত-কৃ, উপাসনাকাণ্ডে পরিবর্ত্তন-কৃ মতান্তর বা অবস্থান্তর-কৃ বুঝায়।

Renewable, *a.* পুনর্নবকরণীয় বা ভবনীয় তৎক্ষম বা যোগ্য, পরিবর্ত্তনীয়।

Renewal, *n, s.* নূতনকরণ, বদল, পরিবর্ত্তন, ফিরীকরণ।

Renewedness, *n. s.* পরিবর্ত্তিতাবস্থা, পরিবর্ত্তন, নূতনাবস্থা, পুনরারম্ভ, পুনর্ব্বার নূতনহইয়াছে যাহা তদবস্থা বা ভাব।

Renewer, *n. s.* নূতনকর্ত্তা, পরিবর্ত্তক, নূতন করে যে।

Renitence বা Renitency, *n. s.* প্রতিবাধকতা, আঘাত, রোধ, অস্বীকার, অসম্মতি, অমনোযোগ, অপ্রবৃত্তি।

Renitent, *a.* Lat. প্রতিবাধক, প্রতিযোগী, ব্যাঘাতক।

Rennet, *n. s.* দম্বল, দধি ছানা হয় যদ্দ্বারা তদস্তু।

Rennet বা Renneting, *n. s.* শেও বা আতাফলবিশেষ।

To Renovate, *v. a.* Lat. নূতন-কৃ, পূর্ব্বাবস্থাপ্রাপ্ত-কৃ।

Renovation, *n. s.* Lat. নূতনকরণ বা হওন, নূতনাবস্থা, নূতনাবস্থাপ্রাপ্তি।

To Renounce, *v. a.* Fr. Lat. পরিত্যাগ-কৃ, ত্যজ, ত্যাগ-কৃ, শপথপূর্ব্বক ত্যাগ-কৃ, অপহ্নব-কৃ, গরকবুল-যা।

To Renounce, *v. n.* শপথ-কৃ, দিব্য-কৃ, দিব্য বা শপথ করিয়া ত্যাগ-কৃ।

Renounce, *n. s.* তাস খেলায় সংজ্ঞাবিশেষ।

Renouncement, *n. s.* ত্যাগকরণ, পরিত্যাগকরণ, দিব্য বা শপথপূর্ব্বক ত্যাগকরণ।

Renouncer, *n. s.* অপহ্নবকর্ত্তা, অমানক ব্যক্তি, গরকবুল যায় যে, অস্বীকার বা ত্যাগকর্ত্তা।

Renouncing, *n. s.* অস্বীকারকরণ, অপহ্নব, অপহ্নবকরণ, স্বধর্ম্ম ত্যাগ, পরধর্ম্মাবলম্বন।

Renown, *n. s.* Fr. নাম, যশ, কীর্ত্তি, খ্যাতি, সুখ্যাতি, প্রসিদ্ধি, প্রতিষ্ঠা, নেকনাম।

To Renown, *v. a.* Fr. প্রতিষ্ঠিত প্রসিদ্ধ বা খ্যাত্যাপন্ন-কৃ, সুখ্যাতি বা যশ-কৃ।

Renowned, *part. a.* কীর্ত্তিমান্, বিখ্যাত, প্রখ্যাত, প্রসিদ্ধ, খ্যাত্যাপন্ন, যশোলব্ধ, প্রতিষ্ঠিত।

Renownedly, *ad.* প্রসিদ্ধতা খ্যাতি বা প্রতিষ্ঠাপূর্ব্বক।

Renownless, *a.* অকীর্ত্তিমান, অযশস্বী, অখ্যাত্যাপন্ন, যশ কীর্ত্তি বা সুখ্যাতি নাই যাহার বা যাহাতে।

Rent, *n. s.* ফাইট, ফাড়া, ফাটা, ছিদ্র, চিড়, ছেঁড়া, ফাঁক, কাটা।

To Rent, *v. a.* ফাড়, ছিন্দ, ছিড়, কাট, ছেদ-কৃ, বিদার, বিদীর্ণ-কৃ।

To Rent, *v. n.* চীৎকার শব্দ-কৃ, বৃহন্নাদ-কৃ, গর্জ্জ, গোঁগর।

Rent, *n. s.* Sax. Fr. মালগুজারি, খাজানা, কর, ভাড়া, কেরায়া।

To Rent, *v. a.* Fr. ভাড়া-কৃ বা-দা, খাজানা বা কেরায়াতে-দা বা-নী, কেরায়া-নী।

Rentable, *a.* কেরায়া লইবার উপযুক্ত, ভাড়া দিবার বা লইবার, যোগ্য, কেরায়া করা বা দেওয়া যায় যাহা।

Rentage, *n. s.* Fr. ভাড়া, কেরায়া, খাজানা।

Rental, *n. s.* খাজানার হিসাব, কেরায়া বা ভাড়ার তালিকা বা ফর্দ্দ, খোকা, তায়দাদ।

Renter, *n. s.* খাজানা করিয়া লয় যে, ভাড়া বা কেরায়া দেয় বা লয় যে।

Rentroll, *n. s.* খোকা, তায়দাদ, খাজানার হিসাব।

To Renverse, *v. a.* উল্টা-কৃ, বিপরীত-কৃ।

Renversement, *n. s.* উল্টা বা বিপরীতকরণ।

Renunciation, *n. s.* Lat. ত্যাগকরণ, ছাড়ন, শপথ বা দিব্য করিয়া পরিত্যাগ-করণ।

To Reobtain, *v. a.* পুনর্লাভ-কৃ, পুনঃপ্রাপ্তি-কৃ, আরবার-প্রাপ বা-মিলা।

Reobtainable, *a.* পুনর্লভনীয়, পুনঃপ্রাপণীয়।

To Reordain, *v. a.* Fr. পুনর্ব্বার সংস্থাপন বা নিয়োগ-কৃ।

Reordination, *n. s.* পুনঃসংস্থাপন বা নিয়োগ, পুনরাদেশ।

To Repacify, *v. a.* পুনঃস্থির বা শান্ত-হ, পুনঃপ্রবোধ-দা।

Repaid, *part.* *To* Repay ধাতুর কার্দন্তিক পদ, পুনর্দত্ত, পরিশোধিত।

To Repair, *v. a.* Lat. Fr. শুদ্ধ-কৃ, মেরামত-কৃ, নষ্টোদ্ধার-কৃ, প্রতিকার-কৃ, শুধরা, আরবার ভাল-কৃ, সাভ্যস্ত-কৃ, পুনর্লাভ-কৃ, পুনঃপ্রাপ্তি-কৃ।

Repair, *n. s.* মেরামত, শুদ্ধকরণ, নষ্টোদ্ধার, প্রতিকার, সারণ, শুধরাণ, ভালকরণ, সাভ্যস্তকরণ।

Digitized by Google

To Repair, *v. n.* Fr. চল, যা, গমন-কৃ, প্রস্থান-কৃ, চলিয়া-যা।

Repair, *n. s.* Fr. গমনস্থান, বাসস্থান, বাস, বাসা।

Repairable, *a.* মেরামতকরণ বা হওন যোগ্য, শুধরাইবার যোগ্য, নষ্টোদ্ধারণীয়, মেরামত হইতে পারে বা করা যায় যাহার বা যাহাতে।

Repairer, *n. s.* নষ্টোদ্ধারকর্ত্তা, মেরামতকর্ত্তা, শুধরাণকর্ত্তা, পুনর্ব্বার ভাল করে বা শুধরায় যে।

Repandous, *a.* Lat. উপর ভাগে বা দিগে নিম্ন বা বক্র।

Reparable, *a.* Fr. Lat. মেরামত করিবার বা শুধরাইবার যোগ্য, উদ্ধারণীয়, পুনঃসংস্থাপনীয়, প্রতিকার্য্য।

Reparably, *ad.* মেরামত করিয়া, মেরামত শুধরাণ বা প্রতিকার পূর্ব্বক।

Reparation, *n. s.* Fr. Lat. মেরামতকরণ, প্রতিকারকরণ, শুধরাণ, পুনঃসংস্থান বা ভালকরণ, প্রতিফল, প্রতিদান, পুরস্কার, ক্ষতি পুরিয়া দেওন, নোকশান ধরিয়া দেওন।

Reparative, *n. s.* পরিশোধন, ক্ষতি ফিরিয়া বা পুরিয়া দেওন।

Reparative, *a.* শুদ্ধকারী, পরিশোধক, ক্ষতিপূর্ব্বক, নষ্টোদ্ধার কারী।

Repartee, *n. s.* Fr. উপস্থিতবক্তৃতা উত্তর বা জওয়াব, আশুউত্তর, স্লষ্টবক্তৃতা বা উত্তর।

To Repartee, *v. n.* আশু উত্তর-কৃ বা-দা, স্লষ্ট জওয়াব-দা বা উত্তর-কৃ।

To Repass, *v. a.* Fr. পুনর্গতি-কৃ বা করা, পুনর্ব্বার ছাড়িয়া-দা, ফিরিয়া-গম বা-যা, ফিরিয়া পার-হ বা কৃ,।

To Repass, *v. n.* ফিরিয়া-যা, ফের বা পুনর্গম বা-যা।

Repast, *n. s.* Fr. Lat. আহার, ভোজন করণ, ভোজন, আহারকরণ, জলপান, খাওয়া, আহার্য্য দ্রব্য, ভক্ষ্য দ্রব্য, খাদ্য দ্রব্য, ভোজ্য, শিধা।

To Repast, *v. a.* Fr. খাওয়া, খাদ, আহার-দা বা-যোগা।

Repasture, *n. s.* ভোজ, যজ্ঞ, নিমন্ত্রণ, আমোদ।

To Repatriate, *v. n.* Fr. Lat. স্বদেশ প্রেরণ বা প্রাপ্ত-কৃ, পুনর্দেশে সংস্থান-করা।

To Repay, *v. a.* Fr. পরিশোধ-কৃ বা-দা, শোধ-দা বা-কৃ, পুনর্দান-কৃ, পুন-র্দা, প্রতিফল-কৃ বা-দা, পুরস্কার-দা।

Repayment, *n. s.* পরিশোধ, শোধ দেওন বা করণ, পরিশোধিত দ্রব্য বস্তু বা ধন, পুনর্দানকরণ, পুনর্দান।

To Repeal, *v. a.* Fr. রদ, বাতিল বা খণ্ডন-কৃ, অন্যথা বা পরিবর্ত্তন-কৃ, উলটিয়া-দা।

Repeal, *n. s.* বনবাস, কারাগার বা বন্দিহইতে পুনরাহ্বান তলব মুক্তি বা খালাস, রদ বাতিল খণ্ডন বা অন্যথা করণ বা হওন।

Repealer, *n. s.* রদ বাতিল খণ্ডন বা অন্যথাকর্ত্তা।

To Repeat, *v. a.* Lat. Fr. পুনর্ব্বার-কৃ-কথ বা-বচ, আরবার-বচ বা -কথ, পুনরুচ্চারণ-কৃ, পুনরুক্তি-কৃ, বর্ণন-কৃ, আওড়া, আবৃত্তি-কৃ, জপ-কৃ, পড়, কথ, বচ, বারম্বার বা অনেকবার-বচ বা-কৃ, পুনর্ব্বার চেষ্টা তজবিজ পরীক্ষা বা সন্ধান-কৃ।

Repeat, *n. s.* বার২ বা পুনর্ব্বার কথন কহন করণ বা পঠন, আবৃত্তি করণপূর্ব্বক, পুনরুক্তি।

Repeatedly, *ad.* বারম্বার, বারবার, অনেকবার, পুন২, পুনর্ব্বার করণপূর্ব্বক, পুনরুক্তিপূর্ব্বক।

Repeater, *n. s.* পুনরুক্তিকর্ত্তা, পুনর্ব্বার বার২ বা অনেকবার করে কহে বলে বা পড়ে যে, আবৃত্তিকর্ত্তা, পাঠক, আউড়ে পড়ে বা পাঠ করে যে, একপ্রকার ঘড়ি যাহা টিপিলে স্বয়ং ঘড়ি বাজায়।

Repedation, *n. s.* Lat. ফেরণ, ফিরিয়া যাওন, পশ্চাৎ গমন, ফের, পুনর্গমন।

To Repel, *v. a.* Lat. অবরোধ-কৃ, বারণ-কৃ, প্রতিরোধ-কৃ, টানিয়া -দা বা-ফেল, দূর-কৃ, দমন-কৃ, পিছে-ঠেক, ঠেকা, হঠাইয়া-দা।

To Repel, *v. n.* প্রতিরোধ-হ, ঠেলিয়া ঠেকিয়া বা লাগিয়া-পড় বা রোধ-হ, অবরোধ-হ, জড়-হ, বদ্ধ-হ।

Repellent, *n. s.* Lat. প্রতিরোধ ক্ষম ঔষধি।

Repellent, *a.* প্রতিরোধক, প্রতিরোধ বা নিবারণক্ষম।

Repeller, *n. s.* প্রতিরোধকর্ত্তা, আটক রোধ বা বন্ধকর্ত্তা।

To Repent, *v. a.* অনুতাপ-কৃ, আপশোষ-কৃ, পরামনন-কৃ, অনুশোচ-কৃ, পরিদেবনা-কৃ, খেদ বা আক্ষেপ-কৃ।

To Repent, *v. n.* Fr. অনুতাপী অনুশোচী বা পরিদেবক-হ, বিমর্ষ -হ।

Repentance, *n. s.* Fr. বিমর্ষতা, অনুতাপ, অনুশোচনা, পরিদেবনা, পরামনন, আপশোষ, প্রায়শ্চিত্ত খেদ, আক্ষেপ।

Repentant, *a.* Fr. অনুশোচী, অনুতাপী, অনুতপ্ত, পরামননকারী, পরিদেবক, বিমর্ষ, ভাবিত, কোন দুষ্কর্ম্ম বা পাপজন্য খেদ বা অনুশোচনাকারী।

Repentant, *n. s.* কোন পাপ বা দুষ্কর্ম্মজন্য অনুতাপ বা পরামননকর্ত্তা।

Repenter, *n. s.* তথা।

Repenting, *n. s.* অনুশোচ, পরিদেবনা বা অনুতাপকরণ, খেদ বা আপশোষ করণ।

Repentingly, *ad.* অনুতাপ খেদ পরিদেবনা অনুশোচ বা অনুতাপপূর্ব্বক।

To Repeople, *v. a.* Fr. পুনর্ব্বার লোকালয়-কৃ, পুনর্ব্বার লোক -ভর-পুর বা-আনী, বসতি-করা, আরবার বা নূতন আবাদ -কৃ।

Repeopling, *n. s.* পুনর্ব্বার লোকের বসতি বা বাস করাণ বা ত লোকের দ্বারা আবাদকরণ।

Repercussion, *n. s.* Lat. প্রতিঘাতকরণ বা হওন, ছিটকাইয়া পড়ন বা যাওন, প্রতিরোধ।

Repercussive, *a.* Fr. প্রতিরোধক্ষম, অবরোধক, প্রতিঘাতক হঠাইয়া ফেলে বা দেয় যে।

Repercussive, *n. s.* প্রতিরোধ, হঠিয়া বা ছিটকাইয়া পড়ন বা যাওন।

Repertitious, *a.* Lat. প্রাপ্ত, লব্ধ।

Repertory, *n. s.* Lat. কোষ, ভাণ্ডার, সঞ্চয়াগার, চুম্বক লিখা থাকে যে পুস্তকে তৎ পুস্তক।

Repetition, *n. s.* Fr. Lat. পুনরুক্তি, পুনর্বচন, পুনরুচ্চারণ, পাঠ, জপ, দ্বিত্ব, পৌনঃপুন্য, বারবার পুনঃ পুন বা অনেক বা কোন কর্ম্ম বা কৃত বিষয়।

Repetitional বা Repetitionary, *a.* পুনরুক্তি বা উচ্চারণবিশিষ্ট, জপবিশিষ্ট।

To Repine, *v. n.* রাগান্বিত খেদিত বা তাপিত-হ, বিরক্ত বা অতুষ্ট-হ, ঈর্ষা বা দ্বেষ-কৃ, খিট্‌খিট-কৃ।

Repiner, *n. s.* ঈর্ষা বা দ্বেষকর্ত্তা, বিরক্ত, অতুষ্ট, খিদ্যমান, খেদিত বা রাগান্বিত ব্যক্তি।

Repining, *n. s.* অতুষ্টি বা বৈরক্ত্য প্রকাশকরণ, কচকচি বা বিসম্বাদকরণ।

Repiningly, *ad.* বিসম্বাদ কচকচি বৈরক্ত্য বা অসন্তোষপূর্ব্বক।

To Replace, *v. a.* Fr. পুনঃ সংস্থান-কৃ, পুনঃস্থাপনা-কৃ, পূর্ব্ব মতে বা স্বস্থানে-রাখ, নূতন করিয়া-রাখ, নূতন স্থাপনা-কৃ।

Digitized by Google

To Replait, *v. a.* কুঞ্চন-কৃ, চুনাট-কৃ, পদ্দং-কৃ, ভাঁজের উপর ভাঁজ-কৃ।

To Replant, *v. a.* Fr. পুনারোপণ-কৃ, পুনঃস্থাপন-কৃ, পুনর্ব্বার -বসা বা-পোঁত।

Replantable, *a.* পুনারোপণীয়, পুনারোপণযোগ্য, পুনঃস্থাপ্য।

Replantation, *n. s.* পুনারোপণ, পুনারোপণ বা স্থাপনকরণ।

To Replenish, *v. a.* ভর, পুর, পূর্ণ-কৃ, পরিপূর্ণ-কৃ।

Replete, *a.* Fr. Lat. পরিপূর্ণ, পূর্ণ, ভরা, পুরা, সম্পূর্ণ।

Repletion, *n. s.* Fr. পরিপূর্ণত্ব, পূর্ণত্ব।

Repletive, *a.* Fr. পূর্ণকারী, পরিপূর্ণকারী, পূরক।

Repletively, *ad.* পরিপূর্ণরূপে, পূর্ণত্ব বা ভরা ভাবে, পূর্ণ করিয়া।

Repleviable বা Replevisable, *a.* Lat. Fr. উদ্ধরণীয়, মুক্তিযোগ্য, খালাস করা যায় যাহাকে, জামিনের উপযুক্ত, জামিন দিয়া উদ্ধার কৃত, খালাস হইতে পারে যে বা তদুপযুক্ত।

To Replevin বা *To* Replevy, *v. a.* Fr. Lat. মুক্ত-কৃ, খালাস-কৃ, জামিন লইয়া খালাস-কৃ বা-দা।

Replication, *n. s.* Lat. উত্তর, জবাব, প্রত্যুত্তর।

To Reply, *v. n.* উত্তর-দা বা-কৃ, প্রত্যুত্তর-দা বা-কৃ, জবাব-দা বা -কৃ, প্রত্যুক্তি-কৃ, উত্তর দান-কৃ।

To Reply, *v. a.* Fr. প্রত্যুত্তরদাতা-হ, উত্তরদানকারী-হ, উত্তর-দা বা-কৃ।

Reply, *n. s.* Fr. উত্তর, প্রত্যুত্তর, জবাব, প্রত্যুক্তি, প্রতিবাদ।

Replyer, *n. s.* প্রত্যুত্তরদাতা বা কর্ত্তা, উত্তর বা জবাবদাতা বা কর্ত্তা।

To Repolish, *v. a.* Fr. পুনর্ঘর্ষ-মাজ বা পরিষ্কার-কৃ, জেল্লা বা শিকল-কৃ।

To Report, *v. a.* Fr. খবর-কৃ বা-দা, সংবাদ-দা, সংবাদ-কৃ, জ্ঞাত -কৃ, জনরব-কৃ, জনশ্রুতি-কৃ, কোন বিবরণ বৃত্তান্ত বা সমাচার প্রকাশ-কৃ বা লিখ, প্রকাশ-কৃ, রটা, শব্দ-কৃ, গল্প-কৃ, গুলগুলা-কৃ বা-উঠা, গল্প-মার বা-তুল, গল্প-উড়া।

Report, *n. s.* সংবাদ, গল্প, সমাচার, শব্দ, খবর, জনশ্রুতি, জনরব, কিম্বদন্তী, বৃত্তান্ত, বিবরণ, স্থূল বা দৃষ্টান্ত লিখিয়া জানান বা জ্ঞাতকরণ, মোকদ্দমার মিশিল বা তদ্বিবরণের স্থূল লিখিয়া প্রকাশকরণ।

Reporter, *n. s.* সমাচারদাতা বা কর্ত্তা, বৃত্তান্তবক্তা বা লেখক, সংবাদদাতা, গল্প তোলে রটায় বা উড়ায় যে, মোকদ্দমা বা আদালতের বিবরণ বা অন্য কোন বিষয়ের বৃত্তান্ত জানায় বা ব্যক্ত করে যে, জনশ্রুতি বা জনরবকর্ত্তা।

Reportingly, *ad.* নামপূর্ব্বক, কিম্বদন্তীপূর্ব্বক, জনরবপূর্ব্বক, জনশ্রুতিপূর্ব্বক।

Reposal, *n. s.* বিশ্রামকরণ, শয়নকরণ বা করাণ, সমর্পণ, প্রত্যয় করণ, কোন বস্তু বা বিষয় যাহার উপর হেলান বা ঠেস দেওয়া যায় বা বিশ্রাম হয় বা প্রত্যয় করা যায়।

Reposance, *n. s.* প্রত্যয়, বিশ্বাস, এতবার, ভরসা, শ্রদ্ধা।

To Repose, *v. a.* Lat. বিশ্রাম-দা, বিশ্রাম-কৃ, শয়ন-কৃ, হেলান -দা, গড়া, শোয়া, আয়াস ত্যাগ-কৃ, আলস্য ত্যাগ-কৃ, বিশ্বাস প্রত্যয় বা ভরসা-কৃ বা-রাখ, অর্পণ-কৃ, অবস্থান-কৃ, স্থিত-কৃ, জমা বা সঞ্চয়-কৃ।

To Repose, *v. n.* Fr. শয়ন-কৃ, আরাম-কৃ, বিশ্রাম-কৃ।

Repose, *n. s.* Fr. শয়ন, বিশ্রাম, আরাম, আলস্যত্যাগ, নিদ্রা, বিরাম, শান্তি, নির্ব্বাণ, বিশ্রামকারয়িতা, বিশ্রাম করা যায় বা হয় যদ্দ্বারা বা যাহাতে।

Reposedness, *n. s.* বিশ্রামাবস্থা, বিশ্রান্ততা, বিশ্রাম, আরাম।

To Reposit, *v. a.* Lat. ন্যস্ত-কৃ, সমর্পণ-কৃ, রাখ, গচ্ছিত-কৃ, সাবধান করিয়া-রাখ, তুলিয়া-রাখ, সঞ্চয় করিয়া-রাখ।

Reposition, *n. s.* ন্যস্তকরণ, সমর্পণকরণ, রাখণ, তুলিয়া রাখণ, সাবধানে রাখণ, গচ্ছিতকরণ।

Repository, *n. s.* Fr. Lat. আগার, কোষ, ভাণ্ডার, রাখিবার স্থান, ন্যস্তাগার, গচ্ছিত করিয়া রাখিবার স্থান।

To Repossess, *v. a.* পুনর্দখল বা অধিকার-কৃ, পুনর্ভোগ-কৃ।

Repossession, *n. s.* পুনর্দখল, পুনরধিকার, পুনর্ব্বার দখল বা অধিকারকরণ।

To Repour, *v. a.* পুন-ঢাল, ফিরে-ঢাল বা নিক্ষেপ-কৃ, পুনর্নিক্ষেপ -কৃ, আরবার ঢালিয়া-ফেল।

To Reprehend, *v. a.* Lat. তিরস্কার ভর্ৎসনা অনুযোগ বা লাঞ্ছনা-কৃ, ধমকা, অপযশ দুর্নাম বা অখ্যাতি-কৃ।

Reprehender, *n. s.* তিরস্কার ভর্ৎসনা বা অনুযোগকর্ত্তা, লাঞ্ছনা কর্ত্তা, লাঞ্ছনা বা অখ্যাতিকারক।

Reprehensible, *a.* Fr. Lat. দণ্ড্য, অনুযোজ্য, দূষ্য, তিরস্কার্য্য, লাঞ্ছনা ভর্ৎসনা অখ্যাতি বা দুর্নামকরণীয় বা তদ্যোগ্য।

Reprehensibleness, *n. s.* অনুযোজ্যতা, অনুযোজ্যত্ব, তিরস্কার্য্যত্ব, ভর্ৎসনা, লাঞ্ছনা, দূষ্যত্ব।

Reprehensibly, *ad.* দোষ অনুযোগ তিরস্কার বা লাঞ্ছনাপূর্ব্বক, অনুযোগ করিয়া, দাঁটনপূর্ব্বক।

Reprehension, *n. s.* Lat. অনুযোগ, তিরস্কার, লাঞ্ছনা, ভর্ৎসনা।

Reprehensive, *a.* তিরস্কৃত, অনুযুক্ত, লাঞ্ছিত, অনুযোগ তিরস্কার বা ভর্ৎসনাবিশিষ্ট, অনুযোগকারী।

To Represent, *v. a.* Lat. Fr. প্রকাশ-কৃ, দর্শা, বর্ণনা-কৃ, কথ, প্রতিমূর্ত্তি বা প্রতিরূপ-দর্শা, প্রতিনিধিস্বরূপে কর্ম্ম-কৃ, নিবেদন বা দরখাস্ত-কৃ, প্রতিনিধি-হ, অন্যের স্বরূপ-হ, অন্যের পক্ষ হইয়া কর্ম্ম-কৃ, ওকালতী-কৃ, সাজ-সাজ।

Representance, *n. s.* প্রতিমূর্ত্তি, প্রতিরূপ, অবয়বত্ব, তুল্যতা, স্বরূপত্ব, প্রতিনিধিত্ব।

Representant, *n. s.* প্রতিনিধি, স্বরূপ, নাএব।

Representation, *n. s.* Fr. প্রতিরূপ, অনুরূপ, প্রতিনিধি, প্রতিমূর্ত্তি, নাএবি, আকার, চেহারা, গঠন, মূর্ত্তি, অবয়ব, অবয়বত্ব, প্রতিরূপধারণ, কোন সাজ সাজন, ওকালতী, নিবেদন, আবেদন, দরখাস্ত, আরজী, বিবরণ, বর্ণনা।

Representative, *a.* Fr. তুল্য, প্রতিনিধি, প্রতিমূর্ত্তি, উকীল, নাএব, চিহ্ন প্রতিরূপ।

Representative, *n. s.* তথা।

Representatively, *ad.* প্রতিনিধি উকীল বা স্বরূপ হইয়া, ওকালতীপূর্ব্বক, নাএবীপূর্ব্বক।

Representer, *n. s.* প্রকাশক, দর্শক, নাএবী বা প্রতিনিধির কর্ম্ম করে যে ব্যক্তি, নাএব, উকীল, প্রতিনিধি।

Representment, *n. s.* প্রতিমূর্ত্তি, অনুরূপ, প্রতিমা।

To Repress, *v. a.* Lat. দমন-কৃ, শাসন-কৃ, খর্ব্ব-কৃ, ছোট-কৃ দাঁট, চাপ, নিষেধ-কৃ, থামা, নিরস্ত-কৃ, ছাপিয়া-রাখ, উঠিতে না-দা, মানা-কৃ।

Repress, *n. s.* দমন শাসন খর্ব্ব বা নিরস্তকর্ত্তা, দাঁটনকর্ত্তা।

Repression, *n. s.* শাসন, দমন, খর্ব্বকরণ, থামান, নিরস্তকরণ, চাপন, চাপিয়া বা ঢাকিয়া রাখণ, উঠিতে না দেওন, দাবন, নিষেধ।

Repressive, *a.* দমনকারী, শাসনকারী, দমনক্ষম, দাবায় নিষেধ করে বা খর্ব্ব করে যে, নিষেধক।

Digitized by Google

Reprieval, *n. s.* প্রাণদণ্ডরক্ষা, প্রাণদান, প্রাণদানকরণ, প্রাণদণ্ড ক্ষমা, বধ নিবারণ, প্রাণদণ্ডহইতে বাঁচান বা রক্ষাকরণ।

To **Reprieve,** *v. a.* Fr. বধনিবারণ-কৃ, হত্যামোচন-কৃ প্রাণে বাঁচা, প্রাণদান-কৃ, প্রাণদণ্ডক্ষমা-কৃ, প্রাণদণ্ড আজ্ঞানন্তর মোচন-কৃ।

Reprieve, *n. s.* প্রাণদণ্ডক্ষমা, প্রাণদণ্ড ক্ষমাকরণ বা তন্মোচন, প্রাণ দান, প্রাণদণ্ড আজ্ঞাকরণানন্তর মুক্তি ক্ষমা বা অন্যথাকরণ।

To **Reprimand,** *v. a.* Fr. Lat. অনুযোগ-কৃ, দাঁটিয়া-দা, ধমকাই য়া-দা, দাঁট, ধমকা, তাড়না শাসন বা দমন-কৃ, চেতা, খর্ব্ব-কৃ, ভর্ৎসনা বা লাঞ্ছনা-কৃ।

Reprimand, *n. s.* Fr. দাঁটন্, ধমকান, তাড়না, শাসন, দমন, চেতনা, ভর্ৎসনা, লাঞ্ছনা, অনুযোগ।

To **Reprint,** *v. a.* পুনঃছাপা-কৃ, পুনর্মুদ্রিত-কৃ, ফের ছাপা-কৃ, প্রতিছাপ-কৃ, নূতন করিয়া ছাপা-কৃ।

Reprint, *n. s.* পুনর্মুদ্রিত বা ছাপাকৃত পুস্তক বা কোন বস্তু, পুন র্ব্বার ছাপা, দ্বিবার ছাপা, প্রতিছাপা বা মুদ্রা, নূতন বা অভিনব ছাপা বা মুদ্রা।

Reprisal, *n. s.* Lat. Fr. প্রতিহরণ, অপহ্নব, ক্ষতি বা চুরির পরি বর্ত্তে ক্ষতি বা প্রতিফল।

Reprise, *n. s.* Fr. প্রতিহরণকরণ, ক্ষতি হানি চুরি বা নোকশানের পরিবর্ত্তে ক্ষতি প্রতিফল বা দণ্ডকরণ, সাংবৎসরিক ভূমির কর বিশেষ।

To **Reprise,** *v. a.* Fr. পুনর্লওয়া, পুনর্গ্রহণ-কৃ, প্রতিদান-কৃ, দা, দান-কৃ।

To **Reproach,** *v. a.* Fr. অনুযোগ তিরস্কার বা ভর্ৎসনা-কৃ, দোষ -দা, দোষ, নিন্দা গ্লানি বা অপবাদ-কৃ, ডাঁট, ধমকা।

Reproach, *n. s.* Fr. ভর্ৎসনা, তিরস্কার, অনুযোগ, নিন্দা, গ্লানি ধমক, লজ্জা, অপকীর্ত্তি, অপযশ, ফজীহৎ, কুৎসা, গর্হা।

Reproachable, *a.* Fr. তিরস্কার্য্য, তিরস্করণীয়, ভর্ৎসনীয়, গ্লানীয়, গর্হা নিন্দা বা ভর্ৎসনাযোগ্য, নিন্দিত, গর্হিত, পরুষবাদী, দুর্ম্মু খ, মুখর, পচাল, খেচড়া।

Reproachful, *a.* নিন্দাবিশিষ্ট, নিন্দিত, গর্হিত, লাঞ্ছিত, ভর্ৎসনা বিশিষ্ট, দুর্ম্মুখ, মুখর, পচাল, খেঁচড়া, লজ্জাকর, লজ্জাবিশিষ্ট, নিন্দাকর, গ্লানি জনক, অকীর্ত্তিমান, দুর্নামী, অতিদুষ্ট, অধম, নীচ, কদর্য্য, অপকৃষ্ট, নিকৃষ্ট, জঘন্য, মন্দ।

Reproachfully, *ad.* নিন্দাপূর্ব্বক, গর্হা লজ্জা অনুযোগ ভর্ৎসনা বা লাঞ্ছনাপূর্ব্বক, কদর্য্যতা অপকৃষ্টতা বা জঘন্যতারূপে, লজ্জা জনকত্বরূপে, হেয়ত্বপূর্ব্বক।

Reprobate, *a.* Lat. দুষ্ট, দুরাচার, হতপর, পরিত্যক্ত, দুষ্কর্ম্মী, দুষ্ক র্ম্মান্বিত, বিপথগামী, লম্পট, লোকন্দরা, লুচ্চা, পামর, অধম।

Reprobate, *n. s.* দুরাচার, দুষ্ট, হতপরলোক, ত্যক্ত ব্যক্তি।

To **Reprobate,** *v. a.* Lat. ত্যাগ-কৃ, অগ্রাহ্য-কৃ, ঘৃণা-কৃ, অবজ্ঞা -কৃ, তুচ্ছ-কৃ, ন্যক্কার-কৃ, লাঞ্ছনা-কৃ, অপমান-কৃ।

Reprobateness, *n. s.* পাপ বা দুরাচারতা, দুষ্টতা, হতপরলোকের অবস্থা, পরিত্যক্তাবস্থা বা ভাব।

Reprobater, *n. s.* অস্বীকারকর্ত্তা, ত্যাগকর্ত্তা, অগ্রাহ্যকর্ত্তা।

Reprobation, *n. s.* Fr. ত্যাগকরণ, অগ্রাহ্যকরণ, অসম্মতিকরণ, ত্যক্ততা, পতিতাবস্থা, আজ্ঞা, দণ্ডাজ্ঞা।

Reprobationer, *n. s.* নষ্টকর্ত্তা, উচ্ছিন্নকর্ত্তা।

To **Reproduce,** *v. a.* পুনরুৎপাদন-কৃ, পুনর্ব্বার-জন্মা, পুনরুৎ পন্ন-কৃ, নূতন সৃষ্টি-কৃ, আরবার বা ফের-জন্মা বা উৎপত্তি-কৃ।

Reproducer, *n. s.* পুনরুৎপাদক, পুনরুৎপন্নকর্ত্তা, পুনর্ব্বার বা আরবার উৎপন্ন করে বা জন্মায় যে।

Reproduction, *n. s.* পুনরুৎপাদন, পুনরুৎপত্তি, নূতন জন্মান।

Reproof, *n. s.* ভর্ৎসনা, অনুযোগ, শাসন, তম্বী, ধমক, তাড়না।

Reprovable, *a.* অনুযোজ্য, তাড়নীয়, ভর্ৎসনীয়, লাঞ্ছনা অনুযোগ ধমক বা তম্বীকরণীয় বা তদ্যোগ্য।

To **Reprove,** *v. a.* Fr. ধমকা, তাড়না-কৃ, অনুযোগ ভর্ৎসনা বা আক্ষেপ-কৃ, দাঁট, দাব, শাসন-কৃ, অপ্রমাণ-কৃ, মিথ্যা সাবুদ-কৃ, ঝুঁটা-কৃ, অসাভ্যস্ত-কৃ, খণ্ডন বা রদ-কৃ, দোষী-কৃ, দোষ-দা, অপ যশ-কৃ।

Reprover, *n. s.* তাড়না অনুযোগ ভর্ৎসনা শাসন বা দমনকর্ত্তা, অসাভ্যস্ত বা অপ্রমাণকর্ত্তা।

To **Reprune,** *v. a.* পুনর্ব্বার-ছাঁট বা-কাট, পুনর্ব্বার-ঝোড়।

Reptile, *a.* Lat. বহুপাদী, অনেক পায় চলে যে।

Reptile, *n. s.* বহুপাদবিশিষ্ট জন্তুবিশেষ, একজাতীয় সর্পবিশেষ, উরগ, কীটবিশেষ।

Republican, *a.* অরাজক, রাজহীন, প্রজার প্রভুত্ব আছে যাহাতে বা তদ্বিশিষ্ট বা তন্নিয়মাচারী বা অনুরাগী।

Republican, *n. s.* প্রজাপ্রভুক ব্যক্তি, অরাজক নিয়ম বা শাসন মানে বা ভাল বলে যে, অরাজকে প্রজার প্রভুত্ব বা কর্তৃত্বরূপ দেশ শাসনের নিয়ম বা মত সর্ব্বোত্তম জানে বা বলে যে, অরাজ ক দেশ বা শাসন, রাজানাই যে দেশে বা মুলুকে।

Republicanism, *n. s.* পূর্ব্বোক্ত মতাবলম্বন, তন্মতে চলন বা ব্যব হার বা করণ, রাজ্য শাসনের মত বা নিয়মবিশেষ, রাজনী তিবিশেষ।

Republication, *n. s.* পুনঃপ্রকাশ, পুনঃছাপা, ছাপাপুস্তকের পুনর্ব্বার ছাপা, পুনর্মুদ্রিতকরণ, পুনঃপ্রকাশ, প্রতিজ্ঞারূপে নূতন করণ বা প্রকাশ।

Republick, *n. s.* Lat. Fr. প্রজাপ্রভুত্ব, একাতিরিক্ত ব্যক্তিতে রা জ্য বা তৎশাসনক্ষমতা অর্পণ, অরাজকতা, অনেক ব্যক্তি রাজ্য শাসন করে যেখানে যে দেশে বা যে মুলুকে, বহুরাজকত্ব, সাধা রণ স্বত্ব, সর্ব্ব অধিকার বা প্রভুত্ব, সাধারণত্ব।

Republick *of Letters,* সাধারণ পাণ্ডিত্য কিম্বা বিদ্যাভ্যাস আ ছে যাহারদিগের তজ্জাতি, সাধারণ বিদ্যা পাণ্ডিত্য বা জ্ঞান।

To **Republish,** *v. a.* পুনঃপ্রকাশ প্রচার বা ব্যক্ত-কৃ, আরবার প্র কাশ-কৃ, পুনর্ব্বার ছাপা-কৃ।

Repudiable, *a.* অগ্রাহ্য, ত্যাজ্য, ত্যাগ অস্বীকার হেয়জ্ঞান বা পৃ থক্করণীয় বা তদুপযুক্ত।

To **Repudiate,** *v. a.* Lat. Fr. স্ত্রী পুরুষের পরস্পর ত্যাগ-কৃ, স্ত্রী পুরুষকে ত্যাগ-কৃ, ত্যজ, ত্যাগ পরিত্যাগ বা পৃথক-কৃ, অবজ্ঞা বা হেয়জ্ঞান-কৃ, ছাড়িয়া-দা, ছাড়াছাড়ি-কৃ।

Repudiation, *n. s* Fr. স্ত্রীপুরুষ পরস্পর ত্যাগ বা ছাড়াছাড়ি, ত্যা গ পরিত্যাগ অস্বীকার বা অগ্রাহ্যকরণ।

To **Repugn,** *v. n.* Lat. Fr. বিপরীত মুজাহেম প্রতিকূল বা প্রতি বাদী-হ, প্রতিবন্ধ-হ, জেদ-কৃ, প্রতিকূলতা-কৃ, প্রতিকূল বা বিরু দ্ধ-হ।

To **Repugn,** *v. a.* প্রতিবন্ধ-কৃ, আটক-কৃ, প্রতিরোধ-কৃ, রোখা, থামা, প্রতিবাদ-কৃ, অনিচ্ছা প্রকাশ-কৃ।

Repugnance বা **Repugnancy,** *n. s.* Fr. বৈপরীত্য, ব্যতিক্রম বিপর্য্যয়, বিরুদ্ধতা, অন্যথা, অসম্মতি, প্রতিবাদ, আটক, রোধ, প্রতিরোধ, দ্বন্দ্বজ, ঘৃণা, দ্বেষ, অস্বীকার, নারাজী, অনিচ্ছা।

Repugnant, *a.* Fr. Lat. অনিচ্ছু, বিপরীত, ব্যতিক্রম, ব্যত্যয়ী, অন্যথা, বিপর্য্যয়, অমানক, অবশ্য, অননুগত, অবাধ্য, শরণা গত ভক্ত আজ্ঞাকারী বা বশীভূত-নহে যে।

Repugnantly, *ad.* বৈপরীত্য, বিপর্য্যয় ব্যতিক্রম বা বিরুদ্ধতারূপে বা ভাবে, অস্বীকারপূর্ব্বক, অনিচ্ছাক্রমে বা-পূর্ব্বক।

Digitized by Google

To Repullulate, *v. n.* Lat. Fr. পুনর্ব্বার-গজা, অঙ্কুর বা কুঁড়ী নির্গত-হ বা-কৃ, পুনর্মুঞ্জর বা-মৌল বা অঙ্কুর-হ।

Repulse, *n. s.* Fr. Lat. পরাভব, পরাজয়, নৈরাশ্য, নিরাশা, আশাভঙ্গ, অপসরণ, তাড়ান, খেদান, হঠান, পরিহার, এতৎকর্ম্ম অবস্থা বা ভাব, ব্যর্থহওন বা করণ।

To Repulse, *v. a.* Lat. পরাভব পরাজয় পরিহার অপসরণ বা প্রতিযুদ্ধ-কৃ, হঠাইয়া খেদাইয়া ভাগাইয়া বা তাড়াইয়া-দা, ব্যর্থ-কৃ।

Repulser, *n. s.* পরাভব পরাজয় বা প্রতিযুদ্ধকর্ত্তা, ভাগাইয়া তাড়াইয়া বা হঠাইয়া-দেয় যে।

Repulsion, *n. s.* অপসরণ, পরিহার, পরাজয়, পরাভবকরণ, তাড়ান, খেদান, হঠাইয়া দেওন।

Repulsive, *a.* অপসরণকারী, অপসরণকরণক্ষম, তাড়ায় খেদায় বা দূর করে যে, পশ্চাৎ হঠাইয়া দেয় যে, নিরাশ বা পরাজয়কারী।

To Repurchase, *v. a.* পুনঃক্রয়-কৃ পুনর্ব্বার ক্রয়-কৃ, ফের-কেন

Reputable, *a.* সম্ভ্রান্ত, বিশিষ্ট, শিষ্ট, মর্য্যাদাবান্, কলঙ্ক দুর্নাম বা অখ্যাতি নাই যাহার বা তদ্বর্জ্জিত, যশঃস্বী, যশঃশালী, সুখ্যাত, খোষনামওয়ালা।

Reputableness, *n. s.* সম্ভ্রান্ততা, বিশিষ্টতা, প্রতিষ্ঠিততা, খ্যাত্যাপন্নতা, সুখ্যাতি বা যশঃশালিত্ব তদ্গুণ বা ধর্ম্ম।

Reputably, *ad.* সুখ্যাতি প্রশংসা যশঃ সম্ভ্রম প্রতিষ্ঠা বামর্য্যাদাপূর্ব্বক, বিনা অপযশ বা অখ্যাতিতে।

Reputation, *n. s.* Fr. সম্ভ্রম, নাম, মর্য্যাদা, সুখ্যাতি, যশ, গৌরব, প্রশংসা, প্রতিষ্ঠা, আদর, সম্মান, সমাদর, খ্যাতি।

To Repute, *v. a.* Fr. Lat. মান আদর সম্ভ্রম বা মর্য্যাদা-কৃ, জ্ঞান-কৃ, বোধ-কৃ, গণ্য-কৃ।

Repute, *n. s.* গৌরব, সম্ভ্রম, মর্য্যাদা, প্রতিষ্ঠা, নাম, সম্মান, আদর।

Reputedly, *ad.* গৌরব সম্ভ্রম সম্মান প্রতিষ্ঠা বা আদরপূর্ব্বক, সামান্য আদর বা মর্য্যাদাপূর্ব্বক।

Request, *n. s.* Fr. প্রার্থনা, কামনা, নিবেদন, যাচ্ঞা, দাওয়া, আরজ, দরখাস্ত, আদর, প্রয়োজন, চাহন, অভিলষিতত্ব, চাহন, গ্রাহ্যতা।

To Request, *v. a.* প্রার্থনা যাচ্ঞা কামনা বা নিবেদন-কৃ, চাহ।

Requester, *n. s.* প্রার্থক, প্রার্থনা যাচ্ঞা কামনা বা নিবেদনকর্ত্তা, যাচক।

To Requicken, *v. a.* পুনঃসজীব-কৃ, পুনঃসচেতন-কৃ, পুনঃঔৎসুক্য যুক্ত-কৃ।

Requiem, *n. s.* Lat. মৃতব্যক্তির সম্বন্ধে স্তব গীত বা মঙ্গল প্রার্থনা, স্বচ্ছন্দতা, আরাম, সুখ, নির্ব্বিঘ্নতা, স্থৈর্য্য, স্থিরতা।

Requietory, *n. s.* Lat. কবর, গোর, সমাধি।

Requirable, *a.* প্রশ্ন বা জিজ্ঞাসাকরণীয়, চাহনোপযুক্ত বা তদ্যোগ্য, আবশ্যক, প্রয়োজনার্হ।

To Require, *v. a.* Lat. Fr. চাহ, মাঙ্গ, জিজ্ঞাসা প্রশ্ন বা দাওয়া-কৃ, যথার্থ স্বার্থ বা অধিকার পুরঃসরে-চাহ বা দাওয়া-কৃ, আবশ্যক-কৃ বা-দর্শা প্রয়োজন-কৃ, প্রয়োজনার্হ-কৃ, প্রার্থনা বা যাচ্ঞা-কৃ।

Requirer, *n. s.* যাচক, প্রার্থক, চাহে মাঙ্গে বা দাওয়া করে যে।

Requisite, *a.* Lat. উচিত, আবশ্যক, কর্ত্তব্য, বিহিত, প্রয়োজনীয়, প্রয়োজনার্হ, উপযুক্ত, দরকারী, অত্যাবশ্যক, না হইলে নয় যাহা।

Requisite, *n. s.* আবশ্যক প্রয়োজনীয় বা উপযুক্ত বস্তু বা বিষয়, অতি আবশ্যক দ্রব্য।

Requisitely, *ad.* আবশ্যক বা প্রয়োজনমতে বা তৎপূর্ব্বক, অত্যাবশ্যক বা নহিলে নয় যাহা তদনুসারে।

Requisiteness, *n. s.* অত্যাবশ্যকতা আবশ্যকতা, প্রয়োজন, প্রয়োজনীয়ত্ব।

Requisition, *n. s.* Fr. দাওয়া, দাবি, তলপ, প্রার্থনা, চাহন, মাঙ্গন, যথার্থ স্বার্থ বা অধিকার পুরঃসরে চাহন বা প্রার্থনা আরজী, নিবেদন।

Requisitive, *a.* প্রার্থনা দাওয়া বা দাবি উদ্বোধক বা তৎপ্রকাশক।

Requisitory, *a.* Lat. প্রার্থিত, যাচিত।

Requital, *n. s.* প্রতিফল, পুরস্কার, প্রতিদান, বিনিময়, পরিবর্ত্তন, প্রতিকর্ম্ম, ফিরেদেওন করণ বা হওন, পরিশোধ।

To Requite, *v. a.* Fr. পুনর্দান-কৃ, প্রতিদান-কৃ, ফিরে-দা, পুরস্কার বা প্রতিফল-কৃ বা-দা, ফিরিয়া-দা, পরস্পর-কৃ বা-দা।

Requiter, *n. s.* প্রতিদাতা, প্রতিফলদাতা বা কর্ত্তা।

Reremouse, *n. s.* Sax. বাদুড়বিশেষ, Rearmouse শব্দ দেখ।

To Resail, *v. a.* পুনঃপালি-তুল, জাহাজ-খুল বা প্রস্থান-কৃ, আরবার জাহাজ খুলিয়া-যা বা পালি উঠাইয়া ফিরে আইসে।

Resale, *n. s.* পুনর্বিক্রয়, ফের বিক্রয়, আরবার বিক্রয় বা বেচা।

To Resalute, *v. a.* Lat. Fr. পুনঃপ্রণাম বা নমস্কার-কৃ, পুনর্বন্দনা-কৃ, প্রতিনমস্কার-কৃ, ফিরে নমস্কার বা প্রণাম-কৃ, ফিরে সেলামি-দা।

To Rescind, *v. a.* Lat. Fr. রহিত-কৃ, রদ-কৃ, বাতিল-কৃ, নিবর্ত্তন বা খণ্ডন-কৃ, কোন নিয়ম আইন বা মত পরিবর্ত্তন খণ্ডন রহিত বা বাতিল-কৃ।

Rescission, *n. s.* Fr. Lat. রদ বাতিল রহিত নিবর্ত্তন বা বন্ধকরণ, খণ্ডন, ঘুচান।

Rescissory, *a.* রহিত রদ বা অন্যথাকারী বা তৎক্ষম, খণ্ডন বা রহিতকরণের শক্তি আছে যাহার বা যাহাতে।

To Rescribe, *v. a.* Lat. পুনর্লিখ, পুনর্ব্বার বা আরবার নকল-কৃ, ফিরে-লিখ, পুনর্ব্বার কাগজে-তুল বা-লিখ।

Rescript, *n. s.* Fr. Lat. সম্রাটের আজ্ঞা বা হুকুম, রাজাজ্ঞা, আদেশ পত্র, পরওয়ানা।

Rescuable, *a.* Fr. ছাড়াইয়া লওয়া যায় যাহাকে, রক্ষণীয়, রক্ষা উদ্ধার বা মুক্ত করিবার যোগ্য বা উপযুক্ত, বাঁচাইবার যোগ্য।

To Rescue, *v. a.* Lat. মুক্ত উদ্ধার নিস্তার বা রক্ষা-কৃ, বাঁচা, খালাস-কৃ, মোচন-কৃ, কোন উৎপাত ক্লেশ বা উপদ্রবহইতে-বাঁচা বা ছাড়াইয়া-লওয়া।

Rescue, *n. s.* Fr. Lat. রক্ষা, বাঁচান, উদ্ধার, মুক্তি, নিস্তার, খালাস, কোন উৎপাত বিপদ আটক বা কএদহইতে পরিত্রাণ বা ছাড়ান বা তাহাহইতে ছিনিয়া বা ছাড়িয়া লওন।

Rescuer, *n. s.* ছাড়ায় বা মুক্ত করে যে, রক্ষা বা উদ্ধারকর্ত্তা।

Research, *n. s.* Fr. তত্ত্ব, সন্ধান, অন্বেষণ, অনুসন্ধান, খোঁজ, তল্লাস, খোড়ন।

To Research, *v. a.* তত্ত্ব-কৃ, অনুসন্ধান-কৃ, অন্বেষণ খোঁজ বা তল্লাস-কৃ, চেষ্টা-কৃ, তজবীজ বা বিবেচনা-কৃ।

Researcher, *n. s.* তত্ত্ব অনুসন্ধান অন্বেষণ বা তল্লাসকর্ত্তা, পরীক্ষা বা বিচারকর্ত্তা, বিবেচক।

To Reseat, *v. a.* পুনর্ব্বার-বসা বা অবস্থাপন-কৃ, পুনর্ব্বার স্থির-কৃ, পুনর্ব্বার উপবেশন-কৃ,।

Resection, *n. s.* Fr. কাটন, ছেদন, ছাটন, কর্ত্তন, কাটিয়া ফেলন।

Digitized by Google

To Reseize, *v. a.* পুনর্ব্বার-ধর, পুনর্ব্বার আটক আক্রমণ বা দখল-কৃ, পুনর্ব্বার কাড়িয়া বা ছিনিয়া-লও, পুনঃসংস্থাপন বা পদার্পিত-কৃ, এতদর্থে *To* Resiege শব্দ দেখ।

Reseizer, *n. s.* পুনর্ব্বার ধরে আটক করে বা আক্রমণ করে যে।

Reseizure, *n. s.* পুনর্ধরণ, পুনঃ আটক বা দখলকরণ, পুনর্ব্বার কাড়িয়া বা ছিনিয়া লওন, বারংবার বা পুনঃং ধরণ আটক বা দখলকরণ।

Resemblance, *n. s.* Fr. তুল্যতা, সাদৃশ্য, সাম্য, সমানতা, উপমা, দৃষ্টান্ত, প্রতিমূর্ত্তি, উৎপ্রেক্ষা, অনুরূপতা।

To Resemble, *v. a.* Fr. সদৃশ-কৃ, মিলা, উপমা বা দৃষ্টান্ত-দা বা -কৃ, অনুরূপ বা তুল্য-হ বা-কৃ।

To Resent, *v. a.* Fr. অপকার বা দুষ্ট জ্ঞান-কৃ বা-বুঝা, আক্রোশ-কৃ, বিরক্ত ক্রুদ্ধ বেজার বা রুষ্ট-হ বা-কৃ, দাদ-লওয়া, প্রতিহিংসা বা অপকার-কৃ, চিত্তভার-কৃ, হিংসা বা ক্রোধ সাধন-কৃ, প্রতিহিংসা-কৃ।

Resenter, *n. s.* আক্রোশকর্ত্তা, দ্বেষকর্ত্তা, অপকার জ্ঞান করে যে, অপকার বা দুষ্ট বোধকর্ত্তা, দাদ লয় যে, প্রতিজিঘাংসু, প্রতিহিংসাকারী।

Resentful, *a.* প্রতিজিঘাংসক, জাতক্রোধ দৃঢ় আক্রোশ রাগ বা দ্বেষবিশিষ্ট, দ্বেষী, রাগী, অভিমানী, প্রতিজিঘাংসু, প্রতিহিংসাকারেচ্ছু, চিত্তভার করিয়া থাকে যে।

Resentingly, *ad.* জাতক্রোধপূর্ব্বক, চিত্তভারপূর্ব্বক, আক্রোশ বা ক্রোধপূর্ব্বক, প্রতিহিংসাপূর্ব্বক, প্রতিঅপকারকরণপূর্ব্বক।

Resentive, *a.* আশুরাগী, ক্রোধী বা কোপী, জাতক্রোধ আছে যাহার, হিংসাকারক।

Resentment, *n. s.* Fr. প্রতিহিংসা, আক্রোশ, ক্রোধ, জিঘাংসা, দ্বেষ, হিংসা, কোপ, দাদ লওন বা তোলন, শাত্রবতা, দ্বেষভাব, দ্বেষাদ্বেষ।

Reservation, *n. s.* Fr. তুলিয়া রাখণ, রক্ষাকরণ, মনের মধ্যে রাখণ বা ধারণ, ঢাকিয়া রাখণ, ন্যাস, সঞ্চয়।

Reservatory, *n. s.* Fr. রক্ষাস্থান, তুলিয়া রাখিবার স্থান, সঞ্চয় স্থান, ন্যাস স্থান, ভাণ্ডার।

To Reserve, *v. a.* Fr. Lat. তুলিয়া-রাখ, জমা-কৃ, ভাণ্ডার-কৃ, সঞ্চয় করিয়া-রাখ, জমা বা ন্যাস-কৃ, লাড়িয়া সরাইয়া বা কসকাটিয়া-রাখ, রাখ, অবস্থাপন-কৃ।

Reserve, *n. s.* ভাণ্ডার, সঞ্চয়, ভাবিব্যয় বা খরচ নিমিত্ত রাখণ বা সঞ্চয়করণ, মড়ার সঞ্চিতদ্রব্য, কোন উৎপাত বা অসময়ের নিমিত্তে রাখণ, মনে ধৃত বা কৃত বস্তু, গুপ্ত বিষয়, অব্যক্ত বিষয়, বারণ, নিষেধ, ব্যতিরেক, মৌনী ভারী অল্পভাষী বা মন গোমড়ার ভাব, ধৈর্য্য, তূষ্ণীংভাব রাখণ, সৈন্যের পশ্চাৎভাগ।

Reserved, *a.* ধীর, ভারী, তূষ্ণীংভূত, অল্পভাষী, মৃদু, সাবধান, সতর্ক, মনগোমড়া, অসরল, ভিতরমনা, ভিতরবুধে, অনালাপী, লজ্জাশীল, অব্যক্ত, অস্পষ্ট, অভিমানী, ভাবিত, কপট।

Reservedly, *ad.* ভারিহইয়া, সাবধানপূর্ব্বক, মনগোমড়ার মতে, সন্দিগ্ধরূপে, অস্পষ্টে, অপ্রসন্নরূপে, কচাল করিয়া।

Reservedness, *n. s.* অসারল্য, ধীরত্ব, ভারিতা, সাবধানতা, সতর্কতা, অভিমানিত্ব, ভাবিতত্ব, তূষ্ণীংভাব, গোঙ্গড়াম।

Reserver, *n. s.* সঞ্চয়কর্ত্তা, রক্ষা করিয়া রাখে যে।

Reservoir, *n. s.* Fr. ভাণ্ডার, হ্রদ, কুণ্ড, চৌবাচ্চা, জলাশয়, সঞ্চয় স্থান, জমা করিয়া রাখা যায় যে স্থানে।

To Resettle, *v. a.* পুনঃস্থাপন বা স্থিতি-কৃ, পুনর্ব্বার পরিষ্কার নিষ্পত্তি বা রফা-কৃ।

Resettlement, *n. s.* পুনঃস্থাপন বা স্থিতি, পুনঃস্থিতি বা নিষ্পত্তি করণ, পুনর্নিষ্পত্তি, পুনর্ব্বার রফা নিষ্পত্তি বা সংস্থাপন।

Resiance, *n. s.* Fr. Lat. বাস, বাসা, আবাস, বসতি, নিবাস, ঠিকানা, ঘর, বাটী, অবস্থিতি, বাসস্থান।

Resiant, *a.* বাসী, নিবাসী, বাসিন্দা, বাসকারী, বসতিকারী।

To Reside, *v. n.* Lat. Fr. বাস-কৃ, বসতি বা স্থিতি-কৃ, থাক, বর্ত্ত, স্থিত-হ, বসিয়া-যা, তলায় বা নীচে-পত, থিত।

Residence বা Residency, *n. s.* Fr. বাস, আবাস, বসতি, বাসা, নিবাস, বাটী, ঘর, ঠিকানা, বসতিস্থান, বাসস্থল, তলানি, শেষানি, তলায় বা নীচে স্থিত হয় বা পড়ে যাহা।

Resident, *a.* Lat. বাসী, বসতিকারী, নিবাসী, বাসকারী, বাসিন্দা, অবস্থিতিকারী, বসিয়া, অবস্থিত, স্থিত, নিশ্চিত, অবধারিত।

Resident, *n. s.* মাএব, প্রতিনিধি, উকীল, গোমস্তা, বিদেশে ওকালতী বা দৌত্যকর্ম্মে নিযুক্ত ব্যক্তি, ভিন্ন রাজার দরবারে বা সভায় থাকে বা ওকালতী করে যে ব্যক্তি।

Residentiary, *a.* পূর্ব্বোক্ত কর্ম্মধারী বা কারী, কোন স্থানে বাসকারী বা নিবাসী, ঘর বা বাড়ীওয়ালা, বাসকারী।

Residentiary, *n. s.* নিশ্চিত বাসস্থান আছে বা রাখে বা করে যে ব্যক্তি।

Resider, *n. s.* কোন নিশ্চিত স্থানে বাসকর্ত্তা।

Residual বা Residuary, *a.* Lat. অবশিষ্ট বা শেষাংশ দ্রব্য সম্বন্ধীয় বা তদ্বিষয়ক, অবশেষের, বাকীর।

Residue, *n. s.* Fr. Lat. অবশেষ, বাকী, বকেয়া, শেষ, অবশিষ্টাংশ।

To Resiege, *v. a.* Fr. পুনঃসংস্থান-কৃ, পুনর্ব্বার-বসা বা-রাখা।

To Resign, *v. a.* Fr. Lat. ত্যাগ-কৃ, ছাড়, হাত-উঠা, তিতিক্ষা-কৃ, উপেক্ষা-কৃ, ইস্তাফা-দা বা-কৃ, স্বত্ব দখল বা দাওয়া পরিত্যাগ-কৃ, ছাড়িয়া-দা, নির্ভর-কৃ বা-রাখ, অনায়াসে সহ্য-কৃ।

Resignation, *n. s.* Fr. ত্যাগকরণ, পরিত্যাগ, ইস্তফা, তিতিক্ষা, নির্ভর দেওন বা করণ।

Resignedly, *ad.* পরিত্যাগপূর্ব্বক, তিতিক্ষা বা উপেক্ষাপূর্ব্বক, ইস্তাফা দিয়া বা করিয়া।

Resigner, *n. s.* পরিত্যাগকর্ত্তা, উপেক্ষাকর্ত্তা, ছাড়িয়া দেয় বা পরিত্যাগ করে যে, ত্যাগকর্ত্তা।

Resignment, *n. s.* পরিত্যাগ বা উপেক্ষাকরণ, ইস্তাফা দেওন।

Resilience বা Resiliency, *n. s.* Lat. ছিটকিয়া পড়ন, প্রতিঘাতন।

Resilient, *a.* Lat. ছিটকিয়া পড়ে যে, ছটকাইয়া পড়ে যে, প্রতিঘাতকারী।

Resilition, *n. s.* Lat. ছটকাইয়া পড়ন, প্রতিঘাত।

Resin, *n. s.* Fr. Lat. ধুনা, সর্জরস, রজন ইতি প্রসিদ্ধ ভাষা।

Resinous, *a.* Fr. ধুনাবিশিষ্ট, ধুনাযুক্ত বা তন্ময়।

Resinousness, *n. s.* ধুনার ভাব বা ধর্ম্ম, ধুনাবিশিষ্টত্ব।

Resipiscence, *n. s.* Lat. গতানুশোচন, অনুতাপ।

To Resist, *v. a.* Lat. Fr. নিবারণ-কৃ, আটক-কৃ, আটকা, প্রতিবন্ধকতা-কৃ, প্রতিরোধ-কৃ, আপত্তি-কৃ, প্রাতিকূল্য-কৃ, নিবারণ-কৃ, বাধা-কৃ-দা বা-জন্মা, অস্বীকার-কৃ।

To Resist, *v. n.* বাধা বা প্রতিবন্ধক-হ, নিবারণ বা বাধা-কৃ।

Resistance বা Resistence, *n. s.* Fr. প্রতিবন্ধ, আটক, প্রতিঘাত, বাধা, নিবারণ, ব্যাঘাত, আপত্তি, অস্বীকার।

Resistant, *n. s.* ব্যাঘাত বা প্রতিবন্ধকারী।

Resister, *n. s.* বাধা বা আটককর্ত্তা

Digitized by Google

Resistibility, *n. s.* বাধকতা, প্রতিবন্ধকতা, নিবারণ প্রতিঘাত বা এতচ্ছক্তি।

Resistible, *a.* নিবার্য্য, প্রতিবাধ্য, প্রতিবন্ধনীয়, নিবারণীয়, আটক বা প্রতিঘাতকরণীয় বা তদুপযুক্ত।

Resistive, *a.* ব্যাঘাত প্রতিবন্ধ আটক বা নিবারণকরণক্ষম।

Resistless, *a.* অনিবারণীয়, অনিবার্য্য, আটক প্রতিবাধা বা নিবারণ হয় না বা করা যায় না যাহার বা যাহাতে, লাচার, অক্ষম।

Resistlessly, *ad.* অনিবারণপূর্ব্বক, অপ্রতিবাধকত্ব বা অনিবার্য্যত্ব রূপে।

Resolvable, *a.* সম্লর্কীয়, সম্লর্কযোগ্য, মেলান জোটান বা সম্লর্কীয় করণযোগ্য বা তদুপযুক্ত, বিভাজনীয়, বিভাজ্য, পৃথক্করণীয়, দ্রবকরণীয় বা ভবনীয়, গলনশীল, গলনীয়, সিদ্ধান্তকরণীয়, অর্থ বা সিদ্ধান্ত হয় বা করা যায় যাহার বা যাহাকে।

Resoluble, *a.* Fr. Lat. গলনীয়, দ্রবণীয়, আর্দ্রভবনীয় বা করণীয়, দ্রবণার্হ।

To **Resolve,** *v.a.* Lat. অর্থ-কৃ, ব্যাখ্যা-কৃ, নিষ্কর্ষ-কৃ, স্থির-কৃ, বুঝা, অবগত-করা, নিঃসন্দেহ-কৃ, পরিষ্কার-কৃ, সিদ্ধান্ত-কৃ, অর্থ স্থির-কৃ, নির্দ্ধার্য্য-কৃ, দৃঢ়-কৃ, নিশ্চয়-কৃ, দ্রব-কৃ, গলা, আর্দ্র-কৃ ইতস্ততো নিক্ষেপ-কৃ বা-ছড়া, বিরাম-দা, পৃথক্ বা ভিন্ন-কৃ, স্বতন্ত্র-কৃ।

To **Resolve,** *v. n.* নিশ্চয় নির্ধার্য্য স্থির বা অবধারিত-কৃ, বিবেচনা স্থির-কৃ, নিশ্চয় মন-কৃ, গলিত বা দ্রব-হ, গল।

Resolve, *n. s.* মনস্থ স্থির নির্ধার্য্য বা নিশ্চয়করণ।

Resolvedly, *ad.* নিশ্চয় স্থৈর্য্য নির্ধার্য্য বা নিষ্কর্ষপূর্ব্বক, দৃঢ় বা অচল মতিপূর্ব্বক, দার্ঢ্য বা নিশ্চয় করিয়া, অমোঘরূপে।

Resolvedness, *n. s.* নিশ্চয় নির্ধার্য্য বা দৃঢ় মতি প্রতিজ্ঞা বা মত স্থৈর্য্য, অটল বা অচল মতি।

Resolvent, *n. s.* Lat. গলানক্ষম, দ্রবকরণ বা ভবনক্ষম, পাচক, দ্রাবক।

Resolver, *n. s.* দৃঢ় প্রতিজ্ঞা অটল বা অচল মনস্থকর্ত্তা, পরিষ্কার কর্ত্তা, অর্থ বা ব্যাখ্যাকর্ত্তা, সংশয়ভঞ্জক, গলায় দ্রব বা পৃথক্ করে যে।

Resolute, *a.* Fr. নিশ্চিত, স্থিরীকৃত, দৃঢ়, অটল, অচল, অলড়, ধারণাক্ষম।

Resolute, *n. s.* ধারণাবান্ ব্যক্তি, ধারণাক্ষম, নিশ্চিত বা অবধারিত মত বা অভিপ্রায়ে রত যে ব্যক্তি।

Resolutely, *ad.* দৃঢ়রূপে, স্থৈর্য্যভাবে, অটল বা অচলরূপে, নিশ্চয়ে, স্থির করিয়া, প্রতিজ্ঞা করিয়া বা তৎপূর্ব্বক, নিশ্চয় মনস্থপূর্ব্বক।

Resoluteness, *n. s.* দৃঢ় নিশ্চয় অচল বা অলড় মতি বা প্রতিজ্ঞা, নিশ্চয়ত্ব, দার্ঢ্য, নিষ্কর্ষতা।

Resolution, *n. s.* Lat. পরিষ্কারকরণ, সহজকরণ, বাধা বা উৎপাত ঘুচান, পৃথক্২ করণ, অংশ ভিন্ন২ করণ, স্বতন্ত্র বা জুদাকরণ, দৃঢ় প্রতিজ্ঞা, স্থির প্রতিজ্ঞা, দৃঢ়তা, অলড়ত্ব, নিশ্চিত বা স্থিরীকৃত মত অভিপ্রায় বা মতলব, নিষ্কর্ষ, ঠাহর, বিচার বা বিবেচনার স্থৈর্য্য, আদালতের ফয়শালা হুকুম বা অনুজ্ঞা, সাহস, ভরসা।

Resolutioner, *n. s.* পরের মত কথা বা অভিপ্রায়ের অনুগামী, অন্যের কথাতে মিলে চলে বা জোট দেয় যে।

Resolutive, *a.* Fr. পৃথক্ স্বতন্ত্র বা ভিন্ন২ করণক্ষম, শিথিল বা আলগা করণক্ষম।

Resonance, *n. s.* Lat. শব্দ, ধ্বনি, প্রতিধ্বনি।

Resonant, *a.* Fr. Lat. প্রতিধ্বনিকারী।

To **Resorb,** *v. a.* Lat. গ্রাস-কৃ, গিল, খাইয়া-ফেল, শোষ।

Resorbent, *a.* Lat. গ্রাসক, ভক্ষক, খায় বা গিলে যে।

To **Resort,** *v. n.* Fr. অন্যউপায়-কৃ, উপায়ান্তর গ্রহণ-কৃ, শেষে সার-কৃ, প্রকাশরূপে-গম যা-বা মিল, একতা বা ঐক্য-হ, ফিরিয়া-আগম বা-পত।

Resort, *n. s.* সাতত্য, পৌনঃপুন্য, ভিড়, জনতা, মেলা, রেলা, লোকারণ্য, মনুষ্যময়, বৈঠক, সভা, সন্দর্শন, সাক্ষাৎকরণ, গতি, গমনাগমন, চালি, উদ্যোগ, কার্য্যকারিতা শক্তি, ক্ষমতা।

Resorter, *n. s.* গমনাগমনকারী, সর্ব্বদা যায় দেখে বা সাক্ষাৎ করে যে।

To **Resound,** *v. a.* Lat. Fr. প্রতিধ্বনি-কৃ, উল্টাইয়া শব্দ-কৃ, শব্দ বা ধ্বনি-কৃ, গুঞ্জ, ধ্বনি বা শব্দদ্বারা প্রতিষ্ঠা-কৃ।

To **Resound,** *v. n.* প্রতিধ্বনি-হ, শব্দ-কৃ বা-হ, শুনা যায় এমত শব্দ-কৃ।

Resound, *n. s.* প্রতিধ্বনি, প্রতিশব্দ, ধ্বনি, শব্দ, আওয়াজ।

Resource, *n. s.* Fr. উপায়, উপপত্তি, জোত্র, পথ, গতি, আশ্রয়, চারা, উদ্যোগ, উৎসাহ।

Resourceless, *a.* নিরুপায়, নিরাশ্রয়, লাচার, উপায় পথ উপপত্তি জোত্র বা গতি নাই যাহার বা যাহাতে।

To **Resow,** *v. a.* পুনা-রোপ, পুনারোপণ-কৃ, পুনর্ব্বার বীজ-রোপ বা-ছড়া।

To **Respeak,** *v. n.* প্রতি-বচ, উত্তর-কৃ, পুনর্ব্বার কথ-বচ বা-বদ।

To **Respect,** *v. a.* Lat. সম্লর্ক বা সম্বন্ধ-রাখ বা-কৃ, আস্থা বা সম্ভ্রম-কৃ, দায়-রাখ, সম্বন্ধীয়-কৃ, আদর-কৃ, মান, মর্য্যাদা-কৃ, বিষয়ে সম্লর্ক-রাখ, অগ্রে-দেখ, পূজা বা অর্চ্চনা-কৃ, মর্য্যাদা-কৃ, আস্থা-কৃ, শ্রদ্ধা-কৃ, মান্য-কৃ, সঙ্কোচ-কৃ, ভক্তি-কৃ, অনুরাগ-কৃ।

Respect, *n. s.* Fr. Lat. আদর, সমাদর, মর্য্যাদা, সম্ভ্রম, সঙ্কোচ, মান্যতা, শিষ্টাচার, আস্থা, পূজা, অর্চ্চনা, শ্রদ্ধা, সম্ভ্রান্ত নাম মর্য্যাদা বা উপাধি, ব্যবহার, অভিপ্রায়, আশয়, মনোমত, সম্লর্ক, সম্বন্ধ, বিষয়সম্বন্ধ, ভক্তি, অনুরাগ।

Respectability, *n. s.* মান, মর্য্যাদা, মান্যতা, সম্ভ্রান্ততা, মর্য্যাদান্বিতত্ব, ভদ্রতা, শ্রেষ্ঠত্ব, উত্তমতা, সুদৃশ্যতা, দৃষ্টিশোভা, মান্যতা।

Respectable, *a.* Fr. সম্ভ্রান্ত, আর্য্য, আদর্য্য, আদরণীয়, বিশিষ্ট, মান্য, ভদ্র, উত্তম, শ্রেষ্ঠ, তালেবর।

Respectably, *ad.* সম্ভ্রান্ত আদর্য্য বিশিষ্ট মান্য বা উত্তমরূপে, শ্রদ্ধাপূর্ব্বক, সম্ভ্রম মান্য বা আদর করিয়া বা এতদ্রূপে, সম্ভ্রম আদর মান্যতা বা মর্য্যাদার উপযুক্ত বা তদ্যোগ্য।

Respectableness, *n. s.* বিশিষ্টতা, মান্যতা, আদর্য্যত্ব, সম্ভ্রান্তত্ব, শ্রেষ্ঠত্ব, ভদ্রত্ব, উত্তমতা, মর্য্যাদান্বিতত্ব।

Respecter, *n. s.* মান্যতা আদর বা সম্ভ্রমকর্ত্তা, শ্রদ্ধা বা মান্য করে যে ব্যক্তি, ভক্ত।

Respectful, *a.* সম্ভ্রমকারী, শিষ্টাচারী, মর্য্যাদক, আদরকারী, সঙ্কোচী, কুণ্ঠিত, শিষ্ট, বিশিষ্ট।

Respectfully, *ad.* সমাদরপূর্ব্বক, শিষ্টাচারপূর্ব্বক বা তদ্রূপে, মর্য্যাদা করিয়া, সম্ভ্রম মান্যতা বা মর্য্যাদাপূর্ব্বক, ভক্তি শ্রদ্ধা বা অনুরাগপূর্ব্বক।

Respectfulness, *n. s.* শিষ্টাচারিত্ব, সম্ভ্রমকারিত্ব, সমাদর্য্যত্ব, মর্য্যাদকত্ব, সম্ভ্রান্তত্ব শিষ্টতা, মর্য্যাদকত্ব।

Respective, *a.* বিশেষ, বিষয়ক, সম্বন্ধীয়, নিজের, স্বকীয়, আপনার, আপন২ সম্বন্ধীয়।

Respectively, *ad.* বিশেষরূপে, আপন২, স্বীয়২, সম্বন্ধপূর্ব্বক, স্বয়ংযাহার যে তৎপূর্ব্বক।

Respectless, *a.* অনাদর্য্য, অমান্য, অশ্রদ্ধেয়, অনাস্থেয়, বিশিষ্টতাহীন, সামান্য।

Digitized by Google

Respectlessness, *n. s.* অনাদর্য্যত্ব, অসংভ্রান্তত্ব, অমান্যত্ব, অবিশিষ্টত্ব, অশ্রদ্ধেয়ত্ব।

To **Resperse**, *v. a.* Lat. প্রোক্ষণ-কৃ, ছিটা, ক্ষুদ্রং করিয়া ইতস্ততঃ -ফেল বা নিক্ষেপ-কৃ।

Respersion, *n. s.* Lat. প্রোক্ষণকরণ, ছিটান, ছড়ান।

Respiration, *n. s.* Fr. Lat. নিশ্বাস প্রশ্বাস বা তৎকর্ম্ম, শ্বাস, বিশ্রামকাল, অন্তরকাল, অভ্যন্তর কাল বা স্থান।

To **Respire**, *v. n.* Lat. Fr. নিশ্বাস ত্যাগ-কৃ, প্রশ্বাস গ্রহণ-কৃ,দম -লও, নিশ্বাস ধারণ-কৃ, বিশ্রাম-কৃ, আরাম-কৃ, শ্রম বা কর্ম্মানন্তর বিশ্রাম-লওয়া বা-জিরা।

To **Respire**, *v. a.* নিশ্বাস ত্যাগ-কৃ বা-ফেল, হাঁপা।

Respirable, *a.* নিশ্বাস ত্যাগ করে বা ফেলে যে, তদ্যোগ্য বা উপযুক্ত।

Respiratory, *a.* নিশ্বাস প্রশ্বাসক্ষম বা তচ্ছক্তি আছে যাহার বা যাহাতে।

Respite, *n. s.* Fr. প্রাণদণ্ডের ক্ষমা, প্রাণদণ্ড হয় এমত অপরাধে ক্ষমা, মাপ, রহিত বা স্থগিতকরণ, অবসর, অবকাশ, বিরাম।

To **Respite**, *v. a.* স্থগিত-কৃ, বিরাম-দা, বিরত-কৃ, অবকাশ-কৃ বা -দা, যবস্থবে-রাখ।

Resplendence বা **Resplendency**, *n. s.* ঔজ্জ্বল্য, তেজ, দীপ্তি, প্রভা, সৌন্দর্য্য, শোভা।

Resplendent, *a.* Lat. উজ্জ্বল, দীপ্তিমান্, দীপ্ত, তেজোময়, শোভাকর, সুন্দর।

Resplendently, *ad.* ঔজ্জ্বল্যরূপে, তেজ দীপ্তি বা প্রভাপূর্ব্বক সৌন্দর্য্যরূপে।

To **Respond**, *v. n.* Lat. উত্তর-দা বা-কৃ, প্রত্যুত্তর-কৃ, সওয়াল জওয়াব-কৃ, উপযুক্ত যোগ্য বা মতমত-কৃ, মেল।

Respond, *n. s.* তুক্ক, কোন অধ্যায় বা প্রকরণের মধ্যে ব্যবহৃত বা আগত গান বা কীর্ত্তন।

Respondent, *n. s.* Lat. প্রত্যুত্তরকর্ত্তা, প্রতিবাদী, কোন মোকদ্দমায় জওয়াবদাতা, হদ্দজবাবী, রেস্পাণ্ডেণ্ট ইতি প্রসিদ্ধ ভাষা।

Responsal, *a.* দায়গ্রস্ত, জবাবদায়ী, ঝুঁকিগ্রস্ত।

Responsal, *n. s.* পরের নিমিত্তে জবাব দেয় নিশা করে দায় গ্রস্ত হয় বা দায়ে ঠেকে যে ব্যক্তি, হদ্দজবাব, প্রত্যুত্তর আপত্তি বা কোটিখণ্ডন।

Response, *n. s.* Lat. প্রতিবাদ, উত্তর, প্রত্যুত্তর, হদ্দজবাব, নরাঙ্কিত, গ্রিজা বা দেবালয়ে আগত বা সভাস্থ জনসমূহের যাজকের সহিত উত্তর প্রত্যুত্তর।

Responsibility, *n. s.* Fr. ঝুঁকি, দায়, জবাব দেওয়ার ভাব বা অবস্থা, দাওয়া, ভার, নিশা।

Responsible, *a.* Lat. দায়গ্রস্ত, দায়ী, ভারগ্রস্ত, ভারাক্রান্ত, ঝুঁকিগ্রস্ত, জবাবদায়ী, দায় লয় যে, নিশা করে যে, কোন কোটি পণ বা একরার আদায় বা উদ্ধারকরণক্ষম।

Responsibleness, *n. s.* দায়গ্রস্ততা, ভারাক্রান্ততা, দায়িত্ব, ঝুঁকি, নিশা, জবাব, উত্তর।

Responsion, *n. s.* Lat. উত্তর দেওন বা করণ।

Responsive, *a.* Fr. উত্তরদাতা, উত্তরদায়ী বা কারী, উপযুক্ত, যোগ্য হয় বা মেলে যে, মিল হয় যাহার যাহাতে বা যাহার সহিত।

Responsory, *a.* Lat. উত্তরবিশিষ্ট।

Responsory, *n. s.* উত্তর, প্রত্যুত্তর, প্রতিবাদ।

Rest, *n. s.* Sax. আলস্যত্যাগ, শয়ন, নিদ্রা, বিশ্রাম, আরাম, মহানিদ্রা, মৃত্যু, বিরাম, স্থিরতা, নিবৃত্তি, সুখ, শান্তি, উৎপাত ক্লেশ বা ধুমধামরাহিত্য বা তদ্ভাব, শারীরিক বিশ্রামের নিবৃত্তি ত্যাগ বা ক্ষান্তি, আশ্রয়, রক্ষা, সুখস্থান, আশা নিদান, শেষ, অবশেষ, বাকী, বিরতি, সুর বা বাদ্যের বিরাম

Rest, *a.* Fr. Lat. আরআর, অপর, অবশিষ্ট, বাঁকী।

To **Rest**, *v. n.* Sax. আরাম বিশ্রাম বা শয়ন-কৃ, স্থির বা নিবৃত্ত -হ, নিদ্রা-যা, জিরা,মহানিদ্রা-যা, মর, লয়-হ, সুস্থির-হ, কোন অভিপ্রায় বা মতে স্থির বা দৃঢ়-হ, আলস্যত্যাগ-কৃ, পরিশ্রমহইতে বিরত-হ, তুষ্ট সুখী বা খুসী-হ, স্বীকার-কৃ, হেলান বা ঠেস-দা, থাক, বাকী-থাক, অবশিষ্ট-থাক বা-হ।

To **Rest**, *v. a.* আদান-কৃ বা-সোয়াইয়া-রক্ষ।

Restagnant, *a.* Lat. অচল, স্থির, গতিরহিত, অপ্রবহণপূর্ব্বক স্থির।

To **Restagnate**, *v. n.* স্থির-হ, অচল বা সুস্থির-হ, প্রবহণ বৃদ্ধি বা গতিরাহিত্যপূর্ব্বক-থাক।

Restagnation, *n. s.* বিনাপ্রবহণ গতিতে চালি বা থাকন বা স্থির হওন।

Restauration, *n. s.* Lat. পূর্ব্বাবস্থা প্রাপ্তকরণ বা হওন, পূর্ব্বাবস্থা প্রাপ্তি বা লাভকরণ।

To **Restem**, *v. a.* প্রতিগম, বৈপরীত্যে-চল বা-গম, স্রোতের প্রতিকূলে-চল বা গমন-কৃ।

Restful, *a.* স্থির, ধীর, সুস্থির, বিরত, বিশ্রান্ত।

Restfully, *ad.* স্থিরতা সুস্থিরতা বিশ্রাম আরাম বা নিরুদ্বেগ পূর্ব্বক।

Restharrow, *n. s.* বৃক্ষবিশেষ।

Restiff, *a.* Fr. Ital. দুরন্ত, দুষ্ট, দুর্ব্বৃত্ত, ঠেঁটা, বিষম, অদম্য, যা ইতেং বিরাম দেয় বা থাকে যে, একগুঁইয়া।

Restifness, *n. s.* দুষ্টতা, দুর্ব্বৃত্ততা, ঠেঁটামি, একগুঁইয়ামি।

Restinction, *n. s.* Lat. নির্ব্বাণকরণ, বুঁজান।

Restingplace, *n. s.* আরাম বা বিশ্রাম স্থান, আড্ডা।

To **Restinguish**, *v. a.* Lat. নির্ব্বাণ-কৃ, বুঁজা, বুঁজাইয়া-দা, লয় -কৃ, বিনাশ-কৃ।

To **Restitute**, *v. a.* Lat. পূর্ব্বাবস্থাপ্রাপ্তি বা লাভ-কৃ।

Restitution, *n. s.* Lat. পুনর্দেওন, পুনরর্পণ, ফিরে দেওন, নিশাকরণ, পূর্ব্বাবস্থা ভাব কর্ম্ম বা পদ পুনঃপ্রাপ্তি বা লাভকরণ।

Restitutor, *n. s.* Lat. পুনর্দাতা, ফিরে দেয় যে ব্যক্তি, পুনর্দান বা অর্পণকর্ত্তা, পুনঃস্থাপক, প্রত্যর্পণ বা উদ্ধারকর্ত্তা।

Restive, Restiveness; Restiff, Restifness শব্দ দেখ।

Restless, *a.* Sax. অস্থির, ব্যাকুল, ছটফটে, নিদ্রা নাই বা হয় না যাহার, সুখ বা আরামরহিত, বর্জিত, ব্যস্ত বা চঞ্চল, অনিশ্চিত, অদৃঢ়, অবিরত অবিশ্রান্ত।

Restlessly, *ad.* অস্থৈর্য্যরূপে, আরাম সুখ নিবৃত্তি বা নিদ্রারাহিত্যপূর্ব্বক, চাঞ্চল্য বা ব্যাকুলতাপূর্ব্বক।

Restlessness, *n. s.* অনিদ্রা, বেআরাম, নিদ্রাভাব, উদ্বেগ, বিরাম বিশ্রাম স্থিরতা সুস্থিরতা বা নিবৃত্তিরাহিত্য বা এতদ্ভাব, গতি, চালি, লড়াচড়া।

Restorable, *a.* পুনরর্পণীয়, পুনর্দেয়, পুনরুদ্ধরণীয়, প্রতিদেয়, ফিরে দেওনোপযুক্ত, পূর্ব্বাবস্থা প্রাপ্তকরণীয় বা তদুপযুক্ত, পুনঃসংস্থাপনীয়।

Restoral, *n. s.* পুনর্দেওন, নিশাকরণ, ফিরে দেওন বা হওন।

Restoration, *n. s.* পূর্ব্বাবস্থাপ্রাপ্তকরণ, রাখন, পূর্ব্বাবস্থায় পুনর্দেওন, পুনঃস্থাপন, ফিরে মকরর, উদ্ধার।

Restorative, *a.* পুনঃসজীবকরণ বা হওনক্ষম, সুস্থকারী, উদ্ধারকারী, পুনঃসবলকারী, ধাতুপোষক, ধাতুপুষ্টিকর।

Digitized by Google

Restorative, *n. s.* পুনঃসজীব বা সবলকরণক্ষম ঔষধি, ধাতু পোষক বা পুষ্টিকর ঔষধ।

To **Restore,** *v. a.* Fr. Lat. ফিরিয়া-দা, পুনরুদ্ধার-কৃ, প্রত্যর্পণ -কৃ, হারাণ গৃহীত বা নীত বস্তু ফিরে-দা, পুনরানয়ন-কৃ, পুনঃসংস্থান-কৃ, পূর্ব্বাবস্থাপ্রাপ্ত-কৃ, সুস্থ-কৃ, স্বাস্থ্য-কৃ, পুনর্ব্বার কর্ম্ম-দা, নষ্টোদ্ধার-কৃ।

Restorer, *n. s.* ফিরে দেয় যে ব্যক্তি, পুনরুদ্ধারকর্ত্তা, প্রত্যর্পণ কর্ত্তা, সুস্থকর্ত্তা, নষ্টোদ্ধারকর্ত্তা।

To **Restrain,** *v. a.* Fr. নিবারণ-কৃ, নিরস্ত-কৃ, আটকা, আগলা, আগলিয়া-রাখ, ধরিয়া-রাখ, আটক-কৃ, বাধা-কৃ বা-জন্মা, দমন -কৃ, সংক্ষেপ-কৃ।

Restrainable, *a.* নিবারণীয়, নিরসনীয়, নিবার্য্য, নিরস্ত আটক দমন বা বাধা করণীয় বা ভবনীয়, এতৎক্ষম বা উপযুক্ত, আটকা ইলে বা আগলাইলে থাকে যে, দমনীয়, ধরণীয়।

Restrainedly, *ad.* আটক নিবারণ নিবৃত্তি বা নিরস্ত হইয়া বা করিয়া, আগলাইয়া, ধরিয়া বা কএদ করিয়া বা তৎপূর্ব্বক।

Restrainer, *n. s.* নিবারক, নিষেধক, বাধক, আটকাইয়া ধরিয়া বা আগলিয়া রাখে যে।

Restraint, *n. s.* Fr. নিবৃত্তি, ধৃতি, সংযম, আটক, বাধা, দমন, ক্ষমতা, শক্তি, আলগা বা খর্ব্বকরণ, নিবারণ, আটক, ধরিয়া বা আগলিয়া রাখণ, দমন, দবদবা, ইচ্ছা, অভিপ্রায় বা ব্যবহার রহিতকরণ, নিবারণ, নিষেধ, শাসন।

To **Restrict,** *v. a.* Lat. সীমার নিরূপণ-কৃ, সীমা নির্ধার্য্য-কৃ, শক্তি বা ক্ষমতার সীমা-কৃ, পরিমিত-কৃ, নিষেধ-কৃ।

Restriction, *n. s.* Fr. আটক, পরিমিততা, নিষেধ, সীমা নির্ণয় বা সীমার নির্দ্ধার্য্যকরণ, অন্ত বা সীমাকরণ।

Restrictive, *a.* পরিমিত নিষেধ আটক বা বাধাপ্রয়োজক বা প্রকাশক, দমন বা শাসনকারী, ধারক, ঝাল, কটু, সংকোচক।

Restrictively, *ad.* পরিমিততা আটক বাধা বা সীমা নির্দ্ধার্য্য করণপূর্ব্বক।

To **Restringe,** *v. a.* Lat. পরিমিত-কৃ, সঙ্কুচ, খর্ব্ব হ্রস্ব অল্প বা ছোট-কৃ।

Restringency, *n. s.* সঙ্কোচকরণক্ষমতা।

Restringent, *n. s.* Lat. সঙ্কোচকরণক্ষম, ধারক, বন্ধকারক।

To **Restrive,** *v. n.* পুনশ্চেষ্টা যত্ন আকুঞ্চন বা পরিশ্রম-কৃ, পুনর্যুদ্ধ বা জেদ-কৃ।

Resty, *a.* Fr. একবেগে, একগুঁয়ে, ঘাড়গোঁজা, ভারী, জড়, চলে না বা সরে না যে।

Resubjection, *n. s.* পুনর্ব্বার বশ অধীন বা পয়নামহওন বা করণ বা তদ্ভাব বা তদবস্থা।

To **Resublime,** *v. a.* পুনরুচ্চ বড় বা ভাল-কৃ, কিমিয়ার অগ্নি দ্বারা পুনর্ব্বার তেজ-কৃ বা-জন্মা।

Resudation, *n. s.* Fr. পুনর্ব্বার ঘামান স্বেদ দেওন বা রস নির্গত করণ।

To **Result,** *v. n.* Lat. প্রতি আঘাত-হ, ফিরে বা ঠিকরিয়া-পত, উৎপন্ন-হ, ফলোৎপন্ন-হ, ফল গুণ বা শেষ-হ, ফল-জন বা লাভ -হ, কোন কর্ম্মের শেষ বা ফল-দৃশ বা জন।

Result, *n. s.* উৎপত্তি, ফল, লাভ, প্রয়োগ, শেষ, গুণ, উপকার কোন কর্ম্ম বা বিষয়হইতে শেষ উৎপন্ন হয় যাহা।

Resultance, *n. s.* Fr. উৎপন্নকরণ বা হওন, গুণ ফল বা শেষ হওন করণ বা দর্শান।

Resumable, *a.* পুনর্গ্রহণীয়, পুনর্ব্বার লওয়া যায় যাহা, পুনরারম্ভকরণীয়, ফিরে লওয়া বা করা যায় যাহা।

To **Resume,** *v. a.* Lat. ফিরিয়া-লওয়া, দিয়া-লওয়া, পুনর্গ্রহণ -কৃ, হৃত গৃহীত বা দত্ত কোন বস্তু বা বিষয় পুনর্ব্বার-লওয়া বা গ্রহণ-কৃ, পুনর্লওয়া, পুনরারম্ভ-কৃ, পুনরুত্থাপন-কৃ, বাজেয়াপ্ত -কৃ, জব্দ করিয়া-লওয়া।

Resumption, *n. s.* Fr. Lat. ফিরে লওন, পুনর্গ্রহণ, প্রত্যাহরণ, পরাবর্ত্তন, পুনরারম্ভকরণ, বাজেয়াপ্ত।

Resumptive, *a.* Lat. পুনর্গ্রাহক, পুনর্গ্রাহী, ফিরেলয় যে, পরাবর্ত্তনকারী।

Resupination, *n. s.* Lat. শুয়ে গড়িয়া বা পড়িয়া থাকন, চীৎপাত হইয়া থাকন বা তদ্ভাবে শয়ন।

To **Resurvey,** *v. a.* পুনর্দৃষ্টি-কৃ, পুনরবলোকন-কৃ, পুনর্নিরীক্ষণ -কৃ, আরবার সমীক্ষণ পর্য্যালোচনা বা দৃষ্টি-কৃ, ফিরে-তাকা, পুনঃতত্ত্বাবধারণ-কৃ, পুনর্ব্বার-মাপ, পুনর্ব্বার মাপ বা জরীব-কৃ।

Resurrection, *n. s.* Fr. পুনরুত্থান, মরিয়া বাঁচন, গোরহইতে উঠন।

To **Resuscitate,** *v. a.* Lat. Fr. পুনশ্চেতন-কৃ, পুনর্ব্বার গতিশীল-কৃ, পুনর্ব্বার সবল সজীব জীবিত বা জাগ্রত-কৃ।

To **Resuscitate,** *v. n.* জাগ্রত-হ, জাগ, পুনর্ব্বার সবল সজীব বা জীবিত-হ।

Resuscitation, *n. s.* পুনর্ব্বার গতিশীল হওন বা করণ, জীবিত সবল বা সজীবকরণ হওন বা এতদবস্থা বা ভাব, পুনরুত্থান।

Resuscitative, *a.* Fr. পুনর্জীবিতকারী, পুনঃসজীব হয় যে, মরিয়া বাঁচে যে।

To **Retail,** *v. a.* Fr. খুদরা ক্রয়বিক্রয়-কৃ, খুদরা ব্যাপার-কৃ, ফড়েমি-কৃ, খরচা বিক্রয়-কৃ, অত্যল্প বা ক্রমে বিক্রয়-কৃ, ক্রয় করিয়া বিক্রয়-কৃ।

Retail, *n. s.* খুদরা বিক্রয়, ফড়েতি, ফড়েম, অল্পং করিয়া বিক্রয় করণ, খরচা বিক্রী।

Retailer, *n. s.* ক্ষুদরা বিক্রেতা, দোকানি, ফড়ে, খরচা বিক্রী করে যে।

To **Retain,** *v. a.* Lat. Fr. রাখ, সন্তর্পণে-রাখ, স্থাপিত-কৃ, স্থিত -রাখ, দাবিয়া বা ধরিয়া-রাখ, ধারণ-কৃ, চাকর-রাখ, ছাড়িয়া না-দা, ত্যাগ না-কৃ, না-হারা, বদ্ধ-কৃ, উকিল বা কৌন্সলি নিযুক্ত -কৃ বা তাহাকে বায়না-দা।

To **Retain,** *v. n.* সম্বন্ধীয়-হ, সম্পর্কীয়-হ, টেঁক, টেঁকিয়া-থাক, থাক, রহ, অধীন-হ।

Retainer, *n. s.* অধীন, বশীভূত, বাধ্য, আয়ত্ত, ভৃত্য, চাকর, বেতনভুক্, সংযুক্ত, কৌন্সলীর রসুম, কৌন্সলীকে কোন কর্ম্মে নিযুক্ত করণার্থে দত্ত ধন বা খরচা, সংলগ্ন বস্তু বা ব্যক্তি বদ্ধ করিয়া বা বশে রাখন, সন্তর্পণে রাখে যে, হারায় না বা খোয়ায় না যে।

To **Retake,** *v. a.* ফের-লওয়া, পুনর্ব্বার গ্রহণ-কৃ, দিয়ে-লওয়া।

To **Retaliate,** *v. a.* Lat. বদলে-দা, সমানং-দা, শোধের শোধ -কৃ, শোধ-দা, বিনিয়ম-কৃ, প্রতিফল-দা বা কৃ, পরিশোধ-কৃ, পুনর্দান-কৃ।

Retaliation, *n. s.* পুনর্দান, প্রতিফল, প্রতীকার, পরিশোধ, শোধের শোধ।

To **Retard,** *v. a.* Lat. বাধা-কৃ বা-জন্মা, বিলম্ব ব্যাজ বা গৌণ-কৃ, গহরী বা দেরি-কৃ, গতিরোধ-কৃ, প্রতিবন্ধকতা-কৃ।

To **Retard,** *v. n.* গৌণ করিয়া-থাক, গৌণ-কৃ, বিলম্ব-কৃ, বিলম্ব বা দেরি করিয়া-আগম বা-হ।

Retardation, *n. s.* Fr. বাধা, বিলম্ব, গৌণ দেরি গহরী বা ব্যাজ করণ, প্রতিরোধ, অবরোধ।

Digitized by Google

Retarder, *n. s.* বাধক, বাধাজনক, বাধাকর্ত্তা বা দাতা, অবরোধ বা প্রতিরোধকর্ত্তা, গৌণ বা বিলম্বকর্ত্তা।

Sophistically, *ad.* সিদ্ধান্তাভাসপূর্ব্বক, মিথ্যা বিতণ্ডা বা কুতর্কপূর্ব্বক, অযথার্থ মত যুক্তি বা তর্কপূর্ব্বক, বিবাদপূর্ব্বক।

To **Sophisticate**, *v. a.* Fr. মিশা, মিশ্রিত-কৃ, ভাঁজ-মিলা, ভাঁজ-দা, ভাঁজাল-দা, মেশগোষ-কৃ, অশুদ্ধ-কৃ, অপবিত্র-কৃ, ভ্রষ্ট বা নষ্ট-কৃ, খাদি মিশ্রণ-কৃ, ভাঁজ বা অপকৃষ্ট দ্রব্যের মেলদ্বারা কৃত্রিম বা নষ্ট-কৃ, ধর্ম্ম মণ্ডলের বৈলক্ষণ্য-কৃ বা-জন্মা।

Sophisticate, *part. a.* মিশ্রিত, ভাঁজ বা ভাঁজাল দেওয়া, অশুদ্ধ, আসল নহে যাহা, নকল, কৃত্রিম, নষ্ট, দুষ্ট, ভ্রষ্ট, খাদিমিশ্রিত, অমূলক।

Sophistication, *n. s.* Fr. ভাঁজ, ভাঁজাল, কৃত্রিমের ভাব বা অবস্থা, ভাঁজ দেওন, অযথার্থ অশুদ্ধ নষ্ট বা ভ্রষ্টকরণ, যোগকরণ, মেল দেওন, খাদি মিশ্রণ, মেল, যোগ, ভাঁজাল বা খাদি মিশ্রণদ্বারা নষ্ট দুষ্ট ভ্রষ্ট বা কৃত্রিমকরণ।

Sophisticator, *n. s.* ভাঁজ বা ভাঁজালদাতা, মিশাল দেয় যে, কৃত্রিমকর্ত্তা, আসলে বৈলক্ষণ্যকর্ত্তা, অযথার্থকর্ত্তা।

Sophistry, *n. s.* সিদ্ধান্তাভাস, মিথ্যা বাদানুবাদ, অযথার্থ মত যুক্তি বা বিচার, তার্কিকতা, ভ্রমজনক কথা তর্ক বিচার বা বাক্য।

To **Soporate**, *v. n.* Lat. নিদ্রা-যা, ঘুম, নিদ্রিত-হ, শয়ন-কৃ, ঘুমিয়া-পড়।

Soporiferous, *a.* Lat. ঘুম বা নিদ্রাজনক, নিদ্রাকর্ষক, ঘুম আনে যাহাতে বা যদ্দ্বারা, নিদ্রাপ্রয়োজক, ঘুমপাড়ান্যা, মাদক, মাদক বা জড়কারক শক্তি আছে যাহার বা যাহাতে, বিহ্বল বা বেহোশকারী, নিদ্রাকৃষ্ট, নিদ্রিত, নিদ্রালু, ঝিমুন্যা, বেদনানাশক, বেদনা নিবারক বা উপশামক।

Soporiferousness, *n. s.* ঘুম বা নিদ্রাজনকত্ব, নিদ্রাকর্ষকতা, নিদ্রা হয় বা জন্মে যদ্দ্বারা তচ্ছক্তি, নিদ্রাজনক শক্তি, বিহ্বলকারিত্ব বা তচ্ছক্তি।

Soporifick, *a.* নিদ্রাকর, নিদ্রাজনক, ঘুমজনক, নিদ্রাকর্ষক, ঘুম আনে বা আইসে যাহাতে বা যদ্দ্বারা, মাদক, বেহোশ বা বিহ্বলকারক।

Soporous, *a.* Lat. তথা।

Sopper, *n. s.* কোন দ্রব্য মদে আরকে বা জলে ভিজায় যে, সিক্তকর্ত্তা।

Sorb, *n. s.* Lat. বৃক্ষবিশেষ বা তদ্বৃক্ষের ফল।

Sorbile, *a.* Lat. পান করা যাইতে পারে যাহা, পানীয়, অল্পং করিয়া পান করিবার যোগ্য বা তদুপযুক্ত, পানোপযুক্ত, চুমুক দিবার বা মারিবার যোগ্য, চোষ্য।

Sorbition, *n. s.* Lat. পানকরণ, চুমুক দেওন বা মারণ, চুমুক দিয়া খাওন বা পানকরণ, অল্পং করিয়া পানকরণ, চুমুক মারিয়া খাওন, চোষণ, সোসন।

Sorbonical, *a.* Sorbonist নামক মতাবলম্বিসম্বন্ধীয় বা তদ্বিষয়ক, পর শব্দ দেখ।

Sorbonist, *n. s.* মতবিশেষ, Sorbon অথবা Sorbonne নামক ব্যক্তির দর্শন শাস্ত্রের মত বা তদ্দর্শন।

Sorcerer, *n. s.* Fr. মোহজনক, সম্মোহক, ভুলানিয়া, জাদুকর, ঐন্দ্রজালকর্ত্তা, কুহকী, ভুতুড়্যা, মায়াবী, মোহ জন্মায় যে, গুণকর্ত্তা।

Sorceress, *n. s.* মোহকারিণী, মোহজনিকা, সম্মোহকারিণী, ভুলানী, জাদুকারিণী, মায়াবিনী, রাক্ষসী, ডাইন, যোগিনী।

Sorcery, *n. s.* মোহন কর্ম্ম, জাদু, কুহক, মায়া, গুণ, ডাইনপনা, ডাইনের মায়া।

Sord, *n. s.* ঘাসের চাপড়া, চাপড়া, তৃণবিশিষ্ট মৃত্তিকা, ঘাস বন।

Sordes, *n. s.* Lat. মল, ময়লা, গাদ, কাইট, ত্যাজ্যাংশ, খাদি, শিটা, তলানি, শেষানি।

Sordet বা **Sordine**, *n. s.* Fr. ভেরী তূরী বা ভোতঙ্গের নলী বা চুঙ্গিবিশেষ।

Sordid, *a.* Fr. জঘন্য, ক্ষুদ্র, ছোট, অধম, অপকৃষ্ট, ইতর, নীচ, কদর্য্য, পাজি, ময়লা, নিকৃষ্ট, ছেঁচড়া, ক্ষুদ্রাশয়, কৃপণ, কাপট্যা, ব্যয়কুণ্ঠ, লোম, কিরীট, বখিল, মূর্খ, লোভী, লালচী, সমল মন, জ্ঞান বা বুদ্ধি যাহার।

Sordidly, *ad.* ইতর অধম নিকৃষ্ট অপকৃষ্ট পাজি বা ছেঁচড়ারূপে, ক্ষুদ্রাশয়পূর্ব্বক, ব্যয়কুণ্ঠতারূপে, কৃপণতাপূর্ব্বক, সামান্যরূপে।

Digitized by Google

Sordidness, *n. s.* জঘন্যতা, সামান্যত্ব, ইতরত্ব, অপকৃষ্টত্ব, নিকৃষ্টতা, অধমতা, মলিনতা, মালিন্য, সমলত্ব, ছেঁচড়ামি, ক্ষুদ্রাশয়ত্ব, নষ্ট দুষ্ট বা ভ্রষ্টত্ব, অসৌন্দর্য্য।

Sore, *n. s.* Sax. বেদনাযুক্ত অঙ্গ, ক্ষত, ঘা।

Sore, *a.* Sax. বেদনাযুক্ত বা বিশিষ্ট, টাটান্যা, তাড়স্যা, দুঃখিত, সন্তপ্ত, সন্তাপিত, অল্পে মনঃপীড়া হইতে পারে যাহার, মনে ব্যথা আছে যাহার, ব্যথিতমনাঃ, দুঃখিতমনাঃ, বিরক্ত, পীড়িত, মনোদুঃখে বকে বা উগ্র হইয়াছে যে, বিরক্ত, খাপা, ক্রোধিত, উষ্মান্বিত, দোষী, অপরাধযুক্ত।

Sorely, *ad.* অত্যন্ত বা আতিশয্যরূপে, আত্যন্তিক উগ্র বা উষ্মান্বিত হইয়া, আত্যন্তিক পীড়িত বা সন্তপ্ত হইয়া, অত্যন্ত ক্লেশ বা দুঃখপূর্ব্বক, বেদনাপূর্ব্বক, মনঃপীড়াপূর্ব্বক, অতিব্যথাপূর্ব্বক।

To **Sore,** *v. a.* ক্ষত-কৃ, ঘা-কৃ, দুঃখিত-কৃ, সন্তপ্ত-কৃ, মনঃপীড়া-দা, বেদনা-দা, ব্যথিত-কৃ।

Sore, *n. s.* Fr. এক বৎসরের বাজপক্ষি, চতুর্ব্বর্ষীয় মৃগ বা হরিণ।

Sorehon বা **Sorn,** *n. s.* দৌরাত্ম্য বা অযাথার্থ্যরূপে অধীন বা দাসকরণ বা তদর্থে কবুলতি লওন।

Sorel বা **Sorrel,** *a.* Fr. ঈষদ্ রক্তবর্ণ, কিঞ্চিৎ রাঙ্গা, অল্প লাল, রক্তিমা, রাঙ্গাট্যা।

Sorel বা **Sorrel,** *n. s.* Fr. তিন বৎসরের হরিণ, তিন বৎসর বয়স যে মৃগের তন্মৃগ, Sore শব্দ দেখ।

Sorely, *ad.* অত্যন্ত ক্লেশ ব্যথা পীড়া বা দুঃখপূর্ব্বক, আত্যন্তিক বেদনাপূর্ব্বক, অতিশয় পীড়িত সন্তপ্ত বিরক্ত খাপা বা দুঃখিত হইয়া বা করিয়া।

Soreness, *n. s.* বেদনা, টাটানি, তাড়স, ব্যথা, দুঃখ, যন্ত্রণা, পীড়া।

Sorites, *n. s.* কাঁড়ি, রাশি, ঢেরি, স্তূপ।

Sororicide, *n. s.* ভগিনীহত্যা, ভগিনীকে বধ বা খুনকরণ বা তজ্জন্য অপরাধ বা পাপ।

Sorrage, *n. s.* গোম বা যবের কাঁচা শিস বা তৎপত্র।

Sorrance, *n. s.* ঘোটকের রোগবিশেষ, ঘোড়ার ব্যামোহ, ঘোড়ার ঘা বা ক্ষত।

Sorrel, *n. s.* Sax. বৃক্ষবিশেষ।

Sorrel, *a.* Sorel শব্দ দেখ।

Sorrily, *ad.* অধম নীচ অপকৃষ্ট বা জঘন্যরূপে, হেয় তুচ্ছ বা ঘৃণ্যরূপে, দরিদ্র বা দীনহীনভাবে বা রূপে, নীচত্ব বা সামান্যত্বরূপে।

Sorriness, *n. s.* ক্ষুদ্রতা, দরিদ্রতা, দীনহীনত্ব, নীচত্ব, সামান্যত্ব, অধমত্ব, জঘন্যত্ব, অপকৃষ্টত্ব, সামান্যতা, ঘৃণ্যত্ব, ঘৃণার্হত্ব, হেয়ত্ব, তুচ্ছত্ব।

To **Sorrow,** *v. n.* Got. শোক বা খেদ-কৃ বা-হ, দুঃখ-কৃ, বিলাপ-কৃ, শোকী-হ, বিমনাঃ-হ, দুঃখিত-হ, খেদিত-হ, মসৃণ বা উদাস-কৃ, উদাস-হ, বিমর্ষ-হ, ম্রিয়মাণ-হ, দুঃখিমনাঃ-হ।

Sorrow, *n. s.* Sax. ভাবনা, খেদ, সন্তাপ, মনস্তাপ, শোক, মন্যু, তাপ, বিষণ্ণতা, বিমর্ষতা, হুতাশ, হাহুতোস্মি, বিলাপ, গ্লানি, দুঃখ, আপশোষ, বিষাদ, নিরাহ্লাদ, বিষণ্ণতা, গতানুশোচনা, অতীত ব্যাপারে দুঃখ খেদ বা আপশোষ।

Sorrowful, *a.* Sax. খিদ্যমান, খেদিত, দুঃখী, দুঃখিত, ভাবিত, উৎকণ্ঠিত, উদ্বিগ্ন, সন্তাপ যুক্ত, মনস্তাপবিশিষ্ট, শোকাকুল, শোকার্ত্ত, শোকান্বিত, সন্তপ্ত, বিমর্ষ, উদাস, বিষণ্ণ, বিষাদযুক্ত, বিলাপী, অনুতাপী, অনুশোচী, বিলাপ শোক বা অনুতাপকারী।

Sorrowfully, *ad.* খিদ্যমানরূপে, শোকাকুল বা শোকার্ত্ত হইয়া, দুঃখ খেদ বা সন্তাপপূর্ব্বক, বিষাদ বিলাপ অনুতাপ অনুশোচনা ভাবনা বা উদ্বেগপূর্ব্বক, শোক দুঃখ বা আপশোষ করিয়া বা তৎপূর্ব্বক।

Sorrowfulness, *n. s.* শোকান্বিতত্ব, খেদান্বিতত্ব, বিমর্ষতা, ভাবিতত্ব, উদ্বিগ্নত্ব, দুঃখাবস্থা, অনুতাপিতা, অনুশোচিতা, মনস্তাপ, খেদ, দুঃখ।

Sorrowing, *n. s.* শোক বা খেদকরণ, বিলাপকরণ, সন্তাপ, বিমর্ষ, অনুতাপ বাক্য, দুঃখ বা খেদোক্তি, অনুশোচনা, ভাবনা, উদ্বেগ।

Sorrowless, *a.* শোকহীন, দুঃখ বা সন্তাপ নাই যাহার বা যাহাতে, স্বচ্ছন্দ, নিশ্চিন্ত, শোক দুঃখ নিরাহ্লাদ খেদ বা আপশোষ শূন্য বা বর্জ্জিত।

Sorry, *a.* Sax. অনুতাপিত, অনুশোচিত, অনুতাপ বা অনুশোচকারী, আপশোষকারী, খেদিত, ভাবিত, দুঃখিত, শোকান্বিত, সন্তপ্ত, পস্তান্যা, শোচক, অকর্ম্মণ্য, অকেয়ুয়া, গত বা অতীতব্যাপারে অনুতাপ বা আপশোষকারী, বিরক্তকারী, দেক্ করে যাহাতে, হেঁচকারা, জঘন্য, অপকৃষ্ট, হেয়, তুচ্ছ, বিরক্ত, কদর্য্য, বিমর্ষ, বিষণ্ণ, নিরাহ্লাদ, নিরানন্দ।

Sort, *n. s.* Fr. তর, রকম, বিধ, প্রকার, ডৌল, রূপ, গঠন, ধারা, মত, জাতি, পদ, সম্ভ্রম, মর্য্যাদা, যোড়া, গুটিকাপাত, জোট, দল, ঝুণ্ডা, জনসমূহ, খাতা, রীতি, গুণের ক্রম ভাব বা অবস্থা, ইতর হইতে উচ্চ পদ বা অবস্থা।

To **Sort,** *v. a.* Lat. পত্রাবলি-কৃ, নির্ব্বাচন-কৃ, বাচ, বাচনী-কৃ, চুনিয়া স্বতন্ত্রং-কৃ, পৃথক্ং-কৃ, বিলি-কৃ, খাকং-কৃ, বাছিয়া জুদাং-কৃ, রকমং আলাহিদা-কৃ, বাছিয়া-নী, মনোনীত-কৃ, ভাগং-কৃ, গোলমাল ঘুচাইয়া বিলি বা রীতিমত-কৃ, সংযোগ-কৃ, একত্র-কৃ, মিল-কৃ, বিলি করিয়া-রাখ বা-দা।

To **Sort,** *v. n.* একং রকম বা জাতি পৃথক্ হইয়া একত্র বা যুক্ত-হ, লাগ, সংযোগ-হ, বাছনী-হ, খাকং-হ, যোগ-হ, একত্র-হ, মেল, রকমং পৃথক্ বা আলাহিদা-হ, যোগ্য-হ, উপযুক্ত-হ, মতং-হ, শেষ-হ, অন্ত-হ, সমাপন-হ, সফল-হ, সিদ্ধ-হ, মঙ্গল-হ, উপযুক্ত বা অভিলষিত গুণ দর্শা বা-কৃ, বিবাদ-হ।

Sortable, *a.* Fr. যোগ্য, উপযুক্ত, মতং, মেল আছে যাহার বা যাহাতে, বাছিয়া জুদা করিবার উপযুক্ত, পৃথক্ বা জুদাং করণীয় বা ভবনীয়।

Sortably, *ad.* যোগ্য বা উপযুক্তরূপে, মতং হইয়া বা করিয়া।

Sortance, *n. s.* যোগ্যত্ব, উপযুক্তত্ব, ঐক্য, মিল, যোগ।

Sortilege, *n. s.* Fr. গুটিকাপাত বা গুলিবাঁটকরণ, গুটিকাপাত করণ।

Sortilegious, *a.* গুটিকাপাত সম্বন্ধীয় বা তদ্বিষয়ক।

Sortition, *n. s.* Lat. গুটিকাপাত বা গুলিবাঁট করিয়া বাছনি বা নিয়োগ, গুলিবাঁটদ্বারা নিয়োগ বা পদস্থকরণ।

Sortment, *n. s.* বাছন, পৃথক্করণ, খাকংকরণ, বাছা বা ভাগ করা দ্রব্য, বাছনিকরণ, বিলিকরণ, চুনন, বাছিয়া বা চুনিয়া পৃথক্করণ, জুদাকরণ, পৃথক্ বিলি বা জুদাকরা দ্রব্য।

To **Soss,** *v. n.* কুড়ে-হ, অলস-হ, চৌকির উপর চুপ করিয়া বসিয়া-থাক, চৌকির উপর এলিয়া-পড়, কুড়েম-কৃ, আলস্য-কৃ, অলস-হ।

Soss, *n. s.* কুড়ে আলসে নিষ্কর্ম্মা বা গড়্যে লোক।

Sot, *n. s.* Sax. মূর্খ, মেধাহীন, আহাম্মক, নির্ব্বোধ, জড়, বোকা লোক, মাতাল, মদ্যপায়ী, নেশাখোর, মত্ত, কয়েফী, মাতোওয়ালা, নেশা করে যে ব্যক্তি, মদে বেহোষ বা বিহ্বল ব্যক্তি।

To **Sot,** *v. a.* মত্ত-কৃ, মাতাল-কৃ, বেহোষ-কৃ, বিহ্বল-কৃ, অশক্ত-কৃ, মোহিত বা মুগ্ধ-কৃ।

To **Sot,** *v. n.* মদ্য পানদ্বারা মত্ত বা বেহোষ-হ, নেশায় বিহ্বল-হ, জড় বা মাতাল-হ, কয়েফী-হ, নেশাখোর-হ।

Sottish, *a.* জড়, মেধাহীন, অজ্ঞান, মত্ত, বিহ্বল, মদ্যাসক্ত, বে

Digitized by Google

হোষ, কয়েকী, নেশাখোর, আসক্ত, মুগ্ধ, মোহিত, কুড়্যে, গড়্যে, অপরিমিত পান বা আহারাদিপ্রযুক্ত জড় বা অজ্ঞানপ্রায়।

Sottishly, *ad.* অজ্ঞান বা বিহ্বল হইয়া, মত্ত হইয়া, মাতওয়াল হইয়া, অজ্ঞানতাপূর্ব্বক, জ্ঞান বা স্পন্দনরাহিত্যপূর্ব্বক।

Sottishness, *n. s.* অজ্ঞানতা, মেধাহীনত্ব, বিহ্বলতা, বেহুসি, জড়তা, জ্ঞান বা স্পন্দনরাহিত্য, অজ্ঞানাবস্থা, মূর্খতা, পশুত্ব।

Souce, *n. s.* Souse শব্দ দেখ।

Souchong, *n. s.* এক প্রকার চা, চীনদেশীয় চা পাতাবিশেষ।

Sovenance, *n. s.* স্মরণ, স্মৃতি, মনে করণ হওন ধারণ বা রাখন।

Sovereign, *a.* Fr. রাজবৎ, প্রধান, প্রবল, অদ্বিতীয়, পরাক্রান্ত, মহৎ, মাতবর, মহাগুণকারী, গুণকারক, উপকারক, ফলদায়ক, উপশামক, রোগের শান্তিকর, পরাক্রম ক্ষমতা বা শক্তিতে শ্রেষ্ঠ বা প্রধান, সর্ব্বশ্রেষ্ঠ বা প্রধান, উপরে কর্ত্তা নাই যাহার, মহাবল বা ক্ষমতাপন্ন।

Sovereign, *n. s.* রাজা, নৃপ, ভূপ, ভূপতি, অধিপতি, নরেশ্বর, দেশাধিপ, রাজাধিরাজ, সম্রাট, একাধিপতি, ক্ষিতিপতি, প্রভু, বিভু, মহীপতি, অধিপ, অধীশ্বর, অধিরাজ, রাজ্যাধিপতি, ইংলণ্ড দেশের স্বর্ণ মুদ্রাবিশেষ, সাবরণ ইতি ভাষা।

To **Sovereignize**, *v. n.* আধিপত্য-হ বা-কৃ, ঐকাধিপত্য-হ বা-কৃ, রাজত্ব-কৃ, সাম্রাজ্য-কৃ।

Sovereignly, *ad.* প্রধান প্রবল বা মহৎরূপে, মাতবররূপে, অতিশয়পূর্ব্বক, আত্যন্তিকরূপে।

Sovereignty, *n. s.* Fr. প্রাধান্য, উচ্চপদ বা কর্ম্ম, মহৎ ক্ষমতা বা অধিকার, মাহাত্ম্য, গৌরব, অধিরাজত্ব, অধিপতিত্ব, অধিরাজত্ব, সর্ব্বোপরিশ্রেষ্ঠ ক্ষমতা বা প্রভুত্ব, অত্যুত্তমতা।

Sough, *n. s.* ভূমিতলস্থ জলের পথ বা নরদামা, মৃত্তিকার নীচে দিয়া পথ সুড়ঙ্গ বা নালা।

Sought, *To* Seek ধাতুর অতীত কালবাচক পদ।

Soul, *n. s.* Sax. প্রাণ, লিঙ্গশরীর, আত্মা, জীব, চিত্ত, শ্বাস, নির্য্যাস, সারভাগ, মানস শক্তি, মানসী, চেতনা, অমর, বস্তু অবয়ববর্জ্জিত, বা বহু তেজোবিশেষ, অন্তর শক্তি, মানব কার্য্যকারণ শক্তি, অগ্নি, মনের ঔৎকর্ষ্য বা শ্রেষ্ঠত্ব।

To **Soul**, *v. a.* জীবন-দা, জীবনযুক্ত-কৃ, প্রাণদান-দা, জীবনদান-কৃ, সপ্রাণ বা সজীব-কৃ, আত্মবিশিষ্ট-কৃ।

To **Soul** বা **Sowl**, *v. n.* Sax. উপযুক্ত আহার-দা, যথাযোগ্য খাদ্য-দা, উপযুক্ত খাওয়া-দা।

Soul-bell, *n. s.* Passing-bell শব্দ দেখ।

Soul-diseased, *a.* মানস পীড়াযুক্ত, আন্তরিক পীড়া হইয়াছে যাহার, আঁতে ঘা পাইয়াছে যে, মনে ব্যথাযুক্ত, মন বা চিত্তে পীড়িত ব্যথিত বা ক্লিষ্ট।

Souldier, Soldier শব্দ দেখ।

Souled, *a.* আত্মযুক্ত, সজীব, প্রাণী, প্রাণবিশিষ্ট, মনোবিশিষ্ট, জ্ঞানযুক্ত বা বিশিষ্ট, মানস শক্তিবিশিষ্ট।

Soulless, *a.* Sax. নির্জ্জীব, প্রাণহীন, আত্মা নাই যাহার, নিস্তেজ, ক্ষীণ, দুর্ব্বল, কাহিল, ক্ষুদ্র, নিশ্চিত্ত, মানসশক্তিবর্জ্জিত বা তদ্বিহীন, ক্ষুদ্র, ছোট।

Soul-shot, *n. s.* রোমানকাতোলিক মতাবলম্বিরদিগের মধ্যে স্বস্ত্যয়নবিশেষ, আত্মার বা জীবের উদ্ধারের নিমিত্তে স্তব বা পাঠের দক্ষিণাবিশেষ।

Soul-sick, *a.* মানস পীড়াযুক্ত, আন্তরিক পীড়াবিশিষ্ট, মনে বা চিত্তে পীড়িত, ক্লিষ্ট বা বেদনাযুক্ত।

Sound, *a.* Sax. স্বচ্ছন্দ, স্বচ্ছন্দশরীরী, হৃষ্ট, সুখী, নীরোগী, সুস্থ, সবল, পীড়িত ব্যথিত বা আঘাতিত নহে যে, প্রকৃত, যথার্থ, ঠিক, অভ্রান্ত, দৃঢ়, মজবুত, শক্ত, তেজস্বী, বলবান্, প্রবল, অমোঘ, অব্যর্থ, এশব্দ নিদ্রাবিষয়ে ব্যবহার হইলে বিহ্বল বা বেহোস বুঝায়, নির্ব্যাধি, নিষ্পীড়, ভুল বা ভ্রান্তিহীন, শুদ্ধ, বলবান্, আসল, হৃষ্টপুষ্ট, জোরবার, অব্যর্থ, শীঘ্র, দ্রুত।

Sound, *ad.* দৃঢ় মজবুৎ বা শক্তরূপে, বিহ্বল বা বেহোসপূর্ব্বক, অকাতরে।

Sound, *n. s.* Dut. অগভীর সমুদ্র, চ্যাটকা বারিধি, যে সমুদ্রের গভীর গহেরা বা পরিমাণ হয় বা তলা পাওয়া যায়।

Sound, *n. s.* Fr. অস্ত্র বৈদ্যের অস্ত্রবিশেষ।

To **Sound**, *v. a.* গাম্ভীর্য্য পরিমাণ-কৃ, গহেরা-মাপ, জল-মাপ, বিবেচনা বা পরীক্ষা করিয়া-দৃশ, পরীক্ষা-কৃ, তত্ত্ববীজ-কৃ।

To **Sound**, *v. n.* জল-মাপ, দড়ি-ফেল বা তদ্দ্বারা মাপ-কৃ।

Sound, *n. s.* মৎস্যবিশেষ।

Sound, *n. s.* Fr. Lat. শব্দ, ধ্বনি, রব, আওয়াজ, নাদ, শ্রোত্রের কর্ম্ম, শ্রবণের বিষয়।

To **Sound**, *v. n.* ধ্বনি-কৃ বা-হ, শব্দ-হ বা-কৃ, আওয়াজ-হ, শব্দদ্বারা ব্যক্ত-কৃ, ক্রিয়া-দর্শা, শব্দদ্বারা গোচর-কৃ বা-হ।

To **Sound**, *v. a.* শব্দ-কৃ, ধ্বনি-কৃ, আওয়াজ-কৃ, বাদ্য-কৃ, বাজা, রব-কৃ, শব্দদ্বারা প্রকাশ বা ইশারা-কৃ, জানা, ইশারাদ্বারা ব্যক্ত-কৃ, কহিয়া-ফের, অভিপ্রায় ব্যক্ত-কৃ, অস্পষ্টরূপে প্রকাশ-কৃ, রটা, অগ্রে ইশারা-কৃ বা তদ্দ্বারা জ্ঞাপন-কৃ, শব্দ-করা, বাদ্য-কৃ, ধ্বনি বা বাদ্যদ্বারা সম্পন্ন-কৃ।

Soundboard, *n. s.* আরগিন বাদ্য যন্ত্রের অঙ্গবিশেষ যদ্দ্বারা বাদ্য হয় বা পরস্পর শব্দ যায়।

Sounding, *a.* গভীর নাদ ধ্বনি বা শব্দযুক্ত বা তদ্বিশিষ্ট, মহারববিশিষ্ট, বড় আওয়াজ হয় যাহার বা যাহাতে।

Sounding, *n. s.* জল মাপা দড়ি ফেলন বা তদ্দ্বারা সমুদ্রাদির গাম্ভীর্য্য পরিমাণকরণ, জলমাপন, শব্দকরণ, রব, ধ্বনি, নাদ, গান, স্বর, শব্দ।

Soundless, *a.* জল মাপা দড়ি ফেলিলে থাই পাওয়া যায় না যাহার, অপরিমেয়, গম্ভীর, অস্থাই, তলা পাওয়া যায় না যাহার, নিঃশব্দ, নীরব, শব্দ বা আওয়াজ নাই যাহার।

Soundly, *ad.* স্বচ্ছন্দে, স্বচ্ছন্দ বা সুস্থ শরীরে, সুস্থরূপে, সবলরূপে, বলবত্তারূপে, দৃঢ় মজবুত বা শক্তরূপে, যথার্থরূপে, সত্যরূপে, ঠিক করিয়া, বেহোষ বিহ্বল বা অচেতনপূর্ব্বক, অকাতরে।

Soundness, *n. s.* স্বচ্ছন্দতা, শরীরের সুস্থাবস্থা, প্রকৃতার্থ, সুস্থতা, স্বাস্থ্য, রোগাদিরাহিত্য, সত্য, যথার্থ, শক্তি, জোর, দৃঢ়তা, মজবুতী, নিষ্পীড়া, নির্ম্মল বা যথার্থ ভাব ধর্ম্ম গতি বা অবস্থা, নিরেট বা নিখুঁতের ভাব।

To **Soup**, *v. a.* Sax. উদরে-ফেল, গিলিয়া-ফেল বা -খাদ, খাদ, ভক্ষণ-কৃ, গেল, নিশ্বাসদ্বারা নির্গত-কৃ, নিশ্বাস-ছাড় বা ত্যাগ-কৃ।

To **Soup**, *v. n.* Sax. জাঁকজমক বা ধুমধাম করিয়া-যা।

Soup, *n. s.* Sax. মাংসের যুস বা ঝোল, যুস, সুপ, ঝোল, সুরুয়া।

Sour, *a.* Sax. অম্ল, টক, খাটা, কটু, বিরক্ত, দেক, পীড়িত, ব্যথিত, অসন্তুষ্ট, কশা, অপক্ক ফলের স্বাদ, খিটখিটে বা চিড়চিড়ে, কর্কশস্বভাব বা মেজাজবিশিষ্ট, খবিশ, রুক্ষ, ক্লেশদ, দুঃখদ, পীড়াদ, অসম্মত, অতুষ্টি বা অসম্মতিপ্রকাশক।

Sour, *n. s.* অম্ল দ্রব্য, কটু বা তীক্ষ্ণ দ্রব্য বা বস্তু।

To **Sour**, *v. a.* অম্ল-কৃ, টক-কৃ, কটু-কৃ, কঠিন-কৃ, কর্কশ-কৃ, পী

Digitized by Google

ড়িত-কৃ, বিরক্ত-কৃ, খাপা বা বেজার-কৃ, দেক-কৃ, চটিয়া-দা, অসন্তুষ্ট-কৃ, মন্দ-কৃ, অতৃপ্ত-কৃ।

To Sour, *v. n.* অম্ল টক বা কটু-হ, বিরক্ত-হ, কর্কশ-হ, ত্যক্ত-হ, দেক-হ, ব্যাজার-হ।

Source, *n. s.* Fr. উনুই, উৎপত্তিস্থান, আকর, মূল, গোড়া, জড়, হেতু, কারণ, আমূল, বীজ, আদি, কারণ, নিমিত্ত।

Sourdet, *n. s.* Fr. বাঁশী তূরী বা ভোড়ঙ্গের চোঙ্গাবিশেষ।

Sourish, *a.* অম্লবৎ, অম্লুলিয়া, ঈষদ্ টক, কিঞ্চিৎ বা অম্ল টক, অম্লাক্ত, কিঞ্চিৎ অম্ল রস বা স্বাদুবিশিষ্ট।

Sourly, *ad.* কটুভাবে, অম্লত্বরূপে, কটুত্বরূপে, কটুতাপূর্ব্বক, পীড়িত বা ব্যথিতরূপে, দেক বেজার বা বিরক্ত হইয়া বা তৎপূর্ব্বক, অসন্তুষ্টিপূর্ব্বক, কটু বিরক্ত বা অসন্তুষ্ট হইয়া বা করিয়া, কার্কশ্যরূপে, ব্যথা অতৃপ্তি বা অতুষ্টিপূর্ব্বক।

Sourness, *n. s.* অম্লত্ব, টক বা খাট্টার ভাব, কটুত্ব, দেক, বেজার, বৈরক্ত্য, অসন্তুষ্টি, কার্কশ্য, কটুস্বভাব বা মেজাজ।

Soursop, *n. s.* ফলবিশেষ।

Sous, *n. s.* Fr. ফরাশিস দেশীয় মুদ্রাবিশেষ।

Souse, *n. s.* Dut. আচারবিশেষ, লোণা বা জরাণ দ্রব্য, কর্ণ, কাণ, শূকরের কাণ।

To Souse, *v. a.* আধসিদ্ধ-কৃ, লোণা-কৃ, লবণে জরাইয়া-রাখ, লবণ রসাক্ত-কৃ, পরিহাসার্থে জলে নিঃক্ষেপ-কৃ, জলে-ডুবা-চুবা বা -বুড়া, এবং জলে মগ্ন-কৃ বুঝায়।

To Souse, *v. n.* Fr. কোন শীকারি পক্ষির ন্যায় শীকারের উপর ঝাপিয়া-পড়, ছোঁ-মার, ঝাপটা-মার, বেগে-পত, ঝাপিয়া উপরে-পড়।

To Souse, *v. a.* ছোঁ-মার, পক্ষির ন্যায় শীকারের উপর ঝাপিয়া -পড়, ঝাপটা বা ঝটকা-মার।

Souse, *n. s.* ছোঁ, পক্ষির ন্যায় শিকারের উপর ঝাপিয়া পড়ন, ঝাপটা, ঝটকা, জোরে বা বেগে পড়ন, পতন, ছোঁমারণ, ছোঁ দেওন, ছোঁ দিয়া পড়ন, ঝাপিয়া পড়ন।

Souse, *ad.* বেগে, জোরে, ছোঁ মারিয়া, ঝপটা বা ঝটকাপূর্ব্বক, ঝাপ মারিয়া, ঝাপ দিয়া পড়িয়া, বেগে, জোরে।

Souter, *n. s.* Sax. চর্ম্মকারবিশেষ, জুতা মেরামত করে যে, চামার, মুচি।

Souterly, *a.* পূর্ব্বোক্ত চামার বা মুচির ন্যায়, ক্ষুদ্র, নীচ, ছোট, অধম, ইতর, পাজি, নিকৃষ্ট।

Souterrain, *n. s.* Fr. পৃথিবীর মধ্যস্থ গুহা বা সুড়ঙ্গ, মাটির ভিতরে ঘর খোদা বা স্থান।

South, *n. s.* Sax. দক্ষিণ দিগ, দক্ষিণবায়ু, দক্ষিণ, পৃথিবী বা অণ্ডের দক্ষিণ ভাগ বা দেশ।

South, *a.* দক্ষিণা, যাম্য, দক্ষিণসম্বন্ধীয়, দাক্ষিণিক, দক্ষিণ দিকস্থ।

South, *ad.* দক্ষিণে, দক্ষিণ দিগে, দক্ষিণহইতে, দক্ষিণ অঞ্চলে।

Southernly, *ad.* দক্ষিণ দিগে, দক্ষিণাভিমুখ হইয়া, দক্ষিণ ভাগে বা অঞ্চলে, দক্ষিণ দিগ হইয়া বা করিয়া।

Southeast, *n. s.* অগ্নি কোণ, দক্ষিণ পূর্ব্ব কোণ দিগ বা ভাগ।

Southing, *a.* দক্ষিণ দিকে গমনশীল, দক্ষিণগামী, দক্ষিণ দিকে যায় বা চলে যে।

Southing, *n. s.* দক্ষিণ দিকে গমনশীলতা, দক্ষিণাভিমুখে গমন।

Southerly, *a.* দক্ষিণ দিকস্থ কোন স্থান বা অঙ্কহইতে গণিত যে, দক্ষিণা, দক্ষিণদিকস্থ, অনুত্তর, দক্ষিণাভিমুখ, প্রায় দক্ষিণ।

Southern, *a.* Sax. দক্ষিণা, দক্ষিণ দিকস্থ, দক্ষিণের, দক্ষিণসম্বন্ধীয়, দক্ষিণদিক্ বা দেশসম্বন্ধীয়।

Southernmost, *a.* অত্যন্ত দক্ষিণ, দক্ষিণ সীমা বা আরো দক্ষিণস্থ, দক্ষিণ দিকের প্রান্তভাগ বা টেরস্থ বা তৎসম্বন্ধীয়, দক্ষিণ মুড়াতে থাকে বা আছে যাহা।

Southernwood, *n. s.* Sax. বৃক্ষবিশেষ।

Southmost, *a.* অত্যন্ত দক্ষিণাভিমুখ, দক্ষিণ মুড়া বা টেরস্থ।

Southsay, *n. s.* ভবিষ্যৎ কথন, ভবিষ্যদ্বাক্য, কথা, বাণী, এতদ্ভিন্ন Soothsay শব্দ দেখ।

To Southsay, *v. n.* ভবিষ্যৎ-কথ, ভবিষ্যদ্বাক্য-কথ, ভাবি যাহা হইবেক তাহা পূর্ব্বে-বচ বা প্রকাশ-কৃ।

Southsayer, *n. s.* ভবিষ্যদ্বিষয় ব্যক্তকর্ত্তা, ভবিষ্যদ্বক্তা, ভাবি কথক, আচার্য্য, দৈবজ্ঞবিশেষ।

Southward, *n. s.* দক্ষিণ দিক্, দক্ষিণঅঞ্চল, দক্ষিণ দেশ, পৃথিবীর দক্ষিণ ভাগ বা অংশ।

Southward, *ad.* দক্ষিণে, দক্ষিণ দিকে, দক্ষিণ অঞ্চলে, দক্ষিণ ভাগে।

Southwest, *n. s.* নৈঋৎ কোণ, নৈঋত, দক্ষিণ পশ্চিম কোণ।

Souvenance, *n. s.* Fr. মেধা, স্মরণ, স্মৃতি, মনে হওন থাকন বা করণ।

Sow, *n. s.* Sax. শূকরী, বরাহী, মাদী শূয়ার, শীসার লম্বা থান তাল বা চাপ, বহুপাদযুক্ত কীটবিশেষ, কেন্নোর ন্যায় জন্তু।

Sowbread, *n. s.* বৃক্ষবিশেষ।

To Sow, *v. n.* Got. বীজ রোপণ-কৃ, বপন-কৃ, বোন, বীজ বপন -কৃ, বীজ রোপিত বা বপন-কৃ।

To Sow, *v. a.* বীজরোপণ-কৃ, বপন-কৃ, বোন, ছড়া, ছিটকা ছিড়া বা ছিড়াইয়া-ফেল, ছড়াইয়া-দা বা-ফেল, ছড়াছড়ি-কৃ, ইতস্তত -ফেল বা নিক্ষেপ-কৃ।

To Sow, *v. a.* সেলাই-কৃ, রিফু-কৃ, সুঁইর কর্ম্ম-কৃ, Sew শব্দ দেখ।

To Sowce, *v. a.* জলসাৎ-কৃ, জলে মগ্ন-কৃ, জলে-ফেল, জলে-দা, জলে নিক্ষেপ-কৃ, ডুবা, বুড়া, চুবা, Souse শব্দ দেখ।

Sower, *n. s.* Sax. বীজ রোপণকর্ত্তা, বপক, বপনকর্ত্তা, রোপক, ছড়ান্যা, বোনন্যা, বর্দ্ধনকর্ত্তা, পালবৃদ্ধিকর্ত্তা।

Sowins, *n. s.* পরমান্নবিশেষ, মণ্ডবৎ ভক্ষ দ্রব্য, একপ্রকার মণ্ড।

To Sowle, *v. a.* কর্ণগ্রহণপূর্ব্বক আকর্ষণ-কৃ, কাণ ধরিয়া-টান, কাণ ধরিয়া-আনী, কাণে-ধর।

Sown, *To* Sow ক্রিয়ার কার্দন্তিক পদ।

Sowthistle, *n. s.* কণ্টক বৃক্ষবিশেষ।

Soy, *n. s.* ভক্ষ্য দ্রব্যবিশেষ, জাপান দেশের বাণিজ্য দ্রব্যবিশেষ, শিমুই।

Spaad, *n. s.* আকরীয় ধাতু দ্রব্যবিশেষ।

Space, *n. s.* Lat. স্থান, ঠাঁই, জায়গা, আকাশ, কাল, সময়, ক্ষণ, অল্প পরিমিত কাল, অন্তর বা মধ্যবর্ত্তি স্থান।

To Space, *v. n.* Lat. ভ্রমণ বা পর্য্যটন-কৃ, ঘুরিয়া-বেড়া বা-ফের, ইতস্তত গমন-কৃ।

Spaceful, *a.* আয়তনবিশিষ্ট, ফলাও, বড়, পরিসর, প্রশস্ত, দরাজ, কোসাদা, মেলা, দীর্ঘ প্রস্থ বড় যাহার, চৌড়া, অনেক স্থান আছে যাহাতে।

Spacious, *a.* Fr. তথা।

Spaciously, *ad.* প্রশস্তরূপে, অধিক আয়তনপূর্ব্বক, ফলাও দরাজ বা কোসাদারূপে, অধিক মেলা চৌড়া দরাজ বা প্রশস্ত ভাবে।

Spaciousness, *n. s.* প্রশস্ততা, অধিক আয়তনবিশিষ্টত্ব, অনেক স্থান বা জায়গা আছে যাহাতে তাহার ভাব বা অবস্থা, দরাজি, ফালাউ, মেলা, বাহুল্য।

Digitized by Google

Spaddle, *n. s.* ক্ষুদ্র কোদাল বা খননাস্ত্রবিশেষ।

Spade, *n. s.* Sax. খননাস্ত্রবিশেষ, কোদালি, ফাওড়া, তিন বৎসরের মৃগ. তিন বৎসরের হরিণ, তালের প্রস্ত বা যোড়া।

Spadebone, *n. s.* হাড়বিশেষ, স্কন্দাস্থি।

Spadiceous, *a.* Lat. ঈষদ্ রক্তবর্ণযুক্ত, ফিকা লাল বর্ণযুক্ত, গোলাবী।

Spadille, *n. s.* Fr. নৃত্যাঙ্গবিশেষ।

Spagyrical, *a.* Lat. কিমিয়া বা রসায়ন বিদ্যাবিষয়ক বা তৎসম্বন্ধীয়।

Spagyrick, *a.* তথা।

Spagyrick, *n. s.* রসায়নবিদ্যাবান্, কিমিয়া বা তদ্বিদ্যা বা কর্ম্ম ব্যবসায়ী।

Spagyrist, *n. s.* তথা।

Spahee বা **Spahi,** *n. s.* Pers. অশ্বারূঢ় সৈন্য বা তুরুকীয় যোদ্ধা, সেকাহি ইতি ভাষা।

Spake, *To* Speak ক্রিয়ার প্রাচীন ব্যবহৃত অতীত কাল বাচক পদ।

Spall, *n. s.* Fr. স্কন্ধ, কাঁধ, ঘাড়, গরদান।

Spall, *n. s.* Got. টুকরা, খণ্ড, পটী, যোড়া ক্ষুদ্রাংশ।

Spalt বা **Spelt,** *n. s.* প্রস্তরবিশেষ, এক জাতীয় সোহাগা যদ্দ্বারা ধাতু দ্রব্য গলায়।

Span, *n. s.* Sax. প্রাদেশ, বিগত, বিতস্তি, গোকর্ণ, নয় ইঞ্চি অর্থাৎ আধ হাত, অল্পকাল, কিঞ্চিৎকাল।

To **Span,** *v. a.* Sax. বিগত বা প্রাদেশদ্বারা-মাপ, মাপ-কৃ, বিগত দিয়া মাপ-কৃ।

Span, *To* Spin ক্রিয়ার অতীতকালবাচক পদ।

Spancel, *n. s.* গরুর পশ্চাৎ পাদবন্ধনী বা রজ্জু, গরুর পশ্চাতের পা বান্ধা দড়ি বা পিছড়ি।

To **Spancel,** *v. a.* রজ্জুদ্বারা ঘোটক বা গরুর পাদবন্ধন-কৃ, দড়ি দিয়া ঘোড়া বা গরুর পাদ-বাঁধ, পিছাড়ি-দা, পিছাড়ি-বাঁধ।

Spancounter বা **Spanfarthing,** *n. s.* ক্রীড়াবিশেষ।

Span-long, *a.* এক বিগত লম্বা, অর্দ্ধ হস্ত, আধ হাত, এক বিতস্তি পরিমিত।

Span-new, *a.* অভিনব, নূতন, আনকোরা, টাট্‌কা, সদ্যোজাত বা কৃত।

To **Spane,** *v. a.* Ger. বালক-ভুলা, ছেলে-ভুলা, বালক শান্ত-কৃ।

Spang, *n. s.* Ger. টিকলি, চুমকি, টিকলি বা চুমকি বসান আভরণ।

Spangle, *n. s.* Ger. ধাতুনির্ম্মিত তারা, ডাক, টিকলি, চুমকি, ভূষণ, কোন চকমক্যা দ্রব্য।

To **Spangle,** *v. a.* তারাময় বা চুমকিদার-কৃ, টিকলি-বসা, চকমক্যা দ্রব্যযুক্ত-কৃ, কোন চাকচিক্য দ্রব্যেতে ভূষিত-কৃ।

Spaniel, *n. s.* Lat. শীকারী কুক্কুরবিশেষ, ক্ষুদ্র নীচ পাজি বা খোসামুদে লোক, কাছাধরা, চাটুবাদী, পায়ে তৈল দেওয়া লোক।

Spaniel, *a.* Spaniel সংজ্ঞক শীকারি কুক্কুরের ন্যায় বা তত্তুল্য, খোসামুদে বা কাছাধরার ন্যায়।

To **Spaniel,** *v. n.* আদর-কৃ, সোহাগ-কৃ, খোসামোদ-কৃ, লাঙ্গুল লাড়িয়া-বেড়া বা-ফের, কুক্কুরের ন্যায় পাদ চাটিয়া-থাক।

To **Spaniel,** *v. a.* খোসামুদে বা কাছাধরার ন্যায় পশ্চাৎ২ গমন-কৃ, খোসামোদ-কৃ পূর্ব্বোক্ত কুক্কুরের ন্যায় পশ্চাৎ২-গম বা -চল।

Spanish, *n. s.* স্পানদেশীয় ভাষা বা বুলি, স্পানীয়া কথা বা ভাষা।

Spanish *Broom,* *n. s.* বৃক্ষবিশেষ।

Spanish *Fly,* *n. s.* মক্ষিকাবিশেষ, কীটবিশেষ যাহা ঔষধার্থে লেপন করিলে ফোস্‌কা হয়।

Spanish *Nut,* *n. s.* বৃক্ষবিশেষ।

Spanker, *n. s.* মুদ্রাবিশেষ, লম্বা২ পা করিয়া চলে যে ব্যক্তি, শক্তিমান্ বা ঢেঙ্গা লোক, খুর২ করিয়া গমন করে যে, দ্রুত গমনকর্ত্তা।

Spanner, *n. s.* বন্দুকের তালা বা কল, রঞ্জক ঘর, হাতবন্দুক।

Spar, *n. s.* আকরীয় দ্রব্যবিশেষ, স্বর্ণমক্ষিকা, মোঞ্ছাল।

To **Spar,** *v. a.* Sax. রুদ্ধ-কৃ, বদ্ধ-কৃ, বন্দ-কৃ, আটক-কৃ, কয়েদ-কৃ।

Spar, *n. s.* Teut. ক্ষুদ্র কড়িকাষ্ঠ, বাতা, হুড়কা, দরওয়াজার আড়ের কাষ্ঠবিশেষ।

To **Spar,** *v. n.* Ger. যুদ্ধ-কৃ, মারামারি-কৃ, অগ্রে-মার বা আঘাত-কৃ।

Sparable, *n. s.* Sax. ক্ষুদ্র পেরেক বা কাঁটাবিশেষ, একপ্রকার গজাল।

Sparadrap, *n. s.* মোমাক্ত কাপড়, মোমজামা, মোমচাল, রোগন মাখান কাপড়বিশেষ।

Sparage বা **Sparagus,** *n. s.* Asparagus শব্দবৎ অর্থ জানিবা, তচ্ছব্দ দেখ।

To **Spare,** *v. a.* Sax. পরিমিত ব্যয়-কৃ, পরিমিতরূপে-দা, অনায়াসে অক্লেশে বা স্বচ্ছন্দরূপে-দা বা-যোগা, আপন ব্যয়ের মত বা উপযুক্ত রাখিয়া বাড়তি যাহা থাকে তাহা-দা, অল্প ব্যয়-কৃ, সঞ্চয়-কৃ, বাঁচা, খরচ না-কৃ, উড়াইয়া না-দা, ব্যবহার না-কৃ, রাখ, ইচ্ছাপূর্ব্বক বর্জন-কৃ, ছাড়িয়া-দা বা মুঞ্চ, ছাড়, ত্যাগ-কৃ, পরিহার-কৃ, পরিত্যাগ-কৃ, না-ধর, ক্ষান্ত-হ বা-কৃ, পীড়া না-দা, নষ্ট না-কৃ, ক্ষমা-কৃ, মাফ-কৃ, প্রদান-কৃ, দা, গ্রাহ্য-কৃ, দণ্ড বা সাজা না-দা, স্বীকার-কৃ, অনুগ্রহ-কৃ, দয়া-কৃ।

To **Spare,** *v. n.* পরিমিতাচারী-হ, পরিমিত ব্যয়ী-হ, অল্প ব্যয়ী-হ, সঞ্চয়ী-হ, কৃপণ-হ, কসা-হ, অদাতা-হ, নিরস্ত-হ, ক্ষান্ত-হ, ত্যাগ-কৃ, দ্বিধা-কৃ, সন্দেহী বা ওসওয়াসি-হ, অনুগ্রহ-কৃ, দয়া-কৃ, নিগ্রহ না-কৃ, ক্ষমা-কৃ, মাফ-কৃ, কৃপা-কৃ, দয়ালু বা কৃপালু-হ।

Spare, *a.* Sax. অল্প, অজচ্ছল নহে যে, পরিমিত ব্যয়ী, অল্প ব্যয়ী, কসা, অতিরিক্ত, বেসি, জেয়াদা, সাধারণ, কশাকশী বা টানাটানী হয় যাহা, বেদরকারি, প্রয়োজন বা আবশ্যক নাই যাহার বা যাহাতে, কৃশ, ক্ষীণ, দুর্ব্বল, কাহিল, চর্ম্মাবশিষ্ট, শুষ্ক, মাংস রহিত, মৃদু, মন্দ, বিলম্বী, নেতুড়, আসক্ত।

Spare, *n. s.* পরিমিত ব্যয়, অল্প ব্যয়, সঞ্চয়কারিত্ব, কৃপণতা, কসার ভাব বা অবস্থা, অদাতৃত্ব, কিপ্টামিত্ব।

Sparely, *ad.* পরিমিত বা অল্প ব্যয়পূর্ব্বক, পরিমিতরূপে, সঞ্চয় পূর্ব্বক, কৃপণতাপূর্ব্বক, হাত কসিয়া।

Spareness, *n. s.* Sax. ক্ষীণতা, কৃশতা, কাহিলী, দৌর্ব্বল্য।

Sparer, *n. s.* কৃপণ, কশা, ব্যয়কুণ্ঠ, খরচ করে না যে ব্যক্তি, ব্যয় নাই যাহার।

Sparerib, *n. s.* মাংসহীন কাটা পাঁজরা, শরীরহইতে ছিন্ন পঞ্জর, মাংস নাই কেবল অস্থিমাত্র যে পঞ্জর।

Spargefaction, *n. s.* Lat. ছড়ান, ছিটকান, ছিটা দেওন, ছিটা মারণ, প্রোক্ষণকরণ।

Sparhawk, Sparrowhawk শব্দ দেখ।

Sparing, *a.* অল্প, কিঞ্চিৎ, কৃপণ, কসা, কাপট্যা, অল্পব্যয়ী, পরিমিতব্যয়ী, হাতশক্ত, টানাটানি, কশাকশী, লাঘবী।

Sparingly, *ad.* অল্পে, লাঘবে, অল্প করিয়া, অল্প ব্যয়পূর্ব্বক, হাত কশিয়া, কৃপণতাপূর্ব্বক, অদাতৃত্বরূপে, পরিমিত ব্যয়ে বা দানে,

Digitized by Google

কৃচিৎ, কখনোং, সাবধানে, সতর্ক হইয়া, অনুগ্রহ দয়া বা কৃপা পূর্ব্বক।

Sparingness, *n. s.* অল্প বা পরিমিত ব্যয়, কৃপণতা, অদাতৃত্ব, সাবধানতা, খবরদারী, সামান্য ব্যয় বা খরচ।

Spark, *n. s.* Sax. অগ্নিকণা, স্ফুলিঙ্গ, ফিনকী, চকমক্যা দ্রব্য, ঝকমক্যা উজ্জ্বল বা দেদীপ্যমান বস্তু, চটপট্যা জাঁকাল ফুলফুল্যা বা রঙ্গিলা লোক, রসিক, প্রেমী।

To **Spark,** *v. n.* স্ফুলিঙ্গ ফিনকী বা অগ্নিকণা নির্গত বা বাহির-হ, স্ফুলিঙ্গ নিক্ষেপ-হ, চকমক্যা বা ঝকঝক্যা-হ, চিকং-কৃ, চকং-কৃ, তেজ বা উজ্জ্বল-হ, জলজল্যে-হ।

Sparkish, *a.* অবরভাষায় চটপট্যা বুঝায়।

Sparkle, *n. s.* অগ্নিকণা, স্ফুলিঙ্গ, ফিনকী, চকমক্যা ঝকঝক্যা বা দেদীপ্যমান কণা বা কোন বস্তু, তেজ, কিরণ, ছটা, আভা।

To **Sparkle,** *v. n.* জলজল-কৃ, কাঁচ পাত্রে মদ্যাদি ঢালিলে দৃষ্ট হয় যে বিজগুড়ি বা জলবিম্ব তাহা উঠ বা দুষ্ট-হ, স্ফুলিঙ্গ নিগত-হ, কণা বা ফিনকী বাহির-হ, চকমকানি-কৃ, ঝকঝকানি-কৃ, চিকচিক-কৃ, ক্ষুদ্র বিম্ব-হ বা-উঠ।

To **Sparkle,** *v. a.* Lat. ছড়া, নির্গত-কৃ, বাহির-কৃ, উদ্গির, উজ্জ্বল বা দীপ্তিমান্-কৃ, ইতস্ততঃ নিক্ষেপ-কৃ, মোচন-কৃ, ছড়াইয়া-ফেল।

Sparkler, *n. s.* চক্ষু জ্বলে বা চকচক করে যাহার, টলটল্যে চক্ষু যাহার।

Sparklet, *n. s.* স্ফুলিঙ্গ, অগ্নির কণা বা ফিনকী, তেজ।

Sparklingly, *ad.* চকমকে বা ঝকমকেরূপে, চিক্‌চিক করিয়া, তেজোময়ত্বরূপে, ছটা বা ঔজ্জ্বল্যরূপে, জলজলে বা চকমকে ভাবে।

Sparklingness, *n. s.* ঔজ্জ্বল্য, তেজোময়ত্ব, ঝকমকানি, চকমকানি, ঔজ্জ্বল্য, চকচকিয়া বা ঝগঝগিয়ার ভাব।

Sparling, *n. s.* Fr. সমুদ্রীয় মৎস্যবিশেষের নাম।

Sparrow, *n. s.* Got. ক্ষুদ্র পক্ষিবিশেষ, চটক, চড়া, চড়ুই, চটা।

Sparrowgrass, *n. s.* Asparagus শব্দের অশুদ্ধ ভাষা।

Sparrowhawk বা **Sparhawk,** *n. s.* Sax. একজাতীয় ক্ষুদ্র শিকরা বা বাজ পক্ষি।

Sparry, *a.* স্বর্ণমক্ষিকার ন্যায় আকরীয় দ্রব্যবিশিষ্ট বা তন্ময়।

Sparsedly, *ad.* ছড়ানপূর্ব্বক, বিছাইয়া, ছড়াইয়া, ইতস্ততো নিক্ষেপপূর্ব্বক।

Spasm, *n. s.* Fr. ধনুষ্টঙ্কার, বাত রোগ, আঁকড়ানি, খেঁচনি, টান, কোঁকড়হওন, গোটহওন, আকর্ষণ, অঙ্গগ্রহ, টান, হস্তপাদাদির খেঁচনি বা তাহাতে খিল ধরণ বা লাগন।

Spasmodick, *a.* Fr. আঁকড়ানি বা খেঁচনিসম্বন্ধীয় বা তদ্বিষয়ক, ধনুষ্টঙ্কারসম্বন্ধীয়, খেঁচনিরোগগ্রস্ত, অঙ্গগ্রহবিশিষ্ট, হস্তপাদাদি খেঁচে বা টানে যাহাতে বা যাহার, খিল ধরে যাহাতে।

Spat, *To* **Spit** ক্রিয়ার অতীতকালবাচক পদ।

Spat, *n. s.* Got. শম্বুক বা ঝিনুকের ডিম অণ্ড বা বাচ্চা।

To **Spatiate,** *v. n.* Lat. ভ্রমণ বা পর্য্যটন-কৃ, ঘুর, বেড়া, ফের, ভ্রমণ করিয়া-ফের, পরিভ্রমণ-কৃ।

To **Spatter,** *v. a.* Sax. ছিটকা, ছিড়কা, কোন ময়লা বা মন্দ দ্রব্য ছড়াইয়া বা মাখাইয়া-দা, প্রোক্ষণ-কৃ, প্রক্ষেপ-কৃ, নিক্ষেপ-কৃ, কাদা-কৃ, ময়লা-কৃ, ময়লা কাদা বা কোন কদর্য্য দ্রব্যের ছিটা-দা, নিন্দা-কৃ, গ্লানি-কৃ, বদনাম-কৃ, কলঙ্ক-কৃ, অপবাদ বা দুর্নাম-কৃ, মন্দ অপকারক মন্দকারী বা দুঃখদায়ক দ্রব্য নিক্ষেপ-কৃ।

To **Spatter,** *v. n.* থুথু-ফেল, থুথকুড়ি-ফেল, থুক, ছেপ-ফেল, ছেপ-দা, থুথু করিয়া-ফেল, মুখহইতে নিক্ষেপ বা নির্গত-কৃ।

Spatterdashes, *n. s.* পাদপরিচ্ছদ বা মোজাবিশেষ, পাদ না ভিজে এতদর্থে আবরণবিশেষ।

Spattling *Poppy,* *n. s.* বৃক্ষবিশেষ।

Spatula, *n. s.* Lat. প্রলেপাদি লেপন, অস্ত্র, চেয়াড়ি।

Spavin, *n. s.* Fr. ঘোটকের রোগবিশেষ।

Spavined. *a.* পূর্ব্বোক্ত রোগগ্রস্ত বা তদ্রোগে পীড়িত।

Spaw, *n. s.* ধাতু দ্রব্যযুক্ত জলবিশেষ, পর্ব্বত বা পাহাড়হইতে সংগৃহীত জল।

To **Spawl,** *v. n.* Sax. লাল-পড়, থুথু-পড়, মুখহইতে লাল বা থুথু কুড়ি-ফেল বা নির্গত-হ।

Spawl, *n. s.* Sax. লাল, থুথকুড়ি, থুতু, মুখের জল, ক্লেদ।

Spawling, *n. s.* মুখহইতে পড়িয়াছে যে লাল বা থুথকুড়ি, ছেপ, মুখের জল বা লাল।

Spawn, *n. s.* Teut. ডিম্ব, ডিম, ভেক বা মৎস্যের অণ্ড, ঘৃণার্থে সন্তান পুত্রাদি বা উৎপত্তিকে বুঝায়।

To **Spawn,** *v. a.* ডিম-পাড় বা-ছাড়, মৎস্যাদির ন্যায় অণ্ড প্রসব-হ, ঘৃণার্থে জন্ম-দা-জন্মা প্রসব-কৃ উৎপত্তি-কৃ বা উৎপাদন-কৃ বুঝায়।

To **Spawn,** *v. n.* মৎস্যাদির ন্যায় অণ্ড বা ডিম-হ, প্রসব-হ, উৎপত্তি-হ, জন্ম-হ, গম, বহির্গম, বাহির-হ, এ শব্দও ঘৃণার্থক জানিবে।

Spawner, *n. s.* মাদি মৎস্য, মৎস্যা স্ত্রী।

To **Spay,** *v. a.* Lat. মাদি বা পশ্বাদির স্ত্রীর স্ত্রীত্ববর্জিত বা নাশ-কৃ, মাদি পশুর বিশেষাঙ্গ ছেদ-কৃ।

To **Speak,** *v. n.* বাক্য-কথ, বাক্যোচ্চারণ-কৃ, কথা-কহ, কথ, বদ, বচ, কহ, উচ্চারণ-হ, উক্তি-কৃ, বক্তৃতা-কৃ, স্বপক্ষে বা প্রতিপক্ষে-কথ, বিচার বা ন্যায়-কৃ, তকরার-কৃ, বিবাদী-হ, বিরোধী-হ, ঝকড়া-কৃ, কথোপকথন-কৃ, প্রসঙ্গ-কৃ, প্রস্তাব-কৃ, জিকির-কৃ, সুর-দা, শব্দ বা আওয়াজ-হ, কথার দ্বারা বক্তব্য বা মানস অভিপ্রায় ব্যক্ত-কৃ, বক্তৃতা-কৃ।

To **Speak** *with,* সম্ভাষ-কৃ, কথোপকথন-কৃ, আলাপ-কৃ, সম্বোধন-কৃ।

To **Speak,** *v. a.* কথ, বদ, বল, বচ, কহ, উচ্চারণ-কৃ, ব্যক্ত-কৃ, প্রকাশ-কৃ, সম্বোধন-কৃ, সম্ভাষ-কৃ, কথোপকথন-কৃ, জ্ঞাত-কৃ, জানা, মুখে-বচ বা-কথ, বাক্যব্যয়-কৃ, কথা-কথ, ঘোষণা-দা, নির্ব্বাহ বা নিষ্পন্ন-কৃ, সম্বোধন করিয়া-বচ, নমস্কার-কৃ, জ্ঞাত-কৃ, দর্শা।

Speakable, *a.* কথ্য, কথনীয়, বক্তব্য, উচ্চারণীয়, কহিবার যোগ্য বা উপযুক্ত, বলা যাইতে পারে যাহা, কথন শক্তিযুক্ত বা তদ্বিশিষ্ট, কহিলে কহিতে পারা যায় যাহা, কথনক্ষম, কহিবার সাধ্য।

Speaker, *n. s.* কথক, বাক্যবাদী, বক্তা, ঘোষক, প্রধানবক্তা, উকিলবিশেষ, বক্তৃতাকর্ত্তা, কোনবিশেষরূপে বা ভাবে কথা কহে যে, সচিব, প্রস্তাব বা প্রসঙ্গকর্ত্তা, ঘোষণাদাতা, প্রকাশ বা প্রচার কর্ত্তা, পার্লিমেণ্ট মহাসভাতে কামান সঙ্গক সম্প্রদায়ের সভাপতি বা কথকবিশেষ।

Speaking, *n. s.* কথোপকথন, কহন, কথন, বাক্য, বক্তৃতা, বলন, কথা, কথাকহন, বাক্যব্যয়, বাক্যদ্বারা প্রকাশকরণ।

Speaking *Trumpet,* *n. s.* অনেক দূরে শুনা যায় এমত শব্দ বর্দ্ধক তূরী বা যন্ত্রবিশেষ।

Spear, *n. s.* Sax. শূল, শেল, বড়শা, রায়বাঁশ, খোনা, ছড়, ভালা, সাং, বল্লাম, বর্ছি, কোঁচ।

To **Spear,** *v. a.* শূলাঘাত-কৃ, বড়শা-মার, ভালা বা কোঁচাদ্বারা বধ বা বিদ্ধ-কৃ, বল্লম বা বর্ছি-মার বা তদ্দ্বারা আঘাত-কৃ।

To **Spear,** *v. n.* অঙ্কুর গেঁজ বা কোঁড়া নির্গত বা বাহির-হ, মুকুল, এশব্দ সচারাচর *To* **Spire** লেখা যায়।

Digitized by Google

Speargrass, *n. s.* লম্বা ঘাস বা তৃণবিশেষ।

Spearman, *n. s.* শেলদ্বারা যুদ্ধকর্ত্তা, শূলধারী, রায়বাঁশ্যা, বড় শাখারী, বল্লমধারী, বড়শীওয়ালা।

Spearmint, *n. s.* ক্ষুদ্র বৃক্ষবিশেষ।

Spearwort, *n. s.* ক্ষুদ্র বৃক্ষবিশেষ।

Specht বা **Speight,** *n. s.* Teut. পক্ষিবিশেষ, Wood-pecker শব্দ দেখ।

Special, *a.* Fr. কোন জাতি বা প্রকারসম্বন্ধীয়, বিশেষ, প্রভেদ, স্বতন্ত্র, নিজ, স্বকীয়, আপন, অসাধারণ, অসামান্য, অত্যুত্তম, শ্রেষ্ঠ, অপূর্ব্ব, পরিপাটী, অতিসুন্দর, কোনবিশেষ কর্ম্ম বা বিষয় নিমিত্তে নিযুক্ত বা নিবিষ্ট যাহা, গুণ ভাব বা ধর্ম্মে উত্তম যাহা।

Special, *n. s.* পৃথক্ বিষয়, স্বতন্ত্র ব্যাপার।

Speciality বা **Specialty,** *n. s.* Fr. বিশেষত্ব, স্বতন্ত্রত্ব, অসাধারণত্ব, অসামান্যত্ব, অপূর্ব্বত্ব, আশ্চর্য্যত্ব।

To **Specialize,** *v. a.* বিশেষ করিয়া-বদ বা প্রস্তাব বা প্রসঙ্গ-কৃ, স্বতন্ত্র বা পৃথক্ করিয়া-কথ।

Specially, *ad.* বিশেষরূপে, স্বতন্ত্ররূপে, অসাধারণে, পৃথক্‌রূপে, বিশেষ করিয়া, বিশেষতঃ, অন্যাপেক্ষাতে।

Species, *n. s.* Lat. মনুষ্যবর্গ, জাতি, জাতিভেদ, গণ, বর্গ, প্রকার, ধারা, রকম, তর, অনুভব, বোধ, দর্শন, দৃষ্টি, মনে হওন বা করণ, চলিত মুদ্রা বা টাকা, মিশ্রিত ঔষধিতে যেং দ্রব্য লাগে তদ্দ্রব্য।

Specifical বা **Specifick,** *a.* Fr. কোন জাতি বর্গ বা রকমসম্বন্ধীয়, বিশেষ, কোন জাতীয় বা বর্গীয়, জাতি ধর্ম্ম বা স্বভাব প্রকাশ পায় যাহাতে, জাতিভেদক, অসাধারণ বা বিশেষ গুণযুক্ত, কোন বিশেষ রোগ শান্তিকর, নির্দ্দিষ্ট, উক্ত, কথিত, নিশ্চিত।

Specifick, *n. s.* বিশেষ বা অসাধারণ গুণকারী ঔষধবিশেষ।

Specifically, *ad.* জাত্যনুসারে, বর্গানুক্রমে, রকম মতে, বিশেষ বা প্রভেদপূর্ব্বক।

To **Specificate,** *v. a.* Lat. জাতি বর্গ বা রকম পৃথক্‌ং চিহ্ন-দা বা নিশানা-কৃ, প্রভেদ-কৃ।

Specification, *n. s.* Fr. জাতি বর্গ বা রকমের চিহ্ন নিশানী বা দাগ, জাতিপ্রভেদক চিহ্ন, বিশেষ চিহ্ন, প্রভেদকরণ, বিশেষ বা অসাধারণ চিহ্ন, বিশেষরূপে প্রস্তাব বা প্রসঙ্গকরণ।

To **Specify,** *v. a.* Fr. বিশেষ করিয়া-কথ, কহ, বদ, বিশেষরূপে -কথ, বিশেষরূপে জ্ঞাত-কৃ, জানা, ব্যক্ত-কৃ, বিশেষরূপে প্রসঙ্গ বা প্রস্তাব-কৃ, জায়-দা, নিশ্চয় করিয়া-কথ বা-বচ, জিকির-কৃ, কোনবিশেষ লক্ষণ বা চিহ্নদ্বারা-দর্শা, জ্ঞাপন-কৃ।

Specimen, *n. s.* Lat. আদর্শ, নিদর্শনী, নমুনা, বানকী, দৃষ্টান্ত।

Specious, *a.* Fr. জাঁকাল, ভড়কদার, জমকাল, দর্শনীয়, সুদৃশ্য, দেখিতে শোভা আছে যাহার বা যাহাতে কিন্তু আসলে নহে, হঠাৎ যথার্থবোধ হয় যাহা, বাহ্যে প্রামাণিক অনুভব হয় যাহা, দেখিতে যথার্থ যাহা ফলতঃ অযথার্থ, প্রথমে ভাল দেখা যায় যাহা, দেখাউ ভাল, সুদৃশ্য, সাধ্য, সম্ভবনীয়, দৃশ্যশোভক।

Speciously, *ad.* দর্শনীয় জাঁকাল বা সুদৃশ্যরূপে, বাহ্যে জাঁকাল ভড়কাল বা প্রামাণ্যরূপে, হঠাৎ যথার্থ জ্ঞান হয় এমতরূপে, দেখিতে ভাল লাগে এমতরূপে।

Speciousness, *n. s.* জাঁক, জমক, ভড়ক, দর্শনীয়ত্ব, সুদৃশ্যতা, বাহ্যে বা হঠাৎ যথার্থ বা প্রামাণিক জ্ঞান হয় যাহা এতৎ ভাব বা অবস্থা, দৃশ্য শোভকত্ব, বাহ্যে যাথার্থ্য বা সৌন্দর্য্য।

Speck, *n. s.* Sax. চিহ্ন, দাগ, বুটি, ফুটকি, বিন্দু, ছিটা, বদরং বা বর্ণের বৈলক্ষণ্য দাগ বা চিহ্ন, কলঙ্ক, খুঁত।

To **Speck,** *v. a.* চিহ্ন বা দাগ-দা বা-লাগা, বিন্দু ফুটকি বা বুটি-দা, ছিটা-দা, দাগ বা ছিটাদ্বারা সকলঙ্ক দাগদার বা খুঁত-কৃ।

Speckle, *n. s.* অল্প চিহ্ন বা দাগ, ক্ষুদ্র বুটি, ফুটকি, বিন্দু, ছিটা, খুঁত, চিনা।

To **Speckle,** *v. a.* ফুটকিং দাগ-দা, ক্ষুদ্রং চিহ্ন বা বিন্দু-দা, বুটি -কাট, ছিট-কৃ, চিত্রিত-কৃ, দাগী-কৃ, খুঁত-কৃ, চিতি-পড়া বা -লাগা।

Speckledness, *n. s.* ক্ষুদ্রং ফুটকি বুটি বিন্দু বা দাগবিশিষ্টত্ব, চিত্রিত বা ছিটকাটার ভাব বা অবস্থা, চিত্রিতত্ব, দাগপড়ার ভাব বা ধর্ম্ম।

Speckt বা **Speight,** *n. s.* পক্ষিবিশেষ, কাটঠোকরা, Specht শব্দ দেখ।

Spectacle, *n. s.* দর্শন, দৃষ্টি, সং, দেখা যায় বা দেখায় যে বস্তু, কৌতুক, ক্রীড়া, তামাসা, এশব্দের বহুবচনে দিব্য চক্ষু চসমা বা দৃষ্টি সাহায্যক কাঁচকে বুঝায়, দৃষ্ট বস্তু, দৃষ্ট গোচর বিষয়, আশ্চর্য্য বা অনুপম দৃষ্ট বস্তু, চক্ষুর দ্বারা উপলব্ধ বস্তু।

Spectacled, *a.* দিব্যচক্ষুবিশিষ্ট, দৃষ্টিসাহায্যক কাঁচযুক্ত, চসমাওয়ালা, চসমা আছে যাহার বা যাহাতে।

Spectacular, *a.* দিব্যচক্ষু বা চসমাসম্বন্ধীয়, দর্শন দৃষ্টি বা সং দেখায় যে, কৌতুক বা তামাসা তদ্বিষয়ক বা তৎসম্বন্ধীয়।

Spectation, *n. s.* Lat. সম্মান, সম্ভ্রম, মর্য্যাদা, মান্যতা, আদর, গৌরব।

Spectator, *n. s.* Fr. সুদৃশ্য, দর্শনকর্ত্তা, দৃষ্টিকর্ত্তা, দেখক, দেখে বা দৃষ্টি করে যে ব্যক্তি, তামাসাগীর, তামাসা দেখে যে।

Spectatorship, *n. s.* দৃষ্টিকরণ, দর্শনকরণ, দেখন, নজরকরণ, দর্শনকর্ত্তা বা তামাসগীরের ভাব পদ বা অবস্থা।

Spectatress বা **Spectatrix,** *n. s.* Lat. দৃষ্টিকারিকা, দর্শিকাস্ত্রী, তামাসগীর স্ত্রী, তামাসা দেখে বা দৃষ্টি করে যে স্ত্রী।

Spectre, *n. s.* Lat. ভূত, প্রেত, অপদেবতা, মৃতব্যক্তির ছায়া আভা আকার বা আলছায়া।

Spectrum, *n. s.* Lat. মূর্ত্তি, প্রতিমূর্ত্তি, মূরত, আকার, রূপ, ভৌল, চপ, গঢ়ন, দৃশ্য, শরীর।

Specular, *a.* Lat. আদর্শ বা আয়নার গুণযুক্ত, দৃষ্টি সাহায্যকারী, দেখা যায় যাহাতে বা যদ্দ্বারা, দর্শন বা দৃষ্টি হয় যাহাতে, দৃষ্টি বর্দ্ধক, দেখিতে পাওয়া যায় যদ্দ্বারা, আর্শী বা দর্পণের গুণ শক্তি বা ধর্ম্মবিশিষ্ট তৎসম্বন্ধীয় বা বিষয়ক।

To **Speculate,** *v. n.* Fr. বিচার-কৃ, বিবেচনা-কৃ, চিন্তা-কৃ, ভাব, অনুমান-কৃ, ঠাহর-কৃ, ধ্যান-কৃ, আলোচনা-কৃ, মনে-কৃ, মনে-ভাব, চিন্তা বা চেষ্টা-কৃ, মনে বা অন্তঃকরণে-দৃশ ভাব বা দৃষ্টি-কৃ।

To **Speculate,** *v. a.* মনঃসংযোগ করিয়া বিচার বা বিবেচনা-কৃ, মন নিবিষ্ট করিয়া ধ্যান-কৃ, ঠাহর, চিন্তা-কৃ, মনে-দৃশ, মনে -জান, সুন্দররূপে মনের মধ্যে বিচার বা বিবেচনা-কৃ।

Speculation, *n. s.* Fr. দর্শন, দৃষ্টি, দেখন, দেখিয়া বিবেচনা বা বিচারকরণ, পরীক্ষক, বিবেচনাকর্ত্তা, সন্ধানী, গোএন্দা, জাস্ত, চর, অনুমান, আটকোল, বিবেচনা, ধ্যান, চিন্তা, বিচার, ভাবনা, ঠাহর, মতলব, মানস, দর্শন, দৃষ্টি, মনের মধ্যে উদ্রেক বা উত্থিত বিষয়, মনে আলোচনাকরণ, মনে বিবেচনা, মানস বিচার, দৃষ্টি দ্বারা বিবেচনা বা তজবিজ, চিন্তা বা ভাবনানন্তর মনে বোধ মতলব বা কর্ম্ম, মনের মধ্যে ফিকির বা মতলব, মানস দৃষ্টি, মনের মধ্যে নানাপ্রকার বা বহু চিন্তা ভাবনা বা চেষ্টা।

Speculatist, *n. s.* বিবেচনাকর্ত্তা, অনুমানকর্ত্তা, আলোচনাকর্ত্তা, ধ্যান চিন্তা বা বিচারকর্ত্তা, ঠাহর বা আটকোলকর্ত্তা, মনে ধ্যান বা চিন্তাকর্ত্তা।

Digitized by Google

Speculative, *a.* Fr. ধ্যান চিন্তা বিবেচনা বা বিচারকারী, সর্ব্বদা চিন্তিত, অনুমান বা আলোচনাকারী, অনুমেয়, চিন্তনীয়, অনুমান যোগ্য, মনে উদয় হয় যাহা, দৃষ্টিসম্বন্ধীয়, দর্শনসূচক, অনুসন্ধানী, খুঁজি তলাসিকারী, ধ্যানকৃত, ধ্যাত, মনে চিন্তিত বা আনুমানিক, মনন, কার্য্য কারণে নহে যাহা, শুদ্ধ মনে হয় যাহা, অভিপ্রেত, মানসিক, মনগড়া, মনেস্থিরীকৃত, মনে উদিত।

Speculatively, *ad.* ধ্যান চিন্তা বা বিবেচনাপূর্ব্বক, মানসে, ভাবনাপূর্ব্বক, মনে চিন্তাপূর্ব্বক, মানস করিয়া, অনুমানপূর্ব্বক, ধ্যান করণপূর্ব্বক, ধ্যানে, মনে, আনুমানিকত্বরূপে, মানসপূর্ব্বক, মনে চেষ্টাপূর্ব্বক, মতলবপূর্ব্বক, ধ্যান করিয়া, মনে উদয় হয় যাহা তদনুসারে, ধ্যানপূর্ব্বক, কার্য্যকারণ নহে এমতরূপে।

Speculativeness, *n. s.* ধ্যান চিন্তা বিবেচনা বা বিচারকারিত্ব, অনুমেয়ত্ব, চিন্তনীয়ত্ব, আনুমানিকত্ব, আলোচনীয়ত্ব, বিবেচনীয়ত্ব।

Speculator, *n. s.* বিবেচনা ধ্যান চিন্তা বা অনুমানকর্ত্তা, মতলবকর্ত্তা, বিচারকারী, চর, সন্ধানী, খোঁজকর্ত্তা, খুঁজিতলাসিকর্ত্তা, দেখে বা চৌকী দেয় যে ব্যক্তি, আলোচনাকর্ত্তা, মানসকর্ত্তা, দৃষ্টিকর্ত্তা, অনুসন্ধানকর্ত্তা, বিবেচনাকর্ত্তা, মনে ভাবনা চিন্তা বা অভিপ্রায়কর্ত্তা।

Speculatory, *a.* ধ্যান চিন্তা বিচার বা মতলবকারী, সন্ধানী, খোঁজকারী, মনেং মতলব বা চেষ্টাকারী।

Speculum, *n. s.* Lat. দর্পণ, আর্শী, আয়না, প্রতিরূপ, আদর্শ, চিকিৎসকের অস্ত্রবিশেষ।

Sped, *To* Speed ক্রিয়ার অতীত কালবাচক এবং কার্দন্তিক পদ।

Speech, *n. s.* Sax. বাক্যোচ্চারণ, বচন, বুলি, বাক্‌শক্তি, বাক্য দ্বারা মানস প্রকাশ বা ব্যক্তকরণ ক্ষমতা, বাক্য, কথা, ভাষা, উক্তি, বাক্, শব্দ, কথন, বক্তৃতা, কথকতা, বিশেষরূপে কথিত বাক্য, অভিপ্রেত বাক্য, কথিত বা বাচিত কোন বিষয়, মনে উদয় হয় যাহা তৎপ্রকাশ বা কথোপকথন, কথাবার্ত্তা, প্রস্তাব, প্রসঙ্গ, প্রবৃত্তিজনক বাক্য।

To **Speech,** *v. n.* বক্তৃতা-কৃ, কথকতা-কৃ, কথোপকথন-কৃ, বাক্য-কথ, কথা-বচ।

Speechlees, *a.* মৌন, চুপ, বাক্যরহিত, কথা নাই যাহার, বাক্‌রহিত, বাক্‌রোধী, মূক, বোবা, নীরব, নিঃশব্দ, অবাক্, কথন শক্তিহীন, বাকশক্তি বর্জিত, কথা কহিবার ক্ষমতা বা শক্তি নাই যাহার।

Speechlessness, *n. s.* মৌনিত্ব, অবাক্‌ত্ব, নীরবত্ব, মূকত্ব, বাক্যরাহিত্য, নিঃশব্দ।

To **Speed,** *v. n.* সত্বর-হ, ত্বরান্বিত-হ, দৌড়, বেগে-চল, দৌড়িয়া-যা, সিদ্ধ-হ, ফলপ্রাপ্ত-হ, কৃতকার্য্য-হ, ভাল বা মন্দ-হ, কোন অবস্থাপ্রাপ্ত-হ, শীঘ্রগামী-হ, শীঘ্র-গম বা-চল।

To **Speed,** *v. a.* ত্বরা-কৃ, শীঘ্র করিয়া-পাঠা, শীঘ্র প্রেরণ বা গমন-কৃ, ত্বরাযুক্ত-কৃ, বেগবান্-কৃ, বেগে-চালা, দৌড়-করা, বধ-কৃ, হত্যা-কৃ, খুন-কৃ, মার, অপকার বা মন্দ-কৃ, ক্ষতি-কৃ, নষ্টকৃ, উচ্ছিন্ন-কৃ, সর্ব্বনাশ-কৃ, কর্ম্ম নির্ব্বাহ রক্ষা বা পরিষ্কার-কৃ, সাহায্য-কৃ, সহায়তা-কৃ, উপকার বা পৌষ্টিকতা-কৃ, সৌভাগ্যযুক্ত-কৃ, সফল-করা ফল সিদ্ধ-কৃ, কৃতকার্য্য-কৃ, প্রাপ্তি-কৃ, তাড়াতাড়ি করিয়া-দা।

Speed, *n. s.* Sax. ত্বরা, বেগ, দ্রুতত্ব, চট্‌পটেমি, শীঘ্রতা, তুখরত্ব, তাড়াতাড়ি, শীঘ্রতা, ঝটিতিত্ব, জল্দী, সিদ্ধি, ফল, গুণ, কার্য্য, কোন কর্ম্মের শেষ বা ফল, ঘোড়ার বা গাড়ির চালি, কৃতকার্য্য হওন বা করণ, মঙ্গল।

Speedily, *ad.* ত্বরিত, শীঘ্র, জল্দী, তাড়াতাড়ি, ঝাঁট, ত্বরায়, অবিলম্বে, ঝটিতি, দ্রুতরূপে, শীঘ্ররূপে, ঝাট বা জল্দী করিয়া।

Speediness, *n. s.* দ্রুতত্ব, শীঘ্রত্ব, অবিলম্ব, তাড়াতাড়ি বা ঝটিতির ভাব বা গুণ।

Speedwell, *n. s.* বৃক্ষবিশেষ।

Speedy, *a.* দ্রুত, শীঘ্র, জলদ, ক্ষিপ্র, খরখরে, চালাক, শীঘ্রগামী বা গতিশীল, শীঘ্র বা ত্বরাকারী।

To **Speet,** *v. a.* Teut. খোঁচা, খোঁচাইয়া-মার, গোঁজা-মার, খোঁচা-মার।

Speight, *n. s.* কাঠঠোকরা পক্ষিবিশেষ, Specht শব্দ দেখ।

Spelk, *n. s.* Sax. কাটি, সলা, কোন ক্ষুদ্র কাষ্ঠ বা পাখাটী যদ্দ্বারা বা যাহার উপর চাল ছাওয়া যায়।

Spell, *n. s.* Sax. মন্ত্র, জাদু, টোটকা, তুক, গুণ, কর্ম্মের পালা বারি বা বদলী, কর্ম্মের পরিবর্ত্তন।

To **Spell,** *v. a.* বানান-কৃ, বর্ণযোগ-কৃ, পাঠ-কৃ, পড়, বর্ণ দেখিয়া-পড়, জাদু-কৃ, তুক-কৃ, গুণ-কৃ, আখ্যান-কৃ, কথ, শিক্ষা-করা, শিখা, যথার্থ বা উপযুক্ত অক্ষরদ্বারা-রচ বা-লিখ, শব্দবিন্যাস-কৃ, প্রত্যেক অক্ষর বা বর্ণ উচ্চারণপূর্ব্বক-পাঠ বা-লিখ, অক্ষর বা চিহ্ন দ্বারা ব্যক্ত-কৃ।

To **Spell,** *v. n.* বানান-হ, অক্ষর বা বর্ণ সংযোগ-হ, পঠ, পাঠ-কৃ, ঠেকিয়াং পাঠ-কৃ, শব্দ বিন্যাস-হ, শব্দ রচনা-হ, অজ্ঞাতরূপে পাঠ-কৃ।

To **Spelt,** *v. n.* চির, ফাড়, ভাঙ্গ, ভগ্ন-কৃ, দোফাক-হ, চিরিয়া দুই ভাগ-হ, ভাঙ্গিয়া-যা।

Spelt, *n. s.* Sax. শস্যবিশেষ।

Spelter, *n. s.* ধাতুবিশেষ, দস্তা।

Spence, *n. s.* Fr. বোতলখানা, ভাণ্ডার, খাদ্যদ্রব্যাদি রাখিবার স্থান, জিনিসপত্রাগার।

To **Spend,** *v. a.* Sax. ব্যয়-কৃ, খরচ-কৃ, ক্ষয়-কৃ, উড়া, নাশ-কৃ, উড়াইয়া-দা, খরচকরণদ্বারা শেষ-কৃ, চালা, যাইতে-দা, ক্ষীণ-কৃ, দুর্ব্বল-কৃ, কৃশ-কৃ, কাহিল-কৃ, শ্রান্ত-কৃ, খরচ-দা বা-কৃ, খরচ-যোগা, কোন কর্ম্মের নিমিত্তে-দা বা খরচ-কৃ, ব্যতিব্যস্ত-কৃ, ক্লিষ্ট-কৃ, গত-কৃ, ক্ষয় করিয়া-ফেল, উচ্ছিন্ন-কৃ।

To **Spend,** *v. n.* ব্যয়-হ, খরচ-হ, ক্ষয়-হ, কাজে-লাগ, নষ্ট-হ, কোন কর্ম্মে-লাগ, ব্যয় বা খরচ হইয়া-যা, ব্যবহার-হ।

Spender, *n. s.* ব্যয় বা খরচকর্ত্তা, উড়ন্যা, বহুব্যয়ী, অতিব্যয়ী, খরচ করিয়া ফেলে যে, উড়াইয়া দেয় যে, ব্যয় করিয়া ফেলে যে, খরচ বা ব্যয়দ্বারা নাশ করে যে ব্যক্তি।

Spending, *n. s.* Sax. ব্যয় বা খরচ করণ, উড়াইয়া দেওন, কোন কর্ম্মে লাগান, খরচ করিয়া ফেলন, উড়ান, খরচ, ব্যয়, কোন কর্ম্মের নিমিত্তে দেওন, খরচ, ক্ষয়, ব্যয়।

Spendthrift, *n. s.* উড়ন্যা, খোয়ান্যা, অপব্যয়ী, বহুব্যয়ী, অতিব্যয়ী, খরচ করিয়া উড়াইয়া দেয় যে ব্যক্তি।

Sperate, *a.* Lat. শোধরাইতে বা উদ্ধারহইতে পারে যাহা, সাধ্য, সারিতে বা শুদ্ধ বা ভাল হইতে পারে যাহা, অসাধ্য বা পুনঃ অপ্রাপণীয় নয় যাহা।

To **Spere,** *v. a.* Sax. জিজ্ঞাসা-কৃ, প্রশ্ন-কৃ, অনুসন্ধান-কৃ, তত্ত্ব-কৃ, খোঁজ-কৃ, তল্লাস-কৃ।

Sperm, *n. s.* Fr. শুক্র, রেতঃ, বীর্য্য, বীজ, উৎপত্তির কারণ বা মূল।

Spermaceti, *n. s.* Lat. হোএলনামক মৎস্যবিশেষ, তাহার তৈল হয় আর চরবিতে বাতি হয়, এ শব্দের Parmacity অশুদ্ধরূপে উচ্চারণ করে।

Digitized by Google

Spermatical বা **Spermatick**, *a.* Fr. শুক্রবিষয়ক, রেতোবৎ বা তদ্বিশিষ্ট, বীর্য্যসম্বন্ধীয়, রেত বা বীর্য্যময়, শুক্র আছে যাহাতে।

To **Spermatize**, *v. n.* শুক্র রেত বা বীর্য্য উৎপন্ন-হ বা-জন।

Spermatocele, *n. s.* মেহ রোগের কারণ বা তদ্রোগ, ধাতুচালা রোগবিশেষ।

Spermologist, *n. s.* শুক্র বীর্য্য বা রেতের বিবরণ জানে বা তদ্বিষয় লেখে বা সংগ্রহ করে যে।

To **Spet**, *v. a.* Sax. মুখহইতে বাহির বা নির্গত-কৃ, উদ্গার, থুত কুড়ি-ফেল, থুথু-ফেল, এ শব্দ প্রাচীন কালে Spit শব্দের পরিবর্ত্তে ব্যবহার হইত।

Spet, *n. s.* থুতকুড়ি, থুথু, মুখোচ্ছিষ্ট, লাল, মুখহইতে নির্গত ক্লেদ বা জল।

To **Spew**, *v. a.* Got. বমি-কৃ, বমন-কৃ, ন্যাকার-কৃ, ছর্দি-কৃ, বমন করিয়া-ফেল, উদ্গার, তুলিয়া বা উঠাইয়া-ফেল, নিক্ষেপ-কৃ, ন্যাকার করিয়া-ফেল।

To **Spew**, *v. n.* বমি-হ, বমন-হ, ন্যাকার-হ, বমনকারী-হ, ছর্দি-হ, উঠিয়া-পড়, ন্যাকার করিয়া-ফেল, বমনকরণদ্বারা উদর পরিষ্কার-হ বা-কৃ।

Spewer, *n. s.* Sax. বমনকর্ত্তা, ন্যাকার বা ছর্দি করে যে ব্যক্তি, উদ্গারণ করে যে ব্যক্তি, উঠাইয়া বা তুলিয়া ফেলে যে ব্যক্তি, বমন করিয়া ফেলে যে, উদ্গারণকর্ত্তা।

Spewing, *n. s.* Sax. বমন, ন্যাকার, বমি, ছর্দি, উদ্গারণ, উঠাইয়া বা তুলিয়া ফেলন, বমনকরণ, বমন করিয়া ফেলন।

Spewy, *a.* শিথিল, জলমাখা, জলবিশিষ্ট, ভিজা, জবজবা, সপ্‌সপ্যা, কুজ্ঝটিকাবৃত, ঘোর, অন্ধকার, কোয়াসায় আচ্ছন্ন।

To **Sphacelate**, *v. a.* Lat. পচা, শড়া, জীর্ণ-কৃ, গলা, পচিয়া-যা বা-পত, গলিয়া বিকারপ্রাপ্ত-হ।

To **Sphacelate**, *v. n.* পচ, শড়, জীর্ণ-হ, গল, বিকারপ্রাপ্ত-হ, দুষ্টত্বপ্রাপ্ত-হ, দোষ-জন।

Sphacelus, *n. s.* পচন, শড়ন, পচিয়া দোষপ্রাপ্তহওন, গলন, বিকারপ্রাপ্তি।

Sphere, *n. s.* Fr. বর্ত্তুল, গোল, ভুবন কোষ, পৃথিবী বা আকাশের নক্শা বা তৎনক্শা থাকে যে বর্ত্তুলে, মণ্ডল, বর্ত্তুলাকার বা চক্রাকার কোন বস্তু, গতি চক্র, কর্ম্ম, মোতালক, কর্ম্মের হদ্দা।

To **Sphere**, *v. a.* ভুবন-কৃ, ভুবন কোষাকার-কৃ, চক্রাকার-কৃ বা -আঁক, গোলাকৃতি-কৃ, মণ্ডলাকৃতি-কৃ, গোল-কৃ, মণ্ডলাকারের মধ্যে-রাখ, গোল করিয়া তাহার মধ্যে-রাখ, গোল বা চক্র-কৃ।

Spherical বা **Spherick**, *a.* Fr. গোলাকৃতি, গোল, গোলাকার, চক্রাকার, মণ্ডলাকৃতি, কোন মণ্ডল গ্রহ বা তারাসম্বন্ধীয় বা তদ্বিষয়ক, চক্রাকার, গ্রহের মণ্ডলসূচক, কোন নক্ষত্র বা তারার মণ্ডলসম্বন্ধীয়।

Spherically, *ad.* গোলাকৃতিরূপে, মণ্ডলাকৃতি হইয়া বা করিয়া, গোল হইয়া, গোলাকারে, চক্রাকারে, মণ্ডলাকারপূর্ব্বক।

Sphericalness বা **Sphericity**, *n. s.* গোলাকৃতি, চক্রাকৃতি, মণ্ডলাকৃতি, বর্ত্তুলাকারের ভাব বা অবস্থা, চক্র, গোল বা বর্ত্তুলাকার বা তদ্ভাব।

Sphericks, *n. s.* গোলাধ্যায়, গোল চক্র বা মণ্ডলাকারের প্রকরণ বা তদ্বিষয়ক শাস্ত্র, চক্রতত্ত্ব, মণ্ডলতত্ত্ব।

Spheroid, *n. s.* অণ্ডাকার, উভয় পার্শ্ব চেপ্‌টা বা দীর্ঘ এবং মধ্যে গোল যে দ্রব্য, অণ্ডাকৃতি, অণ্ডের আকার ভাব বা রূপ।

Spheroidical বা **Spheroidal**, *a.* গোল বা অণ্ডাকৃতিবিশিষ্ট, উভয় পার্শ্ব চেপ্‌টা বা দীর্ঘ আর মধ্যে গোল যাহার, অণ্ডাকারসম্বন্ধীয় বা তদ্বিষয়ক।

Spheroidity, *n. s.* গোলাকৃতি, মণ্ডলাকৃতি, অণ্ডাকারত্ব, মধ্যে গোল কিন্তু উভয় পার্শ্বে চেপ্‌টা হওনের ভাব বা অবস্থা, চক্রত্ব, অণ্ডত্ব।

Spherule, *n. s.* Lat. ক্ষুদ্রমণ্ডল, অণ্ডাকৃতি কোন ক্ষুদ্র বস্তু।

Sphery, *a.* মণ্ডলাকার, গোল, ভুবনকোষসম্বন্ধীয়, অণ্ড চক্র বা গোলাকারসম্বন্ধীয় বা তদ্বিষয়ক, গোল, চক্রাকার, বর্ত্তুলাকার।

Sphincter, *n. s.* Lat. মনুষ্যের শরীরের শিরা বা রগবিশেষ, বলয়সংকোচক বা নির্মীলক শিরা।

Sphinx, *n. s.* দানববিশেষ, মিসর দেশের স্ত্রীলোকের মুখ আর সিংহের শরীরবিশিষ্ট রাক্ষসবিশেষ।

Spice, *n. s.* Fr. বনজ দ্রব্য, মশালা, সুগন্ধযুক্ত গরম মশালা, অল্প বা কিঞ্চিৎ দ্রব্য।

To **Spice**, *v. a.* মশালা-দা, সুগন্ধি দ্রব্য-মিশা, সুস্বাদু-কৃ, গরম মশালাযুক্ত-কৃ, মশালা মিশ্রণদ্বারা সুতার-কৃ, উত্তম বা সুস্বাদু-কৃ।

Spicer, *n. s.* গন্ধবণিক্ বা পশারিবিশেষ, মশালা বিক্রয় করে যে ব্যক্তি, বেণ্যে।

Spicery, *n. s.* Fr. মশালা, মশালা দ্রব্য, গরম মশালা ব্যবসায়, গরম মশালাগার, মশালা বা বণিক্ দ্রব্য রাখে বা থাকে যে স্থানে।

Spick *and* **Span**, *a.* টাট্‌কা, কোরা, আনকোরা, অব্যবহারিত, অভিনব, নূতন, ব্যবহার হয় নাই যাহা।

Spicknel, *n. s.* বৃক্ষবিশেষ।

Spicosity, *n. s.* Lat. শস্যের শীষের ন্যায় আগা সূঁচল বা ধারাল হওন অবস্থা বা ভাব, শীষে পরিপূর্ণত্ব, হুলওয়ালা বা শস্যাগ্রবৎ আকারবিশিষ্টত্ব, শীষময়ত্ব, শীষবিশিষ্টত্ব।

To **Spiculate**, *v. a.* Lat. অগ্রতীক্ষ্ণ-কৃ, আগা সূঁচল বা ধারাল-কৃ, অগ্রভাগ সরু বা হুলাকার-কৃ, আগা সরু-কৃ।

Spicy, *a.* গরম মশালা হয় যাহাতে, মশালাদার, সুগন্ধি দ্রব্যবিশিষ্ট, সুগন্ধিযুক্ত, গরম মশালার গুণ আছে যাহাতে, মশালা উৎপাদক বা জনক, মশালায় পরিপূর্ণ বা তদ্যুক্ত, সুগন্ধি।

Spider, *n. s.* ঊর্ণনাভ, মাকড়, মাকড়সা, লূতা।

Spidercatcher, *n. s.* পক্ষিবিশেষ।

Spiderlike, *a.* ঊর্ণনাভবৎ, মাকড়সার ন্যায়, মাকড়সার জালের ন্যায় আকার বা গুণবিশিষ্ট।

Spiderwort, *n. s.* বৃক্ষবিশেষ।

Spignel, *n. s.* **Spicknel** শব্দ দেখ।

Spigot, *n. s.* Dut. কাষ্ঠের ছিপী চিপলা বা মেক, মদ্যাদির পাত্র বন্ধ রাখা যায় বা করা যায় যদ্দ্বারা, মুকুটী।

Spike, *n. s.* Lat. শস্যের অগ্রভাগ বা মঞ্জরী, শস্যের শীষ, সুঙ্গা, শিখা, কীলক, গজাল, গোঁজ, বড় প্রেক, বড় মেক, খিল।

Spike, *n. s.* এক জাতীয় ক্ষুদ্র Lavender নামক বৃক্ষবিশেষ।

To **Spike**, *v. a.* কীলক-মার, গজাল-মার বা-পোত, গোঁজ-মার, গোঁজ দিয়া বদ্ধ-কৃ, বড় প্রেকে বদ্ধ-কৃ, কীলক গজাল বা লম্বা প্রেকের দ্বারা বদ্ধ-কৃ বা-আট্‌কা, কীলক বা গজালযুক্ত-কৃ, আগা ধারাল-কৃ, অগ্রভাগ তীক্ষ্ণ-কৃ।

Spiked, *a.* শীষবিশিষ্ট বা যুক্ত, শীষওয়ালা, সুঙ্গাওয়ালা।

Spikenard, *n. s.* Lat. বৃক্ষবিশেষ কিম্বা তদ্বৃক্ষের তৈল, সম্বল, জটামাংসী।

Spiky, *a.* তীক্ষ্ণ অগ্রবিশিষ্ট বা যুক্ত, আগা সূঁচল বা ধারাল যাহার, হুলওয়ালা, আগাসরু।

Digitized by Google

Spill, *n. s.* Dut. লোহার পাত, লোহার সরুপাটী, কাষ্ঠের চেলা, কিঞ্চিৎ বা অল্প মুদ্রা ধন বা টাকা।

To **Spill,** *v. a.* Sax. ঢাল, ঢালিয়া-ফেল বা তদ্দ্বারা নোকশান-কৃ, ফেল, পাত-কৃ, ছড়া, নষ্ট-কৃ, খারাব-কৃ, ফেলাইয়া-দা, ফেলিতে বা ঢালিতে নোকশান-কৃ, ছড়াছড়ি-কৃ, চল্কীয়া-ফেল, মন্দ-কৃ, বিনাশ-কৃ।

To **Spill,** *v. n.* পতিত-হ, পতন-হ, পাত-হ, পত, পড়, নষ্ট বা ক্ষতি-হ, অপচয়-হ, ছড়াছড়ি-হ, ছড়াছড়ি হইয়া-পত, চল্কীয়া-পত, ছড়াইয়া-পড়, উপছাইয়া-পত, ফেলিতে বা ঢালিতে নোকশান-হ।

Spiller, *n. s.* মৎস্য ধরিবার সূতা বা ডোরবিশেষ, ছিপের সূতা বা দড়ি।

Spilt, *part. a.* চিত্রিত, নানারঙ্গীকৃত, চিত্রবিচিত্র, নানাপ্রকার।

Spilth, *n. s.* ছড়াছড়ি দ্রব্য, ঢালিতে বা গড়াইতে পতিত বা অপচয়িত দ্রব্য, ছড়ান বা ফেলা দ্রব্য, চল্কীয়া পড়িয়াছে যাহা।

To **Spin,** *v. a.* চরকা-কাট, সূতা-কাট, কাটনা-কাট, সূত্র নির্ম্মাণ-কৃ, দীর্ঘ-কৃ, বাড়া, লম্বা-কৃ, ক্রমে নির্ম্মাণ বা প্রস্তুত-কৃ, ক্রমে লম্বা-কৃ বা-কাট, ঘুরা, পাক-দা, পাকা, আস্তে বা গৌণে বাহির-কৃ।

To **Spin,** *v. n.* সূতা কাটা বা কাটনা কাটা শিক্ষা বা অভ্যাস-কৃ, কাটনা-কাট, সূতা-কাট, সূতার ন্যায়-বহ, টেকুয়ার ন্যায়-ঘুর, নাটাইর ন্যায় গতিশীল-হ-চল বা-ঘুর।

Spinach বা **Spinage,** *n. s.* Lat. বৃক্ষবিশেষ।

Spinal, *a.* Lat. কশেরুকা বা পৃষ্ঠাস্থিসম্বন্ধীয়, পিঠের হাড়সম্বন্ধীয় বা তদ্বিষয়ক।

Spindle, *n. s.* Sax. ঋজু কাটি বা দণ্ড, ফেঁকড়ি, টেকুয়ার দণ্ড, কাটি বা দণ্ডবিশেষ যদ্দ্বারা কোন সূতা কাটে, কোন সরু কাটি, সরুডাল বা পাব।

To **Spindle,** *v. n.* সরু ডাল বা গ্যাঁজ-উঠ, ডাল-হ, পাব-হ, গ্যাঁজ হইয়া-উঠ, ফেঁকড়ি-হ বা-উঠ।

Spindlelegged বা **Spindleshanked,** *a.* ক্ষুদ্র পাদবিশিষ্ট, ছোট বা খাট পা যাহার, ক্ষুদ্র বা ছোট পায়ের নলীবিশিষ্ট বা তৎপাদ আছে যাহার।

Spindletree, *n. s.* কণ্টক বৃক্ষবিশেষ।

Spine, *n. s.* Lat. পৃষ্ঠের হাড়, মেরুদণ্ড, কশেরুকা, পিঠের ডাঁড়া, পৃষ্ঠবংশ।

Spine, *n. s.* Fr. কণ্টক বৃক্ষ, কাঁটা।

Spinel, *n. s.* আকরীয় ধাতু দ্রব্যবিশেষ।

Spinet, *n. s.* Fr. বাদ্য যন্ত্রবিশেষ, চাবিবিশিষ্ট যন্ত্র বা কল।

Spinet, *n. s.* Lat. ক্ষুদ্র বন, জঙ্গল, কণ্টক বৃক্ষাদিতে আবৃত স্থান, কাঁটাবন, ক্ষুদ্র ঝোড় বা বন আছে বা হয় যে স্থানে।

Spiniferous, *a.* Lat. কণ্টকজনক, কণ্টকময়, কণ্টকাবৃত, কাঁটায় ভরা বা ঢাকা, কাঁটা হয় বা জন্মে যাহাতে বা যেখানে।

Spink, *n. s.* পক্ষিবিশেষ, Finch শব্দ দেখ।

Spinner, *n. s.* কাটুন্যা, কাটুনী, কাটনা বা সূতা কাটে যে, ঊর্ণনাভ, মাকড়সা, মাকড়, মাকড়সার জাল, সূত্র কাটা কর্ম্মে নিপুণ বা সুজ্ঞাত ব্যক্তি।

Spinning *Wheel,* *n. s.* একপ্রকার চরকা বা আসনা সূতাকাটা যন্ত্র বিশেষ।

Spinny, *a.* অবর ভাষায় ক্ষুদ্র খাট ছোট সরু বা সড়ুঙ্গে বুঝায়।

Spinosity, *n. s.* কঠিনত্ব, পেঁচ, জড়ি, ফের, পেঁচালর ভাব বা অবস্থা, কণ্টকময়ত্ব, কণ্টকবিশিষ্টত্ব, উৎপাত।

Spinous, *a.* Lat. কণ্টকবিশিষ্ট, কণ্টকময়, কাঁটায় ভরা।

Spinster, *n. s.* সূতাকাটুনী, কাটনা কাটুনী, সূতা কাটে যে স্ত্রী, আদালতের ভাষায় অবিবাহিতা অদত্তা বা অনূঢ়া কন্যা বা স্ত্রী বুঝায়।

Spinstry, *n. s.* কাটনা, সূতাকাটন, কাটনা কাটা, সূতাকাটা কর্ম্ম।

Spiny, *a.* Lat. সকণ্টক, কাঁটাময়, পেঁচাল, ঘোরাল, মুস্কিল, কঠিন, শক্ত, ফের ঘোর আছে যাহাতে, দুঃখদ, দুঃসাধ্য, উৎপাতিয়া।

Spiracle, *n. s.* Lat. বায়ুপথ, নিশ্বাস ত্যাগ বা গ্রহণের পথ, পথ, দ্বার, ফাঁক, ফুকর, ছেঁদা, রন্ধ্র, ফাঁট, চিড়, কোন ছোট ফুকর।

Spiral, *a.* Fr. বক্র, কণ্ডুল, কণ্ডুলীপাকান, পেচাল, ঘোর, ঘুরণীয়া, ক্ষুরের ন্যায় গোল, পেঁচাকৃতি, পাকদেওয়া, পাকপাড়া, পাকওয়ালা।

Spirally, *ad.* পেঁচাল বা ঘুরণীয়ারূপে, পাকদেওয়া পাকপাড়া বা ঘোরফের রূপে।

Spiration, *n. s.* Lat. নিশ্বাস, শ্বাস, প্রশ্বাস, নিশ্বাস ত্যাগ বা গ্রহণ করণ।

Spire, *n. s.* Fr. পাক, পেঁচ, ক্ষুরের ন্যায় পাক মারা বা পাড়া দ্রব্য, স্তম্ভাকৃতি চূড়া, অগ্র, আগা, সর্ব্বাগ্রভাগ, বক্র বা গোল অঙ্ক কসী বা দাগ, মন্দির বা চূড়ার ন্যায় আকার, গোড়া মোটা বা স্থূল আর উত্তরোত্তর ঊর্দ্ধে ছোট বা সরু যাহার তদাকার বা বস্তু, সূচ্যাকার দ্রব্য।

To **Spire,** *v. n.* স্তম্ভাকৃতি-হ, গোড়ামোটা ও আগা সরু হইয়া-উঠ, পূর্ব্বোক্ত আকার বা গড়নযুক্ত-হ।

Spired, *a.* চূড়াবিশিষ্ট, ক্রমে অগ্রভাগ সরু যাহার।

To Stop, *v. a.* Fr. স্থগিত-কৃ, আটক-কৃ, বন্ধ-কৃ, নিবারণ-কৃ, রোধ-কৃ, গতি বা বৃদ্ধি নিবারণ-কৃ, আগে বাড়িতে বা যাইতে না-দা, গতিরহিত-কৃ, থামা, অবস্থান্তর হইতে না-দা, কোন কর্ম্ম আচার বা ব্যবহার মানা-কৃ, ব্যবসায়হইতে নিবৃত্ত-কৃ, প্রতিবন্ধকতা-কৃ, স্থির-কৃ, অঙ্গুলিদ্বারা বাদ্যযন্ত্রের সুর-বান্ধ বা-মিলা, পথে-আটকা, রন্ধ্র ছিদ্র বা ফুকর বুজাইয়া-দা, পদচ্ছেদ-কৃ, চিহ্ন-দা।

To Stop, *v. n.* থাক, রহ, স্থগিত-হ, স্থির-হ, দাঁড়া, আগে না-চল, নিবারণ বা আটক-হ, গতি বা বৃদ্ধিরহিত-হ, না-বাড়, নিবৃত্ত-হ, কোন কর্ম্ম আচার ব্যবহার বা ব্যবসায়হইতে ক্ষান্ত-হ।

Stop, *n. s.* স্থিতি, প্রতিবন্ধ, স্থগিত অবস্থা বা ভাব, আটক, নিষেধ, বাধা, নিবৃত্তি, স্থিরহওন, থামন, নিবারণ, মানা, বিক্রয়, বিক্রী, নিষেধ, মৌকুফ, বাধা দেয় যে বা হয় যদ্দ্বারা, ব্যাঘাত, বাদ্য যন্ত্রের কাটিবিশেষ, সুর বান্ধন, গতি বা বৃদ্ধির নিবৃত্তি, পদচ্ছেদ, বন্দ বা নিবারণ চিহ্ন।

Stopcock, *n. s.* মদ্যাদি বাহির করিবার বা ঢালিবার নল বা চোঙ্গাবিশেষ।

Stopgap, *n. s.* প্রতিনিধি, অনুকল্প, কোন দ্রব্য বা বিষয় যাহা অন্যের পরিবর্ত্তে ব্যবহার হয়, অল্পকালের নিমিত্তে কোন উপায়।

Stoppage, *n. s.* আটক, বাধা, নিবৃত্তি, ব্যাঘাত, নিষেধ, থামান, বন্দ, স্থগিত বা স্থিরহওন বা করণ, নিবারণ, মৌকুফ।

Stopper, *n. s.* আটককর্ত্তা, নিবারণকর্ত্তা, বন্দকর্ত্তা, থামায় যে, কোন রন্ধ্র ছিদ্র বা ফুকর বুজায় যে, এতদ্ভিন্ন Stopple শব্দ দেখ।

Stopless, *a.* থামে না যে, থামান যাইতে পারে না যাহাকে, নিবারিত হয় না যাহা, অনিবার্য্য, অবরোধ বা আটক করা যাইতে পারা যায় না যাহাকে বা যাহা, বন্দ হয় না যাহা বা করিতে পারা যায় না যাহাকে।

Stopple বা Stopper, *n. s.* ছিপি, গুঁজি, মুখটী, ঢিপলা, কোন ছিদ্র বা মুখ বন্ধ করা যায় যদ্দ্বারা তদ্দ্রব্য।

Storax, *n. s.* Lat. বৃক্ষবিশেষ, সুগন্ধযুক্ত নির্য্যাশ বা আটা বিশেষ।

Store, *n. s.* Swed. বাহুল্য, আধিক্য, বহুত্ব, ঢের, ঢেরি, রাশি, কাঁড়ি, স্তূপ, সঞ্চিত বা সংগৃহীত দ্রব্য, সংস্থান, সঞ্চয়, সঞ্চিতত্ব, কোষ, ভাণ্ডার, গুদাম, জমা করা দ্রব্য বা খাদ্যসামিগ্রী, দ্রব্যাদি সংগ্রহ বা তাহা থাকে বা রাখা যায় যে স্থানে।

Store, *a.* সঞ্চিত, সংগৃহীত, জমা করা।

To Store, *v. a.* গুদামজাত-কৃ, ভাণ্ডারে-ভর বা-রাখ, সঞ্চয়-কৃ, সংস্থান-কৃ, উত্তর কালের নিমিত্তে সংগ্রহ-কৃ, জড়-কৃ, জমা-কৃ, খরচের নিমিত্তে সঞ্চয় বা জমা-কৃ, ঢেরি রাশি বা কাঁড়ি-কৃ।

Storehouse, *n. s.* দ্রব্যাগার, কোষ, ভাণ্ডার, গোলা, গুদাম, ঢেরি, রাশি, কাঁড়ি, স্তূপ।

Storer, *n. s.* সঞ্চয়ি ব্যক্তি, সঞ্চয় বা সংগ্রহকর্ত্তা, ভাবি বা উত্তর কালের নিমিত্তে কোন দ্রব্য জড় বা জমা করিয়া রাখে যে ব্যক্তি।

Storial, *a.* ইতিহাসসম্বন্ধীয় বা বিষয়ক, উপাখ্যানবিষয়ক, উপন্যাসিত।

Storied, *a.* ইতিহাসযুক্ত, গল্প আছে যাহাতে, উপন্যাস বা উপকথায় পরিপূর্ণ বা ভরা বা তদ্দ্বারা অলঙ্কৃত।

Storier, *n. s.* ইতিহাসকর্ত্তা, গল্পে, উপকথা কহে যে ব্যক্তি, উপন্যাসবক্তা।

Stork, *n. s.* Sax. পক্ষিবিশেষ, বক, এক জাতীয় সারস বা বক।

Storksbill, *n. s.* বৃক্ষবিশেষ।

Storm, *n. s.* Wel. Sax. অতিবাত, তুফান, ঝড়, ঝঞ্ঝাট, দুর্গাক্রমণ, আক্রমণ, চড়াউ, হুলস্থুল, তোলপাড়, ডামাডোল, অভিযোগ, ধুমধাম, উৎপাত, আপদ, বিপদ, ক্লেশ, দুঃখ, বেগ, ঝাপান, তর্জনগর্জন।

To Storm, *v. a.* Sax. জোর বা বলদ্বারা-নী, আক্রমণ-কৃ, চড়াউ-কৃ, গর্জন-কৃ, ঝাপান-কৃ, অভিযোগ-কৃ।

To Storm, *v. n.* ঝড়-হ বা-উঠ, অতিবাত-হ, তুফান-হ, ক্ষুব্ধ-হ, ক্রুদ্ধ-হ, উষ্মা-হ বা-কৃ।

Stormbeat, *a.* ঝড়ে বা তুফানে পড়িয়াছে বা ভাঙ্গিয়াছে যে তদ্দ্বারা আঘাতিত বা নষ্ট হইয়াছে যাহা, ঝড়ুয়া, ঝড়ে ভাঙ্গা, ঝড়ে পড়া।

Storminess, *n. s.* ঝড় তুফান বা অতিবাতের ভাব বা অবস্থা।

Stormy, *a.* Sax. অতিবাতময়, ঝড়ুয়া, ঝড় বা তুফানবিশিষ্ট, অতিরাগী, রাগাল, উগ্র, বেগবান্, তর্জনগর্জনযুক্ত বা কারী।

Story, *n. s.* Sax. ইতিহাস, কাহিনী, উপন্যাস, উপাখ্যান, গল্প, মিথ্যা বা কল্পিত কথা, উপকথা, অতীত বিষয়ের বিবরণ।

Story, *n. s.* Sax. তালা, মহলা, গৃহ বা ইমারতের ভাগ।

To Story, *v. a.* ইতিহাস করিয়া-কথ বা-বদ, গল্প বানাইয়া-কথ, উপন্যাস-কৃ, উপাখ্যান-কৃ, উপকথা-কথ, তবকং সাজাইয়া-রাখ, উপর্য্যুপরি-রাখ, তালা-কৃ।

Storyteller, *n. s.* ইতিহাস বা উপন্যাসবক্তা, গল্পিয়া, মিথ্যাবাদী, কথা রচিয়া বা গড়িয়া বলে যে, এশব্দ অবজ্ঞা বা ঘৃণার্থক জানিবা।

Stot, *n. s.* Sax. অশ্ব, ঘোটক, ঘোড়া, বাছুর, বলদ, ষাঁড়।

Stote, *n. s.* জন্তুবিশেষ, Stoat শব্দ দেখ।

Stove, *n. s.* Icel. Sax. উনানবিশেষ, ঘরের মধ্যে উষ্ণার্থে প্রজ্বলিত অগ্নি, উষ্ণাগার, ভাটী, তুন্দুর, অগ্নিকুণ্ড।

To Stove, *v. a.* পূর্ব্বোক্ত অগ্নিকুণ্ড বা উনানদ্বারা উষ্ণ-কৃ।

Stover, *n. s.* Fr. তৃণ বিচালি খড় ইত্যাদি পশুর আহার্য্য দ্রব্য, এ শব্দে কখনং ঘর ছাইবার খড়কেও বুঝায়।

To Stound, *v. n.* Icel. পীড়িত ব্যথিত বা ভাবিত-হ।

Stound, *part.* কালা, বধির, কর্ণে তালা লাগা, কাণে তালা লাগিয়াছে যাহার।

Stound, *n. s.* অতিব্যথা, যাতনা, শব্দ, ধ্বনি, আওয়াজ, আশ্চর্য্য, চমৎকার, বিস্ময়, ঘড়ী, সময়, অল্প কাল, অল্প পরিমিত কাল।

Stour, *n. s.* Sax. নদীর নাম, যাহাহইতে অনেক স্থানের নাম হইয়াছে, যথা Stour*ton*, Stour*minster*, Stour*bridge*, ইত্যাদি।

Stout, *a.* Dut. বলী, বলবান্, চালাক, হুসিয়ার, সতর্ক, স্থূলকায়, মোটা, বিক্রান্ত, শক্ত, অলড়, নির্ভয়, দৃঢ়, মজবুৎ, জোরআল, পরাক্রমী, হৃষ্টপুষ্ট, সাহসী, পরাক্রান্ত, একগুঁয়ে, ঠেঁটা, মগরা, দৃঢ়প্রতিজ্ঞ, অহঙ্কৃত, দেমাকী।

Stout, *n. s.* অবর ভাষায় উগ্র মদিরা বুঝায়।

Stoutly, *ad.* বলবদ্রূপে, বলবত্তা-পূর্ব্বক, জোর বা বল-পূর্ব্বক, নির্ভয়-রূপে, বিক্রান্ত-রূপে, সাহস-পূর্ব্বক, একগুঁয়েমি বা গোঁয়ার্ত্তমি-পূর্ব্বক, মগরামি ঠেঁটামি বা অহঙ্কার-পূর্ব্বক।

Stoutness, *n. s.* বল, শক্তি, বিক্রম, নির্ভয়তা, সাহস, পরাক্রম, একগুঁয়েমি, ঠেঁটামি, মগরামি, দৃঢ়প্রতিজ্ঞতা।

To Stow, *v. a.* Sax. উপযুক্ত স্থানে বা রূপে-রাখ, তুলিয়া-রাখ, সাজাইয়া-রাখ, সামলাইয়া-রাখ, থাকেং-রাখ, তবকং করিয়া-রাখ।

Stow বা *Stoe*, এই দুই শব্দ একত্র বা পৃথগর্থে হইলে স্থান জায়গা বা ঠাঁই বুঝায়।

Stowage, *n. s.* রাখণের স্থান, আগার, দ্রব্যাদি সাজাইয়া রাখণের

Digitized by Google

স্থান, মেহনতআনা মজুরি বা বেতন, সাজাইয়া রাখা দ্রব্য বা তদবস্থা বা ভাব, সাজান বা রাখা জিনিস।

Strabism, *n. s.* Lat. কটাক্ষ, ঈষদ্ দৃষ্টি, আড়চক্ষে চাহন, টেরা নজর।

To **Straddle**, *v. n.* পা ফেড়িকিয়া বা মেলিয়া-চল বা-দাণ্ডা, পা ফারাক-কৃ, দরাজ বা লম্বা পায়ে-চল।

To **Straggle**, *v. n.* Sax. পর্য্যটন-কৃ, পরিভ্রমণ-কৃ, এলোমেলুয়া -চল হাঁট বা গমন-কৃ, এদিক ওদিক-যা, এলুয়ামেলুয়া হইয়া -ফের বা ভ্রমণ-কৃ, অব্যবস্থায় গমন-কৃ, ডাল বা ফেকড়ি অনেক দিকে-বাড়, ছড়াইয়া-পড়, বিস্তৃত হইয়া-পত, বিস্তীর্ণ-হ, মূল বা প্রধান অংশহইতে অনেক দূরস্থ-হ, গোছ ছাড়া-হ, একাকী -হ।

Straggler, *n. s.* সৈন্য দলহইতে পিছে পড়ে যে, ভ্রমণ বা পর্য্যটন কারী, আপন সমভিব্যাহারি ত্যাগ করিয়া ইতস্ততো ভ্রমণকরে যে ব্যক্তি, এলুয়ামেলুয়া বেড়ায় যে, গোছ ছাড়া, ফটকা, বাহির ফটকা।

Straight, *a.* Sax. সরল, সোজা, ঠিক, বরাবর, ঋজু, অকুটিল, অল্প প্রস্থ, সংকীর্ণ, আঁটা, কসা, কম চৌড়া, সমান, সিধা, ঘন, শক্ত, দৃঢ়।

Straight, *ad.* Dan. এক্ষণে, তৎক্ষণাৎ, সোজা হইয়া।

To **Straighten**, *v. a.* বাঁক-ভাঙ্গ, সরল-কৃ, ঋজু-কৃ, সোজা-কৃ, সমান বা সিধা-কৃ, আঁটা-কৃ, কসা-কৃ।

Straightener, *n. s.* সরল সিধা বা ঋজুকর্ত্তা।

Straightforth, *ad.* সিধাসিধি, সমানে, সেখানহইতে, সোজাভাবে, বরাবরি।

Straightly, *ad.* তৎক্ষণাৎ, সিধা হইয়া, সমানে, অবক্র হইয়া, আঁটা হইয়া, কসা হইয়া।

Straightness, *n. s.* আর্জ্জব, অকুটিলতা, ঋজুতা, সরলতা, সমান বা সিধার ভাব বা অবস্থা, আঁইট, কসার ভাব বা অবস্থা।

Straightway, *ad.* এক্ষণে, তৎক্ষণাৎ, তখনি, সোজাসোজি, সোজা পথে।

To **Strain**, *v. a.* Fr. ছাঁক, ছাঁকিয়া-নী, চাল, নিংড়া, টিপ, চাপ, দাব, বেগ-দা, টান-দা, অধিক টিপন বেগ বা জোর দ্বারা কাহিল বা ক্ষীণ-কৃ, অত্যন্ত কসাকস-কৃ, জোর-কৃ, সোজা বা ঋজু-কৃ, ক্লিষ্ট বা অস্বাভাবিক-কৃ।

To **Strain**, *v. n.* অতিচেষ্টা বা উদ্যোগ-কৃ, বেগ-দা, জোর-কৃ, ছাঁকা বা চালা-হ, নিংড়ান-হ, ক্ষয়িত বা চ্যুত-হ।

Strain, *n. s.* বাক্য কর্ম্ম বা কথনের লক্ষণ বা রীতি, কথনের রীতি বা দাঁড়াবিশেষ, স্বর, গান, মোচড়া, মোড়, পাক, চাপনি, দাব নি, টিপন, ছাঁকন, চালন, জাতি, কুল, বংশ, গোত্র, গোষ্ঠী, সন্তান, জাতীয়স্বভাব, কুল বা জাতি ধর্ম্ম, পদ, মর্য্যাদা, নাম, সম্ভ্রম, ডউল, চপ, তর, শীল, খো, স্বভাব, প্রকৃতি।

Strainable, *a.* ছাঁকিবার যোগ্য, চালা যাইতে পারা যায় যাহা, টানা দিবার যোগ্য, যথার্থ বা নিয়মিত পরিমাণাতিরিক্ত করিয়া বিক্ষেপণীয়।

Strainer, *n. s.* ছাঁকনী, চালনী, ঝাঁজরী, আপনার যথাসাধ্য বল বা জোর করে যে ব্যক্তি, আত্যন্তিক চেষ্টা বা উদ্যোগ।

Straining, *n. s.* ছাঁকন, চালন, টানা দেওন, ছাঁকা বা চালা দ্রব্য।

Strait, *a.* Fr. সংকীর্ণ, শুঁড়ি, নিকট, দৃঢ়, শক্ত, সংলগ্ন, অপ্রশস্ত, কসা, চোস্ত, কষ্টযুক্ত, ক্লেশযুক্ত, কঠিন, কৃপণ, ক্লেশদ, লোভী, লালচী, ঋজু, সোজা, সিধা, সরল, অবক্র, Straight শব্দ দেখ।

Strait, *n. s.* ভম্বুর মধ্যে খাঁড়ি, খাড়ি, কষ্ট, ক্লেশ, অপ্রতুল, অসংযোগ, শুঁড়ি বা সংকীর্ণ পথ, অসঙ্গতি, অসৌষ্ঠব, অনির্ব্বাহ।

To **Strait**, *v. a.* কস, কসাকসিতে-ফেল, আপদে উৎপাতে বা মুস্কিলে-ফেল, উৎপাতগ্রস্ত-কৃ, অপ্রতুলগ্রস্ত-কৃ, কষ্ট বা ক্লেশ -দা।

To **Straiten**, *v. a.* সরু খাট বা সংকীর্ণ-কৃ, অপ্রশস্ত-কৃ, কম-কৃ, কস, ক্লেশ-দা, আঁটাআটি-কৃ, কসাকসি-কৃ, আবশ্যক স্থানের কম -কৃ বা তদ্বর্জ্জিত-কৃ, শক্তাই-কৃ, জড়শড়-কৃ, চোস্ত-কৃ, স্থানের অল্পতা বা সঙ্কীর্ণতা-কৃ, পীড়া-দা, দুঃখ-দা, অপ্রতুলগ্রস্ত-কৃ, বিরক্ত বা ব্যজার-কৃ।

Straithanded, *a.* কৃপণ, কসা, বখিল, অদাতা, সুম, মাছিটেপা, পরিমিতব্যয়ী।

Straithandedness, *n. s.* কৃপণতা, অদাতৃত্ব, সুমত্ব, বখিলী, ব্যয় কুণ্ঠতা।

Straitlaced, *a.* Stay নামক চেয়াড়িতে বদ্ধ বা কসা, কসা, টানা, চোস্ত, বদ্ধ, শক্ত, খোলা আলগা বা স্বাধীন নহে যে বা যাহা।

Straitly, *ad.* অপ্রশস্তরূপে, সংকীর্ণরূপে, কষ্টতাপূর্ব্বক, কাঠিন্য রূপে, কসাকসিরূপে, টানাটানিরূপে, চোস্তরূপে, শক্তাইপূর্ব্বক, ঠিকঠাকরূপে।

Straitness, *n. s.* সংকীর্ণতা, অপ্রশস্ততা, কাঠিন্য, কষ্টতা, অপ্রাচুর্য্য, কসাকসি বা চোস্তের ভাব বা অবস্থা, শক্তাই, ক্লেশ, দুঃখ, অভাব, অপ্রতুল, অসঙ্গতি।

Strake, *To* **Strike** ক্রিয়ার প্রাচীন ব্যবহৃত অতীত কালবাচক পদ, Struck শব্দ দেখ।

Strake, *n. s.* রেখা, লম্বা চিহ্ন বা দাগ, ডোরা, আঁক, অপ্রশস্ত বা কম চৌড়া পাটা বা তক্তা, Streak শব্দ দেখ, কড় গাড়ির চাকার গুলা বা বেড়া লোহা।

To **Stramash**, *v. a.* Ital. মার, পিট, বেড়ো, ভাঙ্গ, ভগ্ন-কৃ, সারিতে না পারা যায় এমত করিয়া-ভাঙ্গ, নষ্ট-কৃ, বিনাশ-কৃ।

Stramineous, *a.* Lat. খড়ময়, খড়ুয়া, লঘু, হাল্‌কো, খড়ের ন্যায়, তুষ বা তৃণবৎ হাল্‌কী, খড় বা বিচালি তুল্য।

Strand, *n. s.* Sax. সমুদ্র নদী বা অন্য জলাশয়ের ধার কিনারা বা তীর, তট, তীর, দড়ির পাক বা জড়ি।

To **Strand**, *v. a.* কিনারা বা তীরের উপর ঠেলিয়া-ফেল বা উঠাইয়া-দা।

Strang, *a.* Sax. উত্তর দেশে Strong শব্দের পরিবর্ত্তে ব্যবহার হয়, তচ্ছব্দ দেখ।

Strange, *a.* Fr. অন্যদেশীয়, উপরি, বিদেশী, উমি, দেশান্তরীয়, অপরিচিত, আশ্চর্য্য বা বিস্ময়জনক, বেআড়া, অদৃষ্ট, দূরদেশীয়, নূতন, অপূর্ব্ব, আশ্চর্য্য, অদ্ভুত, অপরূপ, অজ্ঞাত, অভিনব, ঘরের নহে যে বা যাহা, আজগুবি, দূরস্থ, অত্যন্ত ভাল বা মন্দ।

Strange, *interj.* আশ্চর্য্য অদ্ভুত বা অপরূপ উদ্বোধক অব্যয় শব্দ।

To **Strange**, *v. n.* স্বতন্ত্র-হ, তফাৎ-হ, জুদা-হ, আল্‌গা-হ, আশ্চর্য্য বোধ-কৃ, চমৎকৃত-হ, বিস্ময়াপন্ন-হ।

To **Strange**, *v. a.* স্বতন্ত্র-কৃ, তফাৎ-কৃ, জুদা-কৃ, আল্‌গা-কৃ, ছাড়া ছাড়ি-কৃ, ত্যাগ-কৃ।

Strangely, *ad.* অদ্ভুতরূপে, অপরূপরূপে, আশ্চর্য্যরূপে, বিস্ময়পূর্ব্বক, ঘৃণাপূর্ব্বক, ভিন্ন দেশীয় সম্বন্ধপূর্ব্বক, উমির ন্যায় হইয়া, উপরি বা উদাসীনের ভাবে।

Strangeness, *n. s.* ভিন্ন দেশীয় উপরি উমি বা বিদেশির ভাব বা অবস্থা, উদাসীনত্ব, অলৌকিকত্ব, অসভ্যত্ব, রূঢ়ত্ব, পরস্পর অনৈক্য, ঘৃণা বা স্নেহ ভাব, অপরূপত্ব, অদ্ভুতত্ব, আশ্চর্য্যত্ব, বিস্ময় জনকতা, বিস্ময় আশ্চর্য্য বা চমৎকারজনক শক্তি বা ক্ষমতা।

Digitized by Google

Stranger, *n. s.* Fr. বিদেশী, ভিন্নদেশী, অতিথি, উমি, উপরি, অজ্ঞাত বা অপরিচিত ব্যক্তি।

To **Stranger**, *v. a.* স্বতন্ত্র-কৃ, জুদা-কৃ, তফাৎ-কৃ, আল্‌গা-কৃ, ছাড়া ছাড়ি-কৃ, উপরি বা উমি-কৃ, বিচ্ছেদ-কৃ।

To **Strangle**, *v. a.* Lat. নিশ্বাস রুদ্ধ-কৃ, শ্বাস বন্ধ-কৃ, গলা-টিপ, গলা-দাব, নিশ্বাস বন্ধ করিয়া-মার বা খুন-কৃ, চাপিয়া-রাখ, দাবিয়া-রাখ, দম বন্দ করিয়া বা আটকাইয়া-মার, জানিতে বা প্রকাশ হইতে না-দা।

Strangler, *n. s.* দম আটকাইয়া মারে যে ব্যক্তি, নিশ্বাস বন্ধ করিয়া মারে বা খুন করে যে ব্যক্তি, জানিতে বা প্রকাশ হইতে না দেয় যে ব্যক্তি।

Strangles, *n. s.* ঘোটকের গলায় গুটলি বা স্ফীতিবিশেষ।

Strangling, *n. s.* নিশ্বাস রুদ্ধ হইয়া মৃত্যু, শ্বাস বন্ধ করিয়া মারণ, দম আটকাইয়া মারণ বা মরণ।

Strangulation, *n. s.* Fr. শ্বাস রুদ্ধ করিয়া মারণ, দম আটকাইয়া মারণ বা খুনহওন বা করণ, নিশ্বাস বন্ধ হইয়া মৃত্যু, দম আটকাইয়া মরণ।

Strangury, *n. s.* মূত্ররোগবিশেষ, মূত্রকৃচ্ছ্র।

Strap, *n. s.* Sax. কাপড় বা চর্ম্মের পটি, চর্ম্মবন্ধনী।

To **Strap**, *v. a.* পূর্ব্বোক্ত পটী দিয়া-মার।

Strappado, *n. s.* Fr. প্রাচীন কালে ব্যবহৃত যোদ্ধারদিগের দণ্ড বা শাজাইবিশেষ,অপরাধি ব্যক্তিকে কড়ির উপরহইতে নিক্ষেপ করিয়া তাহার হস্তপাদাদি ভাঙ্গন।

To **Strappado**, *v. a.* পূর্ব্বোক্তরূপে দণ্ড-কৃ।

Strapping, *a.* বড়, বৃহৎ, স্থূলকায়, মোটা, গাপ্‌সো, এ শব্দ মোটা স্ত্রী বা পুরুষের প্রতি অবজ্ঞা বা ঘৃণার্থে ব্যবহার্য্য হয়।

Strata, *n. s.* Lat. দর্শন বিদ্যায় পারিভাষিক শব্দ, তবক, থাক, তলা, নদীপ্রভৃতি জলাশয়ের নীচের ভূমি বা তলা।

Stratagem, *n. s.* Gr. যুদ্ধ বিষয়ে ছল, কৌশল, কল, ফাকি, ত্বঞ্চ, ভোগা, প্রতারণা, ফন্দি, প্রবঞ্চনা, যে উপায় বা ত্বঞ্চকতার দ্বারা শত্রুকে ঠগান যায়।

Stratagemical, *a.* ছল কৌশল ফাকি বা প্রতারণায় পরিপূর্ণ যুক্ত বা তৎসম্বন্ধীয়।

Strath, *n. s.* Wel. নিম্ন ভূমি, দুই পর্ব্বতের মধ্যস্থিত নিম্ন জায়গা বা মাঠ, পাহাড়তলী স্থান, কন্দরা, তলা।

Stratification, *n. s.* নানা বস্তুর পৃথক্‌২ তবক বা থাক, তবকে২ বা থাকে২ সাজান।

To **Stratify**, *v. a.* Fr. কিমিয়ার পারিভাষিক শব্দ, তবকে২ বা থাকে২-সাজা-রাখ বা-পাড়।

Stratocracy, *n. s.* Gr. যুদ্ধবিষয়ক শাসন, রাজ্য বা দেশ প্রতিপালন, যোদ্ধারদিগের রাজশাসন।

Stratography, *n. s.* যুদ্ধবিষয়ক বিদ্যা, যুদ্ধশাস্ত্র।

Stratum, *n. s.* Lat. দর্শন বিদ্যায় পারিভাষিক শব্দ, তবক, তহ, পরত, থাক, তলা, অধঃ।

Straw, *n. s.* Sax. পোয়াল, বিচালি, তৃণ, খড়, টুকি, অতিক্ষুদ্র সামান্য বা তুচ্ছ বস্তু বা বিষয়।

To **Straw**, *To* **Strew** শব্দ দেখ।

Strawberry, *n. s.* Sax. ফলবিশেষ।

Strawberry *Tree*, *n. s.* বৃক্ষবিশেষ।

Strawbuilt, *a.* খড়ুয়া, তৃণনির্ম্মিত, বিচালিতে প্রস্তুত বা নির্ম্মাণ হইয়াছে যাহা।

Strawcoloured, *a.* ফিকা বা জরদ রং-বিশিষ্ট, খড়ের বা বিচালির রং-যুক্ত।

Strawstuffed, *a.* তৃণ খড় বা বিচালিতে পরিপূর্ণ বা ভরা বা তদ্দ্বারা প্রস্তুত যাহা।

Strawworm, *n. s.* তৃণ বা খড়ে জাত কীটবিশেষ।

Strawy, *a.* তৃণময়, খড়ো, বিচালির, তৃণনির্ম্মিত, বিচালির ন্যায়, খড়ের ন্যায়, তৃণবৎ লঘু বা হালকা।

To **Stray**, *v. n.* Sax. ইতস্ততো ভ্রমণ-কৃ, ঘুরিয়া-বেড়া, পরিভ্রমণ-কৃ, বিপথে-যা, পথ-ভুল বা-হারা, পথ ভুলিয়া ভ্রমণ-কৃ, সীমা বহির্ভূত হইয়া ইতস্ততঃ-ফের, ভ্রম-হ, ভুল, ভ্রান্তি-হ।

Stray, *n. s.* পথভ্রান্ত ব্যক্তি, হারান দ্রব্য, পথভুলন বা হারান, পরিভ্রমণ, পর্য্যটনকরণ।

Strayer, *n. s.* পথভ্রান্ত ব্যক্তি, পথ হারাইয়াছে যে, পথ ছাড়িয়া বিপথে যায় যে, পরিভ্রামক, ইতস্ততোভ্রমণকর্ত্তা, ভ্রান্তিকর্ত্তা।

Straying, *n. s.* পরিভ্রমণ, ইতস্ততঃ ফেরণ, ঘুরিয়া বেড়ান, বিপথে গমন, পথ হারান বা ছাড়িয়া যাওন, পথ ভুলিয়া অন্যপথে যাওন বা পর্য্যটন।

Streak, *n. s.* Sax. ডোরা, রেখা, ইলেক, ধারি, আঁক, আঁজি, বস্ত্রের উপর চিত্র বা লহর।

To **Streak**, *v. a.* ডোরাদার-কৃ, ডোরাডোরা আঁক-দা, ডুরে-কৃ, রেখা-কাট, ইলেক-দা, আঁজি-দা, লহরিয়া-কৃ, চিত্রবিচিত্র-কৃ, নানারঙ্গ-কৃ, চিত্রিত-কৃ।

Streaky, *a.* ডোরাকাটা, ডুরিয়া, রেখাওয়ালা, আঁজিওয়ালা, লহুরে, নানারঙ্গযুক্ত, চিত্রবিচিত্র।

Stream, *n. s.* Sax. প্রবাহ, স্রোত, ধারা, সোঁত, নদী, নদ, কোন ক্রমাগত বেগবান্ বস্তু।

To **Stream**, *v. n.* Icel. প্রবাহিত-হ, বহ, চল, নিঃসর, স্রোতে-চল, বা-বহ, ধারা-বহ, স্রোতোবাহী-হ, স্রোতের ন্যায়-চল বা-গম।

To **Stream**, *v. a.* ঢাল, ঢালিয়া-দা, বহাইয়া-দা, ধারা পাত-কৃ, স্রোত নির্গত-কৃ, চিত্রিত-কৃ, রঙ্গের বা কলাবতুর ডোরা বা লহর-কৃ।

Streamer, *n. s.* ধ্বজা, পতাকা, নিশান, ঝণ্ডা।

Streamlet, *n. s.* ক্ষুদ্র নদীর প্রবাহ বা স্রোত।

Streamy, *a.* প্রবাহ বা স্রোতোযুক্ত বা বিশিষ্ট, অনেক নদী আছে যাহাতে, স্রোতওয়ালা, অনেক নদনদীসংযুক্ত।

To **Streek**, *v. a.* Sax. মড়া বাহির-কৃ, মৃত শরীর দেখাইবার নিমিত্তে বাহির করিয়া-রাখ।

Street, *n. s.* Sax. দুইধারে ইমারত বা বাটী ইহার মধ্য দিয়া পাকা বা বান্দা রাস্তা, পথ, রাস্থা, গলী, সুঁড়ী, সাধারণ স্থান।

Streetwalker, *n. s.* রাস্থায়২ বা পাড়া২ করিয়া ফিরে যে বেশ্যা, বাজার বেশ্যা।

Streetward বা **Stretward**, *n. s.* রাস্থা তদারক করা আমীন, পূর্ব্ব কালে রাজকর্ম্মচারিবিশেষ।

Streight, *a.* অপ্রশস্ত, চোস্ত, কসা, ছাঁকা, চালা, এতদ্ভিন্ন **Straight** বা **Strait** শব্দ দেখ।

Streight, *ad.* শক্ত ঠিক বা যথার্থরূপে।

Streight, *n. s.* **Strait** শব্দ দেখ।

Strene, *n. s.* Sax. বংশ, কুল, গোত্র, গোষ্ঠী, এক্ষণে এ শব্দকে **Strain** লেখা যায়।

Strength, *n. s.* Sax. বল, শক্তি, সাধ্য, ক্ষমতা, সামর্থ্য, তেজ, জোর, পরাক্রম, বেগ, দার্ঢ্য, দৃঢ়তা, মজবুতী, নিশ্চয়ত্ব, কসা বা আঁটালর ভাব, অবলম্বন, আশ্রয়, সাহায্য, খোঁটা, ঠেস, মনের শক্তি, লিখন বা চিত্রের দৃঢ়ত্ব বা মজবুতী, পানীয় দ্রব্যের তেজ বা উগ্রত্ব, দুর্গ, গড়, কিল্লা, রাজনিয়মানুসারে প্রবলতা ক্ষমতা বা

Digitized by Google

শক্তি, বলবত্তা, দত্ত বা কৃত বিশ্বাস, যাথার্থ্য, সৈন্য, ফৌজ, সেনা, বাক্য বিচার বা কোটির শক্তি বা প্রাবল্য।

To Strengthen, *v. a.* বলবান্-কৃ, সবল-কৃ, দৃঢ়-কৃ, শক্ত-কৃ, মজবুত-কৃ, স্থাপিত-কৃ, সাহস বা ভরসা-দা, নিশ্চয়-কৃ, দৃঢ়প্রতিজ্ঞ-কৃ, শক্তি বল পরাক্রম বা নির্ভয়তার বৃদ্ধি-কৃ, কোমক-দা।

To Strengthen, *v. n.* সবল-হ, বলবান্-হ, শক্ত-হ, দৃঢ়-হ, মজবুত-হ।

Strengthener বা Strengthner, *n. s.* সবলকারক, পৌষ্টিককারী, বল শক্তি বা জোর দেয় যে, মজবুত বা দৃঢ়কর্ত্তা।

Strengthless, *a.* দুর্ব্বল, নির্ব্বলী, বলহীন, শক্তি নাই যাহার, তেজ পরাক্রম বা প্রভাবরহিত বা বর্জ্জিত, কমজোর, কাহিল, ক্ষীণ।

Strenuous, *a.* Lat. বিক্রান্ত, নির্ভয়, সাহসী, উৎসাহশীল, যত্নবান্, উদ্যোগী, সচেষ্ট, কার্য্যকারী, আত্যন্তিক মেহনতী, ব্যগ্র, উত্তপ্ত, চালাক, ক্ষিপ্র, দক্ষ।

Strenuously, *ad.* বলবত্তারূপে, উৎসাহপূর্ব্বক, চেষ্টা বা ঔৎসুক্য রূপে, কায়মনোবাক্যে, যত্ন বা উদ্যোগপূর্ব্বক, ব্যগ্রতাপূর্ব্বক, ঐকান্তিকরূপে।

Strenuousness, *n. s.* উৎসাহ, যত্ন, উদ্যোগ, ঔৎসুক্য, চেষ্টা, পরিশ্রম, ব্যগ্রতা।

Strepent, *a.* Lat. মহারবযুক্ত, মহাশব্দবিশিষ্ট, বৃহচ্ছব্দ ধ্বনি বা আওয়াজ হয় যাহার বা যাহাতে, কোলাহল চীৎকার বা গোলমালবিশিষ্ট, সোর বা কলরবযুক্ত।

Streperous, *a.* Lat. তথা।

Stress, *n. s.* Sax. গৌরব, ভার, প্রধান অংশ দেশ বা ভাগ, বল, ঝোঁক, ঠেল, বেগ।

To Stress, *v. a.* বিপদে আপদে বা উৎপাতে-ফেল, দুঃখ-দা, পীড়া-দা, ক্লেশ-দা।

To Stretch, *v. a.* Sax. বিস্তীর্ণ-কৃ, বর্দ্ধন-কৃ, বৃদ্ধি-কৃ, বাড়া, লম্বা-কৃ, শক্ত দৃঢ় বা ঘন-কৃ, বল বা জোর করিয়া আয়তন বৃদ্ধি-কৃ, টান, আকর্ষণ-কৃ, খেঁচ, মেলা।

To Stretch, *v. n.* বিস্তীর্ণ-হ, বৃদ্ধি-হ, বাড়, লম্বা-হ, মেলা-হ, না ফাটিয়া বা না ভাঙ্গিয়া আয়তনে বৃদ্ধি বা বড়-হ, সত্যহইতে বাড়াইয়া-কথ, সত্যাতিরিক্ত-বচ।

Stretch, *n. s.* বিস্তার, বিস্তার বা বড়করণ, মেলা, টানা, ফয়লাও, আকৃষ্টতা, চেষ্টা, যত্ন, অভিপ্রায় বা অর্থের সীমা, পরাক্রমের সীমা।

Stretcher, *n. s.* বিস্তার ফয়লাও বা লম্বা হয় যে বা যদ্দ্বারা তদর্থ বা দ্রব্য, রাজমেস্ত্রীর পারিভাষিক শব্দ, নৌকার কাষ্ঠ বা তক্তা বিশেষ যাহার উপর দাঁড়ি পা রাখে বা পা দিয়া দাঁড় বহে।

To Strew, *v. a.* Got. প্রোক্ষণ-কৃ, ছিটা, ছড়া, ছড়িয়া-ফেল, বিছা।

Strewing, *n. s.* প্রোক্ষণোপযুক্ত দ্রব্য, ছড়াইবার বা বিছাইবার উপযুক্ত দ্রব্য।

Strewment, *n. s.* শোভার্থক ছড়ান বা বিস্তৃত বস্তু।

Striæ, *n. s.* Lat. ঝিনুক বা শম্বুকের ছিদ্র পথ শির বা রগ।

Striate বা Striated, *a.* পূর্ব্বোক্ত শিরা বা রগে জাত।

Striature, *n. s.* পূর্ব্বোক্ত শিরার ভাব।

Strich, *n. s.* Gr. পক্ষিবিশেষ।

Stricken, *To* Strike ক্রিয়ার প্রাচীন ব্যবহৃত কার্দন্তিক পদ।

Strickle বা Strickler বা Strickless বা Stritchel, *n. s.* ফেরা কাটিবিশেষ, শস্য চাপিয়া বা বসাইয়া দিবার বা ভরিবার অস্ত্র বিশেষ, কাস্তে ধার দিবার বা করিবার অস্ত্রবিশেষ।

Strict, *a.* Lat. আঁটাল, আঁটা, দৃঢ়, অলড়, অটল, অচেল, শক্ত, অমুখাপেক্ষী, যথার্থকারী দর্শী বা বাদী, ঠিক, খাটি, নিষ্ঠুর, নির্দয়, উৎকট, বদ্ধ, আটকা, কসা, দৃঢ়, নিগূঢ়, নির্যাস।

Strictly, *ad.* কঠিন শক্ত ঠিক বা যথার্থরূপে, নির্দয় বা নিষ্ঠুররূপে, উৎকটরূপে, আঁটাআঁটিপূর্ব্বক, অলড় বা অটলরূপে।

Strictness, *n. s.* শক্তাই, সমান ঠিক বা খাটির ভাব বা অবস্থা, আঁটাআঁটি, নিষ্ঠুরতা, নির্দয়তা, ঔৎকট্য, কসাকসি, অটলত্ব, অলড়ত্ব, অচেলত্ব।

Stricture, *n. s.* Lat. ঈষদ্ চিহ্ন বা দাগ, নামোল্লেখমাত্র, হাত দেওন, সংস্পর্শ, ছোওন, কোঁকড়ান, কোঁচকান, কোঁচকাইয়া বা কোঁকড়াইয়া বদ্ধহওন, কুঞ্চন, কুঞ্চিতত্ব, মুদন, বুজিয়া যাওন, কোন বিষয়ে সংক্ষেপে লিখন বা কথন, ঈষৎ প্রসঙ্গ বা প্রস্তাব।

Stride, *n. s.* Sax. দীর্ঘপাদ, লম্বা চালি, লম্বা২ করিয়া পাদ নিঃক্ষেপণ, লাফ, পা ফাক করিয়া চলন বা হাঁটন।

To Stride, *v. n. pret.* দীর্ঘপাদ নিঃক্ষেপ-কৃ, পা ফাক করিয়া-চল, লাফ মারিয়া-চল বা-হাঁট, পা মেলিয়া খাড়া-হ বা-দাণ্ডা, লম্বা পাদ করিয়া-গম।

To Stride, *v. a.* দীর্ঘপাদ নিঃক্ষেপ করিয়া-যা বা-চল, দ্রুত গমন পূর্ব্বক ছাড়াইয়া-যা বা তদ্দ্বারা অগ্রে-গম, দূরে২ পাদ নিক্ষেপ-কৃ।

Stridor, *n. s.* Lat. হঠাৎ বৃহন্নাদ বা শব্দ, টংকার বা ঠনঠন শব্দ।

Stridulous, *a.* Lat. ক্ষুদ্র বা অল্প শব্দকারী, সর্পের ন্যায় শব্দকারী, ফোঁস২ শব্দ করে যে বা হয় যাহার, কেঁ২ বা কিচিরমিচির শব্দ করে যে বা হয় যাহাতে।

Strife, *n. s.* Fr. কোন্দল, বিরোধ, যুদ্ধ, লড়াই, ঝগড়া, বৈরিতা, দ্বন্দ্ব, দ্বন্দ্বজ, বিবাদ, শাত্রবতা, অরিতা, কাজিয়া, অনৈক্য, নালিস, ফরিয়াদ, মোকদ্দমা, ঈর্ষা, বৈপরীত্য, উল্টার ভাব বা অবস্থা, স্বাভাবিক বৈপরীত্য বা বৈলক্ষণ্য।

Strifeful, *a.* বিপরীত, অনৈক্য, উল্টা, ঐক্য নাই যাহার বা হয় না যাহাতে, বিরোধী, বিবাদী, বিরোধ বিবাদ বা বৈলক্ষণ্যযুক্ত বা তদ্বিশিষ্ট।

Strigment, *n. s.* Lat. চাচনি, গাদ, মলা।

To Strike, *v. a.* মার, আঘাত-কৃ, ঘা-মার, ঘা-দা, পিট, বেড়া, প্রহার-কৃ, নিগ্রহ-কৃ, শাস্তি-দা বা-কৃ, শাজাই-দা, পীড়া-দা, ক্লেশ বা দুঃখ-দা, আছাড়-মার, আছাড়-দা, পটকান-মার, তুলিয়া বা আছাড়িয়া-ফেল, বাজা, ছাপ, মুদ্রাঙ্কিত-কৃ, কোঁচকাইয়া-ফেল, কুঞ্চন-কৃ, গুটা, জড়-কৃ, ফেলিয়া-দা, নামা, নিম্ন-কৃ, যথা *To* strike *a sail*, পাল-গুটা -ফেল বা-নামা, অথবা *To* strike *a flag*, পতাকা ধ্বজা বা নিশান-ফেল বা-নামা; ভয়প্রদর্শন-কৃ, ভীত-কৃ, আশঙ্কাযুক্ত-কৃ, ঘাবরা, দর-কৃ, চুক্তি-কৃ, হঠাৎ কোন কর্ম্ম-কৃ, ঘা দিয়া বা মারিয়া-বাজা বা বাদ্য-কৃ, হাতুড়ির ঘা মারিয়া-বানা বা-গঠ, তৈয়ার-কৃ, সিক্কা-মার, জরব-কৃ, এই ক্রিয়ার কার্দন্তিক পদ অর্থাৎ Struck হইলে অধিকবয়স্ক বুঝায়।

To Strike *off*, তালিকাহইতে নাম কাটিয়া-দা বা-ফেল, উঠাইয়া-ফেল, বাদ-দা, কাটিয়া-ফেল, কাট, বিচ্ছিন্ন-কৃ।

To Strike *out*, ঘর্ষণদ্বারা শব্দাদি-কৃ, পুঁছিয়া-ফেল, উঠাইয়া-ফেল, মিটাইয়া-দা, প্রকাশ-কৃ, ব্যক্ত-কৃ, শীঘ্র চেষ্টা যত্ন বা চেষ্টাদ্বারা প্রস্তুত বা তৈয়ার-কৃ।

To Strike, *v. n.* লাগ, ঠেক, ঘর্ষণ-হ, ঠেস-লাগ, হাতুড়ির আঘাতে শব্দ-হ বা-কৃ, আক্রমণ-কৃ, চড়াউ-হ, কাহার উপর যাইয়া-পত, আঘাতের শব্দ-হ, বাজ, ধাক্কা-লাগ, ঘা-লাগ বা তদ্দ্বারা

Digitized by Google

শব্দ-হ, কিনারায়-লাগ বা-পত, পাল নামাইয়া সম্বর্দ্ধনা বা সম্মান-কৃ, আন্দোলিত-হ, হেল, দোল, কাঁপ, ভাঙ্গিয়া ফাটিয়া বা ফাড়িয়া নির্গত-হ।

To Strike *in with*, ঐক্য-হ, মিল, যোগ্য-হ, একত্র-হ, মিশ।

To Strike *out*, ছড়াইয়া-পত, ইতস্তত-পড়-গম বা নিক্ষিপ্ত-হ।

Strike, *n. s.* পরিমাণবিশেষ।

Strikeblock, *n. s.* কপীবিশেষ।

Striker, *n. s.* আঘাতকর্ত্তা, ঘা মারে যে, বাজান্যা, বাজায় যে।

Striking, *part. a.* আশ্চর্য্য, চমৎকার, অপরূপ, অদ্ভুত, মোহিতকারী, আশ্চর্য্যজনক, মনাকর্ষক।

Strikingly, *ad.* আশ্চর্য্য বা চমৎকাররূপে, মোহিতকারিত্বরূপে, আশ্চর্য্যজনকতাপূর্ব্বক।

Strikingness, *n. s.* আশ্চর্য্যত্ব, চমৎকারের ভাব বা অবস্থা, মুগ্ধকারিত্ব, বিস্ময়জনকতা।

String, *n. s.* Sax. রজ্জু, দড়ি, ডোর, রসি, সুতলী, বেট্যা, ফিতা, হার, বাদ্যযন্ত্রের তার বা রগ, ধনুকের গুণ বা ছিলা, ছাল, আঁস।

To have two strings *to the bow*, দুই মতলব-কৃ, দুই উপায় বা চেষ্টা-কৃ, দুই লাভ-কৃ, দুই পথ-রাখ।

To String, *v. a. pret.* দড়ি-পরা বা লাগা, সসূত্র-কৃ, তার-চড়া, গ্রন্থন-কৃ, গাঁথ, দড়ি-পরা বা-বাঁধ, শক্ত-কৃ, কস, আঁট।

Stringed, *ad.* সসূত্র, সূত্রযুক্ত, দড়িওয়ালা, তারওয়ালা, গাঁথা, গ্রন্থন করা, দড়ি পরাণ, দড়িতে বান্ধা।

Stringent, *a.* Lat. বন্ধনকারী, কসা, জড় বা গোট করে যে বা হয় যাহাতে, কুঞ্চনশীল, কোঁকড়ান।

Stringer, *n. s.* ধনুকের গুণনির্ম্মাণকর্ত্তা, ধনুকের ছিলা বানায় যে।

Stringhalt, *n. s.* ঘোটকের পশ্চাদ্দিগের পাদ টানিয়া লওন বা তোলন, শিরার গতিবিশেষ।

Stringless, *a.* রজ্জুহীন, নীরজ্জু, গুণ তার বা সূত্র নাই যাহাতে বা তদ্বর্জিত যে।

Stringy, *a.* সসূত্র, সূতা বা সূত্রময় তদ্বিশিষ্ট বা যুক্ত, সূতায় পরিপূর্ণ বা ভরা, আঁসাল, আঁসুয়া, ফেঁসুয়াওয়ালা।

To Strip, *v. a.* Sax. নগ্ন-কৃ, উলঙ্গ-কৃ, নেংটা-কৃ, বিবস্ত্র-কৃ, বিবসন-কৃ, আচ্ছাদনরহিত বা বর্জ্জিত-কৃ, হীন বিহীন বা বর্জ্জিত-কৃ, ঘুচা, হরণ-কৃ, অপহরণ-কৃ, লুঠ-কৃ, ছিনিয়া বা কাড়িয়া-নী, ছড়, ত্বক্ বা ছাল-খোল ছাড়া বা-ছিল, খোসা-ছাড়া, সর্ব্বস্বাপহরণ-কৃ, ভুট-কৃ, খসা, কোন দ্রব্যেতে লাগিয়া বা আটকাইয়া থাকে যে বস্তু তাহাকে স্বতন্ত্র-কৃ-খসা বা তুলিয়া-ফেল, নিক্ষেপ-কৃ, পৃথক্-কৃ, জুদা-কৃ, গো দোহন করিলে পর থাকে যে দুগ্ধ তাহা শোষণ করিয়া বা নিংড়াইয়া-নী।

Strip, *n. s.* ছাঁট, পটি, খণ্ড, টুকরা।

To Stripe, *v. a.* Dut. চিত্রিত-কৃ, রেখাময়-কৃ, ডোরাদার-কৃ, নানারঙ্গের রেখাদ্বারা চিত্র-কৃ, খতিদার-কৃ, আঘাত-কৃ, চাবুক-কৃ, চাবুক বা কোড়া-মার।

Stripe, *n. s.* Dut. রেখা, ডোরা, খতি, পটি, পাইড়, চাবুক, কোড়া, চাবুক কোড়া বা কোন আঘাতের দাগ বা চিহ্ন, আঘাত, ঘা।

Striped, *part. a.* ডুরিয়া, ডোরাওয়ালা, চিত্রিত, রেখাকার, রেখাদার, নানারঙ্গের খতিওয়ালা।

Stripling, *n. s.* Sax. শিশু, বালক, ছেল্যা, কুমার, বাচকানি, অপোগণ্ড, কিশোর, যুবা ব্যক্তি।

Stripper, *n. s.* নগ্ন বা উলঙ্গ করে যে, খোলে ছাড়ায় বা কেলায় যে, অপহরণকর্ত্তা, হর্ত্তা, ঘুচায় যে, বর্জ্জিতকর্ত্তা, কাড়িয়া বা ছিনিয়া লয় যে।

Strippings, *n. s.* দোহনাবশিষ্ট, গো দোহন করিয়া লইলে থাকে বা পড়ে যাহা।

Stritchel, *n. s.* Strickle শব্দবৎ অর্থ জানিবে, তচ্ছব্দ দেখ।

To Strive, *v. n.* সচেষ্ট-হ, চেষ্টা-কৃ বা-প্রাপ, যত্নবান্-হ, যত্ন-কৃ, প্রয়াস-প্রাপ, জেদ-কৃ, আকুঞ্চন-কৃ, পরিশ্রম-কৃ, কামড়াকামড়ি-কৃ, প্রতিযোগিতা-কৃ, প্রতিযোগী-হ, প্রতিযোগিতাচরণ-কৃ, তুল্য-হ, সদৃশ-হ, বিরোধী বা বিবাদী-হ, ঈর্ষা বা হিংসা-কৃ।

Striver, *n. s.* চেষ্টা বা যত্নকর্ত্তা, আকুঞ্চন পায় যে ব্যক্তি, পরিশ্রমকর্ত্তা, প্রতিযোগী বা বিবাদী হয় যে ব্যক্তি।

Striving, *n. s.* চেষ্টা, যত্ন, আকুঞ্চন, প্রয়াস, পরিশ্রম, কামড়াকামড়ি, প্রতিযোগিতা।

Strivingly, *ad.* আকুঞ্চনপূর্ব্বক, চেষ্টা যত্ন বা পরিশ্রমপূর্ব্বক, কামড়াকামড়ি করিয়া, প্রতিযোগিতা বা বিবাদপূর্ব্বক।

Strokal, *n. s.* কাঁচ নির্ম্মাণকর্ত্তারদিগের ব্যবহৃত অস্ত্রবিশেষ।

Stroke বা Strook, *To* Strike ক্রিয়ার প্রাচীন ব্যবহৃত অতীত কালবাচক পদ, ইহাকে এক্ষণে সচরাচর Struck লেখা যায়।

Stroke, *n. s.* আঘাত, ঘা, চোট, প্রহার, মারি, বাড়ি, হঠাৎ উপস্থিত পীড়া রোগ দুঃখ বা শোক, ঘড়ীর ধ্বনি বা শব্দ, সীসার কলমের দাগ বা আঁচোড়, ইলেক, কারিগরিবিশেষ, চেষ্টা বা উদ্যোগ, হঠাৎ বা আচম্বিতে উৎপাদিত কার্য্য, শক্তি, ক্ষমতা, বল।

To Stroke, *v. a.* Sax. অনুগ্রহ বা স্নেহপূর্ব্বক হাত-বুলা, শান্ত-কৃ, পরিতোষ-কৃ, ঠাণ্ডা-কৃ, আস্তেং এক দিগে বা ভাবে-বুলা-মল বা-ঘস।

Stroker, *n. s.* আস্তেং হাত বুলায় যে, মলিয়া বা ডলিয়া দেয় যে, হাত বুলাইয়া বা টিপিয়া পীড়া বা বেদনা শান্তি করে যে ব্যক্তি।

Stroking, *n. s.* হাত বুলান, মলিয়া দেওন, মালিস।

To Stroll, *v. n.* Sax. ইতস্ততো ভ্রমণ বা পর্য্যটন-কৃ, দেশবিদেশ ভ্রমণ-কৃ বা-ফির, যেখানে সেখানে-বেড়া বা-ফির, ঘুরিয়া-বেড়া।

Stroll, *n. s.* ইতস্ততো ভ্রমণ বা পর্য্যটন, ঘুরিয়া বেড়ান, ফিরণ, এশব্দ ইতর ভাষা জানিবে।

Stroller, *n. s.* পরিভ্রামক, বেড়ানিয়া, ইতস্তত ঘুরিয়া বেড়ায় যে ব্যক্তি, দেশবিদেশ পর্য্যটনকর্ত্তা।

Strond, *n. s.* পুলিন, পাড়, তট, তীর, কূল, চড়া, জলের ধার বা কিনারা।

Strong, *a.* Sax. বলবৎ, প্রবল, বলবান্, পরাক্রান্ত, সজোর, শক্ত, বলিষ্ঠ, প্রচণ্ড, দৃঢ়, মজবুত, অটুট, আঁটা, আঁড়রা, দুর্গাদিদ্বারা আবৃত, আক্রমণের আশঙ্কা বা ভয় না হয় যাহার বা যাহাতে, জবর, মহাবল, সৈন্যযুক্ত, সৈন্যবিশিষ্ট, উগ্র, বেগবান্, জবরদস্ত, তেজাল, হৃষ্টপুষ্ট, সুস্থ, দৃঢ়, আগ্র, ব্যগ্র, পুরা, সম্যক্, পূর্ণ, পরিপূর্ণ, ভরা, মত্তকারী, নেসাকারী, লিপ্ত, নেত্র ঘ্রাণ প্রভৃতি ইন্দ্রিয়েতে প্রবলরূপে কার্য্য হয় যাহার বা তদাকর্ষক, গুরু পাক, শীঘ্র জীর্ণ হয় না যাহা, ক্ষমতাবান্, মান্য, কেজুয়া, নিশ্চিত, নির্দ্ধারিত, পারগ, যোগ্য, উপযুক্ত, শীঘ্র ভগ্ন হয় না যাহা, অল্প কথায় অনেক অর্থ থাকে এমতরূপে লিখিত।

Strongfisted, *a.* শক্ত বা দৃঢ় মুষ্টি বা হস্ত যাহার।

Stronghand, *n. s.* বল, শক্তি, জোর, বেগ, পরাক্রম, তেজ।

Strongly, *ad.* Sax. বল শক্তি বা পরাক্রমপূর্ব্বক, জোর বেগ বা তেজঃপূর্ব্বক, সামর্থ্য বা ক্ষমতাপূর্ব্বক, দৃঢ় বা মজবুতরূপে, পরা

Digitized by Google

ক্রান্তরূপে, অটুটরূপে, শীঘ্র ভগ্ন না হয় এমতরূপে, ব্যগ্রতা পূর্ব্বক, উগ্রভাবে।

Strongset, *a.* দৃঢ়রূপে জমা বা বসা, আঁটা, নিরেট।

Strongwater, *n. s.* চোআন জল বা কোন দ্রব্যের ক্বাত, আরক।

Strook, *To* Strike ক্রিয়ার অতীত কালবাচক পদ, Struck শব্দের পরিবর্ত্তে ব্যবহার্য্য জানিবে।

Strop, *n. s.* Sax. জাহাজে ব্যবহৃত রজ্জুবিশেষ, কপি জড়ান দড়ি, পাকান বা জড়ান দড়ি, চামাটি, ক্ষুরাদি অস্ত্র তেজ করিবার বা চোখাইবার চর্ম্ম।

Strophe, *n. s.* Gr. শ্লোক, কবিতা, চরণ।

Strove, *To* Strive ক্রিয়ার অতীত কালবাচক পদ।

To **Strout**, *v. n.* Ger. অহঙ্কারে-ফুল, দেমাক করিয়া-হাঁট বা-চল, গা দুলাইয়া-চল, বুক ফুলাইয়া-চল, ঠমক করিয়া-চল, স্ফীত-হ, ফুল, ফাঁপ, বাড়।

To **Strout**, *v. a.* স্ফীত-কৃ, ফুলা, ফাঁপা, অহঙ্কার দেমাক বা ঠমক করিয়া-চল।

To **Strow**, *v. a.* ছড়া, ছড়াইয়া-ফেল, বিকীর্ণ-কৃ, বিছড়া, দেশময়-কৃ।

To **Strowl**, *v. n.* পরিভ্রমণ-কৃ, ঘুরিয়া-বেড়া, পর্য্যটন-কৃ, ইতস্তত-ফির বা গম।

To **Stroy**, *v. a.* Destroy শব্দবৎ অর্থ জানিবে, তৎশব্দ দেখ।

Struck, *To* Strike ক্রিয়ার কার্দন্তিক পদ।

Strucken, তথা।

Structure, *n. s.* Fr. গুম্বন, গাঁথন, গাথনি, গড়ন, নির্ম্মাণ, গাঁথনি কর্ম্ম বা তদ্ব্যবসায়, ডৌল, মূর্ত্তি, রূপ, আকার, আকৃতি, কোঠা, এমারত, গৃহ, বাটী, ঘর।

Strude বা **Strode**, *n. s.* প্রসবকারিণী ঘোটকসমূহ।

To **Struggle**, *v. n.* পরিশ্রম-কৃ, চেষ্টা-কৃ, যত্ন-কৃ, জুঝ, ছটফট-কৃ, ধড়ফড়-কৃ, উদ্যোগ-কৃ, আকুঞ্চন-কৃ বা-প্রাপ, যুদ্ধ-কৃ, হুড়াহুড়ি বা কামড়াকামড়ি-কৃ, জেদ-কৃ, কষ্ট বা যন্ত্রণা-প্রাপ, ক্লেশ-হ, ব্যামোহ-হ, যাতনা-হ।

Struggle, *n. s.* পরিশ্রম, চেষ্টা, যত্ন, উদ্যোগ, আকুঞ্চন, যুদ্ধ, হুড়াহুড়ি, কামড়াকামড়ি, যন্ত্রণা, যাতনা, ছটফটানি, কাতরাণি, কসাকসী।

Struggler, *n. s.* যুদ্ধকর্ত্তা, হুড়াহুড়ি বা কামড়াকামড়ি করে যে ব্যক্তি, চেষ্টাকর্ত্তা, যত্ন করে বা আকুঞ্চন পায় যে ব্যক্তি, জেদ করে যে ব্যক্তি।

Struggling, *n. s.* চেষ্টা পাওন, যত্ন করণ, আকুঞ্চন, যুদ্ধকরণ, হুড়াহুড়ি, কামড়াকামড়ি।

Struma, *n. s.* Lat. গণ্ডমালা রোগবিশেষ, বীচি স্ফীত হওন বা আওরণ।

Strumous, *a.* বীচি স্ফীত হইয়াছে বা আওরেছে যাহার, গণ্ডমালা রোগগ্রস্ত, গণ্ডমালা রোগী।

Strumpet, *n. s.* Fr. বেশ্যা, কুলটা, কসবী, খানকী, গণিকা, নষ্টা বা ভ্রষ্টা স্ত্রী।

Strumpet, *a.* বেশ্যাবৎ, কুলটার ন্যায়, খানকী বা কসবীর মত, অসাধু, ভণ্ড, ছিনাল, একান্ত চিত্ত নহে যাহার, চপল, চঞ্চল, অস্থির মতি।

To **Strumpet**, *v. a.* বেশ্যা-কৃ, খানকী বা কসবী-কৃ, নষ্টা-কৃ, ভ্রষ্টা-কৃ, কুলটা-কৃ, ছিনাল-কৃ।

Strung, *To* String ক্রিয়ার কার্দন্তিক পদ।

To **Strut**, *v. n.* Ger. বুক ফুলাইয়া-চল, গা দুলাইয়া-চল বা-হাঁট, অহঙ্কার বা গর্ব্ব করিয়া-চল, ঠেকরিয়া-চল, ঠমক করিয়া-চল, অহঙ্কারে বা দেমাকে-ফুল, স্ফীত-হ, ফুল, ফাঁপ।

Strut, *n. s.* অহঙ্কারে বুক ফুলাইয়া বা গা দুলাইয়া চলন বা হাঁটনি, ঠেকরিয়া বা ঠমক করিয়া চলন, অহঙ্কার, অভিমান।

Strutter, *n. s.* অহঙ্কারে বা দেমাকে ফুলে যে ব্যক্তি, আত্মাভিমানী, আত্ম শ্লাঘা করে যে ব্যক্তি, ভ্রান্ত।

Struttingly, *ad.* বুক ফুলাইয়া বা গা দুলাইয়া হাটনপূর্ব্বক, অহঙ্কারপূর্ব্বক, গর্ব্ব বা দেমাক করিয়া, আত্মশ্লাঘাপূর্ব্বক, আত্মাভিমানপূর্ব্বক।

Stub, *n. s.* Sax. গোড়া, মুড়া, গাছের গুঁড়ি প্রকাণ্ড গোড়া বা খোঁটা।

To **Stub**, *v. a.* উপড়া, উপুড়ে-ফেল, উঠা, তুল, উৎপাটন-কৃ, সমূলোৎপাটন-কৃ, বিনাশ-কৃ, নিধন-কৃ,।

Stubbed, *a.* খাদি, ছোট এবং মোটা, গুড়ি, শক্ত, কঠিন, কোমল বা নরম নহে যে।

Stubbedness, *n. s.* ক্ষুদ্র এবং মোটা কাষ্ঠের খাদির ভাব বা অবস্থা।

Stubble, *n. s.* Fr. নাড়া, ছেদিত শস্য বৃক্ষের মূল, বিচালির গোড়া।

Stubblegoose, *n. s.* পূর্ব্বোক্ত নাড়া খায় যে হাঁস।

Stubborn, *a.* একগুঁয়ে, মগরা, ঠেঁটা, দৃঢ়প্রতিজ্ঞ, নোয়ান বা নরম করা যায় না যাহাকে, অনম্য, কটু, শক্ত, দুঁদে, মাথা পাগলা, গোঁআর, অনিবার্য্য, অবাধ্য।

Stubbornly, *ad.* একগুঁয়েমি বা মগরামিপূর্ব্বক, ঠেঁটামিপূর্ব্বক, অনম্যরূপে, অবাধ্যরূপে।

Stubbornness, *n. s.* একগুঁয়েমি, ঠেঁটামি, মগরামি, দৃঢ়প্রতিজ্ঞত্ব, অনম্যত্ব, অনিবার্য্যত্ব।

Stubby, *a.* ক্ষুদ্র এবং মোটা বা শক্ত যাহা, গেঁটাগোঁটা।

Stubnail, *n. s.* ভাঙ্গা গজাল বা পেরেক, ক্ষুদ্র এবং মোটা গজাল নখ বা পেরেক।

Stucco, *n. s.* Ital. চূণকাম কর্ম্মবিশেষ, দেওয়ালে খড়েটি বা লেপ বিশেষ।

To **Stucco**, *v. a.* পূর্ব্বোক্ত খড়েটী-কৃ, চূণকাম-কৃ।

Stuck, *To* Stick ক্রিয়ার কার্দন্তিক পদ।

Stuck, *n. s.* খাড়া, ঠেলা, গুতা, হুড়া।

Stuckle, *n. s.* স্তম্ভ করিবার নিমিত্তে খেতে রাখে যে শস্যের আটি বা গল্লা তৎসমূহ।

Stud, *n. s.* Sax. খোঁটা, মেক, ঘুণ্টী, শোভার নিমিত্তে দেওয়া বা মারা যায় যে মাথাওয়ালা গজাল বামুদা, পালবন্ধক ঘোটকশালা, ঘোড়ার পাল থাকে যে স্থানে, ঘোড়ার বাতান।

To **Stud**, *v. a.* দেদীপ্যমান মুদা বা ঘুণ্টীদ্বারা শোভিত বা তদ্যুক্ত-কৃ, খচিত-কৃ, বসা, জড়া।

Student, *n. s.* Lat. বিদ্যার্থী, পাঠার্থী, অধ্যেতা, শিক্ষক, পড়ুয়া, ছাত্র, পুস্তক পাঠে রত ব্যক্তি।

Studied, *a.* শিক্ষিত, বিদ্যাজ্ঞ, বিদ্বান, অভ্যস্ত, পণ্ডিত, জ্ঞানবান্, পারদর্শী, পঠিত, পড়া, পাঠকরা, ঠাহরা, ঠাহর করা, চিন্তিত, অধীত, ব্যুৎপন্ন, বিবেচিত, অনুমিত, মনে ভাবা, মনে স্থিরীকৃত, কোন বিষয় বিদ্যা বা শাস্ত্রে সংস্কার হইয়াছে যাহার, কোন বিষয়ে মত মন বা ইচ্ছাবিশিষ্ট।

Studier, *n. s.* পাঠকর্ত্তা, শিক্ষক, পড়ে যে ব্যক্তি, অভ্যাসকর্ত্তা, চিন্তাকর্ত্তা, বিবেচনাকর্ত্তা, ঠাহর করে যে, মনে ভাবে যে, ভাবিয়া স্থির করে যে।

Studious, *a.* পাঠেচ্ছু, পঠনেচ্ছু, গুণগ্রাহক, গুণগ্রাহী, অভ্যাসী,

Digitized by Google

বিদ্যার্থী, বিদ্বান্, শাস্ত্রজ্ঞ, সাবধান, যত্নবান্, আবিষ্ট, নিবিষ্ট, মনোযোগী, চিন্তাকারী, ঠাহর করে যে, ভাবে যে, চিন্তিত, চিন্তায় মগ্ন, পরিশ্রমী, ভাবনা বা চিন্তার যোগ্য বা তদুপযুক্ত।

Studiously, *ad.* মনেং চিন্তিয়া বা ভাবিয়া, লেখাপড়ায় মনোযোগপূর্ব্বক, বিদ্যা বা শাস্ত্র বিষয়ে চিন্তা ভাবনা বা পরিশ্রম পূর্ব্বক, নিবিষ্ট বা আবিষ্ট হইয়া, অবধানপূর্ব্বক, মনোযোগ করিয়া, যত্নপূর্ব্বক, বিদ্যাভ্যাসে রত হইয়া।

Studiousness, *n. s.* পাঠেচ্ছা, পঠনেচ্ছা, বিদ্যা অভ্যাসে আবেশ বা নিবিষ্টতা।

Study, *n. s.* Lat. বিদ্যাভ্যাস, শাস্ত্রাভ্যাস বা তচ্চিন্তা, পাঠ, চিন্তা, ধ্যান, কোন বিশেষ শাস্ত্র বিদ্যা বা গুণ, মনোযোগ, যত্ন, ধ্যান চিন্তা ভাবনা বা মনোযোগের বিষয়, বিদ্যাভ্যাসের ঘর, বিদ্যালয়, পাণ্ডুলেখ, চিত্রকরের পটের আদরা।

To Study, *v. n.* Lat. চিন্তা-কৃ, ধ্যান-কৃ, ভাব, বিচার-কৃ, যত্ন-কৃ, অবধানপূর্ব্বক চেষ্টা-পা, আবিষ্ট-হ, নিবিষ্ট-হ, বিশেষ মনোযোগী-হ।

To Study, *v. a.* কোন বিষয়ে মনোনিবিষ্ট-কৃ, ধ্যান-কৃ, চিন্তা-কৃ, চেষ্টা-কৃ, বিচার-কৃ, ভাব, ভাবিয়া-দেখ, ভাবিয়া-বুঝ বা স্থির-কৃ, অভ্যাস-কৃ, শিক্ষা-কৃ, পাঠ-কৃ, পঠ, শিখ।

Stuff, *n. s.* Dut. দ্রব্য, সামিগ্রী, বস্তু, যে বস্তুতে অন্য কোন দ্রব্য প্রস্তুত হয়, স্থূল দ্রব্য, কোন সামান্য দ্রব্য, মূল্য বা গুণহীন বস্তু, সরঞ্জাম, জিনিসপত্র, কোন দ্রব্যের ভিতরে পোরা বা ভরা যায় যাহা, আরক, নির্য্যাস, সত্ত্ব, ঔষধ, মশালা, কাপড়, বস্ত্র, পশমি সরু কাপড়।

To Stuff, *v. a.* পুর, ভর, গাদিয়া-ভর, ভরপুর-কৃ, ঠাসিয়া-পুর, গোঁজ, গাদ, গাদিয়া-পুর, পরিপূর্ণ-কৃ, কোন দ্রব্য পুরিয়া বা ভরিয়া উচ্চ বা স্ফীত-কৃ, অনুপযুক্ত বা অকেযুয়া দ্রব্য দিয়া-পুর বা-ভর, ঘ্রাণ বা নিশ্বাসের ইন্দ্রিয় রুদ্ধ-কৃ, অতিসুস্বাদু কোন দ্রব্য মাংসে-পুর বা-ভর বা মিশ্রিত-কৃ, ভরিয়া বা পুরিয়া-গঠ বা প্রস্তুত-কৃ।

To Stuff, *v. n.* বহুভক্ষণ-কৃ, অনেক বা যথেষ্ট-খাদ, যথেষ্টাহার-কৃ, ঠাসিয়া বা গাদিয়া-খাদ বা পেটে-ভর, অধিক ভোজন-কৃ।

Stuffing, *n. s.* ভরা বা পুরা যায় যদ্দ্বারা তদ্বস্তু, পূরক দ্রব্য, মাংস সুস্বাদুকারী মশালা, মাংসের সহিত যোগ করা যায় যে মশালা বা সুস্বাদুবিশিষ্ট অন্য কোন দ্রব্য।

Stuke বা Stuck, *n. s.* Fr. মশালাবিশেষ, চূণ এবং সংমরমর পাথরের গুঁড়ার কড়ার, পুতুল বা অন্য কোন দ্রব্য করা যায় নির্ম্মাণ হয় বা গড়া যায় যে কর্দ্দমে, ইহাকে *Plaster of Paris* কহে।

Stulm, *n. s.* কোন আকরহইতে জল সেঁচিয়া ফেলিবার পথ বা উপায়বিশেষ, নলি চুঙ্গি বা পথবিশেষ যদ্দ্বারা আকর বা খনি হইতে জল নির্গত করা যায়।

Stultiloquence, *n. s.* মিথ্যা বাক্য, অনর্থক কথা, বাতুলের ন্যায় বকন বা কথন।

Stultiloquy, *n. s.* Lat. মিথ্যা বা অনর্থক বাক্য বা কথা, বাতুলের ন্যায় বকুনি বা বাক্য।

To Stultify, *v. a.* অজ্ঞান নির্ব্বোধ বা বোকা প্রমাণ বা সাব্যস্ত-কৃ, জ্ঞান শূন্য হীন বা রহিত-দর্শা, অজ্ঞানতাপ্রকাশ-কৃ।

Stum, *n. s.* Sax. নূতন সরাপ, মাতে নাই যে সরাপ, রাগ মরিয়াছে যে মদের পুনরায় তাহা উগ্র টাটকা বা তাজাকরণার্থে মিশ্রিত করা যায় যে মদ্য, তাজা বা টাটকা হইয়াছে যে সরাপ।

To Stum, *v. a.* পুরাতন বা রাগমরা মদ্যে নূতন বা টাটকা মদ্য মিশাইয়া তীব্র বা ভাল-কৃ।

To Stumble, *v. n.* Icel. স্খলন-কৃ, পটকা, উচোট-লাগ, হোঁচট-লাগ, উচোট বা হোঁচট খাইয়া-পত, ঠোকর লাগিয়া-পড়, ঠোকর-লাগ, ভ্রম-হ, ভুল, না জানিয়া বা ভুলে অপকর্ম্মে-পত, হঠাৎ কোন দ্রব্যে-ঠেক বা তদুপরি-পত, হঠাৎ বা অকস্মাৎ-পড় বা-নাম।

To Stumble, *v. a.* উচোট বা হোঁচট-লাগা, ঠোকর-লাগা, আটকাইয়া বা ঠোকর লাগাইয়া-থাক, গতি অবরোধ-কৃ, আটক-কৃ, বিলম্ব-কৃ, গড়িমসি-কৃ, রাগা, চিড়া, খেপা, দেক বা বেজার-কৃ, অপরাধ-কৃ।

Stumble, *n. s.* উচোট, হোঁচট, ঠোকর, ঘালাগিয়া বা ঠেকিয়া পতন, ভ্রম, ভুল, চুক, অসিদ্ধি, ব্যর্থতা।

Stumbler, *n. s.* হুচুটে পড়ে যে, হোঁচট খায় যে ব্যক্তি, ভ্রম হয় যাহার।

Stumblingblock বা Stumblingstone, *n. s.* হোঁচট খাইবার কারণ, ভুল চুক বা ভ্রম হইবার কারণ বা বিষয়, বাধা, আটক, ব্যাঘাতের বিষয়।

Stumblingly, *ad.* হোঁচট খাইয়া, ভুল চুক বা ভ্রমপূর্ব্বক, সিদ্ধি করণে অপারকতাপূর্ব্বক।

Stump, *n. s.* Dan. টোটা, মুড়া, প্রকাণ্ড বৃক্ষাদির গুঁড়ি, ইংরাজি কলমের মুচি বা গোড়া, কোন স্থূল বা ভারি দ্রব্য কাটিয়া লইলে থাকে যে অংশ, গোড়া, গোঁজা।

To Stump, *v. a.* কর্ত্তন-কৃ, কাট, ছাঁট, কাটিয়া ছোট-কৃ।

Stumpy, *a.* টোটা মুড়া বা গুঁড়িতে পরিপূর্ণ বা ভরা, কঠিন, শক্ত, দৃঢ়, মজবুত, খর্ব্ব, ছোট, খাট, ক্ষুদ্র এবং মোটা যে, গেঁটাল, খর্ব্ব অথচ হৃষ্টপুষ্ট বা মোটা যে।

To Stun, *v. a.* Sax. কর্ণবধির-কৃ, কাণে তালা-লাগা, কালা-কৃ, শব্দ বা আঘাতের দ্বারা অচেতন বা অজ্ঞান-কৃ, দিশাহারা-কৃ, করকটিয়া-কৃ।

Stung, *To* Sting ক্রিয়ার অতীতকালবাচক ও কার্দন্তিক পদ।

Stunk, *To* Stink ক্রিয়ার অতীতকালবাচক পদ।

To Stunt, *v. a.* Icel. বাড়িতে না-দা, উঠিতে না-দা, বৃদ্ধি হইতে বা পাইতে না-দা, বৃদ্ধির ব্যাঘাত-কৃ, ছোট-কৃ।

Stupe, *n. s.* Lat. কাপড় শণ বা পাট গরম জলে বা ঔষধে ভিজাইয়া কোন স্ফীত বা বেদনাযুক্ত ক্ষতের উপর দেওন বা লাগান, স্বেদ, সেক, স্বেদক ঔষধিবিশেষ।

To Stupe, *v. a.* গরম ঔষধি দিয়া-ধৌত-কৃ, পূর্ব্বোক্তরূপে নুড়ী পুটলী বা পলিতাদ্বারা স্বেদ-দা, সেক।

Stupe, *n. s.* ব্যঙ্গার্থে মূর্খ নির্ব্বোধ বা অজ্ঞান ব্যক্তিকে বুঝায়।

Stupefaction, *n. s.* Fr. মূর্চ্ছা, মোহ, অজ্ঞান, অচৈতন্য, জড়তা, অজ্ঞানতা, ভ্রমী, নেসা, জ্ঞানের ব্যত্যয়, অতিমূর্খতা, নির্ব্বোধ, অবসাদ।

Stupefactive, *a.* Lat. ইন্দ্রিয়ঘ্ন, অবসাদক, মোহজনক, অজ্ঞানকারী, মাদক, অচৈতন্যজনক, ভ্রমীজনক, মোহক, অচেতনকারক, জড়তা জন্মে যাহাতে, নেসা হয় যাহাতে, মূর্চ্ছা বা মোহ হয় যাহাতে।

Stupefactive, *n. s.* অচেতন অজ্ঞান বা মোহজনক মাদকৌষধি।

Stupendous, *a.* Lat. অদ্ভুত, আশ্চর্য্য, বৃহৎ, প্রকাণ্ড, বিপুল, অপরূপ, চমৎকার, মহা, মহৎ, অতিবড়।

Stupendously, *ad.* অদ্ভুত বা আশ্চর্য্যরূপে, অপরূপ বা চমৎকার রূপে।

Digitized by Google

Stupendousness, *n. s.* অদ্ভুতত্ব, আশ্চর্য্যত্ব, বিপুলতা, প্রকাণ্ডত্ব, অপরূপত্ব।

Stupid, *a.* Fr. অজ্ঞতা বা অনৈপুণ্য জন্য মন্দ বা কদর্য্য হইয়াছে যে, জড়, অজ্ঞান, বোকা, হাবা, নির্ব্বোধ, মূর্খ, অবোধ, অনভিজ্ঞ, মূঢ়, জড়বুদ্ধি, দুর্ব্বুদ্ধি, মন্দ বুদ্ধি, চাসাড়ে, আনাড়ি, অবুঝ, ভ্যসভ্যম্।

Stupidity, *n. s.* Fr. নির্ব্বুদ্ধিতা, অজ্ঞানতা, বোকামি, মূর্খতা, হাবামি, অনভিজ্ঞতা, জড়তা, অবোধতা।

Stupidly, *ad.* নির্ব্বুদ্ধিতা বা অজ্ঞানতাপূর্ব্বক, বোকামি বা হাবামি রূপে, জড়তাপূর্ব্বক, মূর্খতারূপে।

Stupidness, *n. s.* নির্ব্বুদ্ধিতা, অজ্ঞানতা, বোকামি, হাবামি, মূর্খতা, জড়তা।

Stupifier, *n. s.* অচেতন বা মোহজনক, অজ্ঞানকারক, মাদক দ্রব্য, বেহোস করে যে ব্যক্তি বা বস্তু।

To **Stupify,** *v. a.* Lat. অচেতন-কৃ, মোহযুক্ত-কৃ, অজ্ঞান-কৃ, বেহোস-কৃ, অনভিজ্ঞ বা অবুঝ-কৃ, জড়-কৃ, অচৈতন্য-জন্মা।

Stupor, *n. s.* Lat. ভ্রমী, মোহ, মূর্চ্ছা, হত চৈতন্য, অজ্ঞানতা, জড়তা, বেহোসী, অবাকত্ব, আশ্চর্য্য, বিস্ময়াপন্নতা, বিস্ময়, চমৎকার।

To **Stuprate,** *v. a.* Lat. বলাৎকার-কৃ, জাতি-খাদ, জোর করিয়া সতীত্ব ধ্বংস-কৃ, অনূঢ়া ভ্রষ্টা-কৃ, নষ্ট-কৃ, ভ্রষ্ট-কৃ।

Stupration, *n. s.* Lat. বলাৎকার, জাতি খাওন, জোর করিয়া সতীত্ব নাশকরণ, দুষ্ট নষ্ট বা ভ্রষ্টকরণ।

Sturdily, *ad.* দৃঢ়রূপে, শক্তরূপে, কঠিনরূপে, মজবুতরূপে, একগুঁয়েমিপূর্ব্বক, গোঁয়ারতিমিপূর্ব্বক।

Sturdiness, *n. s.* বলবত্তা, সবলত্ব, স্থূলকায়ত্ব, দৃঢ়ত্ব, কাঠিন্য, গোঁয়ারতিমি, পশুর ন্যায় বল শক্তি বা জোর, হৃষ্টপুষ্টত্ব।

Sturdy, *a.* Fr. কঠিন, শক্ত, দৃঢ়, বলবান্, সবল, স্থূল বা বৃহৎ কায়, হৃষ্টপুষ্ট, মজবুত, জোরবাল, গোঁয়ার, একগুঁয়ে, সজোর, পশুবৎ, জবরদস্ত।

Sturgeon, *n. s.* Fr. সমুদ্রীয় মৎস্যবিশেষ।

Sturk, *n. s.* Sax. যুবা বা বাচ্চা ষাঁড় বা বলদ।

To **Stut** বা *To* **Stutter,** *v. n.* Ger. তোতলা-হ্, কথা-বাধ বা -ঠেক, তোৎ-কৃ, কথা আটক-হ, রহিয়া বা ঠেকিয়া-কথ বা-বচ।

Stutter বা **Stutterer,** *n. s.* তোতলা, কথা ঠেকে বা আটকায় যাহার, শ্লিষ্টবাক্।

Stutteringly বা **Stuttingly,** *ad.* তোতলামিপূর্ব্বক, কথা ঠেকিয়া বা আটকাইয়া, তোৎ করিয়া।

Sty, *n. s.* Sax. শূকরের খোঁয়াড়, পশুবৎ মৈথুনাদি ব্যভিচার কর্ম্ম হয় বা করে যে স্থানে, আঙ্গিনা, চক্ষুর্ব্রণ, এতদর্থে কোনং স্থানে Stian লেখা যায়।

To **Sty,** *v. a.* Sax. খোঁয়াড়ে বা পূর্ব্বোক্ত স্থানে-পুর-ভর বা বদ্ধ-কৃ।

To **Sty,** *v. n.* Sax. ঊর্দ্ধে-উঠ, চড়।

Styca, *n. s.* Sax. সাক্সন জাতীয়েরদিগের তাম্র মুদ্রাবিশেষ।

Stygian, *a.* Lat. নরকীয়, রসাতল বা পাতালসম্বন্ধীয়, Styx নামক নরকীয় নদীসম্বন্ধীয়।

Style, *n. s.* Lat. বাক্প্রবন্ধ, পাঠপ্রণালী, লিখনপ্রণালী ধারা ভাব বা রীতি, লিখিবার দাঁড়া, পদ্য, এবারত, চিত্রকরণের ধারা বা প্রণালী, বাদ্যগীতের প্রণালী, সংজ্ঞা, নাম, আখ্যা, মোমের মেজের উপর লিখিবার নিমিত্তে প্রাচীন কালে ব্যবহৃত লৌহ শলাকা কাটি বা কলমবিশেষ, কোন আগা সরু বা ছুঁচাল দ্রব্য বা অস্ত্র, ঘড়ীর আল, পুষ্পের স্ত্রীভাগ।

Style *of Court,* আদালতের রীতি ধারা দস্তুর বা ব্যবহার।

To **Style,** *v. a.* নাম-রাখ, নাম বা আখ্যা-কৃ বা-দা, সংজ্ঞা-দা, ডাক, কহ, বচ।

Styptical বা **Styptick,** *a.* Fr. বন্ধকারী, সঙ্কোচক বা সংবদ্ধ ধর্ম্ম কৌষধসম্বন্ধীয়।

Stypticity, *n. s.* Fr. রক্ত বন্ধকরণ ক্ষমতা বা শক্তি।

Styptick, *n. s.* সঙ্কোচন বা সংবর্দ্ধকধর্ম্মকৌষধি, রক্ত বন্ধকারী ঔষধি।

To **Stythy,** *v. a.* Stithy শব্দ দেখ।

To **Suade,** *v. a.* Fr. প্রবৃত্তি-জন্মা, প্রবৃত্ত-করা, লওয়া, ফুসলা।

To **Suage,** *v. a.* পীড়া বেদনা বা যাতনার শান্তি-কৃ, উপশম-কৃ, শীতল-কৃ, ঠাণ্ডা-কৃ, কম-কৃ, এতদ্ভিন্ন *To* Swage শব্দ দেখ।

Suasible, *a.* Lat. লওয়ানক্ষম, শীঘ্র লওয়ান যাইতে বা প্রবৃত্তি জন্মাইতে পারা যায় যাহাকে।

Suasion, *n. s.* Fr. লওয়ান, প্রবৃত্তি জন্মান, লোভ দর্শান, ফুসলান, কুহক, খাওকি।

Suasive, *a.* লওয়ান ক্ষমতাবিশিষ্ট, প্রবৃত্তিজনক, ফুসলায় যে, লোভ দর্শানক্ষম।

Suasory, *a.* Lat. প্রবৃত্তিজনক, লওয়ান অভিপ্রায়বিশিষ্ট।

Suavity, *n. s.* Fr. মাধুর্য্য, মধুরতা, মিষ্টতা, মিষ্টত্ব, সুখদায়কত্ব, সুখজনকত্ব, ইন্দ্রিয় বা মনের সুখ জন্মে যাহাতে বা যদ্দ্বারা তদ্বস্তু।

Sub, শব্দ রচনায় কনিষ্ঠত্ব তৎপদ বা অবস্থা বুঝায়, পেস্কার।

Subacid, *a.* Lat. ঈষদম্ল, কিঞ্চিৎ টক, অল্পটক।

Subacrid, *a.* অল্প কটু বা ঝাল।

To **Subact,** *v. a.* Lat. কম ন্যূন খাট বা খর্ব্ব-কৃ, জয়-কৃ, জিত, জিন, জব্দ-কৃ, পরাভব-কৃ, পরাস্ত-কৃ, হারা।

Subaction, *n. s.* Lat. কমান, ন্যূনকরণ, খাট বা খর্ব্বকরণ, মিশ্রণ, মিলান, একত্র যোগকরণ।

Subaltern, *a.* Fr. কনিষ্ঠ, ক্ষুদ্র, ছোট, নীচের, নাএব, যোদ্ধৃপদ বিশেষ সম্বন্ধীয়।

Subaltern, *n. s.* Captain সংজ্ঞক যোদ্ধৃর কনিষ্ঠ পদস্থ ব্যক্তি, যথা *Lieutenant, Ensign, Cornet* ইত্যাদি।

Subalternate, *a.* Lat. পর্য্যায়ক্রমবিশিষ্ট, অধীন, তাবেদার, নীচের, নাএব, অনুবর্ত্তী, পর্য্যায়ক্রমী, পর্য্যায়স্থ, ক্রমস্থ।

Subalternation, *n. s.* পর্য্যায়ক্রমে কোন পদ বা অবস্থা প্রাপ্ত হওন, অনুবর্ত্তীহওন, তাবেদারহওন, অধীনহওন, নীচের বা নাএবের পদ ভাব বা অবস্থা।

Subaqueous, *a.* Lat. জলস্থ, জলবর্ত্তী, জলের নীচে থাকে যাহা।

Subarration, *n. s.* Lat. প্রাচীন ব্যবহৃত আচারবিশেষ, বিবাহের পত্র, বিবাহের সম্বন্ধ বা তৎস্বীকার।

Subastringent, *a.* ঈষদ্ বা কিঞ্চিৎ ঝাল বা কটু।

Subbeadle, *n. s.* Beadle সংজ্ঞক বার্ত্তাবাহকের নাএব বা পেস্কার।

Subcelestial, *a.* স্বর্গের অধঃস্থ, স্বর্গ বা আকাশের নীচে আছে বা থাকে যাহা, মর্ত্ত্য, পৃথ্বীস্থ।

Subchanter, *n. s.* গ্রিজার নাএব গাইন, দোহার, পাইল।

Subclavian, *a.* শিরার বিশেষণবাচক, বাহু মূলাধঃস্থিত, কাঁধ বা বগলের নীচে থাকে যাহা।

Subcommittee, *n. s.* কোন কর্ম্মসম্পাদক সম্প্রদায়ের নাএব পেস্কার বা তৎকনিষ্ঠ সম্প্রদায়।

Subconstellation, *n. s.* সামান্য রাশি, উপরাশি, উপনক্ষত্র।

Digitized by Google

Subcontracted, *part. a.* প্রথম চুক্তি ফুরাণ করার বা বন্দোবস্তের অনুযায়ীকৃত, সওদা বা চুক্তির পর সওদা বা চুক্তি হইয়াছে যাহা।

Subcontrary, *a.* কিঞ্চিৎ বা অল্প বিপরীত উল্টা বা প্রতিবন্ধককারী।

Subcutaneous, *a.* চর্ম্ম বা ত্বগধঃস্থিত, ত্বক্ বা চামড়ার নীচে থাকে যাহা।

Subdeacon, *n. s.* Lat. রুমী গ্রিজাতে Deacon সংজ্ঞক পুরোহিত বা যাজকের নাএব বা তৎভৃত্য।

Subdeaconry বা **Subdeaconship,** *n. s.* পূর্ব্বোক্ত ব্যক্তির অধিকার পদ কর্ম্ম বা অবস্থা।

Subdean, *n. s.* Lat. Dean সংজ্ঞক ধর্ম্মাধ্যক্ষের নাএব বা পেস্কার।

Subdeanery, *n. s.* পূর্ব্বোক্ত ব্যক্তির অধিকার পদ কর্ম্ম বা অবস্থা।

Subdecuple, *a.* Lat. দশাংশের একাংশবিশিষ্ট, দশাংশ।

Subdititious, *a.* Lat. গোপনে বা অপ্রকাশে অন্যের স্থানে বা পরিবর্ত্তে ন্যস্ত রক্ষিত বা অর্পিত।

To **Subdiversify,** *v. a.* পুনশ্চিত্রবিচিত্র-কৃ।

To **Subdivide,** *v. a.* পুনর্বিভাগ-কৃ, পুনরংশ-কৃ, অংশাংশ-কৃ, খণ্ডিত অংশ বিভাগ-কৃ, ক্ষুদ্র২ খণ্ড-কৃ, অংশের অংশ-কৃ, খণ্ডখণ্ড-কৃ।

Subdivision, *n. s.* Fr. পুনর্ভাগ, পুনরংশ, পুনর্বিভাগকরণ, অংশাংশ, অংশের অংশ, খণ্ডের খণ্ড, ভাগের ভাগ, ক্ষুদ্র অংশ বা ভাগ।

Subdolous, *a.* Lat. ধূর্ত্ত, চতুর, সেয়ানা, খল, শঠ, দুষ্ট, বিনষ্ট।

Subduable, *a.* পরাভবনীয়, দম্য, খর্ব্ব বা দমনকরণীয় বা তদুপযুক্ত, পরাজয় করিতে পারা যায় যাহাকে, হারাইতে পারা যায় যাহাকে।

Subdual, *n. s.* খর্ব্ব বা দমনকরণ, পরাভবকরণ, পরাজয়, হারাওন, জিতন।

To **Subduce** বা *To* **Subduct,** *v. a.* ফিরিয়া-লওয়া, লইয়া-যা, বাহির-কৃ, ন্যূন-কৃ, হর, হরণ-কৃ, বাদ-দা।

Subduction, *n. s.* ফিরিয়া লওন, বাহিরকরণ, ন্যূনকরণ, হরণ, হরণকরণ, বাদ, বাদ দেওন।

To **Subdue,** *v. a.* পরাস্ত-কৃ, তাবেদার-কৃ, পরাজয়-কৃ, পরাভব-কৃ, জিত, জিন, জব্দ-কৃ, খর্ব্ব-কৃ, দমন-কৃ, শাসন-কৃ, সজুত-কৃ, কারে-আনী, বশীভূত-কৃ, পোষ্য-কৃ, অধীন-কৃ।

Subduer, *n. s.* পরাজয় বা পরাভবকর্ত্তা, দমনকর্ত্তা, পরাস্তকর্ত্তা, জয়কর্ত্তা, জেতা, হারায় বা অধীন বা বশীভূত করে যে ব্যক্তি।

Subduple বা **Subduplicate,** *a.* Fr. দুই ভাগের এক ভাগবিশিষ্ট বা যুক্ত, দুই ভাগের এক ভাগ আছে যাহাতে, অর্দ্ধেক, দুই অংশের একাংশ।

Subfusk, *a.* Lat. একপ্রকার কালা রংং বা বর্ণ যাহার।

Subjacent, *a.* Fr. অধঃস্থ, অধোভাগে স্থিত, তলস্থিত, তলস্থ, নীচে বা তলায় থাকে যাহা।

To **Subject,** *v. a.* Lat. অধীন-কৃ, তাবে-আনী, বশীভূত-কৃ, তাবেদার-কৃ, দাস বা ভৃত্য-কৃ, কর্তৃত্বাধীন-কৃ, আজ্ঞাধীন-কৃ, আয়ত্ত-কৃ, বশতাপন্ন-কৃ, বশ্য-কৃ, অধিকার-কৃ, নম্র-কৃ, নত-কৃ, খর্ব্ব-কৃ, সজুত-কৃ, কুপ্পর-কৃ, জবাবদায়ী-কৃ, দায়ী-কৃ, ব্যাপ্য-কৃ, গোলাম-কৃ।

Subject, *a.* Fr. অধিকারস্থ, তাবেদার, অধীন, বশ্য, ব্যাপ্য, করাধীন, বশীভূত, কুপ্পর, বশতাপন্ন, ঘটিতে পারে যাহাতে, ভবনীয়।

Subject, *n. s.* Fr. প্রজা, অধিকারস্থ, রাইয়ত, করতলস্থ ব্যক্তি, তাবেদার, দাস, আয়ত্ত, এক্তিয়ার, ব্যাকরণে ক্রিয়ার কর্ত্তাকে বুঝায়, বিষয়, ব্যাপার।

Subjection, *n. s.* আয়ত্ততা, আয়ত্তি, এক্তিয়ার, তাবেদারি, অধীনত্ব, বশতা, বশীভূততা, পয়নামী, দমন বা খর্ব্বকরণ, করাধীনত্ব, ব্যাপ্যত্ব।

Subjective, *a.* প্রস্তাব সম্বন্ধীয়, বৈষয়িক।

Subjectively, *ad.* প্রস্তাব বা সম্বন্ধপূর্ব্বক, বিষয়ানুসারে।

Subindication, *n. s.* Lat. ইসারা, ঠার, ইঙ্গিত, ইসারাদ্বারা জানান বা জ্ঞাতকরণ।

Subingression, *n. s.* গুপ্তভাবে প্রবেশ, গোপনে গমন বা প্রবেশকরণ, অপ্রকাশরূপে ঢুকন বা সেঁদন।

To **Subjoin,** *v. a.* Fr. যোগ-কৃ, পশ্চাৎ সংযোগ-কৃ, অন্তে সংযোগ-কৃ, পরে যোড়-দা বা যোগ-কৃ, পশ্চাতে বা নীচে লিখিয়া-দা।

Subitaneous, *a.* Lat. হঠাৎ, আচম্বিত, অকস্মাৎ, আচমকা, শীঘ্র, দ্রুত।

Subitany, *a.* তথা।

To **Subjugate,** *v. a.* জয়-কৃ, পরাজয়-কৃ, পরাস্ত-কৃ, হারা, বশ-কৃ, জিত, কারে-আনী, বশে-আনী, বশ বা বশীভূত-কৃ, সজুত-কৃ, দমন-কৃ, বশতাপন্ন-কৃ, খর্ব্ব-কৃ, অধীন-কৃ, তাবিয়ান-কৃ।

Subjugation, *n. s.* Fr. জয়, পরাজয়, জয় বা পরাস্তকরণ, জিতন, হারান, বশে বা কারে আনন, সজুত দমন অধীন বশ বা বশীভূতকরণ।

Subjunction, *n. s.* Lat. পশ্চাৎ বা অন্তে যোগকরণ বা হওন, পরে শেষে বা অন্তে যুক্ততা।

Subjunctive, *a.* Lat. পশ্চাৎ বা অন্তে যোগকৃত, সংলগ্ন, যুক্ত, ব্যাকরণে ক্রিয়ার বিকৃতিবিশেষ, অংশার্থক।

Sublapsarian বা **Sublapsary,** *a.* মনুষ্য জাতিতে পাপ স্পর্শিলে পর কৃত বা হইয়াছে যাহা, আদম অর্থাৎ আদিপুরুষের পতনান্তরে কৃত বা ভূত।

Sublapsarian, *n. s.* পূর্ব্বোক্ত ব্যক্তির পাপে ভ্রষ্ট মনুষ্য জাতির উদ্ধারার্থে পরমেশ্বর আপন পুত্রকে পাঠান এবং তাঁহার মৃত্যু দ্বারা মনুষ্য জাতির পাপের প্রায়শ্চিত্ত করাণ এইমত মানে যাহারা।

Sublation, *n. s.* Lat. হরণ, লওন, লইয়া যাওন, গ্রহণকরণ।

Sublevation, *n. s.* Lat. উঠান, তুলন, ঊর্দ্ধে উচ্চকরণ, ঊর্দ্ধে উঠান।

Sublimable, *a.* বর্দ্ধিষ্ণু উচ্চ বড় বা বৃহৎকরণ যোগ্য বা উপযুক্ত, ঊর্দ্ধ বা উচ্চ করণক্ষম, কিমিয়া অগ্নিতে নির্ম্মলকরণীয়, ভস্ম করিতে পারা যায় যাহাকে, চোওয়ান যাইতে পারা যায় যাহা।

Sublimableness, *n. s.* বর্দ্ধিষ্ণুহওন গুণ, ঊর্দ্ধ বা উচ্চহওন ক্ষমতা, চোওয়ান যাইতে পারা যায় যাহাকে তদ্ভাব অবস্থা বা ধর্ম্ম।

To **Sublimate,** *v. a.* চোওয়া, বর্দ্ধিষ্ণু-কৃ, বাড়া, উচ্চ-কৃ, ঊর্দ্ধ-কৃ, উঠা, কিমিয়ার অগ্নিদ্বারা তেজ বা উগ্র-কৃ।

Sublimate, *n. s.* বকযন্ত্রে চোওয়ান বস্তু, শোধিত পারদ বা পারা।

Sublimate, *a.* চোওয়ান, কোন পাত্রে জ্বালদ্বারা উত্থিত বা উষ্ণীকৃত।

Sublimation, *n. s.* Fr. কিমিয়া অগ্নিদ্বারা কোন যন্ত্রে বা পাত্রে তেজ উত্থিতকরণ, জ্বালদ্বারা চোওয়ান, তুলন, উঠাওন, ঊর্দ্ধকরণ, বর্দ্ধিষ্ণুকরণ, বাড়াওন, বর্দ্ধিষ্ণুতা, উচ্চতা।

Sublime, *a.* Lat. উচ্চ, উচ্চপদস্থ, অত্যুত্তমতাবিশিষ্ট, অত্যুত্তম, স্বাভাবিক উত্তম শ্রেষ্ঠ মহৎ বা বড়, মহৎ, মহান, শ্রেষ্ঠ, পরম,

Digitized by Google

উত্তম, বড়,বৃহদ্, গভীর, অভিপ্রায় মত বা বিবেচনায় শ্রেষ্ঠ, উল্লাসিত, সুশ্রী।

Sublime, *n. s.* মহদ্ভাব, মহত্ত্ব, শ্রেষ্ঠত্ব।

To **Sublime,** *v. a.* Fr. কিমিয়া অগ্নিতে জ্বাল-দা বা তেজ-কৃ, চোওয়া, বাড়া, বর্দ্ধিষ্ণু-কৃ, উচ্চ-কৃ, ঊর্দ্ধ্ব-কৃ।

To **Sublime,** *v. n.* চোও, নির্য্যাস বাহির-হ।

Sublimely, *ad.* পরমরূপে, উচ্চরূপে, মহদ্রূপে, বৃহদ্রূপে, শ্রেষ্ঠ বা উত্তমরূপে।

Sublimeness, *n. s.* মহদ্ভাব, উচ্চতা, মহত্ত্ব, শ্রেষ্ঠত্ব, উত্তমতা, পরমত্ব।

Sublimification, *n. s.* উচ্চ মহৎ বা শ্রেষ্ঠকরণ, উত্তমকরণ, বড় করণ, বর্দ্ধিষ্ণুকরণ, পরমকরণ।

Sublimity, *n. s.* Fr. মহদ্ভাব, উচ্চতা, শ্রেষ্ঠত্ব, মহত্ত্ব, প্রধানত্ব, উত্তমতা, বর্দ্ধিষ্ণুতা।

Sublingual, *a.* Fr. জিহ্বার অধঃস্থ, জিবের নীচে থাকে যাহা।

Sublunar বা **Sublunary,** *a.* Fr. চন্দ্রাধঃস্থ, পৃথিবীস্থ, চন্দ্রের নীচে থাকে বা আছে যাহা, পৃথিবীতে আছে যাহা, ইহলোকীয়, সাংসারিক।

Sublunary, *n. s.* চন্দ্রাধঃস্থ বা পৃথিবীস্থ দ্রব্য বা বিষয়, যে কোন দ্রব্য বা বিষয় পৃথিবীতে আছে বা হয়।

Submarine, *a.* সমুদ্রাধস্থায়ী, সমুদ্রের নীচে আছে যাহা, সমুদ্রস্থ।

To **Submerge,** *v. a.* Fr. জলে মগ্ন-কৃ, ডুবা, চুবা, বুড়া, জলসাৎ-কৃ, জলে-ফেল।

To **Submerge,** *v. n.* জলে মগ্ন-হ, ডুব, বুড়, জলে-পত, জলসাৎ-হ।

To **Submerse,** *v. a.* Lat. জলে-ফেল, জলে মগ্ন-কৃ-চুবা বা-বুড়া।

Submersion, *n. s.* Fr. জলে মগ্ন হওন বা করণ, অবগাহন, ডুবান, চুবান, বুড়ান।

To **Subminister** বা *To* **Subministrate,** *v. a.* যোগা, দা, সরবরাহ-কৃ।

To **Subminister,** *v. n.* সাহায্য-কৃ, আনুকূল্য-কৃ, প্রয়োজনার্হ-হ, কাজে-লাগ বা-আইস।

Subministrant, *a.* Lat. অধীন, তাবেদার, আজ্ঞানুবর্ত্তী, আজ্ঞাবহ, বশীভূত।

Subministration, *n. s.* যোগান, সরবরাহকরণ, দেওন।

Submiss, *a.* Lat. নম্র, নত, অধীন, ক্ষুদ্র, আজ্ঞাবহ, কুপ্পর, ছোট, মৃদু।

Submission, *n. s.* Fr. আপনাকে অন্যের হস্তে সমর্পণ, পরাজয় বা হারি মানন বা তৎস্বীকার, নত বা নম্র হওন, আশ্রয় লওন, আজ্ঞাকারিত্ব, আজ্ঞাবহত্ব, ব্যাপ্যত্ব, কাকুতি, মিনতি, বিনতি, বিনয়, অপরাধ স্বীকার, ঘাইট মানন।

Submissive, *a.* Lat. সজুত, বাধ্য, ব্যাপ্য, বশীভূত, অধীন, কুপ্পর, নম্র, অনুগত, বশীভূত, আজ্ঞাবহ, আজ্ঞাকারী।

Submissively, *ad.* আজ্ঞাবহত্বরূপে, নম্রভাবে, নম্রতাপূর্ব্বক, অনুনয়পূর্ব্বক, অধীন বা ব্যাপ্যভাবে, অধীনত্ব স্বীকারপূর্ব্বক, কাকুতি বা মিনতিপূর্ব্বক।

Submissiveness, *n. s.* বাধ্যতা, ব্যাপ্যতা, বশীভূতত্ব, অধীনতা, কুপ্পরত্ব, নম্রতা, আজ্ঞাবহত্ব, আজ্ঞাকারিতা, দোষ বা অধীনতা স্বীকার তদ্ভাব বা অবস্থা, কাকুতি, মিনতি, বিনয়, অনুনয়।

Submissly, *ad.* নম্রতাপূর্ব্বক, নম্রভাবে, ব্যাপ্যত্বরূপে, অধীনভাবে, কাকুতি মিনতি বা বিনয়পূর্ব্বক।

Submissness, *n. s.* নম্রতা, ব্যাপ্যত্ব, মনের নীচত্ব, হীনত্ব, গরিবী, নিরহঙ্কার, বিনয়, আজ্ঞাবহত্ব, আজ্ঞাকারিত্ব, অধীনত্ব, আজিজী, মিনতি, কাকুতি, অপরাধ বা অধীনত্ব স্বীকার।

To **Submit,** *v. a.* Lat. অন্যের বিচারে বা বিবেচনার্থে সমর্পণ বা সোপর্দ্দ-কৃ, অধঃক্ষেপ-কৃ, ডুবাইয়া বা বসাইয়া-দা, অর্পণ-কৃ, সমর্পণ-কৃ, বিনা আড় বা ওজরে ছাড়িয়া-দা, বিবেচনার্থে অর্পণ-কৃ।

To **Submit,** *v. n.* অধীন-হ, তাবে-হ, ব্যাপ্য-হ, অধীনতা স্বীকার-কৃ, সজুত-হ, বশ-হ, বশীভূত-হ।

Submitter, *n. s.* অধীনত্ব স্বীকারকর্ত্তা, সজুত বা বশীভূত হয় যে, অর্পণকর্ত্তা, সমর্পণকর্ত্তা।

Submultiple, *n. s.* সমহরণীয় সংখ্যা, অন্য কোন সংখ্যা দিয়া সমভাগে বিভক্ত হয় যে সংখ্যা।

Subnascent, *a.* Lat. অন্যের নীচে হয় বা জন্মে যাহা, অনুজ, পশ্চাৎ আগত, পরে আইসে যাহা।

Subobscurely, *ad.* কিঞ্চিৎ বা ঈষদ্ অন্ধকারপূর্ব্বক, ঈষৎ ঘোর বা অন্ধকারে।

Suboctave বা **Suboctuple,** *a.* আট অংশের একাংশবিশিষ্ট বা যুক্ত, আট ভাগের এক ভাগ আছে যাহাতে, অষ্টাংশ।

Subordinacy বা **Subordinancy,** *n. s.* অধীনতা, বশীভূততা, বশতাপন্নতা, পরাশ্রিততা, অপ্রাধান্য, তাবেদারী, ব্যাপ্যতা।

Supporter, *n. s.* ধারণকর্ত্তা, আধার, অবলম্বন, আশ্রয়, প্রতিপালক, প্রতিপালনকর্ত্তা, ঠেস, চাড়া, খুঁটি, স্তম্ভ, অন্নবস্ত্র দিয়া বাঁচায় যে, পৌষ্টিকতাকর্ত্তা, অন্নদাতা, রক্ষাকর্ত্তা, বহনকারী।

Supporters, *n. s.* কৌলীন্য শাস্ত্রে পশু পক্ষি বা মনুষ্যের আকার বা চিহ্নবিশেষ।

Supposable, *a.* অনুমেয়, অনুমানযোগ্য, অনুভবনীয়, অনুমান হইতে পারে যাহার।

Supposal, *n. s.* অনুমান, সম্ভাবনা, বোধ, চিন্তা, ধ্যান, অনুভব, বিশ্বাস, প্রত্যয়।

To **Suppose**, *v. a.* Fr. ঠাহর, অনুমান-কৃ, অনুভব-কৃ, বিবেচনা-কৃ, বুঝ, বিতর্ক-কৃ, সম্ভাবনা-কৃ, প্রমাণব্যতীত গ্রহণ বা গ্রাহ্য-কৃ, তত্ত্ব না জানিয়া বিশ্বাস-কৃ, প্রতারণাপূর্ব্বক একের স্থানে অন্য কে-রাখ বা-দা।

Suppose, *n. s.* ঠাহর, বুঝ, অনুমান, অনুভব।

Supposer, *n. s.* ঠাহরকর্ত্তা, অনুমানকর্ত্তা, অনুভবকর্ত্তা।

Supposition, *n. s.* Fr. ঠাহর, অনুমান, অনুভব, আট্‌কল, আন্দাজ, বোধ, বিতর্ক, বিচার, আশংসা, খেয়াল, মনে উদয় হয় যাহা।

Suppositional, *a.* অনুমানসিদ্ধ, আন্দাজি, অনুভবে হয় বা করা যায় যাহা।

Supposititious, *a.* অনুমানসিদ্ধ, অনুভবনীয়, অপ্রকৃত, কৃত্রিম, ঝুঠা, কোন ছলে ফিকিরে বা কৌশলে অন্যের স্থানে রক্ষিত বা পরিবর্ত্তিত, আসল নহে যাহা, আন্দাজি।

Supposititiously, *ad.* অনুমানসিদ্ধরূপে, ঠাহর অনুমান আট্‌কল বা আন্দাজপূর্ব্বক।

Supposititiousness, *n. s.* কৃত্রিমতা, অপ্রকৃততা, অযথার্থ বা অপ্রকৃতের ভাব বা অবস্থা।

Suppositive, *a.* ঠাহরকরা, আন্দাজকরা, অনুমানকৃত, অনুমিত, অনুভূত, সম্ভাবিত, অনুমান আট্‌কল বা ঠাহর হয় বা আছে যাহাতে তদ্বোধক।

Suppositive, *n. s.* অনুমান আট্‌কল বা সন্দেহউদ্বোধকবিষয়।

Suppositively, *ad.* অনুমান অনুভব বা আটকলপূর্ব্বক, ঠাহর বা আন্দাজ করিয়া, সম্ভাবনাপূর্ব্বক।

Suppository, *n. s.* Fr. পিচকারি ঔষধবিশেষ।

To **Suppress**, *v. a.* চাপ, দাব, দমন-কৃ, পরাজয়-কৃ, শাসন-কৃ, খর্ব্ব-কৃ, নিবারণ-কৃ, অবরোধ-কৃ, বন্দ-কৃ, আটকা, থামা, সজুত-কৃ, গোপন-কৃ, লুকা, ছাপা, অপ্রকাশ-কৃ, কোঁকড়-কৃ, কুঞ্চিত-কৃ, জড়সড়-কৃ, চাপিয়া-রাখ, দাবিয়া-রাখ, বাহির বা নির্গত হইতে না-দা।

Suppression, *n. s.* Fr. চাপন, চাপ, দমন, দাবন, শাসন, গোপন, ছাপান, লুকান, অপ্রকাশকরণ, অবরোধ, আটক, বন্দ হওন বা করণ।

Suppressive, *a.* চাপিয়া বা দাবিয়া রাখে যে, জব্দ বা সজুতকারী, পরাজয়কারী, গোপনকারী, লুকাইয়া বা ছাপাইয়া রাখে যে, ঢাকিয়া রাখে যে, ব্যাপক, ক্ষমতা বা বলপ্রকাশক, ছোট খাট বা খর্ব্বকারী।

Suppressor, *n. s.* দমন বা খর্ব্বকর্ত্তা, জব্দকারক, পরাজয়কর্ত্তা, গোপনকর্ত্তা, চাপিয়া বা লুকাইয়া রাখে যে।

To **Suppurate**, *v. a.* Lat. পূয়োৎপাদন-কৃ, পুঁজ-কৃ বা-হ, ক্লেদ-জন্মা, পাকা, পক্ব-কৃ।

To **Suppurate**, *v. n.* পূয়-হ, পুঁজ-হ, ক্লেদ-হ, পক্ব-হ, পাক।

Suppuration, *n. s.* Fr. স্ফোটকাদি পক্বহওন বা পাকধরণ, পুঁজ হওন, পাকন, পূয়, পুঁজ, ক্লেদ।

Digitized by Google

Suppurative, *a.* Fr. পাচক, পাককারী, পাকান্যা, পক্বকারী, পুঁজ জনক, স্ফোটকাদি পাকে যাহাতে, পুয় বা ক্লেদ হয় যাহাতে।

Suppurative, *n. s.* পাচক বা পাককারি ঔষধবিশেষ, পুঁজজনক বা পাকান্যা ঔষধ।

Supputation, *n. s.* Fr. সংখ্যা, গণনা, হিসাব, সুমার, লেখা, হিসাবকরণ।

To **Suppute,** *v. a.* Lat. সংখ্যা-কৃ, গণনা-কৃ, হিসাব-কৃ, লেখা-কৃ, সুমার-কৃ।

Supra, Lat. প্রত্যয় পদ শব্দ রচনায় শ্রেষ্ঠ উপর বা সম্মুখ বুঝায়।

Supralapsarian বা **Supralapsary,** *a.* প্রথম মনুষ্য অর্থাৎ আদমের পতন বা ধর্ম্মচ্যুতহওনের পূর্ব্বকালীন।

Supralapsarian, *n. s.* মতাবলম্বিবিশেষ।

Supramundane, *a.* পৃথিব্যুপরিস্থ, জগদুপরিস্থ, ব্রহ্মাণ্ডোপরিস্থ।

Supravulgar, *a.* সর্ব্বাপেক্ষা বড় প্রধান বা শ্রেষ্ঠত্বের ভাব বা ধর্ম্ম, সাধারণ সামান্য বা ইতর লোকের উপরিস্থ বা তদ্বিষয়ক।

Supremacy, *n. s.* উচ্চ বা শ্রেষ্ঠতমতা, উচ্চতা, মহত্ত্ব, প্রাধান্য, সরদারি, শ্রেষ্ঠত্ব, প্রভুত্ব, অধ্যক্ষতা।

Supreme, *a.* Lat. পরম, অতিপ্রধান, শ্রেষ্ঠ, বড়, মহান্, পরম, সরদার, উচ্চতম, অত্যুৎকৃষ্ট, সদর, সকলের উপর যে, সকলের উপর ক্ষমতা প্রভুত্ব বা শ্রেষ্ঠত্ব আছে যাহার।

Supremely, *ad.* আত্যন্তিকরূপে, মহদ্রূপে, প্রধানরূপে, শ্রেষ্ঠরূপে, পরমরূপে।

Sur, Fr. প্রত্যয় পদ শব্দ রচনায় উপরে বড় অধিক বা জেয়াদা বা শ্রেষ্ঠ বুঝায়।

Suraddition, *n. s.* উপাধিবিশেষ, নামের সহিত যোগ করা যায় বা হয় যাহা, উপনাম, ডাকনাম।

Sural, *a.* Lat. পায়ের ডিমের মধ্যস্থ বা তৎস্থ।

Surance, *n. s.* স্থৈর্য্য, নিশ্চয়তা, নির্দ্ধার্য্য, সন্দেহরাহিত্য, এতদ্ভিন্ন Assurance শব্দ দেখ।

Surbase, *n. s.* বুনিয়াদ গোড়া বা মূলের উপর আঁজি বিশেষ।

Surbased, *a.* Fr. পূর্ব্বোক্ত আঁজিওয়ালা বা তদ্যুক্ত।

To **Surbate,** *v. a.* Fr. বেড়ান চলন হাটন বা পর্য্যটনদ্বারা পাদ খেতো ভোতা ক্ষত বা ভগ্ন-কৃ বা-ফাটা, ক্লেশ-দা, দুঃখ-দা, পীড়া-দা, ব্যামোহ-দা।

Surbeat বা **Surbet,** *To* **Surbeat** বা **Surbate** ধাতুর কার্দন্তিক পদ।

To **Surcease,** *v. n.* Fr. শেষ-হ, আখির-হ, থাম, অভাব-হ, বন্দ-হ, নিবৃত্ত-হ, নিরস্ত-হ, বিরত-হ, ক্ষান্ত-হ, ত্যাগ-কৃ, ছাড়।

To **Surcease,** *v. a.* নিবারণ-কৃ, থামা, বন্দ-কৃ, শেষ-কৃ, আখির-কৃ, নিরস্ত-কৃ।

Surcease, *n. s.* ক্ষান্তি, নিবৃত্তি, থামন, বন্দহওন, নিবারণ, শেষ বা আখিরহওন।

To **Surcharge,** *v. a.* Fr. অতিরিক্ত ভার-দা বা-কৃ, অধিক বোঝাই-কৃ, চাপা।

Surcharge, *n. s.* Fr. অধিক ভরণ, অধিক চাপন, ভরণ বা দেওন, অতিরিক্ত ভার বা বোঝা, বোঝায়ের উপর বোঝাই, যাহা বহন হইতে পারে তদপেক্ষা অধিক ভার মোট বা বোঝা।

Surcharger, *n. s.* অতিরিক্ত ভারদাতা, অধিক বোঝা বা মোট দেয় বা চাপায় যে ব্যক্তি।

Surcingle, *n. s.* Lat. ঘোড়ার উপর বোঝা বান্ধা দড়ি বা রসি, জীন বা পালান বন্ধনী, ঘোড়সওয়ারের পেটী বা কোমর বন্ধনী, পেটীবিশেষ।

Surcingled, *a.* পূর্ব্বোক্তরূপে বান্ধা, বেষ্টিত, পালানে বদ্ধ, পেটীওয়ালা।

Surcoat, *n. s.* Fr. পোশাকের উপর পরিহিত কুর্ত্তি বা জামা বিশেষ।

To **Surculate,** *v. a.* Lat. বৃক্ষশাখার অগ্রভাগ কর্ত্তন-কৃ, কলম-কৃ, কাট, ছাঁট, কপ্‌চা।

Surculation, *n. s.* কর্ত্তন, কাটন, ছাঁটন, কপ্‌চান, কলমকরণ।

Surd, *a.* Lat. বধির, কালা, শ্রবণেন্দ্রিয়রহিত, অশ্রুত, শুনা যায় না যাহা, শ্রবণেন্দ্রিয় বা কর্ণগোচর নহে যাহা।

Surdity, *n. s.* বধিরতা, শ্রবণহীনতা, শ্রবণশক্তিরাহিত্য।

Sure, *a.* Fr. নিশ্চয়, নিশ্চিত, নিষ্কর্ষ, নির্দ্ধারিত, স্থির, ঠিক, অটল, অপড়, অমোঘ, নিঃসন্দেহ, অবধার্য্য, সত্য, পাকা, দৃঢ়, খাটি, নির্ব্বিঘ্ন, দ্বৈধরহিত, অবশ্য, সংশয়রহিত, *To be* sure, অবশ্য, নিশ্চয়, নিঃসন্দেহরূপে।

Sure, *ad.* Fr. অবশ্য, নিশ্চয়, নিঃসন্দেহরূপে, অটল দৃঢ় বা খাটিরূপে।

Surefooted, *a.* শক্ত, দৃঢ়, অটল, পা টলে না যাহার, হোঁচট খায় না যে, দৃঢ় বা মজবুতরূপে গমনশীল।

Surely, *ad.* স্থির নিশ্চয় বা নিঃসন্দেহরূপে, সংশয়রাহিত্যপূর্ব্বক, অবশ্য, দৃঢ় বা খাটিরূপে, অটলরূপে, বিনা সন্দেহে, সন্দেহো নাস্তি।

Sureness, *n. s.* নিশ্চয়ত্ব, নিঃসন্দেহ, নিষ্কর্ষত্ব, অটলত্ব, সংশয়রাহিত্য।

Suretiship, *n. s.* প্রতিভূ বা জামিনের কর্ম্ম ধর্ম্ম ভাব বা অবস্থা।

Surety, *n. s.* Fr. নিশ্চয়ত্ব, নিষ্কর্ষত্ব, নিঃসন্দেহত্ব, সংশয়রাহিত্য, প্রতিভূ, জামিন, ঠেস, ঠেকো, অবলম্বন, বাঁচাউ, সাক্ষী, প্রমাণ, বন্ধক, খাতির্জমা।

Surf, *n. s.* সমুদ্রের ঢেউ বা গোড়ি, লহরী, তরঙ্গ।

Surface, *n. s.* Fr. উপরি ভাগ, বহির্দিগ, বহির্ভাগ, গাত্র, উপর্য্যংশ, উপর, বাহ্য, বাহির।

To **Surfeit,** *v. a.* Fr. অনেক করিয়া-খাদ বা পান-করা, বহুভক্ষণ বা পান করানদ্বারা পীড়িত বা নিষ্প্রয়াস-কৃ বা আহারে অনিচ্ছা-জন্মা, ঠাসিয়া বা গাদিয়া-ভর-পুর বা-খাওয়া।

To **Surfeit,** *v. n.* অপরিমিত আহার-কৃ, অনেক ভক্ষণ বা পান দ্বারা অরুচি বা পীড়িত-হ বা তৎকর্তৃক আহারে অনিচ্ছা-হ বা জন।

Surfeit, *n. s.* বহু ভক্ষণ বা পানের দ্বারা জাত অরুচি অনিচ্ছা বা পীড়া।

Surfeiter, *n. s.* অপরিমিতাহারী, পেটুক, লোভী, যে অনেক খায় বা পান করে, অত্যাচারকর্ত্তা, যথেষ্টাচারী।

Surfeiting, *n. s.* বহু ভক্ষণ বা পানদ্বারা অরুচি অনিচ্ছা বা পীড়া জন্মান বা তৎপীড়া।

Surfeitwater, *n. s.* বহুভোজন বা পানদ্বারা জাত অরুচি আহারে অনিচ্ছা বা পীড়ার উপশমকারি জলবিশেষ।

Surge, *n. s.* Lat. জলের ঢেউ, তরঙ্গ, মৌজা।

To **Surge,** *v. n.* ফুলিয়া-উঠ, উচু হইয়া-উঠ, তরঙ্গ বা মৌজা-হ, ঢেউ-উঠ।

Surgeless, *a.* তরঙ্গরহিত, ঢেউ নাই যাহাতে, স্থির, তুফান নাই যাহাতে।

Surgeon, *n. s.* চিকিৎসকবৈদ্য, অস্ত্র চিকিৎসক, আসুরী চিকিৎসক।

Surgeonry বা **Surgery,** *n. s.* অস্ত্র চিকিৎসা বা তদ্বিদ্যা, আসুরী চিকিৎসা।

Digitized by Google

Surgical, *a.* অস্ত্রচিকিৎসাসম্বন্ধীয় বা তদ্বিষয়ক।

Surgy, *a.* তরঙ্গ বা ঢেউহওনশীল, ঢেউ উঠে যাহাতে, তুফান বিশিষ্ট।

Surlily, *ad.* দৌর্জন্যরূপে, কোপিত ক্রুদ্ধ বা কর্কশ হইয়া বা তদ্ভাবে, উগ্রত্ব বা রাগপূর্ব্বক।

Surliness, *n. s.* রাগিত্ব, রাগ, ক্রোধ, খিট্‌খিটেমি, ভুতুভুতেমি, বৈরক্ত্য, দৌর্জন্য, কর্কশতা, উগ্রত্ব।

Surly, *a.* Sax. দুর্জন, উগ্রস্বভাব, উগ্র মূর্ত্তি, উগ্র, চিড়চিড়া, কোপী, রাগী, বিরক্ত, অসভ্য, কর্কশ, খিট্‌খিটে, ভুতুভুতে, মনেং রাগ করে যে বা হয় যাহার।

Surmisal, *n. s.* অনুমান, অনুভব, অপূর্ণ সংস্কার বোধ বা জ্ঞান, আন্দাজ, ঠাহর।

To **Surmise,** *v. a.* Fr. সন্দেহ-কৃ, অনুমান-কৃ, অনুভব-কৃ, আন্দাজ-কৃ, ঠাহর।

Surmise, *n. s.* Fr. অনুমান, অনুভব, বিনা নিশ্চয়ে উপলব্ধি, ঠাহর, আন্দাজ, সন্দেহ, অপূর্ণ সংস্কার বোধ বা জ্ঞান।

Surmiser, *n. s.* অনুমান আন্দাজ বা ঠাহরকর্ত্তা, সন্দেহকর্ত্তা।

To **Surmount,** *v. a.* Fr. উপরে-উঠ বা-চড়, জয়-কৃ, জিত, হারাইয়া-দা, ব্যাপকতা-কৃ, জেয়াদা বা বড়-কৃ, অধিক-কৃ, কাটাইয়া-উঠ, পার-হ বা-কৃ, ছাড়াইয়া-উঠ।

Surmountable, *a.* Fr. জেতব্য, পারহওন বা জয়করণযোগ্য, পরাভবনীয়, কাটাইয়া বা ছাড়াইয়া উঠা যায় যাহাকে বা তদ্যোগ্য।

Surmounter, *n. s.* যে উপরে উঠে, জয়কর্ত্তা, পার বা সরস হয় যে, কাটাইয়া বা ছাড়াইয়া উঠে যে।

Surmounting, *n. s.* সর্ব্বাপেক্ষা বড় বা উচ্চহওন, উপরে উঠন, পার বা সরসহওন, জিতন।

Surmullet, *n. s.* মৎস্যবিশেষ।

Surname, *n. s.* Fr. জাতি বা কুলের ডাকনাম, উপাধি বা নাম, পদবী, পদ্ধতি, উপনাম, কুলসংজ্ঞা।

To **Surname,** *v. a.* Fr. পূর্ব্বোক্ত উপাধি বা পদবী-দা, তন্নাম-কৃ বা তদ্দ্বারা প্রতিপাদ্য-কৃ।

To **Surpass,** *v. a.* Fr. অগ্রসর-হ, আগে-বাড়, অধিক-হ, সরস-হ, বড়-হ, আগিয়া-যা, জিত, জিন, অন্যাপেক্ষা বড় বা অধিক-হ, হারাইয়া-দা, অন্যাপেক্ষা উত্তম-হ, অতিক্রম-কৃ।

Surpassable, *a.* অপেক্ষাকৃত সরস বড় বা ভাল হইতে পারে যে বা হয় যে, অতিক্রমণীয়, জেতা যাইতে পারে যাহাকে, জেতব্য, আগে বাড়ে বা যায় যে বা তদুপযুক্ত।

Surpassing, *part. a.* বিলক্ষণ বা উত্তম, অত্যুত্তম, অন্যাপেক্ষা ভাল, জেতা।

Surpassingly, *ad.* অত্যুত্তমরূপে, অন্যাপেক্ষা শ্রেষ্ঠ উত্তম বা ভালরূপে।

Surplice, *n. s.* Fr. যাজকেরদিগের পরিচ্ছদ বা পোশাকবিশেষ, পাদরির সাদা কাপড়।

Surplice-fees, *n. s.* যাজকেরদিগের দক্ষিণাবিশেষ।

Surpliced, *a.* Surplice নামক পরিচ্ছদবিশিষ্ট তৎপরিহিত বা তদ্যুক্ত।

Surplus বা **Surplusage,** *n. s.* ফাজিল, অধিক, জেয়াদা বা বেশী ভাগ, আধিক্য, অতিরিক্ততা, বাড়তি, বাড়তির ভাগ, প্রয়োজনাতিরিক্ত বাকী, জেয়াদা, অবশেষ, অবশিষ্ট বাকী, শেষ বা বাড়তি হয় বা থাকে যাহা।

Surprisal বা **Surprise,** *n. s.* Fr. হঠাৎ বা অকস্মাৎ ধরণ, আচম্‌কা বা আচম্বিতে ধরা পড়ন, শূন্য পাত্র, আশ্চর্য্য বোধ, বিস্ময়, অকস্মাৎ, হঠাৎ, হঠাৎ বা অকস্মাৎ কোন উৎপাত বা ধাঁদায় পড়ন, চমৎকার জ্ঞান, ধাঁদা লাগন, ধাঁদা।

To **Surprise,** *v. a.* Fr. হঠাৎ-ধর, অকস্মাৎ বা আচম্বিতে-ধর, আচম্‌কা-ধর, বিস্ময়াপন্ন-কৃ, চমৎকৃত-কৃ, আশ্চর্য্য বোধ-কৃ বা-জন্মা, অনিশ্চিত বা অকস্মাৎ কোন বিষয় উপস্থিত করিয়া ধাঁদা-লাগা বা-দা।

Surprising, *part. a.* আশ্চর্য্য, চমৎকার, অদ্ভুত, অপরূপ, আজব, বিস্ময়কারী বা জনক, ধাঁদাজনক।

Surprisingly, *ad.* আশ্চর্য্যরূপে, চমৎকাররূপে বা ভাবে, বিস্ময় জনকত্বরূপে, অদ্ভুতরূপে, অপরূপপূর্ব্বক, বিস্ময়াপন্ন হইয়া বা করিয়া।

Surrebutter, *n. s.* Law. আদালতের ভাষায় প্রত্যুত্তরবিশেষ, প্রত্যুত্তরান্তর উত্তর।

Surrejoinder, *n s.* Fr. তথা, জবাবল জবাব।

To **Surrender,** *v. a.* Fr. ছাড়, ছাড়িয়া-দা, ছাড়িয়া দিয়া-যা, ত্যাগ কৃ, সমর্পণ-কৃ, শত্রুর হস্তে-দা বা অর্পণ-কৃ।

To **Surrender,** *v. n.* ছাড়, ছাড়িয়া-দা, শরণাপন্ন-হ, শরণ-লওয়া, শত্রুর হস্তে সমর্পণ-কৃ।

Surrender বা **Surrendry,** *n. s.* ত্যাগ, ত্যাগকরণ, সমর্পণ, শরণাপন্ন বা শরণাগত হওন, শরণ লওন, শত্রুর হস্তে ছাড়িয়া দেওন বা সমর্পণ।

Surreption, *n. s.* Lat. গোপনে বা ছল করিয়া কোন বিষয় নির্ব্বাহকরণ, প্রতারণা ফাকি বা প্রবঞ্চনাদ্বারা লাভকরণ বা হওন, অন্যায় বা অযথার্থরূপে প্রাপণ, অকস্মাৎ আক্রমণ বা চড়াউ।

Surreptitious, *a.* Lat. গোপনে কৃত, চুপেচাপে প্রাপ্ত বা কৃত, প্রবঞ্চনায় লব্ধ, প্রতারণা বা ফাকিদ্বারা কৃত বা লব্ধ, ফন্দিকালমূন।

Surreptitiously, *ad.* গোপনে, মফঃসলে, প্রতারণা বা প্রবঞ্চনাপূর্ব্বক, ফাকিদ্বারা, কলে কৌশলে, অন্যায্য বা অযথার্থরূপে।

To **Surrogate,** *v. a.* Lat. প্রতিনিধি-দা, একের স্থানে অন্যকে অভিষিক্ত-কৃ বা-ঢুকা, এওজ বা বদলী-দা।

Surrogate, *n. s.* Lat. নাএব, প্রতিনিধি, এওজ, বদলী, স্বরূপ।

Surrogation, *n. s.* Lat. প্রতিনিধি দেওন, এওজ বা বদলী দেওন, একের স্থানে অন্যকে রাখন বা ঢুকাওন।

To **Surround,** *v. a.* Fr. পরিবেষ্টন-কৃ, চতুর্দ্দিগে-ঘের বা আক্রমণ-কৃ, বেষ্টন-কৃ, ঘের, বেড়, অবরোধ-কৃ, চতুর্দ্দিগ রোধ-কৃ, চতুর্দ্দিক্ ব্যাপ্ত-কৃ।

Sursolid, *n. s.* মূল অঙ্ককে চারিগুণ করিয়া তাহাকে চারি দিয়া পুরিয়া পুরিত অঙ্ককে চারিদ্বারা পুরিয়া তাহাকে চারিদ্বারা পুরিয়া যাহা হয় তাহা।

Sursolid *Problem,* *n. s.* সূচ্যাকৃতির মধ্যস্থ বক্রহইতে অতিবক্রগামিত্ব ব্যতিরেকে অনিশ্চয়নীয় ক্ষেত্র।

Surtout, *n. s.* Fr. জামাবিশেষ, আলখাল্লা, বড় কুর্ত্তি।

To **Survene,** *v. a.* Fr. যোগ-কৃ বা-হ, বৃদ্ধি-কৃ, বাড়া, মিল, একত্র-কৃ, আনিয়া-ঢুকা বা যোগ-কৃ।

To **Survey,** *v. a.* Fr. দৃষ্টি-কৃ, দেখ, দৃষ্টিপাত-কৃ, অবলোকন-কৃ, সমীক্ষণ-কৃ, পর্য্যালোচনা-কৃ, উপরহইতে দর্শন বা প্রেক্ষণ-কৃ, তত্ত্বাবধারণ-কৃ, নেগাহবানী-কৃ, খবরদারী-কৃ, তদারক-কৃ, পরিমাণ-কৃ, ভূম্যাদি মাপ-কৃ, কোন ইমারত বানাইবার খরচপত্রের বরাওর্দ্দ হিসাব-কৃ, জরিপ-কৃ, গৃহাদি নির্ম্মাণহওনান্তে তদারক-কৃ, আন্দাজ-কৃ।

Survey, *n. s.* প্রেক্ষণ, অবলোকন, দর্শন, দৃষ্টি, তত্ত্বাবধারণ, তদা

Digitized by Google

রক, সমীক্ষণ, পর্য্যালোচনা, জরিপ, পরিমাণ, মাপ, মাপন, আমীনী।

Surveyal, *n. s.* তথা।

Surveyor, *n. s.* সমীক্ষণকর্ত্তা, তদারককর্ত্তা, আমীন, নেগাহবান, অন্যের খবরদারী করিতে নিযুক্ত ব্যক্তি, মাপক, ভূমির পরিমাণাদি কর্ম্মকর্ত্তা, আমীন, জরিপওয়ালা।

Surveyorship, *n. s.* পূর্ব্বোক্ত ব্যক্তির কর্ম্ম পদ ভাব বা অবস্থা।

Survival বা Survivance, *n. s.* Fr. উত্তর বা পরে জীবন, বাঁচন, বা বাঁচিয়া থাকন, অন্যাপেক্ষা দীর্ঘজীবিহওন, কাহার মৃত্যু পর বা লোকান্তর হইলে বাঁচিয়া বা বিদ্যমান থাকন।

To Survive, *v. n.* Lat. উত্তর বা পর জীবী-হ, কাহার মৃত্যুর পর বাঁচিয়া-থাক, কাহার মরণের পর বিদ্যমান-থাক, বাঁচিয়া-থাক, বিদ্যমান-রহ, পরে জীবিত-থাক, অন্যাপেক্ষা দীর্ঘজীবী-হ।

To Survive, *v. a.* কাহার পরে জীবিত বা বর্ত্তমান-থাক।

Surviver বা Survivor, *n. s.* উত্তর বা পরজীবি ব্যক্তি, যে কাহার মৃত্যু বা বিনাশের পর জীবিত বা বর্ত্তমান থাকে, অপেক্ষাকৃত দীর্ঘজীবী।

Surviversship বা Survivorship, *n. s.* পূর্ব্বোক্ত ব্যক্তির অবস্থা বা ভাব, অন্যহইতে অধিক কাল জীবিত বা বর্ত্তমান থাকন।

Susceptibility, *n. s.* গ্রহণীয়ত্ব, স্বীকরণীয়ত্ব, স্বীকার যোগ্যত্ব, গ্রহণোপযুক্ততা, স্বীকার্য্যত্ব, বেদনীয়তা, প্রয়োক্তব্যতা।

Susceptible, *a.* Fr. গ্রহণকারী, যোগ্য, কোন কার্য্য হওনের সম্ভাবনা আছে যাহাতে, বেদনীয়, প্রয়োক্তব্য।

Susceptibleness, *n. s.* Susceptibility শব্দবৎ অর্থ জানিবে তৎ শব্দ দেখ।

Susception, *n. s.* Lat. গ্রহণকরণ, গ্রহণ, লওন।

Susceptive, *a.* গ্রহণকারী, গ্রহণ হইতে পারে যাহাতে, গ্রহণকরণ বা ভবনক্ষম।

Susceptivity, *n. s.* গ্রহণীয়ত্ব, ভবনীয়ত্ব।

Susceptor, *n. s.* Lat. কোন কর্ম্মে প্রবৃত্ত হয় বা নামে যে ব্যক্তি, ধর্ম্মপিতা, ধরমবাপ।

Suscipiency, *n. s.* গ্রহণ, ধারণ, স্বীকারকরণ, প্রবেশ।

Suscipient, *n. s.* Lat. গ্রহণকর্ত্তা, স্বীকারকর্ত্তা, প্রবেশ বা অনুমতিদাতা।

Suscipient, *a.* Lat. গ্রহণকারী, স্বীকারকারী, প্রবেশহইতে বা করিতে দেয় যে।

To Suscitate, *v. a.* Fr. চেতনা-কৃ, উস্কাইয়া-দা, প্রবৃত্তি-জন্মা, প্রবোধ-জন্মা, লওয়া।

Suscitation, *n. s.* Fr. চেতনাকরণ, উস্কাইয়া দেওন, প্রবৃত্তি বা প্রবোধ জন্মাওন, লওয়ান।

To Suspect, *v. a.* Lat. সন্দেহ-কৃ, অপ্রত্যয়-কৃ, আশঙ্কা-কৃ, দোষী বা অপরাধী-ভাব বা জ্ঞান-কৃ, প্রমাণ না জানিয়া বা দেখিয়া দোষী বা অপরাধী-কৃ বা তজ্জ্ঞান-কৃ, অনুমান-কৃ, আটকোল-কৃ, বিতর্ক-কৃ, বোধ-কৃ, আন্দাজ-কৃ।

To Suspect, *v. n.* সন্দেহ-হ, অনুমান বা বোধ-হ, আন্দাজ-হ।

Suspect, *part. a.* Fr. সন্দিগ্ধ, সন্দেহযুক্ত, শঙ্কিত।

Suspect, *n. s.* সন্দেহ, আন্দাজ, অনুমান, ঠাহর, আশঙ্কা, অপ্রত্যয়।

Suspectable, *a.* সন্দেহযোগ্য, আশঙ্কনীয়, সন্দেহ হইতে পারে যাহাতে বা যাহাকে।

Suspectedly, *ad.* সন্দিগ্ধরূপে, আশঙ্কাপূর্ব্বক বা তদ্ভাবে।

Suspectedness, *n. s.* সন্দিগ্ধতা, আশঙ্কনীয়ত্ব, সন্দেহ আশঙ্কা বা ঠাহর হইতে পারে এমত ভাব বা অবস্থা।

Suspecter, *n. s.* সন্দেহকর্ত্তা, শঙ্কা আন্দাজ বা ঠাহর করে যে ব্যক্তি।

Suspectful, *a.* সন্দিগ্ধ, সন্দেহী, সন্দেহকারী, আশঙ্কাকারী।

Suspectless, *a.* নিঃসন্দেহ, নিঃসন্দিগ্ধ, সন্দেহ বা শঙ্কারহিত, সন্দেহ বা শঙ্কা নাই যাহার উপর বা যাহাতে।

To Suspend, *v. a.* Fr. লুণ্ঠ্যমান-কৃ, লটকা, টাঙ্গা, ঝুলা, খাটা, আশ্রিত-কৃ, স্থগিত-কৃ বা-রাখ, আটক-কৃ, অল্প কালের নিমিত্তে বন্দ-কৃ বা মৌকুফ-রাখ, বিলম্ব-কৃ, দেরি-কৃ, গতিক্রিয়া-কৃ, গড়িমসি-কৃ, জবেস্থবে-রাখ, অনিশ্চিত ভাবে-রাখ, অল্পকালের নিমিত্তে কোন কর্ম্মহইতে স্থগিত বা পদচ্যুত-কৃ, সস্পেণ্ড ইতি চলিত ভাষা।

Suspender, *n. s.* নিবারণ বা স্থগিতকর্ত্তা, জবেস্থবে রাখে যে, গতিক্রিয়া গড়িমসি বা দেরিকর্ত্তা।

Suspense, *n. s.* Fr. সন্দেহ, দ্বিধা, অনিশ্চয়, বিকল্প, পরিষ্কার বা নিশ্চয়ের বিলম্ব, জবস্থব, বিচার না করণ, হয় নয় দুয়ের মধ্যাবস্থায় স্থিতি রাখন, আটক, মৌকুফ, অনির্দ্ধার্য্যতা।

Suspense, *a.* Lat. স্থগিত, আটকা, আটককৃত, রুদ্ধ, সন্দেহকৃত, সন্দিগ্ধ, আশাকৃত বা যুক্ত।

Suspension, *n. s.* Fr. ঝুলান, টানান, খাটান, লটকান, লুণ্ঠ্যমানকরণ, ঝুলিয়া দেওন, বিলম্ব গতিক্রিয়া বা গড়িমসিকরণ, জবেস্থবে রাখন, বিচার না করণ, আটক, বাধা, অবরোধ, নিবারণ, কিয়ৎকাল কোন কর্ম্ম বা পদহইতে স্থগিত রহিত বা চ্যুত হওন বা করণ।

Suspensive, *a.* সন্দিগ্ধ, সন্দেহী, সন্দেহকারী, সন্দেহজনক।

Suspensory, *a.* Fr. লুণ্ঠ্যমানকারী, ঝুলায় টাঙ্গায় বা লটকায় যে বা যাহা, যদ্দ্বারা কোন বস্তুকে খাটান যায় তদ্বিষয়ক, সন্দিগ্ধ, সন্দেহকারী, সন্দেহজনক।

Suspicable, *a.* Lat. সন্দিগ্ধ, সন্দেহোপযুক্ত।

Suspicion, *n. s.* Fr. দ্বিধা, ধোকা, সন্দেহকরণ, সংশয়, আশঙ্কা, সোবে, অপ্রত্যয়করণ, গরএতবার, মন্দ সংস্কারে অনুমান আন্দাজ বা আটকল।

Suspicious, *a.* Lat. সন্দেহী, সন্দিগ্ধ, সন্দেহকারী, ওসওয়াশী, সন্দেহমনাঃ, সন্দেহশীল, সন্দিগ্ধ বা অশুদ্ধমনাঃ, সংশয়ী, শঙ্কিত, সন্দেহ বা শঙ্কা দেখায় যাহাতে, সন্দেহযোগ্য, শঙ্কাকরণীয়, সন্দেহের বিষয় যে।

Suspiciously, *ad.* সন্দিগ্ধ হইয়া বা করিয়া, সন্দেহ বা শঙ্কাপূর্ব্বক বা তজ্জনকত্বরূপে, সন্দেহ ভাবে।

Suspiciousness, *n. s.* সন্দিগ্ধতা, সন্দেহশীলতা, সন্দেহকারিত্ব বা জনকত্ব।

Suspiral, *n. s.* ভূমির অধতে বহে যে কোয়ারা বা উনুই, জল পথ, জলাশয় বা জলকুণ্ডাভিমুখে ধাবমান জল শিরা বা স্রোত।

Suspiration, *n. s.* দীর্ঘ নিশ্বাস, হতাশ, দীর্ঘ নিশ্বাস ছাড়ন বা ত্যাগকরণ।

To Suspire, *v. n.* Lat. দীর্ঘ নিশ্বাস ত্যাগ-কৃ, বেগে নিশ্বাস-ছাড়।

Suspired, *part. a.* অভিলষিত, ইচ্ছিত, বাঞ্ছিত, আকাঙ্ক্ষিত, নিতান্ত আশা বা ইচ্ছা থাকে যাহার প্রতি বা উপর।

To Sustain, *v. a.* Fr. ধারণ-কৃ, বহ, তুলিয়া বা উঠাইয়া-ধর, প্রতিপালন-কৃ, রক্ষা-কৃ, উদ্ধার-কৃ, সাহায্য-কৃ, উপকার, সহায়তা-কৃ, ভোগ-কৃ, সহ্য-কৃ, বরদাস্ত-কৃ।

Sustain, *n. s.* যে ধারণ করে, বহে বা সহ্য করে যে, অবলম্বন।

Sustainable, *a.* Fr. ধারণ বা বহনযোগ্য, সহ্য, সহনীয়।

Sustainer, *n. s.* ধারণকর্ত্তা, বহনকর্ত্তা, সহ্যকর্ত্তা, রক্ষা বা প্রতিপালনকর্ত্তা।

Digitized by Google

Sustenance, *n. s.* Fr. অন্নজল, অন্নাচ্ছাদন, উপজীবিকা, জীবনোপায়, আহার্য্য দ্রব্য, প্রাণধারণের উপায়, আহার, প্রতিপালন।

Sustentacle, *n. s.* Lat. ধারণ, অবলম্বন, প্রতিপালন, রক্ষা।

Sustentation, *n. s.* Fr. ধারণ, অবলম্বন, রক্ষা, ঠেস, ভোজনকরণ, উপজীবিকা, জীবনোপায়, ভরণপোষণ।

Susurration, *n. s.* Lat. ফুসফুসনী, কর্ণে জপ, ধীরে কথা, মৃদু শব্দ।

Sute, *n. s.* Sort শব্দবৎ অর্থ জানিবে, তচ্ছব্দ দেখ।

Sutile, *a.* Lat. টাঁকা বা সেলাইয়ের দ্বারা নিষ্পাদিত বা কৃত।

Sutler, *n. s.* Dut. সৈন্যের তাম্বুতে ভক্ষ্যদ্রব্য মদ্যইত্যাদি বিক্রেতা, ভেটেরাবিশেষ।

Suturated, *a.* Lat. সেলাই করা, টাঁকা, সিয়ান।

Suture, *n. s.* Fr. Lat. ঘায়ের টাঁকা, জোড়, ক্ষত বা ঘা সেলাই, ক্রকচাকার সন্ধি বা অস্থি।

Swab, *n. s.* Swed. ঘর পরিষ্কার করা বা ঝাড়া ন্যেতা বা ঝাড়ু বিশেষ।

To **Swab**, *v. a.* Sax. পূর্ব্বোক্ত ন্যেতা বা ঝাড়ু দিয়া পরিষ্কার বা সাফ-কৃ।

Swabber, *n. s.* Dut. ঝাড়ুবরদারবিশেষ, পরিষ্কারকর্ত্তা।

Swad, *n. s.* Sax. মটরের খোসা, খর্ব্ব অথচ মোটা মানুষ, গেঁটা গোঁটা মানুষ।

To **Swaddle**, *v. a.* Sax. জড়া, লপটা, আবৃত-কৃ, ঢাক, পরা, সদ্যোজাত বালককে কাপড় দিয়া বেষ্টন-কৃ বা-পরা, প্রহার-কৃ, মার, দণ্ডাঘাত-কৃ।

Swaddle, *n. s.* Sax. শরীর বেষ্টন বস্ত্রবিশেষ।

Swaddlingband বা **Swaddlingcloth** বা **Swaddlingclout**, *n. s.* নবজাত শিশুকে বেষ্টনকারি বস্ত্র, ছেল্যার কাপড়, খোকা বা খুকির ন্যাকড়া।

To **Swag**, *v. n.* Sax. ভারপ্রযুক্ত ডুবিয়া-যা, আপন ভরে তলাইয়া-যা, ঝুল।

Swagbellied, *a.* বৃহৎ উদরবিশিষ্ট, বড় পেট যাহার, মস্ত ভুঁড়ি ওয়ালা, নুদিওয়ালা, লাউপেটা।

To **Swage**, *v. a.* সমতা-কৃ, স্বাস্থ্য-কৃ, আরাম-কৃ, নরম-কৃ, যাতনা বা পীড়া ন্যূন বা হ্রাস-কৃ, বেদনা দূর-কৃ, শীতল-কৃ, ঠাণ্ডা-কৃ, সুস্থির-কৃ।

To **Swage**, *v. n.* বেদনা পীড়া বা যাতনা ন্যূন কম বা হ্রাস-হ, স্বাস্থ্য-হ, আরাম-হ।

To **Swagger**, *v. n.* Dut. চীৎকার-কৃ, চেঁচাচেঁচি-কৃ, চেঁচাইয়া-জিত বা বড়-হ, বড়াই-কৃ, গর্ব্ব-কৃ।

Swaggerer, *n. s.* চেঁচাচেঁচি বা চীৎকারকর্ত্তা, চেঁচাইয়া বা ক্রন্দন করিয়া জিতে বা বড় হয় যে ব্যক্তি।

Swaggy, *a.* আপন ভারে মগ্ন নিম্ন বা ঝুলিয়া পড়িয়াছে যে, নিজ ভারাধীন।

Swain, *n. s.* Sax. পল্লীগ্রামে চাস কর্ম্মে নিযুক্ত দাস বা ভৃত্য, গ্রাম্য দাস, কৃষাণ, চাস কর্ম্মে নিযুক্ত ভৃত্য বা যুবা পুরুষ, যুবা রাখাল।

Swainish, *a.* অসভ্য, মূঢ়, চাসাড়িয়া, অসাম্প্রদায়িক, গোঁয়ার, মূর্খ, অশিষ্ট।

Swainmote, *n. s.* Lat. বনসম্বন্ধীয় আদালতবিশেষ।

To **Swaip**, *v. n.* গা ফুলাইয়া-চল, বুক দুলাইয়া-হাঁট বা-গম, অহঙ্কার বা দেমাক করিয়া-চল।

To **Swale** বা *To* **Sweal**, *v. n.* Sax. জ্বলিয়া-যা, পুড়িয়া ক্ষয়-হ, ক্ষয়প্রাপ্ত-হ, গল, গলিয়া ক্ষয়-হ, যথা *The candle swales*।

To **Swale**, *v. a.* পোড়া, জ্বালাইয়া-দা, জ্বালা, ভস্ম-কৃ, ক্ষয়-কৃ।

Swallet, *n. s.* রাং বা দস্তার খননকারিরদিগের ভাষা, ধাতুর আকর বা খনিতে খোদনাদি কর্ম্ম করিতেং নিঃসৃত হইয়া জল উঠন বা পড়ন বা তৎকর্ম্মকারিরদিগের গাত্রে পড়ে যে জল।

Swallow, *n. s.* Sax. পক্ষিবিশেষ, তালচঞ্চু পক্ষী, চাতক।

To **Swallow**, *v. a.* Sax. গ্রাস-কৃ, গিল, গিলিয়া-খাদ, উদরস্থ-কৃ গলাধঃকরণ-কৃ, গিলিয়া-ফেল, তথ্যানুসন্ধান না করিয়া গ্রহণ-কৃ বা-মান সমুদয়-লওয়া বা কোন কর্ম্মে ব্যবহার-কৃ, সমুদয় বা তাবৎ নিযুক্ত-কৃ, শোষণ-কৃ, শুষিয়া-নী, চুষিয়া-নী, অগাধ জলে নিক্ষেপ-কৃ, সমুদ্রের মধ্যে-ফেল, ব্যাপ, ব্যাপ্ত-কৃ, গ্রহণ করিয়া নষ্ট-কৃ, এতদ্ভিন্ন আলঙ্কারিক ভাষায় মূর্খতা অজ্ঞতা বা অপকৃষ্ট অভিপ্রায় বা মত অর্থ করে।

Swallow, *n. s.* Got. কণ্ঠ, গলা, পেটুকামি, লোভ, লালচ, অগাধ জল, ঘূর্ণ জল।

Swallowtail, *n. s.* বৃক্ষবিশেষ।

Swallowwort, *n. s.* বৃক্ষবিশেষ।

Swam, Sax. *To* **Swim** ধাতুর অতীত কালবাচক পদ।

Swamp, *n. s.* Got. জলা বা সোঁতা ভূমি, দলদল, জলগণ্ড, জলা বুড়া বা ডুবা ভূমি।

To **Swamp**, *v. a.* জলায়-ডুবা, সোঁতা ভূমিতে-ডুবা, জলগণ্ডে মগ্ন-কৃ, দলদলিতে-ফেল বা-পড়।

Swampy, *a.* জলগণ্ডবৎ, জলা, বুড়া, ডুবা, হাজা, দলদলিয়া।

Swan, *n. s.* Sax. ধৃতরাষ্ট্র, বড় হংসবিশেষ।

Swanskin, *n. s.* পূর্ব্বোক্ত পক্ষির পালকের ন্যায় উষ্ণ বস্ত্র বিশেষ।

To **Swap**, *v. a.* Icel. ঝাপ্‌টা-মার, ঝাড়া, ঝাটা, আঘাত-কৃ, ঘা-মার, মার, বেগে নিক্ষেপ-কৃ, জোরে-মার।

To **Swap**, *v. n.* পতন-হ, পড়, শব্দ করিয়া পাখনা-লাড়, পাখনার ঝাপ্‌ট-মার, বায়ুতে পাখনা-মার বা-লাড়, পাখার আঘাত-কৃ।

Swap, *n. s.* মারি, ঘা, আঘাত, প্রহার, বাড়ি, চোট।

Swap, *ad.* ইতর ভাষায় শীঘ্ররূপে বেগে বা ত্বরাপূর্ব্বক বুঝায়।

To **Swap**, *v. a.* মার্জা-কৃ, পরিবর্ত্তন-কৃ, বদলাবদলী-কৃ, Swop শব্দ দেখ।

Sward, *n. s.* Swed. শুষ্ক শূকর মাংসের চর্ম্ম, ভূমির উপরি ভাগ।

To **Sward**, *v. n.* তৃণ বা ঘাসের চাপড়া-হ বা-জন।

Sware, *To* **Swear** ধাতুর অতীত কালবাচক পদ।

Swarm, *n. s.* Sax. মধু মক্ষিকা বা অন্য কোন ক্ষুদ্র কীট বা জীবের ঝাঁক, পাল, ঝাঁক, ঝুণ্ডু, সমূহ, গোষ্ঠ, গোঠ, অনেক লোক জন বা বস্তু, বিস্তর।

To **Swarm**, *v. n.* Sax. মধুমক্ষিকার ন্যায় চাক ছাড়িয়া ঝাঁকেং-উঠ বা-উড়, গম বা বাহির-হ, সমূহ বা পালেং দৃষ্ট-হ, বিলং-কৃ, পিলং করিয়া-চল বা-গম, ব্যাপ, ঢাক, ময়-হ, আকীর্ণ-হ, ভিড়-হ, পালেপাল-হ, ঝাঁকেং পরিপূর্ণ-কৃ বা-হ, অনেক উৎপত্তি-হ, পালং-জন।

To **Swarm**, *v. a.* ভিড়-কৃ, মধুমক্ষিকার ন্যায় ঠাসাঠাসি গাদাগাদি বা ঘেঁসাঘেঁসি-কৃ, ঝাঁকেং বা পালেং পরিপূর্ণ বা ব্যাপ্ত-কৃ, পালং বা সমূহ-হ।

Swart বা **Swarth**, *a.* Got. Sax. শ্যামবর্ণ, গেঁওয়া রঙ্গ, কাল, কালিষ্ট, তাম্রবর্ণ, ঘোর, মলিন, আঁধার, অপকারী, অনিষ্টকারী, মন্দকারী।

To **Swart**, *v. a.* কাল-কৃ, ঘোর-কৃ, অন্ধকার-কৃ।

Digitized by Google

Swarth, *n. s.* কাটা ঘাস, ঘাসের আটি, শস্যের আটি, Swath শব্দ দেখ।

Swarth বা **Swairth,** *n. s.* মুমূর্ষু ব্যক্তির আভা বা চেহারা, মরণের পূর্ব্ব দৃষ্ট ভূত বা যমদূতবিশেষ।

Swarthily, *ad.* কাল বা কালিষ্টরূপে, ঘোর বা অন্ধকার ভাবে, তাম্রবর্ণপূর্ব্বক।

Swarthiness, *n. s.* কালিষ্টবর্ণ, কালরঙ্গ, তাম্রবর্ণ, কালিষ্টত্ব।

Swarthy, *a.* Swart কালিষ্ট, কাল, ঘোর, শ্যামবর্ণ।

To **Swarthy,** *v. a.* কালিষ্ট-কৃ, কাল-কৃ, ঘোর-কৃ, শ্যামবর্ণ-কৃ।

Swartish, *a.* কিঞ্চিৎ ঘোর বা ঝাপ্‌সা, অল্পকাল, ঈষৎ অন্ধকার।

Swartiness বা **Swartness,** *n. s.* কাল বা কালিষ্টবর্ণ, ঘোরত্ব, অন্ধকারত্ব।

Swarty, *a.* Swarthy শব্দবৎ অর্থ জানিবে, তচ্ছব্দ দেখ।

To **Swarve,** *v. n.* *To* Swerve শব্দবৎ অর্থ জানিবে, তচ্ছব্দ দেখ।

Swash, *n. s.* অণ্ডাকৃতি ক্ষেত্র বা মূর্ত্তি।

To **Swash,** *v. n.* অত্যন্ত গোল হ বা-কৃ, আস্ফালন-কৃ, পরাক্রম প্রকাশ-কৃ বা-দেখা, চেঁচাচেঁচি-কৃ, ধুমধাম-কৃ, কলরব-কৃ, কল্ কল্ করিয়া জল-পত, জল গমনে বা পতনে শব্দ হ।

Swash, *n. s.* আস্ফালন, পরাক্রম দেখান, দ্রুত গমনশীল জলের বেগ।

Swash বা **Swashy,** *a.* কোমল, নরম, টস্‌টসে, অতিপক্ব ফলের ন্যায় তুলতুল্যা বা নরম।

Swashbuckler, *n. s.* অস্ত্র ক্রীড়কবিশেষ, তলবার খেলা করে যে, আস্ফালনকর্ত্তা, আত্মশ্লাঘি ব্যক্তি, অনেক চেঁচাচেঁচি ধুমধাম বা গোলমাল করে যে।

Swasher, *n. s.* বহুবল প্রদর্শনকর্ত্তা, আপন পরাক্রমের আস্ফালন করে যে।

Swat বা **Swate,** *pret.* *To* Sweat ধাতুর অতীতবাচক পদ।

Swath, *n. s.* Dut. কাটা ঘাস, ঘাসের আটি বা তড়্‌পা, শস্যের তড়্‌পা, আটি, পটি, মস্তক বা অন্য কোন শরীরে কোন অঙ্গে বান্ধিবার বা জড়াইবার কাপড়।

To **Swathe,** *v. a.* Sax. পটি-বান্ধ, জড়া, লপ্‌টা, বান্ধা, আটক-কৃ, বদ্ধ-কৃ।

To **Sway,** *v. a.* Ger. হাতে-ঘুরা, হাতে ভাঁজ, হস্তদ্বারা-লাড়, কোন দিগে-হেলা-ঝুঁকা বা-ফিরা, শাসন-কৃ, আপন মতে-চালা, ব্যাপকতা-কৃ, কর্তৃত্ব-কৃ, প্রাধান্য-কৃ, সরদারি-কৃ, পরাজয়-কৃ, দমন-কৃ, প্রভুত্ব-কৃ, রাজ্য-কৃ।

To **Sway,** *v. n.* ভারপ্রযুক্ত ঝুঁকিয়া বা ঝুলিয়া-পত, গুরুতর-হ, ভারী-হ, গৌরব-হ, প্রাধান্য বা কর্তৃত্ব-কৃ, শ্রেষ্ঠতা-কৃ, ব্যাপক-হ, শাসন-কৃ, এক দিকে-হেল বা-ঝুঁক।

Sway, *n. s.* অস্ত্র ঘুরান ফিরান ভাঁজন বা খেলন, ফিরাওন, আন্দোলনকরণ বা ভাজন, গুরুতাপ্রযুক্ত আন্দোলিত বস্তু, ভার, গুরুতা, গৌরব, তুলা বা তরাজুর ঝোঁক, ক্ষমতা, শক্তি, শাসন, পরাক্রম, এক্তিয়ার, অধিকার, কর্তৃত্ব, প্রভুত্ব, ব্যাপকতা, প্রাধান্য।

To **Sweal,** *To* Swale শব্দ দেখ।

To **Swear,** *v. n.* শপথ-কৃ, দিব্য-কৃ, সুকৃতি-কৃ বা-দা, গঙ্গাজলী-কৃ, কিরা বা কসম-কৃ বা-খাদ, সত্য-কৃ, শপথ করিয়া সাক্ষ্য-দা, সত্য করিয়া-বচ, হলপ-কৃ, সগুণ-কৃ।

To **Swear,** *v. a.* শপথ-করা, দিব্য-করা বা-দা, সত্য-করা, সুকৃতি-করা বা-দা, শপথপূর্ব্বক-কথ বা প্রতিজ্ঞা-কৃ।

Swearer, *n. s.* শপথকর্ত্তা, অনর্থক বা মিথ্যা দিব্য করে যে, দুরাত্মাবিশেষ, দিব্যকর্ত্তা, সগুণ বা হলপকর্ত্তা।

Swearing, *n. s.* শপথ, দিব্য, সুকৃতি, গঙ্গাজলী, কিরা, কসম, হলপ।

Sweat, *n. s.* Sax. নির্গত রস বা ঘাম, রস, স্বেদ, ঘর্ম্ম, ঘাম, পসিনা, পরিশ্রম, শ্রম, মেহনৎ, তজ্‌দি।

To **Sweat,** *v. n.* ঘর্ম্ম-হ, ঘাম-হ, স্বেদ-হ, ঘাম, পসিনা-হ, ঘাম-পত বা নিঃসৃত-হ, ঘর্ম্ম বাহির-হ, ঘাম গড়িয়া-পত, রস নির্গত-হ, শ্রম-কৃ, মেহনৎ-কৃ, পরিশ্রম-কৃ, তজ্‌দি-নী।

To **Sweat,** *v. a.* ঘর্ম্ম-কৃ, ঘামা, ঘাম বা পসিনা নির্গত-কৃ, স্বেদ-করা।

Sweater, *n. s.* স্বেদ ঘর্ম্ম পসিনা বা ঘাম হয় যাহার বা করায় যে।

Sweatily, *ad.* স্বেদ বা ঘর্ম্মে আর্দ্র হইয়া, ঘামিয়া, ঘর্ম্মপূর্ব্বক।

Sweatiness, *n. s.* ঘর্ম্মে সিক্তত্ব, ঘামে ভিজার ভাব বা অবস্থা।

Sweating, *n. s.* Sax. ঘর্ম্ম করান, ঘামান, স্বেদ নির্গতকরণ, স্বেদ, ঘাম, পসিনা।

Sweaty, *a.* ঘর্ম্মসিক্ত, ঘামাক্ত, ঘামে ভিজা, ঘামময়, ঘামে পোরা বা ভরা, পরিশ্রমযুক্ত, মেহনৎ হয় বা আছে যাহাতে, শ্রান্তিজনক, শ্রান্তকারী।

Swede, *n. s.* Sweden নামক দেশীয় লোক, এতন্নামধারি জাতিবিশেষ, সুইড ইতি চলিত ভাষা।

Swedish, *a.* পূর্ব্বোক্ত দেশসম্বন্ধীয় বা তদ্বিষয়ক, সুইড দেশীয় বা তদ্দেশজ লোকসম্বন্ধীয়।

To **Sweep,** *v. a.* মার্জন-কৃ, ঝেঁটা, ঝাঁটা-দা, ঝাড়ু-বুলা, ঝাঁট দিয়া-ফেল, সম্মার্জন-কৃ, জাঁকজমক বা সমারোহপূর্ব্বক লইয়া-যা, দ্রুত বা বেগে তাড়াইয়া-দা বা লইয়া-যা, ঘর্ষণ-কৃ, ঘর্ষ, বুলা, মার, আঘাত-কৃ।

To **Sweep,** *v. n.* বেগ শব্দ বা শীঘ্রতাপূর্ব্বক গতি-কৃ-চল বা-গম, ঝাঁটিয়া-যা, জাঁকজমক বা ধুমধামপূর্ব্বক-চল বা-গম, সমান গতিপূর্ব্বক-চল, অনেক দূরে-গম।

Sweep, *n. s.* ঝেঁটন, ঝাড়ু দেওন, ঝাঁইট দেওন, নিরন্তর দ্রুত বা বেগে গতির সীমা, মহামারী, দ্রুত বা অনিবার্য্য এবং সর্ব্বসাধারণ বিনাশ ক্ষয় বা ধ্বংস বিষয় বা তদ্ভাব, বক্রগতি।

Sweeper, *n. s.* ঝেঁটুন্যা, ঝাড়ু বরদার, ঝাঁটা বা ঝাড়ু দেয় যে, মেহতর।

Sweepings, *n. s.* ঝাঁট দিয়া একত্র করা যায় যাহা, আবর্জনা, ঘর ঝাঁটনি, কুরকুট, ময়লা, অবকর, ওঁচলা, জঞ্জাল।

Sweepnet, *n. s.* জালবিশেষ, ছাঁকাজাল, মহাজাল।

Sweepstake, *n. s.* খেলা, তাস খেলা।

Sweepy, *a.* ঝেঁটুন্যা, ঝাঁট দেওন্যা, এককালে বা অল্পকালের মধ্যে অতিদ্রুত এবং বেগপূর্ব্বক অনেক দূর বুলাইয়া বা চলিয়া যায় যে, অতিবেগে গমনকারয়িতা, ঢেউবৎ আলোড়নকারী, আঁকড়িয়া বা ঠমক করিয়া চলে যে, নির্গত, বহিষ্কৃত, খাপ খোলা।

Sweet, *a.* মিষ্ট, মধুর, মিঠা, সুস্বাদু, সুরস, সুতার, কোন ইন্দ্রিয়ের তুষ্টি হয় যাহাতে, সুখাদ্য, সুগন্ধ, সুশ্রাব্য, সুদৃশ্য, সুচারু, লোনা বা টক নহে যাহা, কোমল, নরম, তুষ্টিজনক, রম্য, মনোহর, পর্য্যুষিত বাসি বা দুর্গন্ধযুক্ত নহে যে।

Sweet, *n. s.* চিনি, মিষ্টতা, মধুরত্ব, তুষ্টিজনক রম্য বা মনোহর দ্রব্য, স্নেহবাক্য, সুগন্ধি, খোসবু।

Sweetbread, *n. s.* বৃক্কক, কুক্কুর জিহ্বা।

Sweetbriar, *n. s.* সুগন্ধি বৃক্ষবিশেষ।

Digitized by Google

Sweetbroom, *n. s.* Lat. বৃক্ষবিশেষ।

Sweetcicely, *n. s.* Lat. তথা।

Sweetcistus, *n. s.* তথা, এই বৃক্ষের নামান্তর Gumcistus জানিবে।

To **Sweeten**, *v. a.* মিষ্ট-কৃ, মিঠা-কৃ, মধুর-কৃ, সুরস বা সুতার-কৃ, কোমল নরম বা শান্ত-কৃ, বেদনা দূর-কৃ, পীড়া বা যাতনা দূর-কৃ, ক্রোধ নিবারণ-কৃ, মিলন-কৃ, মিল করিয়া-দা, তুষ্টিজনক-কৃ, রম্য বা মনোহর-কৃ, সুস্বাদু-কৃ।

To **Sweeten**, *v. n.* মিষ্ট-হ, মিঠা-হ, সুস্বাদু-হ, সুরস বা সুতার-হ।

Sweetener, *n. s.* পীড়া বেদনা বা যাতনা দূরকর্ত্তা, ক্রোধ শান্তিকারক, পরস্পর বিরোধ বিবাদ বা অভিমান মিটাইয়া দেয় যে ব্যক্তি, পরস্পর কলহ ঘুচিয়া মিল হয় এমত করিয়া বুঝাইয়া দেয় যে, কটুত্ব দূরকর্ত্তা।

Sweetheart, *n. s.* প্রিয়, প্রেয়সী, উপপতি বা পত্নী।

Sweeting, *n. s.* ফলবিশেষ, আদর সোহাগ বা স্নেহজনক বাক্য।

Sweetish, *a.* ঈষদ্ বা কিঞ্চিৎ মিষ্ট বা মধুর, মিষ্টবৎ, অল্প মিষ্ট।

Sweetishness, *n. s.* ঈষদ্ বা কিঞ্চিৎ মিষ্টত্ব বা মধুরত্ব।

Sweetly, *ad.* Sax. মিষ্টতাপূর্ব্বক, মিঠা করিয়া, সুস্বাদ সুরস বা সুতারপূর্ব্বক।

Sweetmarjoram, Marjoram শব্দ দেখ।

Sweetmeat, *n. s.* মোরব্বা, মিষ্টান্ন, মিঠাই, হালুয়া।

Sweetness, *n. s.* Sax. মিষ্টতা, মিঠানি, মাধুর্য্য, লালিত্য, ইন্দ্রিয় তুষ্টিজনকতা, সুগন্ধ, সুবাস, সুশ্রাব্যত্ব, সুরস বা সুতারের ভাব বা অবস্থা, রম্যত্ব, মনোহরত্ব, কোমলত্ব, সুদৃশ্যত্ব, সুচারুত্ব।

Sweetwilliam, *n. s.* Lat. বৃক্ষবিশেষ।

Sweetwillow, *n. s.* তথা।

To **Swell**, *v. n.* Sax. ফুল, ফাঁপ, স্ফীত-হ, ফাঁপিয়া-উঠ, বাড়, বড়-হ, ফুলিয়া-উঠ বা বড়-হ, স্ফুলীভূত-হ, রস রক্তাদির অবরোধকর্তৃক ফোড়া বা স্ফীত-হ, ফোড়া-হ, শোথ-হ, উচ্চ-হ, উষ্মান্বিত বা কুপিত-হ, বড়-দেখা, অহঙ্কারে-ফুল, উষ্মা বা ক্রোধে ফুলিয়া-উঠ।

To **Swell**, *v. a.* ফাঁপা, ফুলা, স্ফীত-কৃ, উচ্চ-কৃ, বৃদ্ধি-কৃ, বাড়া অহঙ্কার বা আস্পর্দ্ধা-বাড়া।

Swell, *n. s.* ফাঁপ, স্ফীতি, ফুলা, বৃদ্ধি, বাড়ি, সমুদ্রে ঝড় তুফানের পর ঢেউ বা তরঙ্গের অল্পতা বা হ্রাস।

Swelling, *n. s.* শোথ, গোড়ি, প্রবর্দ্ধন, ফাঁপ, স্ফীতি, ফুলন, বৃদ্ধি, আবু ফোড়া, মাংসবৃদ্ধি, উচ্চতা, ফাটিয়া নির্গত হইবার উদ্যোগ বা চেষ্টা, উন্মুখ।

To **Swelt**, *v. n.* এশব্দ কবিতা রচনায় *To* Swelled শব্দবৎ অর্থ জানিবে।

To **Swelt**, *v. n.* Sax. মূর্চ্ছা-হ, অচৈতন্য-হ, মোহযুক্ত-হ, অজ্ঞান-হ, চেতনারহিত-হ।

To **Swelt**, *v. a.* উত্তাপ তেজ গ্রীষ্ম বা গরমিতে আচ্ছন্ন ক্লিষ্ট বা কাহিল-কৃ, গ্লানি-জন্মা, মূর্চ্ছিত-কৃ, অচৈতন্য-কৃ, অজ্ঞান-কৃ, চেতনারহিত-কৃ, বিহ্বল বা বেহোস-কৃ।

To **Swelter**, *v. n.* উত্তাপ বা গ্রীষ্মেতে পীড়িত স্তব্ধ বা ক্লিষ্ট-হ।

To **Swelter**, *v. a.* স্তব্ধ-কৃ, স্তব্ধা, উত্তাপ তেজ গ্রীষ্ম বা গরমিতে স্তব্ধ-কৃ।

Sweltry, *a.* উত্তাপ বা গ্রীষ্মেতে নিশ্বাস রোধকারী, গরমিতে দম আটকায় যাহার।

Swept, *To* Sweep ধাতুর অতীতকালবাচক এবং কার্দন্তিক পদ।

Swerd, *n. s.* Sward শব্দ দেখ।

To **Swerd**, *v. n.* *To* Sward শব্দ দেখ।

To **Swerve**, *v. n.* Sax. পরিভ্রমণ-কৃ, ঘুরিয়া-বেড়া বা-ফির, অন্যথা-কৃ, ছাড়িয়া-যা, বিপথগামী-হ, কুপথগামী-হ, কুপথ-ধর, অসৎপথ গ্রহণ-কৃ, নিয়ম আচার ব্যবহার বা কর্ত্তব্য কর্ম্ম ত্যাগী-হ, নত-হ, নোও, সরু বা পাতলা বস্তুর উপর-উঠ বা-চড়।

Swerving, *n. s.* পরিভ্রমণ, বিপথ গমন, নিয়ম ব্যবহার আচার বা কর্ত্তব্য কর্ম্ম পরিত্যাগকরণ বা তৎত্যাগ।

Swift, *a.* Sax. অল্পকালের মধ্যে অনেক দূর গমনশীল, অতিবেগবান্, অতিবেগী, শীঘ্র বা বেগগামী, দ্রুতগামী, আশুগ, ক্ষিপ্র, সত্বর, দ্রুত, উদ্যমী, উদ্যোগী, উদ্যুক্ত, অবিলম্ব, জলদবাজ, চালাক, চট্‌পট্যা।

Swift, *n. s.* স্রোত, জল স্রোত বা প্রবাহ।

Swift, *n. s.* পক্ষিবিশেষ।

Swiftfoot, *a.* দ্রুতগামী, শীঘ্র চলে যে, আশুগ, চালাক।

Swiftheeled, *a.* দ্রুতগামী, দৌড়িয়া বা শীঘ্র চলে যে, তরতর করিয়া চলে বা দৌড়ে যে, আশুগ, বেগী, বেগবান্, ক্ষিপ্র, সত্বর।

Swiftly, *ad.* দ্রুতগতিপূর্ব্বক, শীঘ্র বা আশু গমনপূর্ব্বক, সত্বর হইয়া, ক্ষিপ্রতা বা চালাকীপূর্ব্বক, তরতর করিয়া, শীঘ্র, ত্বরা, জলদী, বেগবান্ হইয়া, বেগপূর্ব্বক, ত্বরান্বিত হইয়া।

Swiftness, *n. s.* শীঘ্র বা আশু গমন, বেগ, সত্বরতা, ক্ষিপ্রতা, শীঘ্রতা, ঝটিতি, দ্রুততা, তেজঃ, বেগ, জলদী, বেগে গতি, চালাকী, দ্রুত গতি, শীঘ্র গতি।

To **Swig**, *v. n.* বড় ঢোকে পান-কৃ, হুড়ুৎ করিয়া-পিব, গলৎ করিয়া-পিব, এককালে অনেক পান-কৃ, দমকা পান-কৃ, চকচক করিয়া পান-কৃ, চুমুক-মার।

To **Swig**, *v. a.* শোষটান-দা, তৃষ্ণার্ত্তের ন্যায় চুষিয়া বা শুষিয়া-নী, তাড়াতাড়ি করিয়া-গিল বা পান-কৃ বা এককালে অধিক পান-করা।

Swig, *n. s.* ইতর ভাষায় হুড়হুড় করিয়া পানকরণ বা বড় ঢোক বুঝায়।

To **Swill**, *v. a.* Sax. এককালে অধিক পান-কৃ, সিঁচ, আর্দ্র-কৃ, সিক্ত-কৃ, অতিরিক্ত পান-কৃ, অনেক-পিব, ধৌত-কৃ, জল তুলিয়া-ফেল, শুকা, মত্ত-কৃ, মাতাল-কৃ, বেহোস-কৃ, ভরিয়া বা পুরিয়া-উঠা, অনেক বা আধিক্যপ্রযুক্ত ফুলিয়া-উঠা।

To **Swill**, *v. n.* মত্ত-হ, মাতাল-হ, বেহোস-হ, নেশায় জ্ঞানরহিত-হ।

Swill, *n. s.* হুড়ুৎ বা গলৎ করিয়া ঢালা পানীয় দ্রব্য, বড় ঢোক।

Swiller, *n. s.* প্রসিদ্ধ বা বিখ্যাত মদ্যপায়ী, ডাকসহী মাতাল, প্রাচীন অভিধানে ইহাকে Swilbowl এবং Swilpot ও লিখে।

To **Swim**, *v. n.* জলে-ভাস, জলে মগ্ন না-হ, না-ডুব, সন্তরণ-কৃ, সাঁতার, সাঁতার দিয়া-যা, স্রোতে ভাসিয়া-যা, স্রোতে বহিয়া বা গড়াইয়া-পড় বা-যা, ঘূর্ণমান-হ, ঘুর, ভাসিয়া-উঠ বা-পড়, বা-থাক, গড়িয়া-পড় বা-যা, প্রচুর-হ বা-থাক, উপচিয়া-পড় বা-যা, পরিপূর্ণ-হ।

To **Swim**, *v. a.* সন্তরণ-কৃ, সাঁতার, সাঁতার-দা, সাঁতারিয়া পার-হ, সাঁতার দিয়া-যা বা-গম।

Swim, *n. s.* গড়্যান, গতি, বহন, ভাসন, সাঁতার, মৎস্যের ফুসফুস বিশেষ, যদ্দ্বারা তাহারা জলে ভাসে।

Swimmer, *n. s.* সাঁতার খেলে যে, সাঁতার দিয়া যায় যে, সন্তরণ কর্ত্তা, সাঁতার দেয় যে, ভাসিয়া বেড়ায় যে, ঘোটকের পাদে ফোড়া বা স্ফীতিবিশেষ।

Swimming, *n. s.* জলে ভাসন, সন্তরণ, জলে সাঁতার দেওন, ভ্রমী, ঘুরণী।

Digitized by Google

Swimmingly, *ad.* ইতর ভাষায় সমান পরিষ্কার বা স্বচ্ছন্দরূপে, অনায়াসে, অবাধে বুঝায়।

To **Swindle**, *v. a.* প্রবঞ্চনা-কৃ, চাতুরী-কৃ, ঠগামি-কৃ, ঠগা, ভোগা, -দা, ছলনা-কৃ, ছল বা প্রতারণা-কৃ, জুয়াচুরি-কৃ।

Swindler, *n. s.* প্রবঞ্চনাকর্ত্তা, প্রতারক, জুয়াচোর, ছলী, ঠগ, ঠকামি বা জুয়াচুরি করে যে ব্যক্তি।

Swine, *n. s.* Sax. শূকর, বরাহ, মর্দাশূয়র, শূকরের বাচ্চা বা ছানা।

Swinebread, *n. s.* বৃক্ষবিশেষ।

Swinegrass, *n. s.* Lat. বৃক্ষবিশেষ।

Swineherd, *n. s.* Sax. শূকররক্ষক, শূয়রের রাখাল, শূকর চরানিয়া।

Swinepipe, *n. s.* পক্ষিবিশেষ।

Swinesty, *n. s.* শূকর রাখিবার গৃহ ঘর বা স্থান, শূকরের খোঁয়াড়ি।

To **Swing**, *v. n.* Sax. আন্দোলন-কৃ, দোল, ঝুল, দড়িতে লট্‌কাইয়া-ঝুল বা-থাক, দোল-খাদ, দুলিয়া-বেড়া, দোলনায় -দোল।

To **Swing**, *v. a.* দড়ির উপর-ঝুলা, দোল-দা, দোল-খাওয়া, ঝুলন-কৃ, শূন্যে-দোলা বা-ঝুলা, আন্দোলন-কৃ, -দোলা।

Swing, *n. s.* আন্দোলন, দোল, ঝুলন, ঝোলনা, হেন্দোলা, নাগর দোলা, দোলনী, পথ, অনিবার্য্য স্বাধীনতা, কুলন, একতেয়ারি, কোন অভিপ্রায়ে নিতান্ত ভাব বা অবস্থা, ঝোঁক।

To **Swinge**, *v. a.* Sax. চাবুক-মার, চাবুক-দা, পিট, ঠোক, সাজা -দা, কশাঘাত-কৃ, শাস্তি-দা, পদতলে প্রহার-কৃ,।

Swingebuckler, *n. s.* দাম্ভিক, আপন বাহুবলের মিথ্যা অভিমান কর্ত্তা, ডেঁফো, ঝেঁকো, আপনার শক্তি বা বলের মিথ্যা বড়াই করে যে ব্যক্তি।

Swinger, *n. s.* ঝুলে বা দোলে যে, দোল খায় যে, আন্দোলনকর্ত্তা, দোলায় বা ঝোলায় যে ব্যক্তি, ঘুরায় যে, ইতর ভাষায় বড় মিথ্যা কথাকে বুঝায়।

Swinging, *a.* বড়, বৃহৎ, প্রকাণ্ড।

Swingingly, *ad.* বড় মস্ত বা বৃহদ্রূপে, প্রকাণ্ডরূপে।

To **Swingle**, *v. n.* আন্দোলিত-হ, দোল, ঝুল, দোল-খা, দুলিয়া -বেড়া, নাগর দোলায়-ঝুল, আহ্লাদে মত্ত-হ, শণ কে মোটা -আঁচড়।

Swinish, *a.* বরাহবৎ, শূকরের ন্যায়, শূয়রের মত, শূকরতুল্য, শূকরের যোগ্য, শূকরের উপযুক্ত, শূকরস্বভাবক, মূর্খ, অবোধ, পশুর তুল্য বা ন্যায় বা তদ্ধর্ম্মক।

Swipes, *n. s.* মদ্যবিশেষ।

Swipper, *a.* ক্ষিপ্র, সত্বর, চালাক, চটপট্যা, দ্রুত, জল্দী, শীঘ্র, অবিলম্ব।

Swiss বা **Switzer**, *n. s.* Switzerland নামক দেশনিবাসি ব্যক্তি বা তদ্দেশের লোক।

Swiss, *a.* পূর্ব্বোক্ত দেশসম্বন্ধীয় বা তদ্বিষয়ক, তদ্দেশীয় বা তদ্দেশজ।

Switch, *n. s.* প্রতোদ, ফেঁকড়ি, পল্লব, ছড়ি, নোঁয়ান যায় এমত ডাল বা ছড়ি।

To **Switch**, *v. a.* মার, ছড়ি-মার, পূর্ব্বোক্ত দণ্ডাঘাত-কৃ, ঝিকা -মার, দমক-দা।

To **Switch**, *v. n.* লাফিয়া২-হাঁট বা-চল, ডিঙ্গি-মার।

Swivel, *n. s.* Icel. যুদ্ধাস্ত্রবিশেষ, একপ্রকার ছোট কামান, কড়া, গুলা, বেড়।

Swobber, *n. s.* Swabber শব্দ দেখ, জাহাজের ঝাড়ু বরদার বিশেষ, তাস খেলাবিশেষ।

Swollen বা **Swoln**, *To* Swell ধাতুর কার্দন্তিক পদ।

Swom, *To* Swim ধাতুর অতীতকালবাচক পদ।

To **Swoon**, *v. n.* Sax. মূর্চ্ছাপন্ন-হ, মূর্চ্ছিত-হ, মূর্চ্ছা-হ বা-যা, অচেতন-হ, চেতনারহিত-হ, অজ্ঞান-হ, অজ্ঞান হইয়া-পড় বা -থাক।

Swoon, *n. s.* মূর্চ্ছা রোগ, মূর্চ্ছা বা অজ্ঞানহওন।

Swooning, *n. s.* মূর্চ্ছা, নির্বেশ, অচেতন বা অজ্ঞান হওন, মূর্চ্ছা যাওন পড়ন বা হওন।

To **Swoop**, *v. a.* ছোঁ মারিয়া-ধর-লওয়া বা গ্রাস-কৃ, ঝাপ্‌টা মারিয়া-ধর, শীকারি পক্ষির ন্যায় অকস্মাৎ বা হঠাৎ আসিয়া বা পড়িয়া-ধর, শীকার-কৃ।

Swoop, *n. s.* শীকারি পক্ষির ছোঁ মারণ, ছোঁ, ঝাপ্‌টা।

To **Swop**, *v. a.* ইতর ভাষায় মার্জা-কৃ, বদল-কৃ বা-দা, বদলা, পরিবর্ত্তন-কৃ বুঝায়।

Swop, *n. s.* মার্জা, বদল, পরিবর্ত্তন।

Sword, *n. s.* Sax. যুদ্ধাস্ত্র, অসি, খড়্গ, খাঁড়া, করবাল, তরবাল, কিরিচ, যুদ্ধে বিনাশ ক্ষয় বা ধ্বংস, যুদ্ধে মারণ বা নাশকরণ, বিচারে শাস্তি বা দণ্ড, ক্ষমতা পরাক্রম বা প্রভুত্বের চিহ্ন।

Sworded, *a.* অসি খড়্গ বা করবাল বদ্ধ তদ্যুক্ত বা বিশিষ্ট, তলবার বাঁধা।

Sworder, *n. s.* ঘৃণার্থে গলা কাটা বা খুনে সেনা যোদ্ধা সেফাই বুঝায়।

Swordfish, *n. s.* শুণ্ডওয়ালা মৎস্যবিশেষ।

Swordgrass, *n. s.* শর বা খাগড়াবিশেষ।

Swordknot, *n. s.* তরবালের মুষ্টিতে বান্ধা থাকে যে ফিতে।

Swordlaw, *n. s.* উপদ্রব, বল, জোর, জবরদস্তি, যে নিয়ম বা আইনের দ্বারা সকলেই বলবান্ ব্যক্তির বশীভূত হন বা তাহাকে স্বীকার করেন।

Swordman, *n. s.* নৈস্ত্রিংশিক, তরবালধারী, সেনা, যোদ্ধা, লড়াক, সেফাই, তরওয়ালওয়ালা ব্যক্তি।

Swordplayer, *n. s.* অস্ত্রক্রীড়ক, তরবাল খেলে ভাঁজে বা ঘুরায় যে, তরবাল বাজি খেলে যে ব্যক্তি।

Swore, Sax. *To* Swear ধাতুর অতীতকালবাচক পদ।

Sworn, *To* Swear ধাতুর কার্দন্তিক পদ।

To **Swound**, *v. n.* ইতর ভাষায় *To* Swoon শব্দের পরিবর্ত্তে ব্যবহার্য্য, মূর্চ্ছাপন্ন-হ, মূর্চ্ছিত-হ, অজ্ঞান বা অচেতন-হ, বুঝায়।

Swum, *To* Swim ধাতুর অতীতকালবাচক পদ।

Swung, *To* Swing ধাতুর অতীতকালবাচক এবং কার্দন্তিক পদ।

Syb, *a.* Sib শব্দ দেখ।

Sybaritical বা **Sybaritick**, *a.* আহারাদি বিষয়ে অত্যাচারী, ইন্দ্রিয়াসক্ত, কামী, লোচ্চা, লম্পট, লচ্চো।

Sycamine বা **Sycamore**, *n. s.* Gr. বৃক্ষবিশেষ।

Sycophancy, *n. s.* চরের কর্ম্ম, গোএন্দাগিরি, জাসুগিরি, খোসামুদের কর্ম্ম, মন যোগান, খোসামোদকরণ, উপাসনাকরণ, স্তবকরণ।

Sycophant, *n. s.* Lat. চর, জাসু, গোএন্দা, যে ঝগড়া লাগায় বা বাধায়, খোসামুদ্যা, স্তাবক, উপাসনাকারক, মন যোগান্যা, এক জনের কথা অন্যকে বলে বা লাগায় যে, খোসামুদে, কাছা ধরা, নষ্ট বা দুষ্ট লোক।

To **Sycophant**, *v. n.* পূর্ব্বোক্ত ব্যক্তির কর্ম্ম-কৃ, ইতর ভাষা জানিবা।

Digitized by Google

To Sycophant, *v. a.* গ্লানি-কৃ, দুর্নাম-কৃ, নিন্দা-কৃ, বদনাম-কৃ।

Sycophantical, *a.* নীচ বা ইতর লোকের ন্যায় অনধিকারচর্চ্চা কারী, খোসামুদে, ক্ষুদ্রের ন্যায় অন্যের মন যোগায় যে, পরের কাছা ধরিয়া বেড়ায় যে, পরস্পর কথা লাগালাগি করে যে।

Sycophantick, *a.* গোএন্দা, জাসু কর্ম্ম করে যে, পরস্পর কথা লাগালাগি করে যে, মন্দ অভিপ্রায়ে অনধিকারচর্চ্চী, খোসামোদ কারী, মন যোগান্যা।

To Sycophantise, *v. n.* পূর্ব্বোক্ত ব্যক্তির কর্ম্ম-কৃ বা তন্ন্যায়-চল বা ব্যবহার-কৃ।

Sycophantry, *n. s.* গোএন্দাগিরি, জাসুপনা, মন্দ অভিপ্রায়ে পরস্পর কথা লাগালাগিকরণ।

Syllabical, *a.* অক্ষর বা যুক্ত বর্ণ বিন্যাসবিষয়ক বা তৎসম্বন্ধীয়।

Syllabically, *ad.* অক্ষর বা বর্ণ বিন্যাসপূর্ব্বক বা তদনুসারে।

Syllabick. *a.* Fr. অক্ষর বা বর্ণ বিন্যাসসম্বন্ধীয় বা তদ্বিষয়ক।

Syllable, *n. s.* Fr. অক্ষর বিন্যাস, স্বর বর্ণে যুক্তবর্ণ, এক শব্দের যে কএক অক্ষর এক স্বরের যোগে উচ্চারণ হয় তদক্ষর, শিলিবিল ইতি ভাষা, কলা, বানান, উপমা বাক্যে সংক্ষেপ বা বর্ণ বুঝায়।

Syllabub, *n. s.* মদরিকাবিশেষ, Sillabub শব্দ দেখ।

Syllabus, *n. s.* সংক্ষেপ, চুম্বক, নির্ঘণ্ট, সারসংগ্রহ, অনুক্রমণিকা।

Syllogism, *n. s.* Fr. প্রৌঢ়িবাদ।

Syllogistical বা Syllogistick, *a.* প্রৌঢ়িবাদসম্বন্ধীয় বা তদ্বিষয়ক, প্রৌঢ়িবাদ আছে যাহাতে তদ্যুক্ত বা তদ্বিশিষ্ট।

Syllogistically, *ad.* প্রৌঢ়িবাদপূর্ব্বক।

Syllogization, *n. s.* প্রৌঢ়িবাদকরণ, প্রৌঢ়িবাদদ্বারা বিচারকরণ।

To Syllogize, *v. n.* Fr. প্রৌঢ়িবাদদ্বারা তর্ক বা বিচার-কৃ।

Syllogizer, *n. s.* প্রৌঢ়িবাদকর্ত্তা, প্রৌঢ়িবাদদ্বারা তর্ক বা বিচার করে যে ব্যক্তি।

Sylph বা Sylphid, *n. s.* Fr. Gr. খেচর ভূতবিশেষ।

Sylvan, *a.* বন্য, আরণ্য, জঙ্গলী, বৃক্ষে আবৃত, বৃক্ষময়, বনসম্বন্ধীয়।

Sylvan, *n. s.* Fr. বন দেবতাবিশেষ, অরণ্য পাল দেবতা, এশব্দে কখন২ চাসাকে বুঝায়।

Symbol, *n. s.* Fr. অনুরূপ, চিহ্ন, যন্ত্র, সংক্ষেপ, চুম্বক, সারসংগ্রহ, নিদর্শন, নিশানী, দাগ, স্মরণার্থক চিহ্ন গাঁটি ইত্যাদি, ভাগ্য, কপাল, মীমাংসা বা বিচারান্তর আজ্ঞা বা দণ্ড।

Symbolical, *a.* Fr. বোধক, চিহ্নরূপক, নিদর্শনীয়, চিহ্নদ্বারা প্রকাশকারী, যন্ত্রসম্বন্ধীয়, যন্ত্রীয়, চিহ্নসম্বন্ধীয় বা তৎউদ্বোধক।

Symbolically, *ad.* যন্ত্রানুসারে, চিহ্ন নিদর্শন দাগ বা নিশানী পূর্ব্বক।

Symbolization, *n. s.* অনুরূপকরণ, প্রতিমূর্ত্তিকরণ, যন্ত্রকরণ।

To Symbolize, *v. n.* Fr. অনুরূপ বা নিদর্শন-হ, প্রতিমূর্ত্তি-হ, যন্ত্র-হ।

To Symbolize, *v. a.* চিহ্ন-দা, অনুরূপ-কৃ, প্রতিমূর্ত্তি-কৃ, যন্ত্র-কৃ, চিহ্ন বা যন্ত্রদ্বারা প্রকাশ-কৃ বা-জানা।

Symmetral, *a.* সমপরিমেয়, সমপরিমাণোপযুক্ত।

Symmetrian, *n. s.* সমপরিমাণজ্ঞ বা তদ্বিষয় বিবেচনা বা বিচার করে যে, তৎশাস্ত্রজ্ঞ বা অভ্যাসী।

Symmetrical, *a.* সর্ব্বাঙ্গের সমান মিল বা ঐক্য আছে যাহার, চার্ব্বঙ্গী, সম বা তুল্য পরিমেয়, সর্ব্বত্র সমান যাহার, সমরাশি ভাব আছে যাহাতে।

Symmetrist, *n. s.* সমরাশি ভাব বা তদংশের ঐক্য বা মিল জানে যে, সমপরিমাণকারি ব্যক্তি।

To Symmetrize. *v. a.* সমরাশি ভাব-কৃ, সর্ব্বত্র সমান-কৃ, সর্ব্বাঙ্গ বা তাবদংশের ঐক্য বা মেল-কৃ, সমপরিমাণ-কৃ।

Symmetry, *n. s.* Fr. সমরাশি ভাব, মিল, সর্ব্বাঙ্গের বা তাবদংশের ঐক্য বা মিল, সুমেল, সর্ব্বত্রে সমানত্ব, অংশের পরস্পর ঐক্য বা মিল।

Sympathetical বা Sympathetick, *a.* Fr. পরস্পর পরদুঃখে দুঃখী বা খেদে খেদিত যে, পরদুঃখে দুঃখী, পরের দুঃখে সমভোগী, পরের দুঃখে কাতর হয় যে।

Sympathetically, *ad.* পরদুঃখে কাতর হওনপূর্ব্বক, পরদুঃখে দুঃখী হইয়া বা করিয়া।

To Sympathize, *v. n.* Fr. পরদুঃখের সমভোগী-হ, পরদুঃখে দুঃখী-হ, পরের দুঃখে কাতর-হ, অন্যের পীড়ায় কাতর-হ, দয়ালু-হ, ঐক্য-হ, মিল-হ, সমান-হ, যোগ্য-হ।

Sympathy, *n. s.* Fr. অনুবেদনা, সমবেদনা, দয়া, মায়া, স্নেহ, কৃপা, করুণা, পরদুঃখে দুঃখ, পরের দুঃখে সমভোগী বা অংশী হওন।

Symphonious, *a.* সুশ্রাব্য, মিষ্ট ধ্বনিবিশিষ্ট, শব্দ সুর বা আওয়াজের মিল বা ঐক্যবিশিষ্ট।

To Symphonize, *v. n.* সুর বা ধ্বনির ঐক্য বা মিল-হ।

Symphony, *n. s.* Fr. স্বর বা শব্দের মিল বা ঐক্য, সুরের মিল, নানাপ্রকার শব্দ বা আওয়াজের মিল বা ঐক্য।

Symphysis, *n. s.* উপস্থাস্থির সন্ধি, সংযোগ সন্ধি এককালে সংযোগাস্থি উঠন বা বাড়ন।

Symposiack, *a.* Fr. রঙ্গরসসম্বন্ধীয় বা তদ্বিষয়ক, আমোদপ্রমোদ জনক ঘটিত বা তৎসূচক, অনেকে একত্র হইয়া মদ্যপানাদি করে যে স্থানে তথায় হয় বা ঘটে যাহা।

Symposium, *n. s.* Lat. ভোজ, রঙ্গরস, আমোদপ্রমোদ, অনেকে একত্র হইয়া মদ্যপানকরণ ইত্যাদি।

Symptom, *n. s.* Fr. উপসর্গ, লক্ষণ, চিহ্ন, নিশানী।

Symptomatical বা Symptomatick, *a.* Fr. উপসর্গীয়, লক্ষণ বা চিহ্নসম্বন্ধীয় বা তদ্বিষয়ক, লক্ষণের স্বরূপ।

Symptomatically, *ad.* উপসর্গপূর্ব্বক, লক্ষণ বা চিহ্নপূর্ব্বক, উপসর্গ হইয়া বা করিয়া।

Synagogical, *a.* য়িহুদীরদিগের অর্চ্চনার স্থান বা ধর্ম্মালয়সম্বন্ধীয় বা তদ্বিষয়ক।

Synagogue, *n. s.* Fr. Gr. য়িহুদীর অর্চ্চনা স্থান বা ধর্ম্মালয়।

Synalepha, *n. s.* Gr. লাটিন ভাষায় কবিতার অক্ষরের বা পদের সংক্ষেপ করণ বুঝায়।

Synarchy, *n. s.* Gr. একত্র রাজ্য, মিলিয়া সম্রাজ্য, সংযোগে কর্তৃত্ব প্রভুত্ব বা রাজত্ব।

Synarthrosis, *n. s.* উপস্থাস্থি সন্ধি, সন্ধি, অস্থিসংযোগ, দুই অস্থির ঘেঁসাঘেঁসি মিল বা জোড়।

Synaxis, *n. s.* Gr. সভা, বৈঠক, সালিশ, লোকসংঘট, ভিড়, মেলা, অনেক লোকের একত্র হওন।

Synchondrosis, *n. s.* উপস্থাস্থিসম্বন্ধীয়।

Synchronal, *a.* Gr. এক বা সমকালে হইয়াছে বা ঘটিয়াছে যাহা, এককালজ, সমকালীন।

Synchronal, *n. s.* এক বা সমকালে ঘটিত বিষয়, সমকালীন বস্তু।

Synchronism, *n. s.* এককালে বা সমকালে ঘটন, এককালে ঘটিত বিষয় বা সংঘটন।

To Synchronize, *v. n.* এককালে বা সমকালে-ঘট, কাল বিষয়ে ঐক্য-হ।

Digitized by Google

Synchronous, *a.* এককালে বা সমকালে ঘটে যাহা, সমকালজ।

Synchysis, *n. s.* গোলমাল, নিয়মাভাব, কোন লিখনে শব্দ রচনার গোলমাল বৈলক্ষণ্য বা উল্টাপাল্টা।

To **Syncopate,** *v. a.* সংক্ষেপ-কৃ, ছোট-কৃ, খাট-কৃ, শব্দের মধ্য হইতে অক্ষর লইয়া বা উঠাইয়া দিয়া হ্রস্ব বা সংক্ষেপ-কৃ, সঙ্গীত শাস্ত্রে সুর বা রাগ বিভাগ-কৃ বুঝায়।

Syncope, *n. s.* Fr. নির্বেশ, মূর্চ্ছা, অচৈতন্য বা অজ্ঞান ভাব, বাক্যের সংক্ষেপ, শব্দের মধ্যহইতে অক্ষর উঠাইয়া তৎশব্দকে হ্রাস বা ন্যূনকরণ, সুর বা রাগের বিভাগ।

Syncopist, *n. s.* কথার ন্যূন বা হ্রাসকর্ত্তা, শব্দের মধ্যহইতে অক্ষর উঠাইয়া তচ্ছব্দকে সংক্ষেপ করে যে ব্যক্তি।

To **Syncopize,** *v. a.* সংক্ষেপ-কৃ, হ্রাস-কৃ, ন্যূন-কৃ, খাট-কৃ, ছোট-কৃ।

To **Syndicate,** *v. a.* Fr. বিচার-কৃ, বিবেচনা-কৃ, তদারক-কৃ, তত্ত্ব বীজ-কৃ, কোন বস্তু বা বিষয়ের তথ্যানুসন্ধান করিয়া ভাল মন্দ-কথ।

Syndick, *n. s.* Fr. বিচারাধ্যক্ষবিশেষ, কোন বিষয়ের তদারক কর্ত্তা বা অধ্যক্ষ।

Syndrome, *n. s.* Gr. যোগ, মিল, সংঘটন, এককালে ঘটন বা উপস্থিত হওন।

Synecdoche, *n. s.* Fr. উপলক্ষণ।

Synecdochical, *a.* উপলক্ষণসম্বন্ধীয় বা তদ্বিষয়ক।

Synecdochically, *ad.* উপলক্ষণদ্বারা বা তৎপূর্ব্বক।

Synergistick, *a.* Gr. সহকারী, সাহায্যকারী, একত্র বা এক যোগে কর্ম্মকারী।

Synneurosis, *n. s.* মাংসপেশাস্থিবিশেষ।

Synod, *n. s.* Sax. ধর্ম্মবিষয়ক সমাজ বা সভা, গ্রহাদির সমসূত্রপাত বা একত্রহওন।

Synodal, *n. s.* প্রাচীন কালে ধর্ম্মাধ্যক্ষপ্রভৃতিকে দত্ত ধন বা দক্ষিণাবিশেষ।

Synodal বা **Synodical** বা **Synodick,** *a.* ধর্ম্মবিষয়ক সমাজসম্বন্ধীয় বা তদ্বিষয়ক বা তদ্দারা নিষ্পাদিত বা কৃত, সূর্য্যের সহিত একবার সমসূত্রপাত বা একত্র হওনাবধি দ্বিতীয়বার পর্য্যন্ত হয় যাহা।

Synodically, *ad.* ধর্ম্মবিষয়ক সমাজদ্বারা বা তৎক্ষমতাপূর্ব্বক।

Synonyma, *n. s.* Lat. নানার্থ, এক দ্রব্যার্থের ভিন্নং সংজ্ঞা বা নাম।

Synonymal, *a.* নানার্থক, তুল্যার্থক, একার্থক, ভিন্ন সংজ্ঞায় একার্থ প্রকাশক।

Synonymally, *ad.* নানার্থানুসারে, তুল্যার্থপূর্ব্বক, একার্থপূর্ব্বক।

Synonyme, *n. s.* এক বাক্যের তুল্যার্থ বাক্য।

To **Synonymise,** *v. a.* ভিন্নং সংজ্ঞার দ্বারা একার্থ-কৃ, এক কথার দ্বারা অন্য কথার অর্থ-কৃ, নানার্থ-কৃ।

Synonymous, *a.* নানার্থবিশিষ্ট, একার্থক, তুল্যার্থক, সমানার্থক, ভিন্নং সংজ্ঞায় একার্থপ্রকাশক।

Synonymously, *ad.* নানার্থপূর্ব্বক, একার্থপূর্ব্বক, তুল্যার্থপূর্ব্বক, সমানার্থপূর্ব্বক।

Synonymy, *n. s.* নানার্থক শব্দ, ভিন্নং সংজ্ঞার দ্বারা একার্থ প্রকাশকরণ বা হওন বা তচ্ছব্দ বা অর্থ।

Synopsis, *n. s.* সংক্ষেপ, চুম্বক, সারসংগ্রহ, সমুদয় বিষয় অল্পে বা এককালে দৃষ্টি হয় এমত ভাব বা লিখন।

Synoptical, *a.* সংক্ষেপ, চুম্বক, এককালে সমুদয় দৃষ্টি হয় যাহাতে।

Synoptically, *ad.* সংক্ষেপ বা চুম্বকরূপে, এককালে সমুদয় দৃষ্টি হয় এমতরূপে।

Syntactical, *a.* Lat. পরস্পর একত্র বা যুক্ত, সমাসসম্বন্ধীয়, দাঁড়া বিশিষ্ট, পরস্পর মিল আছে যাহাতে, বাক্যবিন্যাসসম্বন্ধীয় বা তদ্বিষয়ক।

Syntax বা **Syntaxis,** *n. s.* ধারা, রীতি, দাঁড়া, শৃঙ্খলা, অনেক বিষয় পরস্পর একত্র বা যুক্ত হয় বা করা যায় যাহা, সমাস, ব্যাকরণের ভাগবিশেষ, যাহাতে বাক্যবিন্যাস জ্ঞান হয়।

Synteresis, *n. s.* Gr. বিবেক, মনের খেদ সন্তাপ বা অনুশোচনা।

Synthesis, *n. s.* যোগকরণ।

Synthetical বা **Synthetick,** *a.* Gr. সংমিলন বা সংযোগকারী, সংযুক্ত বা মিলিত হয় যে, সংমিলনসম্বন্ধীয়, সংযোগ বিশিষ্ট।

Synthetically, *ad.* মিলনপূর্ব্বক, সংযুক্ততাপূর্ব্বক।

Syphon, *n. s.* নল, চোঙ্গা, পিপা।

Syren, Siren শব্দ দেখ।

Syriack, *a.* পুরাতন সাইরিয়া দেশে উক্ত বা কথিত।

Syriack, *n. s.* পুরাতন সাইরিয়া দেশের ভাষা।

Syriasm, *n. s.* পূর্ব্বোক্ত দেশের বাক্যের ধারা বা রীতি।

Syringa, *n. s.* বৃক্ষবিশেষ।

Syringe, *n. s.* পিচকারি, দমকল।

To **Syringe,** *v. a.* পিচকারি-দা বা-মার, পিচকারি দ্বারা ধৌত বা পরিষ্কার-কৃ।

Syringotomy, *n. s.* নালিবৎ ক্ষত অস্ত্রকরণ, সোর হয় যে ঘায় তাহা কাটন।

Syrtis, *n. s.* Lat. চোরা বালি, পাঁক।

Syrup, Sirop শব্দ দেখ।

Systasis, *n. s.* Gr. ধাতু, স্বভাব, মেজাজ।

System, *n. s.* Fr. রীতি, ব্যবস্থা, ধারা, ভৌল, ক্রম, দাঁড়া, শ্রেণী।

Systematical, *a.* Fr. ব্যবস্থাবৎ, শ্রেণীবৎ, দাঁড়ামত, ধারামত, ক্রমমত, রীত্যনুযায়ী।

Systematically, *ad.* ধারা বা দাঁড়ামতরূপে, শ্রেণীবৎপূর্ব্বক, ক্রমানুযায়িত্বরূপে।

Systematist বা **Systematizer,** *n. s.* ধারা রীতি ব্যবস্থা বা শৃঙ্খলাকর্ত্তা, যে দাঁড়া বা নিয়ম করিয়া বা বাঁধিয়া দেয়।

To **Systematize,** *v. a.* ধারা ব্যবস্থা বা শৃঙ্খলা-কৃ, দাঁড়া-কৃ, ক্রম বা নিয়ম-কৃ।

System-maker, *n. s.* ধারা ব্যবস্থা বা শৃঙ্খলাকর্ত্তা, ক্রম বা দাঁড়া বাঁধিয়া দেয় যে ব্যক্তি।

System-monger, *n. s.* দাঁড়া ব্যবস্থা ক্রম বা শৃঙ্খলা করিতে তুষ্ট বা ইচ্ছু হয় যে ব্যক্তি।

Systole, *n. s.* Fr. হৃদয় মুদিত বা সংকুচিতহওন, ব্যাকরণে বৃহদ্‌যুক্ত বর্ণের সংক্ষেপ বা হ্রাসকরণ।

Systyle, *n. s.* Fr. কাছাকাছি থামবিশিষ্ট ইমারতবিশেষ।

Syzygy, *n. s.* Fr. Gr. নক্ষত্রাদির যোগ বা সংমিলন।

Digitized by Google

T.

T, ইউরোপীয় বর্ণমালার বিংশতিতমাক্ষর হলবর্ণ, মূর্দ্ধন্য ট বৎ উচ্চারণ হয়, i বর্ণের পূর্ব্বে হয় আর উহার পর অন্য কোন স্বরবর্ণ থাকে তবে স বৎ উচ্চারণ হয়, যথা nation, salvation ইত্যাদি, কিন্তু ইহার পূর্ব্বে S হইলে নয়, যথা Christian, question.

Tabard, *n. s.* Fr. Wel. কুলীনেরদিগের ব্যবহৃত ক্ষুদ্র আঙ্গরাখা বিশেষ, এ শব্দ অশুদ্ধ করিয়া কখনং Taberd লেখা যায়।

Tabarder, *n. s.* পূর্ব্বোক্ত বস্ত্র পরে বা পরিধান করে যে ব্যক্তি, আক্সফোর্ড নগরে Queen's College নামক পাঠশালায় ছাত্রের উপাধি জানিবে।

Tabby, *n. s.* Ital. Fr. একপ্রকার পট্ট বস্ত্রবিশেষ।

Tabby, *a.* চিত্রিত, চিত্রবিচিত্র, নানাবর্ণবিশিষ্ট, রংবরং, ফুটফুটিয়া।

To **Tabby**, *v. a.* চুনট-কৃ, কুঞ্চন-কৃ, কোঁকড়-কৃ।

Tabefaction, *n. s.* Lat. হ্রাস উজাড় বা ক্রমে ক্ষয়করণ।

To **Tabefy**, *v. n.* Lat. ক্ষয়প্রাপ্ত-হ, পীড়াপ্রযুক্ত ক্ষীণ বা গলিত-হ, ক্রমে হ্রাস-হ, ন্যূন হ, দুর্ব্বল-হ।

Taberd, *n. s.* Tabard শব্দ দেখ।

Tabernacle, *n. s.* Fr. Lat. বাসা, অল্পকালের নিমিত্ত বাসস্থান, বাসা বাটী, আবাস, অর্চ্চনার স্থান, পবিত্র স্থান, পূজার স্থান, দেবালয়বিশেষ।

To **Tabernacle**, *v. n.* পবিত্র বা অর্চ্চনার স্থানের মধ্যে প্রবিষ্ট-হ বা-কৃ, তাঁবু বা ঘরের মধ্যে প্রবিষ্ট-হ বা-কৃ, পবিত্র-কৃ, দেবালয়স্থ-কৃ বা-হ, ঘরে-রাখ বা-থাক, স্থিত-হ, স্থিতি-কৃ।

Tabernacular, *a.* ঝাজরি বা চিক যুক্ত, ঝাজরি বা চিকবদাকার, ঝাজরিওয়ালা।

Tabid, *a.* Fr. Lat. রোগে ক্ষয়প্রাপ্ত, জীর্ণ, জরা, ক্ষয়প্রাপ্ত, রোগক্লিষ্ট, রোগা, রোগে ক্ষয় বা জীর্ণকারী, ক্ষয়ণীয়, ক্ষয়কারী, নাশোৎপাদক, ক্ষয়রোগী, ক্ষয়বিশিষ্ট।

Tabidness, *n. s.* ক্ষয়কারিত্ব, রোগে ক্ষয়ণীয়ত্ব, ক্ষয়রোগিত্ব, নাশোৎপাদকত্ব, ক্ষয়প্রাপ্তত্ব, জরাবস্থা, রোগদ্বারা জীর্ণাবস্থা।

Tablature, *n. s.* অক্ষর বা অঙ্কদ্বারা সুর করিবার রীতিবিশেষ, বীণার গান বা সুরবিশেষ, ব্যবচ্ছেদ বিদ্যায় মাথার কর্পরের দুই খণ্ডে বিভাগ, চিত্রবিশেষ।

Table, *n. s.* Fr. Lat. নানার্থক শব্দ বা বিষয়, টেবিল ইতি ভাষা, ভোক্তা, আহারকর্ত্তা, যজ্ঞাংশী, অন্নদান, খাওয়ান, খাওয়া দেওন, ভোজন করান বা এতদর্থে আয়োজন বা খাদ্য দ্রব্য, মেজ, পিঁড়ি, ভোজনাসন, আহারার্থে আসনস্থ ব্যক্তি, তক্তপোস, মেজে খানায় বসিয়াছে যে ব্যক্তিরা, খানা, ভোজ, তক্তী, পাটা, চিত্রিত অঙ্কিত মুদ্রিত বা খোদিত পত্র পাটা বা ফর্দ্দ, সূচি, নির্ঘণ্ট, জায়, ফর্দ্দ, তালিকা, চুম্বক, সংক্ষেপ, স্থূল বিবরণ, হাতের চেটো বা তেলো, চাঁচা, নক্সা, আদরা, দিগ্দর্শন *To turn the* tables, পড়তা-পড়, উভয়পক্ষের ভাগ্য-ফির, প্রতিপক্ষের বা বিবাদির অথবা এক দ্রব্যাভিলাষির অবস্থা আয়াস বা অদৃষ্ট-দশা, পরিবর্ত্তন বা অন্যথা-কৃ।

To **Table**, *v. n.* খানার খরচ দিয়া অন্যের বাটীতে-থাক বা বাসা-কৃ, পরের ঘরে খানা-খাদ, পরভাতি-হ, অন্যের ঘরে-খাদ, পরান্নভোজী-হ, পরান্ন ভোজন-কৃ।

To **Table**, *v. a.* লিখিয়া-রাখ, লিখিয়া-লওয়া, চিত্র-কৃ, ফর্দ্দ-কৃ, সূচি-কৃ, নির্ঘণ্ট-কৃ, চাঁচা-কৃ, নক্সা-কৃ, আহার-যোগা বা-দা, খানা-দা, ভোজন-করা, ভোজ-দা, চিত্রদ্বারা প্রকাশ-কৃ বা-দর্শা, চিত্র করিয়া-দেখা।

Tablebed, *n. s.* মেজের ন্যায় বিছানা, তক্তপোসের বিছানা, পাটাওয়ালা, তক্তাওয়ালা, মেজের ন্যায় তক্তায় ছাওয়া, মেজ বিশিষ্ট আসন।

Tablebeer, *n. s.* মদ্যবিশেষ, ভোজনে ব্যবহৃত যবজ মদিরা।

Tablebook, *n. s.* সাঁপুড়ি পাটা বা তক্তি, বিনা কালিতে লিখা যায় যাহার উপর তদ্বস্তু, অঙ্কিত বা মুদ্রিত পুস্তক।

Tablecloth, *n. s.* মেজের চাদর, মেজের কাপড়, দস্তরখান, মেজাবরণ, মেজঢাকা কাপড় বা চাদর।

Tableman, *n. s.* চাঁচা বা নক্সা করে যে ব্যক্তি।

Tabler, *n. s.* খানার খরচ দিয়া অন্যের বাটীতে থাকে বা বাসা করে যে ব্যক্তি, খরচ লইয়া খাওয়া দেয় যে ব্যক্তি, পরের ঘরে খায় যে ব্যক্তি, পরান্নভোজী।

Tablet, *n. s.* ক্ষুদ্র মেজ, পিঁড়ি, তক্তা, পাটা, তক্তী, কাষ্ঠপাত্র, চতুষ্কোণাকার ঔষধি, উপরে চিত্রিত অঙ্কিত বা লিখিত পাটা বা তক্তা বা কোন দ্রব্য।

Tabletalk, *n. s.* ভোজন সময়ের কথোপকথন, ভোজনান্তরে আলাপ, মেজের উপরে বসিয়া হয় যে কথা আলাপ বা কথোপকথন।

Tabour, *n. s.* Fr. খঞ্জরি, দারা, মৃদঙ্গ, তবল, ক্ষুদ্র চঙ্গা ঢোল মাদলইত্যাদি বাদ্যযন্ত্র।

To **Tabour**, *v. n.* Fr. পূর্ব্বোক্ত বাদ্য-বাজা, আঘাত-কৃ, মার, পিট।

Tabourer, *n. s.* পূর্ব্বোক্ত বাদ্যকর বা তদ্বাদ্য বাজায় যে ব্যক্তি, ঢাকওয়ালা, ঢাকী।

Tabouret, *n. s.* একপ্রকার ক্ষুদ্র খঞ্জরি দারা বা তবলা।

Tabourine, *n. s.* Fr. একপ্রকার খঞ্জরি, দারা, তবল, ক্ষুদ্র চঙ্গা।

Tabret, *n. s.* পূর্ব্বোক্ত বাদ্যযন্ত্র।

Tabular, *a.* Lat. খোপং, কসি দেওয়া, সূচি বা নির্ঘণ্টের ন্যায় শ্রেণীবদ্ধ, থাকং, সমচতুরস্র, সমচতুষ্কোণাকৃতি, সমচতুরস্রূপে স্থাপিত কৃত বা লিখিত, সূচিবৎকৃত।

To **Tabulate**, *v. a.* Lat. সূচি বা নির্ঘণ্ট-কৃ, পৃথকং থাক বা সারি-কৃ, খোপং-কৃ, কসি দিয়া ঘরং-কৃ, তক্তা দিয়া-মোড়-ছাও বা-গড়।

Tabulated, *a.* Lat. মেজ বা তক্তপোসের ন্যায় সমান উপরি ভাগ যাহার, উপর চেপ্টা বা প্রশস্তাকার যাহার বা যাহাতে।

Tache, *n. s.* ধরা বা আটকান গিয়াছে যে দ্রব্য, পুঁট্যা, গলাছি, গিরা, আটক, ঘুণ্টী, বন্ধ, বন্ধনী।

Tachygraphy, *n. s.* দ্রুত লিখন বিদ্যাবিশেষ।

Digitized by Google

Tacit, *a.* Fr. Lat. অনুক্ত, অব্যক্ত, বাক্যের দ্বারা উক্ত নহে যাহা, ইশারাকৃত. অন্য প্রকারে কথিত বা প্রকাশিত. তুষ্ণীম্ভূত, মৌনী, নীরব, অবাক্।

Tacitly, *ad.* তুষ্ণীংরূপে, মৌনিত্বরূপে, নিঃশব্দপূর্ব্বক, বাক্য না কহিয়া, নীরব হইয়া, অব্যক্তরূপে, বাক্য স্ফুট না করিয়া।

Taciturn, *a.* Fr. তুষ্ণীংভূত, মৌনী, নিঃশব্দ, নীরব, কথা নাই বা অল্প কথা আছে যাহার, অল্পবক্তা, অল্পকথনশীল।

Taciturnity, *n. s.* Fr. তুষ্ণীংভূততা, মৌনিত্ব, অভাষণ, নিঃশব্দের ভাব, স্বাভাবিক মৌনী নীরব বা অবাকের ভাব বা অবস্থা, বাক্যরাহিত্য।

To **Tack**, *v. a.* যোগ-কৃ. যোড়া-দা, একত্র-কৃ, সংলগ্ন-কৃ, তালি-দা, টাঁক, টাঁকা-দা, টাঁকিয়া-দা, টাঁকিয়া-রাখ, একত্র সেলাই-কৃ, সংলগ্ন-কৃ।

To **Tack**, *v. n.* জাহাজ-ফিরা-ঘুরা বা অন্যদিকে-রাখ, অন্যদিক-কৃ।

Tack, *n. s.* ক্ষুদ্রপ্রেক বা কাঁটা, বোমার কাঁটা, সমুদ্রে জাহাজ ফিরাণ বা ঘুরান, বাড়তি, বৃদ্ধি, বৃদ্ধিকরণ, বাড়ান, যোগকরণ, উপর্য্যংশ, ন্যূনতা পূরকাংশ, চিহ্ন, দাগ, কলঙ্ক, বাড়তির ভাগ, *To hold* tack, টিঁক, বহুকাল-টিঁক বা-রহ, ব্যাপক-কাল স্থায়ী-হ, টিঁকিয়া-থাক।

Tacket, *n. s.* ক্ষুদ্রপ্রেক বা কাঁটাবিশেষ।

Tackle, *n. s.* Wel. তীর, বাণ, অস্ত্র, যুদ্ধাস্ত্র, হাতিয়ার, জাহাজ চালাইবার সাজ বা সরঞ্জাম, পালি রসারসীইত্যাদি জাহাজী সরঞ্জাম।

To **Tackle**, *v. a.* পূর্ব্বোক্ত দ্রব্যাদি-যোগা বা-দা বা তদ্বিশিষ্ট বা যুক্ত-কৃ।

Tackled, *a.* রসা বা রজ্জু গ্রন্থনদ্বারা নির্ম্মিত, রসারসী বা দড়ি একত্র করিয়া বা জুড়িয়া বানান গিয়াছে যাহা, দড়ি জড়ান।

Tackling, *n, s,* জাহাজের সরঞ্জাম, কোন কর্ম্মের সরঞ্জাম বা আসবাব, যথা *Fishing* tackling, মৎস্য ধরিবার সরঞ্জাম, *Kitchen* tackling, রন্ধনাগারের দ্রব্যাদি।

Tact, *n. s.* Lat. স্পর্শ, ছোঁ।

Tactical বা **Tactick**, *a.* সৈন্য বিন্যাসাদি কর্ম্মঘটিত, ব্যূহ রচনা সম্বন্ধীয় বা তদ্বিষয়ক।

Tactician, *n. s.* সৈন্য বিন্যাসাদি কর্ম্মে বিজ্ঞ বা পটু যে ব্যক্তি।

Tacticks, *n. s.* যুদ্ধার্থে সৈন্য বিন্যাসকরণ বিদ্যা বা তৎকর্ম্ম, যুদ্ধার্থে সৈন্য ভাগ বা শ্রেণীকরণ বিদ্যা।

Tactile, *a.* Fr. স্পৃশ্য, স্পর্শকরণীয়, স্পর্শ হয় যাহার, স্পর্শ করা যায় যাহা, স্পর্শদ্বারা অনুভব হয় যাহার।

Tactility, *n. s.* স্পর্শদ্বারা অনুভবনীয়ত্ব, বোধ, স্পর্শ বোধ বা জ্ঞান।

Taction, *n. s.* Fr. Lat. স্পর্শকরণ, ছোঁওন।

Tadpole, *n. s.* মণ্ডূকশাবক, বেঙ্গাছি, বেঙের ছা।

Ta'en, **Taken** শব্দের সংক্ষেপ বাক্য কাব্যশাস্ত্রে ব্যবহৃত জানিবা।

Taffata বা **Taffeta**, *n. s.* Fr. চেলি, গরদবিশেষ।

Tafferel, *n. s.* জাহাজের পশ্চাদ্ভাগের উপর দিগ।

Tag, *n. s.* Icel. কোন সূত্র বা রজ্জুর অগ্রভাগে সংযুক্ত ধাতু দ্রব্য বিশেষ, ছুঁচ, প্রেক, সামান্য ক্ষুদ্র বা জঘন্য বস্তু, মেষশাবক, ভেড়ার বাচ্চা।

To **Tag**, *v. a.* টাঁক, জোড়া-দা, লাগাইয়া বা বসাইয়া-দা।

Tagtail, *n. s.* কৃমিবিশেষ।

Tail, *n. s.* Got. নেজুড়, লাঙ্গূল, পুচ্ছ, লেজ, দুম, অধোভাগ, নীচের দিগে ঝুলিয়া থাকে বা পড়ে যে বস্তু, পশ্চাদ্ভাগ।

To turn tail, পলায়ন-কৃ, পলাইয়া-যা, পরাঙ্মুখ-হ।

To **Tail**, *v. n.* লেজ ধরিয়া-টান, লাঙ্গূল-ধর।

Tailed, *a.* পুচ্ছবিশিষ্ট, লেজওয়ালা, লাঙ্গূল আছে যাহার, লাঙ্গূলা।

Tailage, *n. s.* Fr. খণ্ড, টুকরা, কর, খাজানা, হাসিল, মাসুল।

Tailor, *n. s.* Fr. দরজি, সৌচিক, তুন্নবায়, সূচিকর্ম্মকর্ত্তা।

To **Tailor**, *v. n.* দরজির কর্ম্ম-কৃ, সূচির কর্ম্মকারী-হ, দরজি-হ, দরজির ব্যবসায়-কৃ।

To **Taint**, *v. a.* Fr. সিক্ত-কৃ, লিপ্ত-কৃ, দাগ-দা, সকলঙ্ক-কৃ, ময়লা-কৃ, অপযশ-কৃ, দুর্নাম বা বদনাম-কৃ, দূষ্য-কৃ, খুঁত-কৃ, সমল-কৃ, নষ্ট-কৃ, খারাব-কৃ, পচা, পচাইয়া নষ্ট কৃ, দুষ্ট-কৃ।

To **Taint**, *v. n.* সকলঙ্ক-হ, কলঙ্কী-হ, দাগী-হ, খারাব-হ, ময়লা-হ, দুষ্ট-হ, পচ, নষ্ট হ, দুরিত-হ, পচিয়া-যা, পচিয়া গন্ধ-হ, দুর্নাম বদনাম বা কলঙ্ক-হ।

Taint, *n. s.* Fr. দুর্নাম, বদনাম, অপযশ, দোষ, কলঙ্ক, দাগ, মলা, খুঁত, দুষ্টতা, নষ্টতা, ভ্রষ্টতা, গন্ধ, বাস, পচাভাব, মল, কীটবিশেষ, সংক্রমণ, ছোঁয়াচ লাগন, স্পর্শাক্রম।

Taintless, *a* নিষ্কলঙ্ক, নিখুঁত, দাগী নহে যে বা যাহা, দোষ নাহি যাহার, শুদ্ধ, মলা নাই যাহাতে বা যাহার, বেদাগী।

Tainture, *n. s.* Lat. কলঙ্ক, খুঁত, দাগ, মলা, দোষ, নষ্টত্ব, ভ্রষ্টত্ব।

To **Take**, *v. a.* নী, প্রতিগ্রহ-কৃ, দান-লওয়া বা গ্রহণ-কৃ, উত্তম বা অধম অভিপ্রায়ে গ্রহণ-কৃ, জোরে বা ইচ্ছাতে-ধর-লওয়া বা দখল-কৃ, না দিলে-লওয়া, ছল কল কৌশল বা প্রতারণাপূর্ব্বক বা আচম্‌কা-ধর বা-লওয়া, আটক বা কএদ-কৃ, ধরিয়া কএদ-কৃ, গ্রহণ-কৃ, লওয়া, অঙ্গীকার-কৃ, ইচ্ছায় বা অনিচ্ছায়-লওয়া, হাত-লাগা, ধর, আক্রমণ-কৃ, কাড়িয়া-নী, বন্ধি-কৃ, কএদী-কৃ, আটক-কৃ, তুষ্ট-কৃ, খুসি-কৃ, আমোদ-কৃ, মনোরঞ্জন-কৃ, ফান্দে বা জালে-ধর বা-ফেল, বুঝ, অর্থ গ্রহণ-কৃ, ভাব-লওয়া, জোর বা জবরদস্তি করিয়া-নী, জুলুম করিয়া-নী, মুষড়শ-কৃ, প্রাপ, ব্যবহার-কৃ, লাগা, নষ্ট-কৃ, উৎপাটন-কৃ, খারাব-কৃ, বিগড়াইয়া-দা, বাহ্য হইতে কোন মন্দ বিষয় গ্রহণ-কৃ বা-নী, উপার্জ্জন-কৃ, রত-হ, ব্যবসায়-কৃ, পরিষ্কার-কৃ, রক্ষা-কৃ, শেষ-কৃ, সম্মত হ, রাজী-হ, স্বীকার-কৃ, প্রস্তুত-কৃ, তৈয়ার-কৃ, ধার্য্য-কৃ, স্থির-কৃ, হস্তগত-কৃ, হাতে-আনী, কবজে বা বশে-আনী, প্রামাণ্য-কৃ, যথার্থ করিয়া-মান, কোন কর্ম্ম-কৃ, মনে গ্রহণ-কৃ, প্রবেশ-কৃ, ভিতরে বা মধ্যে-যা, সঙ্গেং-যা, অনুধাবন-কৃ, পশ্চাৎ-ধাব বা-গম, পাছেং-যা, ভক্ষণ-কৃ, পান-কৃ, গিল, ঔষধ-খাদ, বাছিয়া বা পসন্দ করিয়া-নী, আদর্শ-কৃ, নকল-কৃ, লইয়া-যা, স্থানান্তর বা দেশান্তর-কৃ, বহন-কৃ, দৃঢ়রূপে-ধর, জড়াইয়া-ধর, ত্যাগ বা অস্বীকার না-কৃ, গ্রহণ-কৃ, স্থান পরিবর্ত্তন-কৃ, স্বতন্ত্র বা তফাৎ-হ, মনের কোন স্বভাব বা গতি গ্রহণ-কৃ, সহ, বরদাস্ত-কৃ, প্রাপ্ত-হ, লাভ-কৃ, আকর্ষণ-কৃ, লাকা, ডিঙ্গা, স্নেহপূর্ব্বক বা আদর করিয়া গ্রহণ-কৃ, ব্যবহারার্থে-নী, অনুমান-কৃ, বোধ-কৃ, মান, ভিন্ন-হ, জুদা-হ, সরিয়া-যা, আলাহিদা-হ, ত্যাগ না-কৃ, ছাড়িয়া না-যা, টাকা-নী, মাপের দ্বারা প্রাপ্ত-হ, মাপ করিয়া-নী, প্রস্থান-কৃ, আচ্ছন্ন-কৃ, শামিল-কৃ, অন্তর্গত-কৃ, আশ্রয়-নী, উৎপত্তি-কৃ, জন্মা, জন্মাইতে-দা, মন আকর্ষণ-কৃ, ভাড়া-কৃ, কেরেয়া-কৃ বা-দা, প্রবৃত্ত-কৃ বা-হ, উদ্যোগী-হ, সঙ্গম-কৃ, ব্যগ্র হইয়া-ধর, শপথ-কৃ, দিব্য-কৃ, রোগাক্রম-কৃ।

To **Take** *away*, বিহীন-কৃ, হরণ-কৃ, কাড়িয়া-নী, তফাতে-রাখ, সরাইয়া বা দূরে-রাখ, লাড়িয়া-রাখ।

To **Take** *care*, সাবধান-হ, খবরদার-হ, সতর্ক-হ, চেষ্টিত-হ, যাচমান-হ, অধ্যক্ষতা-কৃ, রক্ষা-কৃ।

To **Take** *course*, উপায় বা উদ্যোগ-কৃ, পন্থা-কৃ।

Digitized by Google

To Take *down*, চাপিয়া-ফেল বা-রাখ, দমন-কৃ, কমাইয়া-দা, ন্যূন-কৃ, খর্ব্ব-কৃ, গিলিয়া-ফেল, খাইয়া-ফেল।

To Take *from*, মূল্যে কম-কৃ, নোক্সানী-কৃ, হ্রাস-কৃ, ন্যূন-কৃ।

To Take *heed*, সতর্ক-হ, সাবধান-হ।

To Take *heed to*, মনোযোগ-ক।

To Take *in*, অন্তর্গত-কৃ, মধ্যে-আনী, সংক্ষেপ-কৃ, কমা, গুড়া, গোট-কৃ, ঠগা, ভোগা-দা।

To Take *in hand*, প্রবৃত্ত-হ, হাত-দা, শামিল-কৃ, অন্তর্গত-কৃ, মধ্যে-আনী-নী বা আসিতে-দা, জিত, পরাজয়-কৃ, কোন স্থানে আসিতে বা প্রবেশ হইতে-দা, মনে গ্রাহ্য-কৃ।

To Take *notice*, মনোযোগ-কৃ, অবধান-কৃ, বার্ত্তা বা খবর-নী, মনোযোগ করা গিয়াছে বা বার্ত্তা লওয়া গিয়াছে এমত কার্য্য দ্বারা ব্যক্ত-কৃ।

To Take *oath*, শপথ-কৃ, সগুণ-কৃ, দিব্য-কৃ।

To Take *off*, দুর্ব্বল-কৃ, অগ্রাহ্য-কৃ, নষ্ট-কৃ, নাশ-কৃ, বিনাশ-কৃ, স্থানান্তর-কৃ, লাড়িয়া-দা বা-ফেল, রুদ্ধ-কৃ, আটক-কৃ, ক্ষান্ত-হ, উঠিয়া-যা, গিলিয়া-ফেল, ক্রয়-কৃ, খরিদ-কৃ, আদর্শ-কৃ, নকল-কৃ, স্থান করিয়া-দা, জায়গা করিয়া-দা, স্থানান্তর-কৃ, লাড়িয়া-দা, খুলিয়া-ফেল, খাদ-গেল।

To Take *on*, ইহার অর্থ *To* Take *upon*, শব্দের অর্থের তুল্য।

To Take *order with*, দমন-কৃ, জব্দ-কৃ।

To Take *out*, বাহির-কৃ, নির্গত-কৃ, বহিষ্কৃ।

To Take *part*, অংশ বা ভাগ-নী, হিস্সা বা বখরা-নী।

To Take *place* ঘট, উপস্থিত-হ, প্রবল-হ, কার্য্য বা গুণ-কৃ।

To Take *up*, ধার-কৃ, কর্জ্জ-কৃ, সুদে ধার-কৃ, প্রস্তুত-হ, তৈয়ার-হ, প্রবৃত্ত-হ, কোন কার্য্যে-লাগা, আরম্ভ-কৃ, বন্ধন-কৃ, প্রবৃত্ত-কৃ, আশ্রয়-নী, ধর, আটক-কৃ, বন্ধ-কৃ, কএদ-কৃ, উত্তর-দা, তিরস্কার-কৃ, ভর্ৎসনা-কৃ, যেপর্য্যন্ত অন্য কেহ করিয়াছে তাহার পর আরম্ভ-কৃ, উঠা, তুল, ব্যাপ, অন্যের পরিবর্ত্তে কোন কর্ম্ম নির্ব্বাহ-কৃ, শামিল-কৃ, অন্তর্গত-কৃ, গ্রহণ-কৃ, আদায়-কৃ, ওয়াসীল-কৃ, তহসীল-কৃ, কর আদায়-কৃ।

To Take *upon*, দোষারোপ-কৃ বা করিতে-দা, মিথ্যা দাওয়া-কৃ, প্রধান হইতে-চাহ।

To Take, *v. n.* রত-হ, তুষ্টিকারী-হ, খোসামোদী-কৃ, স্বাভাবিক বা বাঞ্ছিত কার্য্য বা গুণ-কৃ, ধর, স্থির-হ, বস, আঁট।

To Take *after*, শিখ, অনুরূপ বা সদৃশ-হ, নকল-কৃ।

To Take *in with*, আশ্রয়-নী, পরায়ণ-হ।

To Take *on*, আত্যন্তিক দুঃখিত বা খেদিত-হ, শোক-কৃ, বিলাপ-কৃ।

To Take *to*, দরখাস্ত-কৃ, সওয়াল-কৃ, স্নেহ-কৃ, আশ্রয়-নী।

To Take *up*, নিবারণ-কৃ, বন্ধ-কৃ, স্থগিত-কৃ বা-হ, মন্দ হইতে ভাল-হ, দুষ্টতা ত্যাগ-কৃ।

To Take *up with*, পরিতুষ্ট-হ, তৃপ্ত-হ, নিরাকাঙ্খী-হ, বসতি-কৃ, বাস-কৃ, বাসা-কৃ।

To Take *with*, তুষ্ট-কৃ, খুসি-কৃ।

Taken, To Take ক্রিয়ার কার্দন্তিক পদ।

Taker, *n. s.* গ্রহণকর্ত্তা, লয় যে ব্যক্তি।

Taking, *n. s.* গ্রহণকরণ, ধরণ, আক্রমণ, মনঃপীড়া, হরণ, লওন, বিপত্তি, দুর্দশা।

Takingness, *n. s.* তুষ্টিকরত্ব, তুষ্ট বা খুসিকরণ গুণ শক্তি বা বিষয়।

Talbot, *n. s.* শীকারি কুক্কুরবিশেষ, এক জাতীয় ভাল কুক্কুর।

Talc, Talk শব্দ দেখ।

Tale, *n. s.* Sax. উপন্যাস, গল্প, ইতিহাস, কাহিনী, উপকথা, কথায় বর্ণনা, সংবাদ, গুপ্ত বিষয় বা কথার প্রচার, ভেদ, সংখ্যা, গুণতি, সুমার, গণিতসংখ্যা, গণনা, সংখ্যার হিসাব, সংখ্যা গণনা, বার্ত্তা জ্ঞাপন।

Talebearer, *n. s.* নিন্দক, পরস্পর একজনের কথা অন্যকে বলে বা লাগায় যে, ভেদী, ঠক, বরামোদ করে যে ব্যক্তি, চোগলখোর, দুষ্টলোক, নারদ, অপকারক বা নিন্দাজনক কথা কহে বা রটায় যেব্যক্তি।

Talebearing, *n. s.* ঠগামি, চুগলি, লাগালাগিকরণ, চুগলখুরি, দুর্নাম, নিন্দা, গ্লানি।

Taleful, *a.* ইতর ভাষায় গল্প বা ইতিহাসে পূর্ণ বা ভরা, গল্পময়, অনেক উপন্যাস আছে যাহাতে বা তদ্বারকে বুঝায়।

Talent, *n. s.* Lat. নিশ্চিত মূল্য বা পরিমাণবিশিষ্ট মুদ্রা, দেশে২ বা কালে২ মূল্য কমবেশ হয় যে টাকার তন্মুদ্রা, স্বাভাবিক জ্ঞান, বুদ্ধি, শক্তি, ক্ষমতা, গুণ, স্বভাব, দুর্ব্যবহার, অযথার্থ ব্যবহার বা গ্রহণ।

Tales, *n. s.* Lat. জুরির কর্দে যাহারদিগের নাম লেখা যায় তাহারদিগের মধ্যে কাহারো গরহাজিরীতে বা তাহারদিগের জুরি হওনে আপত্তি উপস্থিত হইলে তৎকর্ম্মে তাহারদিগের পরিবর্ত্তে নিযুক্ত হয় যে ব্যক্তিরা।

Taleteller, *n. s.* ইতিহাস বা কাহিনী কহে যে ব্যক্তি, গল্পে, উপকথাবক্তা।

Talion, *n. s.* Lat. প্রতিফল বা প্রতিকার করণের আইন বা নিয়ম।

Talisman, *n. s.* Arab. ভৌতিক কবচ বা অক্ষরবিশেষ।

Talismanick, *a.* ভৌতিক, মায়াতে কৃত, মায়িক।

To Talk, *v. n.* Sax. কথোপকথন-কৃ, গল্প-কৃ, কথাবার্ত্তা-কহ, বকবক-কৃ, বড়২-কৃ, হিসাব-দা, বায়নক্কা-কথ, বিবেচনা-কৃ, পরামর্শ-কৃ, বিবরণ-বচ, কথ, কারণ-দর্শা, কারণ-দা, কারণ দর্শাইয়া-কথ বা-বচ।

Talk, *n. s.* কহাবলা, কথাবার্ত্তা, প্রসঙ্গসঙ্গতি, গল্প, কথা, জনরব, জনশ্রুতি, প্রকাশ, প্রচার, প্রবাদ, কথোপকথন, বাক্যে প্রস্তাব প্রসঙ্গ বা উক্তি, কথোপকথনের বিষয়।

Talk, *n. s.* Fr. অভ্র, স্বচ্ছপত্র।

Talkative, *a.* বাবদূক, গল্পে, বকুনে, বড়বড়্যা, অনেক কথা কহে যে, বাচাল, বকা, কহুয়া।

Talkativeness, *n. s.* বাবদূকতা, গল্পেমি, বকুন্যার ভাব, বড়বড়্যামি, বাচালতা, বকাম, বড়বড়ী, গল্পীপনা।

Talker, *n. s.* কথক, বক্তা, বাবদূক, গল্পে, অনেক অনর্থক কথা কহে যে ব্যক্তি, বড়াই করে যে ব্যক্তি, আত্মশ্লাঘাকারক।

Talking, *n. s.* গল্প, কথোপকথন, কথাবার্ত্তা, কহাবলা।

Talky, *a.* অভ্রবিশিষ্ট, অভ্রের ন্যায়।

Tall, *a.* Wel. ঢেঙ্গা, লম্বা, দীর্ঘ, উচ্চ, সবল, জোরাল, মজবুত, সাহসী, জাঁমর্দ, বড়, প্রকাণ্ড,চড়া, সড়িঙ্গা।

Tallage, *n. s.* Fr. হাসিল, মাসুল, বাণিজ্য দ্রব্যের কর।

To Tallage, *v. a.* বাণিজ্য দ্রব্যের উপর হাসিল বা মাসুল-বসা-কৃ বা-লওয়া।

Tallow, *n. s.* Icel. বসা, চরবি।

To Tallow, *v. a.* বসা বা চরবি-মাখা-লাগা বা-দা।

Tallowchandler, *n. s.* চরবিতে বাতি বানায় যে ব্যক্তি বা তদ্ব্যবসায়ী, চরবির বাতিওয়ালা।

Tallowfaced, *a.* পাণ্ডুবর্ণ, পীড়িতের ন্যায় বর্ণ বা আভা যাহার পীড়াজন্য বৈবর্ণ্য হইয়াছে যাহার।

Digitized by Google

Tallowish, *a.* বসা বা চরবির গুণবিশিষ্ট বা তদ্ধর্ম্মক।

Tallowy, *a.* বসা বা চরবিময়, চরবিতে ভরা বা তদ্যুক্ত, চরবি আছে যাহাতে, চরবিওয়ালা।

Tally, *n. s.* Fr. মিলান খাঁজকাটা কাষ্ঠ যাহাতে হিসাব রাখা যায়, অন্য কোন বস্তুর সহিত মিলন হয় এমতরূপে নির্ম্মিত হইয়াছে যে দ্রব্য, আঁকবাড়ি, যে বস্তু অন্যের সঙ্গে মিলে।

To **Tally**, *v. a.* মিলা, ঠিক-কৃ, উপযুক্ত-কৃ, যোগ্য-কৃ, অন্য কোন বস্তুর সহিত মিলে এমত করিয়া-কাট বা খাঁজ-কাট, খাঁজ কাটিয়া যোড়া-দা, যোড়া-লাগা, কাটিয়া সমান বা মিলান-কৃ, উপযুক্ত-কৃ, যোগ্য-কৃ, ঠিক-কৃ, মিলা।

To **Tally**, *v. n.* উপযুক্ত-হ, যোগ্য-হ, মিল-হ, ঠিক-হ, যোড়া-লাগ।

Tally, *ad.* তেজে, বলবত্ত্বরূপে, শক্ত বা দৃঢ়রূপে, সাহসপূর্ব্বক, নির্ভয়ে।

Talmud বা **Thalmud**, *n. s.* Heb. য়িহুদীরদিগের পুরাণ বা ধর্ম্মশাস্ত্র, শাস্ত্রের অর্থ ব্যাখ্যা বা টীকা।

Talmudical বা **Talmudick**, *a.* পূর্ব্বোক্ত গ্রন্থসম্বন্ধীয় বা তদ্বিষয়ক।

Talmudist, *n. s.* পূর্ব্বোক্ত গ্রন্থে পণ্ডিত বা বিজ্ঞ ব্যক্তি।

Talmudistick, *a.* Talmudical শব্দ দেখ।

Talness, *n. s.* শরীরের উচ্চতা, উচ্চতা, লম্বাই, দীর্ঘতা, ঢেঙ্গাভাব, লড়িঙ্গার ভাব বা অবস্থা।

Talon, *n. s.* Fr. পক্ষির নখ বা থাবা।

Tamarind-*Tree*, *n. s.* Lat. তিন্তিড়ী বৃক্ষ, অম্লিকা, তেঁতুল গাছ।

Tamarisk, *n. s.* Lat. বৃক্ষবিশেষ, পিচুল, ঝাবুক, ঝাউ।

Tambour, *n. s.* Fr. Tambourine শব্দ দেখ, ক্ষুদ্র চক্রাবিশেষ, চক্রাকার ছাঁচ বা দ্রব্যবিশেষ, একপ্রকার দাওয়া বা বারান্দা, গোলাকৃতি প্রস্তরবিশেষ।

Tambourine, *n. s.* Span. ক্ষুদ্র চক্রাবিশেষ, দারা, খঞ্জরি।

Tame, *a.* Sax. বন্য আরণ্য বা জঙ্গল্যা নহে যে,হাতপোষা, বশ্য, শান্ত, ধীর, বশ হইয়াছে যে বা করা যায় যাহাকে, বশীভূত, দম্য, পরাজিত, নির্জ্জীব, ম্রিয়মাণ, মসৃণ, ম্লান, মনমরা, পোষমানা, পোষা, মৃদু, ভীরু, নিঃসাহসী।

To **Tame**, *v. a.* Got. পোষ, পোষ-মানা, হাত পোষা-কৃ, পোষা-কৃ, বশ-কৃ, শান্ত-কৃ, ধীর-কৃ, শোধরা, মন্দকে ভাল-কৃ, দমন-কৃ, কাহিল-কৃ, পরাজয়-কৃ, জয়-কৃ।

Tameable, *a.* বশ্য, পোষ্য,পোষণীয়, বশকরণীয়, পোষা যাইতে পারে যাহাকে, পুষিবার যোগ্য, পোষ মানে যে, শান্তকরণীয়।

Tameless, *a.* বন্য, আরণ্য, জঙ্গলা, পোষা নয় যে, পোষ মানে না যে, অশান্ত, অবশ্য।

Tamely, *ad.* পোষ মানিয়া, পোষা হইয়া, পোষার ন্যায়, শান্ত হইয়া, ধীররূপে, ক্ষুদ্রত্ব বা নীচত্বরূপে, ভীরুত্বরূপে, অসাহসপূর্ব্বক, নিঃসাহসরূপে।

Tameness, *n. s.* পোষ, বশীভূততা, শান্ততা, ধীরতা, পোষ মানন হওন বা তদ্যোগ্যতা, নির্জ্জীবত্ব, ভীরুতা, অসাহস, নিঃসাহসিকতা, মৃদুতা।

Tamer, *n. s.* বশে আনে যে ব্যক্তি, পরাজয়কর্ত্তা, বশ করে যে ব্যক্তি, শান্ত বা ধীরকর্ত্তা, পোষ মানায় যে ব্যক্তি।

Taminy, *n. s.* Fr. পশমের কাপড়বিশেষ।

Tamkin, *n. s.* বড় বন্দুকের মুখের ঢাকনি বা ছিপি।

To **Tamper**, *v. n.* ঔষধ খাইয়া পড়িয়া-থাক বা তদ্দ্বারা ব্যস্ত-হ, লাড়, হাত-দা, হাত-লাগা, ঘাঁট, গুপ্তে ব্যবহার বা অনুষ্ঠান-কৃ, গোপনে কর্ম্ম-কৃ।

To **Tan**, *v. a.* Dut. Fr. ছালের রং-দা, ছাল দিয়া রং-কৃ, চোঁয়া, রৌদ্রে-শুখা বা তামুবর্ণ-কৃ, রৌদ্রে তপ্ত করিয়া তামুবর্ণ বা কালিষ্ট-কৃ, কালিষ্ট-কৃ, চর্ম্ম প্রস্তুত-কৃ, চর্ম্মে রং বা কশ দিয়া প্রস্তুত-কৃ।

Tan, *n. s.* সিঙ্গুর বৃক্ষের ছাল, ক্বাথ বা নির্য্যাস যদ্দ্বারা চর্ম্মকারেরা চর্ম্ম প্রস্তুত করে, চামড়া ছুলিয়া প্রস্তুত করিবার মশালা।

Tane, **Taken** শব্দের অন্তত্ব ভাষা, তচ্ছব্দবৎ অর্থ জানিবা।

Tang, *n. s.* Dut. ঝাল, তীব্র বা চোখাস্বাদ, আস্বাদ, তীব্রতা, উগ্রত্ব, কোন কটু দ্রব্য যাহা মুখে দিলে খাইলে বা লাগাইলে পরগাত্রে জ্বালা করে, স্বর, সুর,রব, শব্দ।

To **Tang**, *v. n.* বাজ, বাদ, শব্দ-হ।

Tang, *n. s.* Got. সমুদ্রীয় তৃণবিশেষ।

Tangent, *n. s.* Fr. Lat. ত্রিকোণা বস্তু, পরিমাণ বিদ্যায় শব্দবিশেষ।

Tangibility, *n. s.* স্পর্শ জ্ঞান, স্পর্শনীয়ত্ব, স্পর্শে বোধগম্যত্ব, স্পর্শদ্বারা অনুভব হয় যাহা তদ্ভাব বা গুণ।

Tangible, *a.* Fr. Lat. স্পর্শে বোধগম্য, স্পর্শদ্বারা বোধ বা অনুভব হয় যাহার, সংস্পৃশ্য, স্পৃশ্য, স্পর্শনীয়।

To **Tangle**, *v. a.* ফাঁদে-ফেল, ফাঁদ পাতিয়া-ধর, বুন, একত্র-যোড়, জড়া, পেঁচ-পাড়া, পেঁচে বা ফেরে-ফেল, জড়ি-লাগা, উৎত্যক্ত-কৃ, ব্যতিব্যস্ত-কৃ, হায়রান-কৃ, ঝগড়া বা গোলমাল-লাগা বা-বাধা।

To **Tangle**, *v. n.* উৎপাতগ্রস্ত-হ, উৎপাতে-পড়, বিপদ্গ্রস্ত-হ, ব্যাবৃত-হ, জড়ি-লাগ, পেঁচে-পড়, ফাঁদে-পড়, ফেরে-পড়।

Tangle, *n. s.* জড়ি, পেঁচ, ফের, সমুদ্রীয় তৃণবিশেষ।

Tanist, *n. s.* অধ্যক্ষবিশেষ, কর্ত্তা, সরদার, প্রধান, পতি।

Tanistry, *n. s.* পূর্ব্বোক্ত ব্যক্তির পদে এবং অধিকারে ক্রমশো নিয়মানুসারে নিযুক্তকরণ, কোন বিষয় বিভব বা পদের স্বার্থানুসারে প্রাপ্ত বা অর্হহওন।

Tank, *n. s.* Fr. জলাশয়,কুণ্ড, সরোবর, পুষ্করিণী, পুখুর, তলাও, দীঘী।

Tankard, *n. s.* Fr. ঢাকনিওয়ালা বৃহৎ পান পাত্র, উগ্র বা তীব্র মদ্যাদি পানের ছিপিওয়ালা পাত্রবিশেষ।

Tanling, *n. s.* গ্রীষ্মকালের রৌদ্রের উত্তাপে ঝলসা বা পোড়া ব্যক্তি বা দ্রব্য।

Tanner, *n. s.* চামড়া ছোলে বা প্রস্তুত করে যে মুচি, চর্ম্ম প্রস্তুতকারক, গবাশন, চর্ম্মকার, মুচি, চামার।

Tanning, *n. s.* চর্ম্মের রং বা আভা, কস বা মশালা দিয়া চামড়া তৈয়ারকরণ বা তৎপ্রকরণ, চর্ম্ম প্রস্তুতকরণ, তামুবর্ণ দাগ।

Tanpit, *n. s.* চামড়া ভিজাইবার বা প্রস্তুত করিবার হ্রদ গর্ত্ত বা কুণ্ড, চর্ম্ম প্রস্তুত করা যায় যে গর্ত্তে।

Tansy, *n. s.* সুগন্ধি বৃক্ষবিশেষ, পিষ্টকবিশেষ।

Tant, *n. s.* কীট বা মাকড়সাবিশেষ।

Tantalism, *n. s.* দণ্ড বা শাজাবিশেষ, দণ্ড্য বা ক্লিষ্ট Tantalus নামক ব্যক্তির যেরূপ হইয়াছিল তদ্রূপ শাস্তি বা দণ্ড।

Tantalization, *n. s.* পূর্ব্বোক্ত শাজা বা দণ্ড বা তৎদণ্ড প্রাপ্ত্যবস্থা।

To **Tantalize**, *v. a.* বিড়ম্বনা-কৃ, মিথ্যাশা-দা, ভোগা-দা, লোভ-দর্শা, যাহা প্রাপ্ত হইতে না পারা যায় তাহা দর্শন করাইয়া পীড়া বা যন্ত্রণা-দা, অপ্রাপ্য সুখ ভোগ-দর্শা বা তদ্দ্বারা পীড়া বা ক্লেশ-জন্মা।

Tantalizer, *n. s.* মিথ্যাশা দেয় বা দেখায় যে, ভোগা দেয় যে, লোভ দেখায় যে ব্যক্তি, পূর্ব্বোক্তরূপে পীড়া বা যন্ত্রণা দেয় যে ব্যক্তি।

Digitized by Google

Tantamount, *a.* Fr. সমান, তুল্য, সমতুল্য, সম।

Tanthing, *n. s.* অপ্রাপ্য বা দুষ্প্রাপ্য ভোগ বা সুখে আকৃষ্ট যে, প্রতারিত সুখে মগ্ন বা আচ্ছন্ন যে।

Tantivy, *ad.* অতিদ্রুত বা বেগে সওয়ার হইয়া গমনপূর্ব্বক।

To **Tap**, *v. a.* Fr. ঈষৎ আঘাত-কৃ, চাপড়-মার, থাবড়া-মার, আস্তে স্পর্শ বা আঘাত-কৃ, বিদ্ধ-কৃ, ছেঁদা-কৃ, ঠোকর-দা, ঠোকনা-মার, কোন পাত্রে ছিদ্র বা ফাইট-কৃ।

To **Tap**, *v. n.* আস্তে চাপড় বা থা-মার, ঠোকরা, ঠোকর-লাগ বা -মার, ঠোকর-খাদ।

Tap, *n. s.* ঠোকর, ঠোকরাণি, চপেট, ঈষদাঘাত, চাপড়, ঠোকনা, নল, চুঙ্গী।

Tape, *n. s.* Sax. সূতার ফিতা, ফিতা, নেয়ার, পটী, টেপ ইতি ভাষা।

Taper, *a.* স্তম্ভাকৃতি, অধোভাগহইতে ঊর্দ্ধে ক্রমে সরু যাহার, মন্দিরাকার, কন্দ বা আকুবৎ আকার যাহার।

Taper, *n. s.* Sax. মোমবাতি, বাতি, আলোক, দীপ।

To **Taper**, *v. n.* ক্রমে সরু বা সুচাল-হ, মন্দিরাকার-হ, কন্দ বা আকুবদাকার-হ।

To **Taper**, *v. a.* ক্রমে সরু বা সুচাল-কৃ, মন্দিরাকার-কৃ, মোমবাতি জ্বালিয়া আলো-কৃ, বাতি-দা, বাতি-জ্বালা।

Taperness, *n. s.* স্তম্ভাকৃতিত্ব, অধহইতে ঊর্দ্ধে ক্রমে সরু বা সুচাল হয় যে তাহার ভাব বা অবস্থা, মন্দিরাকৃতি।

Tapestry, *n. s.* বুটাদার বা চিত্রিত বস্ত্রবিশেষ, একপ্রকার পাটের কাপড়।

To **Tapestry**, *v. a.* পূর্ব্বোক্ত বুটা বা চিত্রের দ্বারা শোভা-কৃ।

Tapet, *n. s.* Lat. বুটাদার বা চিত্রিত বস্ত্র।

Taphouse, *n. s.* স্তণ্ডিকাগারবিশেষ, শুঁড়ির দোকান।

Tapis, *n. s.* Fr. বিবেচনার্থে মেজের উপর রক্ষিত উল্লেখিত বা প্রস্তাবিত কথা বা বিষয়, মেজ ঢাকিবার বুটাওয়ালা বা চিত্রিত বস্ত্র।

Taplash, *n. s.* যবজ মদিরার শেষ তলানি সিটা বা ঝাঁকরি, তলানি।

Taproot, *n. s.* বৃক্ষের প্রধান মূল বা শিকড়।

Tapster, *n. s.* Sax. স্তণ্ডিকাগারে মদিরা চোওয়ায় যে ব্যক্তি, মদ চোয়ানিয়া, শৌণ্ডিক।

Tar, *n. s.* Sax. আলকাতরা, তার ইতি প্রসিদ্ধ ভাষা, গলান ধুনা বিশেষ।

Tar, *n. s.* জাহাজী লোক, পোতবাহক, খালাসী।

To **Tar**, *v. a.* তারলিপ্ত-কৃ, আলকাতরা-মাখা, ত্যক্ত-কৃ, বিরক্ত-কৃ, দেক-কৃ, বেজার-কৃ, চিড়া, রাগা।

Tarantula, *n. s.* Ital. কীটবিশেষ যাহার দংশন গানবাদ্য দ্বারা উপশম হয় এমত কথিত আছে।

Tardation, *n. s.* Lat. বারণ বা নিবারণকরণ, বাধা দেওন, বাধা জন্মান, প্রতিবন্ধক, বিলম্ব বা দেরিকরণ, দেরি, বিলম্ব, গৌণ, গড়িমসিকরণ, ঢিলামি।

Tardigradous, *a.* Lat. আস্তে২ গমনশীল, ধীরে২ বা বিলম্ব করিয়া চলে যে, অশীঘ্র, অদ্রুত, ঢিমা, সুস্তি।

Tardily, *ad.* আস্তে২, ধীরে২, বিলম্বে, অশীঘ্ররূপে, গৌণে, আলস্যরূপে, ব্যাজে, বিলম্ব করিয়া।

Tardiness, *n. s.* অশীঘ্রতা, ধীরতা, বিলম্ব, দেরি, আলস্য, ঢিলামি, কর্ম্মকরণে বা লড়ন চড়নে অনিচ্ছা, গাতুলসিয়ামি, নিড়বিড়ের ভাব বা অবস্থা, দীর্ঘসূত্রীতা।

Tardity, *n. s.* Lat. অশীঘ্রতা, আস্তের ভাব, গতিক্রিয়ার ভাব, আলস্য।

Tardy, *a.* Lat. Fr. গতিক্রিয়াশালী, অশীঘ্র, বিলম্বী, দেরি করে যে, দীর্ঘসূত্র, ধীর, মন্থর, অলস, সুস্তি, কর্ম্মকরণে বা লড়নচড়নে অনিচ্ছুক, অবর ভাষায় অসতর্ক গাফিল দুষ্কর্ম্মী দুষ্ট বা অসৎকে বুঝায়।

To **Tardy**, *v. a.* Fr. গৌণ-কৃ, দেরি-কৃ, বিলম্ব-কৃ, বাগড়া-দা, নিবারণ-কৃ, গতিক্রিয়া-কৃ, আটক-কৃ।

Tare, *n. s.* Dut. শস্য ক্ষেত্রে জাত তৃণাদি।

Tare, *n. s.* Fr. তেজারতী ভাষায় করতা বুঝায়, ওজনের ধরাট।

Tare, *To* Tear ক্রিয়ার অতীতকালবাচক পদ।

Targe বা **Target**, *n. s.* Sax. ক্ষুদ্র ঢালবিশেষ।

Targetier, *n. s.* পূর্ব্বোক্ত অস্ত্রধারী ব্যক্তি, ঢালী।

Targum, *n. s.* চাল্‌ডি ভাষায় ধর্ম্মপুস্তকের টীকা বুঝায়।

Targumist, *n. s.* পূর্ব্বোক্ত টীকাকর্ত্তা।

Tariff, *n. s.* Fr. নিরিখ, ভাও।

Tarn, *n. s.* Icel. দলদলে বা পাঁকালভূমি, জলা, আর্দ্র বা জলময় ভূমি, সরোবর, পুষ্করিণী, জলকুণ্ড, জলাশয়, জলের হ্রদ।

To **Tarnish**, *v. a.* Fr. অনুজ্জ্বল-কৃ, ময়লা-কৃ, দীপ্তির হ্রাস-কৃ, মলিন-কৃ, নষ্ট-কৃ, সমল-কৃ, সকলঙ্ক-কৃ।

To **Tarnish**, *v. n.* অনুজ্জ্বল-হ, ময়লা-হ, মলিন-হ, অল্পদীপ্তি-হ, দীপ্তির হ্রাস-হ।

Tarpawling, *n. s.* ধুনামাখা শণ বস্ত্রবিশেষ, তারলিপ্ত স্তণো কাপড়, আজাড়, ত্রিপালিন ইতি চলিত ভাষা, জাহাজী লস্কর, দাঁড়ী, নাবিক।

Tarragon, *n. s.* বৃক্ষবিশেষ।

Tarriance, *n. s.* থাকন, স্থিতি, বিলম্ব, গৌণ, গহ্বরি, দেরি, গতিক্রিয়া, বাস, প্রবাস, অবস্থিতি।

Tarrier, *n. s.* Fr. ক্ষুদ্র শিকারি কুকুরবিশেষ।

Tarrier, *n. s.* অবস্থিতিকর্ত্তা, বিলম্বকর্ত্তা, অপেক্ষাকর্ত্তা, গৌণকর্ত্তা, গতিক্রিয়াকর্ত্তা, গড়িমসি করিয়া থাকে যে।

To **Tarry**, *v. n.* Fr. অপেক্ষা করিয়া-থাক, অবস্থিত-হ, থাক, রহ, গৌণ বা বিলম্ব করিয়া-থাক, দেরি-কৃ, গতিক্রিয়া-কৃ, গড়িমসি-কৃ, অপেক্ষা-কৃ, প্রত্যাশায়-থাক, তিষ্ঠ, অবস্থান-কৃ, কোন স্থানে স্থায়ী-হ, গৌণে-আগম, দেরি করিয়া-আগম।

To **Tarry**, *v. a.* অপেক্ষা-কৃ, প্রত্যাশায়-থাক।

Tarry, *a.* আলকাতরায় ভরা পুরা বা মাখা, তারবিশিষ্ট, তারাক্ত, আলকাতরার ন্যায় বা তত্তুল্য।

Tarsel, *n. s.* বাজপক্ষিবিশেষ, Tassel শব্দ দেখ।

Tarsus, *n. s.* Fr. পাদাস্থিবিশেষ।

Tart, *a.* Sax. অম্ল, টক, উগ্র, কটু, তীক্ষ্ণ, প্রখর, কঠিন, শক্ত।

Tart, *n. s.* Fr. ফলের মিঠাইবিশেষ।

Tartane, *n. s.* Ital. Fr. এক মাস্তুলে জাহাজবিশেষ।

Tartar, *n. s.* Lat. তার্ত্তার দেশীয় লোক, মদিরার পীপার গাত্রে জাত একপ্রকার সর বা মল এইহইতে Tartar *emetic* প্রসিদ্ধ বমন ঔষধ হয় জানিবে, *To catch a* Tartar, *To Catch* শব্দ দেখ।

Tartarean, *a.* Lat. নরকীয়, নারকী, নরকী, নরক বা পাতাল সম্বন্ধীয়।

Tartareous, *a.* পূর্ব্বোক্ত Tartar সংজ্ঞক মদের সরবিশিষ্ট, নারকী, নরকীয়, নরক বা পাতালসম্বন্ধীয়।

Tartarization, *n. s.* পূর্ব্বোক্ত মদ্যের সর বা মলহওন বা জমন।

Digitized by Google

To Tartarize, *v. a.* পূর্ব্বোক্ত মদবিশিষ্ট বা তদ্যুক্ত-কৃ, পূর্ব্বোক্ত মদ-পুর বা-ভর।

Tartarous, *a.* পূর্ব্বোক্ত মদ্যের সর বা মলবিশিষ্ট যুক্ত বা তন্ময়।

Tartish, *a.* ঈষদ্ অম্ল বা টক, কিঞ্চিৎ কটু।

Tartly, *ad.* অম্লত্বরূপে, উগ্রতারূপে, কটুত্বপূর্ব্বক, কটুভাবে, বক্র বা তীক্ষ্ণত্বরূপে, উগ্রমুখের ভাবে বা তৎপূর্ব্বক।

Tartness, *n. s.* তীক্ষ্ণত্ব, কটুত্ব, উগ্রতা, অম্লত্ব, কুস্বভাব, কটু মেজাজ, বদমেজাজ, দুর্ব্বাক্য, কুভাষা, কটু কথা।

Tartufish, *a* Fr. শুচি, যথাবিধি ব্যবহারী, ঠিকঠাকের উপর চলে যে, অম্ল, টক, কটু, একগুঁয়ে, ঠেঁটা, মগরা।

Task, *n. s.* Fr. Ital. আজ্ঞা, আদেশ, কর্ম্ম, কার্য্য, অন্যের আজ্ঞায় যাহা করা যায় তাহা, পরিশ্রম, খাটুনি, অনুমিত কর্ম্ম, অন্যদ্বারা প্রেরিত বা আদেশিত কর্ম্ম বা বিষয়, *To take to* task, ডাঁট, তিরস্কার-কৃ, ভর্ৎসনা-কৃ, ধমকা, ধমকাইয়া-দা, শাসন-কৃ, নীতি শিক্ষা-করা, জ্ঞান-দা।

To Task, *v. a.* কোন কর্ম্মের ভার-দা, কোন কর্ম্ম করিতে-দা, খাটা, কর্ম্ম দিয়া পরিশ্রম-করা।

Tasker বা Taskmaster, *n. s.* কর্ম্ম করিতে নিযুক্ত করে যে ব্যক্তি, কোন কর্ম্ম করিবার ভার লয় বা দেয় যে ব্যক্তি, খাটায় বা খাটে যে ব্যক্তি।

Tassel, *n. s.* Fr. রেশমের চিক্কণ বা ঝকমকে ঝাঁপ্পা, ঝাঁপা, ঝব্বা, লট্‌কন, খোবা, খোপ, কোন চিক্কণ দ্রব্য।

Tassel, *n. s.* Ital. Gosshawk সংজ্ঞক পক্ষির পুরুষ বা নর।

Tassel বা Tazel, *n. s.* বৃক্ষবিশেষ, Teazle শব্দ দেখ।

Tasseled *a.* Tassels সংজ্ঞক রেশমের ঝাঁপাওয়ালা, ঝাঁপ্পা লাগান বা তদ্বিশিষ্ট।

Tasses, *n. s.* উরু রক্ষণী বর্ম্ম বা সাজোয়াবিশেষ।

Tastable, *a.* আস্বাদনীয়, চাকিবার যোগ্য, চাকিতে বা খাইতে পারা যায় যাহা, স্বাদু, সুখাদ্য, সুতার, সুরস।

To Taste, *v. a.* Fr. খাদ, আস্বাদন-কৃ, চাক, চাকিয়া-দেখ, খাইয়া পরীক্ষা-কৃ, অল্প করিয়া ভক্ষণ-কৃ, কোন বস্তু বা বিষয়হইতে সুখ অনুভব-কৃ, অনুভব-কৃ, বোধ-কৃ, বুঝ, মনদ্বারা সুখানুভব-কৃ, পসন্দ-কৃ, পরীক্ষা-কৃ।

To Taste, *v. n.* পরীক্ষা-কৃ, স্বাদু-হ, অনুভব-কৃ বা-হ, উপলব্ধি-হ বা-কৃ, মনে বা জ্ঞানদ্বারা ইতরবিশেষ-কৃ, চাক, আস্বাদন-কৃ, লালচ-কৃ, জিহ্বায় কোন রস বা স্বাদের অনুভব-হ, মনোদ্বারা ভাল মন্দ বিবেচনা-কৃ, কোন ভাবযুক্ত বা প্রাপ্ত-হ, কোন বস্তু বা বিষয়ের স্বাদ গ্রহণ-কৃ, ভোগার্থে গৃহীত-হ, অল্পং করিয়া ভোগ বা আস্বাদন-কৃ।

Taste, *n. s.* পরীক্ষা, রসনেন্দ্রিয় জ্ঞান, অনুভব, চাকন, আস্বাদ, স্বাদ, তার, রস, মজা, অনুভব, বোধ, রসাস্বাদন, পসন্দ, পরীক্ষা, নমুনা।

Tasted, *a.* কোন আস্বাদবিশিষ্ট বা তদ্যুক্ত, স্বাদি।

Tasteful, *a.* স্বাদু, সুস্বাদবিশিষ্ট, সুতার, সুগন্ধিযুক্ত।

Tasteless, *a.* আস্বাদন শক্তি নাই যাহাতে বা যাহার, স্বাদ গ্রহ নাই যাহাতে, বিস্বাদু, বিরস, অনাস্বাদু, বেতার, পানস্যা, বোদা, সুখ বোধ করাইবার শক্তি নাই যাহার বা যাহাতে, না পসন্দ, বেমজা।

Tastelessness, *n. s.* অনাস্বাদুতা, স্বাদরাহিত্য, বিস্বাদ, বৈরস্য, আস্বাদনকরণ শক্তির অভাব, নাপসন্দ।

Taster, *n. s.* Fr. অগ্রে বা পূর্ব্বে চাকিয়া দেখে যে ব্যক্তি, আস্বাদনকর্ত্তা, আস্বাদক, চাকনিয়া, পেয়ালাবিশেষ।

Tasty, *a.* আধুনিক শব্দ, পসন্দকৃত বা তদুদ্বোধক জানিবে।

To Tatter, *v. a.* Sax. ভাঙ্গ, ফাড়, ছিঁড়, টুকিং-কৃ, খণ্ডং-কৃ, টুকরাং-কৃ, চেলা-কৃ, ফালাং-কৃ।

Tatter, *n. s.* নেকড়া, কানি, ছিন্নবস্ত্র।

Tatterdemalion, *n. s.* কানি পরে যে ব্যক্তি, কানি সার যাহার, নেকড়াপোঁদা, অতিদরিদ্র বা গরিব, নেকড়াপরা।

To Tattle, *v. n.* Dut. বকং-কৃ, বড়ং-কৃ, গপ্প-কৃ, বহুবাক্য ব্যয়-কৃ, নিষ্প্রয়োজনে অনেক কথা-কথ, বৃথা কথা-কথ।

Tattle, *n. s.* গপ্প, অনর্থক বাক্য, বৃথা অনেক কথা কহন, বৃথা কথা, মিথ্যা গপ্প, বকুনি, বড়বড়ান, গপ্পসপ্প।

Tattler, *n. s.* বৃথাকথক, মিথ্যা গপ্প করে যে, অনর্থক ভাবী, গপ্পে, বড়বড়্যা, বকুন্যা, নিষ্প্রয়োজনে অনেক কথা কহে যে ব্যক্তি, কড়কড় করিয়া কথা কহে যে ব্যক্তি।

Tattoo, *n. s.* নিশ্চিত সময়ে সৈন্যদিগকে স্বং গৃহস্থকরণার্থে চঙ্কার বাদ্য, সৈন্য নিজং স্থানে বা ঘরে আনয়নার্থে ঢাক বাজান, বঙ্গ দেশীয় ঘোড়াবিশেষ, টাটু ইতি ভাষা।

Tavern, *n. s.* Fr. Lat. সরাই, ভেটেরাখানা, মদ্যশালা, সরাপ বিক্রয় হয় ও আহারাদি দ্রব্য পাওয়া যায় যে স্থানে, মদ্যালয়।

Taverner বা Tavernkeeper বা Tavernman, *n. s.* Lat. পূর্ব্বোক্ত স্থানের স্বামী, শৌণ্ডিক, মদ্য বিক্রেতা, ভেটেরাখানা রাখে যে ব্যক্তি, সরাই রাখে যে।

Taverning, *n. s.* পূর্ব্বোক্ত স্থানে ভোজনাদিকরণ, ভেটেরাখানাতে ভোজনাদি কর্ম্মকরণ।

Taught, *To* Teach ক্রিয়ার অতীতকালবাচক পদ।

To Taunt, *v. a.* Fr. লজ্জা-দা, ভর্ৎসনা-কৃ, তিরস্কার-কৃ, নিন্দা-কৃ, উপহাস কৃ, ঠাট্টা-কৃ, ব্যঙ্গ-কৃ, গর্হা-কৃ, নিন্দা করিয়া-কথ, কুৎসা-কৃ, অপমান-কৃ, ভর্ৎসনা তিরস্কার বা লজ্জা দেওনপূর্ব্বক-বচ বা প্রসঙ্গ-কৃ, অপযশ-কৃ।

Taunt, *n. s.* ভর্ৎসনা, তিরস্কার, গর্হা, নিন্দা, ব্যঙ্গ, ঠাট্টা, উপহাস, কুৎসা, অপমান, অবজ্ঞা।

Taunter, *n. s.* তিরস্কার বা ভর্ৎসনাকর্ত্তা, নিন্দাকর্ত্তা, ব্যঙ্গ ঠাট্টা বা উপহাস করে যে ব্যক্তি, অপমান বা অপযশকর্ত্তা।

Tauntingly, *ad.* ভর্ৎসনা তিরস্কার বা নিন্দাপূর্ব্বক, ব্যঙ্গ ঠাট্টা উপহাস বা গর্হা করিয়া, কুৎসাপূর্ব্বক, নিন্দাপূর্ব্বক, অপমানপূর্ব্বক।

Tauricornous, *a.* Lat. বৃষের ন্যায় শৃঙ্গযুক্ত বা তদ্বিশিষ্ট, ষাঁড়ের মত শৃঙ্গ আছে যাহার, শৃঙ্গী, শিংওয়ালা।

Taurus, *n. s.* Lat. বৃষ রাশি।

Tautological, *a.* Fr. পুনরুক্তিসূচক, অনেক বার এক শব্দ বা কথা আছে যাহাতে বা কহে যে, বহূক্তিকারী, দ্বিরুক্তিকারী, আম্রেড়নকারী।

Tautologist, *n. s.* পুনরুক্তিকর্ত্তা, এক বিষয় বা কথা বারং কহে যে ব্যক্তি।

To Tautologize, *v. n.* পুনরুক্তি-কৃ, এক বিষয় বা কথা পুনঃং-কথ বা-বচ, পুনর্ব্বার বা বারং এক কথা-বচ-কথ বা-কৃ।

Tautology, *n. s.* আম্রেড়ন, দ্বিরুক্তি, পুনরুক্তি, এক শব্দ বা বিষয় পুনঃং কথন, এক কথা বারবার কথন বা তৎকথা প্রকারান্তরে বা অন্য ভাবে কথন।

To Taw, *v. a.* Dut. Sax. সাদা চামড়া প্রস্তুত-কৃ, শ্বেত চর্ম্ম প্রস্তুত-কৃ, কস দেওয়া নহে অথবা শুদ্ধ এমত চামড়া প্রস্তুত-কৃ, ইহাকে *Alum leather* কহে।

Taw, *n. s.* ক্রীড়ার প্রস্তর বিশেষ, খেলিবার শংমরমর পাথর বিশেষ, একপ্রকার বর্ত্তুল, এণ্টাল, ভাঁটা, বাঁটুল।

Tawdrily, *ad.* চটক বা জমকালরূপে, ভড়কপূর্ব্বক, জমক করিয়া।

Digitized by Google

Tawdriness, *n. s.* ভড়ক, জমক, দেখান্যার ভাব, চটক, মিথ্যা জাঁক, দেখিতে চাকচিক্য আছে অথচ কোন মূল্য নাই যাহার এমত বিষয়ের ভাব বা অবস্থা।

Tawdry, *a.* জমকাল, ভড়কওয়ালা, জাঁকাল, চাকচিক্য আছে যাহার, দেখান্যা, দেখিতে সুন্দর কিন্তু কোন মূল্য বা গুণ নাই যাহার বা যাহাতে, হাস্যজনক, ভড়ঙ্গিয়া, অমূলক, বেবুনিয়াদী, যথা মাখাল ফল।

Tawdry, *n. s.* সামান্য অলঙ্কার, পল্লীগ্রামস্থ যুবতিরদিগের ব্যবহৃত গলবস্ত্রবিশেষ, পত্রের পার্শ্বে লিখিত টিপ্পনী।

Tawed, *part. a.* তাম্রবর্ণবিশিষ্ট, তাঁবার রং আছে যাহার বা যাহাতে, একপ্রকার পিঙ্গলবর্ণ, কাঁইবীচির বর্ণও বুঝায়।

Tawer, *n. s.* Sax. চর্ম্মকার, চামার, মুচি, চর্ম্ম প্রস্তুত করে যে ব্যক্তি, চর্ম্মনির্ম্মাতা।

Tawny, *a.* Fr. পিঙ্গল, তাম্রবর্ণ, পাণ্ডুবর্ণ, তাঁবার ন্যায় রং যাহার।

Tax, *n. s.* Wel. রাজস্ব, কর, শুল্ক, টেক্স ইতি চলিত ভাষা, খাজানা, হাসিল, মাসুল, ওরেব, অপবাদ, দোষারোপ, নিন্দা, শিক্ষা, তালিম।

To **Tax,** *v. a.* Fr. পূর্ব্বোক্ত কর স্থাপনা-কৃ, কর-বসা, কর নিরূপণ-কৃ, টেক্স-নী, মাসুল স্থাপন-কৃ, মাসুল-কৃ, হাসিল-চড়া, দর ভাও বা নিরিখ করিয়া-দা বা তাহার স্থির-কৃ, দোষারোপ-কৃ, ওরেব-দা, নিন্দা-কৃ, অপবাদ-কৃ, দুর্নাম বা বদনাম-কৃ, তদারক করিয়া মজুরা-দা।

Taxable, *a.* পূর্ব্বোক্ত করের যোগ্য, মাসুল হইতে পারে যাহাতে বা যাহার, হাসিলের উপযুক্ত, মাসুল লওনযোগ্য, কর যোগ্য, করাধীন।

Taxation, *n. s.* Fr. Lat. পূর্ব্বোক্ত কর স্থাপনকরণ বা বসান, কর নিরূপণকরণ, টেক্সকরণ বা লওন, মাসুল লওন, মাসুল বা হাসিল চড়ান, দোষারোপকরণ, ওরেব, অপবাদ, অপযশ, বদনাম, দুর্নাম।

Taxer, *n. s.* পূর্ব্বোক্ত কর স্থাপনকর্ত্তা, টেক্সওয়ালা, মাসুল বা হাসিল বসায় বা লয় যে ব্যক্তি, মূল্য বা খরচা স্থিরকর্ত্তা দোষারোপকর্ত্তা, ওরেব বা অপবাদ দেয় যে ব্যক্তি, অপবাদক।

Tea, *n. s.* Fr. চীনদেশীয় বৃক্ষবিশেষ, চা, চাপত্র, চার জল, টি ইতি চলিত ভাষা।

To **Teach,** *v. a.* শিক্ষা-করা, অভ্যাস-করা, উপদেশ-কৃ বা-দা, শিক্ষা, পড়া-দা, তরিবৎ-কৃ বা-দা, বিদ্যাদান-কৃ, শিখা, শিখাইয়া-দা, শিক্ষা বা পাঠ-দা, জ্ঞাত-কৃ, কোন বিদ্যা অভ্যাস করাইবার নিমিত্তে-আওড়া, দেখা, বুঝাইবার নিমিত্তে প্রকাশ-কৃ বা-দেখা, কথ, বদ, জানা, গুরুর শিক্ষা-দা, গুণ-জন্মা।

To **Teach,** *v. n.* গুরুগিরি-কৃ, শিক্ষা গুরু-হ বা তৎকর্ম্ম-কৃ, শিক্ষা-দা, উপদেশ-কৃ, শিক্ষা বা পড়া-দা, শিক্ষাদাতা-হ।

Teachable, *a.* শিখাইবার যোগ্য বা তদুপযুক্ত, শান্ত, শিষ্ট, বুদ্ধিমান্, শিখিতে পারে যে, শিক্ষা হইতে পারে যাহার, শিক্ষিতব্য, উপদেশ্য, অনুশিষ্ট, উপদেশনীয়, উপদেষ্টব্য।

Teachableness, *n. s.* শিক্ষিতব্যতা, উপদেশ্যত্ব, শান্ততা, শিষ্টতা, শিক্ষাকরণ বাঞ্ছা অভিলাষ শক্তি বা ক্ষমতাবিশিষ্টত্ব।

Teacher, *n. s.* শিক্ষাগুরু, অধ্যাপক, উপদেশক, মুন্সী, ওস্তাদ, শিক্ষক, উপদেষ্টা, গুরু, আচার্য্য, কোন মত প্রচারক বা প্রকাশক, ধর্ম্মোপদেশকর্ত্তা।

Teague, *n. s.* Ireland দেশীয় লোকের সম্বন্ধে ব্যবহৃত অবজ্ঞা বা ঘৃণা উদ্বোধক শব্দ।

Teal, *n. s.* Dut. একপ্রকার বালি হাঁস, আরণ্য পক্ষিবিশেষ, চিল ইতি চলিত ভাষা।

Team, *n. s.* Lat. Sax. এক গাড়ী এককালে অনেক ঘোড়া বা গরুতে টানে বা বহে যখন তৎঘোড়া বা গরুকে বুঝায়, এক শকটে নিযুক্ত অশ্ব বা বলদসমূহ, শ্রেণী, সারি, কাতার।

To **Team,** *v. a.* পূর্ব্বোক্ত শ্রেণীতে নিযুক্ত-কৃ বা তৎশামিল-কৃ, শ্রেণীবদ্ধ-কৃ বা তৎশ্রেণীর সহিত-মিলা বা একত্র-কৃ।

Tear, *n. s.* নেত্রবিন্দু, নেত্রাম্বু, চক্ষের জলধারা, অশ্রু, চক্ষের জল, বিন্দু, ফোঁটা, টোপ।

To **Tear,** *v. a.* ফালি২-কৃ, কুচুরমুচুর-কৃ, ফাড়িয়া বা ছিঁড়িয়া-ফেল, ছিঁড়, বিদীর্ণ-কৃ, ছিন্দ, ফাড়, টুকরা২-কৃ, কুটি২-কৃ, চির, ভগ্ন-কৃ, ভাঙ্গ, কাড়িয়া-নী, ছিনিয়া-নী, খণ্ড২-কৃ, বলাৎ আকর্ষণ-কৃ, জোর করিয়া-টান বা টানিয়া তফাৎ-কৃ, হেঁচকা-মার, দুফাক-কৃ।

To **Tear,** *v. n.* গাঁজলা-উঠ, রাগান্বিত-হ, ক্রোধ করিয়া-বচ, রাগে উন্মত্তের ন্যায়-বচ, প্রলাপী-হ।

Tear, *n. s.* চিড়, ফাইট, ফাটা।

Tearer, *n. s.* চেরে ফাড়ে বা খান২ করে যে, কাড়িয়া ছিনিয়া বা হেচকা মারিয়া লয় যে ব্যক্তি, চেঁচায় যে, রাগান্ধ হইয়া এলো মেলো বকে যে, প্রলাপী, রাগী।

Tearfalling, *a.* মনআকর্ষক, মনোরঞ্জক, কোমল, নরম, লাজুক, অশ্রুপতন হয় যাহার বা যাহাতে, চক্ষের জল ফেলে যে, কান্দে যে, চক্ষের জল পড়ে যাহার।

Tearful, *a.* অশ্রুময়, অশ্রুযুক্ত, অশ্রুপতনকারী, চক্ষের জল নিঃক্ষেপকারী, অশ্রুপূর্ণ, চক্ষের জলে পোরা বা ভরা, মুগ্ধ বা আকৃষ্ট হইয়াছে চিত্ত যাহার।

Tearless, *a.* অশ্রুরহিত, চক্ষের জল নাই যাহার বা যাহাতে, নেত্রাম্বুবিহীন।

To **Tease,** *v. a.* Sax. পশম লোম পাট বা শণ-আঁচড়া বা সাফ-কৃ, কাপড়ের আবুড়াখাবুড়া সমান করিবার নিমিত্তে-ছোল বা-চাঁচ, যাচ, প্রার্থনা বা মিনতির দ্বারা বিরক্ত ত্যক্ত দেক বা বেজার-কৃ, বিরক্ত-কৃ, ব্যতিব্যস্ত-কৃ, দুঃখ-দা, জ্বালাতন-কৃ, চিড়া, টানা বা পড়িয়ানের সূত্র সমান-কৃ।

Teasel, *n. s.* Sax. বৃক্ষবিশেষ।

Teaseler, *n. s.* Fr. পূর্ব্বোক্ত বৃক্ষদ্বারা টানা বা পড়িয়ানের সূতা উঠায় তোলে বা সমান করে যে ব্যক্তি।

Teaser, *n. s.* অবিরত পুনঃ২ বা নিয়ত যাচ্ঞা বা প্রার্থনার দ্বারা বিরক্ত বেজার বা দেক করে যে ব্যক্তি বা বিষয়, খেচ্কান্যা, উত্ত্যক্তকর্ত্তা, উৎপাতকর্ত্তা, পীড়াদাতা।

Teat, *n. s.* Wel. Sax. Dut. Fr. পশুর স্তন, বাঁট।

Techily, *ad.* চিড়চিড়ামিপূর্ব্বক, বিরক্ত হইয়া, বৈরক্ত্যপূর্ব্বক, ছিল্লিমি বা খেঁকানিপূর্ব্বক।

Techiness, *n. s.* চিড়চিড়ামি, আশু রাগান্বিতত্ব, খেঁতখেঁতেমি, খেঁকানি, বৈরক্ত্য, ছিল্লিমি।

Technical, *a.* Fr. পারিভাষিক, শিল্প বিদ্যাবিষয়ক বা তৎসম্বন্ধীয়, শিল্প বা দর্শন শাস্ত্রীয় বা তৎসম্বন্ধীয়, অসাধারণ।

Technically, *ad.* পারিভাষিকত্বরূপে, পরিভাষানুসারে।

Technology, *n. s.* Gr. শিল্প শাস্ত্রীয় বা শিল্প বিদ্যার বিবরণ প্রবন্ধ প্রসঙ্গ বা পরিভাষা।

Techy, *a.* চিড়চিড়া, আশুক্রোধী, খবিস, খেঁতখেঁতে, রাগী, ক্রোধী, রাগান্বিত, খেঁকানিয়া, সদা বিরক্ত।

Tectonick, *a.* গৃহ গৃহনবিষয়ক, ইমারতসম্বন্ধীয়।

Digitized by Google

To Ted, *v. a.* Sax. নূতন কাটা ঘাস শুষ্ক করিবার নিমিত্তে বিস্তীর্ণ-কৃ বা ছড়াইয়া-দা, ঘাস কাটিয়া-শুকা।

Tedder বা Tether, *n. s.* Dut. গবাদি জন্তু বাঁধা দড়ি বা রসি বিশেষ, আটক, বন্ধন।

To Tedder, *v. a.* পূর্ব্বোক্ত রজ্জুদ্বারা-বাঁধ বা আটক-কৃ, বন্ধন-কৃ, বাঁধ, আটক-কৃ।

Te Deum, *n. s.* স্তববিশেষ, ধর্ম্মগীত বা স্তুতি গানবিশেষ।

Tedious, *a.* Fr. Lat. ব্যাপক কালস্থায়ী, কোন কর্ম্ম হইতে বা করিতে এতাবৎ গৌণ হয় যে তৎকর্ত্তা বা দ্রষ্টা বিরক্ত বা ত্যক্ত হয়, ব্যাপক কালে হয় বা করে যে, ক্লেশজনক, বিলম্ব বা গতি ক্রিয়াজনক বা কারী, বহুকাল ব্যাপক, বিরক্তকারী, ক্লেশদ, ত্যক্তকারী, পীড়াদায়ক, দেক করে যে বা যাহাতে, অদ্রুত, বিলম্বকারী, গতিক্রিয়া বা দেরি করে যে, দীর্ঘসূত্র।

Tediously, *ad.* ব্যাপককাল স্থায়িত্বরূপে, ত্যক্ত বা বিরক্তকারিত্বরূপে, বিলম্ব বা গতি ক্রিয়া করিয়া, দীর্ঘসূত্ররূপে, ক্লান্তরূপে।

Tediousness, *n. s.* বহুকাল ব্যাপকতা স্থিতি বা বিস্তার, বিরক্তকারিত্ব, বিস্তার্য্যতা, দীর্ঘসূত্রতা, অসুখজনকত্ব, পীড়াদায়কত্ব, ত্যক্ত বা বিরক্তকারিত্ব, ক্লেশজনকতা।

To Teem, *v. n.* Sax. প্রসব-হ, গর্ভ-হ, পেট-হ, সন্তান উৎপত্তি-কৃ, অপত্যকর্ত্তৃক পরিপূর্ণ-হ বা-কৃ।

To Teem, *v. a.* প্রসব-কৃ, বিয়া, জন্মা, উৎপাদন-কৃ, ইতর ভাষায় -ফেল-ঢাল বা-গড়া বুঝায়।

Teemer, *n. s.* প্রসবকর্ত্তা, উৎপত্তিকর্ত্তা, জনিকা, বিয়ায় যে, উৎপাদিকা।

Teemful, *a.* Sax. গর্ভবতী, গর্ভিণী, গাভিন, পেট হইয়াছে যাহার, উৎপাদনকারিণী, জন্মায় যে, পরিপূর্ণ, ভরা, পোরা, উৎপাদিকা, জনিকা।

Teemless, *a.* অফলবন্ত, উৎপাদনকারী নহে যে, রাঁড়া, অফলা।

Teen, *n. s.* Sax. ভাবনা, চিন্তা, শোক, দুঃখ।

To Teen, *v. a.* Sax. প্রবৃত্ত-করা বা-জন্মা, কর্ম্মে-লাগা।

Teens, *n. s.* পদের অন্তে হইলে আর যদি তাহার পর সংখ্যা বাচক শব্দ থাকে তবে দশ সংখ্যা বুঝায়, যথা *Thir*teen, *four*teen ইত্যাদি।

Teeth, Tooth শব্দের বহুবচনান্ত পদ, দন্তসমূহ।

To Teeth, *v. n.* দাঁত-উঠ বা-হ, দাঁত উঠিবার বয়ঃপ্রাপ্ত-হ, দাঁতা।

Tegument, *n. s.* Lat. আবরণ, ত্বক, খোসা, চোবা।

Tehee, *interj.* প্রাচীন ব্যবহৃত হাস্য উদ্বোধক অব্যয় শব্দ।

To Tehee, *v. n.* হাস, অবজ্ঞা বা অহঙ্কার করিয়া উচ্চৈঃস্বরে-হাস, ভারি শব্দে-হাস।

Teil, *n. s.* Lat. বৃক্ষবিশেষ।

Teint, *n, s.* Fr. বর্ণ, রং, তুলির আঁক দাগ বা চিহ্ন, তুলি বুলান।

Telary, *a.* Lat. জালকর্ত্তা, মাকড়সার ন্যায় জালকারী, জাল বুনে বা ফেলে যে।

Telegraph, *n. s.* Fr. মুদ্রাযন্ত্রবিশেষ, যাহাতে মুদ্রার দ্বারা লিপির কার্য্য হয়, সঙ্কেতদ্বারা শীঘ্র সংবাদ প্রাপণ ও তৎপ্রেরণার্থক যন্ত্রবিশেষ, টেলিগ্রাফ ইতি চলিত ভাষা।

Telescope, *n. s.* Fr. যন্ত্রবিশেষ যদ্দ্বারা দূরস্থ বস্তু দৃষ্ট হয়, দূর দর্শন যন্ত্র, দুরবিন ইতি প্রসিদ্ধ ভাষা।

Telescopical বা Telescopick, *a.* পূর্ব্বোক্ত যন্ত্রবিষয়ক বা তৎসম্বন্ধীয়, দূর দৃষ্টিকারী, দূরে দৃষ্টি হয় যদ্দ্বারা।

Telesm, *n. s.* Arab. ভৌতিক বিষয় কবচ বা বিযোগবিশেষ, টোট্‌কা, তালিসমান ইতি ভাষা।

Telesmatical, *a.* পূর্ব্বোক্ত কবচবিষয়ক বা তৎসম্বন্ধীয়।

Telestick, *n. s.* Gr. কবিতাবিশেষ, যাহার প্রতিচরণের অন্তিম অক্ষর একত্র করিলে এক নাম হয়, অন্তর্লাপিকা।

To Tell, *v. a.* Sax. Dut. Dan. কথ, বদ, বল, বচ, আখ্যান-কৃ, বাক্যব্যয়-কৃ, আবৃত্তি-কৃ, উচ্চারণ-কৃ, উক্তি-কৃ, বিবরণ-কৃ, কহিয়া-দা, জ্ঞাত-কৃ, শিখা, জানা, জ্ঞাপন-কৃ, ব্যক্ত-কৃ, প্রকাশ-কৃ, ফাঁস-কৃ, গণনা-কৃ, গণ, সংখ্যা-কৃ, ইতর ভাষায় ওজর-কৃ বা বাহানা-কৃ বুঝায়।

To Tell, *v. n.* বিবরণদাতা-হ, বিবরণকারী-হ, বিবরণ-দা, বায়ন ছা-বচ-কথ বা-বদ, পরিচয়-দা, কহিয়া-দা, প্রকাশ-হ, গণনা-কৃ, সম্বাদ-দা, সমাচার-দা, জানা, জ্ঞাত-কৃ।

Teller, *n. s.* বিবরণকর্ত্তা, বলিয়া দেয় যে, গণনা করে যে, কথক, বক্তা, কহে যে ব্যক্তি, সংখ্যা বা তালিকাকর্ত্তা, গণনা করে যে ব্যক্তি, রাজকর্ম্মচারিবিশেষ।

Telltale, *n. s.* চোগলখোর, বরামোদিয়া, পরের দোষ বা নিন্দার কথা কহিয়া বেড়ায় যে ব্যক্তি, অনধিকার কথা কহিয়া ফিরে যে ব্যক্তি, অপবাদ বা দুর্নামকর্ত্তা, নিন্দা করিয়া ফিরে যে, কথা বা গল্প উড়ায় বা রটায় যে।

Telltale, *a.* পরাধিকারচর্চক, চুগলি করে যে, ঠগ লাগায় যে, দোষ বা নিন্দাকারক, মিথ্যা অপবাদকারী।

Temerarious, *a.* অপরিণামদর্শী, গোঁয়ার, বিপদের ভয় করে না যে, অসমসাহসিক, বিবেচনা না করিয়া ভয়ানক বিষয়ে প্রবৃত্ত হয় যে, আলগা, ডাকাবুকা, বিপদকে তুচ্ছ করে যে, অসাবধান, অমনোযোগী, গাফিল, অমনোযোগে বা তাচ্ছল্যে কৃত।

Temerariously, *ad.* গোঁয়ারতামিপূর্ব্বক, অনবধানতাপূর্ব্বক, অসাবধানে, অমনোযোগে, বেখবরদারিতে, বেহুঁসিয়ারিতে, তাচ্ছল্যরূপে।

Temerity, *n. s.* Fr. Lat. গোঁয়ারতামি, অসমসাহস, ভয়ের বিষয়েতে অপরিমিত তুচ্ছ বোধ, বিষম সাহস, দুঃসাহস, নির্ভয়তা, অবিবেচকতা, অপরিণাম দর্শন।

To Temper, *v. a.* Lat. সমগুণ-কৃ, মিশ্রিত-কৃ, মিশা, একত্র-কৃ, মিলা, সমান ভাগ বা যথোচিত পরিমাণ-কৃ, আধিক্য-কমা, নরম-কৃ, কোমল-কৃ, যাতনা বা পীড়া নিবারণ-কৃ, শীতল-কৃ, ঠাণ্ডা-কৃ, ধাতু দ্রব্য শক্ত-কৃ, দমন-কৃ, কঠিন-কৃ, শক্ত-কৃ, সমতা-কৃ, ধাতু দ্রব্য গলাইয়া নরম-কৃ, সাম্য-কৃ, ভাঁজ-দা, মিশ্রণদ্বারা সাম্য-কৃ, আওটা, শাসন-কৃ, প্রবৃত্ত-কৃ, গলাইয়া পোড়াইয়া বা জ্বালাইয়া নরম-কৃ, থামা, মিশ্র, মিশা।

Temper, *n. s.* প্রকৃতি, স্বভাব, চরিত্র, মেজাজ, ধর্ম্ম, মনের ভাব বা অবস্থা, মধ্যাবস্থা, বিপরীত গুণবিশিষ্ট দ্রব্যসমূহ মিশ্রণ বা একত্রকরণ বা তদ্যোগ, মধ্যম পথ বা অবস্থা, শরীরের গঠন, মনের স্বভাব, মেজাজ, মনের ঠাণ্ডাই, পরিমিতাচার, ধাতু দ্রব্যের কাঠিন্য বা দৃঢ়তা।

Temperament, *n. s.* Lat. Fr. অবস্থা, ভাব, মধ্যাবস্থা বা তদ্ভাব, স্বভাব, গুণ, মেজাজ, ধর্ম্ম, উষ্ণানুষ্ণতা, বিপরীত গুণবিশিষ্ট দ্রব্যসমূহের যথোচিত পরিমাণে মিশান বা তাহার সমভাব বা গুণকরণ, বিপরীত গুণের যোগ মেল বা মিশ্রণ।

Temperamental, *a.* স্বাভাবিক, স্বভাব গুণ বা মেজাজসম্বন্ধীয়।

Temperance, *n. s.* Lat. পরিমিতাহার, শারীরিক পরিমিতাচার, খাদ্য ও পানবিষয়ক পরিমিতাচার, পেটুকতা বা মাতলামির বিপরীতভাব, ধৈর্য্য, শান্তত্ব, সুস্থিরতা, রাগাদির সাম্য, পরিমিততা, সহিষ্ণুতা, বরদান্ত, ধীরতা, অচাঞ্চল্য, রিপুর দমন, ধৈর্য্যাবলম্বন।

Temperate, *a.* Lat. মধ্যম ভাববিশিষ্ট, মধ্যম, মাঝামাঝি, সাবধান, আহারাদি ব্যাপারে নিয়মজ্ঞ বা পরিমিতাচারী, পরিমিতা

Digitized by Google

হারী, পরিমিতপায়ী, মদ্যমাংস অধিক ভোজন করে না যে, পেটুক নহে যে, রাগাদির সমতা আছে যাহার, কোন রিপুর আত্যন্তিক বশীভূত নহে যে, সহিষ্ণু, ধৈর্য্যশীল, সুস্থির মধ্য, সম।

Temperately, *ad.* মধ্যমভাবে, অনাত্যন্তিকতারূপে, স্থির ভাবে বা রূপে, পরিমিতাচারপূর্ব্বক, সাবধানপূর্ব্বক, ঠাণ্ডা হইয়া, রাগাদিবর্জ্জিত হইয়া, পরিমিতাহারপূর্ব্বক, আহারাদি ভোগ বিষয়ে সাবধান বা সহিষ্ণু হইয়া, সুস্থিররূপে, পরিমিতরূপে, মাঝামাঝিরূপে।

Temperateness, *n. s.* মধ্যাবস্থা, মধ্যম ভাব, ধৈর্য্যশীলতা, স্থিরতা, মনের সুস্থিরতা, স্থির মন, মনের স্থির ভাব, পরিমিতাচার, পরিমিতাহার বা পান, সহিষ্ণুতা, মধ্যবিত অবস্থা, সাবধানতা, শান্ত স্বভাব, রাগাদির আতিশয্যবর্জ্জিতত্ব।

Temperative, *a.* স্বভাব স্নিগ্ধকারী, নরম বা কোমলকারী।

Temperature, *n. s.* Lat. Fr. গ্রীষ্ম গ্রীষ্মতা, উষ্ণানুষ্ণতা, স্বভাব, প্রকৃতি, সুস্থিরতা, ধৈর্য্য, মধ্যবিত অবস্থা, বিপরীত গুণবিশিষ্ট দ্রব্যসমূহের যথোচিত পরিমাণে মিশান, সমানভাব, রাগাদির আতিশয্যবর্জ্জিতের ভাব।

Tempered, *a.* স্বভাব বা মেজাজ উদ্বোধকবিশেষণবাচক শব্দ।

Tempest, *n. s.* Fr. Lat. অতিবাত, বায়ুর পরাক্রম বা প্রাবল্যের শেষ ঝড়, তুফান, বায়ুর প্রাবল্য, হুলস্থুল, গণ্ডগোল, গোলমাল, ঝড়ী, আঁধি।

To **Tempest**, *v. n.* Fr. Ital. ঝড়-হ, তুফান-হ, বায়ুর প্রাবল্য-হ।

To **Tempest**, *v. a.* ঝড় তুফান বা বায়ুর প্রাবল্যদ্বারা অস্থির-কৃ।

Tempest-beaten, *a.* ঝড় তুফান বা বায়ুর প্রাবল্যদ্বারা ভগ্ন বা ছিন্নভিন্ন হইয়াছে যাহা।

Tempest-tost, *a.* ঝড় বা তুফানে আন্দোলিত হইয়াছে যে, বায়ুর প্রাবল্যদ্বারা নিক্ষিপ্ত।

Tempestive, *a.* Lat. সময়োপযুক্ত, যথোচিত সময়ে কৃত বা উপস্থিত।

Tempestively, *ad.* সময়োপযুক্তরূপে, সময়ানুসারে, যে কালের যাহা তদনুসারে।

Tempestivity, *n. s.* Lat. সময়োপযুক্তত্ব, সময়ানুসারিত্ব।

Tempestuous, *a.* Fr. বাতাসীয়া, ঝড়ুয়া, তুফানী, কাল বৈশাখী, ঝড় বা তুফানবিশিষ্ট, উৎপাতযুক্ত, কলহকারী, হুড়ে।

Tempestuously, *ad.* ঝড় বা তুফানপূর্ব্বক।

Tempestuousness, *n. s.* ঝড় বা তুফানবিশিষ্টত্ব।

Templar, *n. s.* স্মৃতি শাস্ত্রের ছাত্র বা তৎপাঠী।

Temple, *n. s.* Sax. Lat. মন্দির, মঠ, দেবালয়, ঠাকুর বাটী, পূজাদি দৈবকর্ম্ম করে যে স্থানে, কপোল, কানপাটা, কপালের রগ।

To **Temple**, *v. a.* মন্দির বানাইয়া-দা, মন্দির-দা, মন্দিরে-বসা বা সংস্থাপন-কৃ।

Templet, *n. s.* গৃহ গুহ্নে কাষ্ঠবিশেষ।

Temporal, *a.* Fr. Lat. অল্পকালীন, অনিত্য, বহুকালস্থায়ী নহে যে, অচিরস্থায়ী, সাময়িক, শারীরিক, ঐহিক, সাংসারিক, ধর্ম্ম বিষয়ক নহে যে, মাথার রগের উপরিস্থিত।

Temporality বা **Temporals**, *n. s.* Fr. সাংসারিক বিভব সুখ ভোগ বা বিষয়।

Temporally, *ad.* ঐহিকরূপে বা বিষয়ে, সাংসারিকসম্বন্ধে, শারীরিক বিষয়ানুসারে, ঐহিক সম্বন্ধপূর্ব্বক।

Temporalness, *n. s.* ঐহিকতা, সাংসারিকতা।

Temporalty, *n. s.* পাদরি ভিন্নলোক, পাদরিভিন্ন অন্য লোকের বিভব ঐশ্বর্য্য বা অধিকার।

Temporaneous, *a.* Lat. অল্পকালিক, অনিত্য, অচির, বহুকালস্থায়ী নহে যে।

Temporariness, *n. s.* অল্পকালস্থায়িত্ব, অনিত্যত্ব।

Temporary, *a.* অল্পকালস্থায়ী, অনিত্য, বহুকালস্থায়ী নহে যে, অচিরস্থায়ী, ক্ষণিক, সাময়িক, অল্পকালের নিমিত্তক।

Temporization, *n. s.* সময়ানুযায়িকরণ বা হওন, যেমত কাল বা বিষয় উপস্থিত তদনুবর্ত্তী হওন বা তদনুসারে চলন।

To **Temporize**, *v. n.* Fr. গতিক্রিয়া-কৃ, গৌণ-কৃ, বিলম্ব-কৃ বা-হ, গহরি-কৃ বা-হ, দেরি-কৃ, টালমটাল-কৃ, সময়ানুযায়ী-হ, যেমত কাল বা বিষয় উপস্থিত তদনুবর্ত্তী-হ বা তদনুসারে-চল, সম্মত-হ, রাজী-হ।

Temporizer, *n. s.* Fr. সময়ানুযায়ী হয় বা চলে যে ব্যক্তি, উপস্থিত বিষয় বা কালের অনুবর্ত্তী হয় যে ব্যক্তি।

Temse bread বা **Temsed bread**, *n. s.* Sax. সুজির রুটিবিশেষ।

To **Tempt**, *v. a.* Lat. Fr. পরীক্ষা-লওয়া, লোভ-দেখা, ফুসলা, ভুলা, মন্দ কর্ম্মে প্রবৃত্তি-জন্মা, সুখ বা লাভ দর্শাইয়া মন্দ কর্ম্মে প্রবৃত্তি-জন্মা, রাগা, চিড়া, লওয়া, প্রবৃত্ত-কৃ, আকর্ষণ-কৃ, চেষ্টা-কৃ, উদ্যম-কৃ, পরীক্ষা-কৃ, সাবুদ-কৃ।

Temptable, *a.* কুকর্ম্মে প্রবৃত্তি জন্মিতে পারে যাহার, মন্দ কর্ম্মে মতি হইবার সম্ভাবনা আছে যাহার, লওয়ান বা প্রবৃত্ত করা যাইতে পারে যাহাকে।

Temptation, *n. s.* Fr. পরীক্ষা, লোভ, লালচ, লোভ দেখান, মন্দ কর্ম্মে প্রবৃত্তি জন্মান, লালচ দেখান, লোভপ্রযুক্ত মন্দ কর্ম্মে প্রবৃত্তি লালচ বা লোভজনক বিষয়।

Temptationless, *a.* লোভ বা লালচ নাই যাহাতে বা যাহার, লোভের বিষয় নহে যে।

Tempter, *n. s.* পরীক্ষক, প্রতারক, মন্দ কর্ম্মে প্রবৃত্তি জন্মায় বা দেয় যে, লোভ বা লালচ দেখায় যে।

Temptingly, *ad.* মন্দ কর্ম্মে প্রবৃত্তিজনকত্বরূপে, লোভ বা লালচ দর্শানপূর্ব্বক।

Temptress, *n. s.* মন্দ কর্ম্মে প্রবৃত্তিকারিণী, লোভ বা লালচ দেখাইয়া ভুলায় যে স্ত্রী।

Temulency, *n. s.* Lat. নেসা, মত্ততা, মাতালের ভাব বা অবস্থা।

Temulent, *a.* Lat. মাতাল, মত্ত, পানদ্বারা বিহ্বল বা [illegible]ান।

Temulentive, *a.* Lat. তথা।

Ten, *a.* Sax. Dut. দশক, দশ, পাঁচের দ্বিগুণ, দশসংখ্যক।

Tenable, *a.* Fr. ধর্ত্তব্য, রক্ষণীয়, বজায় রাখা যাইতে পারে যাহা, খণ্ডন করিতে পারে না যাহা, হেলন করাইতে পারে না যাহাকে।

Tenacious, *a.* Lat. অত্যাজক, ধারক, একবাগিয়া, সংলগ্ন ধর্ম্মক, দৃঢ়াবলম্বী, যাহা বলে বা ধরে তাহাই করে যে, দৃঢ়রূপে জড়াইয়া ধরে যে, ছাড়িতে অনিচ্ছুক, ধরিয়া বা আটকাইয়া রাখে যে, আটার ন্যায় চট্‌চট্যা, কৃপণ, কসা, কাপুট্যা, ব্যয় কুণ্ঠ।

Tenaciously, *ad.* চটচট্যারূপে, আটার ন্যায় হইয়া, সংলগ্ন পূর্ব্বক, দৃঢ় রূপে, শক্তরূপে।

Tenaciousness, *n. s.* ত্যাগ করিতে বা ছাড়িতে অনিচ্ছুকতা, চটচট্যার ভাব, সংলগ্নশীলতা, আগ্রহ, চটচটিয়া ভাব, দৃঢ়তা।

Tenacity, *n. s.* Fr. তথা।

Digitized by Google

Tenacy, *n. s.* Lat. তথা।

Tenancy, *n. s.* Fr. রায়তি ভাড়া বা কেরায়ায় দখল বা ভোগ, অল্পকালের নিমিত্তে অন্যের জায়গায় দখল।

Tenant, *n. s.* Fr. ভাড়াটে, অন্যের জায়গা কেরায়া করিয়া থাকে যে ব্যক্তি, রাইয়ত, প্রজা, কেরায়াদার, বাসিন্দা, কোন স্থানে থাকে বা বাস করে যে।

To **Tenant,** *v. a.* ভাড়া-কৃ, কেরায়া-কৃ, রায়তি-কৃ।

Tenantable, *a.* ভাড়ার উপযুক্ত বা যোগ্য, কেরায়া হইতে পারে বা করা যাইতে পারে যাহা, ভাড়ার যোগ্য, কেরায়ার যোগ্য।

Tenantless, *a.* শূন্য, লোক নাই যাহাতে, খালি, কেহ থাকে না যাহাতে, রাইয়তহীন।

Tenantry, *n. s.* ভাড়া, কেরায়া, ভাড়াটিয়া লোক প্রজা বা রাইয়ত সমূহ।

Tenant-saw, *n. s.* Tenon শব্দ দেখ।

Tench, *n. s.* Sax. Lat. মৎস্যবিশেষ।

To **Tend,** *v. a.* রক্ষা-কৃ, চৌকী-দা, খবরদারী-কৃ, চরা, সহকারী বা রক্ষকের স্বরূপ সমভিব্যাহারে-যা, সঙ্গে-যা, মনোযোগ-কৃ।

To **Tend,** *v. n.* Lat. কোন কর্ম্মের ভার গতি বা ধর্ম্মের সহিত ঐক্য-হ, আভাস-দর্শা বা-হ, আভাস-লাগ, ঝুঁক, অভিমুখ-হ, কোন দিগে হেলিত-হ, গড়াইয়া-যা, হেল, রত-হ, কোন বিষয়ে যোজ্য-হ, আশয়-কৃ, চাকরের ন্যায় নিকটে-থাক, রুজু-থাক, সেবা-কৃ।

Tendance, *n. s.* হাজির বা রুজু থাকন, আশয়, প্রত্যাশা, হাজির বা রুজু থাকে যে লোকেরা, নিকটে থাকন, সেবাকরণ, রুজু থাকন।

Tendence বা **Tendency,** *n. s.* রতহওন, কোন স্থান বা বিষয়ের দিগে ঝুঁকন, আভাস, ভাব, শীল, স্বভাব, ঝুঁকন, অভিমুখ, অভিপ্রায়, আশয়, মতলব।

Tender, *a.* Fr. মৃদু, মোলায়েম, কচি, কৈঁলা, কৃপালু, কৃপাকর, কোমল, নরম, অনায়াসে নষ্ট হয় যে বা দাগ পড়ে যাহাতে, অদৃঢ়, অশক্ত, লাজুক, সচেতন, অল্পে পীড়া বোধ হয় যাহার, স্ত্রীবৎ, পুরুষের ন্যায় নহে যে, কমজোর, করুণাজনক, দয়া হয় যাহার প্রতি বা যাহাতে, দয়ালু, কৃপাবান্, পরের হিত বাঞ্ছা করে যে, অনুরাগী, কামুক, নম্র, ঠাণ্ডা, পীড়া দেয় যে, যুবা, বাচ্চা, দুর্ব্বল, শক্তিহীন।

To **Tender,** *v. a.* দরখাস্ত-কৃ, অনুগ্রহ-কৃ, দয়া-কৃ, স্নেহ-কৃ, নিবেদন-কৃ, প্রস্তাব-কৃ, প্রসঙ্গ-কৃ।

To **Tender,** *v. a.* Fr. দেখা, দিতে-চাহ, যাচ, ধর, মান্য-কৃ।

Tender, *n. s.* দেখান, দিতে চাহন, মান্যমান, সমাদর, বৃহৎ জাহাজের সমভিব্যাহারী ক্ষুদ্র জাহাজ, নিবেদন, প্রসঙ্গ, দরখাস্ত, প্রস্তাব।

Tenderhearted, *a.* করুণাময় চিত্ত, দয়ালু অন্তঃকরণ যাহার, কোমল বা নরম চিত্তবিশিষ্ট, কোমলান্তঃকরণ, কৃপালু, স্নেহী।

Tenderheartedness, *n. s.* দয়ালু স্বভাব, করুণাময় চিত্তবিশিষ্টত্ব, কোমল বা নরম প্রকৃতি।

Tenderling, *n. s.* হরিণের প্রথমজ শৃঙ্গ, হরিণের প্রথমে উঠে যে শৃঙ্গ, স্নেহপাত্র, আদুর্য্যা, অত্যন্ত আদর বা সোহাগের দ্বারা কোমল নরম লাজুক বা বলহীন হইয়াছে যে।

Tenderly, *ad.* স্নেহপূর্ব্বক, করুণাপূর্ব্বক, কৃপালুতারূপে, দয়াপূর্ব্বক, কোমলরূপে, আস্তে২, সাবধানে, নরম করিয়া, অনুগ্রহ বা করুণাপূর্ব্বক, অল্পে পীড়া বোধ হয় এমতরূপে।

Tenderness, *n. s.* Fr. অনুকম্পা, করুণা, নরমী, সোহাগ, প্রেম, অল্পে পীড়া বোধহওনের ভাব, লাজুকতা, কোমলতা, নরমের ভাব, অল্পে দুঃখ বোধহওনের ভাব, অনুগ্রহ, কৃপা, স্নেহ, দয়া, পরের হিতাকাঙ্খা, সাবধানতা, খবরদারী।

Tendinous, *a.* Fr. Lat. শিরাময়, শিরাবিশিষ্ট।

Tendon, *n. s.* Lat. শিরা, শির, রগ।

Tendril, *n. s.* Fr. লতার আঁকড়ি, লতার যড়ি।

Tendril, *a.* লতার ন্যায় যড়ায় বা উঠে যে।

Tenebricose বা **Tenebrous,** *a.* Lat. Fr. অন্ধকার, ঘোর, তিমিরময়।

Tenebrious, *a.* তথা।

Tenebrosity, *n. s.* Fr. অন্ধকার, ঘোর।

Tenement, *n. s.* Fr. Lat. রাইয়তী বিষয়, রাইয়তের দখলে থাকে যাহা, ঘর, বাটী, বাসা।

Tenemental, *a.* রাইয়তী, কেরায়া হয় যাহার বা যাহাতে, কেরায়া বা রাইয়তীর যোগ্য বা উপযুক্ত।

Tenementary, *a.* ভাড়াটিয়া, কেরায়া দেওয়া যায় যাহাতে, কেরায়া সম্বন্ধীয়।

Tenent, *n. s.* Tenet শব্দ দেখ।

Tenerity, *n. s.* Lat. কোমলতা, নরম বা লাজুকের ভাব।

Tenesmus, *n. s.* ক্ষণে২ বাহ্যপীড়া বা তজ্জন্য হয় যে ব্যথা।

Tenet, *n. s.* ব্যবস্থা, মত, ধর্ম্ম, রীতি।

Tenfold, *a.* দশগুণ, দশবার, দশহারা, দশদফা।

Tennis, *n. s.* আণ্টাল খেলাবিশেষ।

To **Tennis,** *v. a.* আল্টাল-খেলা, পূর্ব্বোক্ত ক্রীড়া-কৃ।

Tenon, *n. s.* Fr. যে কড়িকাঠ অন্য কড়ির সহিত মিলাইবার নিমিত্তে কাটা গিয়াছে তাহার আগা বা মাথা।

Tenour, *n. s.* Lat. Fr. ধারা, রীতি, তর, সর্ব্বদা যেরূপ হইয়া থাকে তদ্ভাব, আভাস, অভিপ্রায়, তাৎপর্য্য, অনুযায়িত্ব, অনুসারিত্ব, অর্থ, মানে, চলন, বাদ্যস্বরবিশেষ, সুরবিশেষ।

Tense, *n. s.* Fr. Lat. কাল, ব্যাকরণে ক্রিয়ার কালবাচক শব্দ, যথা বর্ত্তমান অতীত বা ভাবী।

Tense, *a.* Lat. দৃঢ়, শক্ত, কঠিন, আলগা নহে যে, টানা, কষা, চড়া।

Tenseness, *n. s.* টানাটানি, ঢিলা বা আল্গার বিপরীত ভাব, চটচটেমি, আটার ভাব।

Tensible, *a.* Lat. আটার ন্যায় লম্বা হইতে পারে বা করা যাইতে পারে যাহাকে, ঘন, বিস্তরণীয়, টানন যোগ্য।

Tensile, *a.* Lat. তথা।

Tension, *n. s.* Fr. Lat. আটার ভাব, ঢিলা বা আল্গার বিপরীত ভাব, টানাটানি।

Tensive, *a.* Lat. শক্ত, কঠিন, দৃঢ়, আটার ন্যায়, ঢিলা বা আল্গা নহে যে, ঘন।

Tensure, *n. s.* Lat. আটার ন্যায় বিস্তৃতহওন তদ্গুণ বা ভাব, ঢিলা বা আল্গার বিপরীত ভাব।

Tent, *n. s.* Fr. Lat. তাম্বু, অল্পকালের নিমিত্তে থাকিবার গৃহ, ডেরা, রাওতী, লিণ্টনামক বস্ত্রের জড়ান পলিতা যাহা ক্ষতের মধ্যে দেওয়া যায়, ঘায়ের পলিতা, মদ্যবিশেষ।

To **Tent,** *v. n.* পূর্ব্বোক্ত গৃহে বাস-কৃ, তাম্বুতে-থাক।

To **Tent,** *v. a.* লিণ্টনামক বস্ত্রের পলিতার দ্বারা ক্ষত ঘাঁটিয়া-দেখ বা পরিষ্কার-কৃ।

Tentage, *n. s.* তাম্বুতে বাসকরণ, তাম্বু গাড়িয়া থাকন, ডেরা ফেলন।

Tentation, *n. s.* Fr. Lat. পরীক্ষা, লোভ, লালচ, প্রবৃত্তিজনক বিষয়।

Digitized by Google

Tentative, *a.* Fr. পরীক্ষাকারী, যাচাই করে যে।
Tented, *a.* তাম্বুতে ঘেরা তদ্যুক্ত বা বিশিষ্ট।
Tenter, *n. s.* Lat. Sax. কোন দ্রব্য বিস্তীর্ণকরণার্থে লৌহ প্রেক, অস্ত্রবিশেষ যাহাতে কোন দ্রব্য টানিয়া বাড়ান যায়।
To be on the tenters, উৎপাত বা আপদ্গ্রস্ত-হ, মুস্কিলে-পত, ফেরে-পত, স্থির বা ধার্য্য করিতে না-পার, সন্দিগ্ধ-হ।
To Tenter, *v. a.* পূর্ব্বোক্ত অস্ত্রে কোন দ্রব্য টানিয়া-বাড়া।
To Tenter, *v. n.* বাড়, আটার ন্যায় টানে-বাড়।
Tenterground, *n. s.* পূর্ব্বোক্ত অস্ত্র পোতা থাকে যে স্থানে।
Tenth, *a.* Sax. দশম, দশঞি।
Tenth, *n. s.* দশমাংশ, পাদরিরদিগের তাবৎ বৃত্তির যে অংশ রাজার প্রাপ্য তাহাকে Tenths কহে।
Tenthly, *ad.* দশমতঃ, দশ দফা, দশমে, দশদফায়।
Tentiginous, *a.* Lat. শক্ত, আটাবৎ।
Tentory, *n. s.* Lat. তাম্বু, ঢাকা, সামিয়ানা।
Tentwort, *n. s.* বৃক্ষবিশেষ।
Tenuifolious, *a.* Lat. পাতলা পত্রবিশিষ্ট বা যুক্ত, পাতলা পাতা আছে যাহাতে বা যাহার।
Tenuity, *n. s.* Fr. Lat. পাতলামি, হালকামি, দরিদ্রতা, ক্ষুদ্রতা, সূক্ষ্মতা, কৃশতা, ক্ষীণতা।
Tenuous, *a.* Lat. সরু, পাতলা, হালকা, ক্ষুদ্র, সূক্ষ্ম।
Tenure, *n. s.* Lat. Fr. ভুক্তি, দায়, যে করারে ভাড়া দেওয়া বা লওয়া যায়।
Tepefaction, *n. s.* Lat. ঈষদ্ উষ্ণকরণ, অল্প গরমকরণ, কিঞ্চিৎ তাতান।
Tepid, *a.* Lat. ঈষদ্ উষ্ণ, অল্প গরম, কিঞ্চিৎ তপ্ত, কুসুম তপ্ত, অল্প তপ্ত।
Tepidity, *n. s.* Fr. ঈষদ্ উষ্ণতা, অল্প গরমাই, কিঞ্চিৎ তাত।
Tepor, *n. s.* Lat. তথা।
Terapin, *n. s.* কচ্ছপবিশেষ।
Teratology, *n. s.* বড়ফট্টাই, বড়াই।
Terce, *n. s.* Fr. Lat. পিপাসংজ্ঞক পরিমাণের তৃতীয়াংশ, ৪২ গেলান ধরে এমত মদিরার পাত্র।
Tercel, *n. s.* বাজপক্ষী, Tassel শব্দ দেখ।
To Trumpet, *v. a.* Fr. পূর্ব্বোক্ত বাদ্য বাজাইয়া প্রকাশ বা ব্যক্ত -কৃ, ঢেড়রা-দা, রাষ্ট্র-কৃ, প্রচার-কৃ, ঘোষণা-কৃ বা-দা।

Trumpeter, *n. s.* রণশিঙ্গাওয়ালা, তূরীবাদক, তূরীধ্বনিকর্ত্তা, ভেরী বাজান্যা, ভোড়োঙ্গিয়া, ঘোষণাকর্ত্তা বা দাতা, প্রচারক, প্রকাশক, মৎস্যবিশেষ।

Trumpet-flower, *n. s.* পুষ্পবিশেষ।

Trumpet-tongued, *a.* রণশিঙ্গা বা ভোড়ঙ্গের শব্দের ন্যায় ভড়ং করিয়া কথা কহে যে বা গলা যাহার।

Trumplike, *a.* রণশিঙ্গা বা ভোড়ঙ্গের ন্যায় বা তত্তুল্য।

Digitized by Google

To **Truncate**, *v. a.* Lat. অঙ্গ ছিন্ন-কৃ, ছাঁট, কপ্‌চা, কাটিয়া ছোট-কৃ, ছেদ-কৃ।

Truncation, *n. s.* অঙ্গ ছিন্নকরণ, কাটিয়া ছোট বা খাটকরণ, কপ্‌চান।

Truncheon, *n. s.* Fr. আশা, মুদ্গর, মুষল, লাটি, ঠেঙ্গা, সোঁটা, ক্ষমতাপ্রযুক্ত বা প্রাধান্য উদ্বোধক দত্ত চিহ্নবিশেষ।

To **Truncheon**, *v. a.* দণ্ডাঘাত-কৃ, ঠেঙ্গা বা লাটি-মার।

Truncheoneer, *n. s.* পূর্ব্বোক্ত দণ্ডবিশিষ্ট বা তদ্ধারী, আশা মুদ্গর লাটি বা যষ্টিধারী, চোপ্‌দার, আশাবরদার।

To **Trundle**, *v. n.* Fr. Sax. গড়া, গড়াগড়ি-দা, গড়াইয়া-যা।

To **Trundle**, *v. a.* গড়াইয়া-দা বা-ফেল।

Trundle, *n. s.* Sax. দণ্ডাকৃতি বা গড়ান্যা দ্রব্য, গড়াইয়া যায় এমত গোলাকৃতি দ্রব্য।

Trundlebed, **Trucklebed** শব্দ দেখ।

Trundle-tail, *n. s.* গোল লাঙ্গুল বা লেজ, কুকুরবিশেষ।

Trunk, *n. s.* Lat. Fr. গাছের গুড়ি, শরীর, গাত্র, দেহ, ধড়, কোন দ্রব্যের প্রধান অঙ্গ, চর্ম্মমণ্ডিত সিন্ধুক, তোরঙ্গ ইতি ভাষা, এশব্দে কখন কাগচ মোড়া ক্ষুদ্র সিন্ধুককেও বুঝায়, হস্তির শুণ্ড, শুণ্ড, শুঁড়।

Trunked, *a.* শুণ্ডযুক্ত বা বিশিষ্ট, শুঁড়ওয়ালা।

Trunk-hose, *n. s.* পূর্ব্বকালে ব্যবহৃত পায়জামাবিশেষ।

Trunnions, *n. s.* Fr. কামানের হাতল বা বাজুবিশেষ।

Trusion, *n. s.* Lat. ঠেলা মারণ বা দেওন, ধাক্কা, নিঃসরণ।

Truss, *n. s.* Fr. পটি বা বন্ধনীবিশেষ, বোঝা, আটি, তাড়া, পুলিন্দা, ঠাসিয়া চাপিয়া বা কসিয়া ভরা বা রাখা গিয়াছে যে দ্রব্য।

To **Truss**, *v. a.* Fr. বোঝাবন্দি-কৃ, ঠাসিয়া কসিয়া বা চাপিয়া তাড়া আটি বা পুলিন্দা-বাঁধ।

Trust, *n. s.* বিশ্বাস, প্রত্যয়, আস্থা, ভরসা, জিম্মা, গচ্ছান, ধার, উধার, কর্জ, যাহার নিকট কোন দ্রব্য গচ্ছিত করিয়া রাখা যায় তাহার ভাব বা অবস্থা, গচ্ছিত ধন, বিন্যস্তের ভাব, ধারে ক্রয় বা বিক্রয় কর্জ্জ।

To **Trust**, *v. a.* বিশ্বাস বা প্রত্যয়-কৃ, জিম্মায়-রাখ, প্রত্যয় বা গচ্ছিত করিয়া-রাখ, গচ্ছিত-কৃ, প্রত্যয় করিয়া-দা বা-রাখ, গছিয়া-রাখ, ধারে-বেচ, ধার উধার বা কর্জ-দা।

To **Trust**, *v. n.* ভরসা আশা বা প্রত্যাশা-কৃ, প্রত্যয়-হ, বিশ্বাস-হ, নিশ্চয়-জান, নিষ্ঠা-হ, নিতান্ত-বুঝ, নিষ্কর্ষ-বুঝ, নিঃসন্দেহ-কৃ, ঔদার্য্যভাব-কৃ, উদার-হ, অকপট-হ।

Trustee, *n. s.* গোমাস্তাবিশেষ, কোন বিষয় বিশ্বাস করিয়া রাখা যায় যাহার নিকট তদ্ব্যক্তি, পরধন বা বিষয় রক্ষার্থ নিরূপিত নিযুক্ত বা মনোনীত জন, অভিভাবক, অধ্যক্ষ।

Truster, *n. s.* বিশ্বাস বা প্রত্যয়কর্ত্তা, ধার বা উধার দেয় যে ব্যক্তি।

Trustily, *ad.* বিশ্বস্তরূপে, প্রত্যয় হয় এমতরূপে, যথার্থরূপে, বিশ্বাস বা প্রত্যয় করিয়া।

Trustiness, *n. s.* বিশ্বস্ততা, সাধুতা, যথার্থতা, ধার্ম্মিকতা, সততা, ইমানদারি, ধর্ম্মশীলতা, সত্যতা।

Trustless, *a.* অসাধু, অসৎ, নিমকহারাম, অবিশ্বস্ত, অবিশ্বাসী, প্রত্যয় হইতে পারে না যাহাকে, বিশ্বাস নাই যাহার উপর।

Trusty, *a.* বিশ্বস্ত, সাধু, যথার্থ, বিশ্বাসী, প্রত্যয়ী, অনপহারক, নিরপহারী, ধর্ম্মশীল, ধর্ম্মনিষ্ঠ, সৎ, বিশ্বাস হইতে পারে বা করা যাইতে পারে যাহাকে, অব্যর্থ, বিশ্বাসের যোগ্য বা উপযুক্ত যে, শক্ত, দৃঢ়, মজবুত।

Truth, *n. s.* Sax. ন্যায়, সত্য, সমঞ্জস, সমীচীন, সত্যতা, যাথার্থ্য, প্রকৃততা, বিশ্বস্ততা, সাধুত্ব, ধর্ম্মনিষ্ঠা।

In **Truth** বা *of a* **Truth**, যাথার্থ্য বা প্রকৃতরূপে, বস্তুতঃ, ফলতঃ।

Truthful, *a.* সত্যময়, সাধুত্ব ধর্ম্ম বা নিষ্ঠাতে পরিপূর্ণ বা তদ্বিশিষ্ট।

Truthless, *a.* সত্যহীন, অসৎ, অযথার্থ, অন্যায়, বিশ্বাসরহিত, অবিশ্বস্ত, অপ্রকৃত, কাল্পনিক, মিথ্যা।

Trutination, *n. s.* Lat. ওজনকরণ, মাপ, তউল, ওজন করিয়া দেখন বা তদ্দ্বারা পরীক্ষা।

To **Try**, *v. a.* Fr. পরীক্ষা-কৃ, পরখ-কৃ, যাচ, কষ, বিচার-কৃ, তত্ত্ব বীজ-কৃ, বিবেচনা-কৃ, চেষ্টা-কৃ, উদ্যোগ-কৃ, শোধন-কৃ, শোধাই-কৃ, আদালতে-আনী বা তৎস্থানে বিচার বা তত্ত্ববীজ-কৃ, বিচার বা পরীক্ষা করিয়া-দেখ বা-জান, পরখাইয়া-দেখ।

To **Try**, *v. n.* চেষ্টা-কৃ, উদ্যোগ-কৃ, পরখ করিয়া-দেখ, পরখাই-কৃ।

Tub, *n. s.* Dut. কাষ্ঠপাত্রবিশেষ, কেটুয়া, কাটের মেচলা, গামলা, টব ইতি ভাষা, সৃণিকাপাত্র, মুখ আইসন।

Tube, *n. s.* Fr. Lat. চোঙ্গা, চুঙ্গী, নল, নলী, প্রণালী, শিঙ্গা।

Tubercle, *n. s.* Fr. Lat. বুণবিশেষ।

Tuberose, *n. s.* পুষ্পবিশেষ।

Tuberous, *a.* Fr. Lat. আবুযুক্ত, আবুময়, প্রবর্দ্ধনময়।

Tubular, *a.* Lat. প্রণালীবৎ, নলাকৃতি, চুঙ্গিবদাকার, চোঙ্গার ন্যায়, চোঙ্গাওয়ালা, লম্বা এবং ভিতর ফাঁপা যাহার।

Tubulated বা **Tubulous**, *a.* Lat. তথা।

Tubule, *n. s.* Lat. ক্ষুদ্র চোঙ্গা বা নলীবিশেষ।

Tuch, *n. s.* প্রস্তরবিশেষ।

Tuck, *n. s.* Wel. Fr. Ital. লম্বা কম চৌড়া তরবালবিশেষ, সয়েফ্, একপ্রকার জাল, খাপবিশেষ, আকর্ষণী, টানা।

To **Tuck**, *v. a.* Ger. গুটা, গুড়া, জড়া, গোট-কৃ, একত্র-ভাঁজ বা জড়-কৃ, গুঁজিয়া বা খুঁসিয়া-রাখ, ঢুকা, চাপিয়া দাবিয়া বা কষিয়া একত্র-রাখ বা-বান্ধ, ছড়াইয়া বা মেলাইয়া পড়িতে না-দা, কাপড় দিয়া-জড়া, কাপড় মুড়িয়া-রাখ।

To **Tuck**, *v. n.* কোঁচকা-হ, ছোট-হ, ইতরভাষা জানিবে।

Tucker, *n. s.* স্ত্রী লোকের বক্ষোদেশাচ্ছাদন উপবস্ত্রবিশেষ।

Tucket বা **Tucet**, *n. s.* Ital. কাটী, কাটীদেওন।

Tucketsonance, *n. s.* ভেরী বা রণশিঙ্গার বাদ্যের ভঙ্গিবিশেষ।

Tuel, *n. s.* Fr. গৃহদ্বার, মার্গ, গাঁড়, পোঁদ।

Tuesday, *n. s.* Sax. সপ্তাহের তৃতীয় দিবস, কুজবার, মঙ্গলবার।

Tuft, *n. s.* Fr. Sax. গুচ্ছ, গোছা, থুবা, ঝাড়, শিখা।

To **Tuft**, *v. a.* গুচ্ছ-কৃ, গোছা-বাঁধ, থুবা-কৃ, গুচ্ছদ্বারা শোভিত-কৃ, থুবা দিয়া-সাজা।

Tuftaffaty, *n. s.* চেলি বা রেশমবিশেষ।

Tufted, *a.* গুচ্ছ হইয়া বা থোবা বান্ধিয়া উঠে যে।

Tufty, *a.* গুচ্ছ হইয়া বা থোবা বান্ধিয়া উঠে যে, গুচ্ছবিশিষ্ট, থোবাওয়ালা, গুচ্ছময়, গুচ্ছ বা থোবার দ্বারা শোভিত।

To **Tug**, *v. a.* Sax. টানিয়া লইয়া-যা, আকর্ষণ-কৃ, টান, অতি শ্রমে ক্রমিক-টান, হেঁচকা-টান, দমকা-টান, উপড়া, তুলিয়া-ফেল, উৎপাটন-কৃ।

To **Tug**, *v. n.* টানাটানি-কৃ, টান-মার, আকর্ষণ-কৃ, টান, হেঁচকা-মার, পরিশ্রম-কৃ, চেষ্টা-কৃ, কায়মনোবাক্যে চেষ্টা-কৃ।

Tug, *n. s.* টানিয়া লইয়া যাওন, আকর্ষণ, টান, হেঁচকা।

Digitized by Google

Tugger, *n. s.* টানিয়া লইয়া যায় যে, আকর্ষণ করে বা দৃঢ় করিয়া টানে যে, হেঁচকা মারে যে।

Tuggingly, *ad.* কষ্টরূপে, পরিশ্রমে, টানাটানিপূর্ব্বক, পরিশ্রম পূর্ব্বক, ক্লেশে, যত্ন করিয়া, আয়াসপূর্ব্বক।

Tuition, *n. s.* Fr. শিক্ষা, উপদেশ, অভিভাবকতা, রক্ষকতা, প্রতি পালকতা, পালকত্ব, তরবিয়ত, অভিভাবক, উপদেশক, চেষ্টা যত্ন বা আয়াস কর্ম্ম।

Tulip, *n. s.* Fr. Lat. পুষ্পবিশেষ, মল্লিকা।

Tuliptree, *n. s.* উত্তর আমেরিকা দেশীয় বৃক্ষবিশেষ।

To **Tumble,** *v. n.* Fr. Dut. পত, পড়, আছাড়-খাদ, হুড়হুড় করিয়া-পত, গড়াইয়া-পত, লুট, লুটপুট-খাদ, পটকান-খাদ, হুড়ুহু করিয়া-পত, অধিক এককালে-পত, পড়িয়া-যা, নিপাত -হ, বাজি-কৃ, ইন্দ্রজাল-কৃ।

To **Tumble,** *v. a.* উল্টাইয়া-ফেল, উলটপালট-কৃ, নিপাত-কৃ, ফেল, নিক্ষেপ-কৃ, অসাবধানে বা বেগে-ফেল, পাড়িয়া-দা, ফে লিয়া-দা, পটকান-মার, অধঃপতন-করা, নীচে-ফেল।

Tumble, *n. s.* পতন, পড়ন, পটকান, আছাড়, ডিগ্বাজি।

Tumbler, *n. s.* মদিরাপানের একপ্রকার বৃহৎ পেয়ালা, বড় পে য়ালা, টম্বল ইতি ভাষা, বাজি, ভেল্কী, ডিগ্বাজিকর, ডিগ্বাজি খায় যে, এক জাতীয় কপোতবিশেষ, লোটন, গৃহবাজ, এক জা তীয় কুকুর।

Tumbrel, *n. s.* Fr. পুরীষ বহনের গাড়ীবিশেষ, ময়লা ফেলা গাড়ী, গুর গাড়ী।

Tumefaction, *n. s.* Lat. স্ফীতি, ফুলা, ফুলন, ফাঁপ।

To **Tumefy,** *v. a.* Lat. স্ফীত-হ বা-কৃ, ফুলা, ফাঁপা।

Tumid, *a.* Lat. স্ফীত, ফুলা, ফাঁপা, প্রগল্ভ, গর্ব্বী, জেঁকো, ভড় কাল, জমকাল।

Tumorous, *a.* তথা।

Tumour, *n. s.* Lat. আবু, স্ফীতি, ফাঁপ, স্ফোটক, ফোঁড়া, ব্রণ, প্রাগল্ভ্য, জাঁক জমক, ভড়ক।

Tumoured, *a.* আবুওয়ালা, স্ফীত, ফুলা, ফাঁপা।

Tump, *n. s.* ক্ষুদ্র পর্ব্বতের শিখর বা উচ্চ ভাগ।

To **Tump,** *v. a.* মালির ভাষায় গাছের গোড়া-বাঁধ গোড়ায় মাটী-দা বা গোড়া-বেড় বুঝায়।

To **Tumulate,** *v. n.* Lat. স্ফীত-হ, ফোল, ফাঁপ, বড়-হ, উচ্চ -হ।

Tumulose, *a.* Lat. পর্ব্বতময়, পাহাড়্যা।

Tumulosity, *n. s.* Lat. পর্ব্বতময়ত্ব, পাহাড়ে পরিপূর্ণত্ব।

Tumult, *n. s.* Fr. Lat. ভিড়, গোল, জনতা, উদ্দধুন্দ, গড়বিড়, গণ্ড গোল, হঙ্গাম, সোরসরাবত, হুলস্থূল, হুড়াহুড়ি, ধুমধাম।

To **Tumult,** *v. n.* ভিড় গোল বা জনতা-কৃ, সোরসরাবত-হ বা-কৃ, হুলস্থূল-হ, হুড়াহুড়ি বা ধুমধাম-হ।

Tumulter, *n. s.* গোলমালকর্ত্তা, সোর হঙ্গাম করে যে ব্যক্তি, হুড়াহুড়ি বা ধুমধামকর্ত্তা, দাঙ্গাবাজ।

Tumultuarily, *ad.* গোলমাল জনতা বা সোরসরাবতপূর্ব্বক, হুল স্থূলপূর্ব্বক, দাঙ্গাপূর্ব্বক।

Tumultuariness, *n. s.* হুলস্থূল, গোলযোগ, ধুমধাম, গণ্ডগোল।

Tumultuary, *a.* Fr. শৃঙ্খলারহিত, গোলমাল, মিশান, মেশ ঘোস করা, অস্থির, হুলস্থূলে পড়িয়াছে যে।

To **Tumultuate,** *v. n.* Lat. গোলমাল-হ বা-কৃ, হুলস্থূল-হ, দাঙ্গা -হ, গণ্ডগোল-কৃ।

Tumultuation, *n. s.* গোলমাল, হুলস্থূল, সোরসরাবত, হঙ্গাম, গণ্ডগোল।

Tumultuous, *a.* Fr. হুলস্থূলযুক্ত, সোরসরাবতযুক্ত, হুড়ে, গণ্ড গোলিয়া, কলহকারী, হঙ্গামী, গোলমালিয়া।

Tumultuously, *ad.* গোলমালপূর্ব্বক, হুড়াহুড়ি করিয়া, হঙ্গাম বা গণ্ডগোলপূর্ব্বক।

Tumultuousness, *n. s.* গোলমাল বা হুড়াহুড়ির ভাব বা অবস্থা, সোর হাঙ্গাম বা গণ্ডগোলের ভাব।

Tun, *n. s.* Sax. বৃহৎ পিপাবিশেষ, ২৫ মোন পরিমাণ, কথোপ কথনে অনেক পরিমাণকে বুঝায়, মাতাল, জাহাজের মধ্য স্থা নের পরিমাণ বা কালি।

To **Tun,** *v. a.* পূর্ব্বোক্ত পিপায়-ভর বা-পুর।

Tunable, *a.* সুস্বর, সুশ্রাব্য, স্বরযুক্ত, সুরওয়ালা সুর লাগান যাই তে পারে যাহাতে।

Tunableness, *n. s.* সুস্বর, সুশ্রাব্যত্ব, সুর হইতে পারে বা লাগান যাইতে পারে যাহাতে তাহার ভাব বা অবস্থা।

Tunably, *ad.* সুস্বরপূর্ব্বক, সুশ্রাব্যরূপে, মধুর স্বরে।

Tun-dish, *n. s.* Tunnel শব্দবৎ অর্থ জানিবা তৎশব্দ দেখ।

Tune, *n. s.* Dut. রাগ, রাগিণী, স্বর, সুর, মিল, ব্যবহারের যো গ্যত্ব, যথার্থ ভাব বা লক্ষণ, স্বভাব, খোষমেজাজ।

To **Tune,** *v. a.* স্বর বদ্ধ-কৃ, স্বরের মিল-কৃ, সুর-মিলা, সুর-বাঁধ, আলাপচারি-কৃ, সুস্বরে গান-কৃ।

To **Tune,** *v. n.* সুরে-মিল, সুর-গাঁথ।

Tuneful, *a.* সুশ্রাব্য, মিষ্ট, স্বরের মিলযুক্ত, সুস্বর।

Tuneless, *a.* কুশ্রাব্য, সুস্বর নহে যে বা নাই যাহাতে, বেসুর।

Tuner, *n. s.* যে সুর বান্ধে বা স্বরের মিল করে, সুর লাগায় যে।

Tunick, *n. s.* Sax. রোমাণদিগের পরিচ্ছদবিশেষ, জামাবিশেষ, কুর্ত্তি, আচ্ছাদন, ত্বক্, পর্দা, চামড়া, আবরণ, ছাল।

Tunicle, *n. s.* আচ্ছাদন, ত্বক্, চর্ম্ম, চামড়া, ছাল।

Tuning, *n. s.* একত্রে গানকরণ, সুর লাগান, সুর বান্ধন বা স্বরের মিলকরণ, আখড়ার গান।

Tunnage, *n. s.* নৌকার কালি বা তাহাতে সামঞ্জস্য হয় যত দ্রব্য তদ্দ্রব্য বা পরিমাণ, জাহাজ বা নৌকার বোঝাই, টন নামে পরি মাণের শুল্ক বা কর, জাহাজভাড়া, খোলভাড়া।

Tunnel, *n. s.* Sax. ধূঁয়াধরা খিলি, ফুঁদিল, ধূঁয়ার ফুকর, ধূমরন্ধ্র, জালবিশেষ, খিলি।

To **Tunnel,** *v. a.* পূর্ব্বোক্তরন্ধ্রাকার-কৃ, ধূঁয়ার ফুকরের ন্যায়-কৃ, জালে-ধর, জাল-বানা, জাল-কৃ, জালি-কৃ।

Tunny, *n. s.* Ital. সমুদ্রীয় মৎস্যবিশেষ।

Tup, *n. s.* মেষ, মেঢ়া, ভেড়া।

To **Tup,** *v. n.* পূর্ব্বোক্ত জন্তুর ন্যায় ঢুস-মার বা-গুতা, ভেড়ার লড়াই-কৃ।

To **Tup,** *v. a.* মেষের সঙ্গম-কৃ।

Turban বা **Turband** বা **Turbant,** *n. s.* Turk. পাগ, পাগড়ি, মস্তকাবরণী, মস্তকভূষণ, উষ্ণীষ, ফেঁটা, চিরা, টুপী।

Turbaned, *a.* পাগড়িওয়ালা, পাগ আছে যাহার, পাগ বা উষ্ণীষ বান্ধা চিরা বা ফেটাযুক্ত বা তদ্বিশিষ্ট।

Turbary, *n. s.* Lat. ঘাসের চাপড়া খুদিবার বা কাটিবার অধিকার, ঘাসের চাপড়া খোদা যায় যে স্থানে তৎস্থান বা কর্ম্মের ক্ষমতা।

Turbid, *a.* Lat. ঘন, ঘোলা, অনির্ম্মল, অপরিষ্কার, কাদড়াট্যা, কাদাট্যা, কর্দমময়, মলিন, ময়লা।

Turbidly, *ad.* গর্ব্বপূর্ব্বক, অহঙ্কার বা মাৎসর্য্যপূর্ব্বক, দেমাক করিয়া, বড়াই বা গরিমাপূর্ব্বক।

Turbidness, *n. s.* ঘন বা ঘোলার ভাব বা অবস্থা, অনির্ম্মলত্ব, ময়লা, মলিনত্ব, অপরিষ্কারত্ব।

Digitized by Google

Turbinated, *a.* Lat. পাকান, প্যেঁচান, জড়ান, সর্পাকৃতি, ছুঁচল, আগা সরু যাহার, গোড়া মোটা বা প্রশস্ত এবং ক্রমে অগ্রভাগ সরু বা ছোট যাহার, উদ্যানবিদ্যায় বৃক্ষের বিশেষণবাচক, আপনাআপনি ঘুরে বা ফিরে যে।

Turbination, *n. s.* ভাঁটার ন্যায় ঘুরণ বা ফেরণ বা তদ্রূপ।

Turbith, *n. s.* Lat. পারদবিশেষ।

Turbot, *n. s.* Fr. Dut. মৎস্যবিশেষ।

Turbulence বা **Turbulency,** *n. s.* Fr. গণ্ডগোল, ধুমধাম, বিবাদ, ঝগড়া, হুলস্থূল, গোলমাল, হঙ্গাম, গোল, সোর, কলহ, কলকলী, মাথাপাগলামি, দুঁদ্যামি, ঠেঁটামি, নষ্টামি, নষ্টতা, দুষ্টতা।

Turbulent, *a.* Lat. বিবাদজনক, ঝগড়া লাগায় বা বাধায় যে, জবরদস্ত, দুঁদ্যা, গণ্ডগোলিয়া, কলহকারী, হঙ্গামী, ঠেঁটা, নষ্ট, দুষ্ট, মাথাপাগলা, গোলমেলিয়া, গোঁয়ার।

Turbulently, *ad.* দুঁদ্যামি বা গোঁয়ারতিমিপূর্ব্বক, কলহ গণ্ডগোল বা হুলস্থূল হয় এমতরূপে, বিবাদজনকতাপূর্ব্বক, বিবাদ বিসম্বাদ বা ঝকড়া করিয়া বা তৎপূর্ব্বক।

Turcism, *n. s.* Lat. তুরুকেরদের ধর্ম্ম উপাসনা বা মত।

Turcois, Turkois শব্দ দেখ।

Turd, *n. s.* Sax. মল, বিষ্ঠা, বিট্।

Turf, *n. s.* Sax. ঘাসের চাপড়া, চাপড়া, চাপ, চাঁই, মৃত্তিকার উপরি ভাগ।

To **Turf,** *v. a.* ঘাসের চাপড়া দিয়া আচ্ছাদন-কৃ বা-ঢাক, ঘাসের চাপড়া-বসা বা-লাগা।

Turfiness, *n. s.* ঘাসের চাপড়ায় আবৃতত্ব, ঘাসের চাপড়ায় ভরা বা ঢাকার ভাব বা অবস্থা, ঘাসাবৃতত্ব।

Turfy, *a.* ঘাসের চাপড়ায় পরিপূর্ণ, ঘাসের চাপড়াময়, ঘাসের চাপড়ায় ঢাকা বা আবৃত বা তদ্দ্বারা বান্ধা বা গাঁথা।

Turgent, *a.* Fr. স্ফীত, ফুলা, ফাঁপা, প্রগল্ভ, দেখান্যা, জেঁকো, জাঁকাল, ভড়কওয়ালা।

Turgescence বা **Turgescency,** *n. s.* Lat. স্ফীতকরণ বা হওন, স্ফীত, ফুলন, ফাঁপন, প্রগল্ভতা, জেঁকোমি, মিছা ভড়ক।

Turgid, *a.* Lat. অধিক আয়তনবিশিষ্ট, স্ফীত, ফুলা, ফাঁপা, প্রগল্ভ, জাঁকাল, জমকাল, ভড়কে।

Turgidity, *n. s.* স্ফীতত্ব, ফুলা, ফাঁপ, প্রগল্ভতা, জাঁক, জমক, ভড়ক, চাকচিক্য।

Turgidness, *n. s.* জাঁক, জমক, ভড়ক, চাকচিক্য, জেঁকোমি, বড়াই, অভিমান।

Turkey, *n. s.* তুরুকদেশহইতে আনীত বৃহৎ পক্ষিবিশেষ, পেরু ইতি ভাষা।

Turkois, *n. s.* Fr. মণি বা প্রস্তরবিশেষ।

Turkscap, *n. s.* ক্ষুদ্র বৃক্ষবিশেষ।

Turm, *n. s.* Lat. সৈন্য, ফৌজ, সৈন্য দল, দঙ্গল।

Turmerick, *n. s.* Lat. ভারতবর্ষে জাত মূলবিশেষ, হরিদ্রা, হলুদ।

Turmoil, *n. s.* উৎপাত, আপদ, দুঃখ, ক্লেশ, উপদ্রব, দৌরাত্ম্য, লুঠ ফসাদ, মারিপিট।

To **Turmoil,** *v. a.* কর্ম্মের উপদ্রোহ-কৃ, উৎপাতে-ফেল, আপদ্গ্রস্ত-কৃ, ত্যক্ত-কৃ, দুঃখ-দা, পীড়া ক্লেশ বা যাতনা-দা, হয়রাণ-কৃ, অসুখী বা অস্থির-কৃ।

To **Turmoil,** *v. n.* উৎপাতে-পত, আপদ্গ্রস্ত-হ, অসুখী বা অস্থির-হ।

To **Turn,** *v. a.* Sax. ঘুরা, পাক-দা, পাক-লাগা, ঘুরপাক-দা, উল্টা, উল্টাইয়া-দা বা-ফেল, উলটপালট-কৃ, তলা উপর-কৃ, ফিরা, ফেরফার-কৃ, পরিবর্ত্তন-কৃ, ভিতর দিগ বাহির-কৃ, বহিষ্কৃ, গঠ, নির্ম্মাণ-কৃ, আকার-কৃ, বদলা, আভার পরিবর্ত্তন-কৃ, রূপান্তর-কৃ, রূপ-বদলা, রূপ-ফেরা, অন্যাকৃতি-কৃ, বর্ণান্তর-কৃ, রূপ-বদলা, ভাবান্তর-কৃ, কোন বস্তুকে প্রকারান্তর-কৃ বা তাহার স্বভাবের বৈলক্ষণ্য-কৃ, অদৃষ্ট ভাগ্য বা কপাল-ফিরা, তর্জমা-কৃ, ভাবান্তর বা অবস্থান্তর-কৃ, অন্য মতাবলম্বী-কৃ, মত-ফিরা, মত-বদলা, অন্য দলাক্রান্ত-কৃ, ভিন্ন দলে প্রবিষ্ট-কৃ বা-দা, ধর্ম্মের পরিবর্ত্তন-কৃ, মতান্তর-কৃ, ইচ্ছা স্বভাব বা প্রকৃতির পরিবর্ত্তন-কৃ, এক আশয়হইতে অন্য আশয়যুক্ত বা প্রাপ্ত-কৃ, একহইতে অন্যেতে অর্পণ-কৃ, বরাত-দা, হস্তান্তর বা স্থানান্তর-কৃ, পচা, শড়া, গলা, উন্মত্ত-কৃ, পাগল-কৃ, ক্ষিপ্ত-কৃ, মাথা বেঠিক-কৃ, ভ্রম-জন্মা, গতির পরিবর্ত্তন-কৃ, বক্র-কৃ, বেঁকা, হেলা, জড়া, দোমড়া, পুঁটলি-পাকা, ঠাহর, বুঝ, বিবেচনা-কৃ, মনে-ভাব, ধার-মোড়, ভোঁতা-কৃ, বেগে-চালা, ঠেলিয়া-দা, তাড়াইয়া বা খেদাইয়া-দা, ত্যাগ-কৃ, অন্যথা-কৃ, রদ-কৃ, নয়-কৃ, অদলবদল-কৃ, মন-লাগা বা-বসা, অন্যের অভিমুখ-কৃ, উল্টিয়া-ফেল, পশ্চাৎ দিগে সরাইয়া বা হঠাইয়া-দা।

To **Turn** *away,* রহিত-কৃ, কর্ম্মচ্যুত-কৃ, ছাড়াইয়া-দা, তাড়াইয়া-দা, হাঁকাইয়া-দা, খেদাইয়া-দা, ব্যর্থ-কৃ, দূর-কৃ, নিবারণ-কৃ।

To **Turn** *back,* ফিরাইয়া-দা, যাহার হস্তে পাওয়া গিয়াছিল তাহার হস্তে পুনরায়-দা, পুনরর্পণ-কৃ।

To **Turn** *off,* ছাড়া, ত্যাগ-কৃ, পরিত্যাগ-কৃ, সরাইয়া-দা, গতির বৈলক্ষণ্য-কৃ, দূর করিয়া-দা, ছাড়াইয়া-দা, ত্যাগ করিয়া-যা, অন্যথা-কৃ বা-হ, পরিবর্ত্তন-কৃ।

To be **Turned** *of,* অধিকবয়স-হ, বয়োতিরিক্ত-হ।

To **Turn** *over,* হস্তান্তর বা স্থানান্তর-কৃ, একহইতে অন্যেতে অর্পণ-কৃ, স্থানান্তর-কৃ, দেখ, দর্শন-কৃ, নিরীক্ষণ-কৃ, হের, কেতাবের একং ফর্দ্দ বা পাত করিয়া-দেখ, সিঁড়িহইতে উল্টাইয়া-ফেলা।

To **Turn** *to,* উপায়-কৃ।

To **Turn,** *v. n.* ঘুর, ফির, পাক-লাগ, চক্ষু-ঘুরা, দৃষ্টির দ্বারা রাগ দ্বেষ বা অনুরাগ প্রকাশ-কৃ, কোন বস্তুর প্রতি এক দৃষ্টিতে চাহিয়া-থাক, চল, সর, লড়, রত-হ, নত-হ, ঝুঁক, মুখ-ফিরা, হেল, কাইত-হ, বক্রগতি-হ, বদল, পরিবর্ত্তন-হ, রূপান্তর-হ, অন্যাকৃতি-হ, এক দিগহইতে অন্য দিগে-যা, ভাবান্তর-হ, অন্য দিগে-চাহ বা-দেখ, মতি চর্য্যা বা প্রতিজ্ঞা-ফির, মন বা মত-ফির, টক-হ, অম্ল-হ, নট-হ, অম্লত্বপ্রাপ্ত-হ, শেষে বা আখেরে-হ, অধীন অনুযায়ী বা অনুবর্ত্তী-হ, মাথা পাগলা-হ, হঠাৎ কোন ভাবপ্রাপ্ত-হ, ফিরে বা ঘুরিয়া-আগম বা-পত, হটিয়া-পত, নির্ভর-কৃ।

To **Turn** *away,* হেল, কাইত-হ, বক্রগতি-হ, বেঁকিয়া-চল, ভাবান্তর-হ, অন্যথা-হ, বৈলক্ষণ্য-হ।

To **Turn** *off,* ফির, গতি-ফির, নিয়ম গতি বা পথ বদল-হ।

Turn, *n. s.* ফিরণ, ঘুরণ, পাকদেওন পড়ন বা মারণ, ফের, ঘোর, পাক, জড়ান, টলন, পাইচারি, পরিবর্ত্তন, বদল, ক্রমিক গতি, চালি, চলন, চলতি, প্রথম আশয়ের বা অভিপ্রায়ের পরিবর্ত্তন, দৈবঘটনা, অবসর, অবকাশ, সময়, অনুগ্রহ বা দ্বেষের কর্ম্ম, আন্তরিক ইচ্ছা বা বাসনা, ফাঁসিকাটে সিঁড়িহইতে পাদ হড়কান বা সরণ, ব্যবহার, প্রয়োজন, কর্ম্ম, দরকার, চপ, ডৌল, আকার, তর, বাক্যবিন্যাসের রীতি, বদল, ফের, বারী, পালা, Sheriff সংজ্ঞক আদালতের কর্ম্মচারির কাছারী, এতদর্থে Tourn শব্দ দেখ।

Digitized by Google

By Turns, বারীমত, পালামত, ক্রমশ, এক জনের পর অন্য এক জন, হেরে ফেরে, বদলাবদলি।

Turnbench, *n. s.* কুন্দকরের পারিভাষিক সংজ্ঞাবিশেষ।

Turncoat, *n. s.* স্বধর্ম্ম বা স্বমতত্যাগী, আপনার দল বা মত ত্যাগ করিয়া ভিন্ন দলে বা মতে প্রবিষ্ট ব্যক্তি।

Turner, *n. s.* কুন্দকর, কুঁন্দরি, কুঁদাজ, কুঁদ করে যে ব্যক্তি।

Turnery, *n. s.* পূর্ব্বোক্ত ব্যক্তির কর্ম্ম, কুন্দকর্ম্ম, কুন্দ, কুঁদ, কুঁদকরা দ্রব্য।

Turning, *n. s.* মোড়, পাক, ফের, ঘোর, বেঁক, পেঁচ, টেঁক, হুল।

Turningness, *n. s.* ফেরণ বা ঘুরণশীলতা, বেঁকন, ফিরণ, প্রতারণা, প্রবঞ্চনা, ছলনা, ফাকি।

Turnip, *n. s.* Sax. মূলবিশেষ, সালগাম।

Turnpike, *n. s.* অস্ত্রবিশেষ, ঘেরণা, আড়াআড়ি কাষ্ঠ বা লৌহ অগ্রভাগ সূচল মাঝে খিল লাগান যাহার, পথ রোধক, পথ আগলা।

Turnsick, *a.* মাথাঘুরণী পীড়াযুক্ত, মাথা ঘুরে যাহার, মাথার ঠিকানা নাই যাহার।

Turnsol, *n. s.* Lat. বৃক্ষবিশেষ।

Turnspit, *n. s.* ছিচকা বা কাবাবের সিক লাড়ে যে ব্যক্তি।

Turnstile, *n. s.* পদাতিরদিগের চলিবার পথের পথ আগলা বিশেষ।

Turpentine, *n. s.* Ital. নির্য্যাসবিশেষ, একপ্রকার ধুনা, সর্জ্জরস, টার্পিন ইতি প্রসিদ্ধ ভাষা।

Turpitude, *n. s.* Fr. নষ্টত্ব, অসতামি, অধমত্ব, নীচত্ব, দুষ্টতা, কদর্য্যতা, মন্দত্ব, দুষ্টামি, নষ্টামি, বিটলামি, নিকৃষ্টত্ব, স্বাভাবিক নষ্টামি।

Turquoise, *n. s.* Turkois শব্দ দেখ।

Turrel, *n. s.* পিপা বানাইবার অস্ত্রবিশেষ, কুপরের অস্ত্র।

Turret, *n. s.* Lat. মিনার, কাঙ্গুরা, চূড়া, গুম্বেজ, অগ্র, খিলান, ক্ষুদ্র গুমটী বা চূড়া।

Turreted, *a.* চূড়া বা গুম্বেজের ন্যায় বা তদাকৃতি।

Turtle বা Turtledove, *n. s.* Sax. ঘুঘু পক্ষিবিশেষ।

Turtle, *n. s.* কূর্ম্ম, কচ্ছপ, কাছিম।

Turves, Turf শব্দের বহুবচনান্ত পদ।

Tuscan, *a.* গৃহ গুম্বনের প্রকারবিশেষ, ইমারতের প্রকরণ বা রীতিবিশেষ।

Tush, *interj.* Got. অবজ্ঞা ঘৃণা বা তাচ্ছল্য প্রকাশক অব্যয় শব্দ, ফিস, ফুঃ, ছিঃ, ছ্যা, ফুস ইত্যাদি।

Tusk, *n. s.* Sax. হিংস্রজন্তুর দন্ত, বিষদন্ত, ধরে বা কামড়ায় যে দন্তদ্বারা, বৃহদ্দন্ত, দাঁত, দংষ্ট্রা, হস্তি শূকর ইত্যাদি পশুর দন্ত।

To Tusk, *v. n.* পূর্ব্বোক্ত জন্তুর ন্যায় দন্ত ঘর্ষণ-কৃ, দন্ত কড়মড়ি-কৃ।

Tusked বা Tusky, *a.* বৃহদ্দন্তী, উদন্তুর, দাঁতাল, দংষ্ট্রী, হস্তি শূকরাদি জন্তুর ন্যায় দন্তবিশিষ্ট বা যুক্ত, দাঁতওয়ালা।

Tussle, *n. s.* ইতর ভাষায় হুড়মুড়ি কামড়াকামড়ি বা জেদাজেদী বুঝায়।

Tussuck, *n. s.* তৃণইত্যাদির আঁটি গোছা বা ঝাড়।

Tut, *interj.* তুচ্ছ বা হেয় উদ্বোধক অব্যয় শব্দ, ছিঃ, হ্যাক্ ইত্যাদি।

Tutanag, *n. s.* ধাতুবিশেষ, একপ্রকার দস্তা।

Tutelage বা Tutele, *n. s.* Fr. অশীগিরি, অভিভাবকতা, প্রতিপালকত্ব, প্রতিপালক বা রক্ষকের অধীনে থাকনের ভাব বা অবস্থা।

Tutelar বা Tutelary, *a.* Fr. অভিভাবক, রক্ষক, প্রতিপালক, পালক, নিস্তারক।

Tutor, *n. s.* Lat. উপাধ্যায়, আচার্য্য, গুরু, শিক্ষক, উপদেশক, শিক্ষাগুরু।

To Tutor, *v. a.* শিক্ষা-দা, শিখা, পড়া, তরবিয়ত-দা, শাসন-কৃ, দমন-কৃ, জব্দ-কৃ।

Tutorage, *n. s.* শিক্ষকত্ব, উপদেশক বা আচার্য্যের ক্ষমতা বা অধিকার, শিক্ষাগুরুর প্রাধান্য বা মাহাত্ম্য।

Tutoress বা Tutrix, *n. s.* Fr. শিক্ষাদায়িনী, উপদেশিকা।

Tutorship, *n. s.* শিক্ষক বা উপদেশকের কর্ম্ম পদ অধিকার বা অবস্থা।

Tutsan, *n. s.* Fr. বৃক্ষবিশেষ।

Tutty, *n. s.* Lat. তুতিয়া, তুতে।

Tuz, *n. s.* শিখা, চুলের গোছা, বেণী।

Twain, *a.* Sax. দুই, যোড়া, যুগ্ম, যমক।

To Twang, *v. n.* টঙ্কার শব্দ-হ, ঠণ্ঠন শব্দ-হ, কর্কশ এবং তীক্ষ্ণ শব্দ-হ।

To Twang, *v. a.* পূর্ব্বোক্ত শব্দ-কৃ।

Twang, *n. s.* কম্পিত শব্দ বা স্বর, টঙ্কার শব্দ, টিন২ বা ঠণ্ঠন শব্দ, কর্কশ ধ্বনি।

Twang, *interj.* অব্যয় শব্দ, ঝটিতি কোন কর্ম্ম প্রয়োজক বা আদেশকার্থ বুঝায়।

To Twangle, *v. n.* কর্কশ শব্দ-হ, টং বা ঠং শব্দ-হ।

To Twank, *v. n.* বাজা, শব্দ-করা, শব্দ-জন্মা।

'Twas, It was পদদ্বয়ের সঙ্কেত লিখন।

To Twattle, *v. n.* Ger. অধিক কথা-কথ বা-বচ, বকং-কৃ, বড়ং-কৃ, গপ্প-কৃ, অনর্থক বা বৃথা কথা-কথ।

To Twattle, *v. a.* ঘোটক গরু বা কুকুরের গাত্রে যেপ্রকার হস্ত দেওয়া যায় তদ্রূপে গাত্রে-চাপড়া, গায়ে থাবড়া-মার।

Twattling, *n. s.* গপ্প, বৃথা কথা, বকং করণ, বড়ং করণ, গপ্পকরণ, বৃথা বা অনর্থক কথা কহন, বকুনি।

Twaу, Got. Twain শব্দবৎ অর্থ জানিবা, তচ্ছব্দ দেখ।

Twayblade, *n. s.* Lat. পুষ্পবিশেষ।

To Tweag বা *To* Tweak, *v. a.* Sax. অঙ্গুলিদ্বারা-টিপ, চিমটা, খামচা, খিমচি-কাট বা-কাড়, অঙ্গুলির মধ্যে-চাপ, মর্দ্দন-কৃ।

Tweague বা Tweak, *n. s.* Sax. উৎপাত, লট্খটি, বৈরক্ত্য।

To Tweedle, *v. a.* ঈষদ্ স্পর্শ-কৃ, আলগা করিয়া হাত-দা বা-ছোঁ, হাত-দা।

Tweezers, *n. s.* Fr. মোচনা, চিমটা, সোন্না।

Twelfth, *a.* Sax. দ্বাদশতম, দ্বাদশী, বারঞি।

Twelfthtide, *n. s.* Christmas নামক বড় দিনের পর দ্বাদশ দিবস।

Twelve, *a.* Sax. দ্বাদশ।

Twelvemonth, *n. s.* Sax. দ্বাদশমাস, বারমাস, একবৎসর।

Twelvepence, *n. s.* ইঙ্গলণ্ডীয় মুদ্রাবিশেষ, এক সিলিং অর্থাৎ আট আনা।

Twelvepenny, *a.* এক সিলিং অর্থাৎ আট আনা মূল্য যাহার বা তন্মূল্যে বিক্রয় হয় যাহা।

Twelvescore, *n. s.* বারকুড়ি, এক শত চল্লিশ।

Twentieth, *a.* Sax. বিংশতিতম, বিশঞি, বিশা, কুড়ি।

Twenty, *a.* Sax. Got. বিংশতি, বিশ, কুড়ি, রূপকার্থে এ শব্দে অনেক সংখ্যাকে বুঝায়।

Twibil, *n. s.* Sax. অস্ত্রবিশেষ, একপ্রকার কোদাল।

Digitized by Google

Twice, *ad.* Sax. দুইবার, বারদ্বয়, দুই দফা, দ্বিগুণ, দোহারা।

To **Twidle**, *v. a.* ইতর ভাষায় আলগা করিয়া বা আস্তে-ছোঁ বা স্পর্শ-কৃ বুঝায়।

Twifold, *a.* দোহারা, দ্বিগুণ, দোপর্দা, দুইতহ, দুই দফা।

Twig, *n. s.* Sax. পল্লব, ফেকুড়ি, কঞ্চি।

Twiggen, *a.* পূর্ব্বোক্ত দ্রব্যে নির্ম্মিত, ডাল ফেকড়ি বা কঞ্চিতে বানান অর্থাৎ কমজোর ক্ষীণ বা শক্ত নহে যাহা।

Twiggy, *a.* পল্লব বা ফেকুড়িবিশিষ্ট বা যুক্ত বা তন্ময়, কঞ্চিতে পোরা বা ভরা।

Twilight, *n. s.* Dut. প্রদোষ, প্রত্যূষ, অনুদয় বেলা, অরুণোদয় কাল, ভোর, গোধূলি, সায়ংকাল, সূর্য্যোদয়ের পূর্ব্বে এবং অস্তের পরে দেখা যায় যে আলো তৎআলোকে বুঝায়, ঘোর, ঝাপ্সা, অস্পষ্ট দর্শন, অপরিষ্কার দৃষ্টি।

Twilight, *a.* অপরিষ্কার, অস্পষ্ট, ঘোর, সুন্দর দীপ্তিমান নহে যে, আচ্ছাদিত, অন্ধকারাবৃত, ঝাপ্সা, অরুণোদয় বা গোধূলি সময়ে কৃত।

To **Twill**, *v. a.* Sax. বুন, যোড়া-দা।

Twill, *n. s.* ফাতনা, বেত্র বা নলবিশেষ, কলম, পাখনার কলম।

Twin, *n. s.* Sax. মিথুন, যমক সন্তান, যমক, সহজাত যুগল বা যোড়া কোন দ্রব্য, মিথুন রাশি।

To **Twin**, *v. n.* যমক ছেল্যা-হ, যমক-হ, একত্রে-জন, যমক প্রসব-কৃ, যোড়া-মিল, যোগ্য-হ, যোড়া-বান্ধ, যোড়া-লাগ।

To **Twin** বা *To* **Twine**, *v. n.* জুদা-হ, তফাৎ-হ, স্বতন্ত্র হইয়া-যা, পৃথক্-হ।

To **Twin**, *v. a.* দ্বিধা-কৃ, দুই ভাগ-কৃ, দুই খণ্ড-কৃ, স্বতন্ত্র-কৃ, তফাৎ-কৃ, জুদা-কৃ।

Twin-born, *a.* যমক, যমজ, যমজাত, যমক হইয়া জন্মে যে, এক কাল জাত।

To **Twine**, *v. a.* Sax. পেঁচ বা পাক-দা-লাগা বা-পাড়া, জড়া, গুটা, গোট-কৃ, কুণ্ডলী-কৃ, লুটী-কৃ, পাক দিয়া একত্র-কৃ, যোগ-কৃ।

To **Twine**, *v. n.* জড়-হ, পাক-লাগ, গোট-হ, জড়া, জড়ি-লাগ, একত্র-হ, বেঁকা তেড়া-হ, গোল হইয়া-আগম, গোল বা চক্র-হ।

Twine, *n. s.* বেটে দড়ি, সূতলী, সূতা, গুণ, কাঁতা, পাক, পেঁচ, যোড়, আলিঙ্গন, যড়াযড়ী।

To **Twinge**, *v. a.* Ger. চিড়িক-মার, বেদনা করিয়া-উঠ, চিড়িকা, চিমটা, খামচা, ব্যথা-দা, চিমটি-কাট।

Twinge, *n. s.* বেদনা দেওন, বেদনা জন্মান, চিড়িক মারিয়া উঠন, চিড়িক মারণ, চিমটি, খামচা, চিমটী কাটন।

Twink, *n. s.* চক্ষুপাত, নিমেষ, পলক, চক্ষুর নিমেষ বা তদ্ব্যাপক কাল।

To **Twinkle**, *v. n.* Sax. চিকমিক-কৃ, একং বার বা থাকিয়াং আলো-হ, মিটং মিনং বা টিমং-কৃ, চকং-কৃ, অল্প আল-হ, কাঁপ, লড়, জলং তকং বা ঝকং-কৃ, চক্ষের নিমেষ-পত, চক্ষের পলক-পত, খেলা-কৃ।

Twinkle বা **Twinkling**, *n. s.* মিটমিটে বা মিনমিনে আলো, চিকমিকী, চক্ষের পলক, নিমেষ, চক্ষু পাল্টান বা তদ্ব্যাপক কাল।

Twinling, *n. s.* যমক মেষশাবক, একত্র জন্মিয়াছে যে ভেড়ার ছানা, ভেড়ার যমক ছানা।

Twinned, *part. a.* একত্র জাত, যমক, সহজাত, একত্র জন্মিয়াছে যে বা যাহারা, যমক ন্যায়, মিথুনবৎ।

Twinner, *n. s.* যমক জন্মায় বা প্রসবে যে, যমক সন্তান জনয়িত্রী বা উৎপাদিকা।

Twinter, *n. s.* Sax. দুই বৎসরের পশু, দুই বৎসর বয়স হইয়াছে যাহার এমত পশু, দুই শীত কালব্যাপক বয়স হইয়াছে যে পশুর।

To **Twire**, *v. n.* ছট্‌ফট্-কৃ, ধড়ফড়-কৃ, পাখনা অতিশয় বেগে নাড়িয়া অল্প দূর উড়িয়া-যা, কাঁপ, থরং-কৃ, ধকং-কৃ, হাসি-পা, হাসি-আইস বা-লাগ, জড়া, পাক-পাড়া বা-লাগা, পাক-দা।

To **Twirl**, *v. a.* ঘুরা, ফিরা, পাক-দা, ঘুরপাক-দা, ঘূর্ণায়মান-কৃ, মোচড়-দা।

To **Twirl**, *v. n.* ঘুর, ফির, পাক-দা, পাক-লাগ, ঘূর্ণায়মান-হ, মোচড়, মোচড়-লাগ।

Twirl, *n. s.* চক্রের ন্যায় গতি, ঘুরণ, ঘুরণী, পাক, ফের, পেঁচ, ঘুরপাক, মোচড়।

To **Twist**, *v. a.* Sax. সূতা-কৃ, সূতা-পাকা, সূতার খেই-তুল, মোড়, মোড়া বা পাক-দা, মরিচা-কৃ, মরিচা-লাগা, পাকা, পাক-দা, মোড় বা মোচড়-দা, জড়া, পেঁচ-দা, নির্ম্মাণ-কৃ, গঠ, বুন, একত্র-কৃ, সেলাই-কৃ।

To **Twist**, *v. n.* পাক-লাগ বা-পড়, পেঁচ-লাগ, মরিচা-পত বা-লাগ, মোড়, মোচড়, পেঁচ-খাদ, ঘুরপাক-লাগ।

Twist, *n. s.* সূতা, সূতার খেই মোড়া বা ফেটী, সূতা পাক দেওয়া বা মরিচা করা কোন দ্রব্য, দড়ী, সূতলী, পাক, মোচড়, মোড়, মরিচা, ডাল, ফেকড়ি, পাক দেওন বা তদ্রীতি।

Twister, *n. s.* দড়্যাল, পাক বা মোচড় দেয় যে, মরিচা পাকায় যে, দড়ি পাকায় বা বানায় যে ব্যক্তি, সূত্র দড়ি বা সূতলী পাকাইবার বা জড়াইবার যন্ত্র বা কল।

To **Twit**, *v. a.* Sax. ব্যঙ্গ-কৃ, ঠাট্টা-কৃ, খোঁটা-দা, বাক্যজ্বালা-দা, ভর্ৎসনা-কৃ, তিরস্কার-কৃ।

To **Twitch**, *v. a.* Sax. উপড়া, টানিয়া-তুল, উপড়াইয়া-ফেল, জোরে তুলিয়া-ফেল, হেঁচকা মারিয়া উৎপাটন-কৃ, ছিঁড়, ঝটকা-মার।

Twitch, *n. s.* উৎপাটন, উপড়ান, হেঁচকাটান, ঝটকা, কোঁকড়ান, কোঁচকাওন, সূতা জড়ান পাকান বা গুটান, সূতার খেই।

Twitchgrass, *n. s.* বৃক্ষবিশেষ।

To **Twitter**, *v. n.* Ger. চট্‌ং শব্দ-কৃ, কিচিরমিচির-কৃ, খিলং করিয়া-হাস, হঠাৎ কোন ইচ্ছা বা বাসনা-কৃ, হাসিয়া ফুটকড়াই-হ, হাসিয়া গড়িয়া-পত, আশা বা আকাঙ্খায় সন্দিগ্ধ ব্যস্ত বা উদ্বিগ্ন-হ, প্রত্যাশায় ব্যাকুল-হ, মনে ধুকফুকানি-হ।

Twitter, *n. s.* লোভ মোহ ক্রোধাদির গতি ভাব বা তদুৎপন্ন কোন বৈলক্ষণ্য, হাস্য ক্রোধইত্যাদিপ্রযুক্ত অস্থির হওন, ধুকপুকানি, তিরস্কার বা ভর্ৎসনাকর্ত্তা।

Twittingly, *ad.* তিরস্কার ভর্ৎসনা ব্যঙ্গ ঠাট্টা বা বাক্যজ্বালা পূর্ব্বক।

Twittletwattle, *n. s.* ইতর ভাষায় মিথ্যা বকুনি বা কথা বুঝায়।

'**Twixt**, **Betwixt** শব্দের সংক্ষেপ ভাষা।

Two, *a.* Got. দুই, সংখ্যাদ্বয়, শব্দ রচনায় যুগ্ম বা যোড়া বুঝায়, যথা Twolegged, দ্বিপাদ।

Twoedged, *a.* উভয় পার্শ্বে ধার আছে যাহার, দুই দিগে সূঁচল বা ধারাল।

Twofold, *a.* দুইতহ, দ্বিগুণ, দোহারা, দুই ভাঁজ বা ফর্দ্দ আছে যাহার বা যাহাতে।

Twofold, *ad.* দ্বিগুণে, দুই ফর্দ্দে বা ভাঁজে, দোহারাতে, দুই দফাতে।

Twohanded, *a.* দোহাতিয়া, দুই হাত চলে যাহার, দুই হাতে কর্ম্ম করে যে, বৃহৎ, প্রকাণ্ড, স্থূলকায়।

Digitized by Google

Twopence, *n. s.* মুদ্রাবিশেষ, Penny সংজ্ঞক মুদ্রার দ্বিগুণ মূল্য যাহার তন্মুদ্রা।

Twotongued, *a.* দোভাষিয়া, দুই কথা কহে যে বা যাহার, কথার নৈশ্চিত্য বা স্থৈর্য্য নাই যাহার, প্রবঞ্চক, প্রতারক, ধূর্ত্ত, শঠ।

To **Tye,** *v. a.* বন্ধন-কৃ, বাঁধ, এতদ্ভিন্ন *To* Tie শব্দ দেখ।

Tye, *n. s.* বন্ধন, গিরা, গ্রন্থি, সম্বন্ধ, এলাকা, বাধ্য বাধকতা, কুটুম্বিতা, এতদ্ভিন্ন, Tie শব্দ দেখ।

Tyer, *n. s.* একত্রকর্ত্তা, বন্ধন করে যে, যোড়া লাগায় যে, সম্বন্ধ কর্ত্তা।

Tyger, *n. s.* Tiger শব্দ দেখ।

Tyhee, Tehee শব্দ দেখ।

Tyke, *n. s.* স্কাচ ভাষায় কুকুর বুঝায়, কুকুরের ন্যায় ঘৃণার্হ তুচ্ছ বা জঘন্য যে, এতদ্ভিন্ন Tike শব্দ দেখ।

Tymbal, *n. s.* Fr. চঙ্কাবিশেষ।

Tympan, *n. s.* Lat. তবলা, ঢাক, ছাপার কলের চামড়া মোড়া চৌকোণা ডালা যাহাতে ছাপার কাগজ উঠে ইহাকে প্রেষ কাট কহে, দ্বারের চিবী কাষ্ঠ তদর্থে Frame শব্দ দেখ।

Tympanites, *n. s.* Gr. উদরি রোগবিশেষ, পেট ফুলিয়া ঢাকের ন্যায় হয় যাহাতে তদ্ব্যাধি।

To **Tympanize,** *v. n.* ঢাক-বাজা, ঢাকির কর্ম্ম-কৃ, ঢাকি-হ।

To **Tympanize,** *v. a.* ঢাক-ছাও, ঢাকের উপরে চামড়া টানিয়া -বান্ধ বা তদ্রূপে বিস্তৃত-কৃ।

Tympanum, *n. s.* Lat. চঙ্কা, ঢোলবিশেষ, কর্ণশষ্কুলী, কর্ণস্থ চঙ্কা নামকত্বচ, কর্ণকুহর, কর্ণরন্ধ্র।

Tympany, *n. s.* Lat. উদরি রোগবিশেষ যাহাতে পেট ফুলিয়া ঢাকের ন্যায় স্ফীত হয়।

Tyny, *a.* ক্ষুদ্র, হ্রস্ব, ছোট, খাট, এতদ্ভিন্ন Tiny শব্দ দেখ।

Type, *n. s.* Fr. প্রতিমূর্ত্তি, প্রতিরূপ, চিহ্ন, নিদর্শন, নিশানি, লক্ষণ, যন্ত্র, ছাপার অক্ষর, সীসের হরফ, ছাপা, টাইপ ইতি চলিত ভাষা।

To **Type,** *v. a.* প্রতিমূর্ত্তি-কৃ, যন্ত্র-কৃ, ছাপা-কৃ, লক্ষণ বা চিহ্ন -দর্শা।

Typick বা **Typical,** *a.* Fr. প্রতিমূর্ত্তি বা নিদর্শনরূপ, দৃষ্টান্তবৎ, চিহ্ন বা লক্ষণ সম্বন্ধীয় বা তদ্বোধক, লাক্ষণিক, প্রতিরূপ।

Typically, *ad.* প্রতিমূর্ত্তি বা নিদর্শনরূপে, দৃষ্টান্তরূপে, লাক্ষণিক বা প্রাতিরূপ্যরূপে বা তদনুসারে।

Typicalness, *n. s.* প্রতিমূর্ত্তি, নিদর্শন, দৃষ্টান্ত, লাক্ষণিকত্ব, প্রাতিরূপ্য।

To **Typify,** *v. a.* প্রতিমূর্ত্তি-কৃ, লক্ষণ বা চিহ্ন-কৃ বা-দর্শা।

Typocosmy, *n. s.* Gr. পৃথিবীর নক্সা, ভূগোলাকার চিত্র বা তাহার পট।

Typographer, *n. s.* Gr. ছাপাকর, যে ছাপা করে।

Typographical বা **Typographick,** *a.* প্রতিমূর্ত্তি বা যন্ত্রসম্বন্ধীয়, দৃষ্টান্তবৎ, ছাপা কর্ম্মসম্বন্ধীয় বা তদ্বিষয়ক, প্রতিরূপ, লাক্ষণিক।

Typographically, *ad.* প্রতিমূর্ত্তি বা যন্ত্রপূর্ব্বক, দৃষ্টান্তরূপে, ছাপা কর্ম্ম দ্বারা বা তদনুসারে, লক্ষণ বা চিহ্নানুসারে।

Typography, *n. s.* Fr. প্রতিমূর্ত্তি বা যন্ত্রকরণ কর্ম্ম, ছাপাকরণ বিদ্যা, ছাপার কর্ম্ম, লাক্ষণিক, প্রাতিরূপ্য, কোন চিহ্ন বা রূপ দ্বারা বর্ণন চিত্র বা আকার প্রকাশ করণ।

Tyran, *n. s.* Fr. উপদ্রবকারী, অত্যাচারী, জালিম, Tyrant শব্দ দেখ।

Tyranness, *n. s.* Fr. অত্যাচার বা উপদ্রবকারিণী স্ত্রী।

Tyrannical বা **Tyrannick,** *a.* Lat. অত্যাচারকারী বা জনক, উপদ্রববিশিষ্ট, উপদ্রবী, নিষ্ঠুর, নির্দয়, করুণাশূন্য, জালিম, অত্যাচারী, উৎপাত ক্লেশ বা পীড়াদায়ক, বিচার দয়া বা নিয়ম বর্জিত যে বা যাহা, স্বেচ্ছাচারী।

Tyrannically, *ad.* অত্যাচার বা উপদ্রবপূর্ব্বক, নিষ্ঠুরতাপূর্ব্বক।

Tyrannicide, *n. s.* Lat. উপদ্রবী হত্যা বা তদাঘাত, অত্যাচার উপদ্রব বা জুলুম করে যে তাহাকে মারণ বা তাহার বিনাশক, জালিমকে নষ্ট করে যে, অত্যাচারি ব্যক্তির হন্তা।

Tyranning, *part. a.* উপদ্রবী, অত্যাচারী, জালিমের কর্ম্মকারী, নিষ্ঠুর, নির্দয়।

To **Tyrannize,** *v. n.* Fr. Tyrant সংজ্ঞক ব্যক্তির চালি-চল বা তাহার ন্যায় আচার-কৃ, উপদ্রবী-হ, অত্যাচারী-হ, জুলুমকারী -হ, অতিক্রমী-হ, নিষ্ঠুর-হ, কঠিন-হ, নির্দয়-হ, নিষ্ঠুর নির্দয় বা ক্রূরের ন্যায় কর্ম্ম-কৃ, দুরাত্মার কর্ম্মকারী-হ।

To **Tyrannize,** *v. a.* উপদ্রব-কৃ, অত্যাচার-কৃ, দৌরাত্ম্য-কৃ, উৎপাত-কৃ, জুলুম-কৃ বা তৎকর্ম্মদ্বারা বশীভূত বা বাধ্য-কৃ।

Tyrannous, *a.* উপদ্রব অত্যাচার বা দৌরাত্ম্যকারী, নিষ্ঠুর, ক্রূর, কঠিন, শক্ত, অত্যাচারী, দুরাত্মা।

Tyrannously, *ad.* উপদ্রব অত্যাচার বা দৌরাত্ম্যপূর্ব্বক, জুলুম করিয়া, নিষ্ঠুরতা বা কঠিনতাপূর্ব্বক।

Tyranny, *n. s.* Lat. দয়া বিচার নিয়ম বা শাস্ত্র বহির্ভূত রাজশাসন বা এতদ্দ্বারা প্রভুত্ব বা প্রাধান্য, কঠিন বা শক্ত হুকুম বা আদেশ, উপদ্রব, অত্যাচার, জুলুম, নিষ্ঠুরতা বা নির্দয়তাপূর্ব্বক শাসন, নিষ্ঠুরতা, ক্রূরতা, শক্তাই, স্বাধীনত্ব কর্ম্ম, স্বতন্ত্রীয় রাজ্য শাসন, যদিচ্ছা তন্মতে কর্ম্ম বা অধ্যক্ষতা।

Tyrant, *n. s.* Gr. উপদ্রব অত্যাচার বা দৌরাত্ম্যকারি রাজা বা প্রভু, নির্দয় বা নিষ্ঠুর মনিব, জালিম, স্বেচ্ছানুসারে চলে বা কর্ম্ম করে যে হাকিম, ক্লেশ বা পীড়াদাতা, দুঃখদাতা, দুষ্ট।

Tyre, *n. s.* Tire শব্দ দেখ।

To **Tyre,** *v. n.* ভক্ষণ-কৃ, খাইয়া-ফেল, পেটে-ভর, মারিয়া-খাদ, এতদ্ভিন্ন *To* Tire শব্দ দেখ।

Tyro, *n. s.* নবশিক্ষক, নূতন ব্রতী, নব্যপড়ুয়া, শিক্ষানবিস, শিক্ষাকারক, পড়ুয়া, প্রথম আরম্ভ করিয়াছে যে ব্যক্তি।

Tythe, *n. s.* দশমাংশ, দশভাগের এক ভাগ, এতদ্ভিন্ন Tithe শব্দ দেখ।

Tything, *n. s.* দশ জন দেশ বা অধিকার, দশভাগ, Tithing শব্দ দেখ।

Digitized by Google

V.

V, বর্ণমালার একবিংশতিতমাক্ষর, ইহা দুইরূপ ব্যঞ্জন ও স্বর, উভয়ের উচ্চারণ ভিন্ন২ হয়, অর্থাৎ V ব্যঞ্জন আর U স্বর, এ বর্ণ দ্বয় পৃথক২ লিখন উচিত হয়, দুই অক্ষরেরই আকার প্রায় একরূপ, কিন্তু উচ্চারণ ও ব্যবহার ভিন্নপ্রযুক্ত দুই ভিন্ন বর্ণ বলা যাইতে পারে, যাহা হউক পূর্ব্বে একত্র লিখা যাইত সে ব্যবহার অদ্যাপি চলিতেছে। এতন্নিমিত্তে U অক্ষরের সহিত V লিখা গিয়া থাকে, ইঙ্গলণ্ডীয় কোষমাত্রেই এই বর্ণদ্বয় এক স্থানে লিখিত আছে, কিন্তু উভয়ের কোন বর্ণ শব্দের আদ্যাক্ষর হইলে তচ্ছব্দ কোষহইতে বহিস্করণ আয়াসসাধ্য হয়, এই কারণে আমি পৃথক্ করিয়া লিখিলাম। সংপ্রতি V লিখিতেছি ব্যঞ্জ নার্থে অন্ত্য বকারবৎ উচ্চারণ হয়, অঙ্কার্থে পাঁচ সংখ্যা বুঝায়, যথা V. VI.

Vacancy, *n. s.* কর্ম্মকর্ত্তা নাই যে কর্ম্মে বা পদে তৎকর্ম্ম বা পদ, খালি কর্ম্ম বা পদ, শূন্য পদ বা কর্ম্ম, শূন্যতা, ফাক, অপূর্ণতা, অপূর্ণিত বা অব্যাপ্ত স্থান, ছিদ্র, ফাটি, ফুকর, অবকাশ, অবসর, কর্ম্মের বিরাম বা বিরতি, বিশ্রাম, শৈথিল্য, অমনোযোগিতা, অসাবধানতা, অনবধানতা।

Vacant, *a.* Fr. Lat. অব্যাপ্ত, ব্যাপ্ত নহে যে, খালি, শূন্য, অপূর্ণিত, ফাক, ছিদ্র, রন্ধ্র বা ফুকরআছে যাহাতে, পরিষ্কার, খোলা সা, পাতলা, ভিড় নাই যাহাতে, গিঞ্জি নহে যাহা, অস্বামিক, অনায়ক, অবকাশবিশিষ্ট, অবকাশ আছে যাহার বা যাহাতে, অনিযুক্ত, অমনোযোগী, অসাবধান।

To **Vacate**, *v. a.* Lat. শেষ বা অন্ত-কৃ, নিষ্ফল-কৃ, পরাস্ত বা প্রহত-কৃ, বাতিল-কৃ, রদ-কৃ, অন্যথা-কৃ, ব্যর্থ-কৃ, লোপ-কৃ, অনর্থক-কৃ, শূন্য-কৃ, খালি-কৃ, ছাড়িয়া-দা বা-যা, ত্যাগ-কৃ, উপেক্ষা-কৃ, ভুক্তি ভোগ বা দখল ত্যাগ-কৃ, মুছিয়া-ফেল, লুপ্ত-কৃ।

Vacation, *n. s.* Fr. Lat. অবকাশ কাল, বিরাম, অবসর কাল, সাবকাশ কাল, আদালত বা পাঠশালা বন্দ হয় যে কালে, তাতিল, কোন উৎপাত ঝঞ্ঝাট ক্লেশ বা দুঃখহইতে মুক্তি বা বিরতি।

Vaccary, *n. s.* Lat. গোশালা, গোগৃহ, গোচারণ স্থান বা ভূমি গোষ্ঠ।

To **Vaccinate**, *v. a.* Lat. গোবীজে টীকা-দা, ইংরেজী টীকা-দা।

Vaccination, *n. s.* গোবীজের টীকা, গোবীজে টীকা দেওন, ইংরেজী টীকা।

Vaccine, *a.* Lat. গোসম্বন্ধীয় বা তদ্বিষয়ক।

To **Vacillate**, *v. n.* Lat. অন্যথা-হ বা-কৃ, অনিশ্চয় বা অস্থির-হ, অসঙ্গত অসম্ভব অযথার্থ অযুক্ত বা অনুচিত-হ, বৈলক্ষণ্য-হ।

Vacillation, *n. s.* Lat. টলমলকরণ বা হওন, ঝোঁকন, অপ্রতিভ হওন, থতমত খাওন।

To **Vacuate**, *v. a.* Lat. খালি-কৃ, শূন্য-কৃ, অন্যথা-কৃ, অযথার্থ-কৃ, বৈলক্ষণ্য-কৃ, ব্যর্থ-কৃ, বাতিল-কৃ, অনর্থ লুপ্ত বা বৃথা-কৃ।

Vacuation, *n. s.* Lat. খালিকরণ, শূন্যকরণ, খালি করিয়া দেওন।

Vacuist, *n. s.* পণ্ডিত সুধী বা তর্কীবিশেষ, সর্ব্বস্থান বস্তুতে বা জীবে পরিপূর্ণ এতন্মতাবলম্বী, শূন্য মানে না যে।

Vacuity, *n. s.* Lat. শূন্যতা, খালি, ফাক, অব্যক্ততা, অব্যাপ্ত স্থান বা কাল, শূন্য স্থান, যাথার্থ্যাভাব, খাল, আকাশ, ব্যোম।

Vacuous, *a.* Lat. Fr. খালি, শূন্য, আকাশময়, অব্যাপ্ত, অপূর্ণিত।

Vacuousness, *n. s.* শূন্যত্ব, খালি বা অব্যাপ্ততার ভাব, আকাশ।

Vacuum, *n. s.* Lat. শূন্য, খালি, ফাক, রিক্ততা, আকাশ, ব্যোম।

To **Vade**, *v. n.* Lat. অদর্শন-হ, অন্তর্ধান-হ, উড়ে-যা, উবে-যা, লুপ্ত-হ, লোপ-হ, অন্তর্হিত-হ।

Vagabond, *a.* লঠুয়া, লম্পট, লোচ্চা, অব্যবস্থিত, স্থৈর্য্য নাই বা কর্ম্ম নাই যাহার, কেবল খায় এবং বেড়ায় যে, ভ্রমণকারী, ধুমড়ী মারা, উটঙ্করা, অসৎ।

Vagabond, *n. s.* ভ্রমণকারী ব্যক্তি, লম্পট, লঠুয়া, অস্থির, উটঙ্করা বা লোচ্চা ব্যক্তি, ধুমড়ীমারার ন্যায় বেড়ায় যে ব্যক্তি।

Vagabondry, *n. s.* দরিদ্রতা, ভিখারি বা ফকীরি ভাব বা ধর্ম্ম, প্রতারণা, শঠতা, চাতুরী, জুয়াচুরী, কাপট্য, ন্যেকরামি।

To **Vagary**, *v. n.* Fr. ভ্রমণ-কৃ, পর্য্যটন-কৃ, ভ্রমণ করিয়া-ফির-চল বা-গম, সর্ব্বদা স্থানান্তর-হ, স্থান পরিবর্ত্তন-কৃ।

Vagary, *n. s.* স্থান পরিবর্ত্তন, ভ্রমণ, পর্য্যটন, চিত্তভ্রম।

Vaginopennous, *a.* Lat. কোষবিশিষ্ট, ছাল ত্বক্ বা খোসা দৃঢ় বা শক্ত যাহার বা তদ্দ্বারা আবৃত যে।

Vagrancy, *n. s.* ভ্রমণ, পর্য্যটন, অস্থৈর্য্য, কোন অবস্থা দশা বা ভাবের অস্থৈর্য্য বা অনিশ্চয়ত্ব।

Vagrant, *a.* Fr. ভ্রমণকারী, পর্য্যটনকারী, অস্থির, চঞ্চল, অব্যবস্থিত, স্থৈর্য্য নাই যাহার, উটঙ্করা, লম্পট।

Vagrant, *n. s.* ভিক্ষুক, মাগন্তড়্যা, ভ্রমণকর্ত্তা, পর্য্যটনকর্ত্তা, বেটুয়া বা উটঙ্করা ব্যক্তি, বাসস্থানের ঠিকানা নাই যে ব্যক্তির।

Vague, *a.* Fr. অনিশ্চিত, অনির্দ্ধারিত, ভ্রমণকারী, অস্থির, অস্পষ্ট, অব্যক্ত, অপরিষ্কার, ঘোর, ঘোরার্থক, কূটার্থক, ফেরাল, ঘোরাল, পেঁচাল, পাকপড়া।

Vail, *n. s.* Fr. আচ্ছাদন, ঢাকনী, পর্দা, স্ত্রীলোকের ব্যবহৃত ঘোমটা বা মুখাবরণীবিশেষ, এতদর্থে Veil শব্দ দেখ, ভৃত্যের বেতন, চাকরের মাহিয়ানা, লাভ, এতদর্থে এশব্দের বহুবচন ব্যবহার হয় জানিবে, এতদ্ভিন্ন Vale শব্দ দেখ।

To **Vail**, *v. a.* আচ্ছাদন-কৃ, আবরণ-কৃ, ঢাক, ঢাকা-দা, ঘোমটা-দা, *To* Veil শব্দ দেখ।

To **Vail**, *v. a.* Fr. ফেলিয়া-দা, নিক্ষেপ-কৃ, ফেল, পাতন-কৃ, নামাইয়া-দা, নামাইয়া-ফেল, নামা, সম্ভ্রমার্থে বা মর্য্যাদা বা মান্য করিয়া হেঁট-কৃ বা-হ, ভয় বা অন্য কারণপ্রযুক্ত নীচে-ফেল বা-নাম, নত-হ বা-কৃ।

To **Vail**, *v. n.* নত-হ, হেঁট-হ, সম্ভ্রমার্থে বা মর্য্যাদা বা মান্য করিয়া স্বীকার কৃ, ছোট-হ।

Vailer, *n. s.* নত হয় যে ব্যক্তি, সম্ভ্রম বা মর্য্যাদা করিয়া হেঁট হয় বা স্বীকার করে যে ব্যক্তি।

Vain, *a.* Fr. Lat. গুণহীন, ফলহীন, অবাস্তবিক, অকর্ম্মণ্য, অকে

Digitized by Google

যুয়া, বিফল, মোঘ, নিষ্ফল, নিরর্থক, অনর্থক, বৃথা, অলীক, নিষ্পদার্থ, মিথ্যা, অমূলক, দাম্ভিক, অহংকারী, অভিমানী, আত্মশ্লাঘী, জেঁকো, বড়াই বা জারী করে যে, জমকাল, ভড়কওয়ালা, জাঁকাল, কৃত্রিম, কাল্পনিক, ঝুটা, গা ফুলাইয়া চলে যে, সামান্য বিষয়ে অভিমান আছে যাহার, *In* vain, জঘন্য, সামান্য, মিথ্যা, অনর্থক, নিষ্ফল, বৃথা, ব্যর্থ, নিষ্কারণে, বিফলে, শেষ বা অন্ত নাই যাহাতে।

Vainglorious, *a.* স্বকর্ম্মানুরাগী, মিথ্যাভিমানী, আত্মশ্লাঘী, সাহঙ্কার, গর্ব্বী, মিথ্যা জাঁক বড়াই বা জারী করে যে, নির্গুণ, কর্ম্ম না করিয়া বড়াই করে যে, আপন বিষয় বা গুণাতিরিক্তে অভিমান আছে যাহার।

Vaingloriously, *ad.* মিথ্যাভিমানপূর্ব্বক, আত্মশ্লাঘাপূর্ব্বক, মিথ্যা জাঁক বা বড়াইপূর্ব্বক, মিথ্যা বা অযথার্থ অভিমানে।

Vainglory, *n. s.* Lat. স্বকর্ম্মানুরাগ, আত্মশ্লাঘা, গর্ব্ব, বড়াই, জাঁক, জারী, মিথ্যা বড়াই বা অভিমান, সামান্য বিষয়ে অভিমান, বিষয় বা গুণাতিরিক্তে অভিমান বা তদ্বোধ।

Vainly, *ad.* নিরর্থক বা নিষ্ফলরূপে, বৃথা বা ব্যর্থরূপে, কার্য্য অসিদ্ধিপূর্ব্বক, অহঙ্কারপূর্ব্বক, দেমাক বা বড়াই করিয়া, অকর্ম্মণ্যরূপে, অকেয়ুয়ারূপে, নিষ্কারণে, বিফলে, বৃথায়, নিষ্ফলে, মিথ্যায়, অভিমান করিয়া, সাহঙ্কারপূর্ব্বক।

Vainness, *n. s.* নিষ্ফলতা, ব্যর্থতা, আত্মশ্লাঘা, আত্মাভিমানিত্ব, জেঁকুয়ার ভাব বা অবস্থা, কৃত্রিমতা, কাল্পনিকতা, মিথ্যা বা ঝুটার ভাব বা অবস্থা, নিষ্পদার্থকত্ব, অকর্ম্মণ্যত্ব, সামান্যত্ব, জঘন্যত্ব, হাল্‌কামি, লঘুতা, মিথ্যা অভিমান বড়াই বা জাঁক।

Vair, *n. s.* Fr. Lat. ভূষণবিশেষ, কুলীনদিগের বংশ চিহ্ন বিদ্যায়পরিচ্ছদে ব্যবহৃত লোম গুচ্ছবিশেষ,।

Vair বা **Vairy,** *a.* পূর্ব্বোক্ত ভূষণযুক্ত বা তল্লোমে সজ্জিত।

Vaivode, *n. s.* দেশাধিপতিবিশেষ, রাজা।

Valance, *n. s.* ঝালর বা সজ্জাপবিশেষ।

To **Valance,** *v. a.* পূর্ব্বোক্ত ঝালর-দা বা-লাগা।

Vale, *n. s.* Fr. Lat. উপত্যকা, পাহাড়তলী স্থান বা দেশ, দুই পর্ব্বতের মধ্যে স্থিত প্রশস্ত ভূমি বা আয়ত স্থান, চাকরের বেতন, দত্তধন।

Valediction, *n. s.* Lat. প্রস্থানকালীন বন্দনা বা সেলাম, শুভ ইত্যাদ্যর্থক জাবিবে।

Valedictory, *a.* Lat. পূর্ব্বোক্ত বন্দনা প্রয়োজক, বিদায়কারী, বিদায়দাতা।

Valentine, *n. s.* প্রেয়সী, প্রিয়া, প্রিয়পাত্র, এতন্নামধেয় দিবসে এক যুবক বা যুবতীকর্তৃক অন্য যুবক বা যুবতির প্রতি প্রেরিতপত্র বিশেষ।

Valerian, *n. s.* Lat. বৃক্ষবিশেষ।

Valet, *n. s.* Fr. ভৃত্যবিশেষ, দাস, নফর, খেদমতগার।

Valetudinarian বা **Valetudinary,** *a.* Fr. Lat. অসুস্থ, চিররোগী, রুগ্ন, সদাপীড়িত, জীর্ণ, জরা।

Valetudinarian, *n. s.* চিররোগী বা সদাপীড়িত ব্যক্তি, অসুস্থ ব্যক্তি, পীড়িত শরীর।

Valiance বা **Valiancy,** *n. s.* Fr. বিক্রম, সাহস, পরাক্রম, বল, ভরসা, বীরত্ব, শূরত্ব, বুক, ছাতি, বাহাদুরি, শৌর্য্য, বীর্য্য।

Valiant, *a.* Fr. বিক্রমশালী, পরাক্রমী, বিক্রান্ত, বলবান্, সবল, ডাকাবুকা, সাহসী, শূর, বীর, বাহাদুর।

Valiant, *n. s.* বিক্রান্ত বা সাহসী ব্যক্তি, বাহাদুর।

Valiantly, *ad.* বলবত্তারূপে, বিক্রমপূর্ব্বক, বীরত্বপূর্ব্বক, সাহসপূর্ব্বক, বাহাদুরি করিয়া বা হইয়া।

Valiantness, *n. s.* সাহস, পরাক্রম, বীরত্ব, শূরত্ব, বাহাদুরী, বিক্রমশালিত্ব।

Valid, *a.* Fr. Lat. প্রধান, প্রবল, শক্ত, দৃঢ়, বলবান্, বলবৎ, কেয়ুয়া, ভারি, অমোঘ, সফল, জ্ঞানী, গুণকারী, অব্যর্থ, ব্যবহৃত, চলিত।

Validity, *n. s.* Fr. দার্ঢ্য, দৃঢ়তা, চলন, প্রাবল্য, প্রবলতা, বল, বলবত্তা, শক্তি, স্থৈর্য্য, নিশ্চয়তা, প্রত্যয় বা বিশ্বাসকারয়িতা, গৌরব, ভার, মূল্য।

Vallancy, *n. s.* মুখের পরচুলাবিশেষ, মুখপর্য্যন্ত ঢাকিয়া পড়ে এমত পরচুলা।

Vallation, *n. s.* Lat. গড়খাই, দুর্গ বেষ্টিত খানা বা খাল।

Vallatory, *a.* Lat. পরিমাণানুসারে বেষ্টিত বা ঘেরা যাহা।

Valley, *n. s.* Fr. Lat. পাহাড়তলী স্থান, পর্ব্বত পার্শ্ব, দুই পর্ব্বতের মধ্যে ভূমি, উপত্যকা।

Vallise, *n. s.* Dut. Fr. ঝোলাবিশেষ, একপ্রকার থলিয়া, পিটবোচ্‌কা, চামড়ামোড়া বাক্স বা আধারবিশেষ।

Vallum, *n. s.* Lat. পগার, বেড়া, আইল, প্রাচীর, দেআল, গড়খাই।

Valorous, *a.* বিক্রান্ত, পরাক্রান্ত, বলবান্, সাহসী, ভরসান্বিত, সবল, মজবুত, ডাকাবুকা, বীর্য্যবান্, শক্তিমান্, শক্ত।

Valorously, *ad.* সাহসপূর্ব্বক, বিক্রমপূর্ব্বক, বলবত্তারূপে, বীরত্বপূর্ব্বক, সবল বা বীর্য্যবত্তারূপে।

Valour, *n. s.* Fr. Lat. বিক্রম, পরাক্রম, সাহস, বল, শক্তি, বীরত্ব, শৌর্য্য, বীর্য্য, সাধ্য, সামর্থ্য, ক্ষমতা, ভরসা, বুক, ছাতি।

Valuable, *a.* Fr. অতিউত্তম, উপাদেয়, বহুমূল্যক, বেশকিম্মতি, অনেক দর যাহার, যোগ্য, উপযুক্ত, গুণকারক, কেয়ুয়া, দুষ্প্রাপ্য, প্রার্থনীয়, বাঞ্ছনীয়।

Valuableness, *n. s.* বহুমূল্যত্ব, দুষ্প্রাপ্যত্ব, প্রার্থনীয়ত্ব, বেশ কিম্মত বা অনেক দর যাহার তদ্ভাব বা অবস্থা, বহুমূল্যকত্ব, উত্তমতা, উপযুক্ততা।

Valuation, *n. s.* মূল্য যাচন, মূল্য নিরূপণ, দর ধরাণ, মূল্য স্থির করণ, কোন দ্রব্য বা বিষয়ের উপর স্থিরীকৃত দর বা মূল্য।

Valuator, *n. s.* মূল্যনিরূপণকর্ত্তা, দর ধরায় যে ব্যক্তি, দর বা মূল্য স্থির করে যে ব্যক্তি, যাচন্দার।

Value, *n. s.* Fr. Lat. মূল্য, দর, দাম, কিম্মত, উত্তম দর বা ভাও, প্রকৃত মূল্য, যথার্থ বা উপযুক্ত মূল্য।

To **Value,** *v. a.* Fr. নিশ্চিত দরে বা ভাওতে মূল্য-কৃ, প্রকৃত মূল্য-কৃ, মূল্য স্থির-কৃ, দর-ধরা, অধিক মূল্য নিরূপণ-কৃ, গৌরব-কৃ, মান, মূল্য-কৃ, দর-কৃ বা-ঠাহর, যাচাই-কৃ, দাম বা ভাও-কৃ বা -ধরা, বহুমূল্য-হ, মূল্যে বা দরে সমান-কৃ, হিসাব-কৃ, সংখ্যা ক্ষমতা বা গৌরবের হিসাব-কৃ, আদর-কৃ, মান্য-কৃ, দর মিলাইয়া-দেখ, মূল্যের বিচার-কৃ, আদর বা গৌরব-বাড়া, সম্ভ্রমবৃদ্ধি-কৃ।

Valueless, *a.* নির্মূল্য, মূল্য বা কিম্মত নাই যাহাতে বা যাহার, বেদামি, অকর্ম্মণ্য, অকেয়ুয়া, বেদরকারী।

Valuer, *n. s.* মূল্যকর্ত্তা, মূল্য স্থিরকর্ত্তা, দর বা দাম করে যে, যাচন্দার, দর বা দাম ঠাহরায় বা জানে যে।

Valve, *n. s.* Lat. ভাঁজা বা দোমড়ান খড়খড়ের পাকী, কপাট, পাট, বাইল, পাটী, দাঁড়ের পাতা, কোন পাত্রের মুখের ঢাকনি বা ডালা, শরীরাঙ্গবিশেষ।

Valvule, *n. s.* Fr. ক্ষুদ্র কপাট।

Vamp, *n. s.* Span. জুতার উপরি ভাগ বা তাহার চর্ম্ম, জুতার সুখতলা।

Digitized by Google

To Vamp, *v. a.* মেরামত-কৃ, নূতন তালি-দা বা-লাগা, সার, যোড়-দা।

Vamper, *n. s.* মেরামতকর্ত্তা, সারে যে, তালি বা যোড় দেয় যে।

Vampire, *n. s.* আনুমানিক বা কল্পিত পিশাচ বা রাক্ষসবিশেষ, এক জাতীয় বাদুড় বা চামচিকা।

Van, *n. s.* Fr. সৈন্যের অগ্র মুখ বা পংক্তি, পুরোবর্ত্তি সৈন্য, পাখা, কোন চৌড়া দ্রব্য যাহাতে বাতাস করা যায়, পক্ষ, পাক না, ডেনা।

To Van, *v. a.* Lat. Fr. পাখা-লাড় বা-কৃ, বাতাস-কৃ বা-দা, ঝাড়, বাতাসে উড়াইয়া-দা।

Vancourier, *n. s.* Fr. দূত, ধাবুড়ে, অগ্রগামি ব্যক্তি, অগ্রে দৌড়ে যে, অগ্রগন্তা, অগ্রগ।

Vandalick, *a.* অসভ্য, চোয়াড়, পশুবৎ, Vandals নামক জাতির ন্যায় বা তত্তুল্য।

Vandalism, *n. s.* পূর্ব্বোক্ত লোকেরদিগের চালি আচার ব্যবহার রীতি স্বভাব বা প্রকৃতি।

Vane, *n. s.* Dut. খিল বা প্রেকে বদ্ধ একপ্রকার পতর যাহা বাতাসে ফিরে বা ঘুরে, ধ্বজাবিশেষ।

Vanguard, *n. s.* Fr. সৈন্যের অগ্রভাগ বা মোহাড়া, পুরোবর্ত্তি সৈন্য, সৈন্যের প্রথম শ্রেণী।

Vanilla, *n. s.* Fr. ক্ষুদ্রবৃক্ষবিশেষ।

To Vanish, *v. n.* Lat. Fr. অন্তর্ধান-হ, অদর্শন-হ, অপ্রকট-হ, উবে-যা, লুকা, লোপ-হ, লুপ্ত-হ, হারা, হারাইয়া-যা।

Vanished, *part. a.* অপ্রকট, দর্শন হয় না যাহার, দেখা যায় না যাহা, অদৃষ্ট, দৃষ্ট্যগোচর।

Vanity, *n. s.* Lat. Fr. মিথ্যা বড়াই, অহমিকা, গর্ব্ব, গরিমা, গুমর, অহঙ্কার, দেমাক, শূন্যতা, অসারত্ব, অনিশ্চিতত্ব, ভুয়ার ভাব বা অবস্থা, নিষ্ফল বা ব্যর্থ চেষ্টা বা আশয়, বৃথা পরিশ্রম, মিথ্যা পরিশ্রম, মিথ্যা, কল্পিতত্ব, অযাথার্থ্য, অদ্রব্য, অপদার্থ, অবস্তুতা, মিথ্যা সুখ, মিথ্যা যত্ন, ভ্রমজনক দর্শন, মিথ্যা ভোগ, আয়াস, সামান্য চেষ্টা বা আয়াস, অপ্রকৃতি, মিথ্যা অভিমান, সামান্য বিষয়ে অহঙ্কার।

To Vanquish, *v. a.* Fr. পরাস্ত-কৃ, জয়-কৃ, জিত, পরাজয়-কৃ, পরাভব-কৃ, দমন-কৃ, সজুত-কৃ, হারাইয়া-দা, নিরস্ত-কৃ।

Vanquishable, *a.* নিরস্ত বা পরাস্ত করিবার বা হইবার যোগ্য, জেয়, জেতব্য, পরাভবনীয়, হারাইতে পারা যায় যাহাকে, দমন হইতে পারে যাহার।

Vanquisher, *n. s.* জয়কর্ত্তা, পরাজয় বা পরাস্তকর্ত্তা, জেতা, দমন কর্ত্তা, যে হারায় বা পরাভব করে, নিরস্তকর্ত্তা।

Vantage, *n. s.* শ্রেষ্ঠত্ব, লভ্য, প্রাপ্তি, লাভ, মুনাফা, প্রাধান্য, প্রাবল্য, ব্যাপকতা, অবকাশ, উপায়, আয়ত্ব, সুবিধা, সুসার।

To Vantage, *v. a.* লাভ-কৃ, মুনাফা-কৃ, প্রাপ্তি-কৃ।

Vantage-ground, *n. s.* প্রাধান্য, ব্যাপকতা, সুবিধা, অন্যাপেক্ষা কোন কর্ম্ম করিবার উত্তম উপায় থাকে যে অবস্থায় তদবস্থা।

Vantbrace বা Vantbrass, *n. s.* Fr. সাঁজওয়াবিশেষ, বাহু র রক্ষার্থে পরা যায় যে কবচ বা সাজ।

Vapid, *a.* Lat. তেজ বাহির হইয়া গিয়াছে যাহার, মৃত, নির্জ্জীব, তেজোরহিত, বিস্বাদু, ভস্কা, বিরস, ফিকা, বেগড়া।

Vapidness, *n. s.* নির্জ্জীবত্ব, বিস্বাদ, বৈরস্য, ভস্কা বিরস বা ফিকের ভাব অবস্থা বা ধর্ম্ম।

To Vaporate, *v. n.* বাষ্প নির্গত-হ, ধূমা-উঠ, ভাপ-উঠ, ধূঁয়ার সহিত উড়িয়া-যা বা নির্গত-হ, বায়ুর সহিত উড়িয়া-যা বা লোপ-হ।

Vaporation, *n. s.* Fr. বাষ্প নির্গতহওন, ভাপ, ভাপ উঠন, ধূঁয়া হইয়া উড়িয়া যাওন।

Vaporer, *n. s.* বড়ফটাই করে যে, মিথ্যা জাঁক বা জারি করে যে ব্যক্তি, জেঁকো, বাত্যা, গপ্পা, গেলুয়া, প্রগল্ভী, আত্মশ্লাঘা কর্ত্তা।

Vaporingly, *ad.* প্রগল্ভতাপূর্ব্বক, আত্মশ্লাঘাপূর্ব্বক, মিথ্যা জাঁক বা বড়াইপূর্ব্বক।

Vaporish, *a.* বাষ্পময়, ধূমময়, ঝাঁজওয়ালা, ভাপ বা বায়ুতে পূর্ণ, খিট্‌খিটিয়া, খেঁৎখেঁত্যা, সর্ব্বদা দেক বা বেজার হয় যে, আশুক্রোধী, সদা বিরক্ত।

Vaporous, *a.* Fr. বাষ্পময়, বায়ু বা বাষ্পবিশিষ্ট, ধূমময়, ভাপে পোরা, বায়ু পূর্ণ।

Vaporousness, *n. s.* বাষ্পময়ত্ব, ধূমময়ত্ব, ভাপ বা বায়ুতে পরিপূর্ণাবস্থা।

Vapory, *a.* খিটমিটে, সদা বিরক্ত, আশুক্রোধী, এতদ্ভিন্ন Vaporous শব্দদেখ।

Vapour, *n. s.* Fr. Lat. বাষ্প, ধূম, ধূঁয়া, ভাপ, উষ্মা, ঝাঁজ, উত্তাপ, বায়ু, স্তম্ভিত বায়ু, মতলব, খেয়াল, এ শব্দের বহু বচনে বায়ুকর্তৃক উৎপাদিত রোগকে বুঝায়, চিন্তা, ভাবনা, উদ্বেগ, বায়ু রোগবিশেষ, রাগ।

To Vapour, *v. n.* Lat. বাষ্প বা ভাপ-উঠ, ধূমা হইয়া উড়িয়া-যা ঝাঁজ বাহির-হ, বাষ্প নির্গত-হ বা-কৃ, প্রগল্ভতা-কৃ, জাঁক-কৃ, বড়াই-কৃ, আস্ফালন-কৃ, আত্মশ্লাঘা-কৃ, মিথ্যা জারি-কৃ।

To Vapour, *v. a.* বাষ্প বা ধূঁয়া করিয়া উড়াইয়া-দা।

Vapoured, *a.* ভিজা, আর্দ্র, সপ্‌সপ্যা, খিট্‌খিটিয়া, খেঁৎখেঁত্যা, উষ্মাযুক্ত, বেজার, দেক, বিরক্ত।

Vare, *n. s.* Span. যষ্টি বা দণ্ডবিশেষ, বিচারাধ্যক্ষের দণ্ড আশা বা সোঁটা।

Variable, *a.* Fr. ক্ষয়ণীয়, পরিবর্ত্তনীয়, অনিশ্চিত, অনির্দ্ধারিত, অস্থির, অনিত্য।

Variableness, *n. s.* পরিবর্ত্তনীয়ত্ব, অনিশ্চিতত্ব, অনির্দ্ধারিতত্ব, অস্থিরত্ব, অনিত্যতা, অচিরস্থায়িত্ব, অস্থৈর্য্য, অব্যবস্থিতত্ব, ছেপলামী, হালকামি।

Variably, *ad.* পরিবর্ত্তনপূর্ব্বক, অনিশ্চিত বা অনির্দ্ধারিতরূপে, অনিত্যরূপে, অস্থিরত্বপূর্ব্বক, অচিরস্থায়িত্বরূপে।

Variance, *n. s.* অনৈক্য, অপ্রীতি, অমিল, বৈপরীত্য, বৈলক্ষণ্য, বিবাদ, বিরোধ, ঝকড়া।

To Variate, *v. a.* Lat. পরিবর্ত্তন-কৃ, বদল-কৃ, ফেরফার-কৃ।

Variation, *n. s.* Lat. Fr. ক্রমিক পরিবর্ত্তন বদল বা অন্যথা হওন বা করণ, পরিবর্ত্তন, বদল, ফেরফার, অমিল, অনৈক্যতা, ভেদ, তফাৎ, অন্যথাকরণ, কমবেশ হওন করণ বা তদ্ভাব।

Varicous, *a.* Lat. শিরার বৃদ্ধিদ্বারা পীড়িত যে।

To Variegate, *v. a.* Lat. চিত্রবিচিত্র-কৃ, নানাবর্ণ-কৃ, নানাপ্রকার বা রকম-কৃ।

Variegation, *n. s.* চিত্রবিচিত্রতা, নানারঙ্গ, নানাপ্রকার বা রকম হওন করণ বা তদ্ভাব।

Variety, *n. s.* Fr. Lat. পরিবর্ত্তন, বদল, নানাপ্রকার, নানা জাতি, নানারূপ, তরং বা রকমং বস্তু বা বিষয় ভেদ, প্রভেদ, অনৈক্য, ফেরফার, ফের, বদল, পূর্ব্বাবস্থা ধর্ম্ম বা ভাবের পরিবর্ত্তন বা অন্যথাহওন করণ তদ্ভাব বা অবস্থা।

Variolous, *a.* Lat. বসন্ত রোগসম্বন্ধীয় বা তদ্বিষয়ক।

Various, *a.* Lat. বিবিধপ্রকার, নানা জাতীয়, নানা, বিবিধ, নানাবিধ, নানাপ্রকার, নানামত, অনেক, বিস্তর, বহুত, অশেষ,

Digitized by Google

পরিবর্ত্তনীয়, অস্থির, অনিশ্চিত, অনির্দ্ধারিত, পরস্পর মিল বা ঐক্য নাই যাহার বা যাহাতে, নানারূপ।

Variously, *ad.* নানামতে, নানাবিধরূপে, বিবিধপ্রকারে, নানা প্রকারে।

Varix, *n. s.* Lat. Fr. শিরার বৃদ্ধি।

Varlet, *n. s.* Fr. ভৃত্যবিশেষ, দাস, চাকর, নফর, নষ্ট, দুষ্ট, ভ্রষ্ট, অসৎ বিটল বা বোচা লোক, কুলীন বা বড় লোকের চাকর বা পারিষদ, নিন্দা বা অপমানের শব্দ।

Varletry, *n. s.* ইতর লোক, সামান্য লোক, ছোট লোক, সাধারণ লোক।

Varnish, *n. s.* Fr. Lat. উজ্জ্বলকারি তৈল বা অন্য দ্রব্য, রোগন, রং, কলপ, বারনিষ ইতি চলিত ভাষা।

To **Varnish**, *v. a.* Fr. উজ্জ্বলকারী তৈল-দা বা-মাখা, রোগন-মাখা, গাত্রে রং-দা, কলপ-দা বা-লাগা, চিক্কণ-কৃ, মার্জন ঘর্ষণ লেপন ইত্যাদির দ্বারা চাকচক্য-কৃ, সালঙ্কার বাক্য বা বক্তৃতাদ্বারা দোষ-ঢাক, কথা দিয়া-সাজা।

Varnisher, *n. s.* রোগণওয়ালা, উজ্জ্বল করে যে ব্যক্তি, রং বা কলপ দেয় বা মাখায় যে, ছদ্মবেশ করিয়া দেয় যে ব্যক্তি, সাজায় যে, ঢাকে যে, কোন লেপ রং বা কলপ দিয়া ঢাকে যে।

Varvels, *n. s.* Fr. বাজপক্ষির পায়ের আঁকড়া যাহাতে তৎস্বামির নাম খোদা থাকে, এতদ্ভিন্ন Vervels শব্দ দেখ।

To **Vary**, *v. a.* Lat. Fr. অতুল্য-কৃ, বিশেষ-কৃ, ভেদ-কৃ, পরিবর্ত্তন-কৃ, বদল-কৃ, বদলা, অমেল-কৃ, বিকৃত-কৃ, নানাপ্রকার বা জাতি-কৃ, হরেক রকমের-কৃ, চিত্রবিচিত্র-কৃ, রংবরঙ্গ-কৃ, ভিন্নং বা রকমং-কৃ, ফেরফার বা ফেরঘোর-কৃ।

To **Vary**, *v. n.* পরিবর্ত্তনীয়-হ, বদল-হ, ভিন্ন-হ, অমিল বা অতুল্য-হ, বিশেষ বা ভেদ-হ, অন্যথা-হ, পরস্পর অন্যপ্রকার বা ভিন্ন-হ, স্বতন্ত্র-হ, বহির্ভূত-হ, বৈলক্ষণ্য-হ।

Vascular, *a.* Lat. শরীরের রস রক্তাদি ধৃ নাড়ীতে পরিপূর্ণ তন্ময় বা তদ্যুক্ত।

Vascularity, *n. s.* শরীরের রস রক্ত ধৃ নাড়ীতে পরিপূর্ণত্ব তন্ময়ত্ব বা তদ্যুক্তের ভাব বা অবস্থা।

Vasculiferous, *a.* বীজের স্বতন্ত্র আধার থাকে যে বৃক্ষে তদ্বৃক্ষের বিশেষণবাচক।

Vase, *n. s.* Fr. Lat. পাত্র, সঙ্গমরমরের প্রস্তরকে বুঝায়।

Vassal, *n. s.* Fr. পরাশ্রিত বা অধীন ব্যক্তি, তাঁবেদার, দাস, নফর, ভৃত্য, প্রজা, গোলাম।

To **Vassal**, *v. a.* দাস-কৃ, ভৃত্য-কৃ, নফর-কৃ, তাঁবেদার-কৃ, গোলাম-কৃ, অধীন-কৃ, কর্তৃত্ব বা প্রভুত্ব-কৃ, হুকুম-চালা।

Vassalage, *n. s.* Fr. কৈঙ্কর্য্য, দাসত্ব, নফরালি, গোলামি, তাঁবেদারী, অধীনতা, পরাধীনতা।

Vast, *a.* Fr. Lat. অত্যন্ত আয়তন যাহার, বৃহৎ, বড়, মহৎ, মহা, অতিশয়, অতিবাদ, প্রকাণ্ড, বিপরীত, বিপর্য্যয়, বিস্তর, অনেক।

Vast, *n. s.* Lat. শূন্য স্থল, পড়া জায়গা, পতিত স্থান।

Vastation, *n. s.* Lat. অপচয়, বিনাশ, ক্ষয়, লোক ক্ষয়, উজাড় উচ্ছিন্নত্ব।

Vastidity, *n. s.* Lat. আতিশয্য, বৃহত্ত্ব, বহুলত্ব, প্রশস্ততা, দরাজি, ফালাওয়ের ভাব বা অবস্থা।

Vastly, *ad.* মহদ্রূপে, বৃহদ্রূপে, অত্যন্ত বা অতিবড়রূপে, আতিশয্যরূপে, বাহুল্যরূপে, বিস্তাররূপে।

Vastness, *n. s.* বৃহত্ত্ব, বৃহৎ বা মহতের অবস্থা বা ভাব, প্রকাণ্ডত্ব, বিপরীতত্ব, বিপর্য্যয়ত্ব, বাহুল্য, আতিশয্য।

Vasty, *a.* বৃহৎ, মহৎ, বড়, প্রকাণ্ড, বিপর্য্যয়, বিপরীত।

Vat, *n. s.* Dut. Sax. হ্রদ, কূপ, কুণ্ড, চৌবাচ্চা, হৌজ, বড় পীপা বিশেষ।

Vaticide, *n. s.* Lat. ভবিষ্যদ্বক্তা হন্তৃ বা ঘাতক, কোন পয়গম্বর বা মহাপুরুষকে মারে বা খুন করে যে, মহাপুরুষ বা ভবিষ্যদ্বক্তার বধকর্ত্তা।

Vaticinal, *a.* Lat. ভবিষ্যদ্বাক্যযুক্ত বা তদ্বিশিষ্ট, ভাবিকথা বিশিষ্ট।

To **Vaticinate**, *v. n.* Lat. ভবিষ্যৎ কথা-কথ, জান-হ, পরে যাহা ঘটিবেক বা হইবেক তাহা পূর্ব্বে-কথ বা প্রকাশ-কৃ, জানামি-কৃ।

Vaticination, *n. s.* Fr. ভবিষ্যৎ কথাকথন, ভবিষ্যদ্বাক্য, ভাবি কথা প্রকাশ।

Vavasour, *n. s.* Fr. ইজারদারবিশেষ।

Vaudevil, *n. s.* Fr. গীতবিশেষ, ইতরলোকেরা রাস্তায়ং গাইয়া বেড়ায় যে গান, টপ্পা।

Vault, *n. s.* Fr. অবিচ্ছিন্ন খিলানবিশেষ, খিলান ঘর, মৃত্তিকাভ্যন্তর ঘর বা কুঠরি, গহ্বর, মাটী ঘর, মৃত্তিকার ভিতর সুড়ঙ্গ বা ঘর, মড়ার স্থান, গোর, কবর।

To **Vault**, *v. a.* Fr. খিলান-কৃ বা-গাঁথ, খিলান-তোল বা-ফেরা, মন্দিরবৎ গোর বা কবর-কৃ, গুজ-কৃ, গুম্বেজ-কৃ বা তদাকারে নির্ম্মাণ-কৃ।

To **Vault**, *v. n.* Fr. লাফা, লম্ফ-মার বা-দা, কুদ্দ, ডিগবাজী-কৃ বা-খাদ।

Vault, *n. s.* লম্ফ, লাফ, লাফালাফি।

Vaultage, *n. s.* খিলানওয়ালা, মৃত্তিকাভ্যন্তর ঘর বা কুঠরি।

Vaulted, *a.* খিলানযুক্ত বা তদ্বিশিষ্ট, খিলানওয়ালা, খিলান করা, খিলানবৎ আকার যাহার, গুম্বেজাকার।

Vaulter, *n. s.* লাফায় বা কুদ্দে যে ব্যক্তি, ডিগবাজি খায় যে, লাফানিয়া, লাফালাফি করে যে।

Vaulty, *a.* খিলানবৎ, খিলানওয়ালা, খিলান গাঁথা, খিলান করা, খিলান্যা, গুম্বেজদার, গুমুট্যা।

To **Vaunt**, *v. a.* Fr. আস্ফালান-কৃ, বড়াই-কৃ, গর্ব্ব-কৃ, আস্পর্দ্ধা-কৃ, দর্প-কৃ, দম্ভ-কৃ, আত্মশ্লাঘা-কৃ, বড়ফট্টাই-কৃ, আত্মগরিমা-কৃ।

To **Vaunt**, *v. n.* আত্মশ্লাঘী-হ, বড়াই-কৃ, আস্পর্দ্ধাকারী-হ, গর্ব্বী-হ, বড়ফট্টাই-কৃ, দাম্ভিকতা-কৃ, আস্ফালন-কৃ।

Vaunt, *n. s.* আত্মশ্লাঘা, গর্ব্ব, বড়াই, আস্পর্দ্ধা, বড়ফট্টাই, দম্ভ, আত্মগরিমা, আস্ফালন।

Vaunt, *n. s.* Fr. প্রথমাংশ, প্রথমভাগ, অগ্রভাগ, মহড়া।

Vaunt-courier, *n. s.* Fr. Vancourier শব্দ দেখ।

To **Unbiass**, *v. a.* ভ্রম দ্বেষ বা সন্দেহভঞ্জন-কৃ, অপক্ষপাত-কৃ।

Unbiassedly, *ad.* ভ্রম দ্বেষ সন্দেহ বা পক্ষপাত ত্যাগ করিয়া।

Unbid বা **Unbidden**, *a.* Sax. অনিমন্ত্রিত, অনাহূত, অনাদিষ্ট, অনাজ্ঞাকৃত, স্বেচ্ছাকৃত, স্বভাবত, স্বয়ংজাত কৃত বা ভূত, আপনা আপনি হয় বা করে যে।

Unbigotted, *a.* কোন মতের বা পক্ষের অদৃঢ়াবলম্বী, গোঁড়ামি নাই যাহার বা করে না যে, স্বকীয়মতে আনুরক্ত্যেতে অন্যমত চেষ্টা নাই যাহার।

To **Unbind**, *v. a.* Sax. অবদ্ধ-কৃ, বন্ধনমুক্ত-কৃ, বন্ধন খুলিয়া-দা, আলগা-কৃ, খুল, গির-খুল, বাঁদন-খুল, এলাইয়া-দা।

To **Unbishop**, *v. a.* প্রধান ধর্ম্মাধ্যক্ষের পদচ্যুত-কৃ, Bishop সংজ্ঞক ধর্ম্মাধ্যক্ষের কর্ম্মহইতে রহিত-কৃ।

Unbit, *a.* অদংশিত, আকামড়ান, কামড়ান যায় নাই যাহাকে বা যাহা।

Unbitted, *a.* অবদ্ধ, লাগাম দেওয়া নহে যে, আলগা, খোলা, লাগাম পরান নহে যে, লাগাম নাই যাহার বা যাহাতে।

Unblamable, *a.* অপরিবাদনীয়, অপবাদ বা অপযশ করা যায় না যাহার, দোষ নাই যাহার বা তদ্যোগ্য নহে যে, অপরিবাদ্য, অদুষ্য, নির্দোষী, অচ্ছিদ্র, অগ্লানিকর, নিন্দনীয় নহে যে, অপরাধ নাই যাহার।

Unblamableness, *n. s.* অপরিবাদনীয়ত্ব, অদুষ্যত্ব, নির্দোষির ভাব বা অবস্থা।

Unblamably, *ad.* অপরিবাদপূর্ব্বক, অদুষ্যরূপে, নির্দোষপূর্ব্বক, নির্দোষে, অপরাধ দোষ অপবাদ বা অপযশরাহিত্যপূর্ব্বক।

Unblamed, *a.* নির্দোষী, অদুষ্য, অপরিবাদিত, নিরপরাধী, দোষ বদনাম কলঙ্ক বা অপবাদশূন্য, নিখুঁত।

Unblasted, *a.* অমশৃণ, অবিনষ্ট, অনুৎখাত, শুষ্ক হয় নাই যে, নষ্ট হয় নাই যাহা।

Unblemishable, *a.* অপবিত্র বা অশুদ্ধ হইতে পারে না যে বা যাহা, খুঁত হয় না যাহার বা যাহাতে, নিষ্কলঙ্ক, বেদাগী, নিখুঁত, নির্দোষ।

Unblemished, *a.* পবিত্র, শুদ্ধ, নিখুঁত, দোষরহিত, নির্দোষ, নিষ্কলঙ্ক, বেদাগী, লজ্জা বা ভয়হীন।

Unblenched, *a.* অমুগ্ধ, ধাঁদা লাগে নাই যাহার, অসঙ্কুচিত, ভয়ে জড়শড় নহে যে, অভ্রান্ত।

Unblended, *a.* অমিশ্রিত, মিশান নহে যে।

Unblest, *a.* দুঃখী, নিরানন্দ, বিশপ্ত, শাপগ্রস্ত, অনাশীর্ব্বাদিত, অবর দত্ত, অশুভ, অমাঙ্গল্য, অপ্রসাদিত।

Unblighted, *a.* মশৃণ হয় নাই যে, শুষ্ক হয় নাই যাহা, নষ্ট হয় নাই যাহা, অবিনষ্ট।

Unbloodied, *a.* রক্ত মাখান নহে যে, রক্ত লাগে নাই যাহাতে, রক্তাক্ত নহে যে, রক্তপাত হয় নাই যাহার।

Unbloody, *a.* খুনে বা হননশীল নহে যে, নিষ্ঠুর নির্দয় বা ক্রূর নহে যে, অরক্তপাতী, রক্ত মাখান নহে যে, রক্ত লাগে নাই যাহাতে, রক্তপাত করে নাই যে, অরক্তাক্ত।

Unblossoming, *a.* মুঞ্জরে না যে, বৌল বা মুকুল নাই বা হয় নাই যাহার।

Unblown, *a.* অবিকসিত, অপ্রফুল্ল, অপ্রস্ফুটিত, মুদ্রিত, নির্ব্বাণ হয় নাই যাহা, অপ্রজ্বলিত, বাতাসে জ্বলিয়া উঠে নাই যাহা, ফোঁকা যায় নাই যাহা।

Unblunted, *a.* তীক্ষ্ণ, ভোঁতা নহে যাহা, ধার মোড়া নহে যাহার।

Unblushing, *a.* লজ্জাহীন, লজ্জায় অত্রপ, লজ্জা হয় না যাহার, অবিলজ্জ, অপলজ্জ, বেহায়া, বেসরম, লজ্জা নাই যাহার।

Unboastful, *a.* অদর্পী, অপ্রগল্ভ, বড়াই বা দর্প করে না যে বা নাই যাহার।

Unbodied, *a.* অপার্থিব, কায়হীন, অদেহী, অশরীরী, অশারীরিক, দেহ মূর্ত্তি বা আকার নাই যাহার, অনঙ্গ, নিরাকার।

Unboiled, *a.* অসিদ্ধ, অপক্ব, কাঁচা, সিদ্ধ হয় নাই বা করা যায় নাই যাহাকে, জ্বাল দেওয়া যায় নাই যাহা।

To **Unbolt**, *v. a.* খুলিয়া-দা, আলগা-কৃ, হুড়কা-খুল, খিল বা হুড়কা-খসা, হুড়কা গরাদি বা খিল-খুল, অনর্গল-কৃ, খুল।

Unbolted, *a.* মোটা, অপরিষ্কার, আচালা, আঝাড়া, অপরিষ্কৃত।

Unbonneted, *a.* আদুড় মাথা, খোলা মাথা, টুপি নাই যাহার।

Unbookish, *a.* অপাঠার্থী, বিদ্যা বা পুস্তকে অনভ্যাসী, অনভ্যাসিত, অবিদ্বান, পুস্তক পাঠে রত নহে যে, পড়ে না যে, অপণ্ডিত, বিদ্যা নাই যাহার, পুস্তকগত বিদ্যা নাই যাহার, চিন্তিত বিতর্কিত অভ্যস্ত বা পঠিত জ্ঞান নাই যাহার।

Unborn, *a.* Sax. অজ, অভূত, ভাবী, আগামী, অনুৎপন্ন, অজাত, অজনিত, ভবিষ্যৎ, অদ্যাপি জন্মে নাই যে।

Unborrowed, *a.* অকৃত্রিম, যথার্থ, স্বাভাবিক, আসল, জাতীয়, স্বজাতীয়, স্বদেশীয়, আপনার, নিজের, পরের ধার করা নহে যাহা।

To **Unbosom**, *v. a.* বিশ্বাস করিয়া-কথ-জানা বা ব্যক্ত-কৃ, প্রকাশ-কৃ, ব্যক্ত-কৃ, প্রচার-কৃ, ফাঁস-কৃ, মনের কথা খুলিয়া-কথ, পেটের কথা বাহির-কৃ, মনের কথা প্রকাশ-কৃ।

Unbottomed, *a.* Sax. নিস্তলা, গোড়া নাই যাহার, খুরা পায়া বা তলারহিত, দৃঢ় বা মজবুত বুনিয়াদ নাই যাহার, খুরা নাই যাহার, বিশ্বাস নাই যাহার বা যাহাতে, বেবুনিয়াদী।

Unbought, *a.* কেনা নহে যাহা, অক্রীত, অকেনা, বিনামূল্যে প্রাপ্ত, খরীদ হয় নাই যাহার।

Unbound, *a.* অনাবৃত, বান্দা নহে যাহা, পুস্তিন বা মলাট নাই যাহার বা যাহাতে, অবদ্ধ, আলগা, এলুয়া, খোলা, আচ্ছাদন রহিত, মেলা, ছড়ান, এলোমেলো, এলোথেলো, আবাঁদা, *To* Unbind ক্রিয়ার কার্দন্তিক পদ।

Unbounded, *a.* অনন্ত, অশেষ, অনিয়ম, অসীম, অপরিসীম, অপরিমিত, বেহদ্দ, সীমা বা অন্ত নাই যাহার।

Unboundedly, *ad.* অন্ত শেষ বা সীমারাহিত্যপূর্ব্বক, বিনা সীমাতে, অপরিমিতরূপে, অপরিসীমরূপে, বেহদ্দরূপে।

Unboundedness, *n. s.* অনন্তাবস্থা, অপরিসীমত্ব, সীমারাহিত্য, অন্ত শেষ বা সীমা নাই যাহার তদ্ভাব বা অবস্থা।

Digitized by Google

Unbounteous, *a.* অদিৎসু, অকরুণ, অদাতা, কৃপণ, অননুকূল।

To **Unbow**, *v. a.* বক্রতা-সার, সোজা-কৃ, ধনুকের জ্যা বা ছিলা -খুল, সিধা বা সোজা-কৃ।

Unbowed, *a.* অনত, নোয় না যে, নোয়ান নহে যাহা, সিধা, সরল, সোজা, অবক্র, অবক্রিত।

To **Unbowel**, *v. a.* নাড়ীভুঁড়ি নির্গত বা বাহির-কৃ, অন্ত্র পরিষ্কার -কৃ, নাড়ীভুঁড়ি বাহির করিয়া-ফেল।

To **Unbrace**, *v. a.* আলগা-কৃ, ঢিলা-কৃ, শিথিল-কৃ, নরম-কৃ, কাপড় আলগা-কৃ।

To **Unbreast**, *v. a.* খুলিয়া-দা, বুক বা মাই আদুড়-কৃ, খুল, অনাচ্ছাদিত-কৃ, মেলিয়া-দা, এলো বা আলগা করিয়া-দা।

Unbreathed, *a.* অনভ্যস্ত, অনভ্যাসিত, অপরীক্ষিত।

Unbreathing, *a.* অপ্রাণী, মৃতপ্রায়, মশৃণ, নির্জীব, সজীব নহে যে, জীবিত নহে যে, প্রাণদান হয় নাই যাহার, শ্বাস প্রশ্বাস চলে না যাহার বা যাহাতে।

Unbred, *a.* অমনুষ্য, অশিক্ষিত, মূর্খ, অশিষ্ট, অসভ্য, মূঢ়, অপণ্ডিত, তরবিয়ত পায় নাই যে, শিষ্টতা নাই যাহার।

Unbreeched, *a.* জাঙ্গিয়া খোলা যাহার, ইজার বা পায়জামা পরা নহে বা তদ্বর্জিত বা রহিত যে, উলঙ্গ, নেংটা, এতদ্ভিন্ন Breeching শব্দ দেখ।

Unbrewed, *a.* অমিশ্রিত, নির্ভাজ, ভাঁজ দেওয়া নহে যে, শুদ্ধ, আসল, খাটি, প্রকৃত।

Unbribable, *a.* ঘুসদ্বারা ভ্রষ্ট বা নষ্ট করা যায় না যাহাকে বা তদ্যোগ্য নহে যে, উৎকোচ গ্রহণ করে না যে, ঘুস লয় না যে, ঘুস খাওয়াইতে পারা যায় না যাহাকে, উৎকোচদ্বারা ভুলান যায় না যাহাকে।

Unbribed, *a.* উৎকোচ গ্রহণ করে না যে, ঘুস খায় না যে, ঘুস উৎকোচ বা নজর দিয়া বশ হয় না যে বা করা যায় না যাহাকে, টাকায় কেনা নহে যে, অক্রীত, ভাড়াটে নহে যে।

Unbridled, *a.* অবদ্ধ, অবশীভূত, অদম্য, অনিয়মিত, অনাটক, খোলা, অনায়ত্ত, অবাধ্য, লম্পট, কামাসক্ত, বেলাগাম, লাগাম নাই যাহার।

Unbroke বা **Unbroken**, *a.* Sax. অলঙ্ঘিত, অভঙ্গিত, অক্ষত, অব্যবহারিত, অখণ্ডিত, অভগ্ন, অখণ্ড, বেসিকস্ত, অবশ, পোষ মানা নহে যে, অনষ্ট, নূতন, টাট্‌কা, আকাঁড়া, জঙ্গলী।

Unbrotherlike বা **Unbrotherly**, *a.* ভ্রাতার অনুপযুক্ত, ভ্রাতার অকর্ত্তব্য যাহা, অভ্রাতৃবৎ, অসহোদরতুল্য, ভাইয়ের মত উপযুক্ত বা যোগ্য নহে যাহা, ভ্রাতৃত্ব বা তদ্ধর্ম্মের বিপরীত।

Unbruised, *a.* অখণ্ডিত, আস্ত, অক্ষত, থেঁতলান নয় যাহা, ছেঁচে যায় নাই যাহা।

To **Unbuckle**, *v. a.* খোল, আলগা-কৃ, অবদ্ধ-কৃ, আঁকড়া-খোলা, বকলস খুলিয়া বা ছাড়াইয়া-দা।

To **Unbuild**, *v. a.* কোন ইমারত বা গঠন ভাঙ্গিয়া-ফেল বা ফেলিয়া-দা, উৎপাটন-কৃ, ভাঙ্গ, ভাঙ্গিয়া-ফেল, ধ্বংস-কৃ, বিনাশ-কৃ, পাতন-কৃ, ফেলিয়া-দা।

Unbuilt, *a.* অনির্ম্মিত, অগঠিত, বানান যায় নাই বা তৈয়ার হয় নাই যাহা, গড়ান নহে যাহা, অপ্রস্তুত।

Unburied, *a.* কবরে অসমর্পিত, সমাজ হয় নাই যাহার বা দেওয়া যায় নাই যাহাকে, আপোঁতা, আগাড়া, মাটি হয় নাই যাহার বা দেওয়া যায় নাই যাহাকে, মরণ সংস্কার হয় নাই যাহার বা করা যায় নাই যাহাকে, মৃত শরীর ফেলিয়া বা ভাসাইয়া দেওয়া গিয়াছে যাহার।

Unburned বা **Unburnt**, *a.* কাঁচা, অদগ্ধ, আপোড়া, অজ্বলিত, পোড়ে নাই যে, অগ্নিতে তপ্ত দগ্ধ বা নষ্ট হয় নাই যে, অগ্নি দেওয়া যায় নাই যাহাতে, অগ্নি দ্বারা অসংস্কৃত, অগ্নি সংস্কার বা কার্য্য হয় নাই যাহার।

Unburning, *a.* অদগ্ধকারী, পোড়ায় না যে, উত্তপ্তকারী নহে যে, অগ্নিতে পোড়ায় না যে, অদগ্ধশীল।

To **Unburthen**, *v. a.* খালি-কৃ, ভার খালাশ-কৃ, ভার মুক্ত-কৃ, ভার রহিত-কৃ বা-নামা, বোঝা-ওলা, নিক্ষেপ-কৃ, ফেলিয়া-দা, মনে যে বিষয় বা কথা গুজং বা ফুটং করে তাহা প্রকাশ-কৃ।

Unbusied, *a.* অব্যাবৃত, অব্যস্ত, কর্ম্মে নিযুক্ত বা ব্যস্ত নহে যে, কোন কর্ম্ম নাই যাহার, নিষ্কর্ম্মা, অকর্ম্মা, বসিয়া আছে যে।

To **Unbutton**, *v. a.* ঘুণ্টী-খুল, বোতাম-খুল, গিরা বা পুঁটে-খোল, আলগা-কৃ।

Uncaged, *a.* মুক্ত, অবদ্ধ, খোলা, পিঞ্জরহইতে মুক্ত, পিঁজরাহইতে খালাস পাইয়াছে যে।

Uncalcined, *a.* অদগ্ধ, অভস্মীকৃত, পুড়িয়া ছাই হয় নাই যাহা।

Uncalled, *a.* অনাহূত, অনাহ্বানকৃত, ডাকা যায় নাই যাহাকে, তলপ হয় নাই যাহার, চাওয়া যায় নাই যাহা, অপ্রশ্নিত, অপৃষ্ট, অজিজ্ঞাসিত।

To **Uncalm**, *v. a.* অস্থির-কৃ, চঞ্চল-কৃ, তোলপাড়-কৃ।

Uncancelled, *a.* মুছিয়া কাটিয়া ছুলিয়া বা চাঁচিয়া ফেলা যায় নাই যাহা, নষ্ট করা যায় নাই যাহা, দগ্ধ করা যায় নাই যাহা, পোড়ান যায় নাই যাহা, রদ বা নয় করা যায় নাই যাহা, বাতিল হয় নাই যাহা।

Uncandid, *a.* অস্পষ্ট, অসরল, নির্ম্মলান্তঃকরণ নয় যাহার, খোলসা বা পরিষ্কার নহে যে।

Uncanonical, *a.* অশাস্ত্রীয়, ধর্ম্ম শাস্ত্রের বিরোধী বা তৎসম্মত নহে যাহা, অবৈধ, শাস্ত্র নিয়ম বা আইনের বিরুদ্ধ বা বিপরীত।

Uncanonicalness, *n. s.* ধর্ম্ম শাস্ত্রের বিরুদ্ধতা, অবৈধত্ব, শাস্ত্র নিয়ম বা আইন বিরুদ্ধের ভাব বা অবস্থা।

Uncanopied, *a.* আদুড়, খোলা, অনাচ্ছাদিত, চন্দ্রাতপহীন বা তদ্বর্জিত, চাঁদওয়া সামিয়ানা বা ঢাকা নাই যাহার উপর বা যাহাতে।

Uncapable, *a.* Fr. Lat. শক্তি বা যোগ্যতাহীন, অপারক, অযোগ্য, অক্ষম, এ শব্দ এক্ষণে প্রায় Incapable লেখা যায়।

Uncared *for*, *a.* অনাদৃত, অগৌরবান্বিত, অমনোযোগকৃত, অমান্য, তত্ত্বাবধারণ করা যায় না বা হয় না যাহার, মানা যায় নাই বা গৌরব করা যায় নাই যাহাকে বা যাহা।

Uncarnate, *a.* অকায়, দেহহীন, কায়হীন, নিরাকার, নিরবয়ব, অশরীরী, দেহ নাই যাহার, রস রক্তাদিবিশিষ্ট বা তন্নির্ম্মিত নহে যে।

To **Uncase**, *v. a.* অনাবৃত-কৃ, খাপ বা খোলহইতে বাহির-কৃ, খুল, খোসা-খুল, খাপ-খুল, নেঙ্গা-কৃ, ছিল, ছাল-ছাড়া বা -ছোল, খোসা-তুল, কেলা, চামড়া-উঠা বা-ছাড়া।

Uncaught, *a.* হস্তগত হয় নাই যে বা যাহা, অধৃত, অনাক্রান্ত, আধরা, ধরা পড়ে নাই যে, ধরা যায় নাই যাহাকে।

Uncaused, *a.* আদি কারণ নাই যাহার, অনিমিত্তক, কোন কারণ বশত নহে যে বা হয় নাই যাহা, পূর্ব্বকারণ হীন, কারণ বা হেতু নাই যাহাতে।

Uncautious, *a.* অসতর্ক, পূর্ব্বে সাবধান নহে যে, গাফিল, অসাবধান, বেখবরদার, হুস নাই যাহার, হুসীয়ারি নাই যাহাতে, কোন কর্ম্ম করিবার পূর্ব্বে বিবেচনা করে না যে।

Unceasing, *a.* অবিরত, অনবচ্ছিন্ন, অবিশ্রান্ত, অনিবারিত, ক্রমিক, নিবৃত্তি নাই যাহার, শেষ বা সমাপ্ত হয় না যে।

Digitized by Google

Uncelebrated, *a.* অবিখ্যাত, অপ্রকাশ, অসম্লাদিত, অসংস্কারিত, অনুৎসর্গিত, অপ্রতিষ্ঠিত, অপ্রতিপাদ্য।

Uncelestial, *a.* অদেব, অস্বর্গীয়, দিব্য নহে যে, নারকীয়, দেব ধর্ম্মক নহে যে, নরকস্থ, নরকসম্বন্ধীয়, স্বর্গস্থ বা স্বর্গজাত নহে যে।

Uncensured, *a.* সাধারণ নিন্দা গর্হা বা দোষবর্জ্জিত, লজ্জা দেওয়া যায় নাই যাহাকে, অপরিবাদিত, অনপবাদিত, নিন্দা হয় নাই যাহার বা যাহাতে, অগর্হিত, অনিন্দিত, লোকে মন্দ বলে না যাহাকে, বিরাগ নাই যাহার বা যাহাতে।

Unceremonious, *a.* উদার, খোলাসা, সাদাসিদা, আদবকায়দা নাই যাহাতে বা করে না যে, আলাপ জানে না যে, অসভ্য, অনালাপী, অনম্র, অশিষ্ট।

Uncertain, *a.* Fr. Lat. সংশয়ী, ঠিকানা নাই যাহাতে বা যাহার, অনিশ্চয়, অনিষ্কর্ষ, অস্থির, নির্নিষ্ঠ, ক্ষণিক, সন্দেহযুক্ত, সন্দেহ আছে যাহাতে, অনিশ্চিত, নিশ্চয়রূপে জানা যায় না যাহা, দ্বিধা আছে যাহাতে, চঞ্চল, চপল, ঠিক নহে যাহা, নিশ্চয় নাই যাহার, অনির্দ্ধারিত, অনবধারিত।

Uncertainly, *ad.* অনিশ্চিতরূপে, অনিষ্কর্ষিতরূপে, অনির্দ্ধারিত রূপে, সন্দিগ্ধরূপে, সন্দেহপূর্ব্বক, অযথার্থরূপে।

Uncertainty, *n. s.* অনিষ্কর্ষতা, সন্দিগ্ধতা, অনিশ্চয়ত্ব, অনিশ্চয়, অস্থিরতা, সন্দেহযুক্ততা, নশ্বরত্ব, ক্ষণিকত্ব।

Uncessant, *a.* অবিরত, নিরন্তর, অনিবারিত, এ শব্দ এক্ষণে Incessant লেখা যায়, তৎশব্দ দেখ।

Uncessantly, *ad.* নিরন্তরে, অনিবারিতরূপে, অবিরামে, বরাবর, বিনা বিরামে, অনবচ্ছিন্নরূপে।

To **Unchain**, *v. a.* মুক্ত-কৃ, বেড়ী-কাট, কএদ আটক বন্ধন বা বেড়ীহইতে খালাস বা মুক্ত-কৃ, শৃঙ্খলমুক্ত-কৃ, বেড়ী-খুল, সিকল খুলিয়া-দা।

Unchangeable, *a.* অবিকার্য্য, কূটস্থ, অটল, অপরিবর্ত্তনীয়, বদল হয় না যাহা, স্থির, নিত্য, অবৈলক্ষণ্য।

Unchanged, *a.* অবিকৃত, পরিবর্ত্তন হয় নাই যাহার, বদলায় নাই যে, অপরিবর্ত্তিত, অবিকার্য্য, বদল বা পরিবর্ত্তন হয় নাই যাহার।

Unchangeableness, *n. s.* অবিকার্য্যত্ব, অপরিবর্ত্তনীয়ত্ব, বদল হয় না যাহার তদ্ভাব বা অবস্থা।

Unchangeably, *ad.* অবিকার্য্যত্বরূপে, অপরিবর্ত্তনীয়ত্বরূপে।

Unchanging, *a.* অপরিবর্ত্তনশীল, অবিকার্য্য, পরিবর্ত্তন বা বিকার হয় না যাহার বা করে না যে।

To **Uncharge**, *v. a.* দোষক্ষালন-কৃ, নির্দোষী-কৃ, দোষরহিত -কৃ, আরোপিত দোষ নালিশ গ্লানি বা নিন্দাসূচক কোন কথা বা বিষয় ফিরিয়া-লওয়া বা অস্বীকার-কৃ।

Uncharitable, *a.* অদানশীল, অদাতা, অদায়ক, অদয়ালু, দাতৃত্ব নাই যাহার, অসদ্বিবেচক।

Uncharitableness, *n. s.* অদাতৃত্ব, অদানশীলতা, দান বা দয়া রাহিত্য।

Uncharitably, *ad.* অদাতৃত্বরূপে, অদানশীলতারূপে বা ভাবে, দান বা দয়ারাহিত্যপূর্ব্বক।

To **Uncharm**, *v. a.* উপরি দৃষ্টি নষ্ট-কৃ বা তাহা-ছাড়া, কোন টোট্‌কা মন্ত্র বা গুণদ্বারা বশীভূত বা আকৃষ্ট হইয়াছে যে তাহাকে তৎশক্তিহইতে উদ্ধার বা মোচন-কৃ।

Uncharming, *a.* মনআকর্ষণ শক্তি নাই যাহার বা যাহাতে, অপ্রিয়, মনোরম্য নহে যে, অমনোরঞ্জক।

Unchary, *a.* অসতর্ক, অসাবধান, গাফিল, বেহুসিয়ার, অপরিমিতাচারী, অপরিমিতব্যয়ী।

Unchaste, *a.* লম্পট, লোচ্চা, কামার্ত্ত, ভ্রষ্টা, অসতী, অসাধু, অপবিত্র, অশুদ্ধ, অশুচী, ধর্ম্মজ্ঞান নাই যাহায়।

Unchastisable, *a.* অদম্য, শাসন করিতে পারা যায় না যাহাকে, ধমকান যায় না যাহাকে, শাস্তি দেওয়া যায় না যাহাকে বা তদ্যোগ্য নহে যে, অদণ্ড্য, দণ্ডনীয় নহে যে।

Unchastised, *a.* দণ্ড বা শাস্তি দেওয়া যায় নাই যাহাকে, দমন করা যায় নাই যাহার, অভীত, সাজার ভয় নাই যাহার, অদম্য, অদণ্ডিত, শাসনাতিরিক্ত।

Unchastity, *n. s.* লম্পটতা, ভ্রষ্টতা, কামুকতা, অসাধুতা, অপবিত্রতা, অশুদ্ধত্ব, অসতীত্ব, নির্দোষতা।

Unchecked, *a.* অনিবারিত, দমন হয় নাই যাহার, বাধা দেওয়া যায় নাই যাহাকে, আটকান যায় নাই যাহাকে, থামান যায় নাই যাহাকে, অপ্রতিবাদিত।

Uncheerful, *a.* বিরক্ত, বেজার, অসুখী, দুঃখিত, খেদান্বিত, বিমর্শ, বিমনা, অনাহ্লাদিত, অনানন্দিত, অপ্রফুল্ল, অপুলকিত, অহৃষ্ট, অপ্রসন্ন।

Uncheerfulness, *n. s.* অপ্রফুল্লতা, অহৃষ্টত্ব, বিমর্শতা, অনাহ্লাদিত্ব, অসুখির ভাব বা অবস্থা।

Uncheery, *a.* মৃদু, শিথিল, উৎসাহরহিত, জড়, নিরুৎসুক, অপ্রসন্ন, অপ্রফুল্ল, Cheery শব্দ দেখ।

Unchewed, *a.* চর্ব্বণ করা যায় নাই যাহা, চিবান যায় নাই যাহা, অচর্ব্বিত, খাওয়া বা চর্ব্বিত করা যায় নাই যাহা।

To **Unchild**, *v. a.* সন্তান লোপ-কৃ, সন্তান নষ্ট-কৃ, ছেলে-মার, নিঃসন্তান-কৃ, বংশনাশ বা লোপ-কৃ, সন্তানের অযোগ্য -কৃ।

Unchristian, *a.* Sax. খ্রীষ্টিয়ান হয় নাই যে, অখ্রীষ্টিয়ান, খ্রীষ্টিয়ান ধর্ম্মের বিরোধী, খ্রীষ্টিয়ান ধর্ম্মের বিপরীত, খ্রীষ্টিয়ান ধর্ম্ম অবলম্বন করে নাই যে, নাস্তিকবিশেষ।

To **Unchristian**, *v. a.* খ্রীষ্টিয়ান ধর্ম্ম বহির্ভূত-কৃ, খ্রীষ্টিয়ানের ধর্ম্ম আচার ব্যবহার রীতি বা চরিত্র বর্জ্জিত-কৃ।

Unchristianly, *a.* খ্রীষ্টিয়ান ধর্ম্মের বিপরীত বা তদ্ধর্ম্ম মানে না বা তন্মতে চলে না যে, খ্রীষ্টিয়ানের যোগ্য বা সম্মত নহে যে, নাস্তিক।

Unchristianly, *ad.* অখ্রীষ্টিয়ানের ধর্ম্ম রীতি বা মতপূর্ব্বক।

Unchristianness, *n. s.* খ্রীষ্টিয়ান ধর্ম্মের বৈপরীত্য বা তদ্ধর্ম্মের বিরোধ, নাস্তিকতা বিশেষ।

To **Unchurch**, *v. a.* ধর্ম্মমণ্ডলির মাহাত্ম্য নাম বা অধিকার নষ্ট বা ভ্রষ্ট-কৃ, ধর্ম্মমণ্ডলিহইতে-বহিষ্কৃ বা তন্মতে অপরাধি-কৃ।

Uncial, *a.* Lat. প্রাচীনকালে ব্যবহৃত বৃহদক্ষর বা লিখনসম্বন্ধীয় বা তদ্বিষয়ক, বড় খতের হস্তাক্ষরসম্বন্ধীয়।

Uncial, *n. s.* পূর্ব্বোক্ত অক্ষর বা লিখন।

Uncircumcised, *a.* অচ্ছিন্নত্বক্ বা তৎসংস্কার হয় নাই যাহার, খত না হয় নাই যাহার, ত্বক্‌ছেদ হয় নাই বা করা যায় নাই যাহার, য়িহুদি নহে যে, অয়িহুদী।

Uncircumcision, *n. s.* ত্বক্‌অচ্ছেদ, ত্বক্‌ছেদ না করণ বা না হওন, মুশলমানির সংস্কাররাহিত্য বা বিহীনত্ব।

Uncircumscribed, *a.* অসীমক, সীমা বা অন্ত নাই যাহার, অনন্ত, মুড়া বা শেষ নাই যাহার, বেহদ্দ।

Uncircumspect, *a.* অপরিণামদর্শী, অসাবধান, অসতর্ক, অসচেতন, গাফিল, বেহুসীয়ার, বেখবরদার, অমনোযোগী।

Uncircumstantial, *a.* গৌরব নাই যাহার, সামান্য, সাধারণ, অকেয়ুয়া, আবশ্যকতা নাই যাহার, অনাবশ্যক, অবরভাষা জানিবে।

Digitized by Google

Uncivil, *a.* Fr. Lat. অনম্র, অশিষ্ট, অশিষ্টাচারী, অসভ্য, মূঢ়, অলৌকিক, অসম্প্রদায়িক, অসুশীল, অনুত্তম।

Uncivilized, *a.* অশিক্ষিত, মনুষ্যত্বভাবাপন্ন হয় নাই যে, নিয়ম বা মনুষ্যত্ব শিক্ষা হয় নাই যাহার, অসভ্য, মূঢ়, গোঁয়ার, নির্দয়, রাঢ়, চোয়াড়, হুড়ে।

Uncivilly, *ad.* অশিক্ষিত হইয়া, অশিষ্টতারূপে, অশিষ্টাচার পূর্ব্বক, মূঢ়ভাবে, মূঢ়ত্বরূপে, অসম্প্রদায়িকত্বরূপে, অসভ্যতারূপে, চোয়াড় গোঁয়ার বা মূঢ়ের ধর্ম্ম আচার বা ব্যবহারপূর্ব্বক।

Unclaimed, *a.* বেওয়ারিস, অদায়ক, অদায়দ, চাওয়া যায় নাই যাহা, দাওয়া করা যায় নাই যাহা বা যাহাতে, বেদাওয়া।

Unclarified, *a.* অপরিষ্কৃত, ময়লা, অশোধিত, শোধন হয় নাই যাহা বা করা যায় নাই যাহাকে, অমন্থিত।

To **Unclasp,** *v. a.* মুক্ত-কৃ, খোল, ছাড়া, মুট-ছাড়া বা-খুল, জোড়-ছাড়া, বন্ধন বা আটকহইতে মুক্ত-কৃ।

Unclassical বা **Unclassick,** *a.* প্রাচীন ভাষার গ্রন্থ বা পাণ্ডিত্য সম্বন্ধীয় নহে যে, প্রাচীন পুস্তক বা গ্রন্থ পড়ে নাই যে বা তাহাতে বিদ্যা নাই যাহার।

Uncle, *n. s.* Fr. পিতা বা মাতার সহোদর, জ্যেঠা, খুড়া, পিতৃব্য, পিতৃভ্রাতা, জ্যেষ্ঠতাত, খুল্লতাত, কাকা, চাচা, মাতুল, মামা, মাতৃভ্রাতা, পিসা, মাসুয়া।

Unclean, *a.* Sax. অনির্ম্মল, অপরিষ্কার, অশুদ্ধ, অমেধ্য, অশুচি, অপূত, অপবিত্র, অসাধু, ময়লা, সমল, মলিন, অনাচারী, নোংরা, আচার ভ্রষ্ট, পাপিষ্ঠ, দুরাচার, ম্লেচ্ছ, অপরাধী, ভ্রষ্ট, নষ্ট।

Uncleanliness, *n. s.* অনির্ম্মলতা, অপবিত্রতা, অপরিষ্কৃততা, পাপ, দুষ্টাচার, দুষ্টতা, অধর্ম্ম, অশুদ্ধতা, অপূততা, ভ্রষ্টতা, পাপিষ্ঠতা, সমলত্ব, মলিনত্ব, অনাচার, নোংরামি।

Uncleanly, *a.* Unclean শব্দবৎ অর্থ জানিবে তচ্ছব্দ দেখ।

Uncleanness, *n. s.* Sax. লম্পটতা, ভ্রষ্টতা, দুষ্টাচার, অনাচার, নোংরামি, অসাধুতা, অপূততা, অশুদ্ধতা, পাপিষ্ঠতা, সমলত্ব, অনির্ম্মলতা, মলিনত্ব, পাপ, দুষ্কর্ম্ম, অপকর্ম্ম, সমলকর্ম্ম।

Uncleansed, *a.* অনির্ম্মল, পরিষ্কার হয় নাই যাহা, অপবিত্রীকৃত, অপরিষ্কৃত, সমল, মলবিশিষ্ট বা তদ্যুক্ত, সাফ করা যায় নাই যাহা, মাজা যায় নাই যাহা, অশোধিত, দোষ ক্ষালন হয় নাই বা করা যায় নাই যাহার, অধৌত, আঝাড়া, আবাছা, ঝাড়া বা বাছা যায় নাই যাহা, পাপী, পাপহইতে অমুক্ত।

To **Unclench,** *v. a.* মুষ্টি বিস্তার-কৃ, মুটা-খুল, হাত-ছাড়া, হস্ত বিস্তার-কৃ, অবদ্ধ-কৃ, আটক ছাড়াইয়া বা ঘুচাইয়া-দা, আলগা-কৃ।

To **Unclew,** *v. a.* নষ্ট-কৃ, খানা খারাব-কৃ, উচ্ছিন্ন-কৃ।

Unclipped, *a.* আকাটা, অখণ্ড, অছিন্ন, সমুদায়, আস্ত, কাটা বা ছাঁটা নহে যে, গোটা।

To **Unclothe,** *v. a.* বস্ত্ররহিত-কৃ, বস্ত্র-ছাড়া, উলঙ্গ-কৃ, নগ্ন-কৃ, বিবস্ত্র-কৃ, কাপড়-খুল বা-ছাড়া, আবরণ বা আচ্ছাদনরহিত-কৃ, দিগম্বর-কৃ, কাপড় ছাড়াইয়া-লওয়া।

To **Unclog,** *v. a.* ভার খালাস-কৃ, ভারের লাঘব-কৃ, ভার মোচন-কৃ, হাল্‌কা-কৃ, মোট-নামা বা-ওলা, মুক্ত-কৃ, ভাররহিত-কৃ, বোঝা-নামা।

To **Uncloister,** *v. a.* খোলাসা-কৃ, খালাস-কৃ, মুক্ত-কৃ, ছাড়া, মোচন-কৃ, বন্ধন-ঘুচা, স্বাধীন-কৃ, খালাস-কৃ।

To **Unclose,** *v. a.* ব্যক্ত-কৃ, ফাইস-কৃ, প্রকাশ-কৃ, প্রচার-কৃ, অনাবৃত-কৃ, খুল, ঢাকা-খোল-তুল বা-উঠা।

Unclosed, *a.* ব্যক্ত, প্রকাশ, অনাবৃত, খুলা, মেলা, ঘোর নহে যে, অবেষ্টিত।

To **Uncloud,** *v. a.* ঘোমটা-খুল বা-তুল, অন্ধকাররহিত-কৃ, পরিষ্কার-কৃ, খোলাসা-কৃ, আচ্ছাদন-তুল।

Unclouded, *a.* ঢাকা নহে যাহা, অনাবৃত, অনাচ্ছাদিত, অমেঘাচ্ছন্ন, অন্ধকাররহিত, ঘোর নহে যে, পরিষ্কার, খোলাসা, সাফ।

Uncloudedness, *n. s.* সুস্পষ্টত্ব, অমেঘাচ্ছন্নত্ব, অন্ধকাররাহিত্য, পরিষ্কার বা খোলাসার ভাব বা অবস্থা।

Uncloudy, *a.* মেঘরহিত, ঘোর বা অন্ধকার নাই যাহাতে, পরিষ্কার, খোলাসা, সাফ, তমোরহিত।

To **Unclutch,** *v. a.* মুষ্টি বা মুট-খুল, হাত-ছাড়া, বন্ধন বা আটকরহিত-কৃ বা-ঘুচা, মুষ্টি-বহিষ্কৃ।

To **Uncoif,** *v. a.* টুপি-খুল বা-নামা, পাগড়ি উত্তীর্ণ-কৃ।

Uncoifed, *a.* টুপি পরা নহে যে, তাজ মাথায় নাই যাহার, মাথা খোলা, অনাবৃত মস্তক।

To **Uncoil,** *v. a.* খোল, পেঁচ বা পাক-খুল, এলুয়া-কৃ, জোড়-ছাড়া, কুণ্ডলি বা জড়োন-খোল।

Uncoined, *a.* অমুদ্রাঙ্কিত, ছাপা হয় নাই যাহা, সিক্কা হয় নাই যাহা, জরব হয় নাই যাহা বা যাহাতে, বেজরব।

Uncollected, *a.* অসংগৃহীত, অসঙ্কলিত, সংগ্রহ বা একত্র করা যায় নাই বা হয় নাই যাহা, স্মরণ করা যায় নাই যাহা, মনে হয় নাই যাহা, বিস্মৃত, মনে পড়ে নাই যাহা।

Uncoloured, *a.* রং মাখা যায় নাই যাহাতে, সাদা, সাদামাটা।

Uncombed, *a.* অনাঁচড়া, আঁচড়ান নহে যে, জড়িপড়া, অপরিষ্কৃত, চিরুণী করা নহে যাহা।

Uncomeatable, *a.* অগম্য, অপ্রাপ্য, অলভনীয়, পাওয়া যাইতে পারা যায় না যাহা, দুর্লভ, দুষ্প্রাপ্য, ইতর ভাষা জানিবে।

Uncomeliness, *n. s.* শোভাবিহীনত্ব, অশোভা, কুশ্রী, বিশ্রী, কুৎসিতত্ব, কুরূপত্ব, কদাকার, সৌন্দর্য্যরাহিত্য, শোভা নাই যাহার তাহার ভাব বা অবস্থা, লাবণ্যরাহিত্য।

Uncomely, *a.* অশোভক, বিশ্রী, কুশ্রী, কুৎসিত, কুরূপ, কদাকার, কুৎসিত, সৌন্দর্য্য শোভা বা লাবণ্যরহিত বা তদ্বর্জ্জিত, অভব্য, অশিষ্ট, অযোগ্য, অনুপযুক্ত।

Uncomfortable, *a.* অস্বচ্ছন্দ, অহৃষ্ট, অসুখজনক, অরম্য, অসুখদ, অসুখদায়ক, নিরানন্দজনক, ঘোর, ভয়ানক, দুঃখদায়ক, ক্লেশদ, ভাবনাযুক্ত, অসুখী, দুঃখী, শোক নিবারণ হয় না যাহার।

Uncomfortableness, *n. s.* অসুখজনকত্ব, অরম্যত্ব, নিরানন্দ, অসুখ, দুঃখ, ঘোরত্ব, ভয়ঙ্করত্ব, শোক বা ভাবনাযুক্ততা।

Uncomfortably, *ad.* ক্লেশ দুঃখ বা ভাবনাপূর্ব্বক, অসুখদায়কত্বরূপে, নিরানন্দরূপে, ঘোররূপে, ভয়ানকরূপে, অস্বচ্ছন্দরূপে।

Uncommanded, *a.* অনাজ্ঞপ্ত, অনাদিষ্ট, আজ্ঞা করা যায় নাই যাহা বা যাহাকে, অনাদেশিত, বেহুকুমী, অশাসিত, হুকুম করা যায় নাই যাহাকে বা যাহাতে।

Uncommendable, *a.* অপ্রশংসনীয়, প্রশংসা বা তারিফের যোগ্য নহে যে, প্রতিষ্ঠা করিতে পারা যায় না যাহার বা যাহাকে, অনুরাগের যোগ্য নহে যে বা যাহা।

Uncommended, *a.* অপ্রশংসিত, প্রশংসা বা তারিফ হয় নাই যাহার বা করা যায় নাই যাহাকে।

Uncommitted, *a.* অনর্পিত, সোপর্দ করা যায় নাই যাহা, অবদ্ধ, অকৃত, করা যায় নাই যাহা।

Uncommon, *a.* অসাধারণ, অসামান্য, অসচরাচর, সর্ব্বদা প্রাপ্য

Digitized by Google

নহে যে, কদাচিৎ উপস্থিত হয় বা ঘটে যাহা, অপূর্ব্ব, আশ্চর্য্য, অদ্ভুত।

Uncommonly, *ad.* আশ্চর্য্যরূপে, অসাধারণরূপে, অদ্ভুতরূপে।

Uncommonness, *n. s.* অসাধারণত্ব, অসামান্যত্ব, অদ্ভুতত্ব, আশ্চর্য্যত্ব।

Uncommunicated, *a.* অকথিত, কহা বলা বা জানান যায় নাই যাহা, অবিদিত, অজ্ঞাত, অনবগত, অব্যক্ত।

Uncommunicative, *a.* শিখায় না জানায় না বা প্রকাশ করে না যে, গোমড়া।

Uncompact বা **Uncompacted,** *a.* ফাঁপা, অসার, নিরেট নহে যে, আলগা, অশক্ত, অদৃঢ়, গরমজবুত, ঢোসা, ঘন নহে যে, অনিবিড়, অনাটা, অকসা, অঠাসা, অসংলগ্ন, অসংলিপ্ত।

Uncompanied, *a.* সঙ্গহীন, সঙ্গরহিত, অসম্বলিত, সমভিব্যাহারী বা সাথী নাই যাহার, একা, সাথে কেহ নাই যাহার।

Uncompassionate, *a.* নির্ম্মোহ, নির্দ্দয়, নিষ্ঠুর, কঠিন, দয়া নাই যাহার, কৃপাহীন, অকরুণাকর, মায়া হয় না যাহার বা যাহাতে।

Uncompellable, *a.* অবাধ্য, অবশ্য, বশীভূত করা যায় না যাহাকে, জবরদস্তি বা জোর করিয়া কোন কর্ম্মে প্রবৃত্ত করিতে পারে না যাহাকে।

Uncompelled, *a.* বাধ্য নহে যে, বশীভূত করা যায় নাই যাহাকে, জোর বা জবরদস্তি করা যায় নাই যাহাকে বা যাহার উপর বা তদ্দ্বারা কোন কর্ম্মে প্রবৃত্ত হয় নাই যে।

Uncomplaisant, *a.* অশিষ্ট, অসাম্প্রদায়িক, অসভ্য, রূঢ়, মূঢ়, অবাধ্যকারী।

Uncomplaisantly, *ad.* অশিষ্টরূপে, অসাম্প্রদায়িকরূপে, অসভ্যরূপে, রূঢ় ভাবে, মূঢ়ত্বরূপে।

Uncomplete বা **Uncompleted,** *a.* অসমাপ্ত, অপূর্ণ, ভাঙ্গা, অসম্পূর্ণ, খণ্ডিত।

Uncomplying, *a.* অস্বীকৃত, অনমনীয়, অবশীভূত, অসম্মত, মগরা, কথা মানে না বা শুনে না যে।

Uncompounded, *a.* নির্ভাজ, অমিলিত, অযৌগিক, অমিশ্রিত, মিশান নহে যে, সুদ্ধ, খাটি, নির্ম্মল, অযুক্ত, অমিলিত, অসঙ্কীর্ণ, অসমস্ত।

Uncompoundedness, *n. s.* অকৃত্রিমতা, অযৌগিকত্ব, অমিশ্রিতত্ব, নির্ম্মলত্ব, শুদ্ধত্ব, খাটির ভাব বা অবস্থা।

Uncomprehensive, *a.* অবুঝ, বুঝিতে পারে না যে, নির্ব্বোধ, বোধগম্য হয় না যাহার, বুদ্ধির মধ্যে আইসে না যাহা বা যে, বুঝিতে পারা যায় না যাহা।

Uncompressed, *a.* অবমর্দ্দিত, অবদ্ধ, আলগা, ঠাসা বা চাপা নহে যে, ঘন বা ঘেঁসাঘেঁসি নহে যাহা।

Unconceivable, *a.* বোধের অগম্য, বুদ্ধির অগোচর, অবোধ, বুঝা যায় না যাহা, মন ধ্যান বা চিন্তার বিষয় নহে যে, মনোতিরিক্ত, বুদ্ধির গোচর নহে যে, অননুমেয়।

Unconceivableness, *n. s.* অবোধগম্যত্ব, মন ধ্যান বা চিন্তার বিষয় নহে যে তাহার ভাব বা অবস্থা, অভাবনীয়ত্ব, অননুমেয়ত্ব, অচিন্তনীয়ত্ব।

Unconceived, *a.* অনবধারিত, অনুপলব্ধ, বোধ হয় নাই যাহার, বুঝা যায় নাই যাহা, অচিন্তিত, অননুমিত, অভাবিত, ভাবনা বা চিন্তা করা যায় নাই যাহা বা যাহার।

Unconcern, *n. s.* উপেক্ষা, অমনোযোগ, গাফিলী, হেলা, অসাবধানতা, বেপরওয়া, নিশ্চিন্তা, নির্ভাবনা, অনুদ্বেগ, চিন্তা ভাবনা বা উদ্বেগরাহিত্য।

Unconcerned, *a.* বেএলাকা, বেপরওয়া, কোন এলাকা বা পরওয়া নাই বা রাখে না যে, চেষ্টারহিত, নিশ্চেষ্ট, নিরুদ্বিগ্ন, সুস্থির, নিশ্চিন্ত, নিঃস্বার্থী, কোন লাভ নাই যাহার, চিন্তা ভাবনা বা উদ্বেগ নাই যাহার।

Unconcernedly, *ad.* বেপরওয়াতে, অনুৎকণ্ঠিতরূপে, নিরুদ্বেগপূর্ব্বক, চিন্তা ভাবনা বা উদ্বেগ রাহিত্যপূর্ব্বক, নির্ভাবনায়।

Unconcernedness, *n. s.* অনুৎকণ্ঠা, নিশ্চিন্তা, নিরুদ্বেগ, চিন্তা ভাবনা বা উদ্বেগরহিতের ভাব বা অবস্থা।

Unconcerning, *a.* অসম্পর্কীয়, সম্পর্ক বা এলেকারহিত বা নাই যাহার, নিঃসম্পর্কীয়, সম্বন্ধ নাই যাহার বা যাহাতে, বেপরওয়া, নিঃস্বার্থী।

Unconcernment, *n. s.* সম্পর্করাহিত্য, নিঃসম্পর্কের ভাব বা অবস্থা, বেএলাকা।

Unconcludent বা **Unconcluding,** *a.* অসম্পূর্ণ, অসমাপ্ত, অনিষ্পত্তিকারী, নিষ্পত্তি শেষ বা সমাধা নাই বা হয় না যাহাতে বা যাহার, অভিপ্রায় বা শেষ জানা যায় না যাহার, অসিদ্ধান্ত অনির্দ্ধার্য্য বা অপ্রণিধানকারী।

Unconcludible, *a.* অনিশ্চেয়, অসিদ্ধান্ত, অনির্দ্ধারণীয়, অনির্দ্ধার্য্য, অস্থির, অপ্রণিধাতব্য, নিষ্পত্তি হয় না যাহার, সমাধার যোগ্য নহে যে।

Unconcludingness, *n. s.* অসিদ্ধান্তত্ব, অনিশ্চেয়ত্ব, অপ্রণিধাতব্যতা, অনিষ্পত্তিকারিত্ব, সম্পূর্ণ শেষ বা সমাধা হয় না যাহাতে তাহার ভাব বা অবস্থা।

Unconclusive, *a.* অচূড়ান্ত, অসিদ্ধান্ত, অসমাপ্তকারী, অসম্পূর্ণকারী, শেষ হয় না যাহাতে, ফল দর্শে না যাহাতে, অস্থির, অনিশ্চিত।

Unconcocted, *a.* অজীর্ণ, অপরিপক্ক, অপক্ক, কাঁচা, পরিপাক পায় নাই বা হয় নাই যাহা।

Uncondemned, *a.* অদণ্ডিত, অনপরাধী, নিরপরাধী, নির্দ্দোষী, অপরাধ সাব্যস্থ হয় নাই যাহার বা তজ্জন্য দণ্ডী হয় নাই যে, অপরাধ নিশ্চয় হয় নাই যাহার, বিচারান্তরে দোষী করা যায় নাই যাহাকে, অকর্ম্মণ্য বা নির্গুণ জন্য ত্যাগকরা বা ফেলিয়া দেওয়া যায় নাই যাহাকে।

Unconditional, *a.* নিয়মাতিরিক্ত, বেকরার, স্বেচ্ছাধীন, ইচ্ছামত, অনিয়মিত, অনির্দ্ধার্য্য, নিয়ম পণ বা কোটি নাই যাহাতে বা যাহার।

Unconducing, *a.* অনুপযোগী, অপোষক, অপ্রবৃত্তিজনক, লওয়ায় না বা পথ দর্শায় না যে।

Unconducted, *a.* লইয়া যায় না বা পঁহুছায় না যে, অবহিত, পঁহুছা নহে যে, অপ্রবিষ্ট, পথ দর্শান যায় নাই যাহাকে, অনুপদিষ্ট, অনুপদেশিত।

Unconfinable, *a.* অনির্দ্দিষ্ট, অনির্দ্ধার্য্য, স্থির নাই যাহার, অসীমক, অনন্ত, সীমা শেষ বা অন্ত নাই যাহার, বদ্ধ বা আটক করা যায় না যাহাকে।

Unconfined, *a.* খোলা, অনির্দ্দিষ্ট, অনির্দ্ধার্য্য, অবদ্ধ, সীমা বা আইল নাই যাহার, আটক নহে যে, বন্ধন বা আটকহইতে মুক্ত, পরিসর, প্রশস্ত, অনর্গল, অশেষ, অসীমক, অনির্বদ্ধ, অবারিত, আলগা, ছুটো, এলুয়া।

Unconfinedly, *ad.* অবদ্ধরূপে, সীমা আইল বা আটকরাহিত্য পূর্ব্বক, অশেষরূপে, অসীমারূপে।

Unconfirmed, *a.* অসম্মত, অস্থৈর্য্য, অগ্রাহ্য, সম্মতি বা মত দেওয়া যায় নাই যাহাতে, অনিশ্চিত, অনির্দ্ধারিত, অপ্রতিজ্ঞ, গর

Digitized by Google

মজবুত, কাঁচা, কাহিল, ক্ষীণ, দুর্ব্বল, অসাভ্যস্থ, প্রমাণদ্বারা সাভ্যস্ত বা দৃঢ় হয় নাই যে।

Unconform, *a.* অনৈক্য, অসম্পর্কীয়, অসদৃশ, অসম, অতুল্য, অসমান, এক মত নহে যে, অসমতুল্য, বেমিল, একপ্রকার জাতি বা রকম নহে যে।

Unconformable, *a.* বিপরীত, উল্টা, অননুযায়ী, অনৈক্য, অযোগ্য, অনুচিত, অসদৃশ, অতুল্য, কোন মত ভাব ধর্ম্ম অবস্থা বা প্রকরণের অনুযায়ী বা অনুসারী নহে যে বা তাহার অনৈক্য যে।

Unconformity, *n. s.* বিপরীতত্ব, উল্টার ভাব বা অবস্থা, অনৈক্য, অসাদৃশ্য।

Unconfused, *a.* অপ্রতিভ, অবিক্লব, পরিষ্কার, সাফ, গড়বড়ি গোল বা জড়ি নাই যাহাতে, খোলাসা, গোলমাল নাই যাহাতে, অপ্রমাদিত।

Unconfusedly, *ad.* পরিষ্কাররূপে, সাফরূপে, বিনা গোলমালে, গড়বিড়ি বা প্রমাদপূর্ব্বক।

Unconfutable, *a.* অখণ্ডনীয়, হেলন করা যায় না যাহা, দোষা যায় না যাহা, ভুল বা দোষ দেখান যায় না যাহার বা যাহাতে, অপরিহার্য্য, অপরিহরণীয়, দোষ ভুল বা খুঁত দেখান যায় না যাহাতে।

Uncongealed, *a.* হিম বা শীতদ্বারা জমে নাই যে, বসা নহে যে, দ্রব, গলা, অঘনীভূত, অজমা, আবসা।

Unconjugal, *a.* স্বামি বা স্ত্রীর অনুপযুক্ত বা অকর্ত্তব্য যাহা, বিবাহার্থক ধর্ম্মের বিপরীত, অবিবাহার্থক, বিবাহ ধর্ম্মের বিপরীত, স্ত্রী বা পুরুষের অযোগ্য, উদ্বাহসম্বন্ধীয় নহে যে, বিবাহের ধর্ম্ম বা কোটির বৈষম্য বা উল্টা যে।

Unconnected, *a.* অসংশ্লিষ্ট, অসম্পর্কীয়, অসংলগ্ন, আলগা, অমিলিত, অসংযুক্ত, অযুক্ত, সম্বন্ধরহিত, নিঃসম্পর্কীয়, যোগ নাই যাহার বা যাহাতে, এলো, অনিশ্চিত, অনির্দ্ধারিত, ঢিলা, অশক্ত, ফস্কা, ছাড়াছাড়া, অব্যক্ত, ঘোরার্থক।

Unconniving, *a.* দণ্ডকারী, ক্ষমা বা মাফ করে না যে, দোষ বা অপরাধ দেখিয়া চুপ করিয়া থাকে না যে, দোষ বা অপরাধ দেখিলে বা পাইলে ছাড়িয়া দেয় না যে।

Unconquerable, *a.* অজেয়, অজেতব্য, অনাক্রমণীয়, অনাধৃষ্য, অপরাভবনীয়, অপরাজেয়, হারান যায় না যাঁহাকে, জেতা যায় না যাহাকে।

Unconquerably, *ad.* অজয়পূর্ব্বক, অজেয়ত্বরূপে, অনাধৃষ্যরূপে, অপরাভবনীয়রূপে, অপরাজেয়রূপে, হারান না যায় এমত রূপে।

Unconquered, *a.* অপরাভূত, অবশীভূত, অনাক্রমিত, অপরাজিত, অনাধৃষ্য, অপরাভবনীয়, জেতা যায় নাই যাহাকে, হারি হয় নাই যাহার।

Unconscionable, *a.* অপ্রকৃত, যথার্থ বা পরিমিত দাওয়া স্বার্থ আশা বা ভরসার অতিক্রান্ত, অনুচিত, অযথার্থ, অন্যায়, বড় আশয় বা ওম্মেদকারী, বড়, বৃহৎ, মহৎ, ভারি।

Unconscionableness, *n. s.* দাবি বা আকাঙ্খার বৈষম্য বা অতিরিক্ততা, অপরিমিত বা অসম্ভাবিত আকাঙ্খা বা আশা, আশয় ওম্মেদ বা দাওয়ার অযাথার্থ্য বা অনুচিতত্ব, বৃহৎ বা লম্বা আশয়, অন্যায়ের ভাব বা অবস্থা।

Unconscionably, *ad.* অনুচিতরূপে, অযথার্থরূপে, অন্যায়রূপে।

Unconscious, *a.* অজ্ঞান, নির্ব্বোধ, অবুঝ, অজ্ঞাত, অপরিচিত, জানে না যে, অবোধ, অচেতন, অসতর্ক, অবিবেচক।

To Unconsecrate, *v. a.* অশুদ্ধ-কৃ, অপবিত্র-কৃ, অপূত-কৃ, অসংস্কার-কৃ, অনভিষেক-কৃ, অপ্রতিষ্ঠিত-কৃ।

Unconsented, *a.* অস্বীকৃত, নারাজ, স্বীকার করা যায় নাই যাহা, অগ্রাহ্য, অসম্মত।

Unconsenting, *a.* অসম্মত, নারাজ, অস্বীকারকারী, স্বীকার করে না যে, রাজী হয় না যে, মত নাই যাহার, মঞ্জুর করে না যে।

Unconsidered, *a.* অবিবেচিত, মনোযোগ করা যায় নাই যাহাতে, বিবেচনা বা বিচার হয় নাই যাহার, অধ্যাত, অচিন্তিত, অমনোযোগ কৃত, অবুঝা, অঠাহরা।

Unconsonant, *a.* অনর্হ, অনুপযুক্ত, বিপরীত, উল্টা, অযোগ্য, মিল বা ঐক্য নাই যাহার বা যাহাতে।

Unconspiringness, *n. s.* ফিকির বা কুমন্ত্রণারাহিত্য বা তদভাব।

Unconstant, *a.* Fr. Lat. অধৃতিমান্, পরিবর্ত্তনীয়, অনিত্য, নশ্বর, অস্থির, চঞ্চল, দার্ঢ্য নাই যাহার বা যাহাতে, ক্ষণিক, মনের বা মাথার ঠিক নাই যাহার।

Unconstrained, *a.* বল জোর বা দৌরাত্ম্যদ্বারা করা নহে যাহা, অবাধ্য, অবশ, অনবরোধিত, অনাটক, অবদ্ধ, স্বেচ্ছাধীন, আপনাআপনি।

Unconstrainedly, *ad.* অনবরোধপূর্ব্বক, অবাধ্যরূপে, বল জোর বা জবরদস্তিতে করা নহে যে বা যাহা তদনুসারে বা এমতরূপে, বেজবরদস্তিতে, আপনাআপনি।

Unconstraint, *n. s.* অনবরোধ, অবাধ্যতা, কএদ বা আটকরাহিত্য, বল জোর বা জবরদস্তি নাই যাহার বা যাহাতে তদ্ভাব বা অবস্থা।

Unconsulting, *a.* Lat. অপরামর্শদায়ী বা কারী, অবিবেচনাকারী, পরামর্শ জিজ্ঞাসা করে না যে, অপরিণামদর্শী, পরিবেদনারহিত, অবিজ্ঞ, অপ্রজ্ঞ, অসাবধান, গোঁয়ার, পূর্ব্বাপর বিবেচনা করে না যে।

Unconsumed, *a.* অক্ষয়, ব্যয় খরচ বা নষ্ট হয় নাই যাহা, ধ্বংস বা ক্ষয় নাই যাহার।

Unconsummate, *a.* অসম্পূর্ণ, অপূর্ণ, অপরিপক্ব, অসমাপ্ত, অসাঙ্গ, কাঁচা, পাকা নহে যে।

Uncontemned, *a.* অনবজ্ঞাকৃত, দ্বেষ ঈর্ষা হিংসা অনাদর বা ঘৃণা করা যায় নাই যাহাকে বা হয় নাই যাহাতে, অনুপেক্ষণীয়, ঘৃণা তুচ্ছ বা অবহেলা করা যায় নাই যাহাকে, অবজ্ঞেয় নহে যে।

Uncontended, *a.* অবিবাদিত, অবিরোধিত, আপত্তির বিষয় নহে যে, বিবাদ বা আপত্তি হয় নাই বা করা যায় নাই যাহার নিমিত্তে বা যাহাতে, কামড়াকামড়ি বা জেদ নাই যাহাতে।

Uncontented, *a.* অপরিতুষ্ট, অসুখী, অতৃপ্ত, অস্থির, তৃষ্ণাযুক্ত, স্পৃহা বা আকাঙ্খা আছে যাহার, নিরাকাঙ্খ নহে যে।

Uncontentingness, *n. s.* অতৃপ্তকারিত্ব, পরিতোষ বা তৃপ্তি জন্মাইবার ক্ষমতা বা শক্তিরাহিত্য।

Uncontestable, *a.* অবিরোধীয়, অবিবাদনীয়, প্রামাণিক, অপ্রামাণ্য দ্বন্দ্বজ বা আপত্তি করা যাইতে পারে না যাহাতে বা যাহার উপর।

Uncontested, *a.* অবিরোধিত, অবিরোধনীয়, প্রামাণ্য, স্পষ্ট, আপত্তি করা যায় নাই যাহাতে, দ্বন্দ্বজ বা বিবাদরহিত বা তদ্বর্জ্জিত।

Uncontradicted, *a.* অনন্যথাকৃত, রদ করা যায় নাই যাহা বা হয় নাই যাহা, বিতণ্ডা বিরোধ বা প্রতিবাদ করা যায় নাই যাহাতে, তকরার বা প্রতিকূলাচরণ হয় নাই বা করা যায় নাই যাহাতে, টোকা যায় নাই যাহা, ঠোকপড়া নহে যাহা।

Uncontrite, *a.* পাপ বা দুষ্কর্ম্মজন্য ভয় হয় না বা নাই যাহার

Digitized by Google

বা তজ্জন্য অনুতাপ বা ভাবনা করে না যে, অননুতাপী, পাপ বা অপরাধ নিয়ত স্মরণদ্বারা পীড়িত বা আচ্ছন্ন নহে যে, অপরা মননকারী, অননুশোচী।

Uncontroverted, *a.* অখণ্ডনীয়, অন্যথা করা যায় না যাহা, অবিরোধনীয়, প্রামাণ্য রদ বা নয় করা যায় না যাহা, কাটা যায় না যাহা, খণ্ডন হয় না যাহার।

Uncontroulable, *a.* শক্ত, কঠিন, জব্দ করা যায় না যাহা, অদম্য, অশম্য, অবশ্য, অবাধ্য, অপরাভবনীয়, আজ্ঞাধীন বা জব্দকরা যায় না যাহাকে, অধৈর্য্য, অদান্ত।

Uncontroulably, *ad.* বিবাদ বিতণ্ডা বা বৈপরীত্য করিবার বা হইতে পারিবার সম্ভাবনা নাই এমত ভাবে বা মতে, অদম্যরূপে, অবাধ্যরূপে, অবশ্যরূপে, অপরাভবনীয়ত্বরূপে, খণ্ডন না হয় এমতরূপে, অধৈর্য্যরূপে।

Uncontrouled, *a.* অবাধিত, অবশীভূত, অবাধ্য, অবশ, অপরাভূত, অশাসিত, অখণ্ডনীয়, অপরাজিত, প্রভুত্ব কর্তৃত্ব বা দমন হয় নাই যাহার বা করা যায় নাই যাহাকে, অদান্ত, আপত্তি বিরোধ বা বিপরীতাচরণ করা যায় নাই যাহার উপর বা যাহাতে, অখণ্ডিত।

Uncontrouledly, *ad.* অবাধ্যরূপে, অপরাভূতরূপে, অপরাজিত রূপে, অশাসনীয়রূপে, অখণ্ডনীয়রূপে, বিনা আপত্তিতে, আপত্তি বিরোধ বা বিপরীতাচরণরাহিত্যপূর্ব্বক।

Unconversable, *a.* বেআড়া, অসভ্য, অনালাপ্য, অনালাপনীয়, কথোপকথনের যোগ্য বা উপযুক্ত নহে যে।

Unconversant, *a.* অনিপুণ, অপটু, অজ্ঞাত, অনভিজ্ঞ, জানে না যে, অপণ্ডিত, অনওয়াকিফ, মূর্খ, অপারদর্শী।

Unconverted, *a.* স্বধর্ম্মত্যাগী নহে যে, আশ্রমান্তর হয় নাই যে, অপরিবর্ত্তনীয়, খ্রীষ্টিয়ান ধর্ম্ম গ্রহণ করে নাই যে, ধর্ম্ম পথে চলে না যে, অধার্ম্মিক, পাপিষ্ঠ, খ্রীষ্টিয়ান ধর্ম্ম লওয়ান যায় নাই যাহাকে।

Unconvinced, *a.* ভ্রম দূর হয় নাই যাহার, সন্দেহ যায় নাই যাহার, সন্দিগ্ধ, সন্দেহী, প্রত্যয় বা বিশ্বাস জন্মে নাই যাহার, বুঝে নাই যে।

To **Uncord,** *v. a.* দড়ি-খুল, কাছি-খুল, দড়ির বন্ধন এলাইয়া-দা, বন্ধন মুক্ত-কৃ, দড়ি খুলিয়া-দা।

Uncorrected, *a.* অশুদ্ধ, অশোধিত, জব্দ হয় নাই যে, শাস্তি হয় নাই যাহার, শোধিত হয় নাই যে, ভুল আছে যাহাতে, অমার্জিত, শোধন করা নহে যাহা।

Uncorrigible, *a.* এমত ভ্রষ্ট বা বিগড়া যে আর ভাল হইতে পারে না, সারা বা শোধরা যায় না যাহা বা যাহাকে, ভাল বা মেরামত করা যায় না যাহা বা হয় না যাহার, এক্ষণে ইহার পরিবর্ত্তে Incorrigible লেখা যায় তচ্ছব্দ দেখ।

Uncorrupt, *a.* শুদ্ধ, অদুষ্ট, অভ্রষ্ট, অনষ্ট, সৎ, সাধু, ভদ্র, নিষ্ঠাবান্, বিশ্বাসী, অপ্রতারক, অকপট, দুষ্কর্ম্মে রত নহে যে, বেগড়া নহে যে, রীতি মন্দ নহে যাহার, কুব্যবহার দুষ্টতা বা পাপ কর্তৃক নষ্ট হয় নাই যে।

Uncorrupted, *a.* তথা।

Uncorruptedness, *n. s.* সুদ্ধতা, নির্ম্মলতা, অদুষ্টতা, নিষ্ঠা, সাধুত্ব, ভদ্রত্ব, অকাপট্য, বিশ্বস্ততা, অপ্রতারকতা, সরলতা।

Uncorruptible, *a.* ভ্রষ্ট বা নষ্ট করা যায় না যাহাকে বা হয় না যে, দুষ্কর্ম্মে প্রবৃত্ত করা যায় না যাহাকে, বেগড়ে না যে, নিষ্ঠাশালী, সাধু, শুদ্ধ।

Uncorruptness, *n. s.* নিষ্ঠা, সাধুতা, ভদ্রতা, অদুষ্টত্ব, অভ্রষ্টত্ব অকাপট্য, বিশ্বস্ততা।

To **Uncover,** *v. a.* আচ্ছাদন-তোল বা-খোল, অনাচ্ছাদিত-কৃ, অনাবৃত-কৃ, ঢাকা-খুল, বিবস্ত্র-কৃ, নগ্ন-কৃ, নেঙ্গটা-কৃ, উলঙ্গ-কৃ, কাপড়-খুল, মাথা এলো-কৃ, আদুড়-কৃ, চাল বা ছাত-খোল -নামা বা-ফেল, খুলিয়া-দর্শা, ঘোমটা-খুল, সম্ভ্রমার্থে শ্রেষ্ঠ বা মান্য লোকের অগ্রে টুপি-খোল।

Uncounsellable. *a.* অন্যের পরামর্শগ্রহণে অনিচ্ছু, পরামর্শ দিবার যোগ্য নহে যে, পরামর্শ লয় না বা স্বীকার করে না যে।

Uncountable, *a.* অগণনীয়, অগণ্য, গণনা হয় না বা করা যায় না যাহার, গণা যায় না যাহা, অসংখ্য, অসুমার।

Uncounted, *a.* গণনা হয় নাই যাহার, সংখ্যা হয় নাই যাহার, গণা যায় নাই যাহা, অগণিত, অসংখ্যাকৃত।

Uncounterfeit, *a.* অকৃত্রিম, অপ্রতারক, অচ্ছদ্মবেশী, অকল্পিত, ঝুঁটা নহে যে, আসল, ঠিক, খাটি।

To **Uncouple,** *v. a.* কুকুরের জোট ছাড়াইয়া-দা, জোড়-খোল, জোড় খুলিয়া-দা, ছাড়াছাড়ি-কৃ, খুলিয়া-দা, তফাত২-কৃ।

Uncoupled, *a.* একক, একাকী, জোটভাঙ্গা, অযুক্ত, জুড়ী নাই যাহার, স্ত্রী বা স্বামী নাই যাহার, অবিবাহিত, বিবাহ হয় নাই যাহার, আইবড়।

Uncourteous, *a.* অশিষ্ট, অসভ্য, অসভাসদ, নম্রতা নাই যাহার, অনালাপী, দুঃশীল, অসদ্ভাবী, কুস্বভাবী।

Uncourteously, *ad.* অশিষ্টতাপূর্ব্বক, অসভ্যরূপে, অনম্রভাবে, অশিষ্টভাবে বা রূপে, দুঃশীলতা অসৎভাব বা অনালাপপূর্ব্বক।

Uncourtliness, *n. s.* মজলিশ বা সভায় যাইতে পারে এমত গুণ বা শিষ্টতারাহিত্য, অসভ্যতা, অভব্যতা, বেআদবী, রূঢ়তা, বেমজলীশীর ভাব বা অবস্থা।

Uncourtly, *a.* অসভ্য, অসুশীল, অভব্য, বেআদব, বেমজলীশী, রূঢ়, চাসাড়্যা, গোয়ার, মূর্খ।

Uncouth, *a.* Sax. আশ্চর্য্য, অদ্ভুত, কদাকার, অপরূপ, আনখা, বেআড়া, অনিয়মিত, অসচরাচর।

Uncouthly, *ad.* Sax. আশ্চর্য্য বা আনখারূপে, কদাকারপূর্ব্বক, বেআড়াভাবে বা রূপে।

Uncouthness, *n. s.* আশ্চর্য্যতা, অদ্ভুততা, আনখারভাব বা অবস্থা, কদাকার বা বেআড়ার ভাব।

To **Uncreate,** *v. a.* সৃষ্টিলোপ বা সংহার-কৃ, ধ্বংস-কৃ, নাশ-কৃ, নিরাস-কৃ, জীবন নাশ-কৃ লোপ-কৃ, সংহার-কৃ।

Uncreated, *a.* অদ্যাপি জন্মে নাই যে বা জন্ম হয় নাই যাহার, সৃষ্টি ছাড়া, সৃষ্টির মধ্যে হয় নাই বা নহে যে, অসৃষ্ট, অনির্ম্মিত, অগঠিত, অজ, অজাত, অজনিত, অনুৎপাদিত, অপ্রস্তুতীকৃত, কোন সম্মান বা পদ প্রাপ্ত হয় নাই যে।

Uncredible, *a.* অপ্রত্যয়িতব্য, প্রত্যয় বা বিশ্বাস হয় না যাহাতে বা যাহা, অবিশ্বসনীয়, অবিশ্বস্ত।

Uncreditable, *a.* অখ্যাত্যাপন্ন, অমান্য, অমর্য্যাদাবন্ত, সম্ভ্রান্ত নহে যে, সুখ্যাতি নাই যাহার, প্রত্যয় বা বিশ্বাস নাই যাহার বা যাহাতে বা করা যায় না যাহাকে।

Uncreditableness, *n. s.* সম্ভ্রম সুখ্যাতি বা মান্যতার অভাব বা তদ্রাহিত্য, অসম্ভ্রম, অখ্যাতি, অমান্যতা, অনাদর।

Uncredited, *a.* প্রত্যয় হয় নাই যাহা বা করা যায় নাই যাহাকে, বিশ্বাস করা যায় নাই যাহা, অবিশ্বস্ত, অপ্রত্যয়িত।

Uncropped, *a.* অনাহরিত, অসংকলিত, অসংগৃহীত, আছাঁটা, আকাটা, অচ্ছিন্ন, মাথা কাটা নহে যাহার, শস্য কাটা যায় নাই যাহার।

Digitized by Google

Uncrossed, *a.* রদ বাতিল বা ব্যর্থার্থে কাটা যায় নাই যাহা, অপার, পার হওয়া বা করা যায় নাই যাহা, প্রতিবন্ধক হয় নাই যাহার, প্রতিরোধ করা যায় নাই যাহাকে, স্বীকৃত, মঞ্জুর করা গিয়াছে যাহা।

Uncrowded, *a.* প্রশস্ত, স্থানাভাব নাই যাহাতে, নিরাবিল, খোলা সা, ভিড় নাই যাহাতে, অঘন, অঘেস, গোলমালরহিত।

To **Uncrown,** *v. a.* রাজ্যভ্রষ্ট-কৃ, রাজ্যচ্যুত-কৃ, রাজমুকুট বা চিহ্ন রহিত বা তদ্বর্জিত-কৃ, রাজ্য কাড়িয়া-নী, রাজার মুকুট-নামা বা কাড়িয়া-লওয়া।

Unction, *n. s. Fr.* অভিষেক, মর্দ্দন, মুমূর্ষুকালের সংস্কার বিশেষ, তেলা দ্রব্য, প্রলেপ, লেপন, ধর্ম্মপ্রবর্ত্তক বস্তু বা বিষয়, ধর্ম্মকর্ম্ম, পুণ্যকর্ম্ম, ধর্ম্ম বিষয়ে চিত্ত আর্দ্র হয় যদ্দ্বারা তাহা, ধর্ম্মে রতি মতি বা শ্রদ্ধা বা করুণাচিত্ত হয় যদ্দ্বারা বা যাহা হইতে তাহা।

Unctuosity, *n. s.* চিক্কণতা, তেলার ভাব বা অবস্থা, তৈলাক্ততা, চট্‌চট্যামি।

Unctuous, *a. Lat.* চিক্কণ, তেলা, চিকণা, চরবিওয়ালা, চট্‌চট্যা, আটাট্যা, আটাবৎ, স্থূল, মেদযুক্ত, চরবিদার, চরবিওয়ালা।

Unctuousness, *n. s.* চিক্কণতা, তেলামি, চটচট্যামি, আটার ভাব বা অবস্থা, তৈলাক্ততা, বসা বা চরবির ভাব, স্থূলত্ব।

Uncuckolded, *a.* স্ত্রী ভ্রষ্টা নহে যাহার, ভ্রষ্টা করা যায় নাই যাহার স্ত্রীকে, সতীর ভাতার যে।

Unculled, *a.* অসংকলিত, অসংগৃহীত, বাছিয়া বা চুনিয়া লওয়া যায় নাই যাহা, একত্র করা বা কুড়ান যায় নাই যাহা, ছড়ান।

Unculpable, *a.* নির্দোষী, অদুষ্য, অনপরাধগ্রস্ত, অনপরাধী, নির্দোষী, দোষ দেওয়া যায় না যাহার বা যাহাকে, সাঁচা।

Uncultivated, *a. Lat.* অকৃষ্ট, পতিত, পড়া, গরআবাদি, চসা নহে যে, আবাদ করা যায় নাই যে স্থানে, অশিক্ষিত, রীতি নীতি বা সভ্যতা জানে না যে, মূর্খ।

Uncumbered, *a.* হালকা, বোঝা মোট বা ভার চাপান যায় নাই যাহার উপর, জড়ীবটী নহে যে, খোলাসা, মুক্ত, আলগা।

Uncurbable, *a.* অদম্য, অবশ্য, দমন করা যায় না যাহাকে, নিবারণ করা যায় না বা থামান যায় না যাহাকে।

Uncurbed, *a.* দমন করা যায় নাই যাহাকে, আটকান যায় নাই যাহাকে, লাগাম নাই যাহার বা দেওয়া নাই যাহাতে, ডাংপিট্যা।

To **Uncurl,** *v. a.* পেঁচ বা জড়োন-খুল, সোজা-কৃ, এলো-কৃ, কোঁকড়া বা কুঞ্চন সোজা বা পরিষ্কার-কৃ, চাঁচর বা গুয়াথুবি চুল-খোল বা আঁচড়াইয়া পরিষ্কার বা লম্বা-কৃ।

To **Uncurl,** *v. n.* পেঁচ বা জড়োন-খুল, সোজা-হ, এলো-হ, চাঁচর বা গুয়াথুবি চুল খুলিয়া-পত।

Uncurled, *a.* সোজা, পেঁচ দেওয়া বা জড়ান নহে যাহা, চাঁচর বা বাবরি করা নহে যাহা, ঘুরাণ নহে যাহা।

Uncurrent, *a.* অচলিত, অপ্রচলিত, অব্যবহার্য্য, চলন নাই যাহার, বেচলন, অসাধারণ, চলনসই নহে যে।

To **Uncurse,** *v. a.* শাপ মোচন-কৃ, অভিশাপহইতে মুক্ত বা উদ্ধার-কৃ, শাপ ধ্বংস-কৃ, মন্যুহইতে রক্ষা-কৃ, শাপান্তর বরদান-দা বা-কৃ।

Uncurst, *a.* অনভিসম্পাদিত, শাপ বা মন্যু হয় নাই যাহার উপর, পাপগ্রস্ত নহে যে, শুদ্ধ, পবিত্র, শ্রদ্ধিত, অভিশাপযুক্ত বা তদ্যোগ্য নহে যে।

Uncut, *a.* আকাটা, আস্ত, গোটা, অচ্ছিন্ন, অচ্ছেদিত, অখণ্ডিত, সমুদায়।

To **Undam,** *v. a.* বাঁদ-ভাঙ্গ, মহনা-খুল, পুল ভাঙ্গিয়া-দা, আলি বাঁদ আটক বা ভেড়ি খুলিয়া-দা, ভেড়ি-ভাঙ্গ।

Undamaged, *a.* অনষ্ট, অক্ষত, খারাব বা নষ্ট হয় নাই যাহা, বিগড়ায় নাই যে, নোকশানি বা দাগি নহে যে, বেদাগী, নিখুঁত।

Undamped, *a.* সরদি লাগে নাই যাহাতে, খট্‌খটা, শুষ্ক, শুকনা, আর্দ্র বা ভিজা নহে যে, অমশৃণ, অম্লান, অক্ষুব্ধ, বিমর্শ ভাবিত বা চিন্তিত হয় নাই যে, অনুৎকণ্ঠিত, প্রসন্ন, খর্ব্বিত নহে যে।

Undauntable, *a.* অভয়াকর্ষণীয়, অভীত, নির্ভয়, সাহসী, দমে না যে, অভীরু, অসমসাহসী, অকুতোভয়, ভয়যুক্ত করা যায় না যাহাকে, ভয় পায় না বা ডরায় না যে।

Undaunted, *a.* নির্ভয়, অভীত, অভীরু, অসমসাহসী, অকুতোভয়, ডাকাবুকো, নিঃশঙ্ক।

Undauntedly, *ad.* নির্ভয়রূপে, অভীতরূপে, অসমসাহসপূর্ব্বক, ভয় বা ডর না করিয়া, বীর্য্য বা শৌর্য্যরূপে।

Undauntedness, *n. s.* নির্ভয়তা, সাহস, অভীরুতা, ভয়রাহিত্য, শৌর্য্য, শূরতা, বীরত্ব, শূরত্ব।

Undawning, *a.* অনুদিত, ঘোর, অপ্রকাশিত, অন্ধকারযুক্ত, অদীপ্ত, অপ্রকাশমান, অনালোক, অনুজ্জ্বলিত।

Undazzled, *a.* ছটা বা তেজকর্তৃক ঝাপসা লাগে নাই যাহাকে, অমূর্চ্ছিত, অমোহিত, অমুগ্ধ, কিরণ বা দীপ্তির দ্বারা অনাকৃষ্ট বা অপীড়িত।

To **Undeaf,** *v. a.* বধিরতা নষ্ট বা দূর-কৃ, কালা ভাল-কৃ, শ্রবণ শক্তি পুনঃ প্রাপ্ত-কৃ বা-দা।

Undebauched, *a.* সাধ্বী, ভ্রষ্ট বা নষ্ট নহে যে, লোচ্চা বা লম্পট নহে যে, ইন্দ্রিয় সুখে রত নহে যে, সতীত্ব নষ্ট হয় নাই বা করা যায় নাই যাহার, শুদ্ধ, শুচি, সাধু।

Undecagon, *n. s. Lat. Gr.* একাদশ কোণ ও একাদশ পার্শ্ব বিশিষ্ট ক্ষেত্র, একাদশাস্র।

Undecayed, *a.* তাজা, টাট্‌কা, শক্ত, অপর্য্যুষিত, ক্ষয় বা হ্রাস অপ্রাপ্ত, অজীর্ণ, শুষ্ক ক্ষীণ বা দুর্ব্বল হয় নাই যে, গলিত বা পলিত হয় নাই যে বা এতদ্যোগ্য নহে যে।

Undecaying, *a.* ক্ষীণ দুর্ব্বল বা হ্রাস হয় না যে, অবিনশ্বর, অবিগন্তব্য।

Undeceivable, *a.* অপ্রবঞ্চনীয়, অপ্রতারণীয়, অপ্রতার্য্য, ঠকে না যে, ভুলান যায় না যাহাকে, ফাকি দেওয়া যায় না যাহাকে, সেয়ানা, চতুর।

To **Undeceive,** *v. a.* ভ্রম দূর-কৃ, চক্ষু ফুটাইয়া-দা, সেয়ানা-কৃ, চতুর-কৃ, বুঝাইয়া-দা।

Undeceived, *a.* ভ্রম দূর হইয়াছে যাহার, ভ্রান্ত নহে যে, ঠকে নাই যে, অভ্রান্ত, অপ্রতারিত।

Undecency, *n. s.* অসভ্যতা, অভব্যতা, অশিষ্টতা, অকর্ত্তব্যতা, বেয়াদবী, বেহায়ামী, লজ্জারাহিত্য, অযোগ্যতা।

Undecent, *a.* অসভ্য, অভব্য, অশিষ্ট, বেআদব, বেহায়া, অকর্ত্তব্য, অনুপযুক্ত, নির্লজ্জ, বোঁচা।

Undecently, *ad.* অসভ্যরূপে, অভব্যরূপে, নির্লজ্জরূপে, বোঁচামি পূর্ব্বক, অকর্ত্তব্যতা বা অনুপযুক্ততারূপে।

Undecidable, *a.* অনির্দ্ধার্য্য, অনিশ্চেতব্য, অনির্ণেয়, সমাধা হয় না যাহার, নির্দ্ধার্য্য বা মীমাংসা হয় না যাহার।

Undecided, *a.* অনিশ্চিত, অনিষ্পন্ন, অনির্দ্ধার্য্য, মীমাংসা হয় নাই যাহার, অস্থির, অনির্ণীত, অবিচারিত, অনির্দ্ধারিত।

Digitized by Google

Undecisive, *a.* অনিষ্পত্তিকারী, অপ্রামাণ্য, অস্থির, মীমাংসা বা নিষ্পত্তি হয় না যাহাতে বা করে না যে, অন্তরহিত, শেষ নাই যাহার।

To **Undeck**, *v. a.* অলঙ্কার শোভা বা শ্রীহীন-কৃ, অনলঙ্কৃত-কৃ, অনাবৃত-কৃ, অলঙ্কার বর্জ্জিত-কৃ, অনাচ্ছাদিত-কৃ, সজ্জারহিত-কৃ, নগ্ন-কৃ, শোভাহীন-কৃ, শ্রীভ্রষ্ট-কৃ।

Undecked, *a.* অবিভূষিত, অনলঙ্কৃত, অশোভিত, অসজ্জিত, সাজান বা গোচান নহে যে, অনাবৃত, অনাচ্ছাদিত, ঢাকা নাই যাহার, খোলা।

Undeclined, *a.* ক্ষয় বা হ্রাসপ্রাপ্ত নহে যে, শব্দ রূপ করা যায় নাই যাহা, প্রত্যয়দ্বারা শব্দের রূপ করা নহে যে, অসাধিত, সাধা নয় যাহা, সিদা, রুজু, সধর্ম্মে রত, বিপথগামী নহে যে, যথার্থ পথ বহির্ভূত নহে যে।

Undedicated, *a.* অনুৎসর্গিত, অনিবেদিত, অপ্রতিষ্ঠিত, অনর্চ্চিত, কোন প্রভু বা উপকারক ব্যক্তির নামে বা উদ্দেশে দেওয়া যায় নাই বা অনর্পিত যাহা।

Undeeded, *a.* কর্ম্মের দ্বারা বিখ্যাত নহে যে, কীর্ত্তিরহিত বা তদ্বর্জ্জিত, ক্রিয়াহীন।

Undefaced, *a.* মিটান বা পোঁছা নহে যাহা, আকার নষ্ট হয় নাই বা করা যায় নাই যাহার, নষ্ট বা লোপ হয় নাই যাহা, আকারের বৈলক্ষণ্য হয় নাই যাহার, অঙ্গহীন নহে যাহা, অলুপ্ত, অখণ্ডিত।

Undefeasible, *a.* অবৈলক্ষণ্য, অলড়, লোপরহিত, বাতিল বা রদ করণীয় বা ভবনীয় নহে যে, অনন্যথাকরণীয়, নয় করা যায় না যাহা।

Undefended, *a.* অরক্ষিত, অনায়াসে আক্রমণ করা যায় যাহা, অনাশ্রিত, সহায় নাই যাহার, রক্ষা বা বাঁচওয়া নাই যাহার, বেখবরদার, আলগা, এলো, খোলা।

Undefied, *a.* যুদ্ধে আহ্বান করা যায় নাই যাহাকে, তাচ্ছল্য করা যায় নাই যাহাকে, আড়ি বা জেদ নাই যাহাতে, প্রতিপক্ষতা বর্জ্জিত।

Undefiled, *a.* অবিনষ্ট, শুচি, নির্ম্মল, শুদ্ধ, নিষ্কলঙ্ক, পবিত্র, অস্পর্শিত, না ছোঁয়া, অদুষ্ট, বিগড়ে নাই যে, ভ্রষ্ট নয় যে।

Undefinable, *a.* অনিরূপণীয়, অনির্বচনীয়, অবক্তব্য, বুঝান যায় না যাহা, অস্থৈর্য্য, অনির্ণয়, নিশ্চয় বা নিরূপণ হয় না বা করা যায় না যাহার, অমীমাংসাকরণীয়।

Undefined, *a.* অনিরুক্ত, অনিরূপিত, অনির্ণীত, অনিষ্কর্ষ, অনির্দ্ধার্য্য, অনির্দ্ধারিত, অস্থিরীকৃত।

Undeflowered, *a.* অনষ্টীভূত বা কৃত, অদুষ্ট, ভ্রষ্ট বা নষ্ট হয় নাই যে বা করা যায় নাই যাহাকে, শুদ্ধসাধ্বী, সতী, সতীত্ব নষ্ট হয় নাই যাহার, কুমারী, অক্ষতযোনী।

Undeformed, *a.* সুরূপ, সুন্দর, সুগঠন, কদাকার নহে যে, শ্রীহীন বা শ্রীভ্রষ্ট নহে যে, আকারের বৈলক্ষণ্য নাই যাহার, অলক্ষণহীন।

Undeliberated, *a.* অবিবেচিত, অচিন্তিত, বিবেচনা বা বিচার করা যায় নাই যাহার, বিতর্ক করা যাই নাই যাহাতে।

Undelighted, *a.* নিরানন্দ, আনন্দরহিত, অসুখী, বেজার, বিরক্ত, অপ্রমোদিত, খুসি বা সন্তুষ্ট হয় নাই যে, অনাহ্লাদিত, অতুষ্ট, অতৃপ্ত, অনাপ্যায়িত।

Undelightful, *a.* আমোদজনক নহে যাহা, অসুখদায়ক, অতুষ্টিকর, অসুখদ, সুখ বা মনের তুষ্টি হয় না যাহাতে।

Undemolished, *a.* মূল উৎপাটন হয় নাই যাহার, উচ্ছিন্ন হয় নাই যাহা, ধ্বংস বিনাশ বা নষ্ট হয় নাই যাহা, অসমভূমিকৃত, অবিনষ্ট।

Undemonstrable, *a.* বুঝান যায় না যাহা, প্রমাণদ্বারা সাব্যস্ত করা যায় না যাহা, অপ্রমাণিত, অমীমাংসাকৃত, অর্থ হয় না যাহার।

Undeniable, *a.* স্বীকার্য্য, গ্রহণীয়, অকাট্য, অস্বীকার করা যায় না যাহা, গরকবুল করা যায় না যাহা, মান্য, অমান্য করা যায় না যাহা।

Undeniably, *ad.* অকাট্যরূপে, গ্রহণীয়ত্বরূপে, স্বীকার্য্যরূপে, ঠেলা না যায় এমত ভাবে, হেলন না করা যায় এমত ভাবে, অঠেলরূপে, সুস্পষ্টরূপে, কোন কথা বা আপত্তি হয় না বা হইবার সম্ভাবনা নাই এমতে।

Undepending, *a.* স্বাধীন, স্বতন্ত্র, আপ্তবশ, পরবশ নহে যে, স্বয়ংসিদ্ধ, পরাধীন বা পরাশ্রিত নহে যে, বেপরওয়া, অন্যের ভরসা বা অপেক্ষা করে না যে।

Undeplored, *a.* অখেদিত, অশোচিত, অবিলাপিত, শোক আক্ষেপ বা রোদন করা যায় নাই যাহার নিমিত্তে।

Undepraved, *a.* ভ্রষ্ট বা নষ্ট হয় নাই যে, অমঙ্গল ঘটে নাই যাহাতে, অবিনষ্ট, অপরিভ্রষ্ট, নির্দোষী, নির্ম্মল, শুদ্ধ, শুচি, পবিত্র, রীতিবিগড়ায় নাই যাহার, দুষ্কর্ম্মে রত নহে যে, ধার্ম্মিক, সাধু।

Undeprived, *a.* অনপহারিত, অবঞ্চিত, অবর্জ্জিত, পদচ্যুত নহে যে, বেদখল করা যায় নাই যাহাকে, কাড়িয়া বা ছিনিয়া লওয়া যায় নাই যাহার স্থানে।

Under, *prep.* Got. অপেক্ষাকৃত ন্যূনতাবস্থাতে দেখাইয়া বা দর্শাইয়া, কনিষ্ঠ পদে থাকিয়া, তাঁবে বা অধীনে থাকিয়া, খর্ব্ব হ্রাস বা ন্যূনতাবস্থাতে, যেপর্য্যন্ত তাহার কমে, আশ্রিত হইয়া, অন্যের আশ্রয়ে, সম্বন্ধে, নির্দ্দিষ্টে, অধীনে, বশে, তাঁবে, নীচে, ব্যাপ্যবৃত্তিতে, অধঃ, কমে, অল্পে, ক্ষুদ্র, তলে, অনুচ্চ, অনূর্দ্ধে।

Under, *a.* অধীন, তাঁবেদার, ব্যাপ্য, কনিষ্ঠ বা নীচপদস্থ, বশ, অনুগত, কুপ্পর, পয়নাম, ছোট।

Under, *ad.* অধীনত্বরূপে বা ভাবে, অধোতে, নীচে, নামেতে, তলে, হেঁটে, ক্ষুদ্র ন্যূন কম বা অধীন অবস্থাপূর্ব্বক, অল্পে, যৎকিঞ্চিৎ, স্বল্পেতে।

Underaction, *n. s.* উপকার্য্য, তাঁবেদারি কর্ম্ম, নীচকর্ম্ম, উপকথা, সামান্য বিষয় বা কথা, প্রসঙ্গাধীন বাক্য বা কর্ম্ম।

Underagent, *n. s.* প্রতিনিধি, নাএব, অন্যের নামে কার্য্য সম্পাদন বা নিষ্পাদন করে যে ব্যক্তি তাহার তাঁবেদার, প্রধান নাএব মোক্তার বা গোমাস্তার তাঁবে কর্ম্ম করে যে ব্যক্তি, নাএবের নাএব, মোক্তারের মোক্তার।

To **Underbear**, *v. a.* ধারণ-কৃ, বহন-কৃ, সহ্য-কৃ, সহ, উঠাইয়া বা তুলিয়া-ধর, খাড়া-কৃ বা-রাখ।

Underbearer, *n. s.* মড়া বহনকর্ত্তা, মৃত শরীরবাহক।

To **Underbid**, *v. a.* উপযুক্ত বা ন্যায্য মূল্যের ন্যূন দিতে-চাহ বা অঙ্গীকার-কৃ, কম দাম দিতে-চাহ, কম দাম-বচ বা-যাচ।

To **Underbuy**, *v. a.* যথার্থ উপযুক্ত বা ন্যায্য মূল্যের ন্যূন দরে ক্রয়-কৃ, অল্প মূল্যে খরিদ-কৃ, কম দামে-কেন, সস্তা-কেন, সস্তা দরে-লওয়া বা ক্রয়-কৃ।

Underclerk, *n. s.* নাএব মুহুরি, সরদার কেরাণির তাঁবেদার বা পেস্কার, সরকারের বা কেরাণির নীচে কর্ম্ম করে যে।

Undercroft, *n. s.* পূজা বা দেবালয়ের মধ্যে খিলান ঘরবিশেষ যে স্থানে গান বা সংকীর্ত্তন হয়।

To **Underdo**, *v. n.* সাধ্য বা ক্ষমতা অপেক্ষা ন্যূন কর্ম্ম-কৃ, আপন ক্ষমতা বা সাধ্য যেপর্য্যন্ত তাহার অল্প কর্ম্ম-কৃ, আবশ্যক যে পর্য্যন্ত তাহার কম-কৃ।

Underfaction, *n. s.* রাজদ্রোহির ক্ষুদ্র সমাজ, ক্ষুদ্র উপদ্রব, ক্ষুদ্র

Digitized by Google

গণ্ডগোল বা বিরোধ, কোন রাজদ্রোহি সমাজের ক্ষুদ্রাংশ, রাজ দ্রোহিদিগের মধ্যে কথকগুলিন লোক দল দল হইয়া তৎকর্ম্ম করে যাহারা।

Underfellow, *n. s.* ক্ষুদ্র লোক, ছোট লোক, সামান্য বা জঘন্য লোক, ইতর লোক, দুর্ভাগা বা হতভাগা ব্যক্তি, অধম বা ওঁছা লোক, পাজী।

Underfilling, *n. s.* কোন ইমারত বা কোঠার অধোভাগ, তাহার নীচের তবক বা তালা।

Underfoot, *ad.* অধে, নীচে, পদতলে, পায়ের নীচে।

Underfoot, *a.* নিকৃষ্ট, নীচ, অধম, ক্ষুদ্র, পাজি, ছেঁচড়া, জঘন্য, মর্দ্দিত, মাড়ান বা পায় থেঁতলান গিয়াছে যাহা বা যাহাকে।

To **Underfurnish,** *v. a.* ন্যায্য বা আবশ্যক যাহা তদপেক্ষা অল্প -দা, কম-দা, কম সরবরাহ-কৃ, অল্প-যোগা, উপযুক্তমতে না-দা।

To **Undergird,** *v. a.* অধোদিগে বেষ্টন-কৃ-বসা বা-জড়া, নীচে-বাঁধ, নীচে-জড়া, নীচে-ঘের বা-বেড়, পায়া গোড়া বা অধোভাগ বেষ্টন-কৃ-বান্ধ বা তাহার উপর-জড়া।

To **Undergo,** *v. a.* Sax. কোন আপদ বিপদ বা দুরদৃষ্ট পড়িলে বরদাস্ত করিয়া-থাক বা তাহা স্বীকার-কৃ, সহ, সহ্য-কৃ, বরদাস্ত-কৃ, দুঃখ সহ্য-কৃ, ভোগ-কৃ, সহিষ্ণুতা-কৃ, বহন-কৃ, বহ, মুগ্ধ বা মূর্চ্ছা না হইয়া বরদাস্ত-কৃ, চালান-কৃ, চালা, অধীন-হ বা-কৃ।

Undergraduate, *n. s.* মহাবিদ্যালয়ে যে ছাত্র প্রাপ্য পদ বা কর্ম্ম লয় নাই বা পায় নাই তাহাকে বুঝায়।

Underground, *n. s.* পাতাল, ভূমিতল, মাটির নীচের স্থান, মৃত্তিকার নীচে স্থান।

Undergrowth, *n. s.* বড় বৃক্ষের তলায় জন্মে বা হয় যে ক্ষুদ্রং বৃক্ষ, উপবন।

Underhand, *ad.* অস্পষ্টরূপে, আড়ালে, গোপনে, ঠগাইবার মত লবে, গুপ্তে, অব্যক্তরূপে, প্রতারণাপূর্ব্বক, প্রতারণাভিপ্রায়ে, অস্পষ্টভাবে, নির্জ্জনে, লুক্কাইয়া, ছাপাইয়া।

Underhand, *a.* গুপ্ত, অব্যক্ত, লুক্কান, অপ্রকাশ।

Underived, *a.* অন্যহইতে আনীত বা প্রাপ্ত নহে যাহা, মূল, আসল।

Underkeeper, *n. s.* রক্ষকের নাএব, কোন দারোগা বা রক্ষকের তাবে কর্ম্ম করে যে।

Underlabourer, *n. s.* অধীনে কার্য্যকর্ত্তা, কারিগর, মজুর, কোন কারিগর বা কর্ম্মকারকের তাবে কর্ম্ম করে যে, ঠিকা মজুর, পেটাউ মজুর।

To **Underlay,** *v. a.* Sax. নীচে কোন দ্রব্য দিয়া মজবুত-কৃ, শক্ত বা-দৃঢ়-কৃ, ভিতরে তলাঞ্চে-দা বা-লাগা, অন্ত্রে-দা বা-লাগা বা তদ্দ্বারা গোড়া শক্ত-কৃ।

Underleaf, *n. s.* একপ্রকার সেওফল।

To **Underlet,** *v. a.* অল্প বা কম কেরায়াতে ভাড়া-দা, এক জনের স্থানে ভাড়া লইয়া আরবার অন্যকে ভাড়া-দা, ভাড়া কম-কৃ।

To **Underline,** *v. a.* কোন শব্দের নীচে কসি-টান বা রেখা-দা।

Underling, *n. s.* অপ্রধান বা ক্ষুদ্র কর্ম্মকর্ত্তা, সামান্যকর্ম্মকর্ত্তা, পেস্কার, পারিষদ, সহচর, নাএব, তাঁবেদার, নিকৃষ্ট জঘন্য বা পাজী লোক।

Undermaster, *n. s.* মনিবের নীচে মনিব, প্রধান কর্ত্তা প্রভু বা মনিবের পেস্কার বা নাএব, গুরু মহাশয়ের পেস্কার নাএব বা সহকার।

Undermeal, *n. s.* Sax. মধ্যাহ্ন ভোজনের পর আহার বা জল পান।

To **Undermine,** *v. a.* নীচে সুড়ঙ্গ পথ বা খোল-কৃ, সিন্দ-কাট বা -মার, সুড়ঙ্গ-কৃ, গুপ্তে অপকার-কৃ, বিদ্ধ-কৃ, বিঁদ-কৃ, ছিদ্র-কৃ, ছেঁদা -কৃ, ফোঁড়, নীচে বা তলায় গর্ত্ত করিয়া ফেলিয়া-দা, লুক্কায়িত ভাবে বা মফঃসলে ক্ষয় বা হানি-কৃ, গোলমালে চেষ্টা বা তদবিরের দ্বারা ক্ষতি অপকার মন্দ বা নষ্ট-কৃ।

Underminer, *n. s.* পূর্ব্বোক্ত কর্ম্মকর্ত্তা, সিন্দ কাটিয়া নীচে দিয়া যায় প্রবেশ করে বা চলে যে, বেলদার, সুড়ঙ্গ কাটে যে ব্যক্তি, নীচে বা তলায় ছিদ্র করিয়া ফেলাইয়া দেয় যে ব্যক্তি, গুপ্ত শত্রু, অস্পষ্ট শত্রু।

Undermost, *a.* সকলের নীচে অধে বা তলায় থাকে বা আছে যাহা, সর্ব্বাধঃ, অতিক্ষুদ্র নীচ বা অধম, পদে বা অবস্থায় আছে যে, সর্ব্বাপেক্ষায় ক্ষুদ্র বা ছোট।

Undern, *n. s.* Sax. দিবসের প্রথম প্রহর, বেলা নয় ঘণ্টা, পূর্ব্ব কালে ভোজনোত্তর কাল বুঝাইত, উত্তর ইংলণ্ডে অপরাহ্ন বা বৈকাল বুঝায়।

Underneath, *ad.* নামেতে, হেঁট বা নীচ ভাগে, তলাতে, অধো, অধোভাগে।

Underneath, *prep.* Sax. নীচে, তলায়, নামতে, হেঁটে, অধোতে।

Underofficer, *n. s.* তাবে ক্ষুদ্র কর্ম্মচারী, নীচে বা পেটাওতে কর্ম্ম করে যে রেশালা লোক, সামান্য কর্ম্মকর্ত্তা, ক্ষুদ্র পদস্থ ব্যক্তি।

Underogatory, *a.* অপমানসূচক নহে যে, অখ্যাতি বা অমান্যজনক নহে যে, অসম্ভ্রমজনক নহে যে।

Underpart, *n. s.* সামান্যাংশ বা ভাগ, অসার ভাগ, নিতান্ত আবশ্যক বা প্রধান অংশ বা ভাগ নহে যে তাহা, অধোভাগ।

Underpetticoat, *n. s.* স্ত্রীলোকের পরিধেয় বস্ত্রবিশেষ, নীচের ছায়া বা ঘাগরা, ভিতরের ছায়া বা ঘাগরা।

To **Underpin,** *v. a.* ধারণ-কৃ, খুঁটি-দা, চাড়া-দা, ঠেকো-দা, নীচে বা তলায় মেক-দা-মার বা তদ্দ্বারা দৃঢ়-কৃ।

Underplot, *n. s.* যাত্রার অনুষ্ঠান বা পূর্ব্ব বৃত্তান্ত, গুপ্ত মন্ত্রণা উপায় বা ফিকির।

To **Underpraise,** *v. a.* অল্প বা অনুপযুক্ত স্তব-কৃ, উপযুক্ত বা যাথার্থ্য গুণের ন্যূন বর্ণনা-কৃ, অল্প প্রশংসা-কৃ, প্রশংসার ন্যূন -কৃ, যেমত প্রশংসার যোগ্য তাহা অপেক্ষা কম প্রশংসা-কৃ।

To **Underprize,** *v. a.* অল্প মূল্য-কৃ, উপযুক্ত মূল্যহইতে কম মূল্য -কৃ, কম দর-ঠাহর বা-চড়া, যে দরের যোগ্য তদপেক্ষা অল্প দর -কৃ।

To **Underprop,** *v. a.* ধারণ-কৃ, বহন-কৃ, ঠেকো-দা, চাড়া-দা, অধে বা নীচে খুঁটি-দা।

Underproportioned, *a.* অল্প হিসাবে দত্ত, অল্পসংখ্যক, হিস্যা বা হিসাব মত নহে যাহা, হিসাব বা হিস্যামত হয় যত তদপেক্ষা কম বা ন্যূন।

Underpuller, *n. s.* পেটাউ কর্ম্ম করে যে, পিছে হাঁকরায় বা টানে যে, প্রয়োজক।

To **Underrate,** *v. a.* অশ্রদ্ধা-কৃ, তুচ্ছ-কৃ, হেলা-কৃ, ন্যূন ক্ষুদ্র বা হালকী বোধ বা জ্ঞান-কৃ, অত্যল্প মূল্য-কৃ, অল্প মূল্য-কৃ, উপযুক্ত মূল্যাপেক্ষা কম মূল্য-ঠাহর বা-লাগা।

Underrate, *n. s.* উপযুক্ত মূল্যাপেক্ষা কম মূল্য, অল্প মূল্য, কম দাম বা দর।

To **Underscore,** *v. a.* অধে বা নীচে চিহ্ন বা দাগ-দা, তলায়-দাগ বা চিহ্ন-কৃ।

Undersecretary, *n. s.* Secretary নামক কর্ম্মচারির পেস্কার বা নাএব, নির্ব্বাহকের পেস্কার।

To **Undersell,** *v. a.* অল্প মূল্যে বিক্রয়-কৃ, কমদামে-বেচ, অন্য অপেক্ষা কম দামে বিক্রয়-কৃ, দর কমাইয়া বিক্রয়-কৃ।

Digitized by Google

Underservant, *n. s.* ক্ষুদ্র চাকর বা নফর, ছোট চাকর, সামান্য ভৃত্য, বাজেচাকর।

To **Underset,** *v. a.* ধারণ-কৃ, চাড়া-দা, ঠেকো-দা, নীচে খোঁটা বা মেক-দা, নীচে বা তলায়-লাগা, খুরা-লাগা বা-দা।

Undersetter, *n. s.* চাড়া, ঠেকা, অবলম্ব, ঠেস, খুরা।

Undersetting, *n. s.* অধোভাগ, স্তম্ভের নীচ ভাগ, খুরশী, পিঁড়ি।

Undersheriff, *n. s.* Sheriff নামক ফৌজদারের পেস্কার বা নাএব।

Undersheriffry, *n. s.* পূর্ব্বোক্ত পেস্কার বা নাএবের কর্ম্ম পদ বা অবস্থা।

Undershot, *part. a.* অধ বা নীচে জল থাকে যাহাতে তজ্জল দ্বারা চাল্যমান বা গমনশীল।

Undersong, *n. s.* গাইন, গাথক সম্প্রদায়, গাইনের দল।

To **Understand,** *v. a.* বুঝ, প্রবিধান-কৃ, সম্পূর্ণরূপে-জান, অর্থ-জান, অর্থ বোধ-কৃ, অর্থ সংস্কার-কৃ, বুঝাইয়া-দা, মনে প্রবেশ-করা বা-রাখ, অনুভব-কৃ, পরীক্ষাদ্বারা-জান, অন্যে যাহা কহে বলে লিখে বা মতলব করে তাহা-বুঝ, বিবেচনা-কৃ, জ্ঞান-কৃ, বোধ-কৃ, জান, ঠাহর, স্থির-জান, যথার্থ বা ঠিক বোধ-কৃ, মনে-জান বা-বুঝ, না বলিতে বা ব্যক্ত হইতে-বুঝ বা বুঝিয়া-লওয়া।

To **Understand,** *v. n.* অর্থসংস্কার-হ, জ্ঞান-হ, জ্ঞানী-হ, সংস্কার বান্-হ, জ্ঞানযোগ-হ, বুঝ, জান, জ্ঞাত-হ, অন্যের কাছে-শুন বা অবগত-হ, বুদ্ধিমান্-হ, ওয়াকিফ-হ, বিদিত-হ, অজ্ঞাত না-হ।

Understandable, *a.* বুঝিবার যোগ্য, বোধক্ষম, জানিতে ক্ষম যে, বোধগম্য, বুঝা যাইতে পারে যাহা, সহজ, অনুভব হইতে পারে বা করা যায় যাহা।

Understander, *n. s.* বুঝে যে, বুদ্ধি আছে যাহার, অনুভব করিতে পারে যে ব্যক্তি, দেখিয়া শুনিয়া শিখিয়াছে বা জানিয়াছে যে, দেখিতেং বুঝে বা জানে যে।

Understanding, *n. s.* জ্ঞানেন্দ্রিয়, বোধক্ষমতা, জ্ঞানশক্তি, বুদ্ধি, জ্ঞান, বোধ, বুঝ, আক্কেল, অকুফ, উপলব্ধি, মেধা, মনীষা, মনের ক্ষমতা, বিদ্যা উপার্জন শক্তি, যথার্থ বুঝ বা জ্ঞান।

Understanding, *a.* জ্ঞানী, বুদ্ধিমান্, বিদ্বান্, বিজ্ঞ, পণ্ডিত, সুধী, বুঝদার, আক্কেলমন্দ।

Understandingly, *ad.* জ্ঞাত হইয়া, জানিয়া, বুঝিয়া, ওয়াকিফ হইয়া, জ্ঞানপূর্ব্বক, বোধপূর্ব্বক, বোধ করিয়া, স্পষ্টরূপে, বুঝিতে পারা যায় এমতরূপে।

Understood, *pret.* and *part. To* Understand ক্রিয়ার কার্দন্তিক বা অতীত কালবাচক পদ।

Understrapper, *n. s.* ক্ষুদ্র লোক, ইতর লোক, সামান্য লোক, ছোট লোক, ক্ষুদ্র কর্ম্মনির্ব্বাহক।

Undertakable, *a.* প্রবৃত্তকরণীয় বা ভবনীয়, ভার লইবার যোগ্য, নিযুক্ত হওয়া যাইতে পারে যাহাতে, স্বীকার্য্য, হাত দিবার যোগ্য।

To **Undertake,** *v. a.* নিযুক্ত-কৃ বা-হ, চুক্তি করিয়া-নী, চেষ্টা-কৃ, প্রবৃত্ত-কৃ, ভার-লওয়া, আক্রমণ-কৃ, স্বীকার-কৃ, হাত-দা, উদ্যোগ-কৃ, উদ্যোগী-হ।

To **Undertake,** *v. n.* চুক্তির কর্ম্ম-কৃ, কোন কর্ম্মে পদে বা বিষয়ে প্রবৃত্ত-হ, প্রবৃত্ত-হ, ভার-লওয়া, স্বীকৃত-হ, নিয়মে বদ্ধ-হ, হাত-দা, উদ্যোগী-হ, নিযুক্ত-হ, ভরসা করিয়া আরম্ভ-কৃ বা হাত-দা, ঝুঁকিতে-যা, ঝুঁকি-লওয়া, স্বীকার-কৃ, অঙ্গীকার-কৃ।

Undertaken, *part. To* Undertake ক্রিয়ার কার্দন্তিক পদ।

Undertaker, *n. s.* দর বা চুক্তি করিয়া বা নির্দ্দিষ্ট মজুরি বা দামে কোন কর্ম্ম লয় যে ব্যক্তি, কোন কর্ম্মে প্রবৃত্ত হয় যে ব্যক্তি, ফুরানে কর্ম্ম লয় যে বা তৎকর্ত্তা, মুর্দ্দাফরাস, অন্ত্যেষ্টিক্রিয়া নির্ব্বাহ করে যে ব্যক্তি।

Undertaking, *n. s.* নিয়োগ, উদ্যোগ, চেষ্টা, বিষয়, ব্যাপার কার্য্য, কর্ম্ম, কায, প্রয়োজন, কোন কর্ম্মে প্রবৃত্ত হওন বা হাত দেওন।

Undertenant, *n. s.* রাইয়তের রাইয়ত, পেটাও প্রজা বা ভাড়াট্যা, পায়কস্তা রাইয়ত।

Undertime, *n. s.* Undern শব্দবৎ অর্থ জানিবে, তচ্ছব্দ দেখ।

Undertook, *To* Undertake ক্রিয়ার অতীতকালবাচক পদ।

Undervaluation, *n. s.* অল্প দরকরণ বা ঠাহরান, যথার্থ বা উপযুক্ত মূল্য বা দামের ন্যূনতা বা অল্পতা, হতাদর, অনাদর, সামান্য জ্ঞানকরণ।

To **Undervalue,** *v. a.* হ্রাস-কৃ, কমা, তুচ্ছ-কৃ, অল্প দর-কৃ বা-ঠাহর, তুচ্ছ বা সামান্য বোধ-কৃ, লঘু মূল্য-বুঝ, লঘু জ্ঞান-কৃ, সামান্য জ্ঞান-কৃ, হতাদর-কৃ, অনাদর-কৃ, ঘৃণা-কৃ, হেয়-কৃ, কম দর-যাচ বা-কৃ।

Undervalue, *n. s.* অনুপযুক্ত মূল্য, কম দর, অল্পমূল্য বা দাম।

Undervaluer, *n. s.* অনাদরকর্ত্তা, লঘু মূল্য জ্ঞান করে যে ব্যক্তি, কম দাম ঠাহরায় যে, অনুপযুক্ত বা যথার্থ মূল্যের কমকর্ত্তা।

Underwent, *To* Undergo শব্দের অতীতকালবাচক।

Underwood, *n. s.* বন, ঝাড়, উপঝোড়, বড় বৃক্ষের মধ্যে বা তলায় জন্মে যে ক্ষুদ্রং বৃক্ষ।

Underwork, *n. s.* ক্ষুদ্র কর্ম্ম, ছোট কায, পেটাও কর্ম্ম, সামান্য কর্ম্ম বা বিষয়।

To **Underwork,** *v. a.* গুপ্ত উপায় চেষ্টা বা উদ্যোগদ্বারা নষ্ট বা বিনাশ-কৃ, গোপনে চেষ্টা-কৃ, গুপ্ত ভাবে উদ্যোগ-কৃ, অল্প পরিশ্রম-কৃ, কম পরিশ্রম-কৃ, অল্প বা কম মজুরি বা দরে কর্ম্ম-কৃ।

Underworkman, *n. s.* কারিগর, মজুরদার, নীচে বা তাঁবে কর্ম্ম করে যে ব্যক্তি, পেটাও কর্ম্মকর্ত্তা বা কারিগর।

To **Underwrite,** *v. a.* Lat. নীচে বা অধে-লিখ, লিখ, কোন লিখনের নীচে-লিখ।

Underwriter, *n. s.* বিমাকর্ত্তা, বিমা করে বা লয় যে, স্বাক্ষরকর্ত্তা, নীচে সহী বা দস্তখত করে যে ব্যক্তি।

Undescribed, *a.* অবর্ণিত, অব্যাখ্যাকৃত, অব্যক্ত, অনিরুক্ত, অনুক্ত, বর্ণনা হয় নাই বা করা যায় নাই যাহার।

Undescried, *a.* অদৃষ্ট, অব্যক্ত, দেখা যায় নাই যাহা, দর্শন হয় নাই যাহার।

Undeserved, *a.* অনর্হ, গুণ বা বিদ্যা দ্বারা অর্শে না যাহাকে, অধিকার নাই যাহার, অনুপযুক্ত, অন্যায্য, নাহক, অসঙ্গত, অযোগ্য, অব্যবস্থ, অনুচিত, দোষ ভুল চুক বা অমনোযোগে হয় নাই বা ঘটে নাই যাহা বা তজ্জন্যে অর্শে না যাহাকে।

Undeservedly, *ad.* অনর্হত্বরূপে, অনধিকারপূর্ব্বক, অনুপযুক্তরূপে, অন্যায্যরূপে, নাহক করিয়া, অসঙ্গতরূপে, অযোগ্যরূপে।

Undeservedness, *n. s.* অনধিকার, অনুপযুক্ততা, অনর্হত্ব, অন্যায় বা নাহকের ভাব বা অবস্থা, অসঙ্গতত্ব, অনুচিতত্ব, অন্যায্যত্ব, অযোগ্যতা।

Undeserver, *n.s.* অপাত্র, অনুপযুক্ত অযোগ্য বা নালায়ক ব্যক্তি, অনধিকারী।

Undeserving, *a.* অনধিকারী, অপাত্র, অযোগ্য, অনুপযুক্ত, নালাএক, অনর্হ।

Undeservingly, *ad.* অনুপযুক্তরূপে, অন্যায় বা নাহকরূপে, অযোগ্যরূপে, অসঙ্গতরূপে, অন্যায্যরূপে, অনর্হত্বরূপে, অনধিকারপূর্ব্বক।

Digitized by Google

Undesigned, *a.* অনভিপ্রেত, মতলব করা যায় নাই যাহাতে বা যাহা, মনস্থ করা নহে যাহা, অজানাশুনা, ফিকিরে হয় নাই যাহা, মতলব করা নহে যাহা।

Undesignedly, *ad.* অনভিপ্রায়ে, মতলব না করিয়া, মনস্থ না করিয়া, কোন বিশেষ আশয় বা অভিপ্রায়রহিত হইয়া, অজ্ঞানতঃ, না জানিয়া না শুনিয়া।

Undesignedness, *n. s.* অনভিপ্রেতত্ব, মতলব বা ইচ্ছারাহিত্য, না জানা না শুনার ভাব বা অবস্থা, দৈব।

Undesigning, *a.* অপ্রতারক, যথার্থ, সাধু, সরল, অকপট, কোন বিশেষ আশয় অভিপ্রায় বা মতলব করিয়া কর্ম্ম করে না যে।

Undesirable, *a.* অকমনীয়, কামনার বিষয় বা যোগ্য নহে যে, অনভিলষণীয়, স্পৃহার অযোগ্য, অবাঞ্ছনীয়, অপ্রার্থনীয়, অনভীষ্ট, অভীষ্ট নহে যাহা, অনাকাঙ্ক্ষণীয়, উত্তম নহে যে, অসুখদ, অরম্য, অমনোজ্ঞ, মনের মত নহে যে।

Undesired, *a.* অবাঞ্ছিত, অপ্রার্থিত, অনভীষ্ট, চাওয়া বা মাগা যায় নাই যাহা, অনিষ্ট, অনভিলষিত।

Undesiring, *a.* অনিচ্ছুক, বাঞ্ছা প্রার্থনা বা আকাঙ্ক্ষা নাই যাহার, অলস, অমনোযোগী।

Undespairing, *a.* অভরসা নহে বা হয় নাই যে, নৈরাশ হয় নাই যে।

Undestroyable, *a.* অনাশ্য, অবিনশ্বর, অধ্বংসনীয়, অবিনাশ্য, নিধন করিতে পারা যায় না যাহাকে, অমর।

Undestroyed, *a.* নষ্ট হয় নাই যাহা, বজায় আছে যে, অবিনষ্ট, অনুচ্ছিন্ন, অসংহত, অধ্বংসিত।

Undeterminable, *a.* বিবেচনা নিশ্চয় বা নির্দ্ধার্য্য হয় না বা করা যায় না যাহা বা তাহার উপযুক্ত নহে যে, অনিশ্চেয়, নিশ্চয় করণীয় বা ভবনীয় নহে যে, অবিবেচনীয়, নির্দ্ধার্য্যকরণীয় বা ভবনীয় নহে যে, অনবধারণীয়, স্থিরকরণীয় বা ভবনীয় নহে যে, অনির্দ্ধারণীয়, পরিষ্কার বা শেষ হয় না যাহার।

Undeterminate, *a.* অনিশ্চিত, অপ্রকৃত, অস্থির, অনিশ্চয়, ঠিকানা নাই যাহার, অনির্দ্ধারিত, অনিশ্চয় কৃত, অনবধারিত, বিবেচনার দ্বারা সিদ্ধ হয় নাই বা করা যায় নাই যাহা, পাকা নহে যে, এতদ্ভিন্ন Indeterminate শব্দ দেখ।

Undeterminateness বা **Undetermination**, *n. s.* অস্থৈর্য্য, অনিশ্চয়, স্থৈর্য্যাভাব, অনির্দ্ধারণ, অবধারণরাহিত্য, অনিশ্চয়ত্ব, অবিবেচনা, ঠাওর বা কল্প হয় নাই বা করা যায় নাই যাহাতে তাহা।

Undetermined, *a.* অনিশ্চিত, অনির্ণীত, অনির্দ্ধারিত, যবস্থবে আছে যাহা, জড়ানসড়ান, স্থগিত, অস্থির, অনিষ্কর্ষ, শেষ বা ঠিকানা নাই যাহার বা যাহাতে।

Undetesting, *a.* ঘৃণাকারী নহে যে, ঘৃণা বা তুচ্ছ করে না যে, অবজ্ঞা বা অশ্রদ্ধাকারী নহে যে, হেয় করে না যে, ঘৃণা দ্বেষ বা অবজ্ঞা নাই যাহার বা যাহাতে বা করে না যে।

Undeviating, *a.* সাধারণ নিয়মিত বা প্রচলিত পথের বাহির হয় না যে, বিপথগামী নহে যে, কুমার্গাবলম্বী নহে যে, সৎপথগামী, যথার্থ পথাবলম্বী, সোজা, সিধা, অভ্রান্ত, বক্র বা বেঁকা নহে যে, অনন্যথাকারী, ভ্রম নাই যাহার, অবক্র।

Undevoted, *a.* অদত্ত বা অদানকৃত, অনুৎসর্গ, অনর্পিত, অসংকল্পিত, অসমর্পিত, অনিযুক্ত, অনিবিষ্ট, অপরায়ণ, অরত।

Undevout, *a.* অশ্রদ্ধান্বিত, অপারমার্থিক, অভক্ত, অনুপাসক, ঈশ্বরারাধনা করে না যে, অপূজক, অধার্ম্মিক, অসাধু, পাপিষ্ঠ, ইষ্টনিষ্ঠা নাই যাহার, ভ্রষ্ট, ভণ্ড।

Undiaphanous, *a.* অস্বচ্ছ, অনুজ্জ্বল, অপরিষ্কার, অদীপ্তিমান, অনুদ্দীপ্ত, ঘোর, ঘোলা, ময়লা, স্ফটিকের বা কাঁচের ন্যায় নহে যে, এপার ওপার দৃষ্টি হয় না যাহার, অতেজোময়।

Undid, *To* Undo, ক্রিয়ার অতীতকালবাচক পদ।

Undigested, *a.* অপাচিত, অপক্ক, অজীর্ণ, অপাককৃত, পাক পায় নাই বা হজম হয় নাই যাহা, পরিপাক পায় নাই বা হয় নাই যাহা, অসংগৃহীত, সাজান নহে যে, এলোমেলো, এলোথেলো, আগোচান, বোঝা যায় নাই যাহা, বেতরতিব, নিয়মিত করা নহে যাহা, গোচান বা রীতিপূর্ব্বক সংগ্রহ হয় নাই যাহার।

To **Undight**, *v. a.* খসা, খোল, পরিত্যাগ-কৃ, ছাড়া, বস্ত্রাদিত্যাগ-কৃ, কাপড়-খসা, উলঙ্গ-কৃ, নগ্ন-কৃ, নেংটা-কৃ।

Undiminishable, *a.* অব্যয়, অক্ষয়, অটুট, ন্যূনতা বা হ্রাস হয় না যাহার, ক্ষয় বা হ্রাস নাই যাহার বা যাহাতে, অহ্রসনীয়, ছোট বা খাটো হইবার নহে যাহা।

Undiminished, *a.* অন্যূনীকৃত, সমুদায়, সমস্ত, ক্ষয় বা হ্রাস হয় নাই যে, কমে নাই যাহা, হ্রাস বা খাট করা নহে যাহা, ছোট বা অল্প হয় নাই যাহা।

Undinted, *a.* টোল খায় নাই যে, টোলপড়া নহে যাহা, তোবড়ান নহে যে, আঘাতদ্বারা দাগ বা চিহ্ন হয় নাই যাহাতে বা যাহার।

Undipped, *a.* শুষ্ক, অভিজা, অমগ্ন, ভাসা, চোবড়ান বা ডোবান নহে যে, বুড়া নহে যে, ভিজান বা জলে চোবান নহে যাহা, ভিজান বা জোবড়ান যায় নাই যাহা।

Undirected, *a.* অনাদিষ্ট, অনাদেশিত, অশিক্ষিত, অনাজ্ঞাকৃত, অনুপদিষ্ট, আজ্ঞা বা অনুমতি দেওয়া যায় নাই যাহাকে বা পায় না যে।

Undiscerned, *a.* অবিচারিত, অবিবেচিত, অদৃষ্ট, অদেখা, অনবলোকিত, অনুপলব্ধ, অপ্রকাশিত, অব্যক্ত, নজর হয় নাই যাহা বা যাহাতে, দৃষ্টির অগোচর।

Undiscernedly, *ad.* অনবলোকনপূর্ব্বক, না দেখিয়া, বিবেচনা না করিয়া, অপ্রকাশরূপে, গুপ্তভাবে, অব্যক্তরূপে, অবিবেচিতরূপে।

Undiscernible, *a.* অবিবেচনীয়, অদৃশ্য, অদর্শনীয়, অব্যক্ত, অপ্রকাশ্য, দৃষ্টিগোচর হয় না যাহা, দৃষ্টিদ্বারা বিবেচনীয় নহে যাহা বা উপলব্ধি হয় না যাহার।

Undiscernibleness, *n. s.* দৃষ্টির অগোচরত্ব, দৃষ্টিদ্বারা উপলব্ধি হয় না যাহার তদ্ভাব বা অবস্থা, অদৃশ্যত্ব, অদর্শনীয়ত্ব, অব্যক্তের ভাব বা অবস্থা, অবিবেচনীয়ত্ব, অপ্রকাশ্যত্ব।

Undiscernibly, *ad.* দৃষ্টির অগোচরপূর্ব্বক, আস্তে২, চুপে২, অদৃশ্যরূপে, অদর্শনীয়ত্বরূপে, অব্যক্তরূপে, অবিবেচনীয়রূপে, দেখিতে না পায় এমতরূপে।

Undiscerning, *a.* অবিবেচক, অবোধ, অপ্রজ্ঞ, অপরিণামদর্শী, অনভিজ্ঞ, যথার্থ প্রভেদ বা ইতরবিশেষ স্থিরকরণে অক্ষম বা অপারগ।

Undisciplined, *a.* রীতি বর্ত্ম নহে যে, রীতি নীতি বা দাঁড়া দস্তুর শিখে নাই যে, অশিক্ষিত, অসমজ্ঞ, অভব্য, অব্যবস্থিত, বেআদব, তরবিয়ৎ পায় নাই যে, অশিষ্ট।

To **Undisclose**, *v. a.* চাপা-রাখ, ঢাকিয়া-রাখ, ছাপাইয়া-রাখ, গোপন-কৃ, ঢাক, প্রকাশ বা প্রচার না-কৃ, ব্যক্ত না-কৃ, লুকা, ছাপা, বন্ধ-কৃ, না-খুল, আচ্ছাদিত করিয়া-রাখ।

Undiscording, *a.* সুরের মেলমত, বেসুর নহে যাহা, ঐক্য আছে যাহার বা হয় যে, অনুকূল, বিপরীত নহে যে, মিল আছে যাহার।

Digitized by Google

Undiscoverable, *a.* দেখা পাওয়া যায় না যাহার, প্যাওয়া যায় না যাহা, অপ্রাপণীয়, অপ্রাপ্য, অপ্রকাশনীয়, অপ্রকাশিত, অপ্রকাশ্য, অদর্শনীয়, অব্যক্ত, গুপ্ত, অনুসন্ধান করিয়া বাহির করা যায় না যাহাকে।

Undiscovered, *a.* ঢাকা, চাপা, অজ্ঞাত, অদৃষ্ট, অদেখা, অপ্রকাশিত, অব্যক্ত, গুপ্ত, ছাপা, লুকান, অগোচর।

Undiscreet, *a.* বিবেচনা নাই যাহার বা করে না যে, অজ্ঞানী, অবিবেচক, নির্ব্বোধ, বোকা, অবিজ্ঞ, অপ্রজ্ঞ, অনভিজ্ঞ, অবিচক্ষণ, অসতর্ক, অসাবধান, অপরিণামদর্শী।

Undiscreetly, *ad.* বিবেচনা না করিয়া, অবিচক্ষণরূপে, অপরিণামদর্শিত্বরূপে, অনভিজ্ঞরূপে, অবিবেচনাপূর্ব্বক, অপ্রজ্ঞতারূপে।

Undisguised, *a.* অছদ্মবেশী, কোন ভেখধারণ করে নাই যে, স্পষ্ট, খোলাসা, খোলা, ব্যক্ত, অলুক্কায়িত, ছদ্মবেশধারী নহে যে, অপ্রতারক, অপ্রবঞ্চক, অকপট, সরল।

Undishonoured, *a.* স্বীকৃত, সম্মানিত, মানিত, সম্ভ্রম মর্য্যাদা বা সম্মানের হানি হয় নাই যাহার, অমান্যকৃত নহে যে, অতিরস্কৃত, অনিন্দিত, অভৎর্সিত।

Undismayed, *a.* ভয়কর্ত্তৃক নরম হয় নাই যে, অভীত, অভীরু, শঙ্কা বা ত্রাসরহিত, সাহসী, দমে নাই যে, ভয় পায় নাই যে, চিন্তারহিত, বেপরওয়া, অভরসা হয় নাই যাহার।

Undisobliging, *a.* ব্যস্ত ত্যক্ত বিরক্ত দিক বা ব্যজার করে না যে, উপকারী, তুষ্টিজনক, বৈরক্ত্যজনক নহে যে, সন্তোষকারী, ক্ষতিকারী নহে যে, অসুখী করে না যে, অসুখ জন্মায় না যাহাতে, তুষ্টিকারী।

Undispersed, *a.* অবিস্তৃত, আছড়ান, ছিতরাণ বা ছড়ান যায় নাই যাহা, এক স্থানে স্থিত বা রক্ষিত আছে যাহা।

Undisposed, *a.* হাত দেওয়া যায় নাই যাহাতে, অদত্ত, বিলি হয় নাই যাহা বা যাহার, অবিক্রীত, সওদা হয় নাই যাহার, বন্দোবস্ত হয় নাই যাহার বা যাহাতে।

Undisputable, *a.* বিতর্ক বিরোধ বা সন্দেহ নাই যাহাতে বা যাহার বা তৎযোগ্য নহে যে, স্পষ্ট, স্থির, দৃঢ়, অবিচার্য্য, বাদানুবাদ যোগ্য নহে যে, অবিবাদনীয়, দ্বন্দ্বজ্য নহে যে, ঝকড়া বিরোধ বা বিবাদ নাই যাহাতে, নিঃসন্দেহ, সংশয়রহিত, অবিতর্কণীয়।

Undisputed, *a.* কথা নাই যাহার উপর, অবিরোধী, বাদানুবাদ করা যায় নাই যাহাতে, নিঃসন্দেহ, সংশয়রহিত।

Undissembled, *a.* প্রকাশরূপে ব্যক্ত বা কথিত, প্রকাশিত, খোলা, ব্যক্ত, অকপটী, ভেখ বা ছদ্মবেশ করা নহে যে, অপ্রতারক, প্রবঞ্চনারহিত, তঞ্চক নাই যাহাতে, সাদাসিদা, সরল।

Undissembling, *a.* অপ্রবঞ্চক, অপ্রতারক, ভণ্ড নহে যে, তঞ্চ করে না যে, সাধু, অকপটী, সত্য, যথার্থ, অকৃত্রিম।

Undissipated, *a.* অনপচয়িত, অপরিমিত ব্যয় করে না যে, ছড়ান নহে যাহা, ছড়াইয়া পড়ে নাই যে, উড়িয়া যায় নাই যাহা, ছিন্নভিন্ন হয় নাই যাহা।

Undissolvable, *a.* অক্ষয়ণীয়, অদ্রব, শক্ত, দৃঢ়, অগলনীয়, অদ্রবণীয়, অনার্দ্রকরণীয় বা ভবনীয়, অক্ষয়, স্বতন্ত্রং করা যায় না বা হয় না যাহা, অবিভক্ত করণীয় বা ভবনীয়, অভঞ্জনীয়, ভাঙ্গা যায় না যাহা, খোলা আলগা বা নরম হয় না বা করা যায় না যাহা।

Undissolved, *a.* অগলিত, অদ্রবীভূত, অনার্দ্র, অক্ষয়, অবিভক্ত, অভগ্ন।

Undissolving, *a.* অগলনীয়, অদ্রবণীয়, কখন গলে না যে বা দ্রব হয় না যাহা।

Undistempered, *a.* নির্ব্যাধি, সুস্থ, অপীড়িত, নিরোগী, আরোগ্য, রোগরহিত, রোগ বা ব্যামোহ নাই যাহার, কুশলী, অরুগ্ন, ব্যাধিযুক্ত নহে যে, ব্যাকুল নহে বা হয় নাই যে, অনুদ্বিগ্ন, অব্যাকুল।

Undistinguishable, *a.* স্পষ্টরূপে দৃষ্ট নহে যে, অস্পষ্ট, অবিশেষ্য, অবিভাজনীয়, অভেদকরণীয়, কোন বিশেষ গুণ আকার বা ভাবদ্বারা জানা যায় না যাহা, চিনিতে পারা যায় না যাহা, মর্য্যাদা বা সম্ভ্রম করণযোগ্য নহে যে, অমান্য, অলক্ষ্য, অপ্রসিদ্ধ।

Undistinguishably, *ad.* অবিশেষ্যরূপে, অবিভাজনীয়ত্বরূপে, বিনাপ্রভেদে, পরস্পর জানা যায় না এমতরূপে, চিনিতে পারা যায় না এমতরূপে, অপ্রভেদরূপে, অলক্ষ্যরূপে।

Undistinguished, *a.* অবিশেষ, অপ্রভেদ, চিহ্ন করা নহে যাহা, স্পষ্টরূপে দৃষ্ট বা জানা নহে যাহা, বিশেষ সম্ভ্রম করা যায় নাই যাহার, অপ্রসিদ্ধ, অলক্ষ্য, অগণ্য, মর্য্যাদা বা সম্ভ্রমসূচক কোন চিহ্নযুক্ত নহে যে, সামান্য।

Undistinguishing, *a.* অবিশেষ, অপ্রভেদ, অপ্রভেদকারী, ইতর বিশেষ করে না যে।

Undistorted, *a.* অবক্রীভূত বা কৃত, আমোচড়ান, বক্র নহে যে, অবিকল্পিত, অকদাকার, অনপরূপ, অবিকটাকার, অবিকৃত, মোচড়ান দোমড়ান তেড়া বা বাঁকা নহে যাহা।

Undistracted, *a.* অবিরক্ত, অনাকুল, অনুন্মত্ত, অক্ষিপ্ত, বিক্ষিপ্ত বা পাগল হয় নাই যে, উদ্ভ্রান্ত নহে যে, অব্যাকুল, নানা ভাব না চিন্তা উদ্বেগ বা অভিলাষকর্ত্তৃক খাপছাড়া ভ্রান্ত বা পাগল হয় নাই যে।

Undistractedly, *ad.* উন্মত্ত না হইয়া, ক্ষিপ্ত বা পাগল না হইয়া, উদ্ভ্রান্ত না হইয়া, ব্যাকুল না হইয়া।

Undistractedness, *n. s.* নানাপ্রকার ভাবনা বা চিন্তাদ্বারা মন বিগড়ায় নাই যাহার তদ্ভাব বা অবস্থা, অনুন্মত্ততা, অক্ষিপ্ততা, অবিক্ষিপ্ততা, পাগলের ভাব বা অবস্থাহইতে মুক্তি, অনুদ্ভ্রান্ততা, অব্যাকুলতা।

Undisturbed, *a.* অবিরক্ত, অব্যস্ত, সুস্থির, চঞ্চল নহে যে, অচঞ্চল, অনুদ্বিগ্ন, ব্যাকুল নহে যে, ধীর, ঠাণ্ডা, স্বচ্ছন্দ, ব্যেজার করা যায় নাই যাহাকে, অপীড়িত।

Undisturbedly, *ad.* স্বচ্ছন্দ হইয়া বা করিয়া, সুস্থিররূপে, অক্রোধপূর্ব্বক, বিনাব্যস্ত হইয়া, বিনাউৎপাতে, শান্ত হইয়া।

Undisturbedness, *n. s.* স্থিরতা, স্বচ্ছন্দতা, সুস্থিরতা, অক্রোধ, উৎপাতরাহিত্য, অক্রোধ বা শান্তের ভাব বা অবস্থা, উদ্বেগরাহিত্য।

Undiverted, *a.* অসন্তুষ্ট, অসুখী, আনন্দ জন্মে নাই যাহার, অতৃপ্ত, অনাপ্যায়িত, মন ভুলে নাই বা আকৃষ্ট হয় নাই যাহার।

Undividable, *a.* অবিভাজ্য, অপৃথক্, জুদা তফাৎ বা বিভাগকরণ বা হওন যোগ্য নহে যে, অবিভিন্নকরণীয় বা ভবনীয়, পৃথককরণীয় নহে যে, খণ্ড বা ছিন্ন করা যায় না যাহাকে।

Undivided, *a.* অবিভক্ত, অচ্ছিন্ন, অখণ্ডিত, সমুচ্চয়, আস্ত, কাটা নহে যে, অবিভিন্ন, অপৃথক, তফাৎ বা স্বতন্ত্র হয় নাই যে বা করা যায় নাই যাহাকে।

Undividedly, *ad.* অবিভক্তরূপে, ভাগ বা অংশ বিনা বা না করিয়া, অখণ্ডিতরূপে, আকাটা বা অখণ্ডরূপে, পৃথক ভিন্ন বা তফাৎ না হইয়া বা না করিয়া।

Undivorced, *a.* বিচ্ছেদ হয় নাই যাহার, স্ত্রীপুরুষের পরস্পর ত্যাজ্য হয় নাই যে, ছাড়াছাড়ি হয় নাই যে স্ত্রীপুরুষের, পরস্পর সম্বন্ধ ত্যাগ হয় নাই যে স্ত্রীপুরুষের।

Digitized by Google

Undivulged, *a.* অপ্রকাশ, অপ্রচার, অব্যক্ত, অপ্রকাশিত, প্রচার হয় নাই যাহা, গুপ্ত, লুকান, ব্যক্ত হয় নাই যাহা, ফাস হয় নাই যাহা।

To **Undo**, *v. a.* বন্ধন-খুল, হানি-কৃ, নষ্ট-কৃ উচ্ছিন্ন-কৃ, নাশ-কৃ, খারাব-কৃ, সর্ব্বনাশ-কৃ, এলুয়া-কৃ, আলগা-কৃ, খুলিয়া-দা, এলুয়া মেলুয়া-কৃ, এলুয়াথেলুয়া-কৃ, বিগোচ-কৃ, পুনরায় ফিরাইয়া-দা, পূর্ব্বাবস্থায়-আনী, নয়-কৃ, রদ-কৃ, বাতিল-কৃ, ব্যর্থ-কৃ।

Undoer, *n. s.* নষ্টকর্ত্তা, সর্ব্বনাশ করে যে, বিনাশকর্ত্তা, খারাবি করে যে ব্যক্তি, বিনাশক, উচ্ছিন্নকর্ত্তা, হানিকর্ত্তা।

Undoing, *a.* বিনাশকারী, নিধনকারী, নষ্টকারী, উচ্ছিন্নকারী, নাশক, বিনাশক, হন্তৃ, হানিকারক।

Undoing, *n. s.* বিনাশ, নাশ, নিধন, ধ্বংস, খারাবী, হানি, সর্ব্বনাশ।

Undone, *a.* অসম্পূর্ণ, অসম্পন্ন, অসমাপ্ত, অকৃত, করা যায় নাই যাহা, হয় নাই যাহা, নষ্ট হইয়াছে যে, উচ্ছিন্ন, হানি বা খারাবি হইয়াছে যাহার।

Undoubted, *a.* নিঃসন্দেহ, সন্দেহরহিত, ধ্রুব, নিশ্চয়, ধোঁকা বা সন্দেহ নাই যাহাতে, দ্বিধা বা ওসওয়াস নাই যাহাতে, কথা নাই যাহার উপর।

Undoubtedly, *ad.* নিঃসন্দেহরূপে, অবশ্য, নিশ্চয়রূপে, ধোঁকা বা ওসওয়াস না থাকে এমত ভাবে।

Undoubtful, *a.* অসন্দিগ্ধ, নিঃসন্দিগ্ধ, সন্দেহরহিত, পরিষ্কার, স্পষ্ট, সাফ, ধোঁকা সন্দেহ বা ওসওয়াসরহিত।

Undoubting, *a.* সংশয়কারী নহে যে, সন্দেহ নাই বা হয় না যাহাতে, অসন্দিগ্ধ, ওসওয়াসি নহে যে, ধোঁকা বা আন্দেসা করে না যে বা হয় না যাহাতে।

Undrawn, *a.* উঠান যায় নাই যাহা, রহিত করাযায় নাই বা হয় নাই যে, অনাকৃষ্ট, টানা বা খেঁচা যায় নাই যাহা, চিত্রকরা যায় নাই যাহা, আঁকা যায় নাই যাহাতে, অনঙ্কিত, অচিত্রিত, নক্সা করা যায় নাই যাহার, চিত্র হয় নাই যাহার।

Undreaded, *a.* অভীত, অভয়কৃত, অভয়ঙ্কর, ভয় করা যায় না যাহাকে, ভয়জনক নহে যে, শঙ্কা হয় না যাহাতে, ভয় শঙ্কা ডর বা ত্রাস হয় না যাহাতে বা যাহাকে।

Undreamed, *a.* স্বপ্নের অগোচর, অভাবী, অচিন্তিত, স্বপ্নে দেখা যায় নাই যাহা, মনে ভাবা যায় নাই যাহা।

To **Undress**, *v. a.* উলঙ্গ-কৃ, বিবসন-কৃ, বস্ত্র পোশাক বা সাজ-ছাড়া বা খুলিয়া-লওয়া, বসন বা বস্ত্রত্যাগ-কৃ, কাপড়-ছাড়া, কাপড়-খুল বা-খসা, নগ্ন-কৃ, নেংটা-কৃ, সজ্জারহিত-কৃ, আভরণাদি-খুল ত্যাগ-কৃ বা-ছাড়া, ক্ষত বা ঘায়ের পটি-উঠা-তুল বা -খুল, অনলঙ্কৃত-কৃ।

Undress, *n. s.* আলগা বা এলুয়া পরিচ্ছদ বা কাপড়, খোলা কাপড় বা পোশাক, খোলা পোশাক, এলোমেলো পোশাক বা বস্ত্র।

Undressed, *a.* তৈয়ার করা নহে যাহা, অপরিষ্কৃত, অপরিচ্ছিন্ন, পোশাক ছাড়িয়াছে বা পরে নাই যে, উলঙ্গ, অপ্রস্তুত, অপক্ব, পাক করা নহে যে, রাঁধা নহে যাহা, কাঁচা।

Undried, *a.* অশুষ্ক, আর্দ্র, ভিজা, কাঁচা, শুষ্ক নহে যে, রসা।

Undriven, *a.* ঠেলিয়া চালান যায় নাই যাহা, কোনদিগে ঠেলা চালান করা বা সরান যায় নাই যাহা।

Undrooping, *a.* অনিম্ন, কাবু নহে যে, দমে না যে, হেঁট হয় না বা নহে যে, খাড়া আছে যে, অধোগামী নহে যে, বসিয়া যায় নাই যে, তলিয়া বা ডুবিয়া যায় নাই যে, অবিমর্শ, হতাশ হয় নাই যে, নিরাশ অভরসা বা নাওম্মেদ নহে যে।

Undrossy, *a.* পরিষ্কার, পরিষ্কৃত, মরিচাপড়া নহে যে, মলা ময়লা, ক্লেদ বা গাদরহিত বা তাহা পড়ে নাই যাহাতে বা যাহার উপর, সাফ, নির্ম্মল।

Undrowned, *a.* অমগ্ন, অমজ্জিত, ভাষা, জলমগ্ন হয় নাই যে, ডোবে নাই যে, বুড়ে নাই যে, জলসাৎ হয় নাই যে।

Undubitable, *a.* সন্দেহমাত্র নাই বা হয় না যাহাতে বা যাহার, নিঃসন্দেহ, স্থির, নির্দ্ধারিত, দ্বৈধরহিত, ওসওয়াস নাই যাহাতে।

Undue, *a.* Fr. অন্যায্য, অযোগ্য, অন্যায়, অনুচিত, অযথার্থ, ওয়াজিবী বা হক নহে যাহা, অশাস্ত্র, অনিয়মিত, শাস্ত্র নিয়ম, আইন বা বিচার বহির্ভূত বা তদ্বিপরীত, অসম্মত, কর্ম্মের মত নহে যাহা।

Undulary, *a.* Lat. ছাড়িয়াং হয় বা উঠে যে, গড়িয়া বা উপর নীচে হইয়া চলে বা তদাকার যে, ঢেউ খেলান্যা, কাঁপান্যা, দোলান্যা, উর্ম্মিবৎ গতিশীল, বিলোলী, আন্দোলনকারী।

To **Undulate**, *v. a.* Lat. উর্ম্মিবৎ গতি-কৃ, আলোড়ন-কৃ, ঢেউ খেলান্যা-কৃ, হিল্লোল-কৃ, দোলা, জল তরঙ্গবৎ উচানীচা-কৃ বা তদাকারে গতি-কৃ।

To **Undulate**, *v. n.* উর্ম্মিবৎ গতি-হ, ঢেউ খেলান্যা-হ, জলতরঙ্গবৎ-চল বা গতিশীল-হ, হিল্লোল-হ।

Undulated, *a.* উর্ম্মিবৎ, ঢেউ খেলান্যা, জলতরঙ্গবৎ বা তদাকার যাহা।

Undulation, *n. s.* ঢেউবৎ গতি, আলোড়ন, উর্ম্মিবদাকার, হিল্লোল।

Undulatory, *a.* উর্ম্মিবদাকারগতি যাহার, ঢেউখেলান্যা, ঢেউর ন্যায় আঁকাবাঁকা হইয়া চলে যে, জলতরঙ্গবদাকার।

To **Undull**, *v. a.* নির্ব্বুদ্ধি ভাল-কৃ, নিস্তেজ দূর-কৃ, তেজ-কৃ, ধার-কৃ, জড়তা দূর-কৃ, অলস নষ্ট-কৃ, পরিষ্কার-কৃ, সাফ-কৃ, খোলাসা-কৃ, শোধন-কৃ, মেড়ো-ভাল-কৃ।

Unduly, *ad.* কর্ম্ম রীতি বা নিয়মের বিপরীতে, অকর্ত্তব্যরূপে, অযথার্থরূপে, অনুপযুক্তরূপে, অযোগ্যরূপে, অন্যায়রূপে, অন্যায্যরূপে, নাহক করিয়া।

Undurable, *a.* অচিরস্থায়ী, টেঁকসই নহে যে, গরমজবুত, বহুকাল স্থায়ী নহে যাহা, ক্ষয়শীল, অটেঁকাউ।

To **Undust**, *v. a.* ধুলা-ঝাড়, পরিষ্কার-কৃ, ধুলা পরিষ্কার-কৃ, ধুলা সাফ-কৃ, ময়লা দূর-কৃ, নির্ধূলি-কৃ, ধুলারহিত বা তদ্বর্জ্জিত-কৃ।

Unduteous, *a.* অনাজ্ঞাবর্ত্তী, অনাজ্ঞাবহ, অধীন নহে যে, অনুগত নহে যে, আপন কর্ত্তব্য করে না যে, অমানক, অমান্যকারী, হুকুম মানে না যে, অভক্ত, আজ্ঞা অপ্রতিপালক, আপন কর্ত্তব্য যাহা তাহাতে ন্যূন যে।

Undutiful, *a.* তথা।

Undutifully, *ad.* অনাজ্ঞাবহত্বরূপে, অননুগতরূপে, আপন কর্ত্তব্য না করিয়া, অভক্তি বা অমান্যপূর্ব্বক, কর্ত্তব্য কর্ম্মের বিপরীতে, আজ্ঞা প্রতিপালন না করিয়া।

Undutifulness, *n. s.* অভক্তি, অমান্যতা, হুকুম না মানন, অনাজ্ঞাবহত্ব, অননুগতত্ব, অসম্ভ্রমকারিত্ব, অমানকের ভাব বা অবস্থা।

Undying, *a.* অবিনাশ্য, নাশ বা ক্ষয় নাই যাহার, অমর, মৃত্যু নাই যাহার, মরে না যে, বিনাশ নিধন বা ক্ষয় নাই যাহার।

Unearned, *a.* অনায়াসপ্রাপ্ত বা লব্ধ, অনর্জ্জিত, অনুপার্জ্জিত, পরিশ্রম গুণ বা যোগ্যতাদ্বারা লাভ হয় নাই বা করা যায় নাই যাহা।

Unearthed, *a.* গর্ত্তহইতে বহিষ্কৃত বা দূরীকৃত, মৃত্তিকার মধ্য হইতে বহিষ্কৃত, মাটির ভিতরহইতে বাহির হইয়াছে যে বা করা গিয়াছে যাহাকে, ভুঁইছাড়া, মাটিছাড়া।

Digitized by Google

Unearthly, *a.* অপৃথিবীস্থ, পৃথিবীছাড়া বা তাহার বাহির যে, অপার্থিব, পৃথিবীসম্বন্ধীয় নহে যে, অসাংসারিক, ইহলোক সম্বন্ধীয় নহে যে।

Uneasily, *ad.* আয়াসপূর্ব্বক, অসহজে, ক্লেশে, অস্বচ্ছন্দে, শ্রমে, কষ্টে, অসুখপূর্ব্বক, দুঃখে।

Uneasiness, *n. s.* ক্লেশ, অস্বচ্ছন্দাবস্থা, অসুখ, দুঃখ, অস্বচ্ছন্দতা, কষ্ট, আয়াস, উৎপাত, বিঘ্ন, শ্রম, অস্থিরতা, পীড়া, ব্যাকুলতা, অস্বাস্থ্য, উৎকণ্ঠা, উদ্বেগ।

Uneasy, *a.* ব্যস্ত বা অস্থিরকারী, সহজ নহে যাহা, অনায়াস সাধ্য নহে যাহা, অসুখী, অস্বচ্ছন্দ, ব্যাকুল, দুঃখী, পীড়ক, ক্লিষ্ট, কষ্টদায়ক, ব্যামোহ জন্মায় বা দেয় যাহাতে, পীড়িত, অস্থির, উৎকণ্ঠিত, উদ্বিগ্ন, চিন্তিত, সহজে তুষ্ট হয় না যে বা করা যায় না যাহাকে, বিরক্ত, চিড়চিড়ে, খ্যাঁতখ্যাতিয়া, কর্কশ, আঁটা, কশা, শক্ত, টানাটানি, অসহজ, আয়াসযুক্ত, উত্ত্যক্ত, দৌরাত্ম্য কৃত, অতুষ্ট, অতৃপ্ত।

Uneaten, *a.* অনুদরস্থ, অভুক্ত, খাওয়া যায় নাই যাহা, অখাদিত, অভোজিত, পেটে দেওয়া যায় নাই বা ভরা যায় নাই যাহা।

Unedifying, *a.* ভাল শিক্ষা বা উপদেশ দেয় না বা গ্রহণ করে না যে, ভাল হয় না বা শোধরায় না যে।

Uneducate বা **Uneducated**, *a.* বিদ্যাভ্যাস করে নাই যে বা হয় নাই যাহার, অশিক্ষিত, অপণ্ডিত, মূর্খ, তরবিয়ত পায় নাই যে, উপদেশ হয় নাই যাহার, অবিদ্বান, অজ্ঞান।

Uneffectual, *a.* নির্গুণ, বিফল, ব্যর্থ, বৃথা, অনর্থক, নিষ্ফল, অফলদায়ক, নিরর্থক, গুণ নাই যাহার।

Unelected, *a.* অমনোনীত, অপসন্দিত, অনিযুক্ত, সাধারণ অনুমতি বা ইচ্ছাক্রমে নিযুক্ত করা যায় নাই যাহাকে, নাম উঠে নাই যাহার।

Uneligible, *a.* অযোগ্য, অনুপযুক্ত, অগ্রাহ্য, মনোনীত হওনের বা করণের যোগ্য নহে যে।

Unemployed, *a.* নিষ্কর্ম্মা, বেকার, কর্ম্মরহিত, কোন কর্ম্ম নাই যাহার, বসিয়া আছে যে, কর্ম্মের ভিড় নাই যাহার, ব্যস্ত নহে যে, কর্ম্মে ব্যাবৃত নহে যে, কোন বিশেষ কর্ম্মে নিযুক্ত বা বদ্ধ নহে যে।

Unenchanted, *a.* মন্ত্র ফুরে নাই যাহাতে, মন্ত্রে গুণ করে নাই যাহার উপর, অমুগ্ধ, অমোহিত, মন্ত্রে বশ করিতে পারা যায় নাই যাহাকে, ভুলাইতে পারা যায় নাই যাহাকে, জাদু করিতে পারা যায় নাই যাহাকে, জাদু হয় নাই যে।

Unendeared, *a.* অপ্রিয়, স্নেহযুক্ত নহে যে, আদর নাই যাহার।

Unendowed, *a.* অপ্রসাদিত, প্রসাদ দয়া বা অনুগ্রহ হয় নাই যাহাতে বা যাহার উপর, অনর্পিত, বৃত্তি দেওয়া যায় নাই যাহাকে, নিরূপিত বৃত্তি বিহীন, বৃত্তহীন, অবৃত্ত, অশোভিত, অসজ্জিত, নির্গুণ, গুণহীন।

Unengaged, *a.* অনিযুক্ত, অনিবিষ্ট, কোন কর্ম্মে লাগে নাই যে, অবদ্ধ।

Unenjoyed, *a.* অভুক্ত, অসম্ভুক্ত, অনুপভুক্ত, অনধিকৃত, ভোগ হয় নাই বা করা যায় নাই যাহা, লাভ হয় নাই যাহাতে, পাওয়া যায় নাই যাহা, অপ্রাপ্ত, অলব্ধ।

Unenjoying, *a.* অব্যবহারকারী, ব্যবহার করে না যে, নিষ্ফল, ফল নাই যাহার।

Unenlarged, *a.* অদীর্ঘ, গুটান, জড়ান, অবর্দ্ধিত, হ্রস্ব, খর্ব্ব, খাট, অবিস্তৃত, অবিস্তারিত, ফালাও নহে যে, কম চৌড়া, অপ্রশস্ত, দরাজ মেলা বা লম্বা নহে যে।

Unenlightened, *a.* অনালোক, আল নাই যাহাতে বা করা যায় নাই যাহা, অদীপ্ত, আলোরহিত, অন্ধকারাবৃত, জ্ঞানরহিত, অজ্ঞান, মূর্খ, জ্ঞানান্ধ, জ্ঞানোদয় হয় নাই যাহার।

Unenslaved, *a.* ভৃত্যত্ব বা অধীনত্বরহিত, স্বাধীন, দাসত্বপ্রাপ্ত নহে যে, অকিঙ্কর, অনধীন, অকুপ্পর, পরের বশীভূত হয় নাই যে।

To **Unentangle**, *v. a.* খোলাসা-কৃ, মুক্ত-কৃ, জড়ি বা বন্ধন-ছাড়া বা তাহাহইতে মুক্ত বা-খালাস-কৃ, জড়ি-ঘুচা, উদ্ধার-কৃ, পরিষ্কার-কৃ, উৎপাত লেঠা বা আটক-ঘুচা-ছাড়া বা-মিটা।

Unentertaining, *a.* অতৃপ্তিজনক, আমোদ হয় না যাহাতে, অতুষ্টিকর, অসন্তোষজনক, অসুখদ, আনন্দ বা সুখ জন্মে না যাহাতে, অনামোদজনক।

Unentertainingness, *n. s.* তৃপ্তি আমোদ খুশী বা আহ্লাদ হয় না যাহাতে বা যদ্দ্বারা তদভাব বা অবস্থা, অতুষ্টিকরত্ব, অসুখদায়কত্ব, অসন্তোষজনকত্ব, অসুখদের ভাব বা অবস্থা, অনামোদজনকতা।

Unenthralled, *a.* পরের বশ নহে যে, স্বাধীন, অনধীন, দাসত্বপ্রাপ্ত নহে যে, গোলাম হয় নাই যে।

Unenvied, *a.* অহিংসাকৃত, অদ্বেষিত, অদ্বিষ্ট, দ্বেষরহিত, হিংসা করা যায় নাই যাহার, ঈর্ষা হয় নাই যাহার প্রতি।

Unentombed, *a.* আপোতা, আগাড়া, গোর দেওয়া নহে যে, গোর হয় নাই যাহার, সমাজ দেওয়া যায় নাই যাহাকে, গতি হয় নাই যাহার, পোতা যায় নাই যাহাকে, মৃত্তিকাতে অনর্পিত, মাটি দেওয়া যায় নাই যাহাকে।

Unequable, *a.* বৈলক্ষণ্যবিশিষ্ট, ভিন্ন বা অন্য প্রকার, অসমতুল্য, এক ভাবাক্রান্ত নহে যে, নানাপ্রকার, অসমান, অতুল্য, হররঙ্গা, হরেক রকম।

Unequal, *a.* Lat. অসমতুল্য, অপ্রতিযোগী, অসম, অসমান, অতুল্য, অসদৃশ, খাট, ছোট, ন্যূন, কম, অসমঞ্জস, উভয়ের প্রতি সমান নহে যে, সমান বরাবর বা ঠিক নহে যাহা, অপারক, অযোগ্য, অনুপযুক্ত, অসঙ্গত, অযথার্থ।

Unequalable, *a.* অসমানকরণীয় বা ভবনীয়, অতুল্য, সমান বা সদৃশ নহে বা হইতে পারে না যে, অসদৃশ।

Unequalled, *a.* উত্তমতা বা গুণের তুলনা নাই যাহার বা যাহাতে, অতুল্য, সমান বা সদৃশ নাই যাহার, অনুপম, অপ্রতিম, প্রতিযোগী নাই যাহার, অনুত্তম, নিরুপম।

Unequally, *ad.* নানাভাবে অবস্থায় বা ক্রমে, অসমানরূপে, অতুল্যরূপে, অসমভাবে, অযথার্থরূপে, অসাম্যরূপে, ন্যূনাতিরেকপূর্ব্বক, অযোগ্যরূপে, অসমঞ্জসপূর্ব্বক, বেহিসাবমতে, বরাবরি বা হিসাবমত নহে যাহা তদ্ভাবে বা তৎপূর্ব্বক।

Unequalness, *n. s.* অসমানত্ব, অতুল্যত্ব, অনৈক্যতা, অসমতুল্যত্ব, অসদৃশত্ব, ন্যূনাতিরিক্ততা, কমী বা বেশীর ভাব।

Unequitable, *a.* গণতাকারী, পক্ষপাতী, মুখাপেক্ষী, অযথার্থবাদী, অযথার্থী, অন্যায়ী, অবিচার্য্য, অপ্রকৃত, অন্যায্য, বিচারসম্মত নহে যাহা, ইতরবিশেষ করে বা ভাবে যে।

Unequivocal, *a.* অসন্দিগ্ধ, অদ্বৈধ, নিঃসন্দেহ, সন্দেহরহিত, সংশয়রহিত, অর্থে সন্দেহ বা ঘোর নাই যাহার বা যাহাতে, নানার্থক নহে যে, নিশ্চিত, স্পষ্ট, পরিষ্কার।

Unerrable, *a.* নিশ্চিত, নিরূপিত, ভুলিবার যোগ্য নহে যে, অভ্রান্ত, ভ্রান্তি হয় না যাহার, ভুল করে না যে বা হইতে পারে না যাহার, চুকিবার যোগ্য নহে যে, ভুল নাই বা হইতে পারে না যাহার বা যাহাতে, অপতনীয়।

Unerrableness, *n. s.* অভ্রান্ততা, ভুল বা চুক হইতে পারে না

Digitized by Google

যাহার তদ্ভাব বা অবস্থা, ভ্রম বা ভ্রান্তিরাহিত্য, ভ্রমবর্জ্জিতত্ব।

Unerring, *a.* Lat. ভুলচুক হয় না বা করে না যে, অভ্রান্ত, নির্ভুল, ভ্রমরহিত, স্থির, নিশ্চয়, নিশ্চিত, নির্দ্ধারিত, নিরূপিত, অব্যর্থ, পতন ত্রুটি বা কসুর করে না যে বা হয় না যাহার।

Unerringly, *ad.* বিনা ভুলচুকে, ভুল বা চুক না হইয়া বা না করিয়া, অভ্রান্তরূপে, ভুল রহিত হইয়া, ভ্রম বা চুক রাহিত্যপূর্ব্বক, নিশ্চিতরূপে, নির্দ্ধারিতরূপে।

Unescheweable, *a.* অপরিহার্য্য, ত্যাগ বা ছাড়ান যায় না যাহাকে, পলায়নের বা বাঁচাইবার বা মুক্ত হইবার অযোগ্য, অপরিবর্জনীয়, অবশ্য ভবনীয় বা ঘটনীয়, নিশ্চিত, অবর্জনীয়, অনিবার্য্য।

Unespied, *a.* অদৃষ্ট, অগোচর, দেখা যায় নাই যাহা, প্রকাশ হয় নাই যাহা, অব্যক্ত, অপ্রকাশ, অপ্রচার।

Unessayed, *a.* অচেষ্টিত, অযত্নকৃত, চেষ্টা করা যায় নাই যাহার বা যাহাতে, অনুদ্যুক্ত, পরীক্ষা করা যায় নাই যাহা বা হয় নাই যাহার, বিবেচনা করা নহে যে, অপরীক্ষিত, অশোধিত।

Unessential, *a.* বড় আবশ্যক নহে যাহা, অনাবশ্যক, অপ্রয়োজনোপযোগী, অত্যন্ত আবশ্যক নাই যাহার বা যাহাতে, অসার, সামান্য।

To **Unestablish**, *v. a.* আমলা বা ভৃত্যাদি ছাড়াইয়া-দা বা-রহিত-কৃ, অস্থাপিত-কৃ, বন্দোবস্তরহিত বা উচ্ছিন্ন-কৃ, বেবন্দোবস্ত-কৃ, ব্যবস্থারহিত-কৃ।

Unestablished, *a.* অস্থাপিত, বেবন্দোবস্ত, ব্যবস্থারহিত, বন্দোবস্ত নাই যাহার, অস্থিরীকৃত, অনির্দ্ধারিত।

Uneven, *a.* ছোটবড়, কমীবেশী, অসম, উচানীচা, উচ্চাবচ, অসমান, আবুড়াখাবুড়া, অনিষ্পিন্ন, হেঁটাটেঁরা, চৌরস নহে যে, এক সমান নহে যাহা, মেলে না যে বা মেল নাই যাহার, পরস্পর অনৈক্যবিশিষ্ট, পরস্পর মিল নাই যাহার।

Unevenness, *n. s.* অনিষ্পিন্নত্ব, অসমানত্ব, উচ্চাবচত্ব, আবুড়াখাবুড়া বা হেঁটাটেঁরার ভাব বা অবস্থা, ছোটবড়, কমীবেশী, উপর বা গাত্রের অসমানতা।

Unevitable, *a.* Lat. Fr. অপরিহরণীয়, অনির্ব্বার্য্য, অপরিবর্জনীয়, অবর্জনীয়, এড়ান যায় না যাহা, ধ্রুব, নিশ্চিত, অবশ্য ভবনীয় বা ঘটনীয়, নিঃসন্দেহ।

Unexacted, *a.* জোর বা জবরদস্তি করিয়া লওয়া যায় নাই যাহা, শুসে বা কাড়িয়া লওয়া যায় নাই যাহা।

Unexaminable, *a.* অপরীক্ষণীয়, অবিচার্য্য, পরীক্ষা অনুসন্ধান বা তজবীজ হইতে পারে না বা করিতে পারা যায় না যাহার বা তদযোগ্য নহে যে।

Unexamined, *a.* অপরীক্ষিত, অবিচারিত, পরীক্ষা অনুসন্ধান বিবেচনা বা তজবীজ হয় নাই যাহার, অনান্দোলিত, অমার্জিত।

Unexampled, *a.* উপমা বা দৃষ্টান্তরহিত, অনিদর্শন, পূর্ব্বে হয় নাই যাহার মত, দৃষ্টান্ত উপমা বা তুলনা কৃত নহে যাহা।

Unexceptionable, *a.* আপত্তি বিরোধ বা বাধা নাই যাহাতে বা যাহার উপর, অবিরোধী, অনবদ্য, অনাপত্তি যোগ্য, অবর্জনীয়, বাধা বা বিবাদের যোগ্য বা উপযুক্ত নহে যে, নির্ম্মল, বেকসুর, নির্দোষ।

Unexceptionableness, *n. s.* অনবদ্যত্ব, আপত্তির যোগ্য নহে যে তাহার ভাব বা অবস্থা।

Unexceptionably, *ad.* অনবদ্যরূপে, আপত্তিরাহিত্যপূর্ব্বক।

Unexcised, *a.* কর নাই যাহার, মাসুল নাই যাহার বা যাহাতে।

Unexcogitable, *a.* অনুসন্ধান পাওয়া যায় না যাহার, অদৃষ্ট, অপ্রাপ্ত।

Unexcusable, *a.* অক্ষম্য, ক্ষমা বা মার্জনার যোগ্য বা উপযুক্ত নহে যে, অক্ষমণীয়, মাফকরণোপযুক্ত নহে যে, ওজর করিয়া বাঁচিতে বা ছাড়াইতে পারে না যে, ওজর নাই যাহার বা যাহাতে, ওজর দেখান যায় না যাহাতে।

Unexcusableness, *n. s.* অক্ষম্যত্ব, ক্ষমা মার্জনা বা মাফের উপযুক্ত নহে যে তাহার ভাব বা অবস্থা, বেওজর।

Unexecuted, *a.* অকৃত, করা যায় নাই যাহা, হয় নাই যাহা, অনিষ্পাদিত, অসম্পন্ন।

Unexemplified, *a.* অদৃষ্টান্ত, দৃষ্টান্তের অগোচর, উপমা নাই যাহার, অনুপমিত, দৃষ্টান্তদ্বারা অনবগত, দৃষ্টান্ত বা প্রমাণ দ্বারা জ্ঞাত করা যায় নাই বা জানান যায় নাই যাহা।

Unexempt, *a.* অবর্জিত, অধীন, মাফ বা রেয়াইত নাই যাহার উপর বা যাহাতে, ছাড়া নহে যাহা বা যায় নাই যে।

Unexercised, *a.* অনভ্যস্ত, অনভ্যাসিত, অজ্ঞাত, অপরীক্ষিত, অশিক্ষিত, কস্ত অভ্যাস বা শিক্ষা করা যায় নাই যাহা বা হয় নাই যাহার।

Unexerted, *a.* অচেষ্টিত, অযত্নকৃত, যত্ন করা যায় নাই যাহাতে বা হয় নাই যাহার।

Unexhausted, *a.* Lat. অক্ষয়, অশুষ্ক, অবিনষ্ট, তাবৎ বা সমুদয় শুষ্ক বা ক্ষয় হয় নাই যাহার, ক্ষয়প্রাপ্ত হয় নাই যাহা, খরচ নাই যাহা, নিঃশেষ হয় নাই যাহার, কমে নাই যাহা।

Unexistent, *a.* নাস্তি, বাঁচিয়া বা বর্ত্তমান নাই যে, অজীবিত, প্রাণহীন, অবর্ত্তমান নাই যে বা যাহা, অস্থিত।

Unexpanded, *a.* অপ্রফুল্ল, অবিকসিত, অবিস্তৃত, অপ্রস্ফুটিত, ফোটে নাই যে, অপ্রসারিত।

Unexpectation, *n. s.* পূর্ব্বে বিবেচনা অভিপ্রায় বা বোধের অভাব, অপরিণাম দর্শন, অভাবনা, অভরসা, নৈরাশ্য, প্রত্যাশা বা উম্মেদের অভাব।

Unexpected, *a.* অনপেক্ষিত, অচিন্তিত, অভাবিত, অকস্মাৎ, আচম্‌কা, হঠাৎ, দৈবাৎ, ভাবা যায় নাই যাহা, অনিশ্চিত, অপ্রস্তুতীকৃত, পূর্ব্বে স্থির বা নিযুক্ত করা যায় নাই যাহা।

Unexpectedly, *ad.* অকস্মাৎ, আচম্বিতে, আচম্‌কা, হঠাতে, পূর্ব্বের সূচনা নাই যাহার বা যাহাতে এমতে বা তৎপূর্ব্বক।

Unexpectedness, *n. s.* অনিশ্চিতত্ব, অনপেক্ষিতত্ব, অচিন্তিতত্ব, অভাবনীয়ত্ব, হঠাৎ অকস্মাৎ বা আচম্‌কার ভাব বা অবস্থা।

Unexpedient, *a.* অবিবেচনামত, অসুগম, অনুপযুক্ত, অযোগ্য, সুগম বা সুবিধা নাই যাহাতে বা যাহার।

Unexpensive, *a.* অনেক খরচ লাগে না যাহাতে, শস্তা, অল্প মূল্যক, বেশী কিম্মত বা খরচ নাই যাহাতে, বহুব্যয়ী নহে যে, খরচ নাই বা হয় না যাহাতে, ব্যয়শীল বা ব্যয়কারী নহে যে, অধিক ব্যয় হয় না যাহাতে বা করে না যে, অল্প ব্যয়সাধ্য, অনেক খরচ হয় না যাহাতে।

Unexperienced, *a.* অশিক্ষিত, অনভ্যস্ত, অসংস্কারবান্, অপটু, অবিজ্ঞ, ব্যবহারদ্বারা বিজ্ঞতা বা সংস্কার হয় নাই যাহার, অজ্ঞাত, অনভিজ্ঞ, আনাড়ী, অজ্ঞ, অভ্যাস নাই যাহার, কাঁচা, অপরিপক্ব, দেখিয়া শুনিয়া শিখে নাই যে।

Unexpert, *a.* Lat. অপটু, অতৎপর, অনিপুণ, অকর্ম্মা, অকুশল, আনাড়ী, অবিজ্ঞ, মূর্খ, বেঅকুপ।

Unexplored, *a.* অনন্বেষিত, অপরীক্ষিত, অবিদিত, অপ্রকাশিত, অব্যক্ত, অনুসন্ধান হয় নাই করা যায় নাই বা পাওয়া যায় নাই যাহার।

Digitized by Google

Unexposed, *a.* অপ্রকাশিত, অদৃষ্ট, ঢাকা, বিচারার্থে অর্পিত নহে যে।

Unexpressible, *a.* অপ্রকাশ্য, অকথ্য, অবক্তব্য, অনুচ্চার্য্য, অকথনীয়, অবাচ্য, বাক্যাতিরিক্ত, কহা যায় না যাহা।

Unexpressive, *a.* কথনক্ষম নহে যে, কহিতে বা ব্যক্ত করিতে শক্তি নাই যাহার, অকথ্য, অনির্ব্বচনীয়, অবক্তব্য, অনুচ্চার্য্য।

Unextended, *a.* নিরূপিত আয়তন বা বিস্তাররহিত যে, অপ্রপঞ্চ, অপ্রস্তার, অবিস্তৃত, অনায়ত, দীর্ঘ প্রস্তররহিত, অদীর্ঘ।

Unextinguishable, *a.* অনির্ব্বাণীয়, অনির্ব্বাণযোগ্য, নির্ব্বাণ হয় না যে বা করা যায় না যাহাকে, অনির্ব্বার্য্য।

Unextinguished, *a.* Lat. অনির্ব্বাণ, অনির্ব্বৃত, প্রজ্বলিত, জ্বালা, নির্ব্বাণ হয় নাই যাহা, অনির্ব্বাণীয়, জাজ্বল্যমান, ঠাণ্ডা বা শীতল করা যায় নাই যাহা।

Unfaded, *a.* অম্লান, অশুষ্ক, তাজা, টাট্‌কা, সরস, অম্রিয়মাণ, শুকায় নাই যে।

Unfading, *a.* অমসৃণ, ম্রিয়মাণ হয় না যে, সদাসরস, ম্লান বা শুষ্ক হয় না যে, হ্রাস হয় না যাহার, দুর্ব্বল বা ক্ষীণ হয় না যে।

Unfadingness, *n. s.* অম্রিয়মাণাবস্থা, অমসৃণতা, অক্ষয়ত্ব, অম্লানত্ব, হ্রাস বা দৌর্ব্বল্যরাহিত্যের ভাব বা অবস্থা।

Unfailable, *a.* অব্যর্থ, অভ্রান্ত, নিশ্চিত, অমোঘ, ত্রুটি বা কসুর হয় না যাহাতে বা তদ্যোগ্য নহে যে, চুক হয় না যাহার, ব্যর্থ হয় না যে।

Unfailableness, *n. s.* অব্যর্থতা, অমোঘত্ব, নিশ্চিতত্ব, অভ্রান্তের ভাব বা অবস্থা।

Unfailing, *a.* নিশ্চিত, অমোঘ, অব্যর্থ, অন্যথা হয় না যাহার, নিশ্চয়, নিরূপিত।

Unfailingness, *n. s.* নিশ্চিতত্ব, অমোঘত্ব, অব্যর্থতা, নিশ্চয়ত্ব।

Unfainting, *a.* অম্লানশীল, ম্রিয়মাণ হয় না যে, মূর্চ্ছা যায় না যে, ক্ষীণ বা দুর্ব্বল হয় না যে, পতন নাই যাহার, অমূর্চ্ছ, বেহোশ বা অজ্ঞান নহে যে, অক্ষীণ।

Unfair, *a.* Sax. অন্যায়, অযথার্থ, অসঙ্গত, অশুদ্ধ, খল, অধর্ম্মী, অভদ্র, অনিষ্ট, অপরিষ্কার, ঘোর, অম্লষ্ট।

Unfairly, *ad.* অন্যায়রূপে, অযথার্থরূপে, অসঙ্গতরূপে, অনিষ্ঠা ভাবে, খলতাপূর্ব্বক, অভদ্রতারূপে।

Unfairness, *n. s.* অযথার্থ বা অন্যায় কর্ম্ম, কুব্যবহার, মন্দব্যবহার, অযথার্থ অন্যায় বা অসঙ্গতের ভাব বা অবস্থা, কাপট্য।

Unfaithful, *a.* নিমকহারাম, বেইমান, অধার্ম্মিক, চণ্ডাল, পাষণ্ড, অবিশ্বস্ত, বিশ্বাসঘাতক, অপ্রত্যয়ী, অবিশ্বাসী, অনাস্থিক, প্রতারক, প্রবঞ্চক।

Unfaithfully, *ad.* অবিশ্বস্তরূপে, বিশ্বাসঘাতনপূর্ব্বক, অবিশ্বাসী হইয়া, অধর্ম্মপূর্ব্বক, নিমকহারামি বা বেইমানিপূর্ব্বক।

Unfaithfulness, *n. s.* অবিশ্বস্ততা, বিশ্বাসঘাতকতা, অধর্ম্মির ভাব বা অবস্থা, নিমকহারামী, বেইমানী।

Unfallowed, *a.* পতিত, চসা নহে যে, গরাবাদি, অকৃষ্ট, অচলিত, লাঙ্গল দেওয়া যায় নাই যাহাতে।

Unfamiliar, *a.* অনভ্যস্ত, অপ্রচলিত, নূতন, অনালাপী, অপরিচিত, উমী, অদ্ভুত, অজ্ঞাত, অসামান্য।

Unfashionable, *a.* অচলিত, অপ্রচলিত, অচলনসই, চলন বা ধারা বাহিক বা তন্মত নহে যাহা, রীতি বা দস্তুর মত নহে যাহা, খাপছাড়া, বেয়াড়া, বেঢপ, বেডৌল, অব্যবহারানুযায়ী।

Unfashionableness, *n. s.* অচলতি, অচলন, গরচলন, অচলিতত্ব, অপ্রচলিতত্ব, চলনরাহিত্য, বেদস্তুর, বেদাঁড়া বা বেঢপের ভাব বা অবস্থা, অব্যবহারানুযায়িত্ব।

Unfashionably, *ad.* বেদস্তুরমতে বা তৎপূর্ব্বক, অচলিতরূপে, অপ্রচলিতরূপে, অব্যবহারানুসারে, বেঢপ বা বেআড়ারূপে।

Unfashioned, *a.* বিটকল, কুঢপ, কদাকার, কদর্য্যাকার, কুৎসিত, বেআড়া, বেঢপ, সুন্দররূপে গঠিত নহে যে, কুগঠন।

Unfast, *a.* Sax. অবদ্ধ, আলগা, খোলা, আবাঁধা, গরমজবুত, অদৃঢ়, অশক্ত, আটকান নহে যে, এলো, মুক্ত।

To **Unfasten,** *v. a.* আলগা-কৃ, অবদ্ধ-কৃ, অশক্ত-কৃ, খোল, খুলিয়া-দা, কম মজবুত-কৃ, খলাইয়া-দা, মুক্ত-কৃ, অনাটক-কৃ, ছাড়িয়া-দা, খালাস-কৃ, অদৃঢ়-কৃ।

Unfathered, *a.* পিতৃহীন, পিতা নাই যাহার, ছেঁওড়, বাপ নাই যাহার, পিতাহীন হইয়াছে যে।

Unfathomable, *a.* অতলস্পর্শ, অত্যন্ত গভীর, অস্থায়ী, থাই বা তলা পাওয়া যায় না যাহার, অগাধ, অপরিমিত, অসীম।

Unfathomableness, *n. s.* অতলস্পর্শত্ব, অগাধত্ব, অস্থায়িত্ব, অত্যন্ত গভীরতা, থাই বা তলা নাই যাহার তদ্ভাব বা অবস্থা, অপরিমিতত্ব, অসীমা।

Unfathomably, *ad.* অতলস্পর্শরূপে, অগাধরূপে, অস্থায়িরূপে, থাই বা তলা পাওয়া যায় না এমন ভাবে, অসীমা বা অপরিমাণ পূর্ব্বক।

Unfathomed, *a.* অতলস্পর্শ, অগাধ, গভীর, অস্থায়ি, থাই বা তলা পাওয়া যায় না যাহার, অপরিমিত, অসীমক।

Unfatigued, *a.* অক্লান্ত, অশ্রান্ত, অক্লিষ্ট, শ্রমদ্বারা কাহিল ক্ষীণ বা দুর্ব্বল হয় নাই যে।

Unfavourable, *a.* অসুবিধ, অপ্রতুল, অপ্রসন্ন, অনুপযুক্ত, অননুকূল, অনাগুকারী, অশুভ, প্রতিকূল, অবিচারিত, অসুহৃৎ, অশুভদ, অনুযোগকারী, অপ্রিয়, অমঙ্গলসূচক, অভদ্র, অকৃপালু।

Unfavourably, *ad.* অসুবিধাতে, অপ্রতুলপূর্ব্বক, অনুপযুক্তরূপে, অননুকূলরূপে, অশুভরূপে, বিপরীত ভাবে, প্রতিকূলাচরণপূর্ব্বক, অশুভদরূপে, অপ্রসন্নরূপে, অভদ্ররূপে, অনুগ্রহ দয়া বা কৃপা না করিয়া।

Unfeared, *a.* ভয় হয় না যাহাতে, নির্ভয়, শঙ্কারহিত বা তদ্বর্জ্জিত, অভীত, সাহসী, অকুতোভয়, ভয় করা যায় না যাহাকে, ভয়ের বিষয় নয় যে, ভয় উৎপাদনকারী নহে যে।

Unfeasible, *a.* অকর্ত্তব্য, অভবনীয়, অকরণীয়, অসাধ্য, দুঃসাধ্য, অসম্ভব, অশক্য, অভবিতব্য, অপার্য্য।

Unfeathered, *a.* নঙ্গ, অনাবৃত, পক্ষহীন, পাকনা বা ডানা নাই যাহার, পালকরহিত বা তদ্বর্জ্জিত, পক্ষাচ্ছাদিত নহে যে, পালক ওয়ালা নহে যে, পালকে নির্ম্মিত আবৃত বা আচ্ছাদিত নহে যে, ওলকেলান।

Unfeatured, *a.* বেঢপ, কুঢপ, অঙ্গহীন, অঙ্গ সৌষ্ঠব নাই যাহার, কুরূপ, কদাকার, কুশ্রী, কুগঠন, শ্রীহীন, উত্তম চেহারা বা শ্রী নহে যাহার।

Unfed, *a.* অপুষ্ট, অনাহারী, অপালিত, আপোষা, খাওয়ান যায় নাই যাহাকে, অপ্রতিপালিত, অভুক্ত, উপবাসী।

Unfeed, *a.* বেতন দক্ষিণা বা খরচা দেওয়া যায় নাই যাহাকে বা পায় নাই যে, বেগার, অবেতনী।

Unfeeling, *a.* অচেতন, অজ্ঞান, জ্ঞানরহিত, অবোধ, নিষ্ঠুর, কঠিন, নির্দয়, দয়াবর্জ্জিত, অকরুণ, ক্রূর, দারুণ।

Unfeelingly, *a.* অচেতনরূপে, অজ্ঞানরূপে, নিষ্ঠুরতাপূর্ব্বক, নির্দয়রূপে, ক্রূরতা বা নিষ্ঠুরতারূপে।

Unfeelingness, *n. s.* অচৈতন্য, অজ্ঞানতা, জ্ঞানরাহিত্য, নিষ্ঠুরতা, কঠিনতা, অকরুণা, ক্রূরতা, নির্দয়া।

Digitized by Google

Unfeigned, *a.* অকৃত্রিম, সাঁচা, যথার্থ, অকল্পিত, প্রকৃত, আসল, অপ্রতারক, অভণ্ড, ছদ্মবেশী নহে যে।

Unfeignedly, *ad.* অকল্পিতরূপে, অকৃত্রিমরূপে, প্রকৃতরূপে, যথার্থ রূপে, অপ্রতারণাপূর্ব্বক, ভণ্ডামি বা ছদ্মবেশরাহিত্যপূর্ব্বক, নির্ম্মলভাবে বা রূপে।

Unfellowed, *a.* অতুল্য, অসদৃশ, অদ্বিতীয়, মেল বা যোড়া নাই যাহাতে বা যাহার, অযুগ্ম, বেয়াড়া।

Unfelt, *a.* অজ্ঞান, অজানত, অবোধিত, অনুপলব্ধ, অনুভব হয় নাই যাহার বা যাহাতে, অননুভাবিত, বোধ হয় নাই যাহা।

To **Unfence,** *v. a.* বেড়া-ভাঙ্গ বা তদুহিত-কৃ, ঘের বা আটক খুলিয়া-দা বা তাহাহইতে মুক্ত বা খোলাশা-কৃ, আল্‌গা-কৃ, আদুড়-কৃ।

Unfenced, *a.* বেড়ারহিত, আঘেরা, আটকরহিত, এলো, আল্‌গা, অনাবৃত, চতুর্দ্দিগে দুর্গাদি রহিত বা নাই যাহার, দেওয়াল বুরুজ বা রক্ষা বর্জ্জিত।

Unfermented, *a.* অনুত্থলিত, ফাঁপে নাই যাহা, গাঁজলা উঠে বা ভাঙ্গে নাই যাহাতে, ভটকায় নাই যে, ভেপ্‌সে উঠে নাই যে, ফোটে নাই যে।

Unfertile, *a.* অফলবন্ত, শুষ্ক, নিস্তেজ, অফলবান্, অনুর্ব্বরা, বাঁজা, রাঁড়া, মরু, অফলা, উৎপাদন শক্তিরহিত।

To **Unfetter,** *v. a.* বেড়ি বা শিকল মুক্ত-কৃ, খোলাসা-কৃ, স্বাধীন-কৃ, নিরুৎপাত-কৃ, বেড়ি-খুল, বন্ধনহইতে মুক্ত-কৃ, খালাস-কৃ, হাইড় খুলিয়া-দা, শৃঙ্খল মুক্ত-কৃ।

Unfigured, *a.* আদাগা, অনঙ্কিত, নিরঙ্কিত, অমূর্ত্তিমান্, নিরাকার, দেহ বা কায়রহিত, রূপ বা শরীরহীন যে, অশরীরী, অমূর্ত্ত।

Unfilial, *a.* অস্নেহী, পুত্রের স্নেহভক্তি বা ভয়হীন, পুত্রের অকর্ত্তব্য অযোগ্য বা অনুচিত যাহা, সন্তানের যোগ্য নহে যাহা, পুত্রের কর্ত্তব্য বা তদুপযুক্ত নহে যাহা, পিতৃ ভক্তিহীন।

Unfilled, *a.* অপূর্ণ, অপূরিত, আভরা, শূন্য, খালি, অব্যাপ্ত, অপরিপূর্ণ।

Unfinished, *a.* অসমাপ্ত, অসম্পন্ন, অসাঙ্গ, খণ্ডিত, অনিষ্পন্ন, অপূর্ণ।

Unfirm, *a.* অদৃঢ়, অশক্ত, গরমজবুত, টল্‌মল্যা, অস্থির, ক্ষীণ, দুর্ব্বল।

Unfit, *a.* অযোগ্য, অনুপযুক্ত, অন্যায়, অনুচিত, অনর্হ, অকর্ত্তব্য, নালাএক, অকৃতী।

To **Unfit,** *v. a.* অনুপযুক্ত-কৃ, অযোগ্য-কৃ, বেমেল-কৃ, অনর্হ-কৃ, অসমান-কৃ, বেঠিক-কৃ।

Unfitly, *ad.* অকৃতিত্বরূপে, অমেল বা অসংযোগপূর্ব্বক, নির্গুণত্ব রূপে, অযোগ্যরূপে, অনুপযুক্তরূপে, অনর্হরূপে, অনুচিতরূপে, অযথার্থরূপে, নালাএকরূপে, অকর্ত্তব্যরূপে।

Unfitness, *n. s.* অনৌচিত্য, অযোগ্যত্ব, অনর্হত্ব, অকর্ত্তব্যতা, নালাএকী, অকৃতির ভাব বা অবস্থা, অনুপযুক্ততা, নির্গুণত্ব।

Unfitting, *a.* অযথার্থ, অযোগ্য, অনুপযুক্ত, অনর্হ, অনুচিত, অকর্ত্তব্য, নালাএক, অকৃতী, মেলে না যে, মেল খায় না যে।

To **Unfix,** *v. a.* আলগা-কৃ, উৎপাটন-কৃ, খসা, খুল, লড়লড়্যা-কৃ, অদৃঢ়-কৃ, হোলা-কৃ, ঢল্‌ক-কৃ।

Unfixed, *a.* আল্‌গা, খোলা, খসান, অদৃঢ়, অশক্ত, অস্থির, অস্থাবর, অনিয়ত, ভ্রমণকারী, চঞ্চল, লড়বড়্যা, গরমজবুত, অনিশ্চিত, অনির্দ্ধারিত, পরিবর্ত্তনীয়, ঠিকানা নাই যাহার, অবদ্ধ, বদ্ধ বা নিযুক্ত নহে যে।

Unfixedness, *n. s.* বেঠিকানা, অদৃঢ়তা, অস্থিরতা, অধৈর্য্য, অস্থায়িত্ব, অনিশ্চিতত্ব, পরিবর্ত্তনীয়ত্ব, অস্থাবরত্ব, চঞ্চলতা।

Unflagging, *a.* সজোর, অপতনশীল, অনিম্নশীল, অখর্ব্ব, ছোট বা হেঁট হয় না যে, সতেজ, খাড়া, অম্লান, অম্রিয়মাণ, অবিষণ্ণ, অস্তম্ভ, অমশৃণ, তাজা, টাটকা, তাঁট, সরস, শক্ত।

Unflattered, *a.* অস্তুত, স্তব করা যায় নাই যাহার, খোসামোদ করা যায় নাই যাহার বা যাহাকে, খোসামোদ হয় নাই যাহার, অস্তবকৃত।

Unflattering, *a.* অস্তুতিকারী, স্তুতি বা স্তব করে না যে, খোসামোদ করে না যে, অসত্য প্রতিপালন করে না যে, সত্য ছাপায় না বা অপলাপ করে না যে।

Unfledged, *a.* অতিশিশু, পালক উঠে নাই যাহার, উড়িতে পারে না যে, গোড়িম্ব, পক্ষহীন, পক্ষশূন্য, পালক বা পাখনা নাই যাহার।

Unfleshed, *a.* মাংসহীন, অমাংসল, শীর্ণ, কৃশ, অস্থিচর্ম্মাবশিষ্ট, মাংস হয় নাই যাহার, কাঁচা, রক্ত হয় নাই যাহাতে।

Unfoiled, *a.* অপরাজিত, অপরাভূত, হারি হয় নাই যাহার, পলায়ন করে নাই যে, কাবু হয় নাই যে, অবশীভূত।

To **Unfold,** *v. a.* Sax. কাঁজি হৌবহইতে বাহির বা মুক্ত-কৃ, দর্শা, ছাড়া, ছাড়িয়া-দা, প্রস্ফুটিত-কৃ, বিকসিত-কৃ, ফুটা, খোল, পাট-ভাঙ্গ, ভাঁজ-ভাঙ্গ, প্রকাশ-কৃ, প্রসারণ-কৃ, বিস্তার-কৃ, প্রচার-কৃ, ব্যক্ত-কৃ, ফাঁইস-কৃ, কহ, জানা, জ্ঞাত-কৃ, দেখা, মেলিয়া-দা।

To **Unfool,** *v. a.* অজ্ঞান কুরীতি বা মূর্খতাহইতে-বাঁচা বা-রাখা, অজ্ঞানতা নষ্ট-কৃ, মূর্খতা দূর-কৃ, জ্ঞান-দা, বুদ্ধি-দা।

Unforbid বা **Unforbidden,** *a.* অনিষিদ্ধ, অবারিত, বৈধ, অনুজ্ঞাকৃত, মানা বা বারণ করা যায় নাই যাহা, বারণ নাই যাহাতে।

Unforbiddenness, *n. s.* বারণ বা নিষেধ নাই যাহাতে তদ্ভাব বা তদবস্থা, অনিষিদ্ধতা, অবারিতত্ব, বৈধতা, অনুমতি, আজ্ঞা বা হুকুম করা গিয়াছে যাহা তাহার ভাব বা অবস্থা।

Unforced, *a.* স্বেচ্ছাধীন, ইচ্ছামত, জোর বা জবরদস্তির দ্বারা করাণ যায় নাই যাহা, সহজ, স্বচ্ছন্দ, আয়াসরহিত।

Unforcible, *a.* শক্তি বা ক্ষমতাহীন, শক্তিরহিত, দুর্ব্বল, অসমর্থ, পরাক্রমশালী নহে যে, বেগরহিত।

Unforeboding, *a.* পূর্ব্ব লক্ষণ নাই বা দেখা যায় না যাহার বা যাহাতে, লক্ষণরহিত, অগ্রে অনুভব হয় না বা জানা যায় না যদ্দ্বারা।

Unforeknown, *a.* পূর্ব্ব অজ্ঞাত, পূর্ব্বে জানা যায় নাই যাহা, অগ্রে অদৃষ্ট, পূর্ব্বে বা অগ্রে অবিদিত।

Unforeseeable, *a.* পূর্ব্বে দৃষ্ট হয় না যাহা, অগ্রে অনুভব বা উপলব্ধি হয় না যাহা, আগে জানিতে পারা যায় না যাহা।

Unforeseen, *a.* পূর্ব্বাদৃষ্ট, অগ্রে অননুভূত, আগে জানিতে পারা যায় নাই যাহা।

Unforeskinned, *a.* ত্বক্‌ছিন্ন, মুসলমানী করা গিয়াছে যাহার।

Unforewarned, *a.* পূর্ব্বে সাবধান বা সতর্ক করা যায় নাই যাহাকে, অগ্রে উপদেশ করা যায় নাই বা কহা যায় নাই যাহাকে বা যাহা।

Unforfeited, *a.* দণ্ড দেওয়া যায় নাই যাহা, জরীমানা দেওয়া যায় নাই যাহা, গুনাহগার দেওয়া বা করা যায় নাই যাহা বা যাহাতে, খোয়ান বা হারান যায় নাই যাহা।

Unforgiving, *a.* ক্ষমা নাই যাহার, অক্ষমাশীল, অক্ষমাকারক, নির্দ্দয়, নিষ্ঠুর, কঠিন, মাফ করে না যে, করুণারহিত।

Unforgotten, *a.* অবিস্মৃত, ভুলা যায় নাই যাহা, মনে আছে যাহা, স্মৃতি আছে যাহার, বিস্মরণ হয় নাই যাহা।

Digitized by Google

Unformed, *a.* অশরীরী, অগঠিত, অনির্ম্মিত, আকৃতি হয় নাই বা করা যায় নাই যাহার, আকার গঠন বা মূর্ত্তি করা যায় নাই যাহার।

Unforsaken, *a.* Sax. অপরিত্যক্ত, অত্যক্ত, ছাড়া যায় নাই যাহাকে, ত্যাজ্য করা যায় নাই যাহাকে, অপরিহারিত।

Unfortified, *a.* ক্ষীণ, দুর্ব্বল, অদৃঢ়, অশক্ত, গরমজবুত, প্রাচীর বা পোস্তাদ্বারা বেষ্টিত নহে যে, ঘেরা নহে যে, গড়বন্দি করা নহে যে।

Unfortunate, *a.* অভাগ্যবান্, অভাগা, হতভাগা, কমবক্ত, খণ্ড কপাল্যা, দুর্ভাগা, অকৃতকৃত্য, অকুশলী, অমঙ্গলী, অকৃতকার্য্য, দুর্দশাপন্ন, দুঃখী, কাঙ্গালী।

Unfortunately, *ad.* অভাগ্যবশতঃ, অমঙ্গলপূর্ব্বক, অভাগ্যক্রমে, দুর্ভাগ্যপ্রযুক্ত, দুর্দশাপূর্ব্বক, মন্দ কপালহেতুক, দুরদৃষ্ট প্রযুক্ত।

Unfortunateness, *n. s.* অভাগ্য, দুর্ভাগ্য, দুরদৃষ্ট, দুর্দশা, হতভাগা বা খণ্ড কপাল্যার ভাব বা অবস্থা।

Unfought, *a.* যুদ্ধে লব্ধ নহে যাহা, যুদ্ধকৃত নহে যাহা, আলড়া, লড়াই করা যায় নাই যাহার নিমিত্তে।

Unfouled, *a.* অভ্রষ্ট, অনষ্ট, অদুষ্টকৃত, নষ্ট বা অপবিত্র হয় নাই যে বা করা যায় নাই যাহাকে, শুদ্ধ, সাফ, পরিষ্কার, নির্ম্মল, ঘোলা নহে যাহা।

Unfound, *a.* দেখা যায় নাই যাহা, অপ্রাপ্ত, পাওয়া যায় নাই যাহা, অদৃষ্ট, অনুপলব্ধ, লাগাল বা খোঁজ পাওয়া যায় নাই যাহার।

Unfounded, *a.* নির্হেতুক, নিষ্কারণ, অমূলক, জড় বা বুনিয়াদ নাই যাহার, অপ্রামাণিক, দলীল বা মূল নাই যাহার, অকারণ, অনর্থক, গোড়া নাই যাহার।

To **Unframe**, *v. a.* ভাঙ্গিয়া-ফেল, নষ্ট-কৃ, নাশ-কৃ, আকার বা টাঁচা-ভাঙ্গ, আকার নষ্ট-কৃ, গঠন-ভাঙ্গ, টাঁচা-ভাঙ্গ।

Unframed, *a.* মূর্ত্তি বা টাঁচা হয় নাই যাহার, অগঠিত, অনির্ম্মিত, অবানান, গড়া যায় নাই যাহা, আকার বা মূর্ত্তি হয় নাই বা করা যায় নাই যাহার।

Unfrequent, *a.* কৃচিৎ বা যখনতখন হয় যাহা, অসাধারণ, সর্ব্বদা উপস্থিত হয় না বা ঘটে না যাহা, কৃচিৎ, অনিত্য, অসতত, অবিশ্রান্ত বা অনবরত হয় না যাহা।

To **Unfrequent**, *v. a.* সর্ব্বদা যাতায়াত না-কৃ, সর্ব্বদা সাক্ষাৎ না-কৃ, যাতায়াতরহিত-কৃ, ইতর ভাষা জানিবে।

Unfrequented, *a.* সর্ব্বদা সাক্ষাৎ করা যায় না বা হয় না যাহার সহিত, সর্ব্বদা গমনাগমন করা যায় না যে স্থানে।

Unfrequently, *ad.* কৃচিৎ২, অসতত ভাবে, পুনঃ২ না হইয়া, সর্ব্বদা না হইয়া বা না ঘটিয়া, অনিত্যভাবে।

Unfriable, *a.* অচূর্ণনীয়, অনায়াসে বা সহজে চূর্ণ বা গুঁড়া করা যায় না যাহা, মড়মড়্যা নহে যাহা, চুরচুরে নহে যাহা, ঝুরা হয় না যে বা তদ্যোগ্য নহে যাহা।

Unfriended, *a.* বন্ধুহীন, সহায়রহিত, মুরব্বিহীন, সাহায্যহীন, অনুপকৃত, অনাশ্রিত, সখারহিত, অনাথ, বেচারা, নিঃসহায়, অবান্ধব।

Unfriendliness, *n. s.* দয়া অনুগ্রহ বা কৃপার অভাব, অননুকূলতা, নির্দয়তা, অহিতকারিত্ব, মঙ্গলদায়ক নহে যে তাহার ভাব, অমিত্রতা, শাত্রবতা, অকৃপালুতা, রুক্ষতা, অপ্রণয়িত্ব।

Unfriendly, *a.* অননুকূল, অকৃপালু, নির্দয়, অহিতকারী, অমঙ্গলদায়ক, রুক্ষ, অপচয়ী, অহিতৈষী, উপকারহীন।

To **Unfrock**, *v. a.* উলঙ্গ-কৃ, নগ্ন-কৃ, নেংট-কৃ, কাপড়-খুল, বস্ত্র বা আচ্ছাদনরহিত-কৃ, জামা কুর্ত্তি বা ঘাগরা-খুল-খসা বা -ছাড়া।

Unfrozen, *a.* আবসা, আজমা, অগাঢ়, অঘন, পাতলা, জলবৎ, জমিয়া বরফ হয় নাই যাহা।

Unfruitful, *a.* অফলবান্, অফলবন্ত, অনুর্ব্বরা, অফলন্ত, মরু, বাঁজা, ফলসিদ্ধ হয় না যাহাতে, নিষ্ফলা, বিফলা, বন্ধ্যা, রাঁড়া, বৃথা।

Unfruitfulness, *n. s.* অনুর্ব্বরাত্ব, অফলবত্তা, বন্ধ্যাবস্থা, ফল সিদ্ধ হয় না যাহার তদ্ভাব বা তদবস্থা, নিষ্ফলত্ব, ব্যর্থতা।

Unfulfilled, *a.* অসম্পূর্ণ, অসমাপ্ত, অসিদ্ধ, অকৃতকার্য্য, অপরিপূর্ণ, অসাঙ্গ, অপূর্ণ, অপ্রতিপালিত।

Unfumed, *a.* ধূমযুক্ত নহে যে, ধুঁয়া নাই যাহার, ধুঁয়া হয় নাই বা উড়ে না যাহাতে, অদগ্ধ, আপোড়া, বাষ্প নির্গতকারী নহে যে, উদ্ভাব উঠে না যাহাতে।

To **Unfurl**, *v. a.* খুল, মেলা, মেলা-কৃ, বিস্তার-কৃ, এলাইয়া-দা, ছড়াইয়া-দা, প্রসারণ-কৃ।

To **Unfurnish**, *v. a.* হরণ-কৃ, বর্জিত-কৃ, রহিত-কৃ, চ্যুত-কৃ, বিহীন-কৃ, বঞ্চিত-কৃ, না-দা, সরবরাহ না-কৃ, খালি-রাখ, না-সাজা।

Unfurnished, *a.* আবশ্যক দ্রব্য বা লওয়াজিমা সামিগ্রী দেওয়া যায় নাই যাহাতে, অশোভিত, অভূষিত, অসজ্জিত, আভরণরহিত, সরঞ্জামরহিত বা তদ্বর্জিত, বিহীন, রহিত, অযুক্ত, অদত্ত, অসরবরাহকৃত।

Ungain বা **Ungainly**, *a.* Sax. কদাকার, কদর্য্য, অপরিষ্কার, গোব্দা, অকর্ম্মণ্য, অকার্য্যোপযুক্ত, অকর্ম্মোপযুক্ত, কাযের নহে যাহা, বৃথা।

Ungainful, *a.* নিষ্ফল, অলভ্যদায়ক, অলাভজনক, অপ্রাপ্তিজনক, নোকসান হয় যাহাতে, লাভ নাই যাহাতে, অফলদায়ক, মুনাফা বা ফল নাই যাহাতে, কিফাইত নাই যাহাতে, অর্থ বা ধনোৎপাদক নহে যে।

Ungalled, *a.* অঘৃষ্ট, ঘর্ষণদ্বারা ক্ষত হয় নাই যাহার, অব্যথিত, অপীড়িত, অনাঘাতিত, চোট লাগে নাই যাহাকে।

Ungarrisoned, *a.* সৈন্যদ্বারা অরক্ষিত, ফৌজ নাই যাহাতে, গড় বন্দি করা নহে যে, ব্যূহ রচনা হয় নাই যাহাতে, ব্যূহদ্বারা রক্ষিত নহে যে।

Ungartered, *a.* মোজা বন্ধ নয় যাহার, মোজায় ফিতা দেওয়া নাই যাহার, কুলীন পদপ্রাপ্ত হয় নাই যে, গারটরসংজ্ঞক কুলীন পদাভিষিক্ত নয় যে।

Ungathered, *a.* অসংগৃহীত, অনেকত্রীকৃত, অনাহরণকৃত, জড় করা যায় নাই যাহা, খুঁটে একত্র করা যায় নাই যাহা, অসঞ্চিত, জমা করা যায় নাই যাহা, অসঙ্কলিত।

To **Ungear**, *v. a.* Sax. সাজ-খোল, পোশাক-খোল, ঘোটকের সজ্জা-খুল, ঘোড়ার জিন লাগামইত্যাদি-খোল বা-নামা।

Ungenerated, *a.* অনুৎপাদিত, জন্ম হয় নাই যাহার, অজ, অজাত, অসম্ভূত, অসৃষ্ট, অনাদি, জন্মে নাই যাহা, অপ্রসারিত।

Ungenerative, *a.* অনুৎপাদক, উৎপত্তি নাই যাহার বা করে নাই যে, অফলন্ত, অফলা, অনুর্ব্বরা, উৎপাদনশক্তি নাই যাহার, রাঁড়া, বাঁজা, মরু, অফলবান, প্রসবে না যে।

Ungenerous, *a.* অদিৎসু, অনুদার, অসদাশয়, অসৎ, অশরল, কপটী, বক্র, মহৎ নহে যে, জঘন্য, নীচ, ক্ষুদ্র।

Ungenial, *a.* সহজে হয় না যে, স্বাভাবিক ধর্ম্ম নাই যাহার, স্বভাবের অনুকূল নহে যে, অপ্রাকৃত, অস্বাভাবিক, অনুৎপাদক, অনুৎপাদনশীল, অসৃজক।

Ungenteel, *a.* অসভ্য, অনম্র, অশিষ্ট, অসুশীল, অসদ্বৃত্ত, অবি

Digitized by Google

নীত, অসাম্প্রদায়িক, অভব্য, রূঢ়, সুপরিচ্ছদযুক্ত বা তদ্বিশিষ্ট নহে যে, অনুপযুক্ত, অমহৎ, অনুত্তম।

Ungentle, *a.* কর্কশ, কঠিন, কটু, কড়ুয়া, রুক্ষ, অকোমল, অমৃদু, উচ্চাবচ, আবুড়াখাবুড়া।

Ungentlemanlike, *a.* মহতের ধর্ম্ম বা লক্ষণহীন, মহাশয় নহে যে, ছোট, ভদ্রলোকের মত বা উপযুক্ত নহে যে, নীচ বা অধম প্রায়, অশিষ্টাচারবৎ।

Ungentlemanly, *a.* তথা।

Unpassionate বা **Unpassionated,** *a.* ধীর, স্থির, শান্ত, নিরাগী, অক্রোধী, অপক্ষপাতী, সর্ব্বত্র সমান ভাব যাহার।

Unpassionately, *ad.* অক্রোধে, শক্ত হইয়া, ধৈর্য্য বা স্থৈর্য্যরূপে, রাগ দ্বেষ ত্যাগ করিয়া, অপক্ষপাতপূর্ব্বক, সমভাবে।

Unpastoral, *a.* অমূঢ়, রাখালের মত নহে যাহা বা যে, মেষাদি রক্ষকসম্বন্ধীয় নহে যে।

Unpathed, *a.* অচলিত, চলাবুলা নাই যাহাতে বা যাহার উপর দিয়া, গমনাগমনদ্বারা পাদচিহ্ন হয় নাই বা পড়ে নাই যাহাতে, পথ হয় নাই যাহাতে।

Unpathetick, *a.* অকরুণ, অকরুণাজনক, অদুঃখদ, মোহ দয়া বা কৃপা হয় না বা জন্মে না যাহাতে বা যদ্দ্বারা, চিত্ত আকৃষ্ট হয় না যাহাতে।

Unpatronized, *a.* অপ্রভু, অস্বামিক, বেমুরব্বী, অনাথ, মুরব্বি কর্ত্তা প্রতিপালক বা ভর্ত্তা নাই যাহার।

Unpatterned, *a.* নিমুনা বা আদর্শ নাই যাহার, নিরুপম, অদ্বিতীয়।

Unpaved, *a.* অশান, শান বা ছাত হয় নাই যাহাতে বা যাহার উপর, পাথর বসান নহে যাহা, মেজেমো হয় নাই যাহার, অসুগম, অপরিষ্কার।

Unpawned, *a.* অবন্ধক, বন্ধক দেওয়া যায় নাই যাহা।

To **Unpay,** *v. a.* না-দা, অদান-কৃ, অপ্রতিফল-দা, অপারিতোষিক-কৃ, পুরস্কার না-দা বা না-কৃ, নাশ-কৃ, নষ্ট-কৃ।

Unpeaceable, *a.* ঝকড়াটা, অস্থির, চঞ্চল, অশান্ত, দ্বন্দ্বজ্ঞা, দুর্ব্বৃত্ত, কোন্দলিয়া।

Unpeaceful, *a.* রাগাল, উগ্র, অস্থির, অশান্ত, দুরন্ত।

To **Unpeg,** *v. a.* খিল-খুল, মেক-খসা, প্রেক-খুল, খিল বা মুকটী খুলিয়া মুক্ত-কৃ।

Digitized by Google

Unpenetrable, *a.* অগম্য, শক্ত, কঠিন, অভেদ্য, অচ্ছেদ্য, অপ্রবেশনীয়, অপ্রবেশ্য।

Unpenitent, *a.* অননুশোচকারী, অননুতাপী, খেদ অনুতাপ বা অনুশোচনা করে না যে বা নাই যাহার, পাপজন্য ভয় নাই যাহার বা তন্নিমিত্তে চিন্তা করে না যে।

Unpensioned, *a.* বৃত্তিরহিত, বৃত্তি দিয়া স্থির বা তুষ্ট রাখা যায় নাই যাহাকে, বৃত্তি নাই যাহার, বৃত্তি পায় না যে, বৃত্তিভোগী নহে যে।

To **Unpeople,** *v. a.* নির্জ্জন-কৃ, বসতিহীন-কৃ, অরণ্য-কৃ, উচ্ছিন্ন-কৃ, উজাড়-কৃ, ওয়েরাণ-কৃ।

Unperceivable, *a.* অস্পষ্ট, অপ্রত্যক্ষ, অদৃশ্য, অনালোচনীয়, অনুপলব্ধ, বুঝা যায় না যাহা, বোধ হয় না বা তদুপযুক্ত নহে যাহা।

Unperceived, *a.* অনালোচিত, অব্যক্ত, অদৃষ্ট, অলক্ষিত, অনুপলব্ধ, অদেখা, দেখা যায় নাই যাহা, জানা যায় নাই বা বোধ নাই যাহা।

Unperceivedly, *ad.* বিনা উপলব্ধিতে, বোধ না করিয়া বা না হইয়া, অপ্রত্যক্ষরূপে, অদৃশ্যরূপে, অব্যক্তরূপে।

Unperfect, *a.* Fr. Lat. অপূর্ণ, অসমপূর্ণ, খণ্ডিত, অসমাপ্ত, অশুদ্ধ, অসাঙ্গ।

Unperfected, *a.* অপূর্ণিত, অসমপূর্ণকৃত, অসমাপ্ত, পুরা হয় নাই যাহা, অসমপূর্ণ।

Unperfectly, *ad.* Imperfectly শব্দবৎ অর্থ জানিবে তচ্ছব্দ দেখ।

Unperfectness, *n. s.* অসমপূর্ণতা, অসমাপ্তি, অপরিপক্কতা।

Unperformed, *a.* অকৃত, অসম্পন্ন, অনির্ব্বাহকৃত, করা যায় নাই বা হয় নাই যাহা।

Unperforming, *a.* স্বকর্ম্ম নির্ব্বাহ বা সম্পন্ন করে না যে, কর্ত্তব্য আবশ্যক বা নিয়মিত কর্ম্ম করে না বা চালায় না যে।

Unperishable, *a.* চিরস্থায়ী, অক্ষয়, অনাশ্য, অনশ্বর, নিত্য, অমর, অবিনাশ্য, ক্ষয় বা নাশ নাই যাহার বা তদ্বর্জ্জিত যে, মরে না যে।

Unperished, *a.* অবিনষ্ট, অক্ষয়, জীবন্ত, বাঁচিয়া আছে যে, মরে নাই যে, নাশ বা ক্ষয় হয় নাই যাহার।

Unperjured, *a.* সত্য, সত্য আচরিত, মিথ্যাবর্জ্জিত, মিথ্যা শপথ করে নাই যে, মিথ্যা সাক্ষ্য দেয় নাই যে।

To **Unperplex,** *v. a.* বৈরক্ত্য দিক বেজার উদ্বেগ ব্যস্ততা বা ক্লেশ হইতে মুক্ত-কৃ, অনুদ্বিগ্ন-কৃ।

Unperplexed, *a.* অনুদ্বিগ্ন, অনুৎকণ্ঠিত, নিরস্ত, শান্ত, অনাকুল, ক্লেশ উদ্বেগ বা বিঘ্নহইতে ত্যক্ত বা মুক্ত।

Unperspirable, *a.* লোমকূপদ্বারা অনির্গমনীয়, ঘর্ম্ম হইয়া নির্গত হয় না যে।

Unpersuadable, *a.* অপ্রবৃত্তিজনক, লওয়াইতে বা প্রবৃত্ত করিতে পারা যায় না যাহাকে, লওয়াইবার যোগ্য নহে যে।

Unpetrified, *a.* অপ্রস্তরীভূত, প্রস্তর হয় নাই যাহা, প্রস্তরের স্বভাব প্রাপ্ত নহে যে।

Unphilosphical, *a.* অশাস্ত্রীয়, তর্কশাস্ত্রের মতের বিপরীত, দর্শনশাস্ত্রের বিপরীত বা তাহার নিয়ম বা মতের বৈলক্ষণ্যযুক্ত।

Unphilosophically, *ad.* দর্শন বা তর্কশাস্ত্রের মতের বাহিরে, জ্ঞানশাস্ত্রের বিপরীতে, অপাণ্ডিত্যরূপে।

Unphilosophicalness, *n. s.* তার্কিকতার বৈপরীত্য, জ্ঞানশাস্ত্রের নিয়মাধীনত্ব, অপাণ্ডিত্য, মূর্খতা, অজ্ঞতা।

To **Unphilosophize,** *v. a.* অতার্কিক-কৃ, মূর্খ-কৃ, পাণ্ডিত্য নাশ-কৃ, জ্ঞানশাস্ত্রের বিপরীত-কৃ।

Unphysicked, *a.* ঔষধে গুণ করে নাই বা দর্শে নাই যাহাতে, ঔষধ দেওয়া যায় নাই যাহাকে।

Unpierced, *a.* অবিদ্ধ, অচ্ছিদ্র, অস্ফুট, আস্ত, অপ্রবিষ্ট, ভিতরে গত বা নিবিষ্ট হয় নাই যে, ভিতরে ঢোকে নাই বা যায় নাই যাহা।

Unpillared, *a.* অস্তম্ভ, স্তম্ভ খুঁটী বা রক্ষাহীন, পিল্লা নাই যাহার বা যাহাতে, পিল্লাতে ধারণ করে নাই যে।

Unpillowed, *a.* অনুপাধানবিশিষ্ট, উপাধানহীন বা বর্জ্জিত, বালিশ নাই যাহার বা যাহাতে।

To **Unpin,** *v. a.* খিল-খুল, মেক-খসা, প্রেক-খুল, গজাল প্রেক বা পিনদ্বারা বন্দ আছে যাহা তাহা-খুল বা মুক্ত-কৃ।

Unpinked, *a.* ছিদ্র বা চক্ষু আঁকা নহে যে।

Unpitied, *a.* অদয়াকৃত, দয়া করুণা বা আপশোষ হয় নাই বা করা যায় নাই যাহাতে।

Unpitiful, *a.* অকরুণাকর, অদয়ালু, অকৃপালু, অকৃপাকর।

Unpitifully, *ad.* অকরুণাজনকত্বরূপে, অদয়াপূর্ব্বক, অকৃপালুতারূপে, অকৃপাকরত্বরূপে।

Unpitying, *a.* অকৃপালু, অকরুণ, নির্দয়, দয়া কৃপা বা করুণা করে না যে বা হয় না যাহার, কৃপা বা দয়া শূন্য বা তদ্বর্জ্জিত যে।

Unplacable, *a.* অসান্ত্বনীয়, অস্থির, সান্ত্বনা করা যায় না যাহাকে, থামে না যে, প্রবোধ মানে না যে।

Unplaced, *a.* অনাশ্রিত, লাচার, আশ্রয়হীন, অরক্ষিত, অনর্পিত।

Unplagued, *a.* অবিরক্ত, অক্লিষ্ট, অপীড়িত, অযন্ত্রণাযুক্ত, অনুৎপাতকৃত, পীড়া ক্লেশ যন্ত্রণা বা উৎপাতগ্রস্ত নহে যে।

Unplanted, *a.* অনারোপিত, বুনা বা পোতা যায় নাই যাহা, স্বয়ংজাত, আপনি জন্মিয়াছে যে।

Unplausible, *a.* অসম্ভবনীয়, অগ্রাহ্য, অগ্রহণীয়, স্বীকারোপযুক্ত নহে যে।

Unplausive, *a.* অস্বীকারকারী, অগ্রাহ্যকারী, অসম্ভব্য, অনুপযুক্ত।

Unpleadable, *a.* বেওজর, অবিবেচক, অনুপযুক্ত, কারণ দর্শাইবার যোগ্য নহে যে, উত্তরপ্রত্যুত্তর যোগ্য নহে যে।

Unpleasant, *a.* অপ্রিয়, অসুখদ, অরম্য, অভদ্র, অশোভন, অমনোহর, অসুন্দর, ক্লেশদ, পীড়াদ, বৈরক্ত্যজনক।

Unpleasantly, *ad.* অপ্রিয়রূপে, অসুখদরূপে, অরম্যরূপে, আয়াসপূর্ব্বক, ক্লেশ পীড়া বা বৈরক্ত্যজনকত্বরূপে।

Unpleasantness, *n. s.* অপ্রিয়ত্ব, অসুখ, ক্লেশদত্ব, পীড়াদত্ব।

Unpleased, *a.* অতুষ্ট, অসন্তুষ্ট, অনাহ্লাদিত, হর্ষযুক্ত হয় নাই যে, খুসি বা আনন্দিত হয় নাই যে বা করা যায় নাই যাহাকে, নাখোস, অতৃপ্ত।

Unpleasing, *a.* অতুষ্টিকর, বিতৃষ্ণাকর, ঘৃণ্য, অতুষ্টিজনক, ঘৃণা বা বৈরক্ত্য জন্মায় যে, আহ্লাদজনক নয় যে, অসন্তুষ্টকারী, নাখোস করে যাহাতে, অনামোদী, অসন্তোষজনক।

Unpleasingness, *n. s.* অসুখজনকত্ব, অতুষ্টিজনকতা, অতুষ্টকারিত্ব, আহ্লাদিত বা সন্তুষ্ট করে না যে তাহার ভাব বা অবস্থা, অনামোদকারিত্ব, অসন্তোষজনকতা, আনন্দ বা খুসি জন্মাইবার গুণ বা ক্ষমতারাহিত্য।

Unpleasive, *a.* অতুষ্টকর, অসুখদ, আমোদিত বা আহ্লাদিত করে না যে, মনোহর নয় যে, সন্তুষ্ট বা আনন্দজনক নয় যে, অনামোদী।

Unpliant, *a.* প্রবৃত্ত হয় না যে, অনমনশীল, কড়া, অনম্য, অনমনীয়, কঠিন, অনায়াসে নমু বা বক্র করা যায় না যাহাকে, মতের বশীভূত হয় না যে বা করা যায় না যাহাকে, বশ করা যায় না যাহাকে।

Digitized by Google

Unplowed, *a.* অকর্ষিত, অকৃষ্ট, আচসা, লাঙ্গল বা হলদ্বারা চসা বা খোঁড়া যায় নাই যাহা।

To **Unplume,** *v. a.* পালক ছেদ বা-বর্জিত-কৃ, পক্ষহীন-কৃ, পালক-খুল, পাখনা বা ডানারহিত-কৃ, পাখা খুলিয়া বা খসাইয়া-নী, পরিভ্রষ্ট-কৃ, পতিত-কৃ, পদভ্রষ্ট-কৃ, অধঃপতন-কৃ।

Unpoetical বা **Unpoetick,** *a.* কবির অনুপযুক্ত, কবির অযোগ্য।

Unpoetically, *ad.* কবির অযোগ্য বা অনুপযুক্তরূপে, অপদ্যছন্দোরূপে, বিনা কবিতাছন্দে, বিনা কবির রচনায় বা তদ্ভাবে, বিনা কবিতায়, গদ্যে।

Unpointed, *a.* শিখা ছুঁছল বা হুলওয়ালা নহে যাহা, অতীব্র, অতীক্ষ্ণ, আগা সরু নয় যাহার, পদ বিচ্ছেদ বা বিভাগের চিহ্ন নাই যাহাতে, খুঁটুনি দেওয়া নহে যাহা, অগ্রভাগ সরু বা তীক্ষ্ণ নহে যাহার।

To **Unpoison,** *v. a.* বিষ ক্ষয়-কৃ, বিষ নষ্ট-কৃ, বিষ বা গরলহইতে মুক্ত-কৃ, বিষ বাহির-কৃ, বিষ-ছাড়া।

Unpoized, *a.* এক মাপ বা পরিমাণ নহে যাহার, তুল্য পরিমাণ নহে যে, ওজনে সমান নহে যে।

Unpolished, *a.* অমাজা, অপরিষ্কার, জেল্লাদার নহে যে, উজ্জ্বল বা সাফাই করা নহে যাহা, মাজা যায় নাই যাহা, অনিষ্পন্ন, অচিক্কণ, অশিষ্ট, বেসহবতী, অসভ্য, অভব্য, অশিক্ষিত, গোঁয়ার, মূঢ়, চাসাড়ে।

Unpolite, *a.* Fr. Lat. অসভ্য, অভব্য, অশিষ্ট, কুস্বভাববিশিষ্ট, অসুজন, সুশীলতা নাই যাহার, শিষ্ট চালি নহে যাহার, অসাম্প্রদায়িক।

Unpoliteness, *n. s.* অসভ্যতা, অভব্যতা, অশিষ্টতা, অশিষ্টাচার, অসৌজন্য, অসাম্প্রদায়িকত্ব, অসুশীলতা।

Unpolled, *a.* লুঠ হয় নাই যাহা, অনপহৃত, অপহরণ করা যায় নাই যাহা।

Unpolluted, *a.* Lat. ভ্রষ্ট বা নষ্ট হয় নাই যে বা করা যায় নাই যাহাকে, পবিত্র, শুদ্ধ, নির্ম্মল, নিষ্পাপী, কলঙ্করহিত, নির্দোষী, শুচি, অভ্রষ্টীকৃত, অদুষ্ট, নিখুঁত, অবেগড়া।

Unpopular, *a.* অবিখ্যাত, অলৌকিক, সর্ব্বগ্রাহ্য নয় যে, সাধারণ লোক সম্মত বা তদুপযুক্ত নহে যে, সর্ব্বপ্রিয় নয় যে, সর্ব্বজন মনোরঞ্জক নহে যে, সামান্য।

Unpopularity, *n. s.* অপ্রাকৃতত্ব, সর্ব্বপ্রিয় বা সর্ব্বমনোরঞ্জক নয় যে তাহার ভাব বা অবস্থা, সামান্যত্ব, সকলের অগ্রাহ্যত্ব, তাবতের অসম্মতত্ব।

Unportable, *a.* অলড়, অচল, সর্ব্বত্র লইয়া যাওয়া যায় না যাহা, ভারি, বৃহৎ, বহন করা যায় না যাহা, এক স্থানহইতে অন্য স্থানে লইয়া যাওনের উপযুক্ত নহে যে, সহজে লাড়াচাড়া যায় না যাহাকে, লঘু বা হালকা নহে যে।

Unportioned, *a.* অবৃত্ত, অসংস্থানযুক্ত, অধনী, ধন দেওয়া যায় নাই যাহাকে বা পায় নাই যে, অপ্রাপ্ত ধন, ধনের অংশ বা ভাগ প্রাপ্ত হয় নাই যে, বৃত্তি বা মাসড়া পায় নাই যে।

Unportuous, *a.* বন্দর বা ঘাট বর্জিত, অঘাট, বন্দর বা ঘাট নাই যেখানে বা যাহাতে।

Unpossessed, *a.* অভুক্ত, অপ্রাপ্ত, হস্তগত বা অধিকার হয় নাই যাহা, আমল বা দখল হয় নাই বা করা যায় নাই যাহা, ভোগ হয় নাই যাহা।

Unposssessing, *a.* অধিকার নাই যাহার, আমল বা দখল নাই যাহার, বেদখল, ভুক্তিহীন।

Unpossible, *a.* অসাধ্য, অপার্য্যমাণ, অশক্য, অসম্ভবনীয়, অভবিতব্য, হইতে পারে না যাহা, সম্ভবপর নহে যাহা।

Unpracticable, *a.* অসাধ্য, অসম্ভব, অকর্ত্তব্য, অকরণীয়, অভবনীয়, অশক্য, হইতে পারে না যাহা, করা যাইতে পারে না যাহা।

Unpractised, *a.* অপক্ব, অপটু, অনিপুণ, অপারগ, অনভ্যাসী, অপরীক্ষিত, নব্য, অজ্ঞাত, কাঁচা, অভ্যাস নাই যাহার বা যাহাতে, অনভ্যস্ত।

Unpraised, *a.* অসুখ্যাত, অবিখ্যাত, অপ্রশংসিত, স্তব স্তুতি বা সুখ্যাতিকৃত নয় যে, প্রশংসা বা ধন্যবাদ করা বা দেওয়া যায় নাই যাহাকে।

Unprecarious, *a.* খোলাসা, দিগ দেশ কাল বা অবস্থার অধীন নহে যে, আত্মবশ, পরাধীন নহে যে, স্বাধীন, অন্যের বশীভূত নহে যে, অন্যের অপেক্ষা করে না যে, নিশ্চিত, স্থির, নিত্য, নিঃসন্দেহ কল্প।

Unprecedented, *a.* দৃষ্টান্তরহিত, উপমা নাই যাহার, প্রমাণদ্বারা দর্শাইতে পারা যায় না যাহা, নূতন, পূর্ব্বে হয় নাই যাহা, দৃষ্টান্তস্থল নহে যে।

Unprecise, *a.* এলোমেলো, অনিয়মিত, বিকল্পক, অঠিক, অনিশ্চিত, অস্থির, অনির্ধার্য্য, ঠিকানা নাই যাহার।

To **Unpredict,** *v. n.* ভবিষ্যদ্বাক্য অস্বীকার-কৃ, ভবিষ্যৎ কথা পুনর্ব্বার উল্টাইয়া-কথ, ভাবিকথা অন্যথা বা নয়-কৃ, ব্যক্ত বা কথিত হইয়াছে যে ভাবিবিষয় তাহা নয় বা মিথ্যা-কৃ।

Unpreferred, *a.* অপুরস্কৃত, বড় হয় নাই যে, অবর্দ্ধিত, অনগ্রসরীকৃত, গোজরে নাই যাহা, অকৃত, অনাচরিত, অপছন্দিত।

Unpregnant, *a.* অফলবতী, রাঁড়া, অফলা, অগর্ভিণী, গর্ভ হয় নাই যাহার, অফলবান, অনুর্ব্বরা, নিষ্ফলা, অনুৎপাদনশীল, অপরিপূর্ণ, তীক্ষ্ণবুদ্ধিরহিত, উপস্থিত বিবেচনা বা তীক্ষ্ণ বুদ্ধি নাই যাহার।

Unprejudicate বা **Unprejudicated,** *a.* পূর্ব্ব সংস্কারদ্বারা নিশ্চিত নহে যাহা, পূর্ব্ববিবেচনা করিয়া স্থির করা যায় নাই যাহা, বিচারে কৃত, তত্ত্ববীজ করিয়া নিশ্চয় করা গিয়াছে যাহা, বিবেচনা দ্বারা নিশ্চিত, পূর্ব্ব সংস্কাররহিত বা তদ্বর্জিত।

Unprejudiced, *a.* বিনা বিবেচনা বা তত্ত্ববীজে নিশ্চয় বা নির্দ্ধারিত করে নাই যে, দ্বেষ বা মন্দ সংস্কার জন্মায় নাই যাহার, অবিবেচনাপূর্ব্বক দ্বেষ বা হিংসা করে নাই যে, পূর্ব্ব সংস্কার রহিত বা তদ্বর্জিত, অবরোধ বা অপকাররহিত, মার্জ্জিত, বিবেচিত, পরের কথায় বা মতে চলে না যে।

Unprejudicedness, *n. s.* পূর্ব্বসংস্কাররাহিত্য বা তদ্বর্জিতের ভাব বা অবস্থা, অবরোধ বা অপকাররাহিত্য।

Unprelatical, *a.* যাজকের অনুপযুক্ত বা তদ্ধর্ম্মের বিপরীত, অযাজকবৎ, যাজকের উপযুক্ত বা যোগ্য নহে যাহা, পাদরীসম্বন্ধীয় নহে যে, ধর্ম্মাধ্যক্ষসম্বন্ধীয় বা তদ্বিষয়ক নহে যে।

Unpremeditated, *a.* পূর্ব্বে কল্পনা করা যায় নাই যাহার, অভাব্যাবধারিত, অভাবি চিন্তিত, পূর্ব্বে বা অগ্রে মনে বিচার করা যায় নাই যাহা, পূর্ব্বে জ্ঞান বা উপলব্ধি হয় নাই যাহা, অগ্রে মনে স্থির করিয়া রাখা যায় নাই যাহা।

Unprepared, *a.* পূর্ব্বহইতে স্থির বা নিশ্চয় করা নহে যাহা, অপ্রস্তুত, অসসজ্জ, অনুপস্থিত, অনুদ্যুক্ত, অকস্মাৎ, হঠাৎ, তৈয়ার নহে যে, অনায়োজনকৃত, অনাহরণকৃত, অতৈয়ার, পথের সম্বল লয় নাই বা করে নাই যে, পরকাল ভাবে নাই যে বা মরণের পূর্ব্বে আবশ্যক কর্ম্ম বা আচার করে নাই যে, হঠাৎ মৃত্যু উপস্থিত হয় যাহার।

Unpreparedness, *n. s.* পূর্ব্বোক্ত জনের বা দ্রব্যের ভাব বা অবস্থা, অসসজ্জতা, অপ্রস্তুততা, পূর্ব্বে আয়োজন চেষ্টা বা উদ্যোগ করা

Digitized by Google

যায় নাই যাহার তাহার ভাব বা অবস্থা, অতৈয়ারের ভাব বা অবস্থা।

Unprepossessed, *a.* বিবেচনাপূর্ব্বক নিশ্চয় কৃত, বিনা বিচার বা তজবীজে কোন মত স্থির করে নাই যে, পূর্ব্ব সংস্কাররহিত।

Unpressed, *a.* উত্তেজনাবর্জ্জিত, খেঁচকান যায় নাই যাহাকে বা তদ্দ্বারা কোন বিষয়ে প্রবৃত্ত হয় নাই যে, অচাপিত, ঠাসা বা চাপা যায় নাই যাহা, অখর্ব্বকৃত, টেপা যায় নাই যাহা, জবর দস্তি করিয়া কোন কর্ম্মে প্রবৃত্ত করা যায় নাই যাহাকে, অভারাক্রান্ত, আগাদা, আঠেলা।

Unpresumptuous, *a.* অচপল, অপ্রগল্ভ, ভীরু, অনহঙ্কৃত, অগর্ব্বী, অদর্পী, নম্র, শিষ্ট, অনভিমানী, আত্মশ্লাঘাকারী নহে যে, দেমাক নাই যাহার।

Unpretending, *a.* বিশেষ মর্য্যাদা বা পদের দাওয়া করে না যে, অগৌরবাকাঙ্ক্ষী।

Unprevailing, *a.* অব্যাপক, অপ্রবল, অপ্রচলিত, ব্যাপক নহে যে, জারি নাই যাহার, অব্যবহৃত, অচলিত, অক্ষমতাপন্ন, অবলবান্।

Unprevented, *a.* অবারিত, অনিষিদ্ধ, অনিবারিত, অনবরোধিত, পূর্ব্বে রোকা বা আটকা যায় নাই যাহাকে, অগ্রে বা পূর্ব্বে কিছু নাই যাহার।

To **Unpriest,** *v. a.* যাজকত্ব নষ্ট-কৃ, পুরোহিত বা পাদরির পদ চ্যুত-কৃ, অব্রাহ্মণ-কৃ, যাজক বা পুরোহিতের পদ বৃত্তি বা অধিকারহীন-কৃ।

Unpriestly, *a.* অযাজকবৎ, পুরোহিত বা পাদরির যোগ্য বা উপযুক্ত নহে যাহা, যাজকসম্বন্ধীয় নহে যাহা, রোহিতের অযোগ্য বা অকর্ত্তব্য।

Unprincely, *a.* অরাজবৎ, রাজার অনুপযুক্ত, রাজার যোগ্য নহে যাহা, রাজার অযোগ্য অনুপযুক্ত বা অকর্ত্তব্য।

Unprincipled, *a.* অশিক্ষিত, অসুশিক্ষিত, ধর্ম্মাধর্ম্ম বিষয়ে মত স্থির নাই যাহার, দুরাচারী, ছেঁচড়া, ভ্রষ্ট, সামান্য, নিকৃষ্ট, বেবুনিয়াদী।

Unprinted, *a.* অমুদ্রিত, অছাপা, চিহ্নযুক্ত নহে যে, দাগা যায় নাই যাহা, দাগ বা অক্ষর পড়ে নাই যাহাতে, অনঙ্কিত।

Unprisoned, *a.* কএদ হয় নাই যে, খালাসকৃত, কএদহইতে মুক্ত, অবদ্ধ, কারাগারস্থ নহে যে, কএদী নয় যে, বন্দুয়ান নয় যে।

Unprizable, *a.* অমূল্য, দর বা মূল্য নিশ্চয় করা যায় না যাহার, কিম্মত স্থির হয় না যাহার।

Unprized, *a.* মূল্য বা দর নিশ্চয় হয় নাই বা করা যায় নাই যাহার, দাম নির্দ্ধার্য্য করা যায় নাই যাহার।

Unproclaimed, *a.* প্রকৃষ্টরূপে ব্যক্ত করা নহে যাহা, ইস্তাহার দেওয়া যায় নাই যাহাতে, অপ্রকাশিত, অঘোষিত, প্রচার হয় নাই বা করা যায় নাই যাহা, ঢেঁড়রা মারা যায় নাই যাহাতে, সকলকে জানান যায় নাই বা জ্ঞাত করা যায় নাই যাহা।

Unproductive, *a.* উৎপাদন শক্তি বা ক্ষমতাহীন, বাঁজা, রাঁড়া, অনুৎপাদক, অফলবন্ত, অফলবান, অনুর্ব্বরা, বেহাসিল, মরু, অনুৎপাদনশীল।

Unprofaned, *a.* লঙ্ঘন করা যায় নাই যাহা, অনপবিত্রীকৃত, শুদ্ধ, শুচি, নষ্ট দুষ্ট বা ভ্রষ্ট হয় নাই বা করা যায় নাই যাহা।

Unproficiency, *n. s.* অনৈপুণ্য, অনিপুণতা, ব্যুৎপত্তি বা সংস্কাররাহিত্য, অজ্ঞান, অদক্ষতা।

Unprofitable, *a.* অলভ্য, কোন কর্ম্মে আইসে না যাহা, অনর্থক, অলাভজনক, বৃথা, নিষ্ফল, অকর্ম্মণ্য, অকেয়ুয়া, নিরর্থক, লাভ নাই যাহাতে, প্রাপ্তি নাই যাহাতে।

Unprofitableness, *n. s.* অলাভজনকত্ব, অকর্ম্মণ্যত্ব, নিরর্থকতা, অলাভ, অপ্রাপ্তি, নিষ্প্রয়োজনকত্ব।

Unprofitably, *ad.* অলভ্যরূপে, বিনালাভে, অলাভজনকতারূপে, অকর্ম্মণ্যরূপে, নিরর্থকতাপূর্ব্বক, লাভ প্রাপ্তি বা উপকাররাহিত্য পূর্ব্বক।

Unprofited, *a.* অলাভকৃত, লাভহীন, অলভ্যজনক, লাভ প্রাপ্তি বা উপকার নাই যাহার বা যাহাতে, লাভ বা মুনাফা নাই যাহাতে বা করে নাই যে।

Unprojected, *a.* অকল্পিত, অকল্পনাকৃত, মনসুবা করা যায় নাই যাহা, মনে মতলব করা যায় নাই যাহা।

Unprolifick, *a.* উৎপাদনশক্তিহীন, অফলবান, অফলবন্ত, অনুৎপাদনশীল, বাঁজা, বন্ধ্যা, রাঁড়া, মরু, অনুর্ব্বরা, কোন ফসল বা উৎপত্তি নাই বা হয় না যাহার, বেহাসিল।

Unpromising, *a.* শ্রেষ্ঠ উত্তম বা ভাল হইবার আশা ভরসা বা উম্মেদ নাই যাহার বা যাহাতে, গুণহীন, উত্তরকাল বা পরে ভাল হইবার লক্ষণ দেখা যায় না বা নাই যাহার বা যাহাতে।

Unprompted, *a.* অনুপদিষ্ট, অশিক্ষিত, প্রবৃত্তি জন্মান যায় নাই যাহার, উস্কাইয়া দেওয়া যায় নাই যাহাকে, বলিয়া কহিয়া বা শিক্ষাইয়া দেওয়া যায় নাই যাহাকে।

Unpronounced, *a.* মুখে আনা যায় নাই যাহা, অনুত্থাপিত, অনুচ্চরিত, অনুক্ত, অকথিত, কহা যায় নাই যাহা, বলা যায় নাই যাহা, উচ্চারণ করা যায় নাই যাহা।

Unproper, *a.* অবিশেষ বা বিষয়সম্বন্ধীয় নহে যে, অযথার্থ, অনুপযুক্ত, অনুচিত, অসঙ্গত, অন্যায্য, অবিহিত।

Unproperly, *ad.* অনুচিতরূপে, অযথার্থরূপে, অনুপযুক্তরূপে, অন্যায় করিয়া, অবিহিতপূর্ব্বক।

Unprophetical বা **Unprophetick,** *a.* ভবিষ্যৎ কথা বা বিষয় সম্মত নহে যাহা, ভবিষ্যদ্বাক্যসম্বন্ধীয় নহে যে, ভবিষ্যদ্বিষয় জ্ঞাপক নহে যে, ভবিষ্যদ্বক্তা নহে যে, ভাবি বিষয় জানা যায় না যাহাতে।

Unpropitious, *a.* অমঙ্গল বা কুলক্ষণবিশিষ্ট, অশিব, অশুভ, অমঙ্গলকারী, অশুভকর, অপ্রসন্ন, অননুকূল, প্রতিকূল, অহিতকারী, রুষ্ট।

Unproportionable, *a.* অসমতুল্য, অসমান, অসমরাশি, অপরিমিত, অনুপযুক্ত, অযোগ্য।

Unproportionate, *a.* অপরিমিত, অসমরাশি পরিমিত, বেআড়া, বেআন্দাজ, হিসাব মত নহে যাহা।

Unproportioned, *a.* অযোগ্য, অনুপযুক্ত, বেমিল, অসমতুল্য, অপরিমিত, অনৈক্য, মেল বা ঐক্য নাই যাহার বা যাহাতে।

Unproposed, *a.* অপ্রস্তাবিত, অপ্রসঙ্গকৃত, অনিবেদিত, অনুত্থাপিত, অনুল্লেখিত, বিচারার্থে অনর্পিত বা অকথিত।

Unpropped, *a.* নিরালম্ব, অবলম্বরহিত, আশ্রয়রহিত, খুঁটি দেওয়া নহে যাহাতে, ঠেক্যো নাই যাহার, ফিকনা বা চাড়া দেওয়া যায় নাই যাহাতে।

Unprosperous, *a.* Lat. অসমৃদ্ধ, অপয়মন্ত, অকৃতার্থ, অনিষ্টসিদ্ধ, অভাগা, অলক্ষ্মীমন্ত, দুর্ভগা, অমঙ্গলযুক্ত, অকৃতী, অকুশল।

Unprosperously, *ad.* অসমৃদ্ধিপূর্ব্বক, অপয়মন্তরূপে, অলক্ষ্মীবন্তরূপে, অকৃতার্থরূপে, অমাঙ্গল্যরূপে।

Unprosperousness, *n. s.* অমঙ্গল, অসমৃদ্ধতা, অপয়, অকৃতার্থতা, অনিষ্টসিদ্ধি।

Unprotected, *a.* অরক্ষিত, অপ্রতিপালিত, অনুপায়, অনাশ্রিত, মুর

Digitized by Google

ঋদ্ধিহীন, সহায় নাই যাহার, নিরাশ্রয়, অবলম্বনরহিত, বাঁচাও নাই যাহার।

Unproved, *a.* অসাভ্যস্ত, সপ্রমাণ হয় নাই যাহা, প্রমাণদ্বারা সাভ্যস্ত হয় নাই যে বা করা যায় নাই যাহাকে, সাবুদ হয় নাই যাহা, পরীক্ষা বা তজবিজ হয় নাই যাহার, বিচারদ্বারা স্থির করা যায় নাই যাহা।

To **Unprovide,** *v. a.* সরবরাহ না-কৃ, না-যোগা, সাহায্য না-কৃ, অসজ্জিত-কৃ, প্রতিজ্ঞা বা গুণরহিত বা বর্জিত-কৃ।

Unprovided, *a.* পূর্ব্ব আয়োজন বা চেষ্টাদ্বারা অর্হ বা উপযুক্ত কৃত নহে যে, আবশ্যক দ্রব্যাদিদ্বারা প্রস্তুত করা যায় নাই যাহা, অপ্রস্তুত, অসংস্থাপনকৃত, অনির্ব্বাহকৃত, বন্দোবস্ত হয় নাই যাহার, উপায় করা যায় নাই যাহার নিমিত্তে, অসাহায্যপ্রাপ্ত, অসজ্জিত, গুজরাণের সংস্থান বর্জিত বা রহিত, অসরবরাহকৃত, যোগান যায় নাই যাহাকে, কোন প্রতিজ্ঞা বা গুণরহিত বা বর্জিত।

Unprovoked, *a.* ক্রোধ জন্মান যায় নাই যাহার, অনপরাধিত, অপরাধ হয় নাই যাহার নিকট, অকুপিত, অক্রুদ্ধ, অবিরক্ত, অত্যক্ত, রাগ বা উষ্মা হয় নাই যাহার, কোপ করে নাই যে, খেপে বা চিড়ে নাই যে।

Unprovoking, *a.* ত্রুটি ঘাটি বা দোষ নাই যাহার, ঘাইট বা অপরাধ নাই যাহার বা করে না যে, নরম, শান্ত, ধীর, অনপরাধকারী, রাগায় না যে, খেপায় না যে, অবিরক্তকারী, ক্রোধ বা উষ্মা জন্মায় না যে।

Unprudential, *a.* অপরিণামদর্শিবৎ, অপরিদেবকের ন্যায়, অনভিজ্ঞ, অবিজ্ঞ, অপ্রজ্ঞ, পরিদেবনারহিত, অবিবেচক, অসাবধান।

Unpruned, *a.* আকাটা, আছাঁটা, শাখাদি কাটা বা ছাঁটা নহে যাহার, অচ্ছেদিত, অচ্ছিন্ন, ডাল বা আগা ছাঁটা যায় নাই যাহার।

Unpublick, *a.* অপ্রকাশিত, গুহ্য, গুপ্ত, অপ্রকাশ্য, অব্যক্ত, সর্ব্বত্র বিদিত নহে যাহা, প্রচার নাই যাহার, ফাঁস নহে যে।

Unpublished, *a.* অব্যক্ত, অপ্রচারিত, সর্ব্বত্র বিদিত নহে যাহা, অপ্রকাশিত, অজ্ঞাত, গুপ্ত, প্রকাশ বা প্রচার হয় নাই বা করা যায় নাই যাহা, অবিদিত।

Unpunished, *a.* Lat. অনিগৃহীত, অদণ্ডিত, শাস্তি অপ্রাপ্ত, সাজা দেওয়া যায় নাই যাহাকে, নিগ্রহ করা যায় নাই যাহার, সাজা পায় নাই যে বা হয় নাই যাহার, স্বচ্ছন্দে দুষ্যকর্ম্ম করিতেছে যে।

Unpurchased, *a.* অক্রীত, অকেনা, খরীদ করা যায় নাই যাহা, মূল্য দিয়া লওয়া যায় নাই যাহা।

Unpure, *a.* অশুদ্ধ, অপবিত্র, অশুচি, অপরিষ্কার, অপূত, ভ্রষ্ট, নষ্ট, দুষ্ট, সমল, কলঙ্কযুক্ত, খাটি নহে যে, ভাঁজাল।

Unpurged, *a.* অশোধিত, অপরিষ্কৃত, অনির্ম্মলীকৃত, মল নির্গত হয় নাই বা করা যায় নাই যাহার।

Unpurified, *a.* শুদ্ধ হয় নাই যে, শুচি নহে যে, অপরিষ্কৃত, অনির্ম্মলীকৃত, শুচি বা শুদ্ধ করা যায় নাই যাহাকে, পাপযুক্ত, অশোধিত, অপূত, খাটি করা যায় নাই যাহাকে, গাদ বা মলরহিত নহে যে, পাপ ক্ষয় হয় নাই যাহার।

Unpurposed, *a.* অনভিপ্রেত, অমানসিক, মতলব বা আশয় করা যায় নাই যাহা, মনস্থ করা যায় নাই যাহা, অবাঞ্ছিত, অনীপ্সিত, আশয় করা যায় নাই যাহা।

Unpursued, *a.* অপশ্চাদ্ধাবিত, অননুধাবিত, পিছে দৌড়ান যায় নাই যাহার, পিছে২ যাওয়া যায় নাই যাহার, পশ্চাদ্বর্ত্তী হওয়া যায় নাই যাহার, পশ্চাদ্বর্ত্তী নহে যে, অচেষ্টিত, অনুদ্যোগকৃত।

Unputrified, *a.* পচে নাই যে, পচিয়া দুর্গন্ধ হয় নাই যাহার, নষ্ট হয় নাই যে, শড়া নহে যে, পচিয়া বা শড়িয়া যায় নাই যাহা, পূতি হয় নাই যাহার।

Unqualified, *a.* অন্যূনীকৃত বা ভূত, গুণ জন্মে নাই যাহার, অনুপযুক্ত, অযোগ্য, অপারগ, গুণবিশিষ্ট নহে যে, অগুণবন্ত, অক্ষম তাপন্ন, অপ্রজ্ঞ, নালাএক, অনর্হ, কম লঘু বা ন্যূন হয় নাই যে, নরম বা হ্রাস হয় নাই যে, শান্তি বা উপশম হয় নাই যাহার।

Unqualifiedness, *n. s.* অনুপযুক্ততা, অযোগ্যতা, অপারগতা, অক্ষমতা, অনর্হতা, নালাএকী, লঘু নরম উপশম বা শান্তি হয় নাই যাহার তাহার ভাব বা অবস্থা।

To **Unqualify,** *v. a.* যোগ্যতা ক্ষমতা বা অর্হতা নাশ-কৃ, অযোগ্য-কৃ, অনুপযুক্ত-কৃ, অনর্হ-কৃ, নালাএক-কৃ, গুণহীন-কৃ।

Unqualitied, *a.* গুণ বা ভাবযুক্ত নহে যে, ক্ষমতা বা শক্তিরহিত বা তদ্বর্জিত।

Unquarrelable, *a.* ঝকড়া হয় না যাহাতে বা তদুপযুক্ত নহে যে, অবিবাদযোগ্য, বিরোধ করা যায় না যাহাতে, আপত্তি বা দ্বন্দ্বজের উপযুক্ত নহে যে।

To **Unqueen,** *v. a.* রাজ্ঞীর ঐশ্বর্য্য সম্ভ্রম পদ বা ক্ষমতারহিত বা বর্জিত-কৃ, রাজ্ঞীর পদচ্যুত-কৃ।

Unquelled, *a.* অশান্ত, অনিবৃত্ত, অদমনীভূত, থামে নাই যাহা, কম ন্যূন বা হ্রাস হয় নাই যাহার, খর্ব্ব বা হ্রাস হয় নাই যাহার।

Unquenchable, *a.* নির্ব্বাণ বা নিবৃত্ত হইবার বা করিবার উপযুক্ত নহে যে, অনির্ব্বাণীয়, অনিবর্ত্তনীয়, নিবাণ যায় না যাহা।

Unquenchableness, *n. s.* অনির্ব্বাণীয়ত্ব, অনিবর্ত্তনীয়ত্ব, নিবাণ যায় না যাহা তাহার ভাব বা অবস্থা।

Unquenched, *a.* অনিবৃত্ত, অনির্ব্বাত, নিবাণ যায় নাই যাহা।

Unquestionable, *a.* সন্দেহ সংশয় বা কথা নাই যাহার উপর বা যাহাতে, অসংশয়, নিঃসন্দেহ, বেওজর, অসন্দিগ্ধ, দ্বৈধ নাই যাহাতে, সন্দেহের যোগ্য বা উপযুক্ত নহে যে, বেকৈফিয়ৎ।

Unquestionably, *ad.* অসংশয়পূর্ব্বক, নিঃসন্দিগ্ধরূপে, বেওজরে, বেকৈফিয়তে, সন্দেহরাহিত্যপূর্ব্বক।

Unquestioned, *a.* অপৃষ্ট, অজিজ্ঞাসিত, প্রশ্ন করা যায় নাই যাহাকে, অসন্দিগ্ধ, সন্দেহ নাই যাহাতে, বেওজর, বেকৈফিয়ৎ, নিঃসন্দেহ।

Unquick, *a.* গতিহীন, অপ্রাণী, অসজীব, অজীবিত, মৃত, স্পন্দরহিত, লড়েচড়ে না যে।

Unquickened, *a.* চেতন নাই যাহার, সজীবকৃত নহে যে, অজীবিত, অচেতন, চেতনাযুক্ত নহে যে বা করা যায় নাই যাহাকে।

Unquiet, *a.* Fr. Lat. নিয়ত গতিশীল, অবিশ্রান্ত চলে যে, অস্থির, অবিশ্রান্ত, অস্বচ্ছন্দ, অসুস্থ, অতৃপ্ত, সুখহীন, কাতর, ব্যস্ত, চঞ্চল, আরাম বা বিশ্রাম নাই যাহার, ব্যাকুল, উদ্বিগ্ন, উৎপাতযুক্ত, উৎকণ্ঠিত।

To **Unquiet,** *v. a.* উৎপাতযুক্ত-কৃ, সুস্থির না-কৃ, অস্থির-কৃ, অসুখী-কৃ, ব্যস্ত-কৃ, চঞ্চল-কৃ, আরাম বা বিশ্রামরহিত বা তদ্বর্জিত-কৃ, কাতর-কৃ, অতৃপ্ত-কৃ, ব্যাকুল-কৃ, উদ্বিগ্ন-কৃ, উৎকণ্ঠিত-কৃ।

Unquietly, *ad.* অস্থির হইয়া, ব্যস্ত হইয়া, কাতর হইয়া, উদ্বিগ্ন হইয়া, অসুখী হইয়া, আরাম বা বিশ্রামরহিত হইয়া, চঞ্চলতাপূর্ব্বক, ব্যাকুল হইয়া, অশান্তিপূর্ব্বক।

Unquietness, *n. s.* অস্থিরতা, চঞ্চলতা, উদ্বেগ, ব্যাকুলতা, আরাম বা বিশ্রামরাহিত্য, অশান্তি, চিত্তোচ্চাটন, উৎকণ্ঠা।

Unquietude, *n. s.* তথা।

Digitized by Google

Unraked, *a.* ঢাকিয়া বা চাপাদিয়া রাখা যায় নাই যাহা।

Unransacked, *a.* অনপহৃত, অলুণ্ঠিত, অনপচিত, লুঠ হয় নাই যাহাতে।

Unransomed, *a.* ধন দিয়া কএদহইতে মুক্ত করা যায় নাই যাহাকে, টাকা দিয়া খালাশ হয় নাই যে।

To **Unravel,** *v. a.* এলাইয়া-দা, পরিষ্কার-কৃ, ব্যাখ্যা-কৃ, অর্থ-কৃ, মানে-কৃ, প্রভেদ-কৃ, জালরূপ বন্ধনহইতে মুক্ত-কৃ, উদ্ধার-কৃ, মুক্ত-কৃ, রক্ষা-কৃ, বাঁচা, ছাড়া, উজ্জ্বল-কৃ, দীপ্তি-কৃ, সাফ-কৃ, বিমল-কৃ, লণ্ডভণ্ড-কৃ, উলটপালট-কৃ, গোলমাল-কৃ।

To **Unravel,** *v. n.* এলো বা খোলা-হ, বিস্তার-হ, প্রস্ফুটিত-হ, ভাঁজ খোলা-হ।

Unrazored, *a.* অক্ষৌর, না কামান, ক্ষুর পড়ে নাই যাহাতে, ক্ষৌরী হয় নাই যে।

Unreached, *a.* অপ্রাপ্ত, অলব্ধ, পাওয়া যায় নাই যাহা।

Unread, *a.* অপঠিত, অপড়া, অশিক্ষিত, অপ্রজ্ঞ, ব্যক্ত বা প্রকাশরূপে অনুচ্চারিত অকথিত বা অব্যক্ত, বিদ্যা নাই যাহার, কেতাবী বিদ্যা হয় নাই যাহার, পঠিত বিদ্যা নাই যাহার।

Unreadiness, *n. s.* অক্ষিপ্রতা, অশীঘ্রতা, অদক্ষতা, অপটুতা, অপ্রস্তুতত্ব, তৈয়ার বা প্রস্তুত নাই বা হয় নাই যাহা তদ্ভাব বা অবস্থা।

Unready, *a.* অশীঘ্র, অক্ষিপ্র, অপ্রস্তুত, অপটু, মূর্খ, অনুপযুক্ত, অযোগ্য, অকর্ত্তব্য, অসম্ভবনীয়, অনুচিত, অবিহিত, অঠিক, অসত্বর, বিলম্বী, অনুদ্যমী, অচালাক, লড়বড়্যা, অনিপুণ, আনাড়ী, উমী, আজগবী।

Unreal, *a.* ঝুটা, কপট, কল্পিত, অপ্রকৃত, অসত্য, অযথার্থ, মায়াযুক্ত, কৃত্রিম, অসার, বাহ্যরূপ আকার বা ভাবমাত্র, বস্তুহীন, অবাস্তবিক।

Unreaped, *a.* অসংগৃহীত, আকাটা, অচ্ছিন্ন, কাটিয়া জড় করা যায় নাই যাহা।

Unreasonable, *a.* অন্যায্য, বিবেচনাসম্মত নহে যাহা, বিবেচনাশূন্য, অনুচিত, অনুপযুক্ত, অসম্ভব, অসঙ্গত, বৃহৎ, বড়, অত্যন্ত, অযোগ্য, অবিবেচিত, অজ্ঞান, মূর্খ, বিচার বিবেচনা বা বিধির বিপরীত বা তদ্ধীন, জ্ঞানবিরোধী।

Unreasonableness, *n. s.* অযোগ্যত্ব, অসাংগত্য, অসম্ভব্য, অনুপযুক্ততা, অজ্ঞানতা, মূর্খতা, বিবেচনাশূন্যত্ব, বাহুল্য, বৃহত্ত্ব, অপরিমিত বা অসঙ্গত যাচ্ঞা বা দাবি।

Unreasonably, *ad.* অনুপযুক্তরূপে, অন্যায়রূপে, অসঙ্গত বা অসম্ভবরূপে, মূর্খতা বা অজ্ঞানতাপূর্ব্বক, যথেষ্টরূপে, অতিশয়রূপে, বাহুল্যরূপে।

To **Unreave,** *v. a.* জড়ি-খুল, মুক্ত-কৃ, পরিষ্কার-কৃ, না-চির, না-ফাড়, ঢাকা আবরণ বা আচ্ছাদন না-উঠা না-নামা বা না-ভাঙ্গ।

Unrebated, *a.* ধারাল, ভোতা নহে যাহা, অতীক্ষ্ণ নহে যাহা, ধার পড়ে নাই যাহার।

Unrebukable, *a.* অপরিবাদ্য, অদুষ্য, তহমতের বা তৎর্সনার অযোগ্য, অনিন্দনীয়।

Unreceived, *a.* অপ্রাপ্ত, অগৃহীত, অস্বীকৃত, অগ্রাহ্য, পাওয়া যায় নাই যাহা।

Unreclaimed, *a.* অপোষা, পোষ মানে নাই যে, অদম্য, অবশ, শুধরায় নাই যে, অপরিবর্ত্তিত।

Unreconcilable, *a.* অনুপযুক্ত, অযোগ্য, অসাম্বনীয়, অবুঝ, শান্ত হয় না বা করা যায় না যাহাকে, মনঃপ্রীতি জন্মে না যাহার, মন লাগে না যাহার, ঐক্য হয় না যাহার।

Unreconciled, *a.* অপুনর্ম্মিলিত, অনৈক্যকৃত, অমনোনীত, অসাম্বনাকৃত।

Unrecorded, *a.* সাধারণ বা প্রকাশমান চিহ্ন বা স্মরণার্থক স্তম্ভাদি ব্যাপারদ্বারা নিশ্চিত নির্দ্ধারিত বা অর্পিত হয় নাই যাহা, অস্মরণীয়, অপ্রকাশিত, লিখিয়া রাখা যায় নাই যাহা, লেখা পড়া নাই যাহার, সেরেস্তায় দাখিল হয় নাই যাহা।

Unrecoverable, *a.* পুনরপ্রাপ্য, ভাল হইবার কাল গিয়াছে যাহার, অপ্রাপণীয়, শুধরাইবার উপযুক্ত নহে যে, ভাল হইতে পারে না যে, পুনঃপ্রাপণ হওনের অযোগ্য, সুস্থ হয় না বা হইতে পারে না যে বা তদ্যোগ্য নহে যে।

Unrecovered, *a.* অপ্রাপ্ত, অসুস্থ, সুস্থ হয় নাই যে, শুধরায় নাই যে, আদায় হয় নাই যাহা।

Unrecounted, *a.* অবর্ণিত, অকথিত, অবাচিত, অপ্রস্তাবিত।

Unrecruitable, *a.* সৈন্যের মধ্যে খালি থাকে যাহা তাহা পূরাকরণে অসমর্থ অযোগ্য বা অক্ষম বা পূরা করা যায় না যাহা।

Unrecuring, *a.* অনুপায়, উপায় বা ঔষধ নাই যাহার বা যাহাতে, ভাল বা শুধরাণ যোগ্য নহে যে।

Unreduced, *a.* অন্যূনীকৃত, অনল্পীকৃত, অনল্পীভূত, অহ্রাসিত, কমি অল্প খাট বা হ্রাস হয় নাই যাহার।

Unreducible, *a.* অক্ষয়, অহ্রাস্য, অন্যূনকরণীয় বা ভবনীয়, হ্রাস হইতে পারে না যে, খাট খর্ব্ব হ্রস্ব বা কমী হয় না বা হইতে পারে না যাহা।

Unreducibleness, *n. s.* অক্ষয়ণীয়ত্ব, অহ্রস্বত্ব।

Unrefined, *a.* অপরিষ্কৃত, অশোধিত, সমল, অপরিষ্কার, গাদ বা মলা ছাড়ান বা কাটান যায় নাই যাহাতে বা যাহার।

Unreformable, *a.* অশোধনীয়, অপরিবর্ত্তনীয়।

Unreformed, *a.* রীতি বা নীতি নূতন হয় নাই যাহার বা যাহাতে, অশোধরা, অপরিবর্ত্তিত।

Unrefracted, *a.* অবক্রীভূত, সূর্য্যাদির রশ্মি কিরণ বা ছটার গতি ফিরাণ বা বক্র করা যায় নাই বা হয় নাই যাহাতে।

Unrefreshed, *a.* অতুষ্ট, অতৃপ্ত, অনাপ্যায়িত, অমুক্ত, অনানন্দিত, বেআরাম।

Unregarded, *a.* অপরিভূত, অনাদৃত, অসম্ভ্রমীকৃত, অমান্য, মনোযোগ করা যায় নাই যাহাতে বা যাহা, তাচ্ছল্যকৃত, অবজ্ঞা বা অবহেলাকৃত, অমনোযোগকৃত, অসাবধানকৃত।

Unregeneracy, *n. s.* অনুৎপাদিতা, অনুৎপাদকতা, অনুৎপন্নতা।

Unregenerate, *a.* অপুনর্জাত, দুরাচার, দুঃস্বভাবী, রীতি স্বভাব বা ধর্ম্মে অপরিবর্ত্তিত, নূতন হয় নাই যে, শোধরায় নাই যে, অনুৎপাদিত, অপুনরুৎপাদিত, অদ্বিজ।

Unregistered, *a.* সিরিস্তায় দাখিল হয় নাই বা করা যায় নাই যাহা, লিখিয়া রাখা যায় নাই যাহা, এলো, অনিশ্চিত।

Unreined, *a.* অবদ্ধ, আল্‌গা, লাগামহীন, লাগামদ্বারা বদ্ধ নহে যে বা তদ্দ্বারা বশীভূত হয় নাই যে।

Unrejoicing, *a.* অনাহ্লাদিত, অপ্রফুল্ল, ম্লান, অপ্রসন্ন, ভাবিত, উৎকণ্ঠিত, দুঃখিত, শোকার্ত্ত, ভয়ঙ্কর, ভয়ানক, ঘোর, অন্ধকার।

Unrelated, *a.* নিঃসম্পর্কীয়, নিঃসম্বন্ধীয়, কুটুম্ব আত্মীয় বা বন্ধু দ্বারা স্বসম্বদ্ধ নহে যে।

Unrelative, *a.* সম্বন্ধ কুটুম্বিতা বা আত্মীয়তা নাই যাহার বা যাহাতে।

Unrelatively, *ad.* নিঃসম্পর্করূপে, নিঃসম্বন্ধে।

Unrelenting, *a.* অকৃপান্বিত, কঠিন, ক্রূর, নির্দয়, নির্ম্মোহ, দয়া করে না যে, নিষ্ঠুর।

Digitized by Google

Unrelievable, *a.* অপ্রতিকার্য্য, প্রতিকার সাহায্য মুক্তি বা আরাম নাই যাহাতে।

Unrelieved, *a.* অপ্রতিকারিত, অসহকারিত, নিঃসহায়, আনুকূল্য বা উপকার করা যায় নাই যাহাতে বা যাহার, অনুপশান্ত, আরাম পায় নাই যে।

Unremarkable, *a.* ক্ষুদ্র, সামান্য, অগ্রাহ্য, অদ্রষ্টব্য, লক্ষ বা মনে করিবার উপযুক্ত নহে যাহা, অনুপলক্ষণীয়, দেখিবার চিনিবার বা চিহ্ন করিবার যোগ্য নহে যে, দৃষ্ট বা চিহ্নিত হওনে অক্ষম।

Unremediable, *a.* উপায় নাই যাহার বা যাহাতে, অপ্রতিকার করণীয়, নিরুপায়, অপ্রতিকার্য্য।

Unremedied, *a.* অপ্রতিকারিত, অনুপশান্ত, উপায় বা আরাম নাই যাহাতে বা যাহার।

Unremembered, *a.* বিস্মরিত, বিস্মৃত, মনে হয় নাই বা পড়ে নাই যাহা, স্মরণ হয় নাই যাহা, মনে নাই যাহা।

Unremembering, *a.* মনে নাই যাহার, স্মরণ নাই যাহার, বিস্মরণকারী।

Unremembrance, *n. s.* মনে না হওন, মনে না পড়ন, বিস্মরণ, অস্মরণ, ভুলন, বিস্মৃতহওন, ভুলিয়া যাওন।

Unremitting, *a.* কামাই বা থাক নাই যাহার, নিরন্তর, নিয়ত, অবিশ্রান্ত, বিরাম বিশ্রাম বা ক্ষান্তি নাই যাহার বা যাহাতে।

Unremovable, *a.* অগম্য, অগমনশীল, অচল, অচলনশীল, অচলিষ্ণু, সরান যায় না যাহা, অনিস্সারণীয়, স্থানান্তর হয় না বা করা যায় না যাহাকে, নড়ে না যে বা নড়ান যায় না যাহাকে, স্থাবর, বৃহৎ, ভারি।

Unremovableness, *n. s.* অচলনশীলত্ব, অগমনশীলত্ব, স্থানান্তর হওন বা করণের অযোগ্যতা বা অনুপযুক্ততা।

Unremovably, *ad.* না পড়িয়া,না সরিয়া, স্থানান্তর না হইয়া, নিস্সরণ বা স্থানান্তর না হওনপূর্ব্বক।

Unremoved, *a.* অনিস্সৃত, স্থানান্তর অকৃত, স্থানান্তর হওনে অক্ষম বা অযোগ্য, সরাণ বা নড়ান যায় নাই যাহা।

Unrenewed, *a.* নূতন করা যায় নাই বা হয় নাই যাহা, অনূতন, পুরাণা।

Unrepaid, *a.* অদত্ত, অপরিশোধিত, পুরস্কার অপ্রাপ্ত, পুরস্কার পারিতোষিক ফল বা মেহনতানা পায় নাই যে বা দেওয়া যায় নাই যাহাকে।

Unrepealed, *a.* বাতিল রদ বা ব্যর্থ করা যায় নাই যাহা, খণ্ডান বা পরিবর্ত্তন করা যায় নাই যাহা, অপরিবর্ত্তিত।

Unrepentance, *n. s.* অননুতাপ, অননুশোচনা, অখিদ্যমানতা, ভাবনা বা আপশোষরাহিত্য।

Unrepented, *a.* অননুতাপিত, অননুশোচিত, অখেদিত, আপশোষ করা যায় নাই যাহার নিমিত্তে।

Unrepenting বা **Unrepentant,** *a.* অননুতাপী, অননুশোচী, অখেদী, আপশোষ করে না যে, দুষ্কর্ম্ম অপকর্ম্ম বা পাপজন্য ভাবনা বা অনুশোচ নাই যাহার।

Unrepining, *a.* অবিরক্ত, অকর্কশ, মনে ব্যথা নাই যাহার, অতাপিত, গজং করে না যে, অতুষ্টিপ্রকাশ করে না যে।

Unrepiningly, *ad.* অবৈরক্ত্যপূর্ব্বক, অতুষ্টি প্রকাশ না করিয়া, খুতমুত বা গজং না করিয়া।

Unreplenished, *a.* অপূরিত, ফাক, ফাঁপা, অপূর্ণ, অভরা, অপরিপূর্ণ।

Unreprievable, *a.* দণ্ড বা বধহইতে অক্ষমণীয়, খুন বা বধ করিয়া দণ্ড্য হইয়াছে যে তাহাকে রক্ষা অকরণীয় অমাপকরণীয়, বাঁচান যায় না যাহাকে।

Unreprieved, *a.* দণ্ড বা বধহইতে অক্ষমিত বা অরক্ষাকৃত, বাঁচান যায় নাই যে খুনি আসামীকে।

Unreproached, *a.* অনপবাদিত, অনিন্দিত, অনিন্দনীয়, অপরিবাদ্য, ভর্ৎসিত, অতিরস্কৃত।

Unreprovable, *a.* নিন্দা বা অপবাদযোগ্য নহে যে, অভর্ৎসনীয়, অনপবাদনীয়, অনিন্দনীয়।

Unreproved, *a.* অনপবাদিত, অদোষীকৃত, অভর্ৎসিত, অনিন্দিত, অতিরস্কৃত।

Unrepugnant, *a.* অবিপরীত, উল্টা প্রতিকূল বা অসম্মত নহে যে, স্বীকারকারী, সম্মত।

Unreputable, *a.* অপ্রশংসনীয়, অগৌরবকরণীয়, সুখ্যাতির অযোগ্য, অসম্ভ্রান্ত, অমর্য্যাদান্বিত, অবিখ্যাত।

Unrequested, *a.* অপৃষ্ট, অযাচিত, অবাঞ্ছিত, অপ্রার্থিত, চাহা বা বা প্রার্থনা করা যায় নাই বা হয় নাই যাহা বা যাহাকে।

Unrequitable, *a.* অপ্রতিফলযোগ্য বা দেয়, অপ্রতিকার্য্য, দাদ তুলা যায় না যাহাতে, পরিশোধ করা যায় না যাহা, অপ্রত্যুপকারকৃত।

Unresented, *a.* ক্ষমাকৃত, হিংসা বা অপরাধজন্য রাগ করা যায় নাই যাহার উপর বা প্রতিফল দেওয়া যায় নাই যাহাকে, দাদ বা আড়ি তোলা যায় নাই যাহার উপর, রাগ সাধন করা নহে যাহা।

Unreserve, *n. s.* প্রকাশ, ঔদার্য্য, অকাপট্য, খোলাসা, নিঃসঞ্চয়, অসঞ্চয়, খোলা ব্যবহার আচার বা কর্ম্ম।

Unreserved, *a.* সাদাসিদা, ছাপায় বা লুকায় না যে, অকপট, সরল, খোলাসা, ছাপায় না যে, অসঞ্চয়কৃত,।

Unreservedly, *ad.* সঞ্চয় না করিয়া, না ছাপিয়া, না রাখিয়া, অকাপট্য সারল্য বা খোলাসা হইয়া বা করিয়া, সাদাসিদারূপে, অগোপনপূর্ব্বক।

Unreservedness, *n. s.* সারল্য, অকাপট্য, প্রকাশ, অসঞ্চয়, সাদাসিদার ভাব।

Unresisted, *a.* অনিবারিত, অপ্রতিবাদিত, প্রতিকূলতা মোজাহেম বা বিপরীত হয় নাই বা করা যায় নাই যাহাতে।

Unresistible, *a.* অপ্রতিবাধ্য, অনিবার্য্য, অনিবারণীয়, আটক হয় না যে বা করা যায় না যাহাকে, মোজাহেম হওয়া যায় নাই যাহাতে বা তদ্যোগ্য নহে যে।

Unresisting, *a.* অনিবারক, অপ্রতিবাধক, জেদ বা আটক করে না যে।

Unresolvable, *a.* নিশ্চয় নির্দ্ধার্য্য বা স্থির হয় না বা করা যায় না যাহা বা যাহাতে, অর্থ হয় না যাহার, ব্যাখ্যা করা যায় না বা হয় না যাহার।

Unresolved, *a.* অবিবেচিত, অনিশ্চিত, অবর্ণিত, অনর্থকৃত, অব্যাখ্যাকৃত, অপরিষ্কারকৃত, অনির্দ্ধারিত, অস্থিরীকৃত।

Unresolving, *a.* অনিশ্চয়কারী, অনবধারণকারী, নিশ্চয় বা স্থির হয় না বা করে না যে।

Unrespectable, *a.* অসম্ভ্রান্ত, অসৎ, অমান্য, সম্ভ্রম মর্য্যাদা আদর ভক্তি শ্রদ্ধা পূজা বা মান্যতার অযোগ্য অনর্হ বা অনুপযুক্ত যে বা করা যায় না যাহাকে।

Unrespected, *a.* অসম্ভ্রান্ত, অমর্য্যাদান্বিত, অনাদৃত, অভক্তিকৃত, অশ্রদ্ধেয়, অপূজিত।

Unrespective, *a.* অমনোযোগকারী, মনে করে না বা দেখে না যে, সামান্য, ক্ষুদ্র।

Unrespited, *a.* অবিশ্রান্ত, অবিরত, ক্রমিক, অবিচ্ছিন্ন।

Digitized by Google

Unrest, *n. s.* Teut. বেআরাম, অসুখ, অস্বচ্ছন্দতা, চাঞ্চল্য, অস্থিরতা।

Unrestored, *a.* অপ্রত্যর্পিত, অপুনর্দত্ত, ফিরে দেওয়া যায় নাই বা পুনঃসংস্থাপন করা যায় নাই যাহাকে, আরোগ্য হয় নাই যাহার।

Unrestrained, *a.* স্বৈরী, অবাধিত, স্বচ্ছন্দ, অনিরুদ্ধ, খোলা, ছুটা, অবারিত, অনিয়মিত, উচ্ছৃঙ্খল, উদম, খোলা, স্বেচ্ছাচারী, প্রভুত্ব কর্তৃত্ব বা হুকুম নাই যাহাতে বা যাহার উপর বা তদধীন নহে যে।

Unretracted, *a.* কথিতবাক্য অস্বীকার না করা গিয়াছে যে, লিখা কহা বা বলা গিয়াছে যে বিষয় বা কথা তাহা বাতিল বা অস্বীকার নাকৃত, অনন্যথাকৃত।

Unrevealed, *a.* অপ্রকাশিত, অনুক্ত, অকথিত, অব্যক্ত, অপ্রত্যাদিষ্ট, আকাশবাণী হয় নাই যাহাতে, ঐশিক শক্তি বা ব্যাপার দ্বারা প্রকাশ হয় নাই যাহা।

Unrevenged, *a.* অপ্রতিফলদত্ত, অবৈর, অপ্রতিকারিত, দাদ লওয়া বা তোলা যায় নাই যাহাতে, অপ্রতিদেশিত, অপ্রতিহিত।

Unreverend বা **Unreverent**, *a.* অনাদৃত, অনর্চ্চিত, অপূজিত, অমান্য, অসম্মানিত, অগরিষ্ঠ, অসেবিত, অনমস্কৃত।

Unreverently, *ad.* অপমান অখ্যাতি অশ্রদ্ধা বা অমান্যতাপূর্ব্বক।

Unreversed, *a.* অনন্যথাকৃত, বাতিল বা রদ করা যায় নাই যাহা, উল্টান যায় নাই যাহা, অবিপরীতকৃত।

Unrevoked, *a.* অলুপ্ত, রদ বা বাতিল হয় নাই যাহা, অন্যথা হয় নাই বা করা যায় নাই যাহা।

Unrewarded, *a.* অপ্রতিফলপ্রাপ্ত, অবেতনপ্রাপ্ত, অপরিতুষ্ট, পারিতোষিক পুরস্কার বা ইনাম দেওয়া যায় নাই যাহাকে বা পায় নাই যে, অপুরস্কারকৃত।

To **Unriddle**, *v. a.* দৃষ্টান্ত বা প্রহেলিকার অর্থ-কৃ, হেঁয়ালির অর্থ বা ব্যাখ্যা-কৃ, কোটী উদ্ধার-কৃ।

Unriddler, *n. s.* হেঁয়ালির অর্থ বা ব্যাখ্যাকর্ত্তা।

Unridiculous, *a.* অপরিহাস্য, অনুপহাস্য, উপহাস বা তামাসার যোগ্য নহে যে, অবজ্ঞা বা তুচ্ছযোগ্য নহে যে।

To **Unrig**, *v. a.* জাহাজ বা নৌকার রশারশী বা অন্য সরমজাম -খুল বা-পরিষ্কার-কৃ।

Unright, *a.* Sax. নাহক, মন্দ, অযথার্থ, ভুল, ভ্রমবিশিষ্ট।

Unrighteous, *a.* Sax. অধার্ম্মিক, দুষ্ট, অধর্ম্মাত্মা, অসাধু, নষ্ট, পাপী, দুরাচার, অধম।

Unrighteously, *ad.* অধর্ম্ম অযাথার্থ্য নষ্টামি বা দুরাচারপূর্ব্বক, অসাধুত্বরূপে।

Unrighteousness, *n. s.* Sax. অধার্ম্মিকতা, পাপাচারিত্ব, দুরাচার, নষ্টতা, ভ্রষ্টতা, অযথার্থ, অসাধুত্ব।

Unrightful, *a.* অযথার্থ, অশাস্ত্রীয়, নাহক, মিথ্যা।

To **Unring**, *v. a.* আঁকড়া বা কড়া-খোল বা-ছাড়া।

Unrioted, *a.* ধুমধাম গোলমাল বা দাঙ্গাহইতে মুক্ত বা তদ্বর্জ্জিত বা তদ্দ্বারা অপমানিত বা লজ্জিত নহে যে।

To **Unrip**, *v. a.* বিদীর্ণ-কৃ, চাক-কৃ, কাটিয়া দুই ফাঁক-কৃ, ফাঁড়, চির।

Unripe, *a.* Sax. অপরিপক্ব, অপক্ব, কাঁচা, আম, ডাঁট, কমপোক্ত, অজীর্ণ, পাকে বা পচে নাই যাহা, অকালজ, অসময়ে হয় বা ঘটে যাহা।

Unripened, *a.* অপরিপক্ব, কাঁচা, অপূর্ণ।

Unripeness, *n. s.* অপরিপক্বতা, অপরিপক্বাবস্থা, অপূর্ণত্ব।

Unrivalled, *a.* অতুল্য, অনুপম, অদ্বিতীয়, অপ্রতিযোগী, প্রতিযোগী নাই যাহার, অসমযোগী।

To **Unrivet**, *v. a.* আল-খোল, আল বা জোড়া-খসা-খোল বা -ভাঙ্গ, মেক বা প্রেক-খুল বা-ছাড়া।

To **Unrobe**, *v. a.* পোশাক-খোল বা-ছাড়া, বস্ত্র বা ভূষণ ত্যাগ -করা।

To **Unrol**, *v. a.* গুটান বস্তু মুক্ত-কৃ, খোল, খসা, পাক জড়ান বা তাল করা কোন দ্রব্য-খুল বা-এলা।

Unromantick, *a.* আশ্চর্য্য নহে যাহা, সম্ভব, অনদ্ভুত, অনাশ্চর্য্য।

To **Unroof**, *v. a.* ছাত বা চাল-নামা-ভাঙ্গ বা উত্তীর্ণ-কৃ, ছাত ভাঙ্গিয়া-ফেল, চালহীন-কৃ।

Unroosted, *a.* দণ্ডবিহীন, দাঁড়বর্জ্জিত, দণ্ড কাষ্ঠহীন।

To **Unroot**, *v. a.* উচ্ছিন্ন-কৃ, বিনাশ-কৃ, নির্ম্মূল-কৃ, উপড়া, সমূলোৎপাটন-কৃ, ভুট-কৃ, উন্মূলন-কৃ উপড়াইয়া-ফেল, বহিষ্কৃত -কৃ, দূর করিয়া-দা, উচ্ছেদ-কৃ।

To **Unroot**, *v. n.* জড় বা শিকড় উৎপাটিত-হ, শিকড়-উঠ, শিকড় বা জড় না-হ, গাছ না-হ, নির্ম্মূল-হ, মূলশূন্য-হ, মূল না-লাগ, উচ্ছিন্ন-হ, উজাড়-হ, সমূলোৎপাটন-হ।

Unrough, *a.* Sax. নিষ্পিন্ন, চিক্কণ, অটোল, সমান, চৌরস, উচ্চাবচ নহে যে, আবুড়াখাবুড়া নহে যে, বরাবর, কোমল, নরম, স্নিগ্ধ, মোটা বা গিদড়া নহে যে, গোঁপ বা দাড়ি উঠে নাই যাহার, চুল নাহি যাহার বা যাহাতে।

Unrounded, *a.* গোল করা যায় নাহি যাহা, আকারহীন, কোন আকৃতি বা মূর্ত্তি করা যায় নাই যাহার, অমূর্ত্ত, গড়ন হয় নাই বা উঠে নাই যাহার, গোল করিয়া কাটা নহে যাহা।

Unrouted, *a.* অচ্ছিন্নভিন্নকৃত, গোলমাল হয় নাই যে, অপরাজিত, ছিন্নভিন্ন হইয়া পড়ে নাই বা যায় নাই যে, শ্রেণি বা দল ভাঙ্গিয়া বা ছড়িয়া পড়ে নাই যে।

Unroyal, *a.* অরাজকীয়, রাজসম্পর্কীয় নহে যে বা যাহা, রাজানুপযুক্ত, অরাজিক, রাজবৎ নহে যে, রাজার তুল্য বা যোগ্য নহে যাহা, রাজধর্ম্মক নহে যে, অশ্রেষ্ঠ, অধম।

To **Unruffle**, *v. n.* অনুদ্বিগ্ন-হ, অব্যস্ত-হ, ব্যগ্রতা দূর-হ, অচঞ্চল -হ, অব্যাকুল-হ, সুস্থির-হ, মনের চাঞ্চল্য বা উদ্বেগ ত্যাগ-কৃ, বৈকল্য ত্যাগ-কৃ।

Unruffled, *a.* সুস্থির, অচঞ্চল, অলড়, নির্ব্বাত, অনুদ্বিগ্ন, ধীর, স্থির, নিরস্ত, শান্ত, নিবৃত্ত, ঠাণ্ডা, নির্ব্বিরোধী, অনুৎপাতী।

Unruled, *a.* কোন প্রাধান্য শ্রেষ্ঠতা বা প্রভুত্বকর্তৃক নিয়োজিত বা প্রচলিত নহে যে, অনিয়মকৃত, অশাসিত, অধিকৃত বা বশীভূত করা যায় নাই যাহা বা যাহাকে।

Unruliness, *n. s.* দাঙ্গাবাজী, দুরন্তপনা, গোল, সোর, কলহ, কলকলি, হঙ্গাম, লম্পটতা, কামুকতা।

Unruly, *a.* অশাস্য, অদমনীয়, অশাসনীয়, অবাধ্য, অবশ, অনাজ্ঞাধীন, দুরন্ত, উচ্ছৃঙ্খল, দুর্জ্জন, দুঁদিয়া, মগরা, কলহকারী, মাথাপাগলা, হঙ্গামি, উৎপাতী, গণ্ডগোলিয়া, কামাতুর, কামুক, লম্পট, ভাৎপিটে।

To **Unrumple**, *v. a.* অকোঁকড়া-কৃ, সোজা-কৃ, সিদা-কৃ, চুনাট -খুল বা সোজা-কৃ, চুনাট বা কুঞ্চন-ভাঙ্গ, খুলিয়া-ফেল, বাহির দিগে-খুল।

To **Unsadden**, *v. a.* আহ্লাদযুক্ত-কৃ, আহ্লাদ-জন্মা, অবিষণ্ণ-কৃ, অবিমর্ষ-কৃ, অম্লান-কৃ, দুঃখ মৌন উদ্বেগ চিন্তা বা ভাবনাহইতে মুক্ত-কৃ।

To **Unsaddle**, *v. a.* ঘোড়ার জিন খুলিয়া-লওয়া বা-নামা, ঘোড়ার সাজ-খুল।

Digitized by Google

Unsaddled, *a.* Sax. বেজিন, জিন নাই যাহাতে বা যাহার উপর, জিন পরাণ যায় নাই যাহাকে, খোলা, আল্‌গা, এলো।

Unsafe, *a.* অস্বচ্ছন্দ, উৎপাতগ্রস্ত, বিঘ্নযুক্ত, সঙ্কটযুক্ত, সভয়, নির্ভয় নহে যে বা যাহা, অনিঃশঙ্ক, ভয়যুক্ত, সঙ্কটবিশিষ্ট, বিপত্তিযুক্ত, ভয়ানক, ভয়ঙ্কর, শঙ্কাজনক, বিপত্তিজনক, বাঁচওয়া নাই যাহাতে, ভাবনাবিশিষ্ট।

Unsafely, *ad.* শঙ্কাপূর্ব্বক, সন্দেহরূপে, অবাঁচাউপূর্ব্বক, অস্বচ্ছন্দে, বিঘ্নরূপে, বিঘ্নপূর্ব্বক।

Unsaid, *a.* Sax. অনুক্ত, অকথিত, অনুচ্চারিত, অপ্রকাশিত, অপ্রস্তাবিত, অব্যক্ত, অনুত্থাপিত।

Unsailable, *a.* অনৌগম্য, অনাব্য, অনৌতার্য্য, নৌকাদ্বারা অগম্য, নৌকা বা জাহাজদ্বারা গমনাগমন হয় না বা করা যায় না যাহাতে বা যেখানে।

To **Unsaint,** *v. a.* মুনি বা ঋষি বংশ বা তদ্ধর্ম্ম লোপ-কৃ, সাধুত্বের-হানি-কৃ, ধর্ম্মনাশ-কৃ।

Unsaleable, *a.* অবিক্রেয়, অবিক্রেতব্য, অবিক্রয়ণীয়, বিক্রয় হয় না যাহা, গ্রাহক বা খরিদার নাই যাহার।

Unsalted, *a.* অলবণাক্ত, আলোণা, আলুণি, লবণ দেওয়া বা মাখা নহে যাহা, অলবণ।

Unsaluted, *a.* Lat. অপ্রণম্য, অনমস্কারিত, অপ্রণমিত, সেলামি দেওয়া যায় নাই যাহাকে বা পায় নাই যে।

Unsanctified, *a.* অপবিত্রীকৃত, অপবিত্র, অধার্ম্মিক, অশুচি, অসংস্কারিত, দুষ্ট, অসৎ, অপ্রতিষ্ঠিত, অধর্ম্মিষ্ঠ, অসাধু, অকৃতী, ঈশ্বর পরায়ণ নহে যে, অভাগবত।

Unsated, *a.* অতৃপ্ত, অসন্তুষ্ট, অনাপ্যায়িত, অপরিতুষ্ট।

Unsatiable, *a.* Lat. অপরিতোষণীয়, অতর্পণীয়, তৃপ্ত হয় না যে বা করা যায় নাই যাহাকে, অতিলোলুপ, আকাঙ্ক্ষা তৃষ্ণা বা ক্ষুধা নিবারণ হয় নাই যাহার।

Unsatiate, *a.* অতৃপ্ত, অপরিতুষ্ট, অসন্তুষ্ট।

Unsatisfactoriness, *n. s.* অসন্তুষ্টকারিত্ব, অতৃপ্তকারিত্ব, সন্তোষ তৃপ্তি বা সুখজনকতার অভাব বা তাহা হয় না যাহাতে তদ্ভাব।

Unsatisfactory, *a.* অতুষ্টিকর, সন্দেহযুক্ত, অসন্তোষকারী, খাতির জমা জন্মে না যাহাতে, বিরক্তকারী, উৎপাত ক্লেশ বা গোলমাল দূর বা নিবারণ করে না যে বা হয় না যাহাতে।

Unsatisfied, *a.* সন্দিগ্ধ, অতৃপ্ত, অপরিতুষ্ট, আকাঙ্ক্ষী, অসন্তুষ্ট, অনানন্দিত, নিরাহ্লাদিত, অপ্রসন্ন, নাখোস, অসমপূর্ণ, ভরপূর নহে যাহা, মতের স্থৈর্য্য নাই যাহার।

Unsatisfiedness, *n. s.* অতৃপ্ততা, অপরিতুষ্টতা।

Unsatisfying, *a.* পরিতুষ্টকরণে অক্ষম বা অপারগ যে, অতুষ্টিজনক, তৃপ্তি দেয় না বা করে না যে, অতৃপ্তকারী।

Unsatisfyingness, *n. s.* তৃপ্ত তুষ্ট বা সন্তুষ্টকরণে অক্ষমতা বা অপারগতা।

Unsavourily, *ad.* অরুচিজনকতাপূর্ব্বক, অসুখদত্বপূর্ব্বক, ঘৃণাজনকতারূপে।

Unsavouriness, *n. s.* বৈরস্য, ঘৃণাজনকতা, অরুচিজনকতা, বিস্বাদ, দুর্গন্ধ।

Unsavoury, *a.* বিরস, বিস্বাদু, বেতার, স্বাদহীন, দুর্গন্ধ, ঘৃণাজনক, অতুষ্টিকর।

To **Unsay,** *v. a.* কথিত বাক্য অন্যথা-কৃ, কথা-উল্টা, কথা অন্যথা-কৃ, কথিত কথা বা বিষয় অপলাপ-কৃ।

Unscaly, *a.* নিরাশিঁ, আঁশি বা ছাল নাই যাহার বা যাহাতে, খোসা নাই যাহার।

Unscanned, *a.* অপরিমিত, অপরিমাণকৃত, সংখ্যা হিসাব বা সুমার হয় নাই যাহার, অসংখ্যাকৃত।

Unscared, *a.* অভীত, অভয়দর্শিত, ভয় দেখে নাই যে, ডর হয় নাই যাহার।

Unscarred, *a.* আঘাতের দাগ নাই যাহাতে, ক্ষতের দাগ নাই বা হয় নাই যাহার উপর বা যাহাতে।

Unscattered, *a.* আছড়ান, ছড়ান যায় নাই যাহা, অবিস্তৃত, ছড়াইয়া পড়ে নাই যাহা, ছিতরাণ যায় নাই যাহা, এলোথেলো হয় নাই যাহা।

Unscholastick, *a.* অশিক্ষিত, অপাঠিত, লেখা পড়া দেখে নাই যে, অপণ্ডিত, মূর্খ, অজ্ঞান।

Unschooled, *a.* লেখাপড়াশিক্ষা হয় নাই যাহার, অশিক্ষিত, অপঠিত, অপণ্ডিত, মূর্খ।

Unscorched, *a.* অভর্জ্জিত, অদগ্ধ, অঝলসা, অপোড়া, পোড়া নহে যাহা, অগ্নির আঁচ লাগে নাই যাহাতে।

Unscoured, *a.* অঘর্ষিত, অপরিষ্কৃত, ঘর্ষণদ্বারা পরিষ্কার হয় নাই যাহা, শিকল করা নহে যাহা।

Unscratched, *a.* অচ্ছিন্ন, আকাটা, আছোলা, আঁচাচা, আঁচড়ান যায় নাই যাহা।

Unscreened, *a.* অনাচ্ছাদিত, অনাবৃত, অনাশ্রিত, আঢাকা, আড়াল নাই যাহার, ঢাকা নহে যে, পর্দা নাই যাহাতে, পর্দাতে ঢাকা নহে যাহা।

To **Unscrew,** *v. a.* পেঁচ-খোল, পেঁচ-খসা, ইস্কুরু-উঠা বা-তোল, ইস্কুরু বা পেঁচ ঘুরাইয়া-খোল।

Unscriptural, *a.* ধর্ম্মশাস্ত্রের সম্মত নহে যাহা, ধর্ম্মশাস্ত্রের অনুযায়ী বা অনুসারী নহে যে বা তৎসম্বন্ধীয় নহে যাহা।

To **Unseal,** *v. a.* Sax. ছাপা বা মোহর-খুল বা-ভাঙ্গ, মোহর খুলিয়া-ফেল, মোহর-উঠা বা উঠাইয়া-দা।

Unsealed, *a.* মোহর ভাঙ্গা বা খোলা গিয়াছে যাহাতে বা যাহার, মোহর করা নহে যাহা, মোহর হয় নাই যাহাতে, মোহর মোড়া নহে যাহা।

To **Unseam,** *v. a.* সেলাই-খুল বা-কাট, যোড়-খুল, কাটিয়া-ফেল বা-খুল, চিরিয়া-খুল বা-ফেল।

Unsearchable, *a.* অননুসন্ধানীয়, অনন্বেষণীয়, অবোধ্য, অতর্ক্য, তত্ত্বঅকরণীয়, অনুসন্ধানদ্বারা পাওয়া যায় না যাহা, চেষ্টা করা যায় না যাহা, তত্ত্বঅযোগ্য, তত্ত্বকরণোপযুক্ত নহে যাহা।

Unsearchableness, *n. s.* তত্ত্বঅযোগ্যত্ব, অনন্বেষণীয়ত্ব, তত্ত্ব বা অনুসন্ধানদ্বারা প্রকাশকরণে অক্ষম বা অসাধ্য যাহা তদ্ভাব বা অবস্থা।

Unsearched, *a.* অপ্রকাশিত, অতত্ত্বকৃত, অনন্বেষিত, অনুসন্ধান করা নহে যাহা।

Unseasonable, *a.* অকাল, অসময়, বেমরসুম, সময়োপযুক্ত নহে যাহা, সময়ানুসারে হয় না বা ঘটে না যাহা, অনুপযুক্ত, অযোগ্য, অকালজ, মন্দ, অযোগ্য বা অনুপযুক্ত কালে হয় বা জন্মে যাহা, ঋতুর ধর্ম্ম বা ভাবানুযায়ী নহে যাহা, গৌণজ, গৌণী, অসময়ের।

Unseasonableness, *n. s.* অকালজত্ব, অসময়জাতের ভাব বা অবস্থা, স্থানের বা কালের বৈলক্ষণ্য বা বৈপরীত্য বা তদনুপযুক্ততা।

Unseasonably, *ad.* অসময়ে, অকালে, অনুপযুক্তরূপে, অযোগ্য ভাবে বা পূর্ব্বক, গরমরসুমে, দুঃসময়ে।

Unseasoned, *a.* অলবণ, আলোণা, অলবণাক্ত, অনুপযুক্ত, প্রস্তুত করা নহে যাহা, অকালজাত, অকালে কৃত বা ভূত, অকালসম্বন্ধীয়, অগঠিত, অনির্ম্মিত, ব্যবহারের অযোগ্য বা অনুপযুক্ত, অ

Digitized by Google

নিয়মিত, পাকা পরিপক্ক বা ব্যবহারোযুক্ত নহে যাহা, ব্যবহার হয় এমত কাল রাখা যায় নাই যাহা, মজে নাই বা তইয়ার হয় নাই যাহা।

To Unseat, *v. a.* বিছানা আসন স্থান বা গদিহইতে-বহিষ্কৃ-ছাড়া উঠাইয়া-দা বা-ফেলা, নিরাসন-কৃ।

Unseconded, *a.* অপৌষ্টিকতাকৃত, পৌষ্টিকতা স্বীকার বা সম্মতি করা নহে যাহা, অগ্রাহ্য, উত্তর দেওয়া যায় নাই যাহাতে, অস্বীকার্য্য, দ্বিতীয়বার দৃষ্টান্ত দেওয়া যায় নাই যাহার।

To Unsecret, *v. a.* গোপন প্রকাশ-কৃ, গুপ্ত গুহ্য বা লুক্কায়িত বিষয় প্রচার প্রকাশ বা ব্যক্ত-কৃ।

Unsecret, *a.* অপ্রত্যয়ী, অবিশ্বাসী, অবিশ্বস্ত, অগোপন, অগুহ্য।

Unsecure, *a.* খোলা, অরক্ষিত, এলো, শক্ত, মজবুত বা দৃঢ় নহে যাহা, রক্ষা বা বাঁচাও নাই যাহার বা যাহাতে।

Unseduced, *a.* অভ্রষ্ট, নষ্ট হয় নাই যে, অভ্রান্ত, কুকর্ম্মে প্রবৃত্ত করা যায় নাই যাহাকে, ভুলান যায় নাই যাহাকে, ভুলে নাই বা ফাকিতে পড়ে নাই যে, ফুসলাইয়া বাহির করা নহে যে।

Unseeing, *a.* দৃষ্টিশক্তিরহিত, অদৃক্, অন্ধ, দেখিতে পায় না যে, চক্ষু নাই যাহার।

Unseemliness, *n. s.* অশিষ্টতা, মূঢ়তা, লজ্জাহীনতা, অসভ্যতা, বেহায়ামি, নির্লজ্জতা, অনৌচিত্য।

Unseemly, *a.* অনুচিত, অনুপযুক্ত, অভব্য, মূঢ়, লজ্জাহীন, বেহায়া।

Unseemly, *ad.* বেহায়ামি নির্লজ্জতা অনুপযুক্ততা বা অশিষ্টতা রূপে।

Unseen, *a.* অদৃশ্য, অদৃষ্ট, অদেখা, অনবলোকিত, অপ্রকাশিত, অব্যক্ত, অপ্রাপ্ত, প্রকাশ করা যায় না যাহাকে, প্রকাশ পাইবার যোগ্য নহে যে, অপ্রজ্ঞ, অজ্ঞ, অপটু।

Unseized, *a.* অধৃষ্ট, অধরা, ধরা যায় নাই যাহাকে, অদখলকৃত, ক্রোক করা নহে যাহা।

Unseldom, *a.* Sax. অকৃচিৎ, সর্ব্বদা, সতত।

Unselfish, *a.* অনাত্মম্ভরি, আপ্তস্বার্থী নহে যে, আপন বিষয় লাভ বা স্বার্থ বিবেচনা করে না যে, আপ্তগরজী বা আপ্তগ্রাহী নহে যে।

Unsensed, *a.* অনর্থকৃত, অর্থ হয় নাই যাহার, অনর্থক, অর্থ নাই যাহার, বিশেষ বা নিশ্চিত অর্থ বা তাৎপর্য্য নাই যাহার।

Unsensible, *a.* মূর্খ, অজ্ঞান, জ্ঞান বোধ বা বিবেচনাহীন, রস বোধ নাই যাহার, এক্ষণে Insensible লেখা যায়।

Unsent, *a.* অপ্রেরিত, পাঠান যায় নাই যাহা বা যাহাকে, ইরসাল বা চালান করা যায় নাই যাহা।

Unsent for, *a.* অনাহূত, বেতলবী, চিঠী বা সম্বাদদ্বারা ডাকা যায় নাই যাহাকে।

Unseparable, *a.* অবিচ্ছিন্ন, অবিরহ, অপৃথক্করণীয় বা ভবনীয়, অবিভাজ্য, অভেদ্য, অচ্ছেদ্য, জুদা বা পৃথক্করণ বা হওনের অযোগ্য বা অনুপযুক্ত।

Unseparated, *a.* অপৃথক্, অবিভিন্ন, অবিভক্ত, জুদা নহে যে, পৃথক্ বা ছাড়া হয় নাই যে বা করা যায় নাই যাহাকে।

Unsepulchered, *a.* গোর হয় নাই যাহার, পোতা যায় নাই যাহাকে, গোরের ভিতর রাখা নহে বা অনর্পিত যে, সমাজ দেওয়া যায় নাই যাহাকে।

Unserviceable, *a.* অনর্থক, অকর্ম্মণ্য, বৃথা, বেদরকারী, অনুপকারক, লাভ বা উপকার নাই যাহাতে, কর্ম্মের অনুপযুক্ত, কর্ম্মানর্হ, কর্ম্মহইতে বহিয়া গিয়াছে যে বা যাহা।

Unserviceableness, *n. s.* কর্ম্মানর্হত্ব, অকর্ম্মণ্যত্ব, অযোগ্যত্ব, অনর্থকতা, ব্যর্থতা।

Unserviceably, *ad.* অকর্ম্মণ্যত্বরূপে, কর্ম্মানর্হত্বরূপে, বৃথায়, অযোগ্য বা অনর্থকরূপে, ব্যর্থরূপে।

Unset, *a.* অরক্ষিত, লাগান বা যোড়া নহে যাহা, লাগান যায় নাই যাহা, অস্থির, আল্‌গা।

To Unsettle, *v. a.* নির্ণয় ভঙ্গ-কৃ, অনবস্থিত-কৃ, অস্থির-কৃ, অপরিচ্ছন্ন-কৃ, অনিশ্চয়-কৃ, স্থানান্তর-কৃ, স্থানান্তরে-যা বা-গম, অন্যত্র-যা বা-সর, উল্টাইয়া-দা, রক্ষা না-কৃ, না-চুকা, না-রক্ষা-কৃ।

To Unsettle, *v. n.* অস্থির-হ, অনিষ্পত্তি-হ।

Unsettled, *a.* অস্থির, অনির্ণীত, অনবস্থিত, অপরিচ্ছন্ন, মত স্থির নাই যাহার, অদৃঢ়, অশক্ত, দৃঢ় বা স্থির হয় নাই যাহা, বসে নাই যাহা, অনিয়মিত, অস্থাপিত, কোন স্থান বা কর্ম্মে বসে না বা স্থির হইয়া থাকে না যে।

Unsettledness, *n. s.* অস্থৈর্য্য, মনের অস্থৈর্য্য, মনের চাঞ্চল্য, স্থৈর্য্যাভাব।

Unsettlement, *n. s.* অস্থৈর্য্য, অনিষ্পত্তি, অপরিষ্কার, অপ্রতিজ্ঞা, রক্ষা পরিষ্কার বা নিষ্পত্তির অভাব, বেবন্দোবস্ত।

Unsevered, *a.* অবিভক্ত, অচ্ছিন্ন, অনংশিত, কাটা বা জুদা করা নহে যাহা।

To Unsex, *v. a.* জাতি বা লিঙ্গ পরিবর্ত্তন-কৃ, জাতিভিন্ন-কৃ, এক জাতি অন্য-কৃ।

To Unshackle, *v. a.* শৃঙ্খলামুক্ত-কৃ, জিঞ্জির-খুল, বন্ধন কএদ বেড়ি বা আটকহইতে মুক্ত বা খালাস-কৃ, বেড়ি হাড়ি বা হাত কড়ি-কাট।

Unshaded, *a.* অনাচ্ছাদিত, অনআওতা, ঢাকা দেওয়া নহে যাহা, ছায়া করা যায় নাই যাহাতে বা যাহার উপর।

Unshadowed, *a.* অনাচ্ছন্ন, অনন্ধকার, খোলাসা, উজ্জ্বল, মেঘাচ্ছন্ন বা ঘোর নহে যাহা।

Unshakeable, *a.* অনান্দোলনীয়, দোলান যায় না যাহা, আন্দোলনকরণের বা হওনের অযোগ্য বা অনুপযুক্ত, অলঙ্ঘনীয়, অলড়।

Unshaken, *a.* অকম্পিত, অলাড়িত, অচালিত, অনান্দোলিত, অসরিত, আলাড়া, অলড়িত, অলড়, দৃঢ়, শক্ত, মজবুত।

Unshamed, *a.* অলজ্জিত, বেসরম, বেহায়া, লজ্জা দেওয়া যায় নাই যাহাকে বা হয় নাই যাহার।

Unshamefaced, *a.* বেহায়া, নির্লজ্জ, কালামুখ, বেসরম, ত্যক্তলজ্জ, অপলজ্জ, বোঁচা, ঠেঁটা।

Unshamefacedness, *n. s.* বেহায়ামি, বোঁচামি, ঠেঁটামি, নির্লজ্জতা, লজ্জা হায়া বা সরম নাই বা হয় না যাহার তাহার ভাব বা অবস্থা।

To Unshape, *v. a.* কুডৌল বা কুচপ-কৃ, গোলমাল-কৃ, গুটা, মিশাইয়া-দা, ভাঙ্গিয়া-ফেল, ভাঙ্গিয়া একত্র-কৃ, কদাকার-কৃ।

Unshapen, *a.* Sax. কদাকার, কুৎসিত, বেডৌল, ভাঙ্গা, মিশ্রিত, ভাঙ্গিয়া একত্রকৃত, গোলমাল করা।

Unshared, *a.* অবিভক্ত, অনংশীকৃত, অবণ্টিত, বিভাগ অংশ বা হিস্সা হয় নাই যাহার, বণ্টন করা যায় নাই যাহা।

To Unsheath, *v. a.* নিষ্কোষ-কৃ, খাপহইতে বাহির-কৃ, খাপ-খোল।

Unshed, *a.* অপতিত, অবিস্তৃত, অনিপাতিত, অক্ষরিত, ছড়ান যায় নাই যাহা।

Unsheltered, *a.* আচ্ছাদন বা আশ্রয়রহিত, অনাশ্রিত, অনাচ্ছাদিত ঢাকা নহে যে, ঢাকা নাই যাহাতে বা যাহার উপর, খোলা, আদুড়, এলো, আশ্রয়হীন, রক্ষা বা দাঁড়াইবার স্থান নাই যাহার।

Unshielded, *a.* ঢাল নাই যাহাতে বা যাহার, ঢালদ্বারা রক্ষিত নহে যে।

Digitized by Google

To Unship, *v. a.* জাহাজহইতে বাহির-কৃ,উব রা-কৃ, জাহাজহই তে-নামা বা-তোল।

Unshocked, *a.* অঘৃণিত, অতুচ্ছকৃত, ঘৃণা হেয় তুচ্ছ বা বিতৃষ্ণা করে নাই যে বা হয় নাই যাহার।

Unshod, *a.* Sax. জুতা বা পাদুকারহিত, খালি পা, ঘোড়ার বি শেষণে লালবান্ধা নহে যে তাহাকে বুঝায়।

Unshook, *part. a.* অলড়, অনান্দোলিত, হেলান দোলান বা নাড়া যায় নাই যাহাকে, দৃঢ়।

Unshorn, *a.* Sax. অমুণ্ডিত, অমুড়ান, অচ্ছিন্ন, আকাটা, আন্ ছাটা, অকপচান, লোম বা পশম কাটিয়া লওয়া যায় নাই যা হার।

Unshot, *part. a.* গুলি মারা যায় নাই যাহাকে বা যাহার উপর, সেন্ত করা যায় নাই যাহাকে।

To Unshout, *v. a.* জয়ধ্বনি নিবারণ-কৃ, জয়ধ্বনির বিপরীত-কৃ।

Unshowered, *a.* জল পড়ে নাই যাহাতে, জল বসে নাই যাহার উপর, শুষ্ক, জলহীন।

Unshrinking, *a.* পিছে হটে না যে, কুকড়ি হয় না যে, ডরায় না যে, নির্ভয়, অকুতোভয়, সাহসী।

Unshunnable, *a.* অমোঘ, নিশ্চয়, অবশ্য ঘটনীয় বা ভবনীয়, অত্যাজ্য, অপরিহার্য্য।

Unsifted, *a.* অবিবেচিত, অমার্জ্জিত, অপরীক্ষিত, অচালা, আঝা ড়া, চালুনি করা নহে যাহা।

Unsight, *a.* দেখে না যে, দৃষ্টি করে না যে, দৃষ্টিহীন।

Unsighted, *a.* অদৃশ্য, অদর্শনীয়, অদৃষ্ট, দৃষ্টির অগোচর, অদৃক্, দৃষ্টিহীন।

Unsightliness, *n. s.* কৌরূপ্য, অসৌন্দর্য্য, কুৎসিততা, দৃষ্টিকৌ রূপ্য।

Unsightly, *a.* অপ্রিয়দর্শন, কদাকার, কুশ্রী, কুরূপ, অসুন্দর, কুগ ঠন, বদভৌল, দৃষ্টিকুরূপ, ভাল দেখা যায় না যাহাকে।

Welldone, *interj.* প্রশংসা বা অনুরাগ বাক্য, উত্তম, প্রকৃত, ভাল, সাবাসি, বাহবা, ভাল বা উত্তম হইয়াছে।

Wellfare, *n. s.* মঙ্গল, ক্ষেম, কুশল, ইষ্টলাভ, ভালাই, সৌভাগ্য।

Wellfavoured, *a.* সুন্দর, উত্তম, শ্রীবিশিষ্ট, সুশ্রী, মনোহর, মনোরঞ্জক, সুদৃশ্য, রমণীয়, রম্য, দেখিলে চক্ষু জুড়ায় যাহাতে।

Wellhead, *n. s.* গোড়া, মূল, আদি, উৎপত্তিস্থান।

Wellmannered, *a.* সুন্দর, শিষ্ট, নম্র, সুশীল, সভ্য, উত্তম রীতি বা চরিত্র যাহার, শিষ্ট, শান্ত, সচ্চরিত্রযুক্ত।

Wellmeaner, *n. s.* সদ্ভাবী, উত্তম অভিপ্রায় বোধ বা ইচ্ছা যাহার, ভাল আশয়যুক্ত ব্যক্তি, সদাশয়।

Wellmeaning, *a.* সদন্তঃকরণ সদভিপ্রায় বা সদিচ্ছা আছে যাহার বা তদ্যুক্ত যে, সদাশয়।

Wellmet, *interj.* প্রণতি নমস্কার বা সম্ভাষোদ্বোধক অব্যয় শব্দ, যথা প্রণাম নমস্কার ইত্যাদি।

Wellnatured, *a.* সুশীল, সচ্চরিত্র যাহার, সুস্বভাববিশিষ্ট, অনুকূল, দয়ালু, দয়াশীল, সাধু, মহৎ।

Wellnigh, *ad.* প্রায়, কাছাকাছি, নিকটানিকটি।

Wellspent, *a.* সৎকর্ম্মে ব্যয় হইয়াছে যাহা, উত্তমরূপে ব্যয় হইয়াছে করিয়াছে বা চলিয়াছে যাহা।

Wellspoken, *a.* উত্তমরূপে কথিত বা ব্যক্তীকৃত, সুখ্যাত, প্রশংসাকৃত, মিষ্টভাষী, সুশৃঙ্খলা সুধারা বা অনুগ্রহপূর্ব্বক কথা কহে যে।

Wellspring, *n. s.* Sax. গোড়া, বীজ, মূল, আদি বা উৎপত্তিস্থান, আকর স্থান।

Wellwiller, *n. s.* অভিপ্রায় বা মৎলব ভাল যাহার, দয়া অনুগ্রহ বা স্নেহাভিপ্রায় বা তৎকর্ম্মে ইচ্ছা যাহার, অনুগ্রহ দৃষ্টি আছে যাহার, মঙ্গলাকাঙ্খী, ভাল চাহে যে ব্যক্তি, হিতৈষী।

Wellwish, *n. s.* মঙ্গলেচ্ছা, উত্তম চেষ্টা বা অভিপ্রায়, শুভাকাঙ্খা, মঙ্গল বাঞ্ছা, কুশল প্রার্থনা।

Wellwisher, *n. s.* মঙ্গলেচ্ছুক, আশীর্ব্বাদক, মঙ্গলৈষী, শুভাকাঙ্খী, হিতৈষী।

Welsh, *a.* ওএলশনামক দেশের লোকসম্বন্ধীয় বা তদ্দেশজ।

Welsh, *n. s.* পূর্ব্বোক্ত দেশের মনুষ্য।

Welt, *n. s.* কিনারা, টের, মুড়া, শেষ, ধার, ফুঁপি, ধারি।

To **Welt,** *v. a.* মুড়া বন্দ বা সেলাই-কৃ, পাড়ি বা কিনারি-দা, কিনারা-মুড়, মুড়ি সেলাই-কৃ, সঞ্জাপ-দা, মগজী-দা বা-লাগা।

To **Welter,** *v. n.* Teut. জলে বা কাদায় গড়াগড়ি-দা-গড়া বা -থাক, স্বেচ্ছাপূর্ব্বক গড়াগড়ি-দা।

To **Wem,** *v. a.* Sax. মন্দ নষ্ট বা ভ্রষ্ট-কৃ, দুষ্ট-কৃ, খারাব-কৃ, দাগি-কৃ, সকলঙ্ক-কৃ, বিগড়া।

Wem, *n. s.* Sax. দাগ, কলঙ্ক, দোষ, খুঁত, চিহ্ন।

Wen, *n. s.* Sax. উপমাংস, স্ফীতি, আবু, গোড়।

Wench, *n. s.* Sax. ছুকরী, বালিকা, অবজ্ঞা বা ঘৃণার্থে যুবা স্ত্রী লোককে বুঝায়, খানকী, গস্তানী, ছিনাল।

To **Wench,** *v. n.* বেশ্যাগমন-কৃ, খানকীবাজ-হ, গস্তান বা ছিনাল স্ত্রী লোকের নিকট সর্ব্বদা-যা বা গমনাগমন-কৃ, লোচ্চামি-কৃ।

Wencher, *n. s.* ভ্রষ্ট, নষ্ট, লম্পট, বেশ্যাগামী, খানকীবাজ, লচ্চো, লোচ্চা, রণ্ডীবাজ।

Wenchlike, *a.* খানকী বা বেশ্যার ন্যায় আচার ব্যবহার বা চরিত্র যাহার, গস্তান।

Wennel, *n. s.* ধাড়ির নিকটহইতে ছাড়া হইয়াছে যে ছানা, মা ছাড়া বাচ্চা।

Wennish বা **Wenny,** *a.* আবু বা উপমাংসতুল্য বা তদ্ধর্ম্মক।

Went, *pret. To* Go ক্রিয়ার অতীতকালবাচক পদ।

Went, *n. s.* পথ, রাহা, রাস্তা, মার্গ।

Wept, *pret. To* Weep ক্রিয়ার অতীতকালবাচক পদ।

Were, *To* Be ক্রিয়ার যুষ্মদ্ বা লিঙ্গবাচ্যে বহুবচনান্ত কর্ত্তৃপদে ব্যবহৃত অতীতকালবাচক, ছিলে ছিলেন ইত্যাদি।

Were, *n. s.* ধাড়ি, মাতা, Wear শব্দ দেখ।

Wert, *To* Be ক্রিয়ার অতীতকালবাচক যুষ্মদ্বাচ্যে Thou সর্ব্বনাম শব্দে ব্যবহৃত জানিবে, ছিলি।

Werth, Weorth, Wyrth, স্থানের নামের আদিতে বা অন্তে ব্যবহৃত প্রত্যয়, পটি গ্রাম বা মৌজা বুঝায়, কাছারি।

Wesand, *n. s.* Sax. নলী, টুঁটি, নিশ্বাস প্রশ্বাসের পথ।

Wesil, *n. s.* Wesand শব্দ দেখ।

West, *n. s.* Sax. পশ্চিম, প্রতীচী, যে দিকে সূর্য্য অস্ত হন বা যান তাহা।

West, *a.* পশ্চিমদিকস্থ, পশ্চিমে, পশ্চিমদিকহইতে আগত।

West, *ad.* পশ্চিমে, পশ্চিমদিগে, পশ্চিমাঞ্চলে, কোন স্থানের পশ্চিমভাগে, আরো পশ্চিমে।

To **West,** *v. n.* পশ্চিমদিকে-যা-গম-চল বা-থাক, সূর্য্য অস্ত-হ।

Westering, *a.* পশ্চিমগামী, পশ্চিমাভিমুখী।

Westerly, *a.* পশ্চিমদিকের, পশ্চিমদিকস্থ, পশ্চিমগামী, পশ্চিমাভিমুখ, পশ্চিমা।

Western, *a.* পশ্চিমদিকস্থ, পশ্চিমা, পশ্চিমাঞ্চলীয়, পশ্চিম দেশজ, পশ্চিমসম্বন্ধীয় বা তদ্বিষয়ক।

Westward, *ad.* Sax. পশ্চিমদিকে, পশ্চিম ভাগে, পশ্চিমতরফে, পশ্চিমাভিমুখে।

Westwardly, *ad.* পশ্চিমাভিমুখে, পশ্চিমদিকে মুখ করিয়া বা ফিরিয়া, পশ্চিমদিকে চাহিয়া।

Wet, *n. s.* Got. জল, আর্দ্রতা, রস, জলুয়া বা সপসপ্যার ভাব, বর্ষাকাল।

Wet, *a.* Sax. জলুয়া, আর্দ্র, রসা, ভিজা, সেঁত্সেঁত্যা, জব্জব্যা, শিথিল, বর্ষাযুক্ত।

To **Wet,** *v. a.* জলুয়া-কৃ, আর্দ্র-কৃ, রসা-কৃ, ভিজা, জব্জব্যা-কৃ, সপসপ্যা-কৃ, শিথিল-কৃ, সজল-কৃ, জল বা পানীয় দ্রব্যদ্বারা নরম বা ভিজা-কৃ।

Digitized by Google

Wether, *n. s.* Sax. খাশী, ছিন্নমুষ্ক ভেড়া বা মেষ।

Wetness, *n. s.* আর্দ্রতা, জলুয়ার ভাব বা ধর্ম্ম, সরসত্ব, সজলত্ব, নরমি, ভিজার ভাব বা অবস্থা।

Wetshod, *a.* জুতাপর্য্যন্ত বা তাহার উপরে ভিজিয়াছে বা জল লাগিয়াছে যাহার বা যাহাতে।

To **Wex**, *v. a.* বাড়া, বড়-কৃ, বৃদ্ধি-কৃ জেয়াদা বা অধিক-কৃ।

Wezand, *n. s.* টুঁটী, গলার নলী, নিশ্বাসপ্রশ্বাসবাহিকা চুঙ্গি বা নলী, Wesand শব্দ দেখ।

To **Whack**, *v. a.* আঘাত-কৃ, ঘা-মার, ঘা-লাগা, মার, ঠোক, বোধ হয় যে এ কথা *To* Thwack শব্দের বিকার।

Whale, *n. s.* Sax. Lat. সমুদ্রীয় বৃহৎ মৎস্যবিশেষ, মকর মৎস্য, তিমিমৎস্য, পৃথিবীর মধ্যে যত জন্তু আছে তাহার সর্ব্বাপেক্ষা বৃহৎ যে জন্তু তাহা।

Whalebone, *n. s.* পূর্ব্বোক্ত মৎস্যের কল্লার অস্থি বা কানকুয়া।

Whaly, *a.* ডোরাদার, ডোরাওয়ালা, ডোরার চিহ্ন বা দাগ আছে যাহাতে, ইহার শুদ্ধ লিখন Wealy জানিবে।

Whame, *n. s.* কীটবিশেষ, এক জাতীয় মক্ষিকা।

Whang, *n. s.* Sax. চামড়ার পেটীবিশেষ, তস্মা, চামড়ার থল্যা, ভাঁইড়।

To **Whang**, *v. a.* মার, আঘাত-কৃ, পূর্ব্বোক্ত তস্মা দিয়া-মার বা -পিট।

Whap, *n. s.* চোট্, ঘা, আঘাত, ধাক্কা, মারি, পিটন, থাবড়া, চাপড়, চপেটাঘাত, এশব্দ ইতরভাষায় ব্যবহৃত জানিবে।

Whapper, *n. s.* অসাধারণ বড় বৃহৎ বা প্রকাণ্ড কোন বস্তু বা দ্রব্য।

Wharf, *n. s.* Swed. সমুদ্র বা নদীর ধারে জাহাজ বা নৌকাহইতে জিনিস বা মাল উঠাইবার কাটরা বা ঘাটবিশেষ, কোযে ইতি ভাষা।

Wharfage, *n. s.* পূর্ব্বোক্ত ঘাটের মাসুল খাজানা বা ভাড়া।

Wharfinger, *n. s.* পূর্ব্বোক্ত ঘাটে থাকে যে ব্যক্তি বা তদধ্যক্ষ।

What, *pron.* Sax. Dut. কি, যাহা, যে, যাহা, কোন কিছু, কে, কোনটা, কত, কিপর্য্যন্ত, কিলাগাইৎ, কোনং স্থানে ইহাতে Whatever শব্দের ন্যায় অর্থ হয়, যথা যে কিছু, আর যেখানে ইহা ক্রিয়ার বিশেষণ বুঝায় সেখানে ইহার অর্থ, কিয়দংশ জানিবে, কোন অংশ বা ভাগ, কিছু।

What *though*, তথাপি, তত্রচ, তবু।

What *time* বা **What** *day*. যে সময়ে, যে কালে, যখন, যে দিবসে, যে দিনে, কোন সময়ে বা কালে, কোন দিনে, কখন।

What *ho!* আহ্বানোদ্বোধক অব্যয় শব্দ, অহো, অহে।

Whatever বা **Whatso** বা **Whatsoever**, *pron.* কোন কেহ, যে হউক, যাহা হউক, যে কিছু, যে কেহ হউক, এহা কি উহা, যে সকল, যে কেহ সকলে।

Wheal, *n. s.* স্ফোটক, ব্রণ, ফোড়া, Weal শব্দ দেখ।

Wheat, *n. s.* Sax. গোম, গোধূম, গেঁহু।

Wheaten, *a.* গোমে নির্ম্মিত বা প্রস্তুতীকৃত, গোমবিশিষ্ট, গোধূমময়।

Wheatear, *n. s.* Lat. ক্ষুদ্র পক্ষিবিশেষ।

Wheatplum, *n. s.* ফলবিশেষ।

To **Wheedle**, *v. a.* ভাল বা মিষ্ট কথাদ্বারা-বুঝা বা প্রবৃত্তি-জন্মা, খোসামোদ-কৃ, স্তুতি-কৃ, স্তবস্তোত্রদ্বারা-ভুলা, নরম বা মিষ্ট কথা দ্বারা-ভুলা, দম-দা, ফুসলা।

Wheedler, *n. s.* খোসামুদে, স্তাবক, নরম বা মিষ্ট কথায় ভুলায় যে, মিষ্টমুখো, ফুসলায় যে ব্যক্তি, ভাল মিষ্ট বা নরম কথা কহিয়া প্রবৃত্তি জন্মায় যে।

Wheel, *n. s.* Sax. Dut. চক্র, চাকা, কাটনার কল, চরকা, চক্রগতি, রাশি চক্রবৎ গতি, ফেরণঘুরণ, ঘুরপাক দেওন, গোলাকার বা থালাকার কোন দ্রব্য, চরকী, গাড়ি, চাকার উপর চলে যে গাড়ি, দণ্ডকরণের যন্ত্রবিশেষ, অপরাধি লোককে প্রহার করে যে যন্ত্র দ্বারা তাহা।

To **Wheel**, *v. n.* চাকার উপরে-যা-গম বা-চল, চক্রদ্বারা-ফের-গম বা-চল, চক্রে বা মেরুতে-ঘুর বা-ফির, ঘুরিয়া-আগম, চক্রে-ঘুর, চক্রের গতি-হ, অগ্রে বা সম্মুখে-গড়া, গড়াইয়া-যা বা-চল।

To **Wheel**, *v. a.* চক্রের ন্যায়-চালা বা-ফেরা, ঘুরা, ফিরা, চক্র-দা, চক্র দিয়া-ফিরা বা গতি-করা, গড়াইয়া-ফেল বা-দা।

Wheelbarrow, *n. s.* একচাকার গাড়ি, এক্কা।

Wheeler, *n. s.* চক্রনির্ম্মাতা, চাকা গড়ে যে, চাকা বানায় যে।

Wheelwright, *n. s.* চাকাওয়ালা গাড়ি বানায় যে, চাকাগাড়ি নির্ম্মাতা বা তাহার মেস্ত্রী।

Wheely, *a.* চক্রাকার, চক্রের গতিশীল, চক্র বা চাকার ন্যায় ঘুরে ফিরে চলে বা গড়ায় যে, গড়ান্যা।

To **Wheeze**, *v. n.* Sax. নাক-ডাক, নাক ঘড়্ঘড়-কৃ, নাক ফোঁসং -কৃ।

Whelk, *n. s.* উচ্চ নীচ স্থান বা দ্রব্য, গড়ি, আবু, স্ফীতি, ব্রণ, ফোড়া।

Whelked, **Welked** শব্দ দেখ।

Whelky, *a.* গোল, গোলাকার, ভাঁটা বৎ বা গোলাকৃতি যাহা, আবুয়া, স্ফীত।

To **Whelm**, *v. a.* Got. ঘের, বেড়, জড়া, লেপন-কৃ, লিপ্ত-কৃ, পোত, গাড়, ঢাক, আবৃত-কৃ।

Whelp, *n. s.* Dut. অবজ্ঞা বা ঘৃণার্থে ছেলে বা যুবা লোককেও বুঝায়, কুক্কুরশাবক, কুকুরছানা, কুকুরের বাচ্চা, কোন হিংস্র বা খাদক জন্তুর ছানা, ডম্বুর।

To **Whelp**, *v. n.* ছানা প্রসব-হ, ছানা-বিয়া, সন্তান-জন্মা বা-প্রসব -হ, হিংস্র জন্তুর ছানা-হ।

When, *ad.* Got. কখন, কোন কালে, কোন সময়ে, যখন, কোন নিশ্চিত বা অবধারিত কালে বা সময়ে, যে কালে, যে সময়ে।

Whence, *ad.* কোথাহইতে, কোন স্থানহইতে, কোন ব্যক্তিহইতে, যে স্থানহইতে, কোন কারণে বা জন্যে, যে কারণে, যে নিমিত্তে।

Whencesoever, *ad.* যে কোন স্থানহইতে, যে কোন নিমিত্তে, যে কোন কারণে, যে জন্যে, যে হেতু, যে কারণ বা নিমিত্তে হউক।

Whenever বা **Whensoever**, *ad.* যখনি, যখন, যে কালে, যে সময়ে, যে কোন সময়ে, যে কোন কালে।

Where, *ad.* Sax. কোথায়, কোথাতে, কোন স্থানে, কোন জায়গায়, যে স্থানে, যেখানে, যথায়।

Any where, কোনখানে, কোনস্থানে, কোন জায়গায়।

Whereabout, *ad.* কোন দিকে, কাহার নিকটে, কোন জায়গা বা স্থানের নিকটে, কি নিমিত্তে, কি বিষয়ে, কি সম্বন্ধে, যে স্থানের নিকটে, যে বিষয়ে।

Whereas, *ad.* তদ্বিপরীতে, যে বিষয়ের প্রস্তাব হইয়াছে তাহার প্রতিকূলে বা তাহার উল্টায়।

Whereat, *ad.* যেখানে, যে স্থানে, যথায়, যাহাতে, যত্র।

Whereby, *ad.* কিসে, কিসের দ্বারা, কিপ্রকারে, যদ্দ্বারা, যে প্রকারে।

Digitized by Google

Wherefore, *ad.* যেহেতু, যাহার নিমিত্তে, যে নিমিত্তে, যে কারণে, যস্মাৎ, কি নিমিত্তে, কি কারণে, কি হেতু, কি জন্যে।

Wherein, *ad.* যাহাতে, যে বিষয়ে, কিসে, কাহাতে, কোথায়, কি সেতে।

Whereinto, *ad.* কিসেতে, কি নিমিত্তে, কাহার মধ্যে, যাহাতে, যাহার মধ্যে।

Whereof, *ad.* কাহাতে, কিসে, কিসেতে, কিহইতে, কিসের, যাহাতে, যাহার।

Whereon, *ad.* কাহাতে, কাহার উপর, কিসে, যাহাতে, যাহার উপর।

Whereso বা **Wheresoever,** *ad.* যে স্থানে হউক, যথায় তথায়, যেখানে সেখানে, যেখানেই বা হউক না কেন সেখানে বা তথায়, যে কোন স্থানে।

Wherethrough, *ad.* যাহা দিয়া, যাহা হইয়া, যাহার বা কাহার দ্বারা, কাহার মারফৎ, যাহার মধ্যদিয়া।

Whereto বা **Whereunto,** *ad.* কাহাতে, কাহাকে, যাহাকে, যাহাতে, কিসে, কাহাতে, কি অভিপ্রায়ে, কি কারণে, কি নিমিত্তে।

Wherever, *ad.* যেখানে, যে কোন স্থানে।

Whereupon, *ad.* কাহার উপর, কিসের উপর, যাহাতে, যাহার উপর।

Wherewith বা **Wherewithal,** *ad.* কিসের সহিত, কিসেতে, কিসের দ্বারা, যাহার সহিত, যদ্দ্বারা।

To **Wherret,** *v. a.* Ger. ব্যস্ত-কৃ, তাড়াতাড়ি-কৃ, বিরক্ত-কৃ, ত্যক্ত-কৃ, দেক-কৃ, ঘুসা-মার, ঘুসা-লাগা বা কর্ণমূলে-মার।

Wherret, *n. s.* ঘুসা, ঘুসান, কর্ণমূলে মারণ।

Wherry, *n. s.* ক্ষুদ্র নৌকাবিশেষ, নদীতে ব্যবহৃত হালকি নৌকা।

To **Whet,** *v. a.* Sax. তীক্ষ্ণ-কৃ, ধার-কৃ, তেজ-কৃ, চোকাল-কৃ, চোকা, শাণ-দা, ঘষিয়া তীক্ষ্ণ-কৃ, উষ্মান্বিত বা রাগান্বিত-কৃ, উত্তাক্ত-কৃ।

Whet, *n. s.* শাণ, তেজকরণ, ঘষিয়া তীক্ষ্ণকরণ, যাহাতে ক্ষুধা হয় তদ্দ্রব্য বা বস্তু।

Whether, *ad.* Sax. অথবা, কিম্বা, বা কি না।

Whether, *pron.* দুয়ের মধ্যে কে বা কোনটা, দুয়ের মধ্যে এক।

Whetstone, *n. s.* শাণ প্রস্তর, শীল, শাণ।

Whetter, *n. s.* শাণ দেয় যে, তীক্ষ্ণ করিবার জন্যে অস্ত্র শাণ পাতরে ঘষে যে, শাণকর।

Whey, *n. s.* Sax. মস্তু, মাত, ছানার বা দধির জল, এতদ্ভিন্ন কোন পাতল শুভ্রবর্ণ জলীয় দ্রব্যকে বুঝায়।

Wheyey বা **Wheyish,** *ad.* মস্তুবৎ, মস্তুধর্ম্মক, মাতের ন্যায় বা তত্তুল্য।

Which, *pron.* Sax. কোন, যে, যাহা, যৎ, কি, কোনটা, কোন বিষয়।

Whichsoever, *pron.* যে কিছু, যে কোন, যেটা।

Whiff, *n. s.* Wel. বাতাসের হল্লা বা দমক, ঝোঁক, ফাঁপি, দমকা বাতাস।

To **Whiff,** *v. a.* নিশ্বাসের দ্বারা উড়াইয়া-দা বা-ফেল, বায়ুর দ্বারা ক্ষয়-কৃ, বায়ুর সহিত নির্গত-কৃ, ফুকে-দা, ফুকে-উড়া, উড়িয়া-দা।

To **Whiffle,** *v. n.* সর, লড়, গড়াইয়া-যা বা-পড়, হুড়২ করিয়া-পড়, বাতাসে-উড় বা-লড়।

To **Whiffle,** *v. a.* ফুঁক দিয়া-উড়া, ছড়াইয়া-ফেল, উড়াইয়া-দা, বাতাসে উড়াইয়া-দা বা-ফেল।

Whiffle, *n. s.* প্রাচীন ব্যবহৃত বাঁশীবিশেষ, পর শব্দ দেখ।

Whiffler, *n. s.* নকীববিশেষ, অগ্রে বংশীর ধ্বনি করিয়া যায় বা জানায় যে ব্যক্তি, বাঁশীওয়ালা, বংশীবাদক, তৃণবৎ অর্থাৎ সামান্য কোন লঘু বস্তু বা ব্যক্তি, বাতাসে উড়িয়া যায় যাহা।

Whig, *n. s.* Sax. তক্র, ঘোল, মস্তু।

Whig, *n. s.* রাজকর্ম্মকারিবিশেষ, রাজ্যশাসনের রীতি নিয়ম বা মতবিশেষের পক্ষপাতী, Tory সংজ্ঞক মতাবলম্বিরদিগের বিপরীত মত যাহারদের, কোন দেশের রাজশাসনের বর্ত্তমান নিয়মের বিপরীত যাহারা অথবা তন্মতকে মন্দ বলে বা দোষে যাহারা।

Whiggarchy, *n. s.* Gr. পূর্ব্বোক্ত মতাবলম্বিব্যক্তিরদিগের দ্বারা রাজ্যশাসন।

Whiggish, *a.* পূর্ব্বোক্ত মতবিষয়ক বা তৎসম্বন্ধীয়।

Whiggism, *n. s.* পূর্ব্বোক্ত মতাবলম্বিরদের মত বা অভিপ্রায়।

While, *n. s.* Ger. কাল, সময়, কালের পরিমাণ, কালের ব্যাপকত্ব বা তৎপরিমাণ।

While বা **Whiles** বা **Whilst,** *ad.* Sax. যে সময়ে, যে কালে, যাবৎ, যত কাল, যত ক্ষণ, যদা, যদবধি, যেপর্য্যন্ত।

To **While,** *v. n.* গৌণ-কৃ, গড়িমসি-কৃ, ভাব্যভাবনা-কৃ।

To **While,** *v. a.* বাহির-কৃ, নির্গত-কৃ, ক্ষয়-কৃ, কালে গৌণে বা দীর্ঘ সূত্রতারূপে ব্যয় বা ক্ষয়-কৃ।

Whim, *n. s.* Icel. খেয়াল, খামখেয়াল, মেজাজ অস্থৈর্য্যমত, মনে যখন যাহা উদয় হয় তাহা, আশ্চর্য্য বা অসম্ভব ভাবনা চিন্তা বা মত, অনর্থক লাফান বা চমকান, চিত্তোদ্ভাব, বিভ্রম, অকস্মাৎ আশ্চর্য্য বা অকারণ ভাবনা চিন্তা বাসনা বা অভিপ্রায়, বিবেচনা না করিয়া কোন কল্পনার বা মতের পরিবর্ত্তন।

To **Whimper,** *v. n.* Ger. গ্যান২ বা খ্যান২-কৃ, বালকের ন্যায় ধীরে২-কান্দ বা শব্দ-কৃ, চিঁ২-কৃ, মৃদুস্বরে-কান্দ বা-ডাক।

Whimpering, *n. s.* গ্যান২ শব্দ, চিঁ২ শব্দ, বালকবৎ বা মৃদুস্বরে ক্রন্দন বা শব্দ।

Whimsey, *n. s.* চিত্তোদ্ভাব, ভ্রম, খামখেয়াল, অসম্ভব আশ্চর্য্য বা অদ্ভুত ভাবনা বা চিন্তা বা মনে উদয় হয় যাহা।

To **Whimsey,** *v. a.* অসম্ভব আশ্চর্য্য বা অদ্ভুত চিন্তা বা ভাবনা-কৃ বা তদ্বিশিষ্ট-কৃ।

Whimsical, *a.* চিত্তোদ্ভাবকারী, চিত্তোদ্ভাবক, বিভ্রামক, বিভ্রমজনক, খেয়ালবিশিষ্ট, মনে যাহা উপস্থিত হয় তাহাই কহে বা করে যে বা হয় যাহার, অসম্ভব আশ্চর্য্য বা অদ্ভুত ভাবনা চিন্তা করে যে বা উদয় হয় যাহার, খামখেয়ালী।

Whimsically, *ad.* খেয়ালপূর্ব্বক, চিত্তভ্রমপূর্ব্বক, বিভ্রমরূপে, মনে যাহা আইসে তৎপূর্ব্বক বা তদ্রূপে।

Whimsicalness, *n. s.* চিত্তভ্রম, চিত্তোদ্ভ্রান্ততা, বিভ্রম, খেয়াল, মনে যখন যাহা উদয় হয় তন্মতে চলে বা করে যে ব্যক্তি তদ্ভাব বা তদবস্থা, অকস্মাৎ বিবেচনাকারিত্ব, চিত্তোদ্ভাবকত্ব, বিভ্রামকত্ব।

Whimwham, *n. s.* খেলা, কৌতুক, খেলানা, যৎসামান্য বা হেয় বিষয়, অসম্ভব আশ্চর্য্য বা অদ্ভুত ভাবনা বা চিন্তা, খেয়াল, চিত্তোদ্ভাব, বিভ্রম।

Whin, *n. s.* Wel. বৃক্ষবিশেষ।

To **Whine,** *v. n.* Got. ধীরে বা আস্তে রোদন-কৃ, গুন্২ করিয়া ক্রন্দন-কৃ, মৃদুস্বরে বিলাপ-কৃ, স্ত্রীলোকের ন্যায় রোদন-কৃ।

Whine, *n. s.* ক্রন্দন, বিলাপ।

Whiner, *n. s.* ক্রন্দনকর্ত্তা, বিলাপকর্ত্তা।

Whinny, *a.* Whin নামক বৃক্ষময় বা তদ্দ্বারা আবৃত বা বন হইয়াছে যাহাতে।

Digitized by Google

To Whinny, *v. n.* Lat. ঘোটকবৎ শব্দ বা রব-কৃ, ঘোড়া বা বাচড়ার ডাক-ডাক্।

Whinyard, *n. s.* Sax. অবজ্ঞা বা ঘৃণার্থে অসি বা তলবার বুঝায়।

To Whip, *v. a.* Sax. চাবুক-মার, কশাঘাত-কৃ, চাবুক-মার, চাবুক দ্বারা-হাঁটা বা-চালা, চাবুক বা কোড়ার দ্বারা প্রহার-কৃ, ছাঁক, অল্প সেলাই-কৃ, সূচিতে বদ্ধ-কৃ, ঠাট্টা-কৃ, অবক্ষেপ-কৃ, ব্যঙ্গোক্তি বা ঠাট্টাদ্বারা প্রহার-কৃ বা পীড়া-দা, বেষ্টন-কৃ, জড়া, মোড়ক -কৃ, আস্তে বা ধীরে-লওয়া বা টানিয়া-লওয়া।

To Whip, *v. n.* আস্তে বা ধীরে-লড় বা-সর।

Whip, *n. s.* Sax. কশা, চাবুক, কোড়া, প্রহারাস্ত্র।

Whip *and Spur*, অতিত্বরায়, অত্যন্ত ব্যস্ত হইয়া, অতিশীঘ্র, বড় তাড়াতাড়ি।

Whipcord, *n. s.* চাবুকের বা কোড়ার অগ্রভাগ, কোড়ার দড়ি।

Whipgrafting, *n. s.* বৃক্ষের কলমবিশেষ।

Whiphand, *n. s.* ব্যাপকতা, ছল।

Whiplash, *n. s.* চাবুকের অগ্রভাগ, কোড়ার দড়ি বা তদগ্রভাগ।

Whipper, *n. s.* কোড়াওয়ালা, চাবুকওয়ালা, কোড়াবরদার।

Whipping, *n. s.* মারণ, প্রহারকরণ, কোড়া মারণ, চাবুক দেওন বা লাগান, চাবুকদ্বারা প্রহার বা মারণ।

Whipping-post, *n. s.* প্রহারস্তম্ভবিশেষ, যে কাষ্ঠে বা থামে বান্ধিয়া কোড়া বা চাবুক মারে তাহা।

Whipsaw, *n. s.* বড় করাতবিশেষ।

Whipstaff, *n. s.* জাহাজের হালিতে বদ্ধ কাষ্ঠবিশেষ যদ্দ্বারা হালিয়া জাহাজ চালায় বা ফিরায়।

Whipster, *n. s.* ক্ষিপ্র বা চালাক মানুষ।

Whipstock, *n. s.* চাবুক, চাবুক বা কোড়ার হাতল বা বাঁট।

Whipt, Whipped বৎ অর্থ জানিবে।

To Whir বা *To* Whirry, *v. n.* চীৎকার শব্দ করত-চল-গম-ঘুর -ফের বা-পাক-দা, যে পক্ষী ডাকিতেং উড়িয়া যায় তাহাকে বুঝায়।

To Whir, *v. a.* ত্বরা-কৃ, তাড়াতাড়ি-কৃ, জলদী-কৃ।

To Whirl, *v. a.* Icel. ঘুরা, পাক-দা, পাক-পাড়া, ঘূর্ণমান-কৃ।

To Whirl, *v. n.* ঘুর, পাক-পাড়, ঘূর্ণমান-হ, ঘুরপাক-দা বা-খা, ত্বরা দ্রুত বা শীঘ্র গতি-কৃ বা-চল।

Whirl, *n. s.* পাক, ঘুরণি, ঘুরপাক, ঘূর্ণমান কোন বস্তু, ঘুরপাক পাড়ে যে।

Whirlbat, *n. s.* ফিঙ্গাবিশেষ, ঘুরিয়া মারে যে বস্তুদ্বারা তাহা, ঘুরপাক দিয়া মারা বা ফেলা যায় যাহা তাহা।

Whirlbone, *n. s.* পাদাস্থিবিশেষ, হাঁটুর খুলি।

Whirligig, *n. s.* বালকের ক্রীড়া দ্রব্যবিশেষ, লাটীম।

Whirlpit বা Whirlpool, *n. s.* Sax. ঘূর্ণ জল, পাক দিয়া চলে যে জল তাহা, ঘোল, দহ।

Whirlwind, *n. s.* Ger. ঘূর্ণ বাতাস।

Whirring, *To* Whir শব্দ দেখ।

Whisk, *n. s.* Ger. মার্জনীবিশেষ, ছোট ঝাঁটা বা ঝাড়ু, কোঁস্তা, স্ত্রীলোকের পরিচ্ছদাংশবিশেষ, গতিবিশেষ, দৌড়, দমক, ঝাপটা।

To Whisk, *v. a.* ঝাঁটা-দা, ঝাড়ু-কৃ, কোঁস্তাদ্বারা পরিষ্কার-কৃ, তাড়াতাড়ি বা খুরখুর করিয়া-চল বা-হাঁট।

To Whisk, *v. n.* দৌড়া, দ্রুত গতি-কৃ-চল বা-গম।

Whisker, *n. s.* গোপ, মোচ।

Whiskered, *a.* মোচওয়ালা, গোঁপওয়ালা।

Whisky, *n. s.* জল, আরক।

To Whisper, *v. n.* Dut. ফুস্ফুষ করিয়া-কথ বা-বচ, কাণেং কথা -কথ, কাণ ফুস্ফুষানি-দা, কাণাকাণি-কৃ।

To Whisper, *v. a.* আস্তে বা মৃদুস্বরে-কথ বা-বচ, গোপনে-লওয়া বা প্রবৃত্তি-জন্মা।

Whisper, *n. s.* ফুস্ফুষাণি, কাণেং কথা কহন, কাণে ফুস্ফুষ দেওন বা করণ, কাণেং কথন, আস্তে বা সুস্তে কথন বা বাক্য।

Whisperer, *n. s.* বিজ্ঞাপনকর্ত্তা, সমাচারকর্ত্তা, সমাচারদাতা, সম্বাদকর্ত্তা, আস্তে বা সুস্তে বা কর্ণে কথা কহে যে ব্যক্তি, গোপনে কহে বা বলে যে, গুহ্য কথা কহে যে, গুপ্ত কথা ব্যক্তকর্ত্তা, গোয়েন্দা, জাস্ত।

Whispering, *n. s.* আস্তে বা সুস্তে কথন বলন বা বাক্য, সাবধানে কথা কহন, সাবধানের কথা, গুপ্ত কথা, কাণাকাণি।

Whisperingly, *ad.* আস্তে বা সুস্তে কথা কথনপূর্ব্বক, মৃদুস্বরে কাণাকাণি করিয়া বা হইয়া।

To Whist, *v. a.* চুপ-করা, নীরব-কৃ, থামা, স্থগিত-কৃ।

To Whist, *v. n.* চুপ-কৃ, চুপ-হ, মৌনী-হ, অবাক্-হ, থাম, স্থগিত -হ।

Whist, *interj.* অব্যয় শব্দ, চুপ, চুপ কর বা স্থির হও ইত্যাদ্যর্থক জানিবে।

Whist, *n. s.* তাস ক্রীড়াবিশেষ।

To Whistle, *v. n.* Sax. শীষ-দা, ক্ষুদ্র বাঁশীদ্বারা সুর-কৃ, শীটী -দা।

To Whistle, *v. a.* বাঁশী-বাদ, বাঁশীধ্বনি-কৃ, বাঁশির সুরে-গাথ, কর্কশধ্বনি-কৃ, শীষ দিয়া-ডাক, মুখে শীষ-দা।

Whistle, *n. s.* Sax. শীষ দিয়া ডাকন, শীষ দেওন, শীষ, বাতাসের শব্দ, সোঁসোঁ শব্দ, শীকারীরদিগের ব্যবহৃত শব্দবিশেষ।

Whistler, *n. s.* শীষ দেয় যে, শীষ দিয়া ডাকে যে।

Whistly, *ad.* চুপ করিয়া, নীরব হইয়া, মৌনত্বরূপে।

Whit, *n. s.* Sax. যৎকিঞ্চিৎ কোন দ্রব্য বা বিষয়, ফোঁটা, বিন্দু, শূন্য।

White, *a.* Sax. মেঘানাচ্ছন্ন, পরিষ্কার, খোলাসা, সাদা, শুভ্র, শুভ্রবর্ণ, ফিকা বা সিঠাবর্ণ যাহার, নির্ম্মল, নির্দোষ, বৃদ্ধ, প্রাচীন, সাদা চুলো, গোঁপদাড়ি পাকিয়াছে যাহার।

White, *n. s.* শুভ্রত্ব, শাদা, সফেদা, শুভ্রবর্ণ, চিহ্ন, দাগ, লক্ষ, তির মারে বা লেস্ত করে যাহার উপর, ডিমের শুভ্র ভাগ, চক্ষের সাদা ভাগ বা ক্ষেত্র।

To White, *v. a.* সাদা-কৃ, শুভ্র-কৃ, শাদা রং-কৃ, চুণ-ফিরা, কলি -দা, কলি দিয়া সাদা-কৃ।

Whitelead, *n. s.* সফেদা।

Whitelimed, *a.* চুণকাম করা, চুণ দেওয়া, চুণে ঢাকা।

Whitelivered, *a.* হিংসু, দ্রোহী, পরশ্রীকাতর, মন্দকারী, দ্বেষী, জিঘাংসু, ভীরু, ভয়যুক্ত, ভীত।

Whitely, *a.* শুভ্রপ্রায়, ঈষৎ শুভ্র।

Whitemeat, *n. s.* দুগ্ধদ্রব্য, দুগ্ধাহার, দুগ্ধে কৃত বা জাত খাদ্য দ্রব্য।

To Whiten, *v. a.* শাদা-কৃ, শুভ্র-কৃ, শ্বেত-কৃ, ফরসা-কৃ, শুভ্রবর্ণ-কৃ।

To Whiten, *v. n.* শুভ্র-হ, শাদা-হ, শ্বেতবর্ণ-হ।

Whitener, *n. s.* শুভ্রকর্ত্তা, পরিষ্কার বা শুভ্রবর্ণ করে যে, কোন দ্রব্য শাদা বা শুভ্র করে যে।

Whiteness, *n. s.* শুভ্রতা, শ্বেতত্ব, শুক্লত্ব, শুক্লিমা, সফেদী, ফিকা বা সিঠার বর্ণ বা তদ্ভাব, পরিষ্কারত্ব, শুদ্ধত্ব, নৈর্ম্মল্য।

Whitepot, *n. s.* আহারবিশেষ, একপ্রকার আহারীয় দ্রব্য।

Whites, *n. s.* শ্বিত্র, রোগবিশেষ, একপ্রকার রস রক্তের বিকার।

Digitized by Google

Whitethorn, *n. s.* একজাতীয় কণ্টক।

Whitewash, *n. s.* কলি, কলিচূণ, চূণকাম, চূণকাম হয় যদ্দ্বারা, কলি বা চূণের লেপ, শরীর সাদা করিবার নিমিত্তে ব্যবহৃত রং বা লেপবিশেষ।

To **Whitewash,** *v. a.* চূণকাম-কৃ, কলি-দা, কলি-ফিরা, শাদা-কৃ, শুক্ল-কৃ, কলিচূণ-লিপ।

Whitewine, *n. s.* শুক্লবর্ণ মদ্যবিশেষ।

Whither, *ad.* Sax. কোন স্থানে, কোথায়, কোন জায়গায়, কোন দিকে, কোনখানে, কম্‌নে, কিপর্য্যন্ত।

Whithersoever, *ad.* যে কোন স্থানে, যথাতথা, যে কোন জায়গায় বা স্থানে।

Whiting, *n. s.* Dut. সমুদ্রীয় ক্ষুদ্র মৎস্যবিশেষ, একপ্রকার খড়িমাটী।

Whitish, *a.* ঈষৎ শ্বেতবর্ণ, শ্বেতপ্রায়, ঈষৎ শ্বেত শুক্ল বা পাণ্ডুর।

Whitishness, *n. s.* ঈষৎ শ্বেতবর্ণত্ব, শ্বেতপ্রায়তা, ঈষৎ শ্বেততা, ঈষৎ শুক্লতা বা পাণ্ডুরতা।

Whitleather, *n. s.* শাদা চামড়া, ফট্‌কিরিদ্বারা রং করা কোন চর্ম্ম।

Whitlow, *n. s.* Sax. কুণই, নখশূল।

Whitsour, *n. s.* একজাতীয় ফল।

Whitster বা **Whiter,** *n. s.* Whitener শব্দ দেখ।

Whitsul, *n. s.* গ্রাম্য ভাষাবিশেষ।

Whitsun, *a.* পরশব্দ সংজ্ঞক পর্ব্বাহে ব্যবহৃত বা প্রতিপালিত।

Whitsuntide, *n. s.* য়িহুদিরদিগের পর্ব্বাহ বা উৎসববিশেষ।

Whittentree, *n. s.* একজাতীয় বৃক্ষ।

Whittle, *n. s.* Sax. অস্ত্র বা ছুরিকাবিশেষ।

To **Whittle,** *v. a.* পূর্ব্বোক্ত ছুরিকাদ্বারা-কাট।

Whitybrown, *a.* পাঁশকুটেরং, পাংশুবর্ণ।

To **Whiz,** *v. n.* ফোঁসং বা শোঁং শব্দ-কৃ, সনং বা ভণ্‌ং শব্দ-কৃ।

Whiz, *n. s.* ফোঁসং শোঁং বা ভণ্‌ং শব্দ বা ধ্বনি।

Who, *pron.* কে, কোন ব্যক্তি, কেটা, যিনি, যে।

Whoever, *pron.* যে কেহ, কোন কেহ, কোন ব্যক্তি, যে যে।

Whole, *a.* Sax. সমুদয়, সকল, সমস্ত, সর্ব্ব, তাবৎ, যাবদীয়, সব, সারা, দরোবস্ত, তামাম, সমুচ্চয়, পূর্ণ, কোন পীড়া ক্লেশ বা বেদনাহইতে সুস্থ বা ভাল যে।

Whole, *n. s.* সমুচ্চয়ত্ব, সাকল্য, সামুদয়িকত্ব, সর্ব্বত্ব, পূর্ণত্ব, তাবত্ত্ব, যাবদীয়ত্ব, নিয়ম, বন্দোবস্ত।

Wholesale, *n. s.* থোকে বিক্রয়, মোটে বিক্রী, এককালে অনেক বিক্রয়, সমুচ্চয়ত্ব, তাবৎ এককালে ক্রয় বা বিক্রয়।

Wholesale, *a.* এককালে মোটে বা থোকে ক্রয় বা বিক্রয় হয় যাহা বা করে যে।

Wholesome, *a.* Dut. সুস্থ, গুণযুক্ত, গুণকারক, উত্তম, ভাল, স্বাস্থ্যজনক, উপকারক, উপাদেয়, মনোহর, অনুকূল, মঙ্গলদায়ক।

Wholesomely, *ad.* হিতকারিত্বরূপে, সুখদায়কত্ব বা স্বাস্থ্যজনকত্বরূপে, গুণকারকত্ব বা উপকারকত্বরূপে, উত্তমরূপে, মঙ্গলদায়কত্বরূপে।

Wholesomeness, *n. s.* স্বাস্থ্যজনকতা, হিতকারিত্ব, গুণকারকত্ব, গুণদায়কত্ব, সুপথ্যতা, গুণযুক্ততা, উত্তমতা, মঙ্গলদায়কত্ব, উপকারকত্ব।

Wholly, *ad.* পূর্ণরূপে, সম্পূর্ণরূপে, সংপূর্ণে, তাবতে, তাবদ্রূপে, সর্ব্বতোভাবে, সর্ব্বথা, অশেষ বিশেষরূপে, গড়ে, সাপটে, আদ্যোপান্তে, গোড়াগুড়ি, সমুচ্চয়ে, সমুদয়ে, একাদিক্রমে, অবচ্ছেদাবচ্ছেদে।

Whom, Who, সর্ব্বনাম শব্দের কর্ম্ম পদ, কাহাকে, কাহারদিগকে, যাহাকে, যাহারদিগকে।

Whomsoever, *pron.* যে কোন ব্যক্তি, যে কোন লোক, কোন কেহ, যে হউক, যে কেহ।

Whoobub, *n. s.* Hubbub শব্দ দেখ।

Whoop, *n. s.* ধাবমান হওত চীৎকার শব্দকরণ বা ডাকন বা তচ্ছব্দ, পক্ষিবিশেষ, রব, উচ্চৈঃস্বরে ডাকন, এতদ্ভিন্ন Hoop শব্দ দেখ।

To **Whoop,** *v. n.* উচ্চৈঃস্বরে-ডাক বা শব্দ-কৃ, চীৎকার শব্দ-কৃ।

To **Whoop,** *v. a.* অস্বীকার বৈরক্ত্য বা ঘৃণোদ্বোধক শব্দ-কৃ, দূরং-কৃ।

To **Whoot,** *v. n.* গ্লানি অপমান বা অবজ্ঞার্থে কোন ব্যক্তির পশ্চাৎ চীৎকার শব্দ বা ধ্বনি-কৃ বা এতচ্ছব্দ করত দূরং-কৃ, ইহা ভিন্ন *To* Hoot শব্দ দেখ।

To **Whoot,** *v. a.* পূর্ব্বোক্ত ধ্বনিদ্বারা অপমান-কৃ, দূরং-কৃ।

Whore, *n. s.* Sax. কসবী, কুলটা, বেশ্যা, বারাঙ্গনা, খানকী, গস্তানী, ছিনালিয়া, পরপুরুষগামিনী, পুংশ্চলী, ব্যভিচারিণী, পরপুরুষের সহিত অসদ্ভাবে আলাপ করে যে স্ত্রী, কসব করে যে স্ত্রী।

To **Whore,** *v. a.* ছিনালী-করা, কসব-করা, খানকী বা বারাঙ্গনার বৃত্তি-করা, সতীত্বনাশ-কৃ, ভ্রষ্টা-কৃ।

To **Whore,** *v. n.* গস্তানপনা-কৃ, ছিনালী-কৃ, ব্যভিচার-কৃ, ব্যভিচারিণী-হ, ভ্রষ্টা-হ।

Whoredom, *n. s.* লাম্পট্য, রাঁড়বাজি, খানকীবাজি, কসব, বেশ্যাগমন, ব্যভিচার, ভ্রষ্টতা, নষ্টতা, লচোমী।

Whoremaster বা **Whoremonger,** *n. s.* খানকীবাজ, বেশ্যাগামী, লম্পট, লোচ্চা, ভ্রষ্ট, নষ্ট।

Whoreson, *n. s.* বেশ্যার সন্তান, জারজ পুত্র।

Whorish, *a.* নষ্ট, দুষ্ট, ব্যভিচারিণী, অসতী, গস্তানী, ছিনালিয়া, খানকী বা বেশ্যাবৎ বা তদ্রূপ আচার ব্যবহার বা চালি যাহার বা করে যে, পরপুরুষগামিনী।

Whorishly, *ad.* বেশ্যা কুলটা বা খানকীর আচার ব্যবহার চালি বা ধর্ম্মানুসারে বা তৎপূর্ব্বক।

Whorishness, *n. s.* বেশ্যা কুলটা বা পুংশ্চলীর ভাব অবস্থা বা ধর্ম্ম বা তদাচার ব্যবহার বা কর্ম্ম।

Whortleberry, *n. s.* Sax. ক্ষুদ্র বৃক্ষবিশেষ।

Whose, *n. s.* Who বা Which সর্ব্বনাম শব্দের ষষ্ঠ্যন্ত পদ, কাহার, কোন ব্যক্তির, কাহারদিগের, যাহার, যাহারদিগের, কিসের।

Whoso বা **Whosoever,** *pron.* কোন কেহ, কেহ, যে কেহ, যে কোন ব্যক্তি বা লোক।

To **Whur,** *v. n.* র অক্ষর অতিশয় বেগপূর্ব্বক বা কঠোর রবে উচ্চারণ-কৃ, উচ্চারণ-কৃ।

Whurt, *n. s.* ফলবিশেষ বা তদ্বৃক্ষ।

Why, *ad.* Sax. কেন, কি কারণে, কি নিমিত্তে, কি জন্যে, কিমর্থে, যে নিমিত্তে, যদর্থে।

Why, *n. s.* Dan. বৎস, গোবৎস, ছোট বকনা।

Whynot, *ad.* অবর ভাষায় অকর্ত্তব্য বা অবিবেচনার কর্ম্মসম্বন্ধে ব্যবহৃত কেন বা কেননা বুঝায়।

Wi, Sax. পুণ্যবান্, পুণ্যাত্মা, নির্ম্মল, শুদ্ধ।

Wic বা **Wich,** Sax. চড়ার উপর গ্রাম বা বসতি, নদীর টেঁক বা বাঁকের উপর স্থান গ্রাম বা গড় বুঝায়।

Wick, *n. s.* Sax. বর্ত্তী, বাতী, শলিতা, পলিতা।

Wicked, *a.* দুষ্ট, নষ্ট, পাপী, পাপাত্মা, দুরাত্মা, দুরাচার, কুক

Digitized by Google

র্ম্মী, অধর্ম্মী, অধম, ছেচড়া, ঠেঁটা, লট্‌খটে, উৎপাত্যে, অভিশপ্ত, দুরন্ত, দুঃশীল, অপকারী, মন্দকারী।

Wickedly, *ad.* পাপাত্মা দুরাত্মা অধর্ম্মী কুকর্ম্মী বা দুরাচার ব্যক্তির ভাব বা ধর্ম্মানুসারে, দুষ্কর্ম্ম নষ্টতা বা দুষ্টতারূপে।

Wickedness, *n. s.* দুষ্টতা, নষ্টতা, দুষ্কর্ম্ম, পাপ, দুরাচারিতা, অপকর্ম্ম, দুরাত্মতা, অধার্ম্মিকতা, অধমত্ব, দুঃশীলত্ব, মন্দকারিতা, অপকারিতা।

Wicker, *a.* Dan. শলা, চাচাড়ি, কাটি, কঞ্চি বা ছড়িতে নির্ম্মিত লঘু কোন দ্রব্য।

Wicket, *n. s.* Fr. ছোটকপাট বা দ্বার, খিড়কিদ্বার, ক্ষুদ্রকপাট বা ফটক, ক্রীড়া দ্রব্যবিশেষ।

Wicliffite, *n. s.* উইক্লিফনামক ধর্ম্মপরিবর্ত্তকের মতাবলম্বিবিশেষ।

Widdy, Withy শব্দ দেখ।

Wide, *a.* Sax. Dut. চৌড়া, প্রশস্ত, বিস্তীর্ণ, চেটাল, দরাজ, দূরস্থ, অন্তর, ভ্রান্ত, বিপথগামী, ভিন্ন, অন্যথাকারী, অন্য ভাবাক্রান্ত।

Wide, *ad.* দূরে, তফাতে, অন্তরে, প্রশস্তে, আয়ত্ত বা বিস্তীর্ণরূপে, প্রশস্তরূপে।

Widely, *ad.* তথা।

To **Widen**, *v. a.* প্রশস্ত বিস্তীর্ণ চৌড়া ফালাউ আয়ত চেটাল ওসার বা দরাজ-কৃ, বড়-কৃ।

To **Widen**, *v. n.* প্রশস্ত বিস্তীর্ণ চৌড়া আয়ত চেটাল ওসার বা দরাজ-হ।

Wideness, *n. s.* প্রশস্ততা, চৌড়াই, প্রস্থ, বহর, পরিসর, ওসার, আয়ততা।

Widgeon, *n. s.* পানকৌড়িবৎ জলচর পক্ষিবিশেষ।

Widow, *n. s.* Sax. স্বামিহীনা, বিধবা, রাঁড়, মৃতভর্ত্তৃকা, রাঁড়ী।

To **Widow**, *v. a.* বিধবা-কৃ, রাঁড়-কৃ, ভর্ত্তৃহীনা-কৃ, বিধবার অংশ স্বার্থ বা প্রাপ্য বস্তু-দা, অপহরণ-কৃ, নির্ধন-কৃ, উত্তম কোন দ্রব্য বস্তু বা ঐশ্বর্য্য হরণ বা বর্জিত-কৃ।

Widower, *n. s.* ডেঙ্গো, স্ত্রী মরিয়াছে যাহার, মাগুরাঁড়িয়া।

Widowhood, *n. s.* বৈধব্যাবস্থা, বৈধব্য, রণ্ডাবস্থা, রাঁড়ের ভাব ধর্ম্ম বা অবস্থা।

Widowhunter, *n. s.* বিধবার ধন সম্পত্তি বা বিষয় অন্বেষণকারী বা চেষ্টক, বিধবার ধনাকাঙ্ক্ষী বা তদ্ধন প্রাপণার্থে বিবাহকরণেচ্ছু ব্যক্তি।

Widowmaker, *n. s.* স্বামিহন্তা, স্বামিনাশ করে যে বা তদভিপ্রায়ে ফিরে যে, রাঁড় করে যে, বিবাহিত স্ত্রীর স্বামিকে মারিয়া সে স্ত্রীকে বিধবাকর্ত্তা।

Widow-wail, *n. s.* ক্ষুদ্র বৃক্ষবিশেষ।

Width, *n. s.* চৌড়াই, আয়ততা, প্রশস্ততা, এশব্দ অপরভাষায় ব্যবহৃত জানিবে।

To **Wield**, *v. a.* Sax. অনায়াসে নির্ব্বাহ-কৃ, স্বাধীন বা অনায়াস পূর্ব্বক গ্রহণ বা ব্যবহার-কৃ, চালা, লাড়াচাড়া-কৃ, ফিরা, আয়ত্ত-কৃ, ব্যঙ্গার্থে হস্তগত-কৃ বুঝায়।

Wieldless, *a.* অনির্ব্বাহ্য, অনির্ব্বাহকরণীয়, অবশীভূত ভবনীয় বা করণীয়, বশ নির্ব্বাহ বা সম্পন্ন হয় না বা করা যায় না বা লাড়াচাড়া যায় না যাহা বা তদ্যোগ্য নহে যে।

Wieldy, *a.* সামান্য, সম্পন্নকরণীয় বা ভবনীয়, হালুকা, ভারি নহে যাহা, অনায়াসে লাড়াচাড়া যায় যাহা।

Wiery, *a.* তারনির্ম্মিত, তারে গ্রন্থিত, তানায় যোড়া বা নির্ম্মিত, গুণটানা, গুণাওয়ালা।

Wife, *n. s.* Sax. গৃহিণী, স্ত্রী, পত্নী, জায়া, ভার্য্যা, দারা, মাগু, বিবাহিতা স্ত্রী, চরণদাসী, সেবিকা, ক্ষুদ্র কর্ম্মে নিযুক্তা স্ত্রী।

Wifehood, *n. s.* স্ত্রীত্ব, স্ত্রী বনিতা জায়া বা দারার অবস্থা ভাব কর্ম্ম বা ধর্ম্ম।

Wifeless, *a.* স্ত্রীবিহীন, অস্ত্রীক, স্ত্রী নাই যাহার, নিমাগুয়া, আইবড়।

Wifely, *a.* স্ত্রীর যোগ্য, স্ত্রীর কর্ত্তব্য, পত্নীর উপযুক্ত।

Wig, *n. s.* প্রত্যয় পদ, মনুষ্যের নামের অন্তে যোগ করিলে বীর যোদ্ধা বা পরাক্রমশালী বুঝায়।

Wig, *n. s.* উপকেশ, পরচুলা, মস্তকে পরিহিত পরচুলা, একপ্রকার পুপবিশেষ।

Wight, *n. s.* Sax. অবজ্ঞায় ঘৃণার্থে বা হেয়জ্ঞানে কোন মানুষ বা তন্নাম বুঝায়।

Wight, *a.* Got. ক্ষিপ্র, চালাক, দ্রুত।

Wight, মনুষ্যের নামের সংক্ষেপ লিখন, শক্ত দৃঢ় সজোর সবল জোরবার বা বলবান্ বুঝায়।

Wightly, *ad.* ক্ষিপ্রতা দ্রুততা বা ত্রস্ততা বা চালাকীপূর্ব্বক।

Wild, *a.* Sax. Dut. অবাধ্য, অবশ্য, অবশীভূত, আপোষা, বন্য, জঙ্গলী, অশিষ্ট, অসভ্য, গোঁয়ার, স্বাভাবিক জনিত বা উৎপাদিত, নির্জন, মনুষ্যহীন, ওয়রাণ, পতিত, উজাড়, গণ্ডগোলিয়া, দুন্দে, মাতাপাগলা, দাঙ্গাবাজ, হুড়ে, হঙ্গামী, তুফানী, ঝড় বা দুর্য্যোগবিশিষ্ট, কামুক, লম্পট, চঞ্চল, চুলবুলে, আশ্চর্য্য, অদ্ভুত, কদাকার, অপরিমিত, খোলা, এলো, অরীতিজ্ঞ, খেয়ালিয়া, কল্পিত, মানসিক, স্বয়ংজাত।

Wild, *n. s.* জঙ্গল, বন, অরণ্য, পতিত বা নির্জন ভূমি বা দেশ, নির্জন স্থান।

Wild *Basil*, *n. s.* ক্ষুদ্র বৃক্ষবিশেষ।

Wild *Cucumber*, *n. s.* বৃক্ষবিশেষ।

Wild *Olive*, *n. s.* বৃক্ষবিশেষ।

Wild *Service*, *n. s.* বৃক্ষবিশেষ।

To **Wilder**, *v. a.* দিগ্‌ভ্রমণ-কৃ, পথ-হারা, ভ্রান্ত হইয়া-ফির বা পর্য্যটন-কৃ, ভ্রম বা ভুল-কৃ, পথ হারাইয়া-ফির বা তদ্দ্বারা হয়রাণ বা ক্লিষ্ট-কৃ, উৎপাতগ্রস্ত-কৃ।

Wilderness, *n. s.* বন, অরণ্য, জঙ্গল, নির্জন স্থান, বন্য পশ্বাদি থাকে যে স্থানে তাহা।

Wildfire, *n. s.* জ্বলনশীল দ্রব্য সংযোগবিশেষ, যাহাতে ত্বরায় আগুন লাগে আর অনায়াসে নির্ব্বাণ হয় না তাহা।

Wildgoosechase, *n. s.* পণ্ডশ্রম, বৃথা বা অনর্থক চেষ্টা, অপ্রাপণীয় দ্রব্য বা বস্তু, যে বস্তু প্রাপণার্থে চেষ্টা বা তৎপশ্চাদ্ধাবমান হইলে প্রাপ্ত হয় না তাহা।

Wilding, *n. s.* Dut. ফলবিশেষ।

Wildly, *ad.* গরআবাদপূর্ব্বক, বিনা কর্ষণপূর্ব্বক, বিনা চাসে, অবশ্যরূপে, গোলমালে, বিনা মনোযোগে, অবিবেচনাপূর্ব্বক, অসাবধানে, চাঞ্চল্যরূপে, নির্ব্বোধ বা অজ্ঞানপূর্ব্বক, মূর্খতাপূর্ব্বক, পশুত্বরূপে, অপরিমিতরূপে, যদৃচ্ছারূপে।

Wildness, *n. s.* বন্যত্ব, মূঢ়তা, ওখড়াখোকড়া অকৃষ্ট বা পতিত ভূমির ভাব অবস্থা বা আকার, অকৃষ্টত্ব, কঠিনত্ব, অসভ্যতা, অশিষ্টতা, অশিষ্টাচার, বেআদবি, পশুত্ব, অজ্ঞানত্ব, মূর্খত্ব, অবশ্যতা, অবশীভূতত্ব, অস্থৈর্য্য, চাঞ্চল্য, অপরিমিতত্ব, ভ্রান্তি, বিপথ গমন।

Wile, *n. s.* Sax. জুয়াচুরি, প্রতারণা, প্রবঞ্চনা, ছল, ফাকি, বাহানা, শঠতা, ধূর্ত্ততা, চাতুরী, ঠগামি।

To **Wile**, *v. a.* Icel. Sax. ঠকা, প্রবঞ্চনা প্রতারণা শঠতা বা ধূর্ত্ততা-কৃ, ফাকি-দা, ভুলা, জুয়াচুরি-কৃ, ভাঁড়া।

Wilful, *a.* স্বেচ্ছাচারী, একগুঁয়ে, তেড়া, ঠেঁটা, স্বতন্ত্র আপন মনে

Digitized by Google

বা বুদ্ধিতে কর্ম্ম করে বা চলে যে, স্বেচ্ছাধীন, স্বেচ্ছায় কৃত, স্ব কৃত, অভিপ্রেত।

Wilfully, *ad.* স্বাতন্ত্র্যরূপে, স্বেচ্ছাপূর্ব্বক, মগরামিপূর্ব্বক, ইচ্ছাপূর্ব্বক, অভিপ্রায় বা মতলব করিয়া, যদিচ্ছা তৎপূর্ব্বক, স্বেচ্ছাচারিত্বরূপে, খাম্‌খা।

Wilfulness, *n. s.* স্বতন্ত্রতা, মগরামি, একগুঁয়েমি, স্বেচ্ছাচারিত্ব, ঠেঁটামি, অবাধ্যতা, বিপথগামিতা, মাথাটানা বা মাথাপাগলার ভাব।

Wilily, *ad.* প্রতারণা প্রবঞ্চনা ছলনা বা ফাকিপূর্ব্বক বা তদনুসারে।

Wiliness, *n. s.* ধূর্ত্ততা, চাতুরী, শঠতা, দুষ্টামি, নষ্টামি, প্রতারণা প্রবঞ্চনা বা ছলনা করে যে তাহার ভাব ধর্ম্ম বা কর্ম্ম।

Wilk, *n. s.* Sax. জলচর জন্তুবিশেষ, একপ্রকার সমুদ্রীয় শামুক বা ঝিনুক।

Will, *n. s.* Sax. Dut. ইচ্ছা, পছন্দ, মর্জি, খুসী, স্বেচ্ছা, আপন অভিপ্রায় বিবেচনা বা খুসী, হুকুম, আজ্ঞা, মতলব, অভিপ্রায়, মত, ক্ষমতা, শক্তি, পরাক্রম, শাসন, ভগবৎস্বেচ্ছা, মুমূর্ষু ব্যক্তির দানপত্র বা লিখন, মরণের পূর্ব্বে আপন বিষয় বা বিভবের বন্দোবস্ত, উত্তরাধিকার পত্র, উইল ইতি চলিত ভাষা।

Good-will, অনুগ্রহ, হিতেচ্ছা, মঙ্গলেচ্ছা, দয়া, আনুকূল্য, যথার্থাভিপ্রায়, উৎপন্ন লাভ বা মুনাফা।

Ill-will, দ্বেষ, ঈর্ষা, দ্রোহ, জিঘাংসা, অসূয়া, অহিতেচ্ছা, মাৎসর্য্য।

Will *with a wisp*, *n. s.* আলায়াবিশেষ।

To **Will**, *v. a.* Got. ইচ্ছা-কৃ, অভিলাষ-কৃ, বাঞ্ছা-কৃ, নিশ্চয়-কৃ, হুকুম-কৃ, অনুজ্ঞা বা আদেশ-কৃ, হুকুম-দা, অনুজ্ঞাদান-কৃ, ভবিষ্যৎকালবাচক ক্রিয়ার প্রত্যয়।

To **Will**, *v. n.* ইচ্ছা-হ, অভিপ্রায় ব্যক্ত-কৃ, উইলনামক পত্রদ্বারা আপন বিষয় বা বিভব দান-কৃ বা তদ্দ্বারা বন্দোবস্ত-কৃ।

Willer, *n. s.* ইচ্ছাকর্ত্তা, ইচ্ছুক, উত্তরাধিকার পত্র লেখক বা কারক, উইলসংজ্ঞক পত্র করে যে।

Willi ও Vili, এ শব্দদ্বয়ের অর্থে বহু বা অনেক বুঝায়।

Willing, *a.* ইচ্ছু, স্বেচ্ছু, রাজী, খুসী, সম্মত, অভিলাষী, আকাঙ্খী, অনুকূল, প্রস্তুত, তৈয়ার, উদ্যত, স্বীকৃত, উদ্যুক্ত, অভিলষিত, পছন্দিত, সম্মত হয় যে, সম্মতি দেয় যে, স্বয়ংজাত,।

Willingly, *ad.* স্বেচ্ছাপূর্ব্বক, রাজিপূর্ব্বক, সম্মত বা রাজী হইয়া, বিনা অনিচ্ছা বা অসম্মতিতে, বিনা অশ্রদ্ধা অপ্রীতি বা অরুচিপূর্ব্বক, আপন অভিলাষ ইচ্ছা বা চেষ্টাপূর্ব্বক, সম্মতিপূর্ব্বক, আপন খুসীতে।

Willingness, *n. s.* স্বেচ্ছা, সম্মতি, ইচ্ছুকতা, শ্রদ্ধা, রাজীমন্দী।

Willow, *n. s.* Sax. বৃক্ষবিশেষ, বাইশী বৃক্ষ।

Willowed, *a.* পূর্ব্বোক্ত বৃক্ষময় বা তদ্বিশিষ্ট।

Willowish, *a.* পূর্ব্বোক্ত বৃক্ষবৎ তত্তুল্য বা তদাকার।

Willowweed, *n. s.* বৃক্ষবিশেষ।

Willowwort, *n. s.* বৃক্ষবিশেষ।

Willowy, *a.* বাইশী বৃক্ষেতে পরিপূর্ণ বা তদ্বিশিষ্ট।

Wilsome, *a.* একগুঁয়ে, মগরা, স্বতন্ত্র, স্বমতাবলম্বী, যদৃচ্ছাবলম্বী।

Wily, *a.* প্রতারক, প্রবঞ্চক, ধূর্ত্ত, শঠ, ছলকারী, ভণ্ড, চতুর, খল, কপটী, মন্দকারী, হিংসু, কুটিল, দুষ্ট।

Wimble, *a.* চালাক, ক্ষিপ্র, দ্রুত, লাফালাফি করে যে।

Wimble, *n. s.* Dut. বিদ্ধকারি অস্ত্র, ত্রপুন, ফোঁড়, বরমা।

To **Wimble**, *v. a.* পূর্ব্বোক্ত অস্ত্রদ্বারা বিদ্ধ-কৃ, ছিদ্র-কৃ, ফোঁড়, ছেঁদা-কৃ।

Wimple, *n. s.* Fr. বৃক্ষবিশেষ।

Wimple, *n. s.* ছত্র, ফেণা, আবর্ত্তনী, টোপ, আচ্ছাদন, ঘোমটা।

To **Wimple**, *v. a.* Teut. টুপি-খুল, ঘোমটা-খুল।

Win, মনুষ্যের নামের আদ্যে কিম্বা অন্তে থাকিলে ইহাতে বীর্য্য শৌর্য্য বা পুরুষার্থকে বুঝায়, অর্থাৎ যুদ্ধ বা বিক্রম অর্থ জানিবে, লোকের স্নেহ সমাদর বা মান্যতাকেও বুঝায়, আর তৎসম্বন্ধে স্থানবাচক শব্দের সহিত যোগ করিলে সমবস্থান বুঝায়।

To **Win**, *v. a.* জিত, জয়-কৃ, জয়লব্ধ-কৃ, লাভ-কৃ, খেলায় বা যুদ্ধে-জিত বা লাভ-কৃ, সুমূল্য বা আটককৃত কোন বিষয় বা বস্তু লাভ-কৃ বা-প্রাপ, প্রাপ্তি-কৃ, হস্তগত-কৃ, ভুলাইয়া-লওয়া, প্রবৃত্তি বা চেষ্টাদ্বারা প্রাপ্তি-কৃ, উপাসনাদ্বারা-প্রাপ বা লাভ-কৃ।

To **Win**, *v. n.* জিত, জয়ী-হ, জয়-কৃ, জয়পূর্ব্বক লব্ধ-হ, অনুগ্রহ বা আনুকূল্য লাভ-কৃ, সবল-হ, অভিপ্রায় সিদ্ধ-হ, কৃতকার্য্য-হ, খেলায় জয়ী-হ বা-জিত।

To **Wince**, *v. n.* Wel. সওয়ারির ভার ক্লেশ বা অন্য বেদনা-জন্য, পদাঘাত-কৃ, লাতি-মার, পা-ছোড়, পা-মার, গোড়ারি-মার, ছটফট-করা, চাঁইট-মার।

Wincer, *n. s.* সওয়ারকে পা ছুড়ে বা মারে যে ঘোটক, পা ছোড়ে বা চাঁইট মারে তাহা।

Winch, *n. s.* Fr. চরকার হাতল, জড়ান্যা কলবিশেষ, এতদ্ভিন্ন Windlace শব্দ দেখ।

To **Winch**, *v. a.* লাতি-মার, পা-ছোড়, ছটফট-কৃ, কাতর-হ, কাতর হইয়া-পড়।

Winch, *n. s.* ঘোটকাদির লাতি বা চাঁইট, সোওয়ারের প্রতি পদাঘাত, পা ছোড়ন।

Wincopipe, *n. s.* পুষ্পবিশেষ।

Wind, *n. s.* Sax. বায়ু, বাতাস, বাত, হাওয়া, শ্বাস, নিশ্বাস বা প্রশ্বাস ত্যাগকরণ বা তচ্ছক্তি, গন্ধ, উদরাধ্মান, অতিসামান্য বা লঘু কোন দ্রব্য, সুর।

Down the wind, হ্রাস-হ, ন্যূন-হ।

To take the wind, ব্যাপকতা-কৃ, প্রবল-হ।

To have the wind, তথা।

To **Wind**, *v. a.* ঘ্রাণ-লওয়া, গন্ধ সুকিয়া-যা, সুঁক, গন্ধদ্বারা অনুধাবন-কৃ, বাতাস-দা, ফুঁক-দা, বাজা, ফিরা, ঘুরা, জড়া, পাকা, পাক-দা, ফিরাইয়া-দা, পরিবর্ত্তন-কৃ, বদল-কৃ, ভাঁজ, ভাঁজ-কৃ, বেষ্টন-কৃ, কোন ফিকির চেষ্টা বা অভ্যাসদ্বারা-ফেরা, লওয়া, খোসামোদদ্বারা প্রবৃত্তি-জন্মা।

To **Wind** *out*, খুল, মুক্ত-কৃ, জড়ি বা পেঁচ-খুল।

To **Wind** *up*, পাক দিয়া তাল-কৃ, জড়া, প্রস্তুত-কৃ, তৈয়ার-কৃ, নিষ্পত্তি-কৃ, রফা-কৃ, জড়া, লুটি-পাকা, তাল-পাকা, জড়া, পেঁচ-দা, পেঁচা, ফিরা, ক্রমশোবৃদ্ধি বা উন্নতি-কৃ, উঠা, শোজা-কৃ, খুল, ফিরাইয়া-দা।

To **Wind**, *v. n.* ফির, বদল, বদল-হ, পরিবর্ত্তন-হ, ঘুর, পাক-পড়া, পাক-লাগ, বক্র-হ, বক্রগতি-হ, বক্রগতিশীল-হ, মুক্ত-হ, জড়ি বা পাক খুলিয়া শোজা-হ।

Windbound, *a.* বিপরীত বায়ুদ্বারা বদ্ধ বা আটককৃত, বিপরীত বায়ুজন্য স্থকিত বা বদ্ধ হইয়াছে যাহা।

Windegg, *n. s.* নব ডিম, জীব বা আকার হয় নাই যে ডিম্বে তাহা।

Winder, *n. s.* কোন যন্ত্র বা কল যদ্দ্বারা কোন দ্রব্য ফিরাণ বা ঘুরাণ যায় তাহা, ফিরায় বা ঘুরায় যে, লতাবৃক্ষ, অন্যবৃক্ষে বা দ্রব্যে জড়ায় যে লতা, সিঁড়ির ঘোর বা পেঁচ।

Digitized by Google

Windfall, *n. s.* বাতাসে পড়িয়াছে যে ফল, বায়ুপতিত ফল, অনিশ্চিত ব্যাপকতা ফল বা লাভ, অনপেক্ষিত লাভ, অনিশ্চিত অচিন্তিত বা অনপেক্ষিত সোপাধিক দান বা প্রাপ্তি।

Windfallen, *a.* বায়ুপতিত, ঝড়্যো, বায়ুতে নিক্ষিপ্ত বা পতিত, উড়ে পড়িয়াছে যাহা।

Windflower, *n. s.* পুষ্পবিশেষ।

Windgall, *n. s.* ঘোড়ার রোগবিশেষ।

Windgun, *n. s.* বায়ুতে চলে বা ছোড়া যায় যে বন্দুক, বায়ুদ্বারা গুলি হয় যে বন্দুকে তাহা।

Windiness, *n. s.* বায়ুময়ত্ব, বায়ুপরিপূর্ণত্ব, ফাঁপ, স্ফীতি, উদরাধ্মান, বায়ুদ্বারা স্ফীত হওন, বায়ুবর্দ্ধন, বায়ুৎপাদন, বায়ু প্রয়োজকতা।

Winding, *n. s.* পেঁচ, বেড়, ঘুরপাক, বক্রহওন, পাক, পাকপাড়ন।

Windingsheet, *n. s.* মৃত ব্যক্তির বস্ত্রবিশেষ, চাদর বা কাপড় যদ্দ্বারা মৃত শরীর জড়ান যায় তাহা, শবাচ্ছাদন, চিতাবস্ত্র।

Windlace বা **Windlass**, *n. s.* বাঁট, হাতল বা অন্য কোন দ্রব্য যদ্দ্বারা দড়ি সুতা বা ফিতা জড়ান বা নাটাই করা যায় তাহা, ফিরাণ ঘুরাণ বা জড়ান যায় যদ্দ্বারা তাহা।

To **Windlace** বা **Windlass**, *v. n.* সাবধানে কর্ম্ম-কৃ-গম বা -চল।

Windle, *n. s.* তর্কু, টেকো।

Windless, *a.* নির্ব্বাত, বায়ুশূন্য, বায়ুবর্জ্জিত, পবনহীন, শ্বাসহীন বা রহিত, বাতাস নাই যাহাতে, হাঁপায় যে।

Windmill, *n. s.* কল বা যন্ত্রবিশেষ, বাতাসে চলে যে কল তাহা, বায়ুপ্রচাল্য কল, বায়ুতে চলে যে যন্ত্র, বাতাসে ফেরে ঘোরে বা চলে যে জাঁতা।

Window, *n. s.* Dan. গবাক্ষ, বাতায়ন, জানালা, ঝরোকা, খিড়কী বা জানালার ঢাকনী কপাট বা গজ, জানালাবদাকার বা ঝরোকার ন্যায় ছিদ্র বা ফাক।

To **Window**, *v. a.* জানালা-দা বা-বসা, ঝরোকা-দা, ঝরোকা বা জানালাতে-রাখ বা-বসা, জানালা-কাট, ঝরোকা-কাট, ফুকর-কৃ।

Windowy, *a.* জানালাবৎ, খিড়কীর ন্যায়, ঝরোকার ন্যায় বাতাবিশিষ্ট।

Windpipe, *n. s.* নলী, শ্বাস প্রশ্বাসের নলী বা পথ।

Windshock, *n. s.* বৃক্ষের গাত্রে বাতাসে বা ঝড়ে হইয়াছে যে দাগ ভগ্ন চোট বা ফাটি তাহা।

Windtight, *a.* জানালার সম্মুখে বা অভিমুখে বেড়া বা আটক করা গিয়াছে যাহার, বায়ুরোধ করা গিয়াছে যাহাতে, বাতাস যাইতে পারে না যাহার ভিতর দিয়া।

Windward, *ad.* বায়ুমুখে, বায়ুর অভিমুখে, বাতাসের দিকে।

Windward, *a.* বায়ুর অভিমুখে স্থিত, বাতাসের দিকে থাকে বা আছে যাহা।

Windward, *n. s.* বায়ুর অভিমুখ, যে দিকহইতে বাতাস আইসে তদ্দিক্।

Windy, *a.* বায়ুবিশিষ্ট, বায়ুময়, বাতাসে পোরা বা ভরা, স্ফীত, বায়ুযুক্ত, বাতাসিয়া, বাতিক, বেয়ে, বায়ুর অভিমুখ, আধ্মানবিশিষ্ট, ফাঁপা, খালি, ঝড়্যো, ঝড়ে পতিত বা আঘাতিত।

Wine, *n. s.* Sax. Dut. মদিরা, মদ্য, সুরা, সরাপ, মদ, দারু, দ্রাক্ষারস, আরক।

Wing, *n. s.* Sax. Dan. কুলো, পক্ষ, ডেনা, বাজু, পাখনা, উড়ন, পক্ষদ্বারা গমন, উড়িয়া যাওন, উড়িবার বা পলায়নের অভিপ্রায় ইচ্ছা বা প্রবৃত্তি, সৈন্যের পার্শ্বস্থ দল বা সেনা, কোন দ্রব্যের বাজু বা টের, এ শব্দের বহুবচনান্তে আলঙ্কারিক বাক্যে আশ্রয় বা রক্ষা বুঝায়।

To **Wing**, *v. a.* পক্ষ-দা, বাজু বা ডেনা-দা, উড়িয়া যাইবার যোগ্য-কৃ, উড়াইয়া-দা, পাখা-লাড়, পলাইবার বা উড়িবার চেষ্টা বা উদ্যোগ-কৃ, শীকারির ভাষায় পক্ষির ডেনা বা বাজুতে-মার বা আঘাত-কৃ বুঝায়।

Winged, *a.* সপক্ষ, পক্ষবান্, পাখাওয়ালা, ডেনাযুক্ত, উড়নশীল, দ্রুত, বেগবান্, বেগগামী, পক্ষির ঝাঁকবিশিষ্ট, পক্ষিতে ব্যাপ্ত, পাখনা দিয়া ঝাড়া বা বাতাস দেওয়া গিয়াছে যাহাতে।

Wingedpea, *n. s.* বৃক্ষবিশেষ।

Wingfooted, *a.* দ্রুতগামী, উড়িয়া যায় যে, দ্রুত, বেগবান্, ধুরং করিয়া চলে বা হাঁটে যে, অতিশীঘ্র যায় বা চলে যে।

Wingless, *a.* নিষ্পক্ষ, পক্ষহীন, পাখা বা ডেনা নাই যাহার, উঠিতে বা উড়িতে অক্ষম যে, উড়িতে বা উঠিতে পারে না যে।

Wingshell, *n. s.* কীটাদির পাখার আবরণ বা ছাল।

Wingy, *a.* সপক্ষ, পক্ষবান্, পক্ষযুক্ত, পাখনাওয়ালা, ডেনা বা বাজুওয়ালা, পক্ষবৎ, পক্ষের ন্যায়।

To **Wink**, *v. n.* Sax. চক্ষু মুদ্রিত-কৃ, চক্ষু-মুদ, চক্ষু-বুঁজ, চক্ষু মিট মিট-কৃ, চক্ষু-টিপ, চক্ষুর পলক-ফেল বা-পত, আড়ে-চাহ, চক্ষু ছানি-দা, চক্ষু টিপিয়া-জানা বা-বলা বা তদ্দ্বারা সঙ্কেত-কৃ, অন্ধকার-কৃ, অস্পষ্ট-হ, ঘোর বা ঝাপসা-হ, আলো নিবারণ-কৃ, দেখিয়া না-দেখ, জানিয়াও না-জান, অনিচ্ছাপূর্ব্বক-দেখ বা অনুমতি-দা।

Wink, *n. s.* চক্ষুর পলক, চক্ষু মোদন, চক্ষু টিপন, চক্ষু টিপিয়া কহন বা সঙ্কেতকরণ, চক্ষু ছানি দেওন, দেখিয়া না দেখন, ঈষদ্ দৃষ্টিকরণ।

Winker, *n. s.* চক্ষু মুদে টিপে বা সঙ্কেত করে যে, ঈষদ্ দৃষ্টিকর্ত্তা, দেখিয়াও না দেখে যে।

Winkingly, *ad.* চক্ষু প্রায় মুদ্রিত করিয়া, চক্ষু বুঁজিয়া, প্রায় চক্ষু মুদিয়া, চক্ষু মিটমিট করিয়া দৃষ্টিপূর্ব্বক।

Winner, *n. s.* জিতে যে, জয়ী হয় যে, জিত হয় যাহার, জয়ী, লাভকর্ত্তা।

Winning, *part. a.* মোহকারী, আকর্ষণকারী, মোহ জন্মায় যে, মোহনকারী, মনোহর, মনোরঞ্জক, মনআকর্ষক।

Winning, *n. s.* জিত ধন, খেলায় লব্ধ ধন।

To **Winnow**, *v. a.* Sax. বাতাসে উড়াইয়া-দা, ঝাড়, বাতাস-কৃ, পাছড়া, বাতাস দিয়া তুঁষ বা তৃণাদি-ঝাড় বা পরিষ্কার-কৃ, কুলার বাতাস-দা, বিবেচনা-কৃ, পরীক্ষা-কৃ, পৃথক্-কৃ, জুদা-কৃ, তফাৎ-কৃ, ছাড়া।

To **Winnow**, *v. n.* শস্য পরিষ্কার-কৃ বা-ঝাড়, পাছড়া।

Winnower, *n. s.* ঝাড়ে বা পাছড়ে যে।

Winsome, *a.* Sax. তুষ্ট, হৃষ্ট, আহ্লাদিত।

Winter, *n. s.* Sax. শীতকাল, হেমন্তকাল, জাড়কাল, হিমাগম।

To **Winter**, *v. n.* শীতকাল-কাটা, জাড়-কাটা, শীত যাপন-কৃ, শীত কালে-থাক বা অবস্থিতি-কৃ।

To **Winter**, *v. a.* শীতকালে-পুষ-চালা বা নির্ব্বাহ-কৃ।

Winter, শব্দরচনায় ব্যবহৃত প্রত্যয় বিশেষ জানিবে।

Winterbeaten, *a.* শীত লাগিয়াছে যাহাতে বা যাহাকে, শীত গিয়াছে যাহার উপর দিয়া, শীতে টেঁকিয়াছে যে, শীতেতে ক্লিষ্ট বা পীড়িত হইয়াছে যে।

Digitized by Google

Wintercherry, *n. s.* বৃক্ষবিশেষ, টেপারি।
Wintercitron, *n. s.* একপ্রকার ফল।
Wintergreen, *n. s.* বৃক্ষবিশেষ।
Winterly, *a.* শীতকালীন, শীতকালজ, শীতকালোপযুক্ত বা তদ্যোগ্য, হিমসম্বন্ধীয়, হৈমন্তিক।
Wintry, *a.* তথা।
Winy, *a.* মদ্যবৎ, সুরাতুল্য, সুরাধর্ম্মক, সুরার ন্যায় স্বাদ বা গুণ যাহার।
To **Wipe,** *v. a.* Sax. পুঁছ, মোছ, পরিষ্কার-কৃ, মাজ, মাজিয়া বা ঘষিয়া পরিষ্কার-কৃ, ঝাড়, শাপ-কৃ, প্রতারণা বা প্রবঞ্চনা-কৃ, ঠকা, ভুলা, ভোগা-দা।
To **Wipe** *out,* তুলিয়া বা চাঁচিয়া-ফেল, পুঁছিয়া-ফেল, মিটাইয়া-দা, মুক্ত-কৃ, সাপ-কৃ।
Wipe, *n. s.* পোঁছন, মোছন, মাজন, পরিষ্কারকরণ, ঝাড়ন, ঘর্ষণ, চোট, ঘা, আঘাত, বিদ্রূপ, ঠাট্টা, ঠেস্সা, অবক্ষেপ, পাক্ষ বিশেষ।
Wiper, *n. s.* পরিষ্কারকারক কোন দ্রব্য, মার্জনী, ঝাড়ু, পরিষ্কার করে যে ব্যক্তি।
Wire, *n. s.* Fr. তার, তন্ত্র, ধাতু দ্রব্যের সূত্র, গুণা।
To **Wiredraw,** *v. a.* তারে নির্ম্মাণ-কৃ, তার দিয়া-বুন বা গুম্বন-কৃ, তার-টান, টানিয়া লম্বা বা গুণা-কৃ, কলে-টান বা তদ্দ্বারা লম্বা-কৃ, জোরে-টান।
Wiredrawer, *n. s.* তার বুনে যে, তার বা গুণা বুনে বা গুম্বন করে যে, তার বানায় যে, তারওয়ালা।
Wiry, *a.* Wiery শব্দ দেখ।
Wisard, Wizard শব্দ দেখ।
Wisdom, *n. s.* Sax. Dan. জ্ঞান, যথার্থ বা প্রকৃত বিবেচনাক্ষমতা বা তচ্ছক্তি, দৈবজ্ঞান, ঐশিক বা মানুষিক বিষয়ে জ্ঞান বা সংস্কার, বোধ, বুদ্ধি, বিজ্ঞতা, প্রবীণতা, প্রাজ্ঞতা, বৈষয়িক নৈপুণ্য বা বিজ্ঞতা, পরিণামদর্শিতা, পরিবেদনা।
Wise, *a.* Sax. বিজ্ঞ, প্রাজ্ঞ, যথার্থ বিবেচক বা জ্ঞানী, যথার্থ বিবেচনাক্ষম, বুদ্ধিমান্, সুবোধ, অধিক জ্ঞান বা বুদ্ধি আছে যাহার, পরিণামদর্শী, বহুদর্শী, পরিবেদক, জ্ঞানাপন্ন, ব্যুৎপন্ন, বিদগ্ধ, পটু, নিপুণ, ভারী, প্রবীণ, জ্ঞানী, জ্ঞানির উপযুক্ত যোগ্য বা তত্তুল্য, ব্যঙ্গ্যার্থে গুহ্য বিষয়ে নিপুণ বা পটু যে তাহাকেও বুঝায়।
Wise, *n. s.* Sax. রূপ, তর, প্রকার, ধারা।
Wiseacre, *n. s.* Ger. পাগল, মূর্খ, নির্ব্বোধ, অবোধ, আজবোঝ, হাবা।
Wiseling, *a.* অবজ্ঞার্থে জ্ঞানী বা বিজ্ঞ ব্যক্তির ন্যায় চলে বা কাচ কাচে যে তাহাকে বুঝায়।
Wisely, *ad.* যথার্থ বিবেচনাপূর্ব্বক, বিজ্ঞতা প্রাজ্ঞতা বা প্রবীণতা রূপে, জ্ঞানিতারূপে, পরিণামদর্শনপূর্ব্বক।
To **Wish,** *v. n.* Sax. অত্যন্ত ইচ্ছু-হ, ইচ্ছা অভিলাষ বা আকাঙ্খা-কৃ, বাসনা বাঞ্ছা কামনা বা প্রার্থনা-কৃ, রত-হ, স্পৃহী-হ, আকাঙ্খী-হ, এতদর্থে কিঞ্চিৎ ভয় ও ভরসা অর্থক জানিবে।
To **Wish,** *v. a.* প্রার্থনা-কৃ, কামনা-কৃ, চাহ, বাঞ্ছা-কৃ, আকাঙ্খা বা অভিলাষ-কৃ, ইচ্ছা প্রকাশ-কৃ, মাঁগ, প্রাপণার্থে ইচ্ছা প্রকাশ-কৃ, শাপ-দা, অভিশাপ-কৃ, মন্যু-কৃ।
Wish, *n. s.* ইচ্ছা কামনা বা প্রার্থনার বিষয়, ইচ্ছা, প্রার্থনা, বাঞ্ছা, বাসনা, আকাঙ্খা, কামনা, ইচ্ছা প্রকাশ, অভিলাষ, অভিলষিত দ্রব্য বা বিষয়, স্পৃহা, মনোরথ।
Wisher, *n. s.* ইচ্ছুক, চাহে যে, অভিলাষ বা আকাঙ্খা করে যে ব্যক্তি, ইচ্ছা অভিপ্রায় কামনা বা প্রার্থনাকর্ত্তা।
Wishful, *a.* ব্যগ্র, ইচ্ছুক, প্রার্থনা বা আকাঙ্খাকারী, ইচ্ছা বা অভিলাষপ্রকাশক বা তদ্ব্যক্তকারী, ইচ্ছাজনক, অভিলষণীয়, কমনীয়।
Wishfully, *ad.* ব্যগ্রতারূপে, প্রার্থনা বাঞ্ছা অভিলাষ বা আকাঙ্খাপূর্ব্বক, ইচ্ছাপূর্ব্বক, প্রার্থনা বা কামনাপূর্ব্বক।
Wisket, *n. s.* পাত্রবিশেষ, ঝুড়ি, চুপড়ি, ডালা।
Wisp, *n. s.* Swed.·Dut. আটি, গল্লা, কুলা, নুড়ো।
Wist, *pret.* Wis ক্রিয়ার অতীতকালবাচক পদ।
Wistful, *a.* সতর্ক, সাবধান, মনোযোগী, ব্যগ্র, উদ্যুক্ত, চেষ্টিত, বিবেচনাকারী, চিন্তিত, ভাবিত।
Wistfully, *ad.* ব্যগ্রতারূপে, সাবধানতাপূর্ব্বক, মনোযোগপূর্ব্বক, চেষ্টা প্রার্থনা বা অভিলাষপূর্ব্বক।
Wistly, *ad.* তথা।
To **Wit,** *v. n.* Sax. জান, জ্ঞাত-হ, বিদিত-হ, ইদানী এ শব্দেতে জায় অর্থাৎ বা ফলতঃ বুঝায়।
Wit, *n. s.* Sax. বুদ্ধি, জ্ঞান, মানস শক্তি, তীক্ষ্ণ বুদ্ধি, প্রত্যুৎপন্ন মতি বা বুদ্ধি, বোধ, বুদ্ধিমান্ বা জ্ঞানবান্ ব্যক্তি, জ্ঞান, সংস্কার, বোধ, চেতনা, বিবেচনা শক্তি, এশব্দ বহুবচনান্তে বুদ্ধি বা মতির যাথার্থ্য বা প্রকৃষ্টতা বুঝায়, স্থির বুদ্ধি, অভ্রান্ত মন, ফিকির, চেষ্টা, কল্পনা, ছলনা, পরিকল্পনা, সৃষ্টি, চতুরতা, হেকমত।
To **Wit,** ফলিতার্থ, ফলতঃ, অর্থাৎ, বিশেষতঃ, জায়।
Witch, *n. s.* Sax. ডাইনী, মোহন বা জাদুকারিণী, খুস্নী, ডাকিনী।
To **Witch,** *v. a.* জাদু-কৃ, টোনা বা মন্ত্র-কৃ, গুণ-কৃ, ডাইনে-খাদ।
Witchcraft, *n. s.* গুণ, জাদু, মন্ত্র, ডাইন বিদ্যা বা তৎকর্ম্ম, অলৌকিক শক্তি বা ক্ষমতা, বশীকরণ বিদ্যা।
Witchelm, *n. s.* বৃক্ষবিশেষ।
Witchery, *n. s.* জাদুগিরি, মন্ত্র, টোনা, গুণ, ডাইন মন্ত্র বা বিদ্যা, বশীকরণ।
Witcracker, *n. s.* মস্করা, ভাঁড়, ঠাট্টাবাজ।
To **Wite,** *v. a.* Sax. নিন্দা-কৃ, ভর্ৎসনা-কৃ, তিরস্কার-কৃ, দোষ-দা।
Wite, *n. s.* কলঙ্ক, নিন্দা, গ্লানি, দোষ, ভর্ৎসনা, তিরস্কার।
Witeless, *a.* অনিন্দিত, দোষ নিন্দা বা গ্লানি নাই যাহার বা যাহাতে বা তদ্বর্জ্জিত যে।
With, *prep* Sax. সহিত, সঙ্গে, সমেত, সাতে, দ্বারা, তরফে, সম্বন্ধে, সমভিব্যাহারে, অব্যবহিত পরে, মধ্যে, উপরে।
Withal, *ad.* ইহাও, এই প্রকারে, এককালে, এক সময়ে, সমভিব্যাহারে, তৎসঙ্গে, তৎসহিতে, একত্রে।
To **Withdraw,** *v. a.* Sax. ফিরাইয়া-লওয়া, রহিত-কৃ, কাড়িয়া-লওয়া, ডাকিয়া-লওয়া, ক্ষান্ত-কৃ, বিরত-কৃ, নিবৃত্ত-কৃ, উঠাইয়া-লওয়া, বাতিল-কৃ।
To **Withdraw,** *v. n.* ক্ষান্ত-হ, নিবৃত্ত-হ, বিরত-হ, পলায়ন-কৃ, পিছে-সর বা-হঠ, উঠিয়া-যা, সম্বরণ-কৃ বা-হ।
Withdrawer, *n. s.* ফিরিয়া লয় ক্ষান্ত হয় পিছে হঠে বা উঠাইয়া দেয় যে, সম্বরণকর্ত্তা।
Withdrawingroom, *n. s.* ঘরবিশেষ, পশ্চাৎদিকের ঘর, বিশ্রাম স্থান, নিভৃত ঘর বা কামরা।
Withe, *n. s.* Sax. লতা বৃক্ষবিশেষ, বন্ধনী, বেড়, পেঁচ।
To **Wither,** *v. n.* Sax. ম্লান বা মসৃণ-হ, শুষ্ক-হ, শুকিয়া-যা, বিক্লিন্ন-হ, ক্ষয়-হ, ক্ষয়প্রাপ্ত-হ, নীরস-হ।

Digitized by Google

To Wither, *v. a.* শুষ্ক-কৃ, মসৃণ-কৃ, ম্লান-কৃ, বিক্লিন্ন-কৃ, ক্ষয়-কৃ, হ্রাস-কৃ।

Witherband, *n. s.* জীনের নীচে বদ্ধ লৌহবিশেষ, লোহার পতর।

Witheredness, *n. s.* শুষ্কত্ব, মসৃণত্ব, মলিনত্ব, জীর্ণতা, বিক্লিন্নতা, নীরসত্ব, ম্লানতা।

Withers, *n. s.* ঘোড়ার স্কন্ধ ও গ্রীবাস্থির সংযোগ বা তৎসন্ধি।

Witherwrung, *n. s.* ঘোটকের শরীরে দংশনজন্য বা তাহার জীন শক্ত বা কষা হইলে তদুৎপন্ন হয় যে ক্ষত বা বেদনা তাহাকে বুঝায়।

To Withhold, *v. a.* নিবারণ-কৃ, রহিত-কৃ, আটক-কৃ, নিরস্ত-কৃ, ফিরাইয়া-রাখ, ক্ষান্ত-কৃ বা-রাখ, বাধা-দা, আগলিয়া বা ধরিয়া-রাখ, দমন-কৃ, গতি বা কার্য্যহইতে নিবৃত্ত-রাখ বা-কৃ, প্রতিরোধ-কৃ, নিবারণ-কৃ, লইয়া-যা, দূর বা তফাৎ-কৃ, অস্বীকার-কৃ, না-কৃ।

Withholden, *part. To* Withhold ক্রিয়ার কার্দন্তিক পদ।

Withholder, *n. s.* ক্ষান্ত হয় বা করে যে, আটক করে যে, লোপ করে যে, বদ্ধ বা ধরিয়া রাখে যে বা আটক করিয়া রাখে যে।

Within, *prep.* Sax. অভ্যন্তর, ভিতর, মধ্যে, মধ্যদেশে বা স্থলে, সীমার মধ্যে, আয়তনের ভিতর, ইত্যবসরে, আয়ত্তের মধ্যে, মনের মধ্যে, মনে২, অনতিরিক্তে, ঢাকা বা আবরণের মধ্যে, অন্তঃকরণের মধ্যে।

Within, *ad.* ভিতরে, মাঝে, মধ্যস্থলে, মনেতে, মনের মধ্যে।

Withinside, *ad.* অভ্যন্তরেতে, ভিতরেতে ভিতর দিগে।

Without, *prep.* Sax. বহিঃ, বাহির, সেওয়ায়, বিনা, বিহীনে, ব্যতীত, ব্যতিরিক্ত, ছাড়া, ভিন্ন, উপরে, বাহিরে, বহির্দিকে, দূরে, অনিকটে, ছাড়িয়া, ত্যাগ করিয়া।

Without, *ad.* ছাড়িয়া, ত্যাগ করিয়া, বাহির দিগ হইয়া, বাহিরে থাকিয়া, বাহিরে, বাহির দিকে বা তরফে, বাড়ীর বাহিরে, দ্বারের বাহিরে, বাহ্যে, মনের ভিতরে নহে, মৌখিকে, অনভ্যন্তরে।

To Withstand, *v. a.* সম্মুখে খাড়া-হ, মুজাহেম-হ, রোক, আটক-কৃ, প্রতিরোধ-কৃ, প্রতিবন্ধ-কৃ।

Withstander, *n. s.* প্রতিরোধক, আটক, প্রতিবন্ধ, রোকন আটক করণ।

Withwind, *n. s.* ক্ষুদ্র বৃক্ষবিশেষ।

Withy, *n. s.* Sax. লতা বৃক্ষবিশেষ।

Withy, *a.* পূর্ব্বোক্ত বৃক্ষে কৃত বা নির্ম্মিত।

Witless, *a.* নির্ব্বোধ, অবোধ, অজ্ঞান, মেধাহীন, জ্ঞান বা বুদ্ধিহীন, বিবেচনারহিত, পরিবেদনারহিত, বেঅকুপ, মূর্খ।

Witlessly, *ad.* বিনা বিবেচনাতে, অজ্ঞানে, নির্বুদ্ধিতাপূর্ব্বক, অজ্ঞানপূর্ব্বক।

Witlessness, *n. s.* বিবেচনার অভাব, পরিবেদনারাহিত্য।

Witling, *n. s.* জ্ঞানাভিমানী, অল্পবুদ্ধি, মিথ্যাজ্ঞানী ব্যক্তি।

Witness, *n. s.* Sax. সাক্ষী, সাইদ, সাবুদ, প্রমাণ, সাক্ষ্য দেয় যে ব্যক্তি, প্রমাণদাতা, সাভ্যন্তকর্ত্তা।

With a Witness, সপ্রমাণপূর্ব্বক, কাযে, ফলতঃ।

To Witness, *v. a.* সাক্ষ্য-দা, প্রমাণ-দা, সাবুদ-কৃ, প্রমাণ-কৃ, স্বচক্ষে-দেখ।

To Witness, *v. n.* প্রত্যক্ষ প্রমাণদাতা-হ, সাক্ষী-হ, সাক্ষ্যদাতা-হ, প্রমাণ-হ, সাবুদ-হ।

Witness, *interj.* অব্যয় শব্দ, দেখ বা সাক্ষী থাক ইত্যাদ্যর্থক জানিবা।

Witnesser, *n. s.* সাক্ষ্য দেয় বা সাক্ষী হয় যে ব্যক্তি, সাক্ষী, স্বচক্ষে দেখে যে ব্যক্তি।

Witsnapper, *n. s.* উপস্থিত বক্তার ন্যায় ভান করে যে ব্যক্তি।

Witted, *a.* চতুর, চালাক, চটপটে, জ্ঞানবান্, তীক্ষ্ণ বুদ্ধি আছে যাহার।

Witticism, *n. s.* প্রগল্ভতা, ব্যাপকতা, ঠোঁটকাটার ন্যায় চলন বা ব্যবহার।

Wittily, *ad.* ধূর্ত্ততারূপে, চতুরতারূপে, চালাকি করিয়া, দক্ষতারূপে, চালাকিপূর্ব্বক।

Wittiness, *n. s.* চালাকী, চতুরতা।

Wittingly, *ad.* জানতঃ, জ্ঞানতঃ, জানিয়া, জ্ঞাতসারে, জ্ঞানপূর্ব্বক, সংস্কারপূর্ব্বক, অভিপ্রায়ে, মতলবে, মতলব করিয়া।

Wittol, *n. s.* Sax. স্ত্রীর কল্পিতাচার কাল্পনিকতা বা দুর্ব্ব্যবহার জানে যে বা তদ্বিষয়ে ক্ষান্ত থাকে যে, স্ত্রীর অলীকতা বা মিথ্যা ব্যবহার বা কথা দেখে না বা শুনে না যে, স্বস্ত্রীকে ভ্রষ্টা জানিয়াও সন্তুষ্ট থাকে যে।

Wittolly, *a.* ভ্রষ্টাস্ত্রীর পতি হয় যে, ভ্রষ্টাস্ত্রীর অনুরাগ করে যে, ব্যভিচারিণীর স্বামী, মাগুর কোটনা।

Witty, *a.* চতুর, বিদগ্ধ, সূক্ষ্মবোদ্ধা, তীক্ষ্ণবোদ্ধা, উপস্থিতবক্তা বা বিবেচনাকর্ত্তা, স্পষ্টবক্তা, সরল, অকপট, প্রজ্ঞ, বিজ্ঞ, বহুদর্শী, অনেক মতলব করে বা ভাবে যে, চিন্তিত, ভাবিত, অবক্ষেপক, উপহাসকর্ত্তা, ব্যঙ্গকারী।

Witwal, *n. s.* পক্ষিবিশেষ।

Witworm, *n. s.* মস্করামি বা ঠাট্টাবাজি ভাল বাসে যে।

To Wive, *v. n.* বিবাহ-কৃ, বিবাহিত-হ, স্ত্রী-লওয়া।

To Wive, *v. a.* বিবাহ-করা, বিবাহসম্বন্ধ-দা, জোট-বান্ধ, স্ত্রী-করা, বিবাহ-দা।

Wivehood, *n. s.* স্ত্রীর উপযুক্ত বা কর্ত্তব্য কর্ম্ম, স্ত্রীর কর্ত্তব্য বা উচিত ব্যবহার বা চালি।

Wiveless, *a.* অস্ত্রীক, স্ত্রীহীন, স্ত্রী নাই যাহার, নিমাশুয়া।

Wively, *ad.* স্ত্রীবিষয়ক, স্ত্রীসম্পর্কীয়, স্ত্রীর।

Wiver বা Wivern, *n. s.* কুলীনেরদের ব্যবহৃত পরিচ্ছদের অঙ্গ বা ভূষণবিশেষ।

Wives, *n. s.* স্ত্রীর বহুবচনান্ত শব্দ, স্ত্রীসমূহ, বহুস্ত্রী।

Wizard, *n. s.* বিজ্ঞ প্রজ্ঞ জ্ঞানবান্ বা পণ্ডিত ব্যক্তি, জাদুগর, ভেল্কীওয়ালা, মোহনকারক, মোহনকর্ত্তা।

Wizard, *a.* জাদুগর, ভেল্কী করে বা দেখায় যে, মোহনকারী, মুগ্ধকারী, ভুলানিয়া।

To Wizen, *v. n.* Sax. শুষ্ক-হ, মসৃণ-হ, ম্রিয়মাণ-হ, শুকাইয়া-যা, নীরস-হ, বিক্লিন্ন-কৃ।

Wo বা Woe, *n. s.* Sax. দুঃখ, তাপ, শোক, খেদ, ভাবনা, আপদ্, বিপদ্, সন্তাপ, মনস্তাপ, আপশোষ, অভিশাপ, মন্যু, অমঙ্গলেচ্ছা, সর্ব্বনাশ।

Woad, *n. s.* Sax. রং বা বর্ণবিশেষ বা তদুৎপাদক বৃক্ষবিশেষ।

Wobegone, *a.* দুঃখী, সন্তপ্ত, দুঃখে বা ক্লেশে মগ্ন বা পতিত, অত্যন্ত ভাবিত, সন্তপ্ত কাতর বা খিদ্যমান, দুঃখসাগরে মগ্ন যে।

Wode, *a.* Wood শব্দ দেখ।

Woe, Wo শব্দ দেখ।

Woe *worth thee, To* Worth শব্দ দেখ।

Woful, *a.* শোক খেদ সন্তাপ বা দুঃখজনক, ভাবিত, বিষণ্ণ, বিপদ্ বা আপদ্গ্রস্ত, বিমর্ষ, শোকান্বিত, সন্তাপিত, খিদ্যমান, শোকার্ত্ত, দুঃখী, ক্ষুদ্র, অপকৃষ্ট, নিকৃষ্ট।

Digitized by Google

Wofully, *ad.* বিষণ্ণতা বা শোকান্বিততাপূর্ব্বক, খেদ করিয়া, সন্তপ্তত্বরূপে, শোকার্ত্ততাপূর্ব্বক, অপকৃষ্টতারূপে।

Wofulness, *n. s.* শোক, খেদ, ক্লেশ, ভাবনা, দুঃখ, উৎপাত, দুর্দৃষ্ট, আপদ্, বিপদ্।

Wold, *n. s.* খোলাসা, সমান বা পরিষ্কার দেশ বা ভূমি, রাজা, নবাব, দেশাধিপতি।

Wolf, *n. s.* Sax. নেকড়ে বাঘ, মেষখাদক জন্তুবিশেষ, ক্রমে খাইয়া যায় যে ক্ষত তাহা, নালীবিশেষ।

Wolfdog, *n. s.* বৃহৎ কুক্কুরবিশেষ, নেকড়ে বাঘ আর কুক্কুর এই উভয়জাতির সঙ্গমজন্য জনিত কুক্কুর।

Wolfish, *a.* নেকড়ে বাঘতুল্য তদাকার বা তদ্ধর্ম্মক।

Wolfsbane, *n. s.* বিশাল বৃক্ষবিশেষ, বিষ।

Wolfsmilk, *n. s.* Lat. ক্ষুদ্র বৃক্ষবিশেষ।

Wolvish, *a.* নেকড়ে বাঘের মত বা তদাকার বা তত্তুল্য।

Woman, *n. s.* Sax. স্ত্রীজাতি মনুষ্য, স্ত্রী লোক, যোষিৎ, নারী, কামিনী, মেয়ে, স্ত্রী, মাগী, দাসী, কোন প্রধান বা বড় লোকের পরিচারিকা বা চাকরাণী।

To **Woman**, *v. a.* স্ত্রীর ন্যায় ধীর নরম সুনম্য বা নমনীয়-কৃ।

Womaned, *a.* স্ত্রীবিশিষ্ট, স্ত্রীযুক্ত, স্ত্রী সমভিব্যাহারে আছে যাহার, সংযোগী।

Womanhater, *n. s.* স্ত্রীদ্বেষী, স্ত্রীজাতিকে ঘৃণা করে যে ব্যক্তি।

Womanish, *a.* স্ত্রীধর্ম্মক, স্ত্রীবৎ, নারীতুল্য, মেয়েলি, মেয়ের মত।

Womanishly, *ad.* স্ত্রীলোকের ধর্ম্ম আচার ব্যবহার বা রীতি পূর্ব্বক, মেয়েলিরূপে।

Womanishness, *n. s.* নারী ধর্ম্ম বা ভাব, স্ত্রীত্ব, স্ত্রীগুণ, নারীত্ব, স্ত্রী লোকের ভাব ধর্ম্ম গুণ রীতি বা আচার, মেয়েম, মেয়েলিপনা।

To **Womanize**, *v. a.* স্ত্রীবৎ-কৃ, স্ত্রীর ন্যায় নরম বা ভীরু-কৃ, নারীবৎ-কৃ।

Womankind, *n. s.* স্ত্রীজাতি, স্ত্রীলোক, মেয়েজাতি।

Womanly, *a.* স্ত্রীবিষয়ক, স্ত্রীলোকসম্বন্ধীয়, স্ত্রীজাতীয়, স্ত্রীর কর্ত্তব্য, মেয়ে মানুষের ন্যায়, মেয়ের মত, নারীবৎ, মেয়েলি, স্ত্রীলোকের যোগ্য বা উপযুক্ত, বালিকার মত নহে যে, স্ত্রী ধর্ম্মপ্রাপ্ত হইয়াছে যে, নারীতুল্য বা তাহার মত।

Womanly, *ad.* স্ত্রীলোকের ন্যায়, স্ত্রীলোকের রীতি ধর্ম্ম আচার ব্যবহার বা চালিপূর্ব্বক বা তদনুসারে।

Womb, *n. s.* Got. পেট, উদর, গর্ভস্থলী, জরায়ু, উৎপত্তি স্থান, কোন দ্রব্য বা বস্তু জন্মে যে স্থানহইতে তাহা, গর্ত্ত, খোল।

To **Womb**, *v. a.* লুকাইয়া বা গোপন করিয়া-রাখ, লুকা, ঢাকা, আবরণ-কৃ, গোপনে-জন বা উৎপাদন-কৃ, পেট-কৃ, গর্ভ-কৃ।

Women, স্ত্রীলোকের বহুবচনান্ত শব্দ, স্ত্রীসমূহ, অনেক স্ত্রী।

Won, *To* **Win** ক্রিয়ার অতীত কালবাচক পদ।

To **Won**, *v. n.* Sax. বাস-কৃ, থাক, বসতি-কৃ, বাসিন্দা-হ, বাসা-কৃ, আড্ডা-কৃ, নিবাসী-হ।

Won, *n. s.* বাসা, বাসাঘর, ঘর, বসতি, বাসস্থান।

To **Wonder**, *v. n.* Sax. Dut. চমৎকৃত-হ, আশ্চর্য্য বোধ-কৃ, আশ্চর্য্য জ্ঞান-কৃ বা-হ, অবাক্-হ, বিস্ময়াপন্ন-হ, সন্দেহ-কৃ বা-হ, অদ্ভুত জ্ঞান-কৃ।

Wonder, *n. s.* Sax. Dut. আশ্চর্য্য বোধ বা জ্ঞান, চমৎকার হওন বা তৎ বোধ, বিস্ময়াপন্নতা, বিস্ময় জ্ঞান, বিস্ময় চমৎকার বা আশ্চর্য্য বোধ হয় যাহাহইতে তাহা বা তৎকারণ বা এতদ্বিশিষ্ট বাক্য বা বিষয়, আশ্চর্য্যত্ব, আশ্চর্য্য বিষয়, অদ্ভুত বা অলৌকিক বিষয়।

Wonderer, *n. s.* আশ্চর্য্য বোধকর্ত্তা, আশ্চর্য্য বোধ বা জ্ঞান হয় যাহার, চমৎকার হয় বা বোধ করে যে, বিস্ময়াপন্ন হয় যে ব্যক্তি।

Wonderful, *a.* অলৌকিক, অসম্ভব, আশ্চর্য্য, অপরূপ, চমৎকার, আজব, আন্‌কা, অদ্ভুত, আশ্চর্য্য বোধকারী, চমৎকার হয় যে, আশ্চর্য্য বোধ হয় যাহার বা যাহাতে, উত্তম, মনোহর, প্রশংস্য।

Wonderfully, *ad.* আশ্চর্য্য বা চমৎকাররূপে, আশ্চর্য্য বোধপূর্ব্বক, অদ্ভুত জ্ঞান করিয়া, বিস্ময়াপন্ন হইয়া বা বিস্ময় করিয়া।

Wonderfulness, *n. s.* আশ্চর্য্য, চমৎকার, অলৌকিক বা অদ্ভুত বিষয় কর্ম্ম বা বস্তুর ভাব ধর্ম্ম বা লক্ষণ, আশ্চর্য্য, চমৎকার, চমৎকৃতত্ব।

Wonderment, *n. s.* অপরূপ, চমৎকার বা আশ্চর্য্যরূপ বা লক্ষণযুক্ত, মোহিতকরণ বা হওন।

Wonderous, *a.* Wondrous শব্দ দেখ।

Wonderstruck, *a.* আশ্চর্য্যান্বিত, চমৎকৃত, আচাভুয়া, বিস্ময়াপন্ন, অবাক্।

Wonder-working, *a.* আশ্চর্য্য অদ্ভুত বা অলৌকিক কর্ম্ম বিষয় করে বা দেখায় যে।

Wondrous, *a.* আশ্চর্য্য, অদ্ভুত, চমৎকার, অপরূপ, অসম্ভব।

Wondrously, *ad.* আশ্চর্য্যরূপে, অসম্ভবরূপে, বিস্ময়রূপে, অলৌকিক বা বিস্ময়াপন্নকারিতা বা বিস্ময়জনকত্বরূপে।

To **Wont** বা *To Be* **Wont**, *v. n.* Sax. Dut. অভ্যস্ত-হ, শিক্ষিত-হ, ব্যবহৃত-হ, অভ্যাস-কৃ।

Wo'n't, Would not কথার সংক্ষেপ লিখন।

Wonted, *part. a.* প্রচলিত, আচরিত, ব্যবহৃত, অভ্যস্ত, চলিত, ব্যবহার করা।

To **Woo**, *v. a.* Sax. উপাসনা-কৃ, প্রার্থনা-কৃ, প্রীত্যর্থে চেষ্টা-কৃ, পিছে-লওয়া, কোন অভিপ্রায়ে বা যাচ্ঞার্থে উপাসনা-কৃ বা পশ্চাৎ ধাবমান-হ, প্রেম চেষ্টা-কৃ, প্রেমাকাঙ্ক্ষা-কৃ।

To **Woo**, *v. n.* পূর্ব্বোক্ত শব্দের অকর্ম্মক ক্রিয়া, প্রীতি-কৃ, প্রণয়-কৃ, প্রেম-হ, প্রেমী-হ।

Wood, *a.* Got. Sax. উন্মত্ত, পাগল, ক্ষিপ্তন্যায়, মত্তপ্রায়, মত্ত, উষ্মান্বিত, রাগাল, ক্রোধান্বিত, উগ্র, তীক্ষ্ণ।

Wood, *n. s.* Sax. Dut. কাঠের কুন্দা বা গুঁড়ি, কাষ্ঠ, কাঠ, বিপিন, বন, অরণ্য, বৃক্ষের বন, জঙ্গল।

Woodanemone, *n. s.* বৃক্ষবিশেষ।

Woodbind বা **Woodbine**, *n. s.* Sax. বৃক্ষবিশেষ।

Woodcock, *n. s.* Sax. পক্ষিবিশেষ।

Wooddrink, *n. s.* পাঁচন ঔষধিবিশেষ।

Wooded, *a.* কাষ্ঠবিশিষ্ট, কেঠো, কাষ্ঠময়, কাঠ আছে যাহাতে, বনাল।

Wooden, *a.* কাষ্ঠনির্ম্মিত, কেঠো, কাষ্ঠময়, কাঠুয়া, দারুময়, দারুজ, শক্ত, কুৎসিত, কাঁড়রা, গাব্দা, চিপ্‌সা।

Woodfretter, *n. s.* Lat. কীটবিশেষ, কেঠো পোকা।

Woodgod, *n. s.* বন দেবতাবিশেষ।

Woodhole, *n. s.* কাষ্ঠ রাখিবার স্থান গর্ত্ত বা খোল, যেখানে কাষ্ঠ থাকে বা রাখা যায় তাহা।

Woodiness, *n. s.* কাষ্ঠময়ত্ব, কাষ্ঠবিশিষ্টত্ব, কাঠুয়ার ভাব, অরণ্য, বন, অনেক বৃক্ষ বন বা কাষ্ঠ আছে যাহাতে তাহার ভাব বা অবস্থা।

Woodland, *n. s.* বন, বৃক্ষের বন, বৃক্ষময় স্থান, কাষ্ঠ হয় বা জন্মে যেখানে তাহা।

Woodland, *a.* বৃক্ষে আবৃত, বন হইয়াছে যাহাতে, বনাল।

Digitized by Google

Woodlark, *n. s.* Lat. পক্ষিবিশেষ।
Woodlouse, *n. s.* কীটবিশেষ, একপ্রকার কেন্নুয়া।
Woodly, *ad.* উন্মত্ততারূপে, পাগলামিপূর্ব্বক।
Woodman বা **Woodsman,** *n. s.* ব্যাধ, শীকারী, বনে শীকার করে বা থাকে যে, কাঠুরিয়া, বুনুয়া।
Woodmonger, *n. s.* কাঠুরিয়া, কাষ্ঠবিক্রেতা, কাষ্ঠ কাটিয়া বিক্রয় করে যে, কেঠো।
Woodness, *n. s.* রাগ, রোষ, ক্রোধ, উষ্মা, ক্ষিপ্ততা, উন্মত্ততা, পাগলামি।
Woodnightshade, *n. s.* Lat. বৃক্ষবিশেষ।
Woodnote, *n. s.* জঙ্গলা গান বা বাদ্যবিশেষ।
Woodnymph, *n. s.* অরণ্যদেবীবিশেষ, বনদেবতা।
Woodoffering, *n. s.* সমিধ্, হোমকাষ্ঠ, বেদির সম্মুখে সংস্থাপিত অগ্নি কিম্বা পোড়ান যায় যাহা।
Woodpeck বা **Woodpecker,** *n. s.* Lat. পক্ষিবিশেষ, কাঠঠোকরা পক্ষী।
Woodpigeon বা **Woodculver,** *n. s.* Lat. বন্য কপোতবিশেষ, এক জাতীয় জঙ্গলা পায়রা।
Woodreve, *n. s.* কাষ্ঠওয়ালা, কাষ্ঠ বা কাঠের তদারক বা রক্ষা করে যে, কাষ্ঠ যাহার জিম্মায় থাকে, কাষ্ঠের দারোগা, কাষ্ঠাধ্যক্ষ।
Woodroof, *n. s.* Lat. ক্ষুদ্র বৃক্ষবিশেষ।
Woodsare, *n. s.* বৃক্ষবিশেষের উপর পড়ে বা থাকে একপ্রকার ফেণা বা আঠাবিশেষ।
Woodsorrel, *n. s.* Lat. বৃক্ষবিশেষ।
Woodward, *n. s.* বনাধ্যক্ষবিশেষ, বনরক্ষক, অরণ্যবাসী, বন দেখিয়া বেড়ায় যে।
Woodworm, *n. s.* কীটবিশেষ, ঘুণ, কাঠের পোকা।
Woody, *a.* বনাল, বনময়, বৃক্ষময়, বৃক্ষে ভরা, বৃক্ষবিশিষ্ট, বন বা বৃক্ষে আবৃত, বনজ, কাষ্ঠজ, কাষ্ঠে নির্ম্মিত, কাঠুয়া, কাষ্ঠ বা বনসম্বন্ধীয়, অরণ্যসম্পর্কীয়, বন্য, আরণ্য।
Wooer, *n. s.* Sax. স্ত্রীর পিছে ফেরে বা বেড়ায় যে বা তদুপাসক, স্ত্রী চেষ্টা করে যে বা তৎপ্রসন্নতার্থে উপাসনাকর্ত্তা, স্ত্রীর প্রেমাকাঙ্ক্ষী।
Woof, *n. s.* পড়্যানসূত্র, বুনন, কাপড়, বস্ত্র, বস্ত্রের বুননি।
Wooingly, *ad.* তুষ্ট করিয়া, প্রসন্ন করিয়া, খোসামোদ বা তোষণ পূর্ব্বক।
Wool, *n. s.* Sax. Dut. পশম, লোম, ভেড়ার রোঁয়া, ঊর্ণা, সামান্য চুলকেও বুঝায়।
Woolcomber, *n. s.* লোম পরিষ্কার করে বা আঁচড়ায় যে, পশম ঝাড়ে বা আঁচড়িয়া পরিষ্কার করে যে।
Woolfel, *n. s.* লোমসুদ্ধ চামড়া, লোম পরিষ্কার হয় নাই বা ছাড়ান যায় নাই যে চর্ম্মহইতে তাহা।
Woollen, *a.* ঊর্ণা, পশম বনাত কম্বল বা লুইধর্ম্মক, লোমে নির্ম্মিত, পশমীনা, লোমজ।
Woollen, *n. s.* বনাৎ কম্বল ইত্যাদি বস্ত্র, পশমে বা লোমে নির্ম্মিত বস্ত্র, গরম কাপড়।
Woolliness, *n. s.* লোমময়ত্ব, লোমবিশিষ্টত্ব, লোমশত্ব।
Woolly, *a.* লোমজ, লোমশ, লোমবিশিষ্ট, পশমী, ঊর্ণাময়, লোমে নির্ম্মিত, পশমি কাপড়ে আবৃত বা বস্ত্রান্বিত, লোমতুল্য, লোমবৎ, পশমের ন্যায়।
Woolpack বা **Woolsack,** *n. s.* পশমের আটি বা বোঝা, লোমের বস্তা বা গাঁটি, হৌস আপ্ লার্ডসংজ্ঞক বিচারকর্ত্তা বা রাজমন্ত্রিরদের আসন বৈঠক বা কাছারি, যে দ্রব্য আয়তনে বড় অথচ ভারী নহে তাহা।
Woop, *n. s.* পক্ষিবিশেষ।
Woos, *n. s.* Lat. ক্ষুদ্র বৃক্ষবিশেষ।
Word, *n. s.* Sax. Dut. Got. বাক্য, বাক্, কথা, বাণী, ভাষা, শব্দ, বুলি, রা, আলাপ, কথোপকথন, বাক্যবিনিময়, কথাবার্ত্তা, দ্বন্দ্বজ, বিতণ্ডা, বিচার, প্রতিশ্রুতি, স্বীকার, প্রতিজ্ঞা, সঙ্কেতবাক্য, সংবাদ, সমাচার, উক্তি, ব্যক্তকরণ, কথা কহন, দৈববাণী, দেবতার কথা, দেববাক্য, বাক্যরূপী ভগবান্ অথবা ঈশ্বর, বেদ, ধর্ম্মশাস্ত্র, ধর্ম্মশাস্ত্রীয় সংজ্ঞাবিশেষ, শ্লোক, দৃষ্টান্তবাক্য।
To **Word,** *v. n.* বিচার-কৃ, বাগ্যুদ্ধ-কৃ।
To **Word,** *v. a.* শব্দ বিন্যাস-কৃ, বা লিখ, বাক্য-কথ, উপযুক্ত বাক্য-বচ, কথা-রচ বা বিন্যাস-কৃ, কথায়-ভুলা বা মুগ্ধ-কৃ, কথা দ্বারা-লওয়া বা প্রবৃত্তি-জন্মা, কথাতে পরাস্ত-কৃ।
Wordcatcher, *n. s.* কথা ধরে যে, কথার বিতণ্ডা করে যে, কথা ধরিয়া বিতণ্ডা করে যে ব্যক্তি, কথার ছল ধরে যে।
Worder, *n. s.* বক্তা, কথা কহে যে, বাক্যব্যয় করে যে।
Wordiness, *n. s.* বাক্যময়ত্ব, শব্দ পরিচ্ছদ, শব্দবিশিষ্টত্ব।
Wordish, *a.* বাক্যসম্বন্ধীয়, বাক্যবিষয়ক, শাব্দিক।
Wordishness, *n. s.* বাক্য কথনের বা রচনার রীতি বা ভাব, বাক্যবিন্যাস, শব্দ রচনা বা বিন্যাস।
Wordless, *a.* অবাক, চুপ্, নীরব, মৌনী, নিঃশব্দ, বাক্য বা শব্দ রহিত।
Wordy, *a.* বাচাল, বাবদূক, বাক্যব্যয়ী, বাক্যময়, কথায় ভরা বা পূরা।
Wore, *To* wear ক্রিয়ার অতীতকালবাচক পদ।
To **Work,** *v. n.* কর্ম্ম-কৃ, কার্য্য-কৃ, পরিশ্রম-কৃ, মিহনৎ-কৃ, মিহনৎ-লওয়া, কর্ম্মাসক্ত-হ, কর্ম্মাবৃত-হ, কর্ম্মে ব্যাপৃত-হ, কর্ম্ম নির্ব্বাহ-কৃ, কর্ম্ম-চালা, কার্য্য নির্ব্বাহ-কৃ, চল, গতিশীল-হ, গেঁজ, গাঁজলা-উঠ, খমীর-উঠ, ঘন-হ, পরিশ্রম বা মিহনতের দ্বারা প্রাপ্তি বা লাভ-কৃ, আন্দোলিত-হ, লড়, উচলপাচল-কৃ, শক্তি বা গুণ প্রকাশ-হ, গুণ-কৃ, গুণ-হ, গুণ বা শক্তি-দর্শা, ভেদ-হ, জোলাপ-হ, ঔষধাদি সেবন করিলে যে প্রকার কার্য্য দর্শে তন্ন্যায় অন্তরে বা ভিতরে গুণ-কৃ, পথ-হ বা-কৃ, পথ করিয়া-দা।
To **Work,** *v. a.* পরিশ্রম-কৃ, মিহনত-কৃ, গঠ, নির্ম্মাণ-কৃ, কর্ম্ম-কৃ, শক্তি-কৃ, পরিশ্রম বা শক্তিদ্বারা উৎপন্ন-কৃ, গুণ-দর্শা, নির্ব্বাহ-কৃ, চেষ্টা-কৃ, সূচির কর্ম্ম-কৃ, চিকণ কার্য্য-কৃ, বুটা-তুল, ক্রমিক পরিশ্রম বা বেগদ্বারা-কৃ, সম্পন্ন-কৃ বা-চালা, মিহনৎ-করা।
To **Work** *out,* উদ্যোগ বা পরিশ্রমদ্বারা সিদ্ধি বা সম্পন্ন-কৃ, কর্ম্ম-করা, উঠাইয়া চাঁচিয়া বা মুছিয়া-ফেল, ছুলিয়া-ফেল।
To **Work** *up,* উঠা, তোলা, উচ্চ-কৃ, খরচ-কৃ, খরচ করিয়া-ফেল, কাযে-লাগা।
Work, *n. s.* Sax. Dut. মিহনৎ, শ্রম, মজুরি, কায, কর্ম্ম, ব্যাপার, পরিশ্রমাবস্থা, নির্ম্মাণ, ক্রিয়া, কার্য্য, গুণ, চেষ্টা, বুটার কর্ম্ম, ছুচের কর্ম্ম, চিকণ কর্ম্ম, ঝাড়লতা বুটার কর্ম্ম, শিল্পকর্ম্ম, কারিগরি, নির্ব্বাহ।
To Set on **Work,** কর্ম্ম-করা, কর্ম্মে-লাগা বা-বসা, কর্ম্মে নিযুক্ত-কৃ।
Worker, *n. s.* কর্ম্মকর্ত্তা, মজুরিকর্ত্তা, মজুর কোন কর্ম্ম করে যে বা হয় যদ্দ্বারা।
Workfellow, *n. s.* এক কর্ম্মের কর্ম্মী, কর্ম্মের সাথী, একত্র কর্ম্ম করে যে, এক কর্ম্ম অন্যের সাতে করে যে, সহকর্ম্মকারী, সহকার।
Workfolk, *n. s.* কর্ম্মে নিযুক্ত ব্যক্তিসমূহ কারিগর বা মজুর লোক,

Digitized by Google

কোন কর্ম্ম করে যাহারা, কোন কর্ম্মে ব্যাপৃত বা নিযুক্ত হইয়াছে যাহারা।

Workhouse বা **Workinghouse**, *n. s.* কারখানা, কারখানাঘর, কার্য্যালয়, কোন কর্ম্ম হয় যেখানে, মজুরের স্থান, দুষ্ট নষ্ট ভ্রষ্ট বা নিষ্কর্ম্মা লোকেরদিগকে মিহনৎ করাণ যায় যে স্থানে।

Working, *n. s.* গুণকরণ, গুণ দেখন, গুণ হওন, গতি, চালি, কর্ম্ম, গুণ, ফাঁপন, গাঁজন, গাঁজলা, ফুলিয়া উথলিয়া বা পাকিয়া উঠন।

Workingday, *n. s.* কাযের দিন, কার্য্যের দিবস, কর্ম্মের দিন, রবিবার ভিন্ন আরং দিন, কর্ম্ম হয় যেং দিবসে তাহা।

Workman, *n. s.* কারিগর, শিল্পকার, কর্ম্মকার, কার্য্যকর্ত্তা, গড়ানিয়া, কোন গড়ন গড়ে বা নির্ম্মাণ করে যে, গড়নদার, মজুর, কর্ম্ম করে যে।

Workmanlike, *a.* কারিগরের ন্যায়, কারিগরি আছে যাহাতে, হুনরওয়ালা, হুনর বা হেকমত আছে যাহাতে বা তদনুসারে হয় যে কর্ম্ম, উত্তমরূপে গঠিত বা নির্ম্মিত।

Workmanly, *a.* কথা।

Workmanly, *ad.* কারিগরিপূর্ব্বক, শিল্পির ন্যায়, হুনরপূর্ব্বক, কারিগরি আছে যাহাতে তদনুসারে, শিল্পির মত, কারিগর বা হুনরির বিদ্যা প্রকাশপূর্ব্বক বা তদনুসারে।

Workmanship, *n. s.* কারিগরি, শিল্পকর্ম্ম, হেকমত, হুনর, কারিগরের বা কর্ম্মকর্ত্তার ক্ষমতা পারগতা বা নৈপুণ্য, কর্ম্ম করিবার নীতি নিপুণতা বিজ্ঞতা পারগতা হুনর হেকমত বা তদ্বিদ্যা।

Workmaster, *n. s.* শিল্পী, কার্য্যকর্ত্তা, কর্ম্মকর্ত্তা, কোন কর্ম্ম করে বা চালায় যে, কোন দ্রব্য গড়ে যে, নির্ম্মাতা, মেস্ত্রী, কারিগর, শিল্পকার।

Workshop, *n. s.* কারখানাঘর, কারখানা, কর্ম্মালয়, কায হয় যে স্থানে।

Workwoman, *n. s.* কর্ম্মকর্ত্রী, মজুরিতে কর্ম্ম করে যে স্ত্রী, ঠিকা কর্ম্ম করে যে স্ত্রী, ঠিকা মেয়ে মজুর, রেজা, সূচির কর্ম্ম করে যে স্ত্রী, চিকণ বা তৎকর্ম্মে প্রজ্ঞা যে স্ত্রী।

Workyday, *n. s.* কর্ম্মের দিন, কায হয় যেং দিনে, রবিবার ভিন্ন সপ্তাহের কোন দিবস।

World, *n. s.* Sax. ইহলোক, সংসার ধর্ম্ম, গার্হস্থ্যাবস্থা, জনসমূহ, সাধারণ তাবৎ লোক বা বস্তু, সংসার, জগৎ, বিশ্ব, ব্রহ্মাণ্ড, পৃথ্বী, ভুবন, অবনি, ভূমণ্ডল, বর্ত্তমানাবস্থা, জীবিতাবস্থা, জীবদ্দশা, শারীরিকাবস্থা, সাধারণাবস্থা, সাধারণ জগৎ সংসার, দৈহিককর্ম্ম, দেহধর্ম্ম, দেহধারণ বা তজ্জন্য ক্লেশ দুঃখ চিন্তা ভাবনা ইত্যাদি, শারীরিক ক্লেশ বা ভোগ, জনপদ, সাধারণ লোক, জীবন তদ্গতি বা রীতি, মনুষ্যের রীতি বা চালি, মানুষিক ধর্ম্ম কর্ম্ম বা আচার, সৃষ্টি, দেশ, আশ্চর্য্য বা অদ্ভুত বিষয় বা তৎসমূহ কাল, যুগ।

In the World, সাধ্যমতে, সম্ভবে।

For all the World, ঠিক, যথার্থরূপে।

Worldliness, *n. s.* লোভ, প্রাপণেচ্ছা বা তদ্বিষয়ে আসক্তি, লোলুপত্ব, খাঁই, আকাঙ্খা, লাভেচ্ছা, পরধনেচ্ছা, সাংসারিকত্ব।

Worldling, *n. s.* লোভী বা লোলুপ ব্যক্তি, অর্থপ্রিয়, ধনসেবক, অর্থাকাঙ্খী।

Worldly, *a.* দেহী, সাংসারিক, ঐহিক, ইহলোকের, ঐহিক বিষয়ে রত আসক্ত বা মগ্ন যে, মানব, মানুষিক, সাধারণ।

Worldly, *ad.* ঐহিক বা দৈহিক সম্বন্ধে বা তদ্বিষয়পূর্ব্বক।

Worm, *n. s.* Sax. কীট, কেঁচো, কিঞ্চুলিকা, ক্রমি, পোকা, অজাগর, বিশাল সর্প, গুটি পোকা, ঘুণ পোকা, ক্লেশদ দুঃখদ বা পীড়ার দ্রব্য বা বিষয়, পেঁচ, ফের, কুক্কুরের জিহ্বার অধস্থ বন্ধনী বা শিরাবিশেষ।

To Worm, *v. n.* ক্রমে ধীরে আস্তে বা গোপনে কর্ম্ম-কৃ-চল বা -লড়, কীটের ন্যায় গতি-কৃ।

To Worm, *v. a.* আস্তে ক্রমে বা গোপনে-চালা-ভরা বা বিদ্ধ-কৃ, কুক্কুরের জিহ্বার নীচের মাংসবিশেষ উঠাইয়া বা কাটিয়া-ফেল, যদ্দ্বারা সে কুক্কুর পাগল হয় না।

Wormeat বা **Wormeaten**, *a.* পোকা খাওয়া, পোকায় বা কীটে খাইয়াছে বা নষ্ট করিয়াছে যাহা, ঘুণ ধরা, পুরাণা, জরা, নির্গুণ, নিষ্কর্ম্মা।

Wormeatenness, *n. s.* গলিত পলিত বা জরাবস্থা, ঘুণ খাওয়া বা ঘুণ ধরার ভাব বা অবস্থা।

Wormwood *n. s.* ক্ষুদ্র বৃক্ষবিশেষ, নাগদানা।

Wormy, *a.* কীটময়, কীট বা ঘুণ পোকায় পরিপূর্ণ বা তদ্বিশিষ্ট, মেটেল, মর্ত্ত্য, মৃণ।

Worn, *part. pass.* *To* Wear ক্রিয়ার কার্দন্তিক পদ।

Wornil, *n. s.* গ্রীষ্মকালে গরুর পৃষ্ঠে জাত কীট বা উকুনবিশেষ বা তদ্দ্বারা স্ফীত হয় যে মাংস তাহা।

Worrier, *n. s.* ক্লেশ যন্ত্রণা বা পীড়াদাতা।

To Worry, *v. a.* Sax. দংশন-কৃ, কাট, কামড়াইয়া-ফেল বা -লওয়া, অতিযন্ত্রণা বা ক্লেশ-দা বা-জন্মা, ব্যতিব্যস্ত-কৃ।

Worse, *a.* মন্দতর, অধিকমন্দ অন্যাপেক্ষায় মন্দ নষ্ট বা দুষ্ট যাহা।

Worse, *ad.* অধিকতর মন্দরূপে, মন্দতরে, কদর্য্যরূপে।

The Worse, *n. s.* অতিক্ষতি, নোকশান, অগুণ, মন্দ, অপ্রতুল।

To Worse, *v. a.* মন্দ-কৃ, ক্ষতি-কৃ, অগুণ-কৃ, অপ্রতুল-কৃ।

To Worsen, *v. a.* তথা।

Worser, *a.* Worse শব্দবৎ অর্থ জানিবে তচ্ছব্দের বিকৃত নীচ ভাষা, মন্দতর, অন্যাপেক্ষায় মন্দ খারাব অপকৃষ্ট দুষ্ট বা নষ্ট যে।

Worship, *n. s.* Sax. পূজা, উপাসনা, অর্চ্চনা, সেবা, ভজনা, আরাধনা, বন্দনা, সম্ভ্রম, মর্য্যাদা, প্রাধান্য, শ্রেষ্ঠত্ব, উত্তমতা, মর্য্যাদা বা সম্ভ্রমের উপাধি বুঝায়, আর এতদ্ভাবে প্রভু মহাশয় খোদাবন্দ হজরৎইত্যাদি,ব্যঙ্গ্যার্থে পূর্ব্বোক্ত ভাবে এশব্দ প্রয়োগ করা যায়।

To Worship, *v. a.* পূজা অর্চ্চনা বন্দনা আরাধনা বা সেবা-কৃ, ভজনা-কৃ, মান্য মর্য্যাদা বা সম্ভ্রম-কৃ, পূজাকর্ম্ম-কৃ, গির্জা-কৃ।

To Worship, *v. n.* পূজা অর্চ্চনা বা উপাসকতা-কৃ, পূজক-হ, সেবক-হ।

Worshipful, *a.* মান্য, সম্ভ্রান্ত, পূজ্য, মান্যতা পূজা বা উপাসনার যোগ্য বা তদুপযুক্ত, সেব্য, আদর্য্য, অর্চ্চনীয়, ভজনীয়, পূজনীয়।

Worshipfully, *ad.* সমাদর সংভ্রম মর্য্যাদা পূজা অর্চ্চনা বা সেবা পূর্ব্বক বা তদ্রূপে, মান্য করিয়া, সম্ভ্রমে, উপাসনাপূর্ব্বক।

Worshipper, *n. s.* অর্চ্চনা সেবা পূজা বা উপাসনাকর্ত্তা, সেবক, পূজক, অর্চ্চক, উপাসক।

Worst, *a.* মন্দতম, অত্যন্ত মন্দ নষ্ট দুষ্ট বা ভ্রষ্ট যে, খারাব সর্ব্বাপেক্ষায় কদর্য্য যে বা যাহা।

Worst, *n. s.* অত্যন্ত গর্হিত, নষ্ট দুষ্ট নিন্দিত বা মন্দ যাহা তৎ অবস্থা বা ভাব, অত্যন্ত দুরবস্থা মন্দ বা দুষ্টের শেষ কল্প।

To Worst, *v. a.* পরাভূত-কৃ, হারা, জিত, হারাইয়া-দা, হঠাইয়া -দা।

Worsted, *n. s.* ঝাড়লতার বুনাট কাপড়, বুননদ্বারা লতাপাতার কর্ম্ম, পশমী সূতা।

Digitized by Google

Wort, *n. s.* Sax. Dut. বৃক্ষবিশেষ, চারাবৃক্ষ, যবজ মদ্য, সদ্যো জাতমদ্য।

To **Worth** বা **Wurth**, *v. a.* ঘটা, উপস্থিত-করা।

Worth, স্থানবাচকনামের অন্তে ব্যবহৃত প্রত্যয় পদ জানিবে।

Worth, *n. s.* Sax. মূল্য, দর, গুণ, বিদ্যা, ক্ষমতা, শক্তি, কিম্মত, মাহাত্ম্য, উত্তমতা।

Worth, *a.* অর্হ, লাএক, উপযুক্ত, যোগ্য, গুণ শক্তি ক্ষমতা বা দর বা মূল্য আছে যাহাতে বা তদ্বিশিষ্ট মূল্যোপযুক্ত।

Worthily, *ad.* যোগ্যতা উপযুক্ততা অর্হতা বা গুণানুসারে, যথার্থ রূপে, উপযুক্ত বা যোগ্যরূপে, হার ভাও বা দর বা তদনুসারে।

Worthiness, *n. s.* উপযুক্ততা, যোগ্যতা, গুণপূর্ব্বক, বিদ্যাবত্তা, উত্তমতা, শ্রেষ্ঠতা, মাহাত্ম্য, মর্য্যাদা, সম্ভ্রম, মান্যতা।

Worthless, *a.* নির্গুণ, বৃথা, পণ্ড, নির্মূল্য, মূল্য গুণ বা উপকার নাই যাহাতে বা যাহার।

Worthlessness, *n. s.* নৈর্গুণ্য, ব্যর্থতা, অনাদর্য্যতা।

Worthy, *a.* অনুপযুক্ততা, অযোগ্যতা, অনুত্তমতা, অশ্রেষ্ঠতা, সম্ভ্রম মাহাত্ম্য বা গুণবর্জিতত্ব।

Worthy, *n. s.* বিশেষ গুণ, বিদ্যা বা কর্ম্মদ্বারা বিখ্যাত বা প্রতিষ্ঠিত বা শ্রেষ্ঠ হইয়াছে যে ব্যক্তি, উপযুক্ত যোগ্য মান্য আদর্য্য পূজ্য মহৎ সদাশয় মহান্ শ্রেষ্ঠ সগুণ সমূল্যক খ্যাত্যাপন্ন প্রধান বিখ্যাত বা প্রতিষ্ঠিত ব্যক্তি দ্রব্য বা বিষয়।

Wove, *To* **Weave** ক্রিয়ার অতীত কালবাচক পদ।

Woven, *To* **Weave** ক্রিয়ার কার্দন্তিক পদ, বুনান, বুনা।

Would, *To* **Will** ক্রিয়ার অতীকালবাচক পদ।

Woulding, *n. s.* ইচ্ছা, বাসনা, মতলব, আশয়, অভিপ্রায় বা অভিলাষের বিষয় বা কারণ।

Wound, *n. s.* Sax. Dut. Got. ঘা, ক্ষত, আঘাত, চোট, জখম, কাটা।

To **Wound**, *v. a.* আঘাত-কৃ, ক্ষত-কৃ, ঘাইল-কৃ, জখমি-কৃ, চোট-মার বা-লাগা, জখম-কৃ, কাট, ছিন্দ, নষ্ট-কৃ।

Wound, *To* **Wind** ক্রিয়ার অতীত কালবাচক ও কার্দন্তিক পদ।

Wounder, *n. s.* আঘাতকর্ত্তা, ক্ষত করে যে, জখমি করে যে, চোট মারে বা লাগায় যে ব্যক্তি, জখমকর্ত্তা।

Woundless, *a.* অনাঘাতিত, বেজখম, ক্ষতরহিত, আঘাত চোট বা জখম লাগে নাই যাহাকে বা যাহাতে।

Woundwort, *n. s.* Lat. চারা বৃক্ষবিশেষ।

Woundy, *a.* ইতর ভাষায় আত্যন্তিক অধিক বা অতিশয় বুঝায়।

Wrack, *n. s.* Dut. Sax. ঝড়ে জাহাজ মারা পড়ন, পাহাড়ে লাগিয়া জাহাজ ডুবন বা গরক হওন, বায়ু বা পাহাড়দ্বারা জাহাজ ভাঙ্গন, তদ্বিনাশ নিধন পতন বা ভাঙ্গিয়া যাওন।

To **Wrack**, *v. a.* জলের মধ্যে নষ্ট-কৃ বা-ভাঙ্গ, কাঁপা, হেলা, চালন-কৃ, লাড়া, মার, আঘাত-কৃ, প্রহার-কৃ, যন্ত্রণা-দা, জলে-ডুবা, জাহাজ ডুবি-কৃ, জাহাজ মারা-যা, *To* **Wreck** শব্দ দেখ।

Wrackful, *a.* বিনাশকারী, নষ্টকারী, নিধন করে যে, নাশ করে যে, নাশ হয় যদ্দ্বারা বিনাশক, নাশক।

Wraith, *n. s.* মুমূর্ষু ব্যক্তির ভূত বা ছায়া অথবা তদ্দৃষ্ট ছায়া বা ভূত।

To **Wrangle**, *v. n.* Teut. কলহ-কৃ, ঝকড়া-কৃ, বাদানুবাদ-কৃ, বিতণ্ডা-কৃ, বিবাদ-কৃ, বাগ্যুদ্ধ-কৃ, কাজিয়া-কৃ, বচসা-কৃ, কচাল-কৃ, রদবদল-কৃ, কন্দল-কৃ।

Wrangle, *n. s.* কচাল, কলহ, দ্বন্দ্বজ, বিবাদ, বাদানুবাদ, বিতণ্ডা, ঝকড়া, রদবদল, তকরার, বচাবচি, বচসা, বাগ্যুদ্ধ, কাজিয়া, কোন্দল।

Wrangler, *n. s.* বাদানুবাদকারক, কলহকর্ত্তা, হুজ্জতী, তকরারী, কোন্দল্যা, বিতণ্ডাকারক, বাগ্যুদ্ধ ব কথার রদবদল করে যে ব্যক্তি, কচাল্যা।

To **Wrap**, *v. a.* Dan. বেটন-দা, লেফাপা বা ওয়াড়-দা, মোড়ক-কৃ, মোড়া, জড়া, লপ্‌টা, তো-কৃ, গুটা, আচ্ছাদন-কৃ, আবরণ-কৃ, ঢাক।

To **Wrap up**, তাবৎ-মোড়া, সম্পূর্ণরূপে-জড়া-লপ্‌টা বা-গুটা, কাড়িয়া-নী, ছিনিয়া-নী, বলাৎহরণ-কৃ, ভুক্ত-কৃ, তরতি-কৃ, আনন্দিত-কৃ, আহ্লাদে মুগ্ধ-কৃ, অতিহর্ষযুক্ত-কৃ, আহ্লাদে-ফাটা।

Wrapper, *n. s.* লেফাপা, বেটন, ওয়াড়, গেলাপ, জড়ায় বা আবরণ করে যে বা যাহাতে।

Wrapping, *n. s.* মোড়ক, ওয়াড়, গেলাপ, লেফাপা, আবরণ মোড়ক।

Wrath, *n. s.* Sax. ক্রোধ, কোপ, রাগ, গোসা, কহর, গজব, রোষ, উষ্মা, খাপ্‌গি।

Wrathful, *a.* রুষ্ট, ক্রোধান্বিত, রাগান্ধ, কোপাবিষ্ট, রাগাল, রাগী, সক্রোধ, ক্রোধী, খাপা, রাগান্বিত।

Wrathfully, *ad.* ক্রোধপূর্ব্বক, কোপান্বিতরূপে, রাগান্ধরূপে, রুষ্ট হইয়া, ক্রোধ করিয়া, রুষ্টতাপূর্ব্বক, খাপা হইয়া, রাগ করিয়া, কহর বা গজব করিয়া।

Wrathless, *a.* অরুষ্ট, অক্রোধী, কোপরহিত, অক্রোধী, রাগশূন্য, শান্ত, নির্ব্রোধ, রাগ নাই যাহার, নীরাগী।

To **Wrawl**, *v. n.* বিড়ালের ডাক-ডাক, বিড়ালের ন্যায় শব্দ-কৃ বা-হ, মেওং শব্দ-কৃ।

To **Wreak**, *v. a.* প্রতিফল-দা, প্রতিহিংসা-কৃ, অপকার চেষ্টা-পা বা-কৃ, আড়ি-তুল, দাদ-তুল, রাগ বা দ্বেষ করিয়া বা মন্দ অভিপ্রায়ে কোন কর্ম্ম-কৃ, সতর্ক-কৃ, সাবধান-কৃ, হুসিয়ারি বা খবরদারি-কৃ, ইহা **Reck** শব্দের পরিবর্ত্তেও লেখা যায় তচ্ছব্দ দেখ।

Wreath, *n. s.* Sax. পেঁচ, জড়ান, শিখি, পাকান বা বাকান কোন বস্তু, হার, মালা।

To **Wreath**, *v. a.* চাচর-কৃ, পেঁচ-দা, পাক-দা, মোড়া-দা, কোঁকড়া, জড়া, বিনট-কৃ, বুন, গাঁথ, মালা বা হার-গাঁথ বা তদ্যুক্ত-কৃ।

To **Wreath**, *v. n.* বুনাট-হ, কোঁকড়া-হ, বিনট-হ, গাঁথা-হ, জড়োন-হ।

Wreathy, *a.* চাচর করা, পেঁচ বা পাক দেওয়া, মোড়া দেওয়া, কোঁকড়ান, জড়োন, কুঞ্চিত, মালা হার বা শিখিবিশিষ্ট বা তৎপরিহিত।

Wreck, *n. s.* Sax. Dut. জাহাজ ডুবি, সমুদ্রে জাহাজ মারা যাওন পতন বা ভাঙ্গিয়া যাওন, ভগ্নার্ণবপোত, চড়ায় বা প্রস্তরে ঠেকিয়া ভ্রষ্ট পোত, সমুদ্রের মধ্যে পাহাড় বা চড়ায় ঠেকিয়া ভগ্ন হওন, সমুদ্রে বিনাশ, বল বা বেগের দ্বারা বিনাশ, বিনাশ, নাশ, উচ্ছেদ, সমুদ্রের মধ্যে চড়া বা পাহাড়ে ঠেকিয়া ভ্রষ্ট বস্তু, চসা ভূমিতে থাকে যে শুষ্ক তৃণ তাহা।

To **Wreck**, *v. a.* চড়া বা পাহাড়ের উপর ফেলিয়া বা আছাড়িয়া ভগ্ন বা নষ্ট-কৃ, নাশ-কৃ, বিনাশ-কৃ, উচ্ছেদন-কৃ, জাহাজ-ডুবা-ভাঙ্গা বা নাশ-কৃ।

To **Wreck**, *v. n.* জাহাজ ডুবি-হ, জাহাজ মারা-পড়, মারা-পড়, চড়ায় বা প্রস্তরে ঠেকিয়া ভগ্ন-হ।

Wreckful, *a.* চড়ায় বা প্রস্তরে ঠেকাইয়া ভগ্নকারী, নষ্টকারী, উচ্ছেদনকারী, জাহাজ ডুবায় নষ্ট করে যে বা হয় যদ্দ্বারা।

Wren, *n. s.* Sax. ক্ষুদ্র পক্ষিবিশেষ।

To **Wrench**, *v. a.* Sax. জোরে-টান, মোচড়াইয়া-লওয়া, কাড়ি

Digitized by Google

য়া-লওয়া, জোর করিয়া-লওয়া, ছিনিয়া-লওয়া, মোচড়া, তেড়া -কৃ, বেঁকা-কৃ, বক্র-কৃ।

Wrench, *n. s.* আকর্ষণ, টান, খেঁচুনি, মোচড়, মোচড়ানি, মোচড়া পাক, চাড় দেওন, টানন, মচকান, টানাটানি।

***To* Wrest**, *v. a.* Sax. জোরে-মোচড়া, পেঁচ-দা বা-পাক-দা, পাক দিয়া বা নিংড়াইয়া বাহির-কৃ, জোর বা জুলুম করিয়া-নী, কস, পেঁচ-লাগা, বেঁকা, বিকটাকার-কৃ, বক্র-কৃ।

Wrest, *n. s.* পেঁচ, মোচড়, মোচড়ান, পাক, কসুনি, খেঁচুনি, মচকান, সুর বাঁধিবার অস্ত্রবিশেষ।

Wrester, *n. s.* পেঁচ, পাক, দোমড়ান্য, পাকান্য, পেঁচ বা মোচড়া দেয় যে, পূর্ব্বোক্ত অস্ত্র ব্যবহারকর্ত্তা।

***To* Wrestle**, *v. n.* বাহুযুদ্ধ-কৃ, কুস্তি-কৃ, মল্লযুদ্ধ-কৃ, লড়াই-কৃ, পাছড়াপাছড়ি-কৃ, কাড়াকাড়ি-কৃ, হুড়াহুড়ি-কৃ।

***To* Wrestle**, *v. a.* মল্লযুদ্ধে পরাস্ত-কৃ, কুস্তিতে-হারা, কোস্তাকুস্তি -কৃ, মল্লযুদ্ধ-কৃ, বাহু কসাকসি-কৃ।

Wrestle, *n. s.* মল্লযুদ্ধ, বাহুযুদ্ধ, কুস্তি, কোস্তাকুস্তি, হুড়াহুড়ি।

Wrestler, *n. s.* বাহুযোদ্ধা, মল্লযোদ্ধা, কুস্তিগির, মাল, পলবান্।

Wretch, *n. s.* Sax. অভাগা, হতভাগ্য, বেচারা, দুঃখী, কাঙ্গালি বা লক্ষ্মীছাড়া ব্যক্তি।

Wretched, *a.* হতভাগা, অভাগা, দীনহীন, পোড়াকপাল্যে, কাঙ্গালী, কমীনা, পাজী, দীনদরিদ্র, দুঃখী, অসুখী, ক্ষুদ্র, নীচ, হেয়, তুচ্ছ, জঘন্য, সামান্য, ভ্রষ্ট, নষ্ট, দুষ্ট।

Wretchedly, *ad.* অভাগ্য হতভাগ্য বা পোড়াকপালপূর্ব্বক, দরিদ্রতাপূর্ব্বক, নীচতা হেয়তা তুচ্ছতা জঘন্যতা বা নিকৃষ্টতারূপে বা ভাবে, পেজম-রূপে।

Wretchedness, *n. s.* দরিদ্রতা, কাঙ্গালিপোনা, দুঃখ, ক্লেশ, দীনহীনতা, জঘন্যতা, দুঃখ ধান্ধা, নিকৃষ্টতা, অধমত্ব, হেয়ত্ব, তুচ্ছত্ব, পাজীআনা।

Wretchless, *a.* অসাবধান, অসতর্ক, অমনোযোগী, বেখবরদার, বেপরওয়া, অমনোনিবেশী, অনবধারক।

Wretchlessness, *n. s.* অসাবধানতা, অসতর্কতা, অমনোযোগ, অমনোনিবেশ, অনবধারণ।

***To* Wrig**, *v. a.* ঘৃষ্ট-কৃ, লড়, আন্দোলিত-কৃ, লড়চড়-কৃ, অস্থির বা চঞ্চল-কৃ, কম্পমান-কৃ।

***To* Wriggle**, *v. a.* Sax. দোলা, হেলা, লড়া, অস্থির-কৃ, ঘষা, লাড়াচাড়া-কৃ, চালনা-কৃ।

***To* Wriggle**, *v. n.* লড়, লড়িয়া-বেড়া, অস্থির-হ, হেল-দোল, চঞ্চল-হ।

Wriggle, *a.* নরম, নমনশীল, নমনীয়, অস্থির, দোলে বা হেলে যাহা, লড়িয়া বেড়ায় যে।

Wright, *n. s.* Sax. শিল্পী, শিল্পকর্ম্মী, শিল্পকর্ম্মনির্ম্মাতা, গড়ানিয়া, শিল্পকারক, নির্ম্মাতা, নির্ম্মাণকর্ত্তা, মেস্ত্রী।

***To* Wring**, *v. a.* পাকা, পাক-পাড়া, পাক-দা, মোড়া-দা, মোচড়া, জড়া, নিষ্কাশ, নিংড়া, টিপ, টিপিয়া বাহির-কৃ, খামচিয়া-লওয়া, চিমটি-কাট, ক্লেশ-দা, যন্ত্রণা-দা, পীড়া-দা, বিকটাকার-কৃ, দোমড়া, বক্র-কৃ, টেঙ্গুরভেঙ্গুর-কৃ, উল্টা-কৃ।

***To* Wring**, *v. n.* লুটপুট-কৃ, গড়াগড়ি-দা।

Wring, *n. s.* লুটপুটি খাওন, গড়াগড়ি দেওন, পাক পাড়ন বা দেওন, মোড়া দেওন, ক্লেশ, যন্ত্রণা।

Wringer, *n. s.* নিষ্কাশনকর্ত্তা, কাপড় নিংড়ায় যে, নিংড়াইয়া জল বাহির করে যে।

Wrinkle, *n. s.* Sax. দুঃখ, ভাবনা বা পীড়াজাত মুখে দাগ বা বিশ্রী, মাংসাদি লোলিত হওন বা কোঁকড়িয়া যাওন, চুনট, কোঁচকা, বস্ত্র কোঁচান, বস্ত্রের সংকোচ, আবুড়খাবুড়, অসমান ভাব বা অবস্থা।

***To* Wrinkle**, *v. a.* Sax. কোঁকড়াইয়া-দা, কুঞ্চন-কৃ, চুনট-কৃ, কোঁচা, কোঁকড়া, কোঁচকা, অসমান-কৃ, আবুড়খাবুড়-কৃ।

Wrist, *n. s.* Sax. কব্জা, মণিবন্ধ, হাতের কব্জা বা পোঁছা।

Wristband, *n. s.* বন্ধ, হাতা, কামিজের হাতা বন্ধ লাগান বা তৎযুক্তকরণ।

Writ, *n. s.* লিখন, চিঠি, ধর্ম্মপুস্তক, পরবানা, দস্তক, তলপ চিঠি।

Writ, *To* Write ক্রিয়ার অতীত কালবাচক পদ।

Writative, *a.* পোপসংজ্ঞক ধর্ম্মাধ্যক্ষের ব্যবহৃত কথা বা লিখন, নকল হয় না যাহার, আদর্শ করা যায় না যাহার।

***To* Write**, *v. a.* লিখ, অক্ষরদ্বারা লিপি-কৃ, ব্যক্ত-কৃ, ছাপা-কৃ, খোদ, রচনা-কৃ, সৃষ্টি-কৃ, পত্র-লিখ, পত্র প্রেরণ-কৃ, পত্রদ্বারা -জানা-বলা বা অবগত-কৃ, লেখনীর কর্ম্ম-কৃ,।

***To* Write**, *v. n.* মসীকর্ম্ম-কৃ, লিখ, লিখন কার্য্য-কৃ বা-হ, গ্রন্থকর্ত্তা -হ, গ্রন্থ রচনাকারী-হ, গ্রন্থে-বল-রচ বা-লিখ, পত্রপ্রেরক-হ, সংজ্ঞা-কৃ, সংজ্ঞাবাচক-হ, নাম-ধর, নামধারী-হ, রচনাকারী -কৃ।

Writer, *n. s.* লেখক, গ্রন্থকর্ত্তা, গ্রন্থ রচনাকর্ত্তা, কেরাণি, লিপিকর, মুহুরির, মসীজীবী।

***To* Writhe**, *v. a.* Sax. পাক-দা, মরিচা-কৃ, মোড়া-দা, পাকা, মোচড়া, বিকটাকার-কৃ, জড়া, দোমড়া, ছিনাইয়া-লওয়া, লুটিপুটি-খাদ, ছট্‌ফট্‌-কৃ।

***To* Writhe**, *v. n.* যন্ত্রণা-প্রাপ্, ধড়ফড়-কৃ, ছট্‌ফট্‌-কৃ।

Writing, *n. s.* লিখন, লেখা, লিপি, খত, খতপত্র, তমঃসুক, পরবানা, রচনা, গ্রন্থ, লেখা কাগজ।

Writingmaster, *n. s.* লেখনের গুরু, লিখন শিখায় যে, খোশনবীস।

Written, *To* Write ক্রিয়ার কার্দন্তিক পদ, লেখা, লিখিত।

Wrizzled, *a.* কোঁচকাপড়া, কোঁকড়া, দাগ পড়িয়াছে যাহাতে।

Wroken, *To* Wreak ক্রিয়ার কার্দন্তিক বা শত্রন্ত পদ।

Wrong, *n. s.* Sax. অপকার, ক্ষতি, নোক্‌সান, অযথার্থ কর্ম্ম, অবিচার, অন্যায়, হিংসা, ভ্রম, ভ্রান্তি, অসত্য, মিথ্যা, ভুল।

Wrong, *a.* অসত্য, মিথ্যা, অযথার্থ, অকর্ত্তব্য, অনুপযুক্ত, অনুচিত, অন্যায়, অন্যায়ী, অশুদ্ধ, ভ্রান্ত, কল্পিত, অগ্রাহ্য, অবিচার্য্য।

Wrong, *ad.* অযথার্থ অনৌচিত্য অকর্ত্তব্য অশুদ্ধ অন্যায় বা অবিচারপূর্ব্বক, ভ্রমে, ভুলক্রমে।

***To* Wrong**, *v. a.* মন্দ-কৃ, অপকার-কৃ, ক্লেশ-দা, হিংসা-কৃ, অন্যায় বা অবিচার-কৃ, ক্ষতি-কৃ।

Wrongdoer, *n. s.* অপকারকর্ত্তা, মন্দকারী, হিংসুক ব্যক্তি, মন্দ ক্ষতি অন্যায় বা অপচয় করে যে ব্যক্তি।

Wronger, *n. s.* তথা।

Wrongful, *a.* অপকারক, হিংসুক, মন্দকারক, অপকারজনক, অযথার্থ, অন্যায়ী, অবিচারী, অসাধু, অসৎ।

Wrongfully, *ad.* অযথার্থরূপে, অকর্ত্তব্যতা বা অনৌচিত্যরূপে, অপকারকত্ব বা মন্দকারিত্বরূপে।

Wronghead বা **Wrongheaded**, *a.* ভ্রান্ত, বিপরীত বোধী বা বিবেচক, উল্টা বুঝে যে, বিপরীত সংস্কার বা জ্ঞানবিশিষ্ট।

Wronglessly, *ad.* অনপকারপূর্ব্বক, বিনা অপকারে, বিনা হিংসা বা মন্দ করিয়া, কর্ত্তব্যতা বা ঔচিত্যপূর্ব্বক।

Wrongly, *ad.* অপকারপূর্ব্বক, অযথার্থরূপে, অকর্ত্তব্যরূপে, অন্যায়ে, ভ্রান্তিপূর্ব্বক, ভুলক্রমে।

Wronguess, *n. s.* মন্দাভিপ্রায়, অপকারেচ্ছা, হিংসুকতা।

Digitized by Google

Wrote, To Write ক্রিয়ার কার্দন্তিক পদ।

Wroth, *a.* Sax. ক্রোধী, উষ্মান্বিত, রাগী, রাগাল, রুষ্ট, Wrath শব্দ দেখ।

Wrought, *a.* Sax. নির্ম্মিত, গঠিত, প্রস্তুতীকৃত, গড়া, সম্পন্ন, আকৃষ্ট, জনিত, উৎপাদিত, কৃত, পরিশ্রমদ্বারা করা গিয়াছে বা হইয়াছে যাহা, গড়া গিয়াছে যাহা, প্রাপ্ত, লব্ধ, কর্ম্মে পরিশ্রমে বা মজুরিতে ব্যবহৃত যাহা, ক্রমে উৎপাদিত জনিত বা কৃত, অনুমিত, আজ্ঞাকৃত, নির্ব্বাহকৃত, আন্দোলিত, অস্থিরীকৃত, ত্যক্ত বা ব্যস্তকৃত, ব্যাকুলীকৃত।

Wrung, *To* Wring ক্রিয়ার কার্দন্তিক ও অতীতকালবাচক পদ।

Wry, *a.* বক্র, বাঁকা, অনৃজু, তের্চ্ছা, অসরল, তেড়া, বিকটাকার, উল্টা।

To Wry, *v. n.* বক্র-হ, তের্চ্ছা বা তেড়া-হ।

To Wry, *v. a.* বক্র-কৃ, তেড়া বা তের্চ্ছা-কৃ, বিকটাকার-কৃ, মোচড়াইয়া বা দোমড়িয়া-দা।

Wryneck, *n. s.* পক্ষিবিশেষ।

Wryness, *n. s.* বক্রতা, তের্চ্ছা বা তেড়ার ভাব বা অবস্থা, অসারল্য, অনৃজুতা।

X.

X, ইউরোপীয় বর্ণমালার চতুর্ব্বিংশতিতমাক্ষর, ইহার উচ্চারণ ক্লবৎ, ইংরাজী ভাষায় কোন শব্দের আদিতে প্রায় ব্যবহার নাই, যে কএক শব্দ পরে লিখা যাইতেছে, ইহা ফরাশিষ হইতে আনীত জানিবে।

X, দশসংখ্যা, দশম।

Xebec, *n. s.* তিনমাস্তুলে ক্ষুদ্র জাহাজবিশেষ।

Xenodochy, *n. s.* Gr. আতিথ্য, দানশীলতা, দানশৌণ্ডতা, অতিথিকরণ, অতিথি সেবা।

Xerophagy, *n. s.* Fr. Gr. শুষ্ক আহারীয় দ্রব্য বা তদ্দ্রব্য ভোজন, শুষ্ক দ্রব্য আহারকরণ বা খাওন।

Xylography, *n. s.* Gr. কাষ্ঠের উপর খোদন বা ছাপাকরণ, এতৎপ্রকরণ বা বিদ্যা।

Y.

Y, ইউরোপীয় বর্ণমালার পঞ্চবিংশতিতমাক্ষর, স্বর ও ব্যঞ্জনার্থে উভয়রূপে ব্যবহার হয়, সংযুক্ত অ ই উ এ ও বা য বৎউচ্চারণ হয়, শাকসনি ভাষায় প্রাচুর্য্যরূপে ব্যবহার ছিল তাহাহইতে ইংরাজী ভাষাতে আনীত জানিবে।

Yacht, *n. s.* Dut. চড়ন্দারের নিমিত্তে ক্ষুদ্র জাহাজবিশেষ, সোয়ারির নৌকা, ময়ূরপংখী ভাউলিয়া ইত্যাদি।

Yam, *n. s.* মারিকেন দেশে জাত মূলবিশেষ, আলু।

To Yap, *v. n.* কুক্কুরের ডাক-ডাক্, কুক্কুরবৎ ধ্বনি-কৃ।

Yard, *n. s.* Sax. অঙ্গন, প্রাঙ্গন, উঠান, আঙ্গিনা, গজ, দুইহাত পরিমাণ, গজবাড়ী, কারখানা, কারখানাবাড়ী, জাহাজের পালি ধারণ করে যে কাষ্ঠে তাহা।

Yardland, *n. s.* ভূমির পরিমাণবিশেষ, স্থানবিশেষে ইহার ন্যূনাতিরিক্ত হয়, Acre নামক অথবা কমবেশ ৩ বিঘা পরিমাণের ১৫, ২০, ২৪, ৩০ বা ৪০ Acre বুঝায় জানিবা।

Yardwand, *n. s.* একগজ, একগজ পরিমাণ বা মাপ।

Yare, *a.* Sax. চালাক, দ্রুত, খরখরে, দক্ষ, ক্ষিপ্র, ব্যগ্র, ব্যস্ত, পটু, সতর্ক, নিপুণ।

Yarely, *ad.* নৈপুণ্যরূপে, পটুতা চালাকী বা দক্ষতারূপে।

To Yark, *To* Yerk শব্দ দেখ।

Yarn, *n. s.* Sax. ঊর্ণাসূত্র, পশমীসূতা, পাকান কাটা বা বুনা পশম বা সূত্র।

To Yarp, *v. n.* ভেউং-কৃ, কুক্কুরের ন্যায় ধ্বনি বা শব্দ-কৃ।

Yarrow, *n. s.* ক্ষুদ্র বৃক্ষবিশেষ।

Yate, *n. s.* Sax. উত্তর ইংগ্লণ্ডে, Gate শব্দের পরিবর্ত্তে ব্যবহৃত জানিবে, তচ্ছব্দ দেখ।

Yaw, *n. s.* জাহাজের গতিবিশেষ, তুফান বা জলবৃদ্ধি হইলে জাহাজের অস্থিরতা বা আন্দোলন।

Yawl বা Yaul, *n. s.* জাহাজের ডিঙ্গী, জলপলবার, উপনৌকা।

To Yawl, *v. n.* ক্রন্দন-কৃ, ডাক, হাঁক, *To* Yell শব্দ দেখ।

To Yawn, *v. n.* Sax. জৃম্ভণ-কৃ, হাঁই-তুল, আলস্যত্যাগ-কৃ, প্রশস্ত-কৃ, প্রশস্তরূপে-খুল বা বিস্তার-কৃ, জৃম্ভণদ্বারা অভিপ্রায় বা ইচ্ছা প্রকাশ-কৃ।

Yawn, *n. s.* জৃম্ভণ, হাঁই, গামোড়া, আলস্যত্যাগ।

Yawning, *a.* জৃম্ভাতুর, নিদ্রাতুর, নিদ্রালু, অলস।

Yclad, *part.* বস্ত্রান্বিত, পরিহিত, ভূষিত, বস্ত্রাচ্ছাদিত, বস্ত্রে ঢাকা, বস্ত্রপরা।

Ycleped, Sax. নামধেয়, নামকৃত, আখ্যাপ্রাপ্ত, সংজ্ঞাবিশিষ্ট।

Ydrad, *part.* *To* Dread ক্রিয়ার কার্দন্তিক পদ।

Digitized by Google

Ye, যুষ্মদ্বাচ্যে Thou শব্দের বহুবচনান্ত পদ, তোমরা সকলে, তোমরা, তোরা।

Yea, *ad.* Sax. হাঁ, সত্য, বটে।

To Yean, *v. n.* Sax. মেষ প্রসব-হ, বৎস-হ, ছা-হ, ভেড়ার ছা-হ, ভেড়ার বাচ্চা-হ বা-জন।

Yeaned, *part. a.* বাচ্চার ন্যায় প্রসব হইয়াছে যাহা, ভেড়ার ছা।

Yeanling, *n. s.* মেষবৎস, ভেড়ার বাচ্চা, মেষশাবক, মেষবৎস।

Year, *n. s.* Sax. বর্ষ, বৎসর, অব্দ, সম্বৎ, সম্বৎসর, সন, সাল, এ শব্দ বহুবচনান্ত হইলে বৃদ্ধকাল বা বৃদ্ধাবস্থা বুঝায়।

Yeared, *a.* বাৎসরিক, বর্ষীয়, বৎসরবিশিষ্ট, বৎসরসংখ্যক।

Yearbook, *n. s.* দ্বিতীয় এদ্বার্ড রাজার রাজ্যহইতে অষ্টম হেন্রি পর্য্যন্ত যেং বিষয় হইয়াছিল তাহার সাম্বৎসরিক বৃত্তান্ত বা তৎপ্রকাশিত গ্রন্থ।

Yearling, *a.* এক বৎসরবয়স্ক, এক বর্ষীয়।

Yearly, *a.* বর্ষীয়, বার্ষিক, আব্দিক, সালিয়ানা, প্রতিবৎসরীয়, এক বৎসরব্যাপক, প্রতিবৎসর হয় বা ঘটে যাহা।

Y. 'y, *ad.* বৎসরং, প্রতিবৎসর, প্রতিবৎসরে, বৎসরের মধ্যে একবার।

To Yearn, *v. n.* Sax. উদ্বিগ্ন-হ, ব্যাকুল-হ, আন্তরিক ব্যথা বা জ্বালা-হ, যেমন মাতা আপন সন্তানের নিমিত্তে করুণা করে তদ্রূপ ব্যস্ত-হ।

To Yearn, *v. a.* পীড়িত-কৃ, দুঃখী-কৃ, পীড়া-দা, ক্লেশ-দা, দুঃখ-দা, বিরক্ত-কৃ, জ্বালাতন-কৃ।

Yearning, *n. s.* উদ্বিগ্নাবস্থা, ব্যাকুলতা, আন্তরিক ব্যথা।

Yeast, Yest শব্দ দেখ।

Yelk, *n. s.* Sax. আণ্ডার কুসুম, অণ্ডের মধ্যে পীতবর্ণ অংশবিশেষ।

To Yell, *v. n.* Sax. কেঁউং-কৃ, চীৎকার শব্দ-কৃ, ক্রন্দন-কৃ।

To Yell, *v. a.* আপশোস-কৃ, ক্রন্দন বা বিলাপ-কৃ।

Yell, *n. s.* চীৎকার, কি, কোঁং শব্দ, ত্রাস বা ভয়হইতে হয় যে শব্দ বা ডাক।

Yellow, *a.* Sax. পীতবর্ণ, পীলা, জরদ, হলদিয়া, সোণার ন্যায় বর্ণ বা রং, হরিতাল বর্ণ, হরিতাল বা পিউড়ির বর্ণ যাহার।

Yellow, *n. s.* পীত বর্ণ বা রং, হরিতাল বা পিউড়ির রং, হল্দিয়া রং।

To Yellow, *v. a.* হলিদা-কৃ, পীত বর্ণ-কৃ, জরদা-কৃ।

To Yellow, *v. n.* হল্দিয়া রং-হ, পীত বর্ণ-হ, জরদ রং-হ, পাণ্ডুবর্ণ-হ।

Yellowboy, *n. s.* অতিনীচ ভাষায় সোণার মোহর বুঝায়।

Yellowgolds, *n. s.* পুষ্পবিশেষ।

Yellowhammer, *n. s.* পক্ষিবিশেষ।

Yellowish, *a.* ঈষদ্ পীতবর্ণ, হরিদ্রা বা জরদ রং তুল্য বা তদাকার।

Yellowishness, *n. s.* ঈষদ্ হরিদ্রাবর্ণ, ঈষদ্ পীতবর্ণ, তদ্গুণ বা ধর্ম্ম।

Yellowness, *n. s.* পীতত্ব, পীতবর্ণ, সেক্সপিয়ার কবির ভাষায় ঈর্ষা সন্দেহ বা দ্বেষ বুঝায়।

Yellows, *n. s.* ঘোড়ার রোগবিশেষ।

To Yelp, *v. n.* Sax. ক্ষুদ্র কুক্কুরবৎ রব-কৃ, খেউং-কৃ, শীকার দেখিলে বা পাইলে তৎপশ্চাৎ ধাবমান হইয়া যেরূপ ডাকে তাহা।

Yeoman, *n. s.* Got. Sax. তালুকদারবিশেষ, ক্ষুদ্র পটি বা তালুকদার, জোৎদার, পূর্ব্বকালে সিপাহীর বিশেষণবাচক বা তদুপাধিবিশেষ জানিবে।

Yeomanly, *a.* পূর্ব্বোক্ত ব্যক্তিসম্বন্ধীয় বা তদ্বিষয়ক।

Yeomanry, *n. s.* পূর্ব্বোক্ত তালুকদারসমূহ।

To Yerk, *v. a.* লাফিয়া-উঠ, ডিঙ্গিয়া-যা, প্রহার-কৃ, চাবুক-মার।

To Yerk, *v. n.* ঢুলকি দিয়া-হাঁট বা-চল।

Yerk, *n. s.* দ্রুতগতিবিশেষ।

To Yern, *v. a.* *To* Yearn শব্দ দেখ।

Yes, *ad.* Sax. হাঁ, সত্য, বটে, ভাল।

Yest, *n. s.* Sax. মউয়া, মদ্যফেণ, ফেণা, সর।

Yester, *a.* Sax. বর্ত্তমান দিবস কিম্বা রাত্রির অব্যবহিত পূর্ব্বদিন বা রাত্রির বিশেষণ, পর শব্দ দেখ।

Yesterday, *n. s.* Sax. গতকল্য, গতদিবস।

Yesterday, *ad.* গত দিবসে, গত কল্য।

Yesternight, *n. s.* গত রাত্রি।

Yesternight, *ad.* গত রাত্রিতে।

Yesty, *a.* Sax. ফেণাবিশিষ্ট, মাতওয়ালা, মাতবিশিষ্ট, ফেণা উঠিয়াছে যাহাতে, গাঁজলাবিশিষ্ট, ফেণাময়, গাঁজলাযুক্ত, গাঁজাল।

Yet, *conj.* Sax. তথাপি, তথাচ, তবু, ফের, আরো, যাহা হউক।

Yet, *ad.* অদ্যাপি, অদ্যাবধি, এপর্য্যন্ত, এতদ্ভিন্ন, এতদতিরিক্তে, আরো, আর একবার, অধিকন্তু, এতৎকালে, এতৎপূর্ব্বে, যাহা হউক, ক্রমে, আরপ্রকারে, একালপর্য্যন্ত।

Yeven, Given শব্দের পরিবর্ত্তে ব্যবহৃত জানিবে।

Yew, *n. s.* Sax. বৃক্ষবিশেষ।

Yewen, *a.* পূর্ব্বোক্ত বৃক্ষে গঠিত বা নির্ম্মিত।

Yex, *n. s.* Sax. শ্বাস কাশবিশেষ।

To Yex, *v. n.* পূর্ব্বোক্ত রোগ-হ, শ্বাসকাশ-হ।

Yfere, *ad.* Sax. একত্র, একযোগে।

To Yield, *v. a.* Sax. উৎপাদন-কৃ, জন্মা, উৎপন্ন-কৃ, প্রকাশ-কৃ, দেখা, স্বীকার-কৃ, সম্মতিপূর্ব্বক-দা, যথার্থপুরঃসরে-দা, অনুমতি-কৃ, অনুমতি-দা, হুকুম-দা, ত্যাগ-কৃ, বাহির-কৃ, উৎক্ষেপ-কৃ, ছাড়িয়া-দা, স্বত্বত্যাগ করিয়া-যা বা-দা, পরিত্যাগ-কৃ, সমর্পণ-কৃ, ত্যাগ করিয়া-দা।

To Yield, *v. n.* সম্মত-হ, স্বীকৃত-হ, স্বীকার-কৃ, ত্যাগ-কৃ, ক্ষান্ত-হ, নিরস্ত-হ, গ্রহণ-কৃ, রাজী-কৃ।

Yieldableness, *n. s.* স্বীকার, সম্মতি, স্বীকারহওন বা তদিচ্ছা।

Yieldance, *n. s.* উৎপাদন, উৎপত্তিকরণ, জন্মান, স্বীকারকরণ, সম্মতি দেওন, সম্মতকরণ বা হওন।

Yielder, *n. s.* সম্মতিদাতা বা কর্ত্তা, স্বীকারকর্ত্তা।

Yielding, *n. s.* সম্মতি, স্বীকার, ত্যাগকরণ, নিরস্ত বা ক্ষান্ত হওন, মানন, স্বীকারকরণ।

Yieldingly, *ad.* স্বীকারপূর্ব্বক, সম্মতিপূর্ব্বক, সম্মত হইয়া, রাজী বা স্বীকৃত হইয়া।

Yieldingness, *n. s.* ত্যাগকরণ বা ক্ষান্ত হওনের সম্মতি, স্বীকার, সম্মত হওন, অভিপ্রায় ইচ্ছা বা স্বীকারকরণেচ্ছা বা তদভিপ্রায়ে ত্যাগকরণ বা হওন তচ্ছক্তি বা ভাব।

Yoke, *n. s.* Sax. Dut. যোঁয়ালি, গলার দড়ি, বন্দন, কৈঙ্কর্য্য, দাসত্ব, নফরালি, অধীনতা, দাসত্বের চিহ্ন বা লক্ষণ, শৃঙ্খল, বেড়ী, যোড়া, যুগ্ম, দুই।

Digitized by Google

To Yoke, *v. a.* যোঁয়ালিতে বদ্ধ-কৃ, যোৎ-দা, যোত, যুতিয়া-দা, দাস-কৃ, গোলাম-কৃ, বশীভূত-কৃ, তাবেদার-কৃ, অধীন-কৃ, বদ্ধ-কৃ, আটক-কৃ, আটক করিয়া-রাখ।

To Yoke, *v. n.* যোত-হ, যোতে বদ্ধ-হ, যুক্ত-হ, যোড়া-বান্ধ।

Yoke-elm, *n. s.* বৃক্ষবিশেষ।

Yokefellow বা Yokemate, *n. s.* সহদাস, সহকর্ম্মী, একত্র মজুরি কর্ম্ম বা শ্রম করে যাহারা, সঙ্গী, সাথী, সহবর্ত্তী বা বাসী, এতদর্থে স্ত্রী বা স্বামি বুঝায় জানিবে।

Yolk, *n. s.* আণ্ডার কুসুম, অণ্ডের মধ্যে পীতবর্ণ অংশবিশেষ Yelk শব্দ দেখ।

To Yolp, *To* Yelp শব্দ দেখ।

Yon বা Yond বা Yonder, *a.* Sax. দৃষ্টিগোচর, দৃষ্ট হয় এমত স্থানে বা তফাতে থাকে বা আছে যাহা।

Yon বা Yond বা Yonder, *ad.* ঐ, ওদিকে, ওপাশে, ওদিগে, দৃষ্টিগোচরে, নজর হয় এমত স্থানে।

Yond, *a.* মত্ত, পাগল, উন্মত্ত, রাগাল, কুপিত।

Yore, বা of Yore, *ad.* Sax. বহুকালীন, অনেক দিনের, প্রাচীন, পুরাণা, পুরাতন।

You, *pron.* Sax. যুষ্মদ্বাচ্যে সর্ব্বনাম শব্দ, আপনি, তুমি, ত্বং, তোমাকে, তোমারদিগকে, তোমরা, তোরা।

Young, *a.* Sax. Dut. যুবক, যুবা, যৌবনপ্রাপ্ত, যোয়ান, ছোট, অল্পবয়স্ক, তরুণ, নবীন, কোমল, অজ্ঞ, ক্ষীণ, অজ্ঞাত, চারা।

Young, *n. s.* বৎস, বাচ্চা, ছানা, ছা, শাবক, সন্তান, বালক।

Youngish, *a.* বালকবৎ, বালা, অল্পবয়স্ক।

Youngling, *n. s.* Sax. ছানা, বাচ্চা, ছেল্যে, বালক, যুবা, তরুণ বা নব্য ব্যক্তি বা জীবকে বুঝায়।

Youngly, *a.* যুবা, বাচ্চা।

Youngly, *ad.* প্রথম বয়সে, অল্পকালে, বাল্যকালে, যৌবনাবস্থায়, প্রথমকালে, অপ্রবীণাবস্থায়, অজ্ঞানে, ক্ষীণভাবে।

Youngster বা Younker, *n. s.* অবজ্ঞার্থে বালক বা ছেলে বুঝায়।

Your, *pron.* Sax. তোমারদিগের, তব, আপনকার, তোমার, যুষ্মদ্বাচ্যে ষষ্ঠ্যন্তবাচক শব্দ।

Yourself, *n. s.* তুমি আপনি স্বয়ং।

Youth, *n. s.* Sax. শৈশবাবস্থা, যৌবন, যুবত্ব, যোয়ানী, যৌবনাবস্থা, যুব লোক, যোয়ান মানুষ।

Youthful, *a.* যুবা, যৌবনপ্রাপ্ত, যুবক, তরুণ, যুবার উপযুক্ত বা তদ্যোগ্য, কৈশোরাবস্থা বয়স্ কাল বা ভাব বলিষ্ঠ, তেজাল।

Youthfully, *ad.* যুবার ন্যায়, যৌবনকালানুসারে, যুবধর্ম্মানুসারে।

Youthy, *a.* যুবা, যোয়ান, অবর ভাষা জানিবা।

Ypight, *part.* গাঢ়, পোক্ত, নিশ্চিত, স্থিরীকৃত।

To Yuck, *v. n.* Dut. চুল্‌কে, খুজলা, শড়শড়া।

Yule, *n. s.* Got. প্রাচীন ব্যবহৃত Christmas বা Lammas শব্দের পরিবর্ত্তে লিখা যাইত জানিবে।

Yux, *n. s.* Sax. শ্বাস কাশবিশেষ।

Z.

Z, ইউরোপীয় বর্ণমালার ষড়্বিংশতিতমাক্ষর অথবা শেষাক্ষর, সাকসান হইতে আনীত, দৃঢ় জকারবৎ তালব্য উচ্চারণ,।

Zaffar বা Zaffir, *n. s.* যৌগিক ধাতু দ্রব্যবিশেষ।

Zany, *n. s.* Ital. কৌতুকী, ভাঁড়, মস্করা, নকুলিয়া, মজাকী।

To Zany, *v. a.* ভেঙ্চা, নকল-কৃ, ভাঁড়ামি-কৃ।

Zarnich, *n. s.* রোগনবিশেষ।

Zea, *n. s.* একজাতীয় শস্যবিশেষ।

Zeal, *n. s.* Lat. উদ্যোগ, উগ্রতা, উত্তাপ, প্রতাপ, উৎসাহ, অভিলাষ, ঔৎসুক্য, চেষ্টা, আকুঞ্চন।

Zeal-less, *a.* নিরুৎসুক, অনুযোগ, নিশ্চেষ্ট, অনুৎসাহী, নিরভিলাষী, অনুত্তাপী।

Zealot, *n. s.* Fr. Gr. ভক্ত, ভক্তিমান্, উৎসুক, দৃঢ়মতাবলম্বী, উদ্যোগী, উদ্যুক্ত, ব্যগ্র, পরনিন্দায় উদ্যোগী বা আহ্লাদিত হয় যে, অপ্রশংসা বা নিন্দাবিষয়ে উৎসুক যে।

Zealotry, *n. s.* পরনিন্দায় ঔৎসুক্য, অপ্রশংসা বা নিন্দা বা কোন বিষয়ে আহ্লাদ বা তদ্বিষয়ে আচরণ বা তৎস্বভাব।

Zealous, *a.* উৎসুক, উদ্যোগী, উগ্রশীল, উৎসাহশীল, প্রখর, ব্যগ্র, সরগরম, অসহিষ্ণু, দ্বেষী।

Zealously, *ad.* উদ্যোগপূর্ব্বক, উগ্রতারূপে, উৎসাহপূর্ব্বক, দ্বেষ বা হিংসাপূর্ব্বক।

Zealousness, *n. s.* উদ্যোগিতা, উৎসাহশীলতা, ঔৎসুক্য, দ্বেষ, হিংসা।

Zebra, *n. s.* বনগর্দ্দভবিশেষ।

Zechin, *n. s.* স্বর্ণ মুদ্রাবিশেষ প্রায় ইহার মূল্য প্রায় ৪৷৷৹ টাকা।

Zed, *n. s.* Z অক্ষরের নাম।

Zedoary, *n. s.* Fr. জদুবার, বনহরিদ্রা বিশেষ।

Zenith, *n. s.* Arab. নিজমস্তকোপরিস্থ স্থান, ব্রহ্মাণ্ডোপরিস্থ স্থান, স্বর্গোপরি স্থান, স্বর্গস্থ স্থান, ঊর্দ্ধ দ্বার, ঊর্দ্ধ বা উচ্চ দেশ।

Zephyr বা Zephyrus, *n. s.* Lat. পশ্চিমা বায়ু, পাশ্চাত্য বায়ু, কবির ভাষায় স্থির এবং ঈষদ্ বায়ুকে বুঝায়।

Zest, *n. s.* রস, তার, স্বাদ, মজা, নেবুর ছিল্‌কা বা তারেতে নিষ্কাশিত রস।

To Zest, *v. a.* সুস্বাদু-কৃ, অন্য দ্রব্যমিশ্রিত বা সংযোগদ্বারা আস্বাদুবিশিষ্ট-কৃ।

Zetetick, *a.* বিবেচন, তর্ক বা প্রশ্নদ্বারা চলে বা কর্ম্ম করে যে।

Zeugma, *n. s.* ব্যাকরণের সংজ্ঞাবিশেষ।

Zig-zag, *n. s.* পেঁচ, ফেরঘোর, বাঁক, ব্যাঁকচোক।

Zig-zag, *a.* বক্রাকার, বক্র, বাঁকা, তেড়া, তের্ছা।

Digitized by Google

To Zig-zag, *v. a.* বক্র-কৃ, পেঁচ-দা, ফেরঘোর-কৃ।

Zinc, *n. s.* দস্তা, জস্‌দ।

Zocle, *n. s.* পীঁড়ি, গোড়া, খুরসী।

Zodiacal, *a.* রাশিচক্র, তদ্বিষয়ক বা তৎসম্বন্ধীয়।

Zodiack, *n. s.* Fr. জ্যোতিশ্চক্র, রাশিচক্র, লগ্ন মণ্ডল।

Zone, *n. s.* Lat. কটিবন্ধনী, পটুকা, কোমরবন্ধনী, পৃথিবীর কটিবন্ধ, বেষ্টন, প্রদক্ষিণ, বেড়, ঘের, চতুঃসীমা, পরিধি, পৃথিবীর এক দেশ।

Zoned, *a.* পটিবিশিষ্ট, বেড় আছে যাহাতে, বেড়া, ঘেরা, মণ্ডলাবৃত।

Zoographer, *n. s.* জীবজন্তু পশ্বাদির ধর্ম্ম আকার স্বভাবইত্যাদি বর্ণনা করে যে।

Zoography, *n. s.* জীবজন্তু পশ্বাদির বিবরণ বা তচ্ছাস্ত্র।

Zoological, *a.* জীবজন্তু পশ্বাদির বিবরণসম্বন্ধীয় বা তদ্বিষয়ক বিবরণকারী।

Zoologist, *n. s.* জীবজন্তু পশ্বাদির বিবরণকর্ত্তা বা তদ্বিষয় লেখে বা বর্ণনা করে যে ব্যক্তি বা তচ্ছাস্ত্রজ্ঞ।

Zoology, *n. s.* Gr. জীবজন্তু পশ্বাদিবিষয়ক বিদ্যা, জীবজন্তু পশ্বাদির বিবরণ বর্ণনা বা তচ্ছাস্ত্র।

Zoophorick *Column*, *n. s.* গৃহগুম্বনে সংজ্ঞাবিশেষ, যে থামের উপর কোন জন্তুর আকার থাকে তাহা, পাড়ির উপর খোদগারি কর্ম্মবিশেষ।

Zoophorus, *n. s.* Gr. পাড়ি ও কারনিষের মধ্যে স্থান যাহাতে জীব জন্তুর আকার গড়া থাকিত।

Zoophyte, *n. s.* Gr. Fr. জীবিত বা গতিশীল এক জাতীয় বৃক্ষ, পশু ও বৃক্ষধর্ম্মক ঔষধিবিশেষ।

Zootomist, *n. s.* পশ্বাদির ব্যবচ্ছেদক, পশ্বাদির শরীর কাটিয়া দেখে বা বিবেচনা করে যে।

Zootomy, *n. s.* Gr. পশ্বাদির ব্যবচ্ছেদ বিদ্যা, পশ্বাদির শরীর কাটিয়া দেখন বা বিবেচনাকরণ বা তদ্বিদ্যা।

FINIS. সমাপ্ত।

Digitized by Google

Digitized by Google